শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ।

পূজ্যপাদ-শ্রীলশ্রীযুক্ত-গোপালভট্ট-গোস্বামিনা

বিলিখিতঃ।

পূজ্যপাদ-শ্রীলশ্রীযুক্ত-সনাতন-গোস্বামিকৃতয়া

দিগ্দর্শিনীনামটীকয়া সহিতঃ।

বঙ্গানুবাদ-টিপ্পনী সহিতশ্চ।

বিবিধপুস্তকপ্রকাশকতয়া লব্ধকীর্ত্তেঃ ভারতসম্রাট্সম্মানিতস্য

শ্রীযুক্তগুরুদাসচট্টোপাধ্যায়স্যানুজ্ঞয়া

শ্রীশ্যামাচরণকবিরত্নেন

সম্পাদিতঃ।

কলিকাতা-রাজধান্যাম্

২০১ সংখ্যক-কর্ণওয়ালিস ষ্ট্রীটস্থ বেঙ্গল মেডিকেল লাইব্রেরিতঃ

শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়েন প্রকাশিতঃ।

২ সংখ্যক-গোয়াবাগানষ্ট্রীটস্থ-ভিক্টোরিয়া-যন্ত্রে শ্রীনগেন্দ্রনাথ কোঙার দ্বারা মুদ্রিতশ্চ।

বঙ্গাব্দাঃ ১৩১৮।

[মূল্য ৫৲ টাকা।

ভূমিকা।

"শ্রীশ্রীহরিভক্তিবিলাস" হিন্দু সাধারণের, বিশেষতঃ বৈষ্ণবগণের অতি উপাদেয় ও প্রয়োজনীয় গ্রন্থ। ইহাতে স্নান, আহ্নিক, পূজা, দীক্ষা, পুরশ্চরণ, একাদশীর উপবাস, জন্মাষ্টমী শিবরাত্রি প্রভৃতি ব্রত, দেবপ্রতিষ্ঠা, দেবগৃহনির্ম্মাণ, দেবগৃহ-প্রতিষ্ঠা, বাস্তুযাগ প্রভৃতি বিবিধ বিষয়ের বিধি-ব্যবস্থা আছে। ধর্ম্ম্যকর্ম্মানুষ্ঠান বিষয়ে মহামহোপাধ্যায় রঘুনন্দনের অষ্টাবিংশতিতত্ত্ব যেমন ইদানীন্তন সাধারণ হিন্দুসমাজের পরিচালক, সেইরূপ মহামহোপাধ্যায় গোপালভট্ট-বিলিখিত শ্রীশ্রীহরিভক্তিবিলাসও ইদানীন্তন বৈষ্ণবসমাজের একমাত্র পরিচালক। এই-জন্য সকলেই ইহা সাদরে গ্রহণ করিয়া থাকেন। এই কারণে অনেকেই ইহা টীকা ও অনুবাদ সহ মুদ্রিতও করাইয়াছেন। কলিকাতাস্থ সুপ্রসিদ্ধ বেঙ্গল মেডিকেল লাইব্রেরির স্বত্বাধিকারী প্রথিতনামা পুস্তকপ্রকাশক শ্রীযুক্ত গুরুদাস চট্টোপাধ্যায় মহাশয়ও সম্প্রতি এই গ্রন্থের একটি সংস্করণ প্রকাশ করিতে ইচ্ছুক হইয়া আমার উপর সম্পাদনভার সমর্পণ করেন। তজ্জন্য আমি তাঁহারই সাহায্যে যাবতীয় মুদ্রিত পুস্তক ও কয়েকখানি প্রাচীন হস্তলিখিত পুস্তক সংগ্রহ করিয়া এই কার্য্যে প্রবৃত্ত হই। কিন্তু একখানি পুস্তকও বিশুদ্ধ দেখিলাম না। অথচ যাঁহারা মুদ্রিত করাইয়াছেন, তাঁহারা ভূমিকায় লিখিয়াছেন যে, অন্যান্য পুস্তক ভ্রমপ্রমাদে পরিপূর্ণ বলিয়া আমরা বহু বহু পণ্ডিত দ্বারা সংশোধনপূর্ব্বক অতি বিশুদ্ধরূপে এই গ্রন্থ প্রচার করিলাম; এবং যাঁহারা হস্তলিখিত পুস্তক দিয়াছিলেন, তাঁহাদের প্রত্যেকেই বলিয়াছিলেন যে, এখানি অতি বিশুদ্ধ গ্রন্থ। কিন্তু দুঃখের বিষয়, কার্য্যতঃ তাহার কিছুই পরিচয় পাইলাম না। দেখিলাম, প্রকৃত পাঠ নির্দ্ধারণে কেহই যত্ন করেন নাই; কেবল আদর্শপুস্তকের কতকগুলি বর্ণাশুদ্ধি-মাত্র সংশোধন করিয়াই পরিতৃপ্ত হইয়াছেন। এই কারণে এক এক স্থানে প্রকৃত পাঠ নির্ণয় করিতে আমাকে সবিশেষ প্রয়াস পাইতে হইয়াছে। তজ্জন্য স্তূপাকার বেদাদি বিবিধ গ্রন্থ আলোড়ন করিতে দেখিয়া অনেকে অন্যের নিকট উপহাস করিয়া বলিয়াছিলেন "হরিভক্তিবিলাসের পাঠ নির্ণয় করিতে আবার বেদ কেন! উঁহার সকল কাজেই বহ্বাড়ম্বর দেখা যায়। উনি ভাতে-ভাত রাঁধিতেও সূপশাস্ত্র খুলিয়া বসেন।" কিন্তু আমি তাঁহাদের তাদৃশ উপহাসে বিচলিত হই নাই; যেহেতু

আমার মনের মধ্যে তখন বিষম ভীতির সঞ্চার হইয়াছিল। মনে করিয়াছিলাম—এইরূপ আদর্শপুস্তকের সাহায্যে আমার স্থায় মূঢ় ব্যক্তি দ্বারা এ দুরূহ কার্য্য সম্পন্ন হইয়া উঠিবে না। ওদিকে প্রকাশক মহাশয় বহুব্যয়ে একবারেই সমস্ত কাগজ ক্রয় করিয়া বসিয়াছিলেন; সুতরাং কার্য্যে বিলম্ব দেখিয়া তিনি নিজেও অস্থির হইয়া উঠিলেন, এবং পুনঃপুনঃ ত্বরা দিয়া আমাকেও ব্যতিব্যস্ত করিয়া তুলিলেন। অগত্যা ভীতমনে কাতরপ্রাণে দীনদয়াময় বাঞ্ছাকল্পতরু জগদ্‌গুরু শ্রীহরির স্মরণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলাম, এবং তাঁহারই কৃপায় এক্ষণে সম্পূর্ণও করিলাম। কিন্তু এখনও ভয় ভাঙ্গিতেছে না। যতদিন সুধীগণের সন্তোষসূচক অভিমত প্রাপ্ত না হই, ততদিন এইরূপ উদ্বেগেই থাকিতে হইবে।

কিরূপ আদর্শপুস্তক লইয়া আমি কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলাম, পাঠকগণ তাহার পরিচয় পাইলে, এ গ্রন্থে যৎকিঞ্চিৎ দোষ থাকিলেও তাহা মার্জ্জনা করিতে পারেন;—অন্যান্য পুস্তকের ভূমিকার স্থায় এ পুস্তকের ভূমিকাও বৃথা আড়ম্বরপূর্ণ মনে না করেন;—এবং আমি যেরূপ পাঠ সন্নিবেশ করিয়াছি, তাহাই প্রকৃত কি না, তাঁহাদের আলোচনায় মীমাংসিত হইতে পারে;—এই অভিপ্রায়ে তাঁহাদের গোচরী-করণার্থে সমস্ত পুস্তকের সমস্ত ভুলগুলি লিখিয়া রাখিয়াছিলাম। তন্মধ্যে বর্ণাশুদ্ধি, বা ছাপার ভুল, অথবা যেগুলি ছাপার ভুল বলিয়া ধরিলেও ধরা যায়, সে সমস্ত লিখি নাই। যেহেতু—বৃহৎ গ্রন্থ হস্তে লিখিতে হইলে সকলেরই সময়ে সময়ে অমনোযোগ ঘটিয়া থাকে; বিশেষতঃ ইদানীন্তন অধ্যাপক মহাশয়দিগের অধিকাংশই বর্ণাশুদ্ধির প্রতি বিশেষ দৃষ্টি করেন না। এবং লিপিযোজক-(কম্পোজিটার)-দিগের মূর্খতায়, প্রুফ-সংশোধক-দিগের অজ্ঞতায় বা অসাবধানতায়, মুদ্রাকর-(প্রেস্‌ম্যান্)-দিগের কাণ্ডজ্ঞানহীনতায়, সর্ব্বোপরি গ্রন্থকার বা প্রকাশক মহাশয়দিগের কার্য্যানুরূপ দক্ষিণাদানে কৃপণতায়, ও গ্রাহক মহোদয়গণেরও "সস্তা" প্রিয়তায় অস্মদ্দেশীয় কোনও মুদ্রাযন্ত্রেই কোনও পুস্তক সম্পূর্ণ নির্দ্দোষরূপে মুদ্রিত হইবার সম্ভাবনা নাই। আর পরিত্যাজ্য, পরা-ভক্তি, তৎসম্বন্ধীয়, সম্মানিত, সম্বৎসর, শিরোপরি ইত্যাদি পদ অভ্যাসবশে অনেকেই লেখেন ও পড়িয়া যান; কিন্তু ঐগুলি যে ব্যাকরণদুষ্ট, তাহা স্মরণ করাইয়া না দিলে তাঁহাদের মনেই উদয় হয় না। সুতরাং তত্তদ্বিষয়ে লক্ষ্য না করিয়া হস্ত-লিখিত পুস্তকের লেখক মহাশয়গণের, এবং মুদ্রিত পুস্তকের সম্পাদক মহাশয়-গণের ঔদাস্যবশতঃ স্বকৃত দোষগুলিই সংগ্রহ করিয়াছিলাম। এখন সে সমস্তগুলি ছাপাইতে গেলে ৭।৮ ফর্ম্মা হয় দেখিয়া, ২।৪টি মাত্রই নিম্নে উল্লেখ করিতেছি।—

১৯ বিলাস, ৯৮ শ্লোক।

হিরণ্ময়েতি মন্ত্রেণ অর্ঘ্যং দেবায় দাপয়েৎ।

অতো দেবেতি সূক্তেন পাদ্যং কৃষ্ণায় মন্ত্রিতম্॥

বেদমন্ত্রে "হিরণ্ময়" প্রয়োগ কোথাও নাই; "হিরণ্যয়" আছে।

বৈদিক ব্যাকরণের সূত্র যথা—"ঋত্ব্য-বাস্ত্য-বাস্ত্ব-মাধ্বী-হিরণ্যয়াশ্ছন্দসি॥ ৬।৪। ১৪৫। * * * হিরণ্যশব্দাদ্ বিহিতস্য ময়ট্ট মশব্দস্য লোপো নিপাত্যতে। হিরণ্যয়েন সবিতা রথেনা।"

"অতো দেবেতি সূক্তেন" এই অংশের অনুবাদে আছে—অনন্তর "দেব" এই মন্ত্র দ্বারা।

"অতঃ" শব্দের অর্থ এখানে "অনন্তর" করা হইয়াছে। কিন্তু উহার প্রকৃত অর্থ—"অতো দেবা" এই মন্ত্র দ্বারা।

সম্পূর্ণ মন্ত্রটি এই—"অতো দেবা অবন্তু নো, যতো বিষ্ণুর্বি চক্রমে। পৃথিব্যাঃ সপ্ত ধামভিঃ॥ ঋক্ ১ম। ২২সূ। ১৬)

১৯শ বিলাস, ১৪৫ শ্লোক।

দিগীশানাস্তু মন্ত্রেণ রত্নাদীন্ বিনিবেশয়েৎ

তদ্ যথা—শক্রঃ সুরপতিঃ শ্রীমান্ সহস্রনয়নোজ্জ্বলঃ।

যষ্টা যঃ ক্রতুমুখ্যানাং নমস্তস্মৈ মহাত্মনে॥

ত্রাতারমিতি মন্ত্রেণ সান্নিধ্যং তত্র কারয়েৎ॥

* * *

কৃষ্ণাঞ্জননিভো রৌদ্রো দণ্ডপাণিঃ স্রগুজ্জ্বলঃ।

সর্ব্বপ্রেতাধিপো দেবো নমস্তস্মৈ মহাত্মনে॥

সান্নিধ্যকরণে তস্য মন্ত্রস্ত্বনিয়মঃ স্মৃতঃ॥

শেষ পঙ্‌ক্তিটি সকলেই ঐরূপ ধরিয়াছেন, এবং মুদ্রিত পুস্তকগুলিতে উহার অনুবাদ আছে—ইঁহার (যমের) সান্নিধ্যকরণে কোনরূপ মন্ত্র নাই।"

"মন্ত্রস্ত্বনিয়মঃ স্মৃতঃ" ইহার অর্থ—"কোনরূপ মন্ত্র নাই" হইতে পারে না। দ্বিতীয়তঃ, ইন্দ্র অগ্নি প্রভৃতি সকল দিক্‌পালেরই মন্ত্র আছে; কেবল যমেরই নাই কেন? উনি কি অপরাধ করিলেন? তৃতীয়তঃ, প্রথম পঙ্‌ক্তিতে যখন সমস্ত দিক্‌পালেরই মন্ত্র পাঠ করিতে বলা হইয়াছে, তখন যমের মন্ত্র ত্যাগ করা হইবে কেন?

উহার প্রকৃত পাঠ—সান্নিধ্যকরণে তস্য মন্ত্রস্ত্বসি যমঃ স্মৃতঃ।

অনুবাদ—তাঁহার (যমের) সন্নিধীকরণে "অসি যমঃ" ইত্যাদি মন্ত্র জানিবে।

সম্পূর্ণ মন্ত্র—অসি যমো অস্যাদিত্যো অর্ব্ব,-ন্নসি ত্রিতো গুহ্যেন ব্রতেন। অসি সোমেন সময়া বিপৃক্ত, আহুস্তে ত্রীণি দিবি বন্ধনানি ॥ (ঋক্ ১ ম। ১৬৩ সূ। ৩)

"অসি যমঃ" স্থলে বর্ণসাদৃশ্যেই "অনিয়মঃ" হইয়াছে।

১৯শ বিলাস, ২২০ শ্লোক।

তিলাংশ্চ জুহুয়াদাজ্যৈর্বৈষ্ণবং শ্রপয়েচ্চরুম্।
তিলতণ্ডুলদুগ্ধৈস্তু ঘৃতেনার্ঘ্যায় সাধয়েৎ।
অবতার্য্যাভিঘার্য্যৈব মন্ত্রৈরেভিস্তু হোময়েৎ ॥

"অর্ঘ্যায় সাধয়েৎ" ইহার কোনও অর্থই এখানে হইতে পারে না। কিন্তু উহার অনুবাদে আছে—তিল, তণ্ডুল, দুগ্ধ ও ঘৃত দ্বারা অর্ঘ্য সম্পাদন করিবে।

"অর্ঘ্যায় সাধয়েৎ" ইহার অর্থ "অর্ঘ্য সম্পাদন করিবে" কিরূপে হইল? দ্বিতীয়তঃ, অর্ঘ্যে তিল, দুগ্ধ ও ঘৃত দিবার বিধি কোন্ শাস্ত্রে আছে? তৃতীয়তঃ, চরুহোমে চরুপাক করিয়া তৎপরেই তদ্দ্বারা হোম করিবার বিধি সর্ব্বত্রই আছে; এখানে, চরুপাকের পর অর্ঘ্য সম্পাদন করিয়া তার পর হোম করিতে বলিলে অন্যান্য বিধির সহিত কি বিরোধ ঘটে না? চতুর্থতঃ, ঐ অর্ঘ্য কাহার জন্য সম্পাদন করিতে হইবে, তাহার উল্লেখ এখানেও নাই এবং পরে কোথাও ঐ অর্ঘ্য কাহাকেও দিবার কথা নাই কেন?

উহার প্রকৃত পাঠ—তিলতণ্ডুলদুগ্ধৈস্তু ঘৃতেনাঘার্য্য সাধয়েৎ। তিন পঙ্‌ক্তির অনুবাদ এই—ঘৃতমিশ্রিত তিল হোম করিয়া (অর্থাৎ সতিল আজ্য-হোম করিয়া) তিল তণ্ডুল ও দুগ্ধ দ্বারা বৈষ্ণব চরু পাক করিবে, এবং উহা ঘৃত দ্বারা আঘারিত করিয়া প্রস্তুত করিবে (অর্থাৎ পাক শেষ হইলে উহাতে ঘৃত ছড়াইয়া দিয়া সুস্বাদু করিবে)। তার পর নামাইয়া, আবার আঘারিত করিয়া এই সকল বক্ষ্যমাণ (মন্ত্রে) হোম করিবে।

ভারতীয় চরুহোমে এইরূপ নিয়মই দেখিতে পাওয়া যায়।

"ঘৃতেনাঘার্য্য" ইহারই বর্ণব্যত্যয়ে "ঘৃতেনার্ঘ্যায়" হইয়াছে।

২০শ বিলাস, ৫৯ শ্লোক।

বাস্তুপূজা-প্রকরণে বিল্বপঞ্চক দ্বারা হোমের পাঁচটি মন্ত্র টীকায় ধৃত হইয়াছে। যথা—

(১)। বাস্তোষ্পতে প্রতীজানীহ্যস্মান্ স্বাবেসো অনমীবা ভবামঃ
যন্মেমহে প্রতিতং নো জুষস্ব শান্নো ভব দ্বিপদেশং চতুষ্পদে ॥

প্রকৃত পাঠ— বাস্তোষ্পতে প্রীতি জানীহ্যস্মান্
স্বাবেশো অনমীবো ভবা নঃ!

যন্বেমহে প্রতি তন্নো জুষস্ব
শন্নো ভব দ্বিপদে শং চতুষ্পদে॥ (ঋক্ ৭ ম। ৫৫সূ।২)

(২) বাস্তোষ্পতে প্রতরণোনরায়াধশয়স্কানোগোভিরশ্বেভিবন্দো
অজরাস্রস্ত সখ্যেস্যাম পিতেব পুত্রান্ প্রতি তন্নো জুষস্ব।

প্রকৃত পাঠ—বাস্তোষ্পতে প্রতরণো ন এধি
গয়স্ফানো গোভিরশ্বেভিরিন্দো।
অজরাসস্তে সখ্যে স্যাম
পিতেব পুত্রান্ প্রতি নো জুষস্ব॥ (ঋক্ ৭ ম।৫৫সূ। ২)

ইত্যাদি ইত্যাদি ইত্যাদি

এ স্থলে কিরূপ বর্ণের ব্যত্যয়ে ও কিরূপ বর্ণের সাদৃশ্যে কিরূপ বিকৃতি ঘটিয়াছে, পাঠকগণ প্রকৃত পাঠের সহিত মিলাইয়া দেখিবেন।

১৫শ বিলাস, ১৩ শ্লোক।

নির্জ্জলৈকাদশী প্রকরণে একটি বচন আছে—

স্নানে চাচমনে চৈব বর্জ্জয়িত্বোদকং বুধঃ।
উপযুঞ্জীত নৈবান্যদ্ ব্রতভঙ্গোঽন্যথা ভবেৎ॥

ইহার অনুবাদে আছে—সুধী ব্যক্তি অন্য কোনও কার্য্যেই জল ব্যবহার করিবেন না। এমন কি, স্নানে ও আচমনেও জল বর্জ্জন করিবেন (অর্থাৎ স্নান ও আচমনও করিবেন না)। ইহার অন্যথাচরণ করিলে ব্রতভঙ্গ হইয়া থাকে।

জল বর্জ্জনের যদি এতই নিষেধ যে, স্নান-আচমনও করা চলিবে না, তাহা হইলে মলমূত্রত্যাগ ও মুখপ্রক্ষালনেও জল বর্জ্জন করিতে হয়, অথবা ঐ দিন ঐ সকল কার্য্য বন্ধ রাখিতে হয়। কিন্তু শাস্ত্রে আছে, ঐ সকল কার্য্য না করিলে, ও ঐ সকল কার্য্য করিয়া বিধিমত জলশৌচ না করিলে, এবং স্নান ও আচমন না করিলে কোনও কার্য্যেই অধিকার হয় না (তবে রোগাদি কারণ ঘটিলে স্বতন্ত্র কথা; তজ্জন্য প্রতিপ্রসবও আছে)। দ্বিতীয়তঃ, "অন্যৎ" শব্দের (অর্থাৎ অন্য জল বলার) সার্থকতা কি থাকে?

সংস্কৃত ভাষার রীতি ও শাস্ত্রকারের অভিপ্রায়-অনুসারে উহার প্রকৃত অর্থ—স্নানে ও আচমনে উপযোগি জল ব্যতীত অন্য জল উপযোগ করিবে না (অর্থাৎ কেবল স্নান ও আচমন করিতে যতটুকু জল মুখে দেওয়া আবশ্যক, ততটুকুই দিবে তদ্ভিন্ন জল মুখে দিবে না।

উল্লিখিত পাঠ ও অনুবাদগুলি সকল পুস্তকেই যে একপ্রকার আছে, তাহা নহে। ভিন্ন ভিন্ন পুস্তকে কোনও কোনও স্থলে বিভিন্নপ্রকারও আছে বটে; কিন্তু কোনও পুস্তকেই বিশুদ্ধ পাঠ ও নির্দ্দোষ অনুবাদ নাই। যে গ্রন্থ দেখিয়া ধর্ম্মকর্ম্মের বিধি-ব্যবস্থা নির্দ্ধারণ করিতে হয়, সে গ্রন্থে এরূপ ভুল যে নিতান্ত মারাত্মক, এ কথা বলাই বাহুল্য।

পরিশেষে বক্তব্য এই যে, আমার হাতে যেরূপ কার্য্য আছে, তদনুরূপ সময় নাই। আজ কয়েক বৎসর ধরিয়া প্রত্যহ ২।৩ ঘণ্টা মাত্র নিদ্রার অভ্যাস করিয়াও সময়ের অভাব মোচন করিতে পারিতেছি না। তদুপরি এই গ্রন্থের মূল ও টীকার প্রকৃত পাঠ নির্ণয় করিতেই অনেক সময় নষ্ট করিতে হইয়াছে। এ অবস্থায় ইহার অনুবাদের ভার আমি গ্রহণ করিতে পারি নাই। উহা অন্য পণ্ডিতের কৃত। তবে আমি উহা দেখিয়া দিয়াছি, অর্থাৎ যে যে স্থানে মূলের সহিত অনৈক্য ছিল, সেই সেই স্থলে ঐক্য সম্পাদন করিয়াছি; তদ্ভিন্ন ভাষার পারিপাট্যাদি সম্পাদন করিতে পারি নাই। ইতি—

শিবপুর,
১লা কার্ত্তিক, ১৩১৮

শ্রীশ্যামাচরণ শর্ম্মা।

গ্রন্থকারের সংক্ষিপ্ত পরিচয়।

এই গ্রন্থের রচয়িতা মহামহোপাধ্যায় শ্রীগোপালভট্ট দাক্ষিণাত্য প্রদেশে কাবেরী নদীর তীরে, বেলগুঁড়ি গ্রামে ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ করেন। ইঁহার পিতার নাম বেঙ্কটভট্ট। তিনি একজন সুপ্রসিদ্ধ বৈদান্তিক পণ্ডিত ছিলেন। ত্রিমল্ল ও প্রবোধানন্দ নামে গোপালভট্টের দুই পিতৃব্য ছিলেন। প্রবোধানন্দও বেদান্তশাস্ত্রে পরম পণ্ডিত হইয়া "সরস্বতী" উপাধি প্রাপ্ত হন। তিনিই গোপালভট্টের শিক্ষাগুরু। তাঁহার শিক্ষাকৌশলে ও স্বীয় অসাধারণ প্রতিভাবলে গোপালভট্ট অতি অল্প বয়সেই সর্ব্বশাস্ত্রে পারদর্শী হন। বেঙ্কটভট্ট পরম বৈষ্ণব ছিলেন। শ্রীশ্রীগৌরাঙ্গদেব দেশপর্য্যটনকালে বেঙ্কটভট্টের আলয়ে চারি মাস অবস্থিতি করিয়াছিলেন। তৎকালে তিনি বালক গোপালভট্টকে দীক্ষিত করিয়া সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করান। অতঃপর গোপালভট্ট ৺শ্রীবৃন্দাবনধামে গমন করিয়া শ্রীরূপসনাতনের আশ্রমে বাস করিতে থাকেন। তৎকালেই তিনি এই মহাগ্রন্থ রচনা করেন। শ্রীবৃন্দাবনধামে গোপালভট্টের প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধারমণ-বিগ্রহ অদ্যাপি বর্ত্তমান আছেন।

সূচীপত্রম্।

প্রথমবিলাসঃ।

দ্বিতীয়বিলাসঃ।

পঞ্চমবিলাসঃ।

সপ্তমবিলাসঃ।

দশম-বিলাসঃ।

দ্বিতীয়ো ভাগঃ।

একাদশ-বিলাসঃ।

দ্বাদশ-বিলাসঃ।

ত্রয়োদশ বিলাসঃ।

চতুর্দ্দশ-বিলাসঃ।

পঞ্চদশ-বিলাসঃ।

ষোড়শ-বিলাসঃ ।

সপ্তদশ-বিলাসঃ।

সূচিপত্রং সম্পূর্ণম্।

অনাহতাম্বুজে ষড়্ভি-রূর্ম্মিভির্ম্মে সনাহতে।
পীযূষোদধিমধ্যস্থ-রত্নদ্বীপস্য মধ্যতঃ॥
স্থিতং কল্পতরোর্মূলে কঞ্চিৎ কল্পতরুং পরম্।
তমালতরুনীলাভ-মধস্তাৎপীতবল্কলম্॥
কানক্যা লতয়া গাঢ়-মাপাদস্কন্ধবেষ্টিতম্।
আলবালনিবদ্ধাঙ্ঘ্রিং পুষ্পদামবিভূষিতম্॥
পদ্মরাগপ্রভানিন্দি-লসৎকিসলয়ান্বিতম্।
বিশালবিটপাবলম্বি-বৃহৎফলচতুষ্টয়ম্॥
বামতঃকিঞ্চিদাবর্জ্জি-বিচিত্রশিখরং সদা।
স্ফুরতা জ্যোতিষা শশ্বদ্ ভাসয়ন্তং দিশো দশ॥
পল্লবান্ত-রবিশ্রান্ত-খেলৎখঞ্জনরঞ্জনম্।
প্রজাপতীন্দ্রগোপালি-নীলকণ্ঠাদিসেবিতম্॥
স্কন্ধোপরিপ্রশাখৈক-শুষিরোত্থমধুস্বনৈঃ।
মোহয়ন্তং জগৎ সর্ব্বং মোহনৈর্দ্ধ্বক্ষরাত্মকৈঃ॥
অতীবশীতলচ্ছায়ং সর্ব্বসন্তাপহারকম্।
পদে পদে প্রপদ্যেয়—প্রার্থনেয়ং সদা মম॥

—সম্পাদকস্য

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ।

প্রথমবিলাসঃ।

শ্রীশ্রীগোবিন্দায় নমঃ।

অথ মঙ্গলাচরণম্।

চৈতন্যদেবং ভগবন্তমাশ্রয়ে, শ্রীবৈষ্ণবাণাং প্রমুদেঽঞ্জসা লিখন্।
আবশ্যকং কর্ম্ম বিচার্য্য সাধুভিঃ সার্দ্ধং সমাহৃত্য সমস্তশাস্ত্রতঃ ॥ ১ ॥

শ্রীশ্রীমদনমোহনঃ কৃষ্ণো জয়তি। ব্রহ্মাদিশক্তিপ্রদমীশ্বরং তং, দাতুং স্বভক্তিং কৃপয়াবতীর্ণং। চৈতন্যদেবং শরণং প্রপদ্যে, যস্য প্রসাদাৎ স্ববশেঽর্থসিদ্ধিঃ। লিখ্যতে ভগবদ্ভক্তি-বিলাসস্য যথামতি। টীকা দিগ্দর্শিনী নাম তদেকাংশার্থবোধিনী॥ সুদুষ্করে কর্ম্মণি প্রবর্ত্তমানো গ্রন্থকারস্তৎসংসিদ্ধয়ে প্রথমং পরমগুরুরূপং শ্রীমদিষ্টদৈবতং শরণত্বেনাশ্রয়তি চৈতন্যেতি। চৈতন্যং বিশুদ্ধং জ্ঞানং তদ্রূপো যো দেবো জগৎপূজ্যস্তং। দেবেষু মধ্যে যো জ্ঞানঘনস্তমিত্যর্থঃ। যদ্বা। চৈতন্যস্য চিত্তস্য দেবোঽধিষ্ঠাতা যঃ শ্রীবাসুদেবস্তং। অথবা চৈতন্যং চেতনা জীবনহেতুস্তস্য দেবো নাথস্তং প্রাণেশ্বরমিত্যর্থঃ। আশ্রয়ে শরণং যামি। কিমর্থং? শ্রীমতাং বৈষ্ণবাণাম্ আবশ্যকম্ অবশ্যকৃত্যং যৎ কর্ম্ম তৎ সাধুভিঃ সদাচারপরৈর্বৈষ্ণবৈরেক সমং বিচার্য্য লিখন্ লিখিতুং, হেতৌ শতৃঙ্। তচ্চ কিমর্থম্? তেষামেব প্রকৃষ্টমুদে পরমহর্ষায়। নন্বু তব নীচস্য কথমেতৎ সিধ্যতু? তত্রাহ ভগবন্তমিতি। সর্ব্বৈশ্বর্য্যযুক্তং কারুণ্যাদ্যখিল-ভজনীয়গুণবন্তং বা শ্রীকৃষ্ণমিতি বা কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি শ্রীভাগবতোক্তেঃ। এবং পক্ষত্রয়ে ক্রমেণ সম্বন্ধনীয়ং। তাদৃশস্য মহাপ্রভোরাশ্রয়ণেন ন কিমপ্যসাধ্যমিতি ভাবঃ। কিঞ্চ তচ্ছক্ত্যৈব তন্নিয়োজনেন বা তন্মাহাত্ম্যেন বা অহমত্র প্রবৃত্তোঽস্মি, ন তু স্বাতন্ত্র্যাদিনেতি নিজৌদ্ধত্যাদিপরিহারঃ। স্বমতে

আমি সাধুগণের * সহিত বিচার করিয়া বৈষ্ণবগণের কর্ত্তব্যকর্ম্ম সকল নিখিল শাস্ত্র হইতে আহরণপূর্ব্বক তাঁহাদিগেরই পরমানন্দবর্দ্ধনার্থ অনায়াসে লিখিবার জন্য শ্রীমদ্ভগবান্ চৈতন্য-

---

* সাধুগণের অর্থাৎ সদাচারশীল বৈষ্ণবগণের।

ভক্তের্বিলাসাংশ্চিনুতে প্রবোধানন্দস্য শিষ্যো ভগবৎপ্রিয়স্য।
গোপালভট্টো রঘুনাথদাসং সন্তোষয়ন্ রূপসনাতনৌ চ ॥ ২ ॥
মথুরানাথপাদাব্জ-প্রেমভক্তিবিলাসতঃ। জাতং ভক্তিবিলাসাখ্যং তদ্ভক্তাঃ শীলয়ন্ত্বিমম্ ॥ ৩ ॥
জীয়াসু-রাত্যন্তিকভক্তিনিষ্ঠাঃ, শ্রীবৈষ্ণবা মাথুরমণ্ডলেঽত্র।
কাশীশ্বরঃ কৃষ্ণবনে চকাস্তু, শ্রীকৃষ্ণদাসশ্চ স লোকনাথঃ ॥ ৪ ॥

চ শ্রীচৈতন্যদেবেতি প্রসিদ্ধসংজ্ঞং ভগবন্তং মহাপ্রভুম্। তৎকারুণ্যমহিম্না তদাশ্রিতস্য মম ন কিমপি দুষ্করং, সর্ব্বমেব সুখসাধ্যমিত্যর্থঃ। নম্বু তৎ সর্ব্বং শ্রুতিস্মৃতিপুরাণাগমাদিষু সর্ব্বত্র বর্ত্তত এব, কিং তল্লিখনেন? তত্রাহ—সমস্তেভ্যঃ শাস্ত্রেভ্যঃ সম্যক্ আহৃত্য আনীয়। তত্র তত্র স্থানে স্থিতমহমত্র যথাযোগ্যং সঙ্গময্য তত্তৎপদ্যজাতমেকত্রীকৃত্য লিখিষ্যামীত্যর্থঃ ॥ ১ ॥ বিলাসান্ পরমবৈভবরূপান্ ভেদান্ চিনুতে সমাহরতি। ভক্তিবিলাসানাং চয়নেনাস্য গ্রন্থস্য ভক্তিবিলাসেতি-সংজ্ঞায়াং কারণমেকমুদ্দিষ্টং। ভগবৎপ্রিয়স্যেতি বহুব্রীহিণা তৎপুরুষেণ বা সমাসেন তস্য মাহাত্ম্যজাতং প্রতিপাদিতং। এবং তচ্ছিষ্যস্য শ্রীগোপালভট্টস্যাপি তাদৃক্ত্বং বোদ্ধব্যং। শ্রীরঘুনাথদাসো নাম গৌড়কায়স্থকুলাব্জভাস্করঃ পরমভাগবতঃ শ্রীমথুরাশ্রিতস্তদাদীন্ নিজসঙ্গিনঃ সন্তোষয়িতুমিত্যর্থঃ ॥ ২ ॥ শ্রীমথুরানাথস্য শ্রীকৃষ্ণস্য ভগবতঃ পাদাব্জে বিষয়ে যা শ্রীগোপালভট্টস্য প্রেমভক্তিস্তস্যা বিলাসতঃ উল্লাসাৎ। যদ্বা মথুরায়াং যো নাথস্তস্য প্রভোঃ শ্রীকৃষ্ণস্য পদাব্জয়োর্ভক্তিবিলাসঃ ভক্তিক্ষেত্রত্বাৎ তস্মাজ্জাতমিতি গ্রন্থস্য ভক্তিবিলাসেত্যাখ্যায়াং কারণান্তরং জ্ঞেয়ং। ইমং গ্রন্থং তদ্ভক্তাঃ শ্রীমথুরানাথপাদাব্জে ভ্রমরাঃ শীলয়ন্তু অভ্যস্যন্ত্বিত্যর্থঃ। শোভয়ন্ত্বিতি পাঠে দোষাপকরণেন নিরন্তর-শ্রবণ-কীর্ত্তন-প্রচারণাদিনা বা অলঙ্কুর্ব্বন্ত্বিতি বিনয়বিশেষঃ ॥ ৩ ॥ শোভাপাদনঞ্চাস্য গ্রন্থস্য শ্রীমথুরানাথচরণারবিন্দভক্তিরসিকানাং শ্রীমথুরায়াং সুখনিবাসেন স্বতএব সম্পদ্যতে ইত্যাদ্যভিপ্রায়েণাশাস্তে জীয়াসুরিতি। শ্রীভগবদ্ভক্তিপ্রবর্ত্তনাদি-লক্ষণ-নিজোৎকর্ষমাবিষ্কুর্ব্বন্ত্বিত্যর্থঃ। মথুরামণ্ডলে শ্রীমথুরানগরমধ্যে

দেবের আশ্রয় গ্রহণ করিতেছি। ১। ভগবৎপ্রিয় প্রবোধানন্দের শিষ্য গোপালভট্ট, রঘুনাথ-দাস ও রূপসনাতনকে প্রীত করিবার জন্য, ভক্তির বিলাস * আহরণ করিতেছে। ২। মথুরা-ধীশ্বর হরির চরণকমলে গোপালভট্টের যে প্রেমভক্তি আছে, সেই ভক্তির বিলাস হইতেই ভক্তিবিলাসাখ্য গ্রন্থ সঞ্জাত হইয়াছে; সুতরাং কৃষ্ণভক্তগণ এই গ্রন্থ অভ্যাস করুন্। ৩। † (মথুরাপুরে মথুরেশ্বরের পাদপদ্মভক্তিরসিকগণের সুখনিবাস দ্বারাই উক্ত গ্রন্থের শোভা-সম্পাদন স্বভাবতই নিষ্পন্ন হয়, ইত্যাদি অভিপ্রায়ে প্রার্থনা করিতেছেন)—আত্যন্তিকভক্তিনিষ্ঠ শ্রীবৈষ্ণবগণ মথুরামণ্ডলে সুখে নিবসতি করিয়া শ্রীমদ্ভগবদ্ভক্তিপ্রবর্ত্তনাদিরূপ নিজ উৎকর্ষ

---

* ভক্তির বিলাস অর্থাৎ পরমবৈভবরূপ ভেদ-সমূহ।

† এই স্থলে মূলে "শোভয়ন্ত" পাঠও দৃষ্ট হইয়া থাকে। সে স্থলে এইরূপ অর্থ হইবে যে, নিরন্তর শ্রবণ-কীর্ত্তন-প্রচারণাদি দ্বারা অলঙ্কৃত করুন।

তত্র লেখ্যপ্রতিজ্ঞা।

আদৌ সকারণং লেখ্যং শ্রীগুর্ব্বাশ্রয়ণং ততঃ। গুরুঃ শিষ্যঃ পরীক্ষাদির্ভগবান্ মনবোঽস্য চ।
মন্ত্রাধিকারী সিদ্ধাদি-শোধনং মন্ত্রসংস্ক্রিয়া॥৫॥ দীক্ষা নিত্যং ব্রাহ্মকালে শুভোত্থানং পবিত্রতা॥৬॥

প্রায়স্তত্রৈব তেষামবস্থিতেঃ। কৃষ্ণবনং বৃন্দাবনং তাপনীয়শ্রুত্যুক্তানুসারাৎ। তস্মিন্ ক্রীড়তু শ্রবণকীর্ত্তনাদিভক্ত্যা সুখং নিবসত্বিত্যর্থঃ। লোকনাথেন সহ বর্ত্তত ইতি তথা সঃ। ইত্যন্যোন্যং তয়োঃ প্রীতিবিশেষঃ সূচিতঃ। এবঞ্চ যদৈষাং তত্র তত্র নিবাসস্তদানীময়ং গ্রন্থো জাত ইত্যাপ্যপি সূচিতং॥ ৪॥

লিখন্নিতি যল্লিখিতং, তল্লেখ্যমেব প্রতিজানীতে আদাবিত্যাদি-ত্রয়োবিংশতিভিঃ। কারণ-সহিতং শ্রীগুরোরাশ্রয়ণম্ উপসত্তিরাদৌ লেখ্যং। লেখ্যমিত্যস্য লিঙ্গবচনব্যত্যয়েন যথাযথং সর্ব্বত্রান্বয়ঃ। ততস্তদনন্তরং গুরুঃ কীদৃশ ইতি তস্য লক্ষণং লেখ্যমিত্যর্থঃ। অস্য ভগবতো মনবো মন্ত্রাশ্চ তন্মাহাত্ম্যাদিকঞ্চ লেখ্যমিত্যর্থঃ॥ ৫॥ দীক্ষা তদ্বিধির্লেখ্যা ইত্যর্থঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র মূলগ্রন্থানুসারেণ যথাযথমূহ্যং। নিত্যমিত্যস্য শরণাগতিরিত্যন্তমনুবৃত্তিঃ। শরণাগতেরপি নিত্যকৃত্যেঽন্তর্ভাবেন তদবধি নিত্যকৃত্যানামেব লিখনাৎ,অতএব তদনন্তরং নিত্যকৃত্যব্যবচ্ছেদার্থং পক্ষেষ্বিতি লেখ্যং। ব্রাহ্মকালে ব্রাহ্মমুহূর্ত্তে শুভং শুভকর্ম্মার্থং কৃষ্ণকৃষ্ণেতি কীর্ত্তনাদিনা মঙ্গলাবহং বা যদুত্থানং শয্যাত্যাগস্তৎ। পবিত্রতা পাণিপাদ-প্রক্ষালন-দন্তধাবনাচমনাদিনা শুচিত্বং। এতদাদি সর্ব্বং যদ্যপ্যগ্রে স্বতএব তত্তৎপ্রকরণতো ব্যক্তং ভাবি, তথাপি সুখবোধার্থ-

---

আবিষ্কার করুন্ অর্থাৎ নিখিল জনগণকে ভক্তিমার্গে উপদেশ দিউন; এবং কাশীশ্বর, লোকনাথের সহিত সেই কৃষ্ণকানন বৃন্দাবনে বিহার করুন্ অর্থাৎ শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি ভক্তি দ্বারা সুখে নিবসতি করুন্। (এই শ্লোকের তাৎপর্য্যে কাশীশ্বর ও লোকনাথ উভয়ের পরস্পর আত্যন্তিকী প্রীতিই সূচিত হইল, আর ইহাও বুঝিতে পারা যাইতেছে যে, যৎকালে বৃন্দাবনে উঁহাদিগের বাস হয়, তৎকালেই এই গ্রন্থ বিরচিত হইয়াছে)। ৪।

এই গ্রন্থে লিখনোপযোগী বিষয়ের প্রতিজ্ঞা যথা—এই গ্রন্থের আদিতে সকারণ শ্রীগুরুর আশ্রয়-গ্রহণ অর্থাৎ যে প্রকারে গুরুদেবের শরণাপন্ন হইতে হয় -তাহা লিখিত হইবে। তৎ-পরে গুরুলক্ষণ, শিষ্য-লক্ষণ, গুরু-শিষ্য-পরীক্ষাদি, ভগবান্ ও ভগবানের মন্ত্রমাহাত্ম্য, মন্ত্রের অধিকারী, সিদ্ধাদি শোধন, মন্ত্রসংস্কার, নিত্যদীক্ষা, নিত্য ব্রাহ্মমুহূর্ত্তে শুভ উত্থান, নিত্য পবিত্রতা, শ্রীকৃষ্ণের প্রাতঃস্মরণাদি, বাদ্যাদি দ্বারা প্রবোধন, * অগ্রে নির্ম্মাল্যোত্তারণ ও পরে মঙ্গলারাত্রিক, মৈত্রাদিকৃত্য, † শৌচ, আচমন, দন্তধাবন, স্নান, তান্ত্রিক সন্ধ্যাদি, দেবালয়াদি-সংস্কার, তুল-

---

* শুভ উত্থান—শুভকর্ম্মার্থ "কৃষ্ণ কৃষ্ণ" এইরূপ কীর্ত্তনাদি দ্বারা শয্যাত্যাগ। নিত্য পবিত্রতা—পাণিপাদ-প্রক্ষালন, দন্তধাবন ও আচমনাদি দ্বারা শুচিত্ব। প্রাতঃস্মরণাদি—স্মরণ, কীর্ত্তন, নমস্কার ও বিজ্ঞাপনাদি। বাদ্যাদি দ্বারা প্রবোধন—বাদ্য ও স্তবপাঠাদি দ্বারা কৃষ্ণের চেতনা-সম্পাদন।

† মৈত্রাদিকৃত্য—নিজমলবিসর্জ্জনাদি কর্ম্ম।

প্রাতঃ-স্মৃত্যাদি কৃষ্ণস্য বাদ্যাদ্যৈশ্চ প্রবোধনং। নির্ম্মাল্যোত্তারণাদ্যাদৌ মঙ্গলারাত্রিকং ততঃ॥ ৭॥
মৈত্রাদিকৃত্যং শৌচাচ-মনং দন্তস্য ধাবনং। স্নানং তান্ত্রিকসন্ধ্যাদি দেবসদ্মাদিসংস্ক্রিয়া॥ ৮॥
তুলস্যাদ্যাহৃতির্গেহ-স্নানমুষ্ণোদকাদিকং। বস্ত্রং পীঠং চোর্দ্ধপুণ্ড্রং শ্রীগোপীচন্দনাদিকং॥ ৯॥
চক্রাদিমুদ্রা মালা চ গৃহসন্ধ্যার্চ্চনং গুরোঃ। মাহাত্ম্যঞ্চাথ কৃষ্ণস্য দ্বারবেশ্মান্তরার্চ্চনং॥ ১০॥
পূজার্থাসনমর্ঘ্যাদি-স্থাপনং বিঘ্নবারণং। শ্রীগুর্ব্বাদিনতির্ভূতশুদ্ধিঃ প্রাণবিশোধনং॥ ১১॥

মধুনাত্র কিঞ্চিদভিব্যজ্যতে॥ ৬॥ প্রাতরিতি। নিত্যমিতিবৎ মধ্যাহ্নকৃত্যং যাবদনুবর্ত্তত এব। এবং মধ্যাহ্নাদিকং চোহ্যং। স্মৃতিঃ স্মরণং। আদিশব্দেন প্রাতঃকীর্ত্তন-প্রণমন-বিজ্ঞাপনাদি। প্রবোধনং বাদ্যৈঃ। আদিশব্দাৎ স্তুতিপাঠাদিভিঃ। নির্ম্মাল্যোত্তারণম্ আদিশব্দেন শ্রীমুখপ্রক্ষালনদন্তকাষ্ঠার্পণাদি। আদাবিতি প্রথমং নির্ম্মাল্যোত্তারণস্যাবশ্যকত্বাৎ॥ ৭॥ নিজদন্তধাবনং যদ্যপ্যুত্থানানন্তরমেব কৃত্যমিতি পবিত্রতাস্তঃ পূর্ব্বং প্রবিষ্টমেব, তথাপি শৌচাদিবিধিপ্রসঙ্গতোঽত্র তদ্বিধিমাত্রলিখনং। তান্ত্রিকী সন্ধ্যা তদুপাস্তিঃ। আদিশব্দেন জলে ভগবৎপূজা। দেবসদ্মনঃ ভগবদালয়স্য সংস্ক্রিয়া সংমার্জনাদিনা স্বস্তিকনির্ম্মাণ-ধ্বজপতাকাদ্যারোপণেন চ। আদিশব্দাৎ পীঠপাত্রবস্ত্রাদিসংস্কারঃ॥ ৮॥ তুলস্যাঃ আদিশব্দাৎ পুষ্পাদীনাঞ্চাহরণং। গেহে নিজগেহে স্নানং তদ্বিধিঃ, তচ্চ বহিস্তীর্থাভাবেন কিংবা শ্রীভগবদালয়সংস্কারাদ্যনন্তরমেব পূজার্থং পুনঃ স্নানাপেক্ষয়া জ্ঞেয়ং, তত্রৈবোষ্ণোদকামলকাদিস্নানব্যবস্থা চ। বস্ত্রং স্নানান্তরং নিজপরিধেয়ং। পীঠং আচমনাদ্যর্থং নিজাসনং॥ ৯॥ গুরোরর্চ্চনং মাহাত্ম্যঞ্চ। অথেতি গুরুপূজানন্তরমেব ভগবৎপূজায়া বিধেয়ত্বাৎ। দ্বারং বেশ্মান্তরঞ্চ গৃহমধ্যং তয়োরর্চ্চনং॥ ১০॥ পূজার্থেতি পূর্ব্বলিখিতাৎ নিজপীঠাদ্ভেদার্থং। অর্ঘ্যপাত্রাদীনাং স্থাপনমিতি তত্তদ্দ্রব্যাণাং তত্তৎপাত্রে চ, তত্তৎপাত্রাণাঞ্চ তত্তৎস্থানেষু ধারণং তথা মঙ্গলঘটস্থাপনঞ্চেত্যর্থঃ। প্রাণবিশোধনং প্রাণায়াম ইত্যর্থঃ॥ ১১॥

স্যাদিআহরণ, গেহস্নান, উষ্ণোদকাদি-ব্যবস্থা, * স্নানানন্তর স্বীয় পরিধেয় বস্ত্র, পীঠ, † উর্দ্ধপুণ্ড্র ও গোপীচন্দনাদি, চক্রাদি মুদ্রা, মালা, গৃহে সন্ধ্যা, গুরুর অর্চ্চনা ও মাহাত্ম্য, তৎপরে শ্রীকৃষ্ণের দ্বার ও গৃহের অর্চ্চনা, পূজার্থ স্বীয় উপবেশনের জন্য আসন, অর্ঘ্যাদি স্থাপন, বিঘ্ননিবারণ, গুরু প্রভৃতিকে নতি, ভূতশুদ্ধি, প্রাণবিশোধন অর্থাৎ প্রাণায়াম, ন্যাস, বেণু-বনমালাদি মুদ্রাপঞ্চক, শ্রীকৃষ্ণের ধ্যান, অন্তরর্চ্চনা অর্থাৎ কৃষ্ণের অন্তর্যাগ, পূজাস্থান, শ্রীমূর্ত্তি ও শালগ্রামশিলা এবং তাহার লক্ষণাদি, দ্বারকোদ্ভব চক্রসমূহ, ক্ষালনাদি দ্বারা শ্রীমূর্ত্ত্যাদির শুদ্ধি, পীঠার্চ্চনা,

---

* তান্ত্রিক সন্ধ্যাদি—এখানে আদি শব্দে জলে ভগবৎপূজা অর্থাৎ তান্ত্রিকী সন্ধ্যোপাসনা ও জলে ভগবৎপূজা। দেবায়তনাদি সংস্কার—এখানে আদি শব্দ দ্বারা ভগবদ্গৃহের সম্মার্জ্জন, স্বস্তিক নির্ম্মাণ, ধ্বজ বা পতাকাদি রোপণ, পীঠপাত্র ও বস্ত্রাদি সংস্ক্রিয়া বুঝিতে হইবে। তুলস্যাদি আহরণ—এখানে আদি শব্দে পুষ্পাদি বুঝিতে হইবে অর্থাৎ তুলসী ও পুষ্পাদির আহরণ। গেহস্নান—স্বীয় গৃহে স্নানবিধি অর্থাৎ বহির্ভাগে তীর্থাভাব হেতু, কিংবা শ্রীমন্দিরাদি সংস্কারের পর অর্চ্চনার্থ গৃহে পুনরায় স্নানব্যবস্থা। উষ্ণোদকাদি ব্যবস্থা—উষ্ণজলে ও আমলকাদিসলিলে স্নানবিধি।

† পীঠ—আচমনাদি জন্য নিজ আসন।

ন্যাসা মুদ্রাপঞ্চকঞ্চ কৃষ্ণধ্যানান্তরর্চ্চনে। পূজাপদানি শ্রীমূর্ত্তি-শালগ্রামশিলাস্তথা ॥ ১২ ॥
দ্বারকোস্তবচক্রাণি শুদ্ধয়ঃ পীঠপূজনং। আবাহনাদি তন্মুদ্রা আসনাদিসমর্পণং ॥ ১৩ ॥
স্নপনং শঙ্খঘণ্টাদিবাদ্যং নামসহস্রকং। পুরাণপাঠো বসন-মুপবীতং বিভূষণং ॥ ১৪ ॥
গন্ধঃ শ্রীতুলসীকাষ্ঠ-চন্দনং কুসুমানি চ। পত্রাণি তুলসী চাঙ্গোপাঙ্গাবরণপূজনং ॥ ১৫ ॥
ধূপো দীপশ্চ নৈবেদ্যং পানং হোমো বলিক্রিয়া। অবগণ্ডুষাদ্যাস্যবাসো দিব্যগন্ধাদিকং পুনঃ ॥১৬॥
রাজোপচারা গীতাদি মহানীরাজনং তথা ॥ ১৭ ॥

ন্যাসাঃ মাতৃকাদীনামৃষ্যাদ্যন্তানাং। মুদ্রাপঞ্চকং বেণুবনমালাদি-মুদ্রাঃ পঞ্চ। কৃষ্ণস্য ধ্যানম্ অথ প্রকটসৌরভেত্যাদ্যুক্তং। অন্তরর্চ্চনঞ্চ ধ্যানানন্তরমন্তর্যাগঃ। পূজায়াঃ পদানি স্থানানি শ্রীশালগ্রামশিলাদীনি সূর্য্যাগ্ন্যাদীনি চ। শ্রীমূর্ত্তয়ঃ শ্রীভগবৎপ্রতিকৃতয়ঃ শ্রীশালগ্রামশিলাশ্চ তত্তল্লক্ষণাদি ॥ ১২ ॥ শুদ্ধয়ঃ ক্ষালনাদিনা শ্রীমূর্ত্ত্যাদীনাং। আবাহনম্ আদিশব্দাৎ সংস্থাপন-সন্নিধাপনাদিসপ্তকং। তন্মুদ্রাঃ আবাহনাদি-মুদ্রাঃ। আসনস্য আদিশব্দাৎ স্বাগতানন্তরম্ অর্ঘ্য-পাদ্যাচমনীয়-মধুপর্ক-পুনরাচমনীয়ানাঞ্চ সমর্পণং ॥ ১৩ ॥ স্নপনে অভ্যঙ্গদ্রব্যপঞ্চামৃতোদ্বর্ত্তনাদীনি ন পৃথক্ লিখিতানি, তেষাং স্নপনাঙ্গত্বাৎ। এবমন্যদপ্যূহ্যং। ভগবতঃ স্নানে শঙ্খস্নপনস্য ঘণ্টা-বাদ্যস্য চ ফলবিশেষোক্তেঃ শঙ্খঘণ্টয়োর্মাহাত্ম্যম্ আদিশব্দাত্তত্রৈব শঙ্খাদিবাদ্যস্য চ মাহাত্ম্যং লেখ্যমিত্যর্থঃ। বসনাদিকং স্নপনানন্তরং ভগবতেঽর্পণং ॥ ১৪ ॥ গন্ধান্তর্গতস্যাপি শ্রীতুলসীকাষ্ঠ-চন্দনস্য পৃথক্ লেখো মাহাত্ম্যবিশেষতঃ, এবমন্যদপ্যূহ্যং। পত্রাণি বিল্বাদীনাং। অঙ্গানাং মন্ত্র-বর্ণাদীনাম্ উপাঙ্গানাঞ্চ বেণ্বাদীনাম্, আবরণানাঞ্চ গোপকুমারাদীনাং পূজা ॥ ১৫ ॥ বলিক্রিয়া বিষ্বক্‌সেনাদিভ্যো ভগবদুচ্ছিষ্টাংশপ্রদানং। অবগণ্ডুষং গণ্ডুষার্থজলং। আদিশব্দেন দন্ত-শোধন-পুনরাচমন-শ্রীমুখমার্জ্জনাদি। আস্যবাসঃ লবঙ্গ-তাম্বূলাদি-মুখবাসঃ ॥ ১৬ ॥ রাজোপ-চারাঃ ছত্রচামরাদয়ঃ। গীতম্ আদিশব্দাৎ বাদ্যং নৃত্যঞ্চ। শঙ্খাদীনাং বাদনং পূর্ব্বং স্নানসম্বন্ধি,

---

আবাহনাদি, * আবাহনাদির মুদ্রা, আসনাদি সমর্পণ, † স্নপন, ‡ স্নানার্থ শঙ্খ ও ঘণ্টাদি বাদ্যের মাহাত্ম্য, সহস্রনাম, পুরাণাধ্যয়ন, বসন, উপবীত, বিভূষণ, গন্ধ, তুলসীকাষ্ঠের চন্দন, § কুসুম, বিল্বাদির পত্র, তুলসী, অঙ্গ উপাঙ্গ ও আবরণের অর্চ্চনা, ¶ ধূপ, দীপ, নৈবেদ্য, পান,

---

* আবাহনাদি—এখানে আদি শব্দে সংস্থাপন-সন্নিধাপনাদি সাতটী বুঝিতে হইবে।

† আসনাদি সমর্পণ—এখানে আদিশব্দে স্বাগতানন্তর অর্ঘ্য. পাদ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয় প্রভৃতি অর্পণ বুঝিতে হইবে।

‡ স্নপন—এখানে স্নপন শব্দে স্নানের অঙ্গত্ব বশতঃ অভ্যঙ্গ দ্রব্য, পঞ্চামৃত ও উদ্বর্ত্তনাদি দ্রব্যসমূহ বুঝিতে হইবে।

§ চন্দন গন্ধের মধ্যে পরিগণিত হইলেও তুলসীকাষ্ঠচন্দনের পৃথক্ উল্লেখ করাতে মাহাত্ম্যবিশেষ সূচিত হইতেছে।

¶ অঙ্গ—মন্ত্রবর্ণাদি। উপাঙ্গ—বেণু প্রভৃতি। আবরণ—গোপকুমারাদি।

শঙ্খাদিবাদনং সাম্বু-শঙ্খনীরাজনং স্তুতিঃ। নতিঃ প্রদক্ষিণা কর্ম্মাত্মর্পণং জপযাচনে।
আগঃক্ষমাপণং নানাগাংসি নির্ম্মাল্যধারণং ॥ ১৮
শঙ্খাম্বু তীর্থং তুলসীপূজা তন্মৃত্তিকাদি চ। ধাত্রী স্নাননিষেধস্য কালো বৃত্তেরুপার্জনং ॥ ১৯ ॥
মধ্যাহ্নে বৈশ্বদেবাদি শ্রাদ্ধং চানর্প্যমচ্যুতে। বিনার্চ্চামশনে দোষাস্তথানর্পিতভোজনে।
নৈবেদ্যভক্ষণং সন্তঃ সৎসঙ্গোঽসদসঙ্গতিঃ। অসদ্গতির্বৈষ্ণবোপহাস-নিন্দাদি-দুষ্ফলং ॥ ২০ ॥
সতাং ভক্তির্বিষ্ণুশাস্ত্রং শ্রীমদ্ভাগবতং তথা। লীলাকথা চ ভগবদ্ধর্ম্মাঃ সায়ং নিজক্রিয়াঃ।
কর্ম্মপাতপরীহারস্ত্রিকালার্চ্চা বিশেষতঃ। নক্তংকৃত্যান্যথো পূজাফলসিদ্ধ্যাদিদর্শনং ॥ ২১ ॥

অধুনা চ মহানীরাজনবিষয়কমিতি ভেদঃ ॥ ১৭ ॥ জলযুক্তশঙ্খেন নীরাজনং। জপঃ যাচনঞ্চ প্রার্থনা। আগসামপরাধানাং ক্ষমাপণং। নানা নানাবিধান্যাগাংসি। নির্ম্মাল্যস্য শ্রীভগবৎ-পাদাঙ্গোত্তীর্ণস্য তুলস্যাদের্নিজমস্তকে ধারণং ॥ ১৮ ॥ শঙ্খাম্বু শ্রীভগবন্নীরাজিত-শঙ্খজলং। তীর্থং শ্রীচরণোদকং। তুলসীবনে শ্রীভগবতস্তুলস্যাশ্চ পূজনং। তস্যস্তুলস্যা মৃত্তিকাকাষ্ঠাদি। ধাত্রী আমলকী তন্মাহাত্ম্যমিত্যর্থঃ ॥ ১৯ ॥ বৈশ্বদেবাদিকং শ্রাদ্ধঞ্চ বৈষ্ণবৈর্যথা কার্য্যং তদ্বিধি-রিত্যর্থঃ বৈষ্ণবকৃত্যানামেব লিখনাৎ। অচ্যুতে শ্রীভগবতি অনর্প্যম্ অর্পণাযোগ্যং। অর্চ্চাং ভগবৎপূজাং বিনা ভোজনে দোষাঃ। তথেতি ভগবত্যনর্পিতস্য দ্রব্যস্য ভোজনে চ দোষাঃ। সন্তঃ শ্রীভগবদ্ভক্তাঃ। অসদ্ভিরসঙ্গতিঃ অসৎসঙ্গপরিত্যাগ ইত্যর্থঃ। অসতাং গতির্নিষ্ঠা। বৈষ্ণবানা-মুপহাসাদিনা যদ্দুষ্টং ফলং ভবতি তৎ। যদ্যপ্যসদ্গত্যন্তর্গতমেব তৎ স্যাৎ তথাপি বিশেষতো বৈষ্ণববিষয়কাপরাধলক্ষণং পরমাসাধুত্বপরীহারার্থং পৃথগ্ লিখিতং ॥ ২০ ॥ ভক্তিঃ অভিগমন-স্তুত্যাদিনা সম্মাননং। লীলাকথেতি ভগবল্লীলাকথায়াঃ শ্রবণকীর্ত্তনাদি। তত্ত্যাগে দোষশ্চ। নিজক্রিয়াঃ সন্ধ্যোপাস্ত্যাদিকর্ম্মাণি। বৈষ্ণবানাং কর্ম্মপাতস্য পরিহারঃ তদ্দোষনিরাকরণসিদ্ধান্ত ইত্যর্থঃ। বিশেষতস্ত্রিকালার্চ্চনং কালত্রয়পূজাবিধিবিশেষ ইত্যর্থঃ। নক্তংকৃত্যানি গীতবাদ্যাদি-পূর্ব্বক-শ্রীভগবচ্ছয়নোপচারকল্পনাদীনি। পূজাফলস্য সিদ্ধিঃ যথা সংপূর্ণতা স্যাৎ তৎপ্রকার ইত্যর্থঃ। আদিশব্দেন অশক্তস্য পূজাফলপ্রাপ্ত্যুপায়ঃ। দর্শনং পূজায়াঃ শ্রীমূর্ত্তের্বাঽবলোকনং ॥২১॥

হোম, বলিক্রিয়া, অবগণ্ডূষাদি, * লবঙ্গ-তাম্বূলাদি মুখবাস, পুনরায় দিব্য গন্ধাদি, রাজোপচার, গীতাদি, † মহানীরাজন, শঙ্খাদি-বাদন, ‡ সজল শঙ্খ দ্বারা নীরাজন, স্তব, নতি, প্রদক্ষিণ, কর্ম্মাদি সমর্পণ, জপ, যাচন অর্থাৎ প্রার্থনা, অপরাধের ক্ষমাপণ, নানারূপ অপরাধ, নির্ম্মাল্য-ধারণ, § শ্রীভগবন্নীরাজিত শঙ্খজল, তীর্থ অর্থাৎ চরণোদক, তুলসীকাননে শ্রীকৃষ্ণের ও তুল-

---

* বলিক্রিয়া—বিষক্সেনাদি ভক্তবর্গকে ভগবানের উচ্ছিষ্টাংশ অর্পণ। অবগণ্ডূষাদি—অবগণ্ডূষ অর্থাৎ গণ্ডূষার্থ জল; এখানে আদিশব্দে দন্তশোধন-পুনরাচমন-শ্রীমুখমার্জ্জনাদি বুঝিতে হইবে।

† রাজোপচার—ছত্রচামরাদি। গীতাদি—গীত এবং আদি শব্দে বাদ্য ও নৃত্য বুঝিতে হইবে।

‡ পূর্ব্বে যে শঙ্খাদি বাদনের উল্লেখ হইয়াছে, তাহা স্নানবিষয়ক, অধুনা মহানীরাজনবিষয়ক বুঝিতে হইবে।

§ নির্ম্মাল্যধারণ—মস্তকে ভগবানের পাদোত্তারিত তুলসী প্রভৃতি ধারণ।

বিষ্ণ্বর্থদানং বিবিধোপচারা ন্যূনপূরণং। শয়নং মহিমার্চ্চায়াঃ শ্রীমন্নাম্নস্তথাদ্ভুতঃ।
নামাপরাধা ভক্তিশ্চ প্রেমাথাশ্রয়ণাদয়ঃ। পক্ষেম্বেকাদশী সাঙ্গা শ্রীদ্বাদশ্যষ্টকং মহৎ।
কৃত্যানি মার্গশীর্ষাদি-মাসেষু দ্বাদশস্বপি। পুরশ্চরণকৃত্যানি মন্ত্রসিদ্ধস্য লক্ষণং।
মূর্ত্ত্যাবির্ভাবনং মূর্ত্তি-প্রতিষ্ঠা কৃষ্ণমন্দিরং। জীর্ণোদ্ধৃতিঃ শ্রীতুলসী-বিবাহোঽনন্যকর্ম্ম চ ॥ ২২ ॥

বিষ্ণ্বর্থং কপিলাদিদানং; তদ্দ্বশ্চাদিনা নিত্যপূজাসিদ্ধের্নিত্যপূজার্থদ্রব্যদানাভিপ্রায়তো বা নিত্যকৃত্যমধ্যে লিখিতং। ন্যূনপূরণম্ অলব্ধোপচারসমাধানং। শয়নং নিত্যশয়নবিধিঃ। অর্চ্চায়াঃ শ্রীভগবৎপূজায়া মহিমা মাহাত্ম্যং শ্রীমন্নাম্নশ্চ মহিমা। অদ্ভুত ইতি শ্রীভগবন্নামমাহাত্ম্যেঽর্থবাদ-কল্পনা পরমদোষাবহা। নামসেবয়া নামাপরাধক্ষয়শ্চেত্যপি সূচয়তি। ভক্তিঃ শ্রীভগবদ্ভক্তে-দৌর্ল্লভ্যাদিমাহাত্ম্যং লক্ষণঞ্চেত্যর্থঃ। প্রেমা প্রেমসম্পত্তিলক্ষণমিত্যর্থঃ। আশ্রয়ণং শরণাগতি-স্তস্য কাদাচিৎকত্বেঽপি নিত্যকৃত্যান্তর্লেখো নিত্যং শ্রীভগবৎস্থানাশ্রয়ণাদিলক্ষণতয়া নিত্যমনু-কূলস্য সঙ্কল্পাদিলক্ষণতয়া চ নিত্যকৃত্যান্তরেব পর্য্যবসানাৎ। আদিশব্দেন উচ্চাবচসদাচারাঃ। এবং লেখ্যনিত্যকৃত্যানি ক্রমেণ প্রতিজ্ঞায় পক্ষকৃত্য-মাসকৃত্যাদীনি লেখ্যানি প্রতিজানীতে পক্ষেম্বিত্যাদিনা। অঙ্গানি দশম্যাদিদিনত্রয়নিয়মাঃ জাগরণং দ্বাদশ্যপেক্ষণাদীনি চ তৈঃ সহিত-মেকাদশীব্রতং। তত্তন্মাহাত্ম্যং তত্তদ্ব্রতদিননির্ণয়াদি চেত্যর্থঃ। এবমন্যদপ্যূহ্যং। সাঙ্গেতি লিঙ্গবচনব্যত্যয়েন সর্ব্বত্র যথাযথং যোজ্যং। সিদ্ধস্য পুরশ্চরণাদিনা সিদ্ধমন্ত্রস্যেত্যর্থঃ। মূর্ত্তীনাং শ্রীভগবৎপ্রতিমানামাবির্ভাবনং শিল্পাদিদ্বারা নিষ্পাদনমিত্যর্থঃ। কথঞ্চিদ্বৈগুণ্যে শ্রীমূর্ত্তেঃ পুনঃ সংস্কারঃ প্রতিষ্ঠাবিধ্যন্তর্গত এবেতি পৃথক্ নোল্লিখিতঃ। এবংপ্রকারাদি নির্ণয়বৃক্ষরোপণাদিকমপি মন্দিরানুষঙ্গিকতয়া পৃথক্ নোল্লিখিতং। জীর্ণানাং প্রাসাদাদীনাম্ উদ্ধৃতিরুদ্ধারঃ। অনন্যানাম্ একান্তিনাং কৃত্যং ॥ ২২ ॥

সীর অর্চ্চনা, তুলসীর মৃত্তিকা ও কাষ্ঠাদি, আমলকীমাহাত্ম্য, স্নানের নিষিদ্ধ কাল, জীবি-কোপার্জ্জন, মধ্যাহ্নকালে কর্ত্তব্য বৈশ্বদেবাদি, বৈষ্ণবদিগের কর্ত্তব্য শ্রাদ্ধবিধি, ভগবান্ অচ্যু-তকে অর্পণের অযোগ্য দ্রব্য, ভগবানের অর্চ্চনা না করিয়া ভক্ষণের এবং অনিবেদিত দ্রব্য ভোজনের দোষ, নৈবেদ্য-সেবন, শ্রীভগবদ্ভক্ত, সাধুসঙ্গ, অসৎসঙ্গ বর্জ্জন, অসজ্জনের গতি, বৈষ্ণবগণের উপহাস ও নিন্দাদিজাত কুফল, সাধুজনের ভক্তি, * বিষ্ণুশাস্ত্র, শ্রীমদ্ভাগবত, লীলাকথা অর্থাৎ ভগবানের লীলাকথা শ্রবণকীর্ত্তনাদি ও তদ্বর্জ্জনে দোষ, ভগবদ্ধর্ম্ম, সন্ধ্যোপাস-নাদি ক্রিয়া, বৈষ্ণবদিগের কর্ম্মপাতের পরীহার অর্থাৎ তদ্দোষনিরাকরণসিদ্ধান্ত, বিশেষতঃ ত্রিকালার্চ্চন অর্থাৎ কালত্রয়ে পূজার বিধিবিশেষ, রাত্রিকৃত্য, পূজাফলসিদ্ধ্যাদি,† পূজা কিংবা

* সাধুজনের ভক্তি—অভিগমন ও স্তবাদি দ্বারা সাধুর সম্মাননা।

† রাত্রিকৃত্য—গীতবাদ্যাদি পুরঃসর ভগবানের শয়নোপচারকল্পনাদি। পূজাফলসিদ্ধ্যাদি—যেরূপে পূজা সম্পূর্ণ হয়, তৎপ্রকারকে পূজাফলসিদ্ধি কহে; এখানে আদি শব্দ দ্বারা অক্ষম ব্যক্তির পূজাফলপ্রাপ্তির উপায়ও বুঝিতে হইবে।

তত্র শ্রীগুরূপসত্তিকারণং।

কৃপয়া কৃষ্ণদেবস্য তদ্ভক্তজনসঙ্গতঃ। ভক্তের্মাহাত্ম্যমাকর্ণ্য তামিচ্ছন্ সদ্গুরুং ভজেৎ ॥ ২৩ ॥
অত্রানুভূয়তে নিত্যং দুঃখশ্রেণী পরত্র চ। দুঃসহা শ্রূয়তে শাস্ত্রাত্তিতীর্ষেদপি তাং সুধীঃ ॥ ২৪ ॥
তথা চোক্তমেকাদশস্কন্ধে ভগবতা শ্রীদত্তেন—

লব্ধা সুদুর্লভমিদং বহুসম্ভবান্তে মানুষ্যমর্থদমনিত্যমপীহ ধীরঃ।
তূর্ণং যতেত ন পতেদনুমৃত্যু যাবন্নিঃশ্রেয়সায় বিষয়ঃ খলু সর্ব্বতঃ স্যাৎ ॥ ২৫ ॥

অধুনা প্রতিজ্ঞাতং তত্তদেব বিস্তার্য্য লিখতি তত্রেত্যাদিনা যাবৎসমাপ্তি। তত্র তেষু শ্রীগুরূপসত্তেঃ প্রপদ্যেত উপাসীত সংশ্রয়ীতেত্যাদিনাঽগ্রে লেখ্যায়াঃ কারণমিদং লিখ্যত ইতি শেষঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র। তদেব লিখতি কৃপয়েত্যাদিনা পুরুষো বেদেত্যন্তেন। কৃষ্ণদেবস্য কৃপয়া যস্তস্য ভক্তজনৈঃ সঙ্গস্তস্মাৎ। মাহাত্ম্যং মোক্ষাদপ্যাধিক্যাদি। তাং ভক্তিং। সন্তং লেখ্যলক্ষণৈরুত্তমং গুরুমাশ্রয়েৎ ॥২৩॥ নমু বিষয়সুখাসক্তানাং তাদৃশজ্ঞানং দুর্ঘটমেবেতি কুতো ভক্তীচ্ছাঽস্তু সত্যং, দুঃখসাগরতরণেচ্ছয়াপি ভক্তিং বাঞ্ছন্ সদ্গুরুমপেক্ষেতৈবেত্যাশয়েন লিখতি অত্রেতি। দুঃখস্য শ্রেণী পরম্পরা শাস্ত্রাচ্ছ্রূয়ত ইতি বেদবাক্যে বিশ্বাসাৎ সাপি প্রত্যেতব্যৈব ন ত্ববিশ্বসনীয়েত্যর্থঃ। অতস্তাং দুঃখশ্রেণীমপি তরীতুমিচ্ছেৎ। যা তাদৃশমাহাত্ম্যং ভক্তিমিচ্ছত্বিত্যহো বত শোচ্যতে ইত্যপিশব্দার্থঃ। সুধীশ্চেৎ অন্যথা বিচারাভাবেন পশুবন্নির্ব্বুদ্ধিরেবেত্যর্থঃ। যদ্বা মিথ্যাদুঃখাবলীসহনেন ব্যাধাদিবৎ কুধীরেবেত্যর্থঃ ॥ ২৪ ॥ স্বলিখিতমেতদেব মহাপুরাণোক্ত-

---

শ্রীমূর্ত্তির দর্শন, শ্রীহরির প্রীত্যর্থ কপিলাদি প্রদান, নানারূপ উপচার, উপচারের অলাভে পূজাসম্পূরণ, স্বীয় শয়নবিধি, ভগবদর্চ্চনার ও শ্রীমন্নামের মহিমা, অদ্ভুত, * নামাপরাধ, ভক্তি, † প্রেমসম্পত্তিলক্ষণ, শরণাগতি, পক্ষসমূহে অঙ্গসমন্বিতা একাদশী, মহাদ্বাদশ্যষ্টক, অগ্রহায়ণাদিদ্বাদশমাসকৃত্য, পুরশ্চরণক্রিয়া, মন্ত্রসিদ্ধির লক্ষণ, ভগবন্মূর্ত্ত্যাদি গঠন ও শ্রীমূর্ত্তির পুনঃ সংস্ক্রিয়া, মূর্ত্তিপ্রতিষ্ঠা, কৃষ্ণমন্দির, জীর্ণ মন্দিরের পুনরুদ্ধার, তুলসীপরিণয় এবং একান্ত ভক্তগণের কৃত্য, এই সমস্ত লিখিত হইবে। ৫—২২।

(এক্ষণে) তন্মধ্যে শ্রীগুরুর শরণগ্রহণ করার কারণ কথিত হইতেছে ।—দেবদেব কৃষ্ণের কৃপাবশে তদ্ভক্তজনের সঙ্গ হইতে ভক্তিমাহাত্ম্য আকর্ণন পূর্ব্বক সেই ভক্তিপ্রাপ্তির অভিলাষ হইলে সদ্গুরুর ভজনা (আশ্রয় গ্রহণ) করিবে। ২৩। (এ কথা জিজ্ঞাসা করিতে পার যে, বিষয়-সুখাসক্তগণের উক্ত জ্ঞান অতীব দুর্ঘট, সুতরাং তাহাদিগের ভক্তির ইচ্ছা হইবে কেন? ইহার উত্তর এই যে, দুঃখসাগরতরণেচ্ছায় ভক্তিস্পৃহা থাকিলে সদ্গুরুর অপেক্ষা অবশ্যই কর্ত্তব্য; এতদ্বিষয়ে লিখিত হইতেছে।)—ইহলোকে নিত্যই দুঃখশ্রেণী অনুভব করিতে হয় এবং শাস্ত্রেও শ্রুত হওয়া যায় যে, পরলোকেও দুঃসহ দুঃখপরম্পরা উপভোগ করিতে হইয়া

---

* অদ্ভুত—অর্থাৎ ভগবানের নামমাহাত্ম্যে অর্থবাদকল্পনা অতিদোষাবহ।
† ভক্তি—এখানে ভক্তি শব্দে ভগবদ্ভক্তির দুর্লভত্বাদি মহিমা ও তল্লক্ষণ।

স্বয়ং শ্রীভগবতা চ।—নৃদেহমাদ্যং সুলভং সুদুর্ল্লভং, প্লবং সুকল্পং গুরুকর্ণধারং।
ময়ানুকূলেন নভস্বতেরিতং, পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা ॥ ২৬ ॥

অথ শ্রীগুরূপসত্তিঃ।

তত্রৈব শ্রীপ্রবুদ্ধযোগেশ্বরোক্তৌ।—
তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং। শব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ং ॥ ২৭ ॥

পদ্যদ্বয়েন প্রমাণয়তি তথা চোক্তমিতি। যে শ্রীভাগবতাদীনাং শ্লোকার্থা বিদিতা হি তে। সুদুর্গমস্তথাপার্থস্তেষু কশ্চিদ্বিশিষ্যতে। তথা হি মৃত্যোরনু পশ্চাৎ যাবন্ন পতেৎ তাবদেব নিঃশ্রেয়সায় তূর্ণং যতেত। যদ্বা অনু নিরন্তরং মৃত্যবো মরণানি যস্য। যদ্বা মৃত্যুহেতবো রোগাদয়ো মৃত্যব ইব বিবিধ-বহুল-মহাদুঃখানি বা যস্মিন্ তৎ। বিষয়স্তু সর্ব্বতঃ পশ্বাদিযোনিষ্বপি স্যাদেব ॥ স্বয়মিতি নিজেষ্টদৈবতশ্রীকৃষ্ণাভিপ্রায়েণ। যদ্বা কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যভিপ্রায়েণ চকারাদুক্তমিতি পূর্ব্ব-গতপদেনান্বয়ঃ, এবমগ্রেঽপি বোদ্ধব্যং। নৃদেহং প্লবং নাবং প্রাপ্যেত্যধ্যাহারঃ। আদ্যং সর্ব্বফলা-নাং মূলম্, এতদুপার্জ্জিতকর্ম্মভিঃ সর্ব্বফলাবাপ্তেঃ সুদুর্ল্লভং উদ্যমকোটিভিরপি প্রাপ্তুমশক্যং। তথাপি সুলভং যদৃচ্ছালব্ধত্বাৎ। সুকল্পং পটুতরং। গুরুঃ সংশ্রিতমাত্র এব কর্ণধারো নেতা যস্য তৎ। ময়া স্মৃতমাত্রেণানুকূলেন মারুতেন প্রেরিতং। যদ্বা অত্রাপি কৃত্বেত্যধ্যাহার্য্যং বক্তু-র্গাম্ভীর্য্যেণ তদুক্তৌ স্বভাবত উন্নেয়শতাপাতাৎ। ততশ্চায়মর্থঃ নৃদেহমিদং গুরুকর্ণধারং কৃত্বা কর্ণ-ধারনীয়মান-প্লববদাশ্রয়মাত্রেণ গুরুণা সংকৃত্যাভিমুখং প্রবর্ত্ত্য তথানুকূলবাতপ্রেরিতবৎ স্মৃত-মাত্রেণ ময়াধিষ্ঠিতং সৎ কৃতার্থং কৃত্বা যো ন তরেৎ স আত্মহৈবেতি ॥ ২৬ ॥

এবং কারণমুল্লিখ্য কার্য্যং লিখতি তস্মাদিত্যাদিনা। শাব্দে ব্রহ্মণি বেদাখ্যে ন্যায়তো নিষ্ণাতং তত্ত্বজ্ঞম্ অন্যথা সংশয়নিরাসকত্বাযোগ্যত্বাৎ। পরে চ ব্রহ্মণি অপরোক্ষানুভবেন নিষ্ণাতম্ অন্যথা বোধসঞ্চারাযোগাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়ং পরমশান্তমিতি। যদ্বা

থাকে; সুতরাং সুধী ব্যক্তি সেই দুঃখশ্রেণী উত্তীর্ণ হইতে অভিলাষ করিবেন। ২৪। এই বিষয়ে একাদশস্কন্ধে ভগবান্ দত্তাত্রেয় বলিয়াছেন,—ধীর ব্যক্তি বহুজন্মান্তে সুদুর্ল্লভ, পুরুষার্থপ্রদ, অনিত্য মানবদেহ লাভ করিয়া যাবৎ মৃত্যু আগত না হয়, তাবৎ সর্ব্বথা মোক্ষলাভার্থ আশু যত্নবান্ হইবেন; কেন না, বিষয় পুনরায় পশ্বাদি-যোনিতেও প্রাপ্ত হইতে পারে। ৫২। ভগবান্ স্বয়ংও বলিয়াছিলেন,—যে ব্যক্তি অনুকূল বায়ুরূপ আমা কর্ত্তৃক প্রেরিত, আদ্য, (ফলভোগের মূল) ও সুলভ (যদৃচ্ছাপ্রাপ্ত), গুরুরূপ-কর্ণধারযুক্ত, সুদুর্ল্লভ মানবদেহরূপ তরণী লাভ করিয়াও সংসার-সাগর উত্তীর্ণ না হয়, তাহাকেই আত্মঘাতী বলা গিয়া থাকে। ২৬।

অনন্তর গুরূপসত্তি (গুরুকে আশ্রয় করা) কথিত হইতেছে।—একাদশ স্কন্ধে প্রবুদ্ধ-যোগে-শ্বরের উক্তি যথা—সুতরাং যিনি মোক্ষরূপ পরমকল্যাণের কামনা করেন, তিনি বেদাখ্য শব্দ-ব্রহ্মের ন্যায়তঃ ব্যাখ্যায় পারদর্শী এবং পরব্রহ্ম শ্রীকৃষ্ণে ভক্তিযোগপরায়ণ গুরুদেবের আশ্রয়

স্বয়ং শ্রীভগবদুক্তৌ।—মদভিজ্ঞং গুরুং শান্তমুপাসীত মদাত্মকং ॥ ২৮ ॥

ক্রমদীপিকায়াঞ্চ।—বিপ্রং প্রধ্বস্তকামপ্রভৃতিরিপুঘটং নির্ম্মলাঙ্গং গরিষ্ঠাং
ভক্তিং কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কেরুহযুগলরজোরাগিণীমুদ্বহন্তং।
বেত্তারং বেদশাস্ত্রাগমবিমলপথাং সম্মতং সৎসু দান্তং
বিদ্যাং যঃ সংবিবিৎসুঃ প্রবণতনুমনা দেশিকং সংশ্রয়েত ॥

শ্রুতাবপি।—তদ্বিজ্ঞানার্থং সদ্গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং।
আচার্য্যবান্ পুরুষো বেদ ॥ ২৯ ॥

অথ গুরূপসত্তিনিত্যতা।

শ্রীভাগবতে দশমস্কন্ধে শ্রুতিস্তুতৌ।—
বিজিতহৃষীকবায়ুভিরদান্তমনস্তুরগং, য ইহ যতন্তি যন্তুমতিলোলমুপায়খিদঃ।
ব্যসনশতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং, বণিজ ইবাজ সন্ত্যকৃতকর্ণধারা জলধৌ ॥ ৩০ ॥

পরে ব্রহ্মণি শ্রীকৃষ্ণে শমো মোক্ষস্তদুপরি বর্ত্তত ইত্যুপশমো ভক্তিযোগস্তদাশ্রয়ং সদা শ্রবণ-কীর্ত্তনাদিপরং শ্রীবৈষ্ণববরমিত্যর্থঃ। অন্যৎ সমানং ॥২৭॥ মাম অভিতো ভক্তবাৎসল্যাদিমহাত্ম্যানুভবপূর্ব্বকং জানাতীতি তথা তম্, অতএব ময়ি আত্মা চিত্তং যস্য তং বহুব্রীহৌ কঃ। অস্য পদ্যস্য পূর্ব্বার্দ্ধং যমানভীক্ষ্ণং সেবেত নিয়মান্ মৎপরঃ কচিদিত্যত্রানুপযুক্তত্বান্ন লিখিতম্, এবমন্যত্রাপ্যগ্রে জ্ঞেয়ং ॥ ২৮ ॥ নির্ম্মলাঙ্গং ব্যাধিরহিতং। বেদশাস্ত্রাগমানাং যে বিমলাঃ পন্থানঃ মার্গাস্তেষাং বেত্তারং। সৎসু সতাং সম্মতং। বিদ্যাং সংসারদুঃখতরণাদ্যুপায়ং মন্ত্রং। প্রবণা নম্রা বিনীতা দেশিকৈকপরা বা তনুর্মনশ্চ যস্য তথাভূতঃ সন্। দেশিকং গুরুং। এবং প্রবণ-তনু-মনস্ত্বাদি-শ্রুত্যুক্তসমিৎপাণিত্বাদি চ গুরূপসত্তেরাদ্যপ্রকারো জ্ঞেয়ঃ ॥ ২৯ ॥

বিজিতেন্দ্রিয়প্রাণৈরপি অদমিত-মনোঽশ্বং যে নিয়ন্তুং প্রযতন্তে, গুরোশ্চরণমনাশ্রিত্য তে

গ্রহণ করিবেন। ২৭। ভগবান্ স্বয়ংও বলিয়াছেন,—মদভিজ্ঞ, মদাত্মক, শান্ত গুরুরই উপাসনা করিবে *। ২৮। ক্রমদীপিকাতেও লিখিত আছে, যিনি বিদ্যা অর্থাৎ ভবদুঃখতরণের উপায়-স্বরূপ মন্ত্র পরিজ্ঞাত হইতে বাসনা করেন, তিনি নতশরীর ও বিনীতমনা হইয়া তাদৃশ নততনু-চিত্ত, কামাদিরিপুকুলজয়ী, নির্ম্মলাঙ্গ (ব্যাধিহীন), কৃষ্ণপাদপদ্মরজে রাগাত্মক-ভক্তিমান্, বেদশাস্ত্র ও আগমসমূহের বিমলপথজ্ঞ, সাধুগণের আদরণীয়, দান্ত (জিতেন্দ্রিয়) ব্রাহ্মণ গুরুকে আশ্রয় করিবেন। শ্রুতিতেও কথিত যে, সেই পরমবস্তু-বিজ্ঞানার্থ সমিৎপাণি হইয়া ব্রহ্মনিষ্ঠ বেদবিৎ সদ্গুরুর সকাশে উপস্থিত হইবে। আচার্য্যবান্ পুরুষই অর্থাৎ যাঁহার গুরু আছেন, তিনিই ইহা অবগত আছেন। ২৯।

অনন্তর গুরুর আশ্রয় গ্রহণের নিত্যতা লিখিত হইতেছে।—ভাগবতে দশমস্কন্ধে বেদ-

---

* মদভিজ্ঞ—যিনি মদীয় ভক্তবাৎসল্যাদি মহিমা অনুভব করিয়া আমাকে পরিজ্ঞাত হইয়াছেন। মদাত্মক—যাঁহার চিত্ত আমাতেই সন্নিবিষ্ট। শান্ত—প্রশান্তস্বভাব।

শ্রুতৌ চ।—নৈষা তর্কেণ মতিরপনেয়া প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠা॥ ৩১॥

অথ বিশেষতঃ শ্রীগুরোর্লক্ষণানি।

মন্ত্রমুক্তাবল্যাং।—

অবদাতান্বয়ঃ শুদ্ধঃ স্বোচিতাচারতৎপরঃ। আশ্রমী ক্রোধরহিতো বেদবিৎ সর্ব্বশাস্ত্রবিৎ।
শ্রদ্ধাবাননসূয়শ্চ প্রিয়বাক্ প্রিয়দর্শনঃ। শুচিঃ সুবেশস্তরুণঃ সর্ব্বভূতহিতে রতঃ।
ধীমাননুদ্ধতমতিঃ পূর্ণোঽহন্তা বিমর্শকঃ। সগুণোঽর্চ্চাসু কৃতধীঃ কৃতজ্ঞঃ শিষ্যবৎসলঃ॥ ৩২॥
নিগ্রহানুগ্রহে শক্তো হোমমন্ত্রপরায়ণঃ। উহাপোহপ্রকারজ্ঞঃ শুদ্ধাত্মা যঃ কৃপালয়ঃ।
ইত্যাদিলক্ষণৈর্যুক্তো গুরুঃ স্যাদ্গরিমানিধিঃ॥ ৩৩॥

উপায়েষু খিদ্যন্তে ক্লিশ্যন্তীত্যুপায়খিদঃ সন্তঃ বহুবাসনাকুলাঃ ইহ সংসারসমুদ্রে সন্তি তিষ্ঠন্তি পুনঃ-পুনর্দুঃখমেব প্রাপ্নুবন্তীত্যর্থঃ। হে অজ ভগবন্ অকৃতকর্ণধরাঃ অস্বীকৃতনাবিকাঃ বণিজো যথা তদ্বৎ॥৩০॥ শোভনজ্ঞানায় প্রেষ্ঠা পরমযোগ্যত্বেন প্রিয়তমা এষা মতিঃ তর্কেণ নিজন্যায়েন হেতুনা প্রোক্তাদন্যেন বিধিনা কৃত্বা ন অপনেয়া অপমার্গে ন প্রবেশনীয়েত্যর্থঃ॥ ৩১॥ শাব্দে পরে চ নিষ্ণাতমিত্যাদিনা প্রাক্ সামান্যতঃ সংক্ষেপেণ গুরুলক্ষণান্যুল্লিখ্যাধুনা তান্যেব বিশেষতো বিস্তার্য্য, কিংবা পূর্ব্বং গুর্ব্বাশ্রয়ণানুষঙ্গেণ গৌণতয়া লিখিত্বা ইদানীং মুখ্যত্বেন লিখতি অবদাতেত্যাদিনা। অবদাতঃ শুদ্ধঃ পাতিত্যাদিদোষরহিতোঽন্বয়ো বংশো যস্য সদ্বংশজাত ইত্যর্থঃ। শুদ্ধঃ স্বয়মপি পাতিত্যাদিদোষরহিতঃ। অহন্তা অহিংসকঃ। যদ্বা অহন্তায়া বিমর্শকঃ তত্ত্ববিচারকঃ। গুণাঃ বাৎসল্যাদয়স্তদ্যুক্তঃ। অর্চ্চাসু ভগবৎপূজাসু। পাঠান্তরে সগুণস্য সত্ত্বগুণাধিষ্ঠাতুঃ কারুণ্যাদিগুণযুক্তস্য বা ভগবতঃ অর্চ্চাসু প্রতিমাসু। কৃতধীঃ তৎপূজায়াং কৃতনিশ্চয়ঃ ইত্যর্থঃ॥ ৩২॥ গরিমেত্যাকারান্তত্বমার্ষত্বাৎ সোঢব্যং। যদ্বা গরিম্নঃ আ সম্যক্ নিধির্নিধানং।

স্মৃতিতে লিখিত আছে, হে অজ! যাহারা ইহলোকে শ্রীগুরুর চরণ পরিহার পূর্ব্বক ইন্দ্রিয়গ্রাম ও প্রাণসমূহকে বশীভূত করিয়া অদমিত মনোরূপ অশ্বকে সংযত করিতে যত্নবান্ হয়, সেই সকল ব্যক্তি কর্ণধারহীন-তরণীগত বণিগ্জনসমূহের জলধিগর্ভে পতনের ন্যায় উপায়ক্লিষ্ট ও বহুদুঃখাকুল হইয়া ভবসাগরে নিপতিত হইয়া থাকে। ৩০। শ্রুতিতেও লিখিত আছে যে, শোভনজ্ঞানার্থ পরমযোগ্য প্রিয়তমা এই মতিকে তর্ক দ্বারা অর্থাৎ স্বকৃত যুক্তি দ্বারা পূর্ব্বকথিত বিধি হইতে অপমার্গে প্রবেশ করাইবে। ৩১।

অনন্তর বিশেষ প্রকারে গুরুলক্ষণ বিবৃত হইতেছে।—মন্ত্রমুক্তাবলীতে লিখিত আছে, যাঁহার বংশ পাতিত্যাদি-দোষহীন, যিনি স্বয়ং পাতিত্যাদিদোষহীন, স্বীয় বিহিত আচারে নিরত, আশ্রমী, * ক্রোধহীন, বেদবিৎ, সর্ব্বশাস্ত্রজ্ঞ, শ্রদ্ধাবান্, অসূয়াহীন, প্রিয়বাদী, প্রিয়দর্শন, শুচি, সুবেশধারী, যুবা, সর্ব্বভূতহিতে নিরত, ধীমান্, স্থিরমতি, পূর্ণ †, অহিংসক, বিবেচক, বাৎস-

---

* আশ্রমী—গৃহী। † পূর্ণ—যাঁহার কোনরূপ আকাঙ্ক্ষা নাই।

অগস্ত্যসংহিতায়াঞ্চ।—

দেবতোপাসকঃ শান্তো বিষয়েষ্বপি নিস্পৃহঃ। অধ্যাত্মবিদ্ ব্রহ্মবাদী বেদশাস্ত্রার্থকোবিদঃ।
উদ্ধর্ত্তুং চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ। তত্ত্বজ্ঞো যন্ত্রমন্ত্রাণাং মর্ম্মভেত্তা রহস্যবিৎ।
পুরশ্চরণকৃদ্ধোমমন্ত্রসিদ্ধঃ প্রয়োগবিৎ। তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে॥ ৩৪॥

বিষ্ণুস্মৃতৌ।—পরিচর্য্যাযশোলাভলিপ্সুঃ শিষ্যাদ্গুরুর্ন হি।
কৃপাসিন্ধুঃ সুসম্পূর্ণঃ সর্ব্বসত্ত্বোপকারকঃ॥
নিস্পৃহঃ সর্ব্বতঃ সিদ্ধঃ সর্ব্ববিদ্যাবিশারদঃ। সর্ব্বসংশয়সংছেত্তাঽনলসো গুরুরাহৃতঃ॥ ৩৫॥

শ্রীনারদপঞ্চরাত্রে শ্রীভগবন্নারদসংবাদে।—

ব্রাহ্মণঃ সর্ব্বকালজ্ঞঃ কুর্য্যাৎ সর্ব্বেষ্বনুগ্রহং। তদভাবাদ্দ্বিজশ্রেষ্ঠ শান্তাত্মা ভগবন্ময়ঃ।
ভাবিতাত্মা চ সর্ব্বজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ সৎক্রিয়াপরঃ। সিদ্ধিত্রয়সমাযুক্ত আচার্য্যত্বেঽভিষেচিতঃ॥
ক্ষত্রবিট্‌-শূদ্রজাতীনাং ক্ষত্রিয়োঽনুগ্রহেঽক্ষমঃ। ক্ষত্রিয়স্যাপি চ গুরোরভাবাদীদৃশো যদি।
বৈশ্যঃ স্যাত্তেন কার্য্যশ্চ দ্বয়ে নিত্যমনুগ্রহঃ। সজাতীয়েন শূদ্রেণ তাদৃশেন মহামতে॥
অনুগ্রহাভিষেকৌ চ কার্য্যৌ শূদ্রস্য সর্ব্বদা॥ ৩৬॥

যদ্বা সাক্ষাদ্গরিমরূপো নিধিরূপশ্চেতি পদদ্বয়ং। গরিমাম্বুধিরিতি পাঠস্তু স্পষ্ট এব॥ ৩৩॥ ব্রহ্মবাদী বেদাধ্যাপকঃ। মর্ম্মভেত্তা সংশয়গ্রন্থিচ্ছেত্তা॥ ৩৪॥ তত্তদ্গুণযুক্তোঽপি কেবলং নিজপরিচর্য্যাদ্যর্থং শিষ্যানুবন্ধকো গুরুরুপেক্ষ্য ইতি লিখতি পরিচর্য্যেতি। লাভো ধনাদিঃ। শিষ্যাৎ দীক্ষয়েৎ শিষ্যং কুর্য্যাদিত্যর্থঃ। যদ্বা শিষ্যাৎ শিষ্যতঃ সকাশাৎ পরিচর্য্যাদিলিপ্সুর্যঃ স গুরুর্ন ভবতীত্যর্থঃ। তর্হি কিমর্থং গুরুঃ স্যাদিত্যপেক্ষয়াং লিখতি কৃপাসিন্ধুরিতি। পরমদয়ালুতয়া লোকহিতার্থমেবেতি ভাবঃ। অত্রোক্তানাং সুসম্পূর্ণ ইত্যাদীনাং বিশেষণানাং হেতুহেতুমত্তোহ্যা। আহৃতঃ

ল্যাদিগুণবান্, ভগবৎপূজায় কৃতবুদ্ধি, কৃতজ্ঞ, শিষ্যবৎসল, নিগ্রহ ও অনুগ্রহে সক্ষম, হোমমন্ত্রপরায়ণ, তর্কবিতর্কের প্রকারজ্ঞ, এবং যিনি শুদ্ধচিত্ত ও কৃপার আলয়, ইত্যাদি লক্ষণবিশিষ্ট গুরুই গরিমার নিধিস্বরূপ। ৩২—৩৩। অগস্ত্যসংহিতাতেও লিখিত আছে যে, দেবোপাসক, শান্ত, বিষয়সমূহে নিস্পৃহ, অধ্যাত্মবেত্তা, ব্রহ্মবাদী (বেদাধ্যাপক), বেদশাস্ত্রের অর্থবিশারদ, মন্ত্রোদ্ধারে ও মন্ত্রসংহারে সক্ষম, ব্রাহ্মণশ্রেষ্ঠ, যন্ত্রমন্ত্রতত্ত্ববিৎ, মর্ম্মভেত্তা, * রহস্যবিৎ, পুরশ্চরণশীল, হোমমন্ত্রসিদ্ধ, মন্ত্রাদির প্রয়োগবেত্তা, তপস্বী, সত্যভাষী ও গৃহী ব্যক্তিই গুরু বলিয়া অভিহিত হইয়া থাকেন। ৩৪। বিষ্ণুস্মৃতিতেও লিখিত আছে যে, যিনি শিষ্যের নিকট হইতে পরিচর্য্যা, যশ ও ধনাদি লাভের কামনা করেন, তিনি গুরুপদের উপযুক্ত নহেন। যিনি কৃপাসিন্ধু, সুসম্পূর্ণ † সর্ব্বভূতের উপকারী, নিস্পৃহ, সর্ব্বতোভাবে সিদ্ধ, সর্ব্ববিদ্যাবিশারদ, সর্ব্বসংশয়চ্ছেত্তা

---

* মর্ম্মভেত্তা—সংশয়গ্রন্থিচ্ছেত্তা। † কৃপাসিন্ধু—দয়ালুতাবশতই পরোপকারে নিরত। সুসম্পূর্ণ—সর্ব্বগুণবিশিষ্ট।

কিঞ্চ।—

বর্ণোত্তমেঽথ চ গুরৌ সতি যা বিশ্রুতেঽপি চ।
স্বদেশতোঽথ বান্যত্র নেদং কার্য্যং শুভার্থিনা॥ ৩৭॥
বিদ্যমানে তু যঃ কুর্য্যাৎ যত্র তত্র বিপর্য্যয়ং।
তস্যেহামুত্র নাশঃ স্যাত্তস্মাচ্ছাস্ত্রোক্তমাচরেৎ।
ক্ষত্রবিট্শূদ্রজাতীয়ঃ প্রাতিলোম্যং ন দীক্ষয়েৎ॥ ৩৮॥

ব্যাহৃতঃ। গুরুরাড়য়মিতি পাঠঃ ক্বচিৎ॥ ৩৫॥ এবং বিপ্র এব গুরুঃ স্যাদিত্যায়াতং, তদভাবে কিং কার্য্যমিতি লিখতি ব্রাহ্মণ ইতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। সর্ব্বে পঞ্চরাত্রবিধানোক্তাঃ পঞ্চকালাস্তান্ জানাতীতি তথা সঃ। সর্ব্বেষু বর্ণেষু অনুগ্রহং মন্ত্রপ্রদানাদিকং। তদভাবাচ্চ ক্ষত্রিয়ঃ ক্ষত্রাদীনাম্ অনুগ্রহে ক্ষম ইতি দ্বাভ্যামন্বয়ঃ। হে দ্বিজশ্রেষ্ঠ শ্রীনারদ! শান্তাত্মা শান্তস্বভাবঃ, ভাবিতাত্মা শুদ্ধচিত্তঃ, সর্ব্বং দীক্ষাবিধানাদিকং জানাতীতি তথা সঃ। সিদ্ধিত্রয়ং পুরশ্চরণাদিনা মন্ত্র-গুরু-দেবতানাং যৎ সাধনং তেন সংযুক্তঃ। আচার্য্যত্বে মন্ত্রোপদেষ্টৃত্বে। পুরশ্চরণানন্তরং নিজগুরুণাভিষিক্তঃ অন্যথোপদেশেঽনধিকারানুপপত্তেঃ। তচ্চোক্তং তত্রৈব পুরশ্চরণানন্তরমভিষেকান্তে। ততোঽভিষিচ্য বিধিনা স্বাধিকারে নিযোজয়েৎ। গৃহীত্বা তেন কর্ত্তব্যং গুরুত্বমিতরেষু চেতি। অস্যার্থঃ। স্বাধিকারে উপদেশকত্বাদিকে নিযোজয়েদ্ গুরুঃ। তেন শিষ্যেণেতি। ঈদৃশ উক্তলক্ষণক্ষত্রিয়সদৃশঃ। দ্বয়ে বৈশ্যশূদ্রয়োরিত্যর্থঃ। অন্যত্র প্রাতিলোম্যদোষাপত্তেঃ, তচ্চাগ্রে নিষিদ্ধমেব। তাদৃশেন উক্তলক্ষণক্ষত্রিয়সদৃশেন॥ ৩৬॥ তত্রৈবাপবাদমাহ বর্ণোত্তম ইতি। ইদম্ অনুগ্রহাদিকং॥ ৩৭॥ ইহ

ও নিরলস, তিনিই গুরু নামে অভিহিত হয়েন। ৩৫। নারদপঞ্চরাত্রে ভগবন্নারদসংবাদেও কথিত আছে যে, সর্ব্বকালজ্ঞ * ব্রাহ্মণ যাবতীয় বর্ণের প্রতিই (মন্ত্রদানাদিরূপ) অনুগ্রহ প্রকাশ করিবেন। হে দ্বিজসত্তম! তদভাবে শান্তাত্মা (বিশুদ্ধচিত্ত), সর্ব্বপ্রকার-দীক্ষাবিধানবিৎ, শাস্ত্রবেত্তা, সৎক্রিয়াপরায়ণ, সিদ্ধিত্রয়সমন্বিত, † ক্ষত্রিয়কে আচার্য্যত্বে অভিষিক্ত করিবে। ক্ষত্রিয় গুরু হইলে তিনি ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই তিন জাতির প্রতি অনুগ্রহ করিতে অর্থাৎ মন্ত্রপ্রদানে সমর্থ হইয়া থাকেন। যদি ক্ষত্রিয়ের অভাব হয়, তাহা হইলে সেইরূপ গুণসম্পন্ন বৈশ্য, বৈশ্য ও শূদ্র এই জাতিদ্বয়ের প্রতি নিত্য অনুগ্রহ করিবেন। হে মহামতে! ঐরূপ গুণশালী শূদ্রও সজাতীয় শূদ্রের প্রতি মন্ত্রদানাদিরূপ অনুগ্রহ ও অভিষেক করিতে পারেন। ৩৬। আরও লিখিত আছে যে, পূর্ব্বকথিত-গুণসম্পন্ন বর্ণশ্রেষ্ঠ গুরু স্বদেশে কি অন্য দেশে বর্ত্তমান থাকিতে কল্যাণাকাঙ্ক্ষী হীনবর্ণ ব্যক্তি মন্ত্রদানাদিরূপ অনুগ্রহাদি করিবে না। ৩৭। বর্ণশ্রেষ্ঠ বর্ত্তমানে যিনি যথা তথা উহার বিপরীতাচরণ করেন, তাঁহার ঐহিক ও পারত্রিক

---

* সর্ব্বকালজ্ঞ—পঞ্চরাত্রবিধানোক্ত-পঞ্চকালবিৎ।

† সিদ্ধিত্রয়—পুরশ্চরণাদি দ্বারা মন্ত্রসাধন, গুরুসাধন ও দেবসাধন।

পাদ্মে চ।—

মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাং।
সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ ॥ ৩৯ ॥
মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ ॥ ৪০ ॥ ইতি।
গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ।
বৈষ্ণবোঽভিহিতোঽভিজ্ঞৈরিতরোঽস্মাদবৈষ্ণবঃ ॥ ৪১ ॥

অথ অগুরুলক্ষণং।

তত্ত্বসাগরে।—

বহ্বাশী দীর্ঘসূত্রী চ বিষয়াদিষু লোলুপঃ। হেতুবাদরতো দুষ্টোঽবাগ্বাদী গুণনিন্দকঃ।
অরোমা বহুরোমা চ নিন্দিতাশ্রমসেবকঃ। কালদন্তোঽসিতৌষ্ঠশ্চ দুর্গন্ধিশ্বাসবাহকঃ।
দুষ্টলক্ষণসম্পন্নো যদ্যপি স্বয়মীশ্বরঃ। বহুপ্রতিগ্রহাসক্ত আচার্য্যঃ শ্রীক্ষয়াবহঃ ॥ ৪২ ॥

লোকেঽমুত্র চ তস্য নাশঃ সর্ব্বার্থহানিঃ স্যাৎ ॥ ৩৮ ॥ মহাভাগবতশ্রেষ্ঠঃ অশেষবৈষ্ণবধর্ম্মরতঃ শ্রীভগবন্মাহাত্ম্যাদিজ্ঞানবাংশ্চ। অস্য লক্ষণমগ্রে ভগবদ্ভক্তলক্ষণে বিশেষতো ব্যক্তং ভাবি ॥ ৩৯ ॥ ব্রাহ্মণোঽপি সৎকুলধর্ম্মাধ্যয়নাদিনা প্রখ্যাতোঽপি অবৈষ্ণবশ্চেত্তর্হি গুরুর্ন ভবতীতি সর্ব্বত্রাপবাদং লিখতি মহাকুলেতি। কুলে মহতি জাতোঽপীতি ক্বচিৎ পাঠঃ। অতএবোক্তং পঞ্চরাত্রে। অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ। পুনশ্চ বিধিনা সম্যক্ গ্রাহয়েৎ বৈষ্ণবাদ্গুরোরিতি। ইতিশব্দপ্রয়োগোঽত্রোদাহৃতানামন্যত্রবচনানাং প্রায়ো নিজগ্রন্থবচনতো ব্যবচ্ছেদার্থং। এবমগ্রেঽপ্যন্যত্র। যদ্যপি প্রতিপ্রকরণান্তে উদাহৃততত্তচ্ছাস্ত্রবচনান্তে চ সর্ব্বত্রেতিশব্দো যুজ্যেত, তথাপি তদ্ব্যবচ্ছেদঃ প্রকরণাদিনামভেদাৎ ব্যক্ত এবেতি গ্রন্থবাহুল্যভয়ান্ন লিখিতঃ ॥ ৪০ ॥ অবৈষ্ণব ইত্যুক্তং, তত্রাদৌ সামান্যতো বৈষ্ণবলক্ষণং লিখন্ তদিতরত্বেনাবৈষ্ণবং লক্ষয়তি গৃহীতেতি। অস্মাদ্বৈষ্ণবাদিতরো ভিন্নঃ ॥ ৪১ ॥

* অবাগ্বাদী অবাচ্য-পরপাপাদিবক্তা। ঈশ্বরঃ দানাদিষু সমর্থস্তথাপি চেৎ বহুপ্রতিগ্রহাসক্তঃ ॥৪২॥

উভয়-প্রকার অর্থের হানি হয়। অতএব শাস্ত্রোক্ত বিধির প্রতিপালন করাই বিধেয়। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ইহারা প্রতিলোমানুসারে দীক্ষা প্রদান করিবে না অর্থাৎ নিকৃষ্ট বর্ণ হইয়া উত্তম বর্ণকে দীক্ষিত করিবে না। ৩৮। পদ্মপুরাণেও লিখিত আছে যে, মহাভাগবত ও ভগবন্মাহাত্ম্যবিৎ বিপ্রই লোকমাত্রের গুরু, তিনি যাবতীয় লোকের মধ্যেই হরিবৎ পূজ্য। ৩৯। মহাকুলপ্রসূত, সর্ব্বযজ্ঞে দীক্ষিত ও সহস্রশাখাধ্যায়ী ব্রাহ্মণও অবৈষ্ণব হইলে গুরুপদে অভিষিক্ত হইতে পারেন না। ৪০। যে ব্যক্তি বিষ্ণুমন্ত্রে দীক্ষিত ও বিষ্ণুপূজাপরায়ণ, তিনিই বৈষ্ণব বলিয়া অভিহিত হয়েন; তদ্ভিন্ন অন্য ব্যক্তি অবৈষ্ণব বলিয়া পরিগণিত। ৪১।

অনন্তর নিন্দিত গুরুর লক্ষণ কথিত হইতেছে।—তত্ত্বসাগরে লিখিত আছে যে, বহ্বাশী, দীর্ঘ-

অথ শিষ্যলক্ষণানি।

মন্ত্রমুক্তাবল্যাং।—

শিষ্যঃ শুদ্ধান্বয়ঃ শ্রীমান্ বিনীতঃ প্রিয়দর্শনঃ। সত্যবাক্ পুণ্যচরিতোঽদভ্রধীর্দম্ভবর্জ্জিতঃ।
কামক্রোধপরিত্যাগী ভক্তশ্চ গুরুপাদয়োঃ। দেবতাপ্রবণঃ কায়মনোবাগ্‌ভির্দিবানিশং।
নীরুজো নির্জ্জিতাশেষপাতকঃ শ্রদ্ধয়ান্বিতঃ। দ্বিজদেবপিতৃণাঞ্চ নিত্যমর্চ্চাপরায়ণঃ।
যুবা বিনিয়তাশেষকরণঃ করুণালয়ঃ। ইত্যাদিলক্ষণৈর্যুক্তঃ শিষ্যো দীক্ষাধিকারবান্॥ ৪৩॥

একাদশস্কন্ধে চ।—

অমান্যমৎসরো দক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ। অসত্বরোঽর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্॥ ৪৪॥

অথোপেক্ষ্যাঃ।

অগস্ত্যসংহিতায়াং।—

অলসা মলিনাঃ ক্লিষ্টা দাম্ভিকাঃ কৃপণাস্তথা। দরিদ্রা রোগিণো রুষ্টা রাগিণো ভোগলালসাঃ।
অসূয়ামৎসরগ্রস্তাঃ শঠাঃ পরুষবাদিনঃ। অন্যায়োপার্জ্জিতধনাঃ পরদাররতাশ্চ যে।
বিদুষাং বৈরিণশ্চৈব অজ্ঞাঃ পণ্ডিতমানিনঃ। ভ্রষ্টব্রতাশ্চ যে কষ্টবৃত্তয়ঃ পিশুনাঃ খলাঃ।
বহ্বাশিনঃ ক্রূরচেষ্টা দুরাত্মানশ্চ নিন্দিতাঃ। ইত্যেবমাদয়োঽপ্যন্যে পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ॥৪৫॥

অদভ্রধীঃ মহাবুদ্ধিঃ॥ ৪৩॥ দক্ষঃ অনলসঃ। নির্ম্মমঃ জায়াদিষু মমতাশূন্যঃ, গুরৌ তু দৃঢ়সৌহৃদঃ। অসত্বরঃ অব্যগ্রঃ। অমোঘবাক্ ব্যর্থালাপরহিতঃ॥ ৪৪॥

তত্তদ্গুণহীনানপি ভক্ত্যার্ত্ত্যা বা প্রপন্নান্ স্বীকুর্ব্বতাপি শ্রীগুরুণা লেখ্যদোষবন্তোঽবশ্যমুপেক্ষ্যা

স্বত্রী, বিষয়াদি-লুব্ধ, হেতুবাদরত, * দুষ্ট, অবাচ্য-পরপাপাদিবক্তা, গুণনিন্দক, অরোমা, বহু-রোমবিশিষ্ট, নিন্দিত আশ্রমের সেবা-পরায়ণ, কৃষ্ণবর্ণ-দন্তবিশিষ্ট, অসিতবর্ণ-ওষ্ঠসম্পন্ন, দুর্গন্ধ-পূর্ণ-নিশ্বাসবাহী, দুষ্টলক্ষণযুক্ত এবং স্বয়ং দানাদিতে সক্ষম হইয়াও যে গুরু বহু-প্রতিগ্রহে নিরত, তিনি শ্রীক্ষয় করেন। ৪২।

অতঃপর শিষ্যলক্ষণ কথিত হইতেছে।—মন্ত্রমুক্তাবলীতে কথিত আছে যে, শিষ্য শুদ্ধকুল-সম্ভূত, শ্রীমান্, বিনয়বান্, প্রিয়দর্শন, সত্যভাষী, পবিত্রচরিত, মহামতি, দম্ভহীন, কামক্রোধ-শূন্য, গুরুপাদদ্বয়ে ভক্ত, কায়মনোবাক্যে অহর্নিশ দেবতাপ্রবণ অর্থাৎ দেবতার প্রতি অনুরক্ত, নীরোগ, অশেষপাতকজয়ী, শ্রদ্ধাবান্, নিত্য দেবতা বিপ্র ও পিতৃগণের পূজায় রত, যুবা, নিখিল-ইন্দ্রিয়-বিজয়ী ও করুণানিধান হইবেন। উল্লিখিত লক্ষণযুক্ত শিষ্যই দীক্ষাধিকারী হইয়া থাকেন। ৪৩। একাদশস্কন্ধেও লিখিত আছে যে, অভিমান ও মাৎসর্য্যহীন, দক্ষ (নিরলস), নির্ম্মম (ভার্য্যাদিতে মমতাহীন), গুরুর প্রতি দৃঢ়সৌহৃদ, অসত্বর (অব্যগ্র), তত্ত্বজিজ্ঞাসু, অসূয়াহীন ও অমোঘবাক্ (ব্যর্থালাপহীন) ব্যক্তিই শিষ্যের উপযুক্ত। ৪৪।

---

* হেতুবাদরত—প্রতিকূলতর্কপরায়ণ।

অকৃত্যেভ্যোঽনিবার্য্যাশ্চ গুরুশিক্ষাসহিষ্ণবঃ।
এবম্ভূতাঃ পরিত্যাজ্যাঃ শিষ্যত্বে নোপকল্পিতাঃ ॥ ৪৬ ॥
যদ্যেতে হ্যপকল্পেরন্ দেবতাক্রোশভাজনাঃ।
ভবন্তীহ দরিদ্রাস্তে পুত্রদারবিবর্জ্জিতাঃ ॥
নারকাশ্চৈব দেহান্তে তির্য্যঞ্চঃ প্রভবন্তি তে ॥ ৪৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

জৈমিনিঃ সুগতশ্চৈব নাস্তিকো নগ্ন এব চ।
কপিলশ্চাক্ষপাদশ্চ ষড়েতে হেতুবাদিনঃ ॥
এতন্মতানুসারেণ বর্ত্তন্তে যে নরাধমাঃ।
তে হেতুবাদিনঃ প্রোক্তাস্তেভ্যস্তন্ত্রং ন দাপয়েদিতি ॥ ৪৮ ॥
তয়োঃ পরীক্ষা চান্যোন্যমেকাব্দং সহবাসতঃ।
ব্যবহারস্বভাবানুভবেনৈবাভিজায়তে ॥ ৪৯ ॥

ইত্যাশয়েন তান্ লিখতি অলসা ইতি পঞ্চভিঃ। ক্লিষ্টাঃ বৃথা ক্লেশকারিণঃ। রাগিণো বিষয়াসক্তাঃ। ভোগলালসা লুব্ধা ইত্যর্থঃ। পিশুনাঃ পরদোষসূচকাঃ। খলাঃ পরদুঃখদাঃ ॥ ৪৫ ॥ গুরুশিক্ষায়া অসহনশীলাঃ। শিষ্যত্বে ন কেনাপ্যুকল্পিতা ন বিহিতাঃ শিষ্যা ন কৃতা ইত্যর্থঃ। যদ্বা উপকল্পিতা ন ভবন্তি শিষ্যত্বং নার্হন্তি ইত্যর্থঃ ॥ ৪৬ ॥ লোভাদিনা তেষাং স্বীকারেণ শ্রীগুরৌ মহাদোষাঃ পর্য্যবস্যন্তীত্যাহ যদ্যেত ইতি সার্দ্ধেন ॥ ৪৭-৪৮ ॥ তয়োঃ গুরুশিষ্যয়োঃ। অন্যোন্যমিত্যস্য পরার্দ্ধেননাপ্যন্বয়ঃ। ব্যবহারঃ চেষ্টা, স্বভাবঃ শীলং, তয়োরনুভবেনৈব অভিতো জায়তে ॥ ৪৯ ॥

অনন্তর উপেক্ষ্য-শিষ্যলক্ষণ লিখিত হইতেছে।—অগস্ত্যসংহিতায় প্রকাশিত আছে যে, যাহারা অলস, মলিন, বৃথা ক্লেশভোগী, দাম্ভিক, কৃপণ, দরিদ্র, রোগী, ক্রুদ্ধ, বিষয়াসক্ত, ভোগ-লোলুপ, অসূয়াবান্, মৎসরগ্রস্ত, শঠ, পরুষভাষী, অন্যায়রূপে ধনোপার্জ্জক, পরদারপরায়ণ, বিদ্বদ্গণের শত্রু, অজ্ঞ, পণ্ডিতম্মন্য, ভ্রষ্টব্রত, কষ্টে জীবিকানির্ব্বাহকারী, পরদোষসূচক, খল (পরদুঃখপ্রদ), বহুভোজী, ক্রূরকর্ম্মা, দুরাত্মা ও নিন্দিত ইত্যাদি এবং অপর যাহারা পাপিষ্ঠ, পুরুষাধম এবং যাহাদিগকে কুক্রিয়া হইতে নিবারিত করা যায় না ও যে সকল ব্যক্তি গুরুপদেশ সহ্য করিতে অক্ষম, এইরূপ জনগণকে বর্জ্জন করিবে; ইহাদিগকে শিষ্যত্বে দীক্ষিত করিবে না। ৪৫—৪৬। যাহারা (লোভাদির বশীভূত হইয়া) ঐ সকল ব্যক্তিকে দীক্ষিত করেন, তাঁহারা ইহলোকে দেবতার আক্রোশপাত্র, দরিদ্র ও পুত্র-কলত্র-বিবর্জ্জিত হইয়া থাকেন এবং দেহাবসানে নরক-ভোগান্তে তির্য্যগ্‌যোনি প্রাপ্ত হয়েন। ৪৭। হয়শীর্ষপঞ্চরাত্রেও লিখিত আছে যে, জৈমিনি, সুগত, নাস্তিক, নগ্ন, কপিল ও গৌতম এই ছয় ব্যক্তি হেতুবাদী বলিয়া পরিগণিত; যে সকল পুরুষাধম উঁহাদিগের মতের অনুগামী হইয়া কার্য্য করে, তাহাদিগকেও

অথ পরীক্ষণং।

মন্ত্রমুক্তাবল্যাং।—

তয়োর্ব্বৎসরবাসেন জ্ঞাতান্যোন্যস্বভাবয়োঃ। গুরুতা শিষ্যতা চেতি নান্যথৈবেতি নিশ্চয়ঃ॥

শ্রুতিশ্চ।—নাসংবৎসরবাসিনে দেয়াৎ।

সারসংগ্রহেঽপি।—সদ্গুরুঃ স্বাশ্রিতং শিষ্যং বর্ষমেকং পরীক্ষয়েৎ॥ ৫০॥

রাজ্ঞি চামাত্যজা দোষাঃ পত্নীপাপং স্বভর্ত্তরি।

তথা শিষ্যার্জ্জিতং পাপং গুরুঃ প্রাপ্নোতি নিশ্চিতং॥

ক্রমদীপিকায়াঞ্চ।—সন্তোষয়েদকুটিলার্দ্রতরান্তরাত্মা, তং স্বৈধনৈঃ স্ববপুষাপ্যনুকূলবাণ্যা।

অব্দত্রয়ং কমলনাভধিয়াতিধীর-স্তুষ্টে বিবক্ষতু গুরাবথ মন্ত্রদীক্ষাং॥ ৫১॥

গুরুণা স্ববশ্যমেব শিষ্যপরীক্ষা কার্য্যেত্যত্র হেতুমাহ রাজ্ঞীতি॥ ৫০॥ এবং বর্ষমেকং পরীক্ষা ততো দীক্ষেতি নিশ্চিতং। তত্র শ্রীগোপালমন্ত্রবরদীক্ষায়াং বর্ষত্রয়গুরুসেবানন্তরমেব দীক্ষেতি তত্ত্ববিদাং মতং লিখন্ দীক্ষাপ্রাক্তনগুরুসেবাবিধিঞ্চ সংক্ষেপেণ দর্শয়তি সন্তোষয়েদিতি। তং গুরুং। বিবক্ষতু বক্তুমিচ্ছতু দীক্ষার্থং প্রার্থনং কুর্য্যাদিত্যর্থঃ। অব্দত্রয়মিত্যত্র বিশেষো গ্রন্থান্তরাদ্দ্রষ্টব্যঃ। তথাহি —ত্রিষু বর্ষেষু বিপ্রস্য ষট্সু বর্ষেষু ভূভৃতঃ। বিশো নবসু বর্ষেষু পরীক্ষা তু প্রশস্যতে। সমাস্বপি দ্বাদশসু তেষাং যে বৃষলাদয় ইতি। যচ্চ সারদাতিলকাদাবুক্তম্— একাব্দেন ভবেদ্বিপ্রো ভবেদব্দদ্বয়ান্নৃপঃ। ভবেদব্দত্রয়ৈর্বৈশ্যঃ শূদ্রো বর্ষচতুষ্টয়ৈরিতি, তদত্যন্ত-পূর্ব্বপরিশীলিতবিষয়মিতি বিবেচনীয়ং॥ ৫১॥

হেতুবাদী কহে; সুতরাং তাহাদিগকে মন্ত্রশিক্ষা দিবে না। ৪৮। একবর্ষ সহবাস দ্বারা পরস্পরের চেষ্টা ও স্বভাব অনুভব পূর্ব্বক গুরু-শিষ্যের পরীক্ষা হয়। ৪৯।

এক্ষণে পরীক্ষাকরণ কথিত হইতেছে।—মন্ত্রমুক্তাবলীতে লিখিত আছে যে, একবর্ষ সহবাস দ্বারা পরস্পরের স্বভাব বিদিত হইলে উভয়ের গুরুতা ও শিষ্যতা পরিজ্ঞাত হইতে পারে, অন্য-রূপে জানিতে পারা যায় না, ইহাই স্থির। শ্রুতিতেও লিখিত আছে যে, একবৎসর সহবাস না করিলে তাহাকে মন্ত্র দান করিতে নাই। সারসংগ্রহেও প্রকাশিত আছে যে, সদ্গুরু একবর্ষ যাবৎ নিজ আশ্রিত শিষ্যকে পরীক্ষা করিবেন। ৫০। অমাত্যজ দোষসমূহ যেরূপ নৃপতিতে এবং ভার্য্যাজাত পাতক যেমন নিজ পতিতে উপগত হয়, সেইরূপ গুরুদেবও শিষ্যার্জ্জিত পাতক-পুঞ্জ নিশ্চিত প্রাপ্ত হইয়া থাকেন। ক্রমদীপিকাতেও লিখিত আছে যে, অকুটিল ও আর্দ্রান্তঃকরণ হইয়া তিনবর্ষ যাবৎ নিজ ধনরাশি, স্বীয় দেহ ও অনুকূল বচন দ্বারা ভগবদ্বুদ্ধিতে গুরুর সন্তোষবিধান করিবে। শ্রীগুরুদেব প্রীত হইলে তৎপরে মন্ত্রদীক্ষার্থ তৎসমীপে প্রার্থনা করিবে। ৫১।

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং।—

উদকুম্ভং কুশান্ পুষ্পং সমিধোঽস্যাহরেৎ সদা। মার্জ্জনং লেপনং নিত্যমঙ্গানাং বাসসাং চরেৎ॥
নাস্য নির্ম্মাল্যশয়নং পাদুকোপানহাবপি। আক্রামেদাসনং ছায়ামাসন্দীং বা কদাচন॥
সাধয়েদ্দন্তকাষ্ঠাদীন্ কৃত্যং চাস্মৈ নিবেদয়েৎ॥ ৫২॥

অনাপৃচ্ছ্য ন গন্তব্যং ভবেৎ প্রিয়হিতে রতঃ। ন পাদৌ সারয়েদস্য সন্নিধানে কদাচন॥
জৃম্ভাহাস্যাদিকঞ্চৈব কণ্ঠপ্রাবরণং তথা। বর্জ্জয়েৎ সন্নিধৌ নিত্যমথাস্ফোটনমেব চ॥ ৫৩॥

কিঞ্চ।—শ্রেয়স্তু গুরুবদ্বৃত্তির্নিত্যমেব সমাচরেৎ। গুরুপুত্রেষু দারেষু গুরোশ্চৈব স্ববন্ধুষু॥ ৫৪॥
উৎসাদনং বৈ গাত্রাণাং স্নাপনোচ্ছিষ্টভোজনে। ন কুর্য্যাৎ গুরুপুত্রস্য পাদয়োঃ শৌচমেব চ॥
গুরুবৎ পরিপূজ্যাশ্চ সবর্ণা গুরুযোষিতঃ। অসবর্ণাস্তু সংপূজ্যাঃ প্রত্যুত্থানাভিবাদনৈঃ॥
অভ্যঞ্জনং স্নাপনঞ্চ গাত্রোৎসাদনমেব চ। গুরুপত্ন্যা ন কার্য্যাণি কেশানাঞ্চ প্রসাধনং॥ ৫৫॥

সন্তোষয়েদিত্যাদিনা সামান্যতঃ সংক্ষেপেণ লিখিতং শ্রীগুরুসেবাবিধিং বিশেষতো বিস্তার্য্য লিখতি উদকুম্ভমিত্যাদিনা। অস্য গুরোর্মার্জনাদিকং গৃহস্য অঙ্গানাং চেত্যর্থঃ। তত্রাঙ্গানাং লেপনং চন্দনাদিনেতি জ্ঞেয়ং। পাদুকোপানহোশ্চর্ম্মকাষ্ঠাদিভেদেনাবান্তরভেদঃ। আসন্দীং ভোজনপাত্রাধারত্রিপদিকাং॥ ৫২॥ সারয়েৎ প্রসারয়েৎ। আদিশব্দাদুচ্চৈর্ভাষাদি। আস্ফোটনমঙ্গুল্যাদীনাং॥ ৫৩॥ নিত্যং গুরুপুত্রাদিষু শ্রেয়ঃ হিতং সম্যগাচরেৎ। গুরুবদ্বৃত্তিঃ গুরাবিব গুরুপুত্রাদিষ্বপি বৃত্তির্ব্যবহারো যস্য তথাভূতঃ সন্। স্বা জ্ঞাতয়ঃ বন্ধবঃ সম্বন্ধিনস্তেষু। পাঠান্তরে * শ্রেয়ো যথা স্যাত্তথা গুরাবিব তদ্বিষয়াচরেৎ। যদাচরেৎ তৎ শ্রেয় ইতি বা॥ ৫৪॥ তত্রাপবাদমাহ উৎসাদনমিতি ত্রিভিঃ। গাত্রাণামুৎসাদনম্ উদ্বর্ত্তনং। শৌচং প্রক্ষালনং। অসবর্ণা ইতি পূর্ব্বং ব্রাহ্মণানাং

অনন্তর বিশেষরূপে গুরুসেবাবিধি কথিত হইতেছে।—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, নিরন্তর শ্রীগুরুর উদককুম্ভ, কুশ, কুসুম ও সমিধ্ আহরণ করিবে; সর্ব্বদা অঙ্গের ও বস্ত্রের মার্জ্জন ও লেপন করিবে অর্থাৎ সর্ব্বদা গুরুর মন্দিরের মার্জ্জন, দেহে চন্দন লেপন ও বসনসমূহ প্রক্ষালন করিবে। শ্রীগুরুর নির্ম্মাল্য, শয্যা, কাষ্ঠপাদুকা, উপানৎ (চর্ম্মপাদুকা), আসন, ছায়া ও আসন্দী † কদাচ লঙ্ঘন করিবে না। গুরুদেবের জন্য দন্তকাষ্ঠাদি আহরণ এবং স্বকৃত্য কর্ম্ম সকল তাঁহার নিকট নিবেদন করিবে। ৫২। গুরুর অনুমতি না লইয়া কুত্রাপি গমন করিবে না, গুরুদেবের প্রিয় ও হিতানুষ্ঠানে রত থাকিবে, তৎসন্নিধানে কদাচ পাদপ্রসারণ করিবে না এবং গুরু-সমীপে জৃম্ভণ, হাস্যাদি অর্থাৎ হাস্য ও উচ্চৈঃস্বরে বাক্প্রয়োগাদি, উত্তরীয় বস্ত্র দ্বারা কণ্ঠাবরণ ও অঙ্গুলীর আস্ফোটন সর্ব্বদা ত্যাগ করিবে। ৫৩। আরও লিখিত আছে যে, গুরুপুত্র, গুরুদারা এবং গুরুদেবের জ্ঞাতি ও সম্বন্ধিবর্গের প্রতিও নিত্য গুরুবৎ হিতাচরণ করিবে। ৫৪। গুরুতনয়ের অঙ্গমার্জ্জন,

---

* তদাচরেদিতি পাঠে। † আসন্দী—ভোজনপাত্রাধার ত্রিপদিকা।

দেব্যাগমে শ্রীশিবোক্তৌ।—

গুরুশয্যাসনং যানং পাদুকে পাদপীঠকং। স্নানোদকং তথা চ্ছায়াং লঙ্ঘয়েন্ন কদাচন॥
গুরোরগ্রে পৃথক্‌পূজামদ্বৈতঞ্চ পরিত্যজেৎ। দীক্ষাং ব্যাখ্যাং প্রভুত্বঞ্চ গুরোরগ্রে বিবর্জয়েৎ॥৫৬॥

শ্রীনারদোক্তৌ।—

যত্র যত্র গুরুং পশ্যেৎ তত্র তত্র কৃতাঞ্জলিঃ। প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ছিন্নমূল ইব দ্রুমঃ॥
গুরোর্বাক্যাসনং যানং পাদুকোপানহৌ তথা। বস্ত্রচ্ছায়াং তথা শিষ্যো লঙ্ঘয়েন্ন কদাচন॥ ৫৭॥

মনুস্মৃতৌ।—

নোদাহরেৎ গুরোর্নাম পরোক্ষমপি কেবলং। ন চৈবাস্যানুকুর্ব্বীত গতিভাষণচেষ্টিতং॥ ৫৮॥
গুরোর্গুরৌ সন্নিহিতে গুরুবদ্বৃত্তিমাচরেৎ। ন চাবিসৃষ্টো গুরুণা স্বান্ গুরূনভিবাদয়েৎ॥ ৫৯॥

শ্রীনারদপঞ্চরাত্রে।—

যথা তথা যত্র তত্র ন গৃহ্নীয়াচ্চ কেবলং। অভক্ত্যা ন গুরোর্নাম গৃহ্নীয়াচ্চ যতাত্মবান্॥
প্রণবঃ শ্রীস্ততো নাম বিষ্ণুশব্দাদনন্তরং। পাদশব্দসমেতঞ্চ নতমূর্দ্ধাঞ্জলীযুতঃ॥ ৬০॥

ক্ষত্রিয়কন্যাপরিগ্রহাৎ। যদ্যপ্যেতৎ সর্ব্বং শ্রীব্যাসদেবেন বেদাধ্যাপকগুরুসেবামধিকৃত্যোক্তং তথাপি সাঙ্গবেদাধ্যাপনে মন্ত্রোপদেশশ্চ স্বতএব সিধ্যতীত্যেবং মন্ত্রগুরুবেদগুর্ব্বোরভেদাৎ বিশেষতশ্চ সেবাবিধিসাম্যাদত্র লিখিতমিতি দিক্। এবমন্যত্রাপ্যূহ্যং॥ ৫৫॥ অদ্বৈতম্ অভেদোক্তিং। দীক্ষাম্ অন্যস্মৈ দীক্ষাপ্রদানং॥ ৫৬॥ পাদুকোপানহোশ্চর্ম্মকাষ্ঠাদিভেদেনাবান্তরভেদঃ পূর্ব্বমেব লিখিতঃ॥ ৫৭॥ কেবলং শুদ্ধং নামাক্ষরমাত্রকমিত্যর্থঃ॥ ৫৮॥ স্বান্ গুরূন্ পিত্রাদীন্॥ ৫৯॥ তর্হি

তাঁহার স্নাপন, তদীয় উচ্ছিষ্ট ভক্ষণ ও চরণক্ষালন করিতে নাই। গুরুদেবের সবর্ণা পত্নীদিগকে গুরুবৎ অর্চ্চনা করিবে এবং অসবর্ণা ভার্য্যাদিগকে কেবলমাত্র প্রত্যুত্থান ও অভিবাদন দ্বারা অর্চ্চনা করিবে। গুরুদারার অঙ্গে তৈল-লেপন, তাঁহার স্নাপন, তদীয় অঙ্গমার্জ্জন ও কেশসংস্করণ, এই সমুদায় কার্য্য করা অনুচিত। ৫৫। দেবীতন্ত্রেও শিবোক্তি আছে যে, শ্রীগুরুদেবের শয্যা, আসন, যান, পাদুকা, পাদপীঠ, স্নানোদক ও ছায়া অতিক্রম করিতে নাই; গুরুদেবের সম্মুখে পৃথক্ পূজা ও অভেদোক্তি * বর্জ্জন করিবে এবং তাঁহার সম্মুখে মন্ত্রদান, ব্যাখ্যা ও প্রভুত্ব প্রকাশ করিবে না। ৫৬। নারদোক্তিতেও আছে যে, যেখানে যেখানে গুরুদর্শন হইবে, সেই সেই স্থলেই করযোড়ে ছিন্নমূল দ্রুমের ন্যায় ভূতলে দণ্ডবৎ প্রণত হইবে। শিষ্য কদাচ গুরুদেবের আজ্ঞা, আসন, বাহন, কাষ্ঠপাদুকা, উপানৎ, বসন ও ছায়া অতিক্রম করিবে না। মনুস্মৃতিতেও লিখিত আছে যে, পরোক্ষেও কেবলমাত্র গুরুদেবের নাম উচ্চারণ করিতে নাই এবং শ্রীগুরুর গতি, স্বর ও চেষ্টার অনুকরণ করিবে না। ৫৮। শ্রীগুরুর গুরুদেব সন্নিহিত হইলে তৎপ্রতি গুরুবৎ আচরণ করিবে, গুরু কর্ত্তৃক অনুজ্ঞাত না হইলে নিজ জনক-

---

* অভেদোক্তি—অর্থাৎ শ্রীগুরুর সহিত আমার কোনরূপ প্রভেদ নাই, এইরূপ উক্তি।

কিঞ্চ।—

ন তমাজ্ঞাপয়েন্মোহাত্তস্যাজ্ঞাং ন চ লঙ্ঘয়েৎ। নানিবেদ্য গুরোঃ কিঞ্চিদ্ভোক্তব্যং বা গুরোস্তথা॥

অন্যত্র চ।—আয়ান্তমগ্রতো গচ্ছেদ্গচ্ছন্তং তমনুব্রজেৎ।

আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ॥

যৎ কিঞ্চিদন্নপানাদি প্রিয়ং দ্রব্যং মনোরমং। সমর্প্য গুরবে পশ্চাৎ স্বয়ং ভুঞ্জীত প্রত্যহং॥

বিষ্ণুস্মৃতৌ।—

ন গুরোরপ্রিয়ং কুর্য্যাৎ তাড়িতঃ পীড়িতোঽপি বা।

নাবমন্যেত তদ্বাক্যং নাপ্রিয়ং হি সমাচরেৎ॥

আচার্য্যস্য প্রিয়ং কুর্য্যাৎ প্রাণৈরপি ধনৈরপি। কর্ম্মণা মনসা বাচা স যাতি পরমাং গতিং॥ ৬১॥

অন্যথা দ্বয়োরপি মহাদোষঃ। শ্রীনারদপঞ্চরাত্রে।—

যো বক্তি ন্যায়রহিতমন্যায়েন শৃণোতি যঃ। তাবুভৌ নরকং ঘোরং ব্রজতঃ কালমক্ষয়ং॥ ৬২॥

কুত্রচিৎ কথং গৃহ্নীয়াদিত্যপেক্ষায়ামাহ গৃহ্নীয়াচ্চেত্যাদিনা। অঞ্জলীতি দীর্ঘত্বমার্ষং। ওঁ শ্রীঅমুক-বিষ্ণুপাদা ইত্যেবং। তচ্চ নতমূর্দ্ধা অঞ্জলিযুক্তঃ সন্ গৃহ্নীয়াদিত্যর্থঃ॥ ৬০॥ মোহাদপি গুরোঃ কিঞ্চিন্ন ভোক্তব্যং, তচ্চাজ্ঞাং বিনেতি বোদ্ধব্যম্ অন্যথাজ্ঞালঙ্ঘনদোষাপত্তেঃ। এতচ্চ সর্ব্বং দীক্ষা-নন্তরমপি শিষ্যস্য কৃত্যং জ্ঞেয়ং, সদৈব গুরুভক্তেরনুষ্ঠেয়ত্বাৎ। অতএবৈতৎ দীক্ষানন্তরমপি কচি-দুক্তমস্তি॥ ৬১॥ পরীক্ষাং বিনা গুরুসেবাদিং বিনা চ মন্ত্রস্য কথনে গ্রহণে চ মহাননর্থ ইতি লিখতি

জননী প্রভৃতি গুরুজনকে বন্দনা করিবে না। ৫৮। নারদপঞ্চরাত্রেও লিখিত আছে, যতাত্মা ব্যক্তি যথায় তথায় যথা তথা অভক্তি সহকারে গুরুদেবের নাম উচ্চারণ করিবে না। নতশিরা ও কৃতাঞ্জলি হইয়া প্রণব, শ্রীঅমুক এবং তৎপরে বিষ্ণুপাদসমন্বিত করিয়া নাম উচ্চা-রণ করিতে হয় অর্থাৎ "ওঁ শ্রীঅমুক বিষ্ণুপাদ" এইরূপ বলিবে। ৬০। আরও লিখিত আছে যে, মোহবশতঃও গুরুদেবকে কোন বিষয়ে অনুমতি করিবে না অথবা তদীয় অনুমতি অতি-ক্রম করিবে না। শ্রীগুরুদেবকে নিবেদন না করিয়া কোন দ্রব্য ভক্ষণ করিবে না কিংবা গুরুর কোন বস্তু ভোজন করিবে না। গ্রন্থান্তরেও লিখিত আছে যে, গুরুদেবকে আগমন করিতে দেখিলে তাঁহার অগ্রে গমন করিবে, তিনি গমন করিলে তাঁহার অনুগামী হইবে, তাঁহার সম্মুখে আসনে বা শয্যায় অবস্থিত হইবে না; অন্ন-পানাদি যে কিছু মনোরম প্রিয় বস্তু আছে, প্রতিদিন প্রথমতঃ তাহা গুরুদেবকে নিবেদন করিয়া পরে স্বয়ং আহার করিবে। বিষ্ণুস্মৃতিতেও লিখিত আছে যে, গুরু কর্ত্তৃক তাড়িত বা পীড়িত হইয়াও তাঁহার অপ্রিয় সাধন করিবে না, তাঁহার বাক্যে অবহেলা ও তাঁহার অহিতাচরণ করিবে না। যে ব্যক্তি কর্ম্ম দ্বারা, মন দ্বারা, বাক্য দ্বারা, প্রাণ দ্বারা ও ধন দ্বারা আচার্য্যের প্রিয়সাধন করেন, তিনি পরমা গতি লাভ করিয়া থাকেন। ৬১। যেরূপ কথিত হইল, ইহার অন্যথা হইলে, অর্থাৎ পরীক্ষা ব্যতীত, গুরুশুশ্রূষা

অথ শিষ্যপ্রার্থনা।

বৈষ্ণবতন্ত্রে।—

ত্রায়স্ব ভো জগন্নাথ গুরো সংসারবহ্নিনা। দগ্ধং মাং কালদষ্টঞ্চ ত্বামহং শরণঙ্গতঃ॥ ৬৩॥

তত্র শ্রীবাসুদেবস্য সর্ব্বদেবশিরোমণেঃ। পাদাম্বুজৈকভাগেব দীক্ষা গ্রাহ্যা মনীষিভিঃ॥৬৪॥

অথ শ্রীভগবন্মাহাত্ম্যং।

প্রথমস্কন্ধে।—সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্গুণাস্তৈ, র্যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধত্তে।

স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ, শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ॥৬৫॥

কিঞ্চ।—অথাপি যৎপাদনখাবসৃষ্টং, জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ।

সেশং পুনাত্যন্যতমো মুকুন্দাৎ, কো নাম লোকে ভগবৎপদার্থঃ॥ ৬৬॥

যো বক্তীতি। ন্যায়ঃ দ্বয়োরন্যোন্যপরীক্ষণপূর্ব্বক-গুরুসেবাদিপ্রকারস্তদ্রহিতং॥ ৬২॥ এবং সেবয়া গুরুসন্তোষণানন্তরং মন্ত্রদীক্ষার্থং যথা শিষ্যেণ প্রার্থয়িতব্যং তদ্বিজ্ঞাপয়িতুং লিখতি ত্রায়স্বেতি॥৬৩॥ তত্র তস্যাং গৃহ্যমাণায়াং দীক্ষায়াং পাদাম্বুজমেকমেব ভজতি আশ্রয়তীতি তথা সা। মনীষিভিরিতি অন্যথা নির্ব্বুদ্ধিতৈবেতি ভাবঃ॥ ৬৪॥

তত্র হেতুং দর্শয়ন্ শ্রীবাসুদেবস্য ভগবতো মাহাত্ম্যং লিখতি সত্ত্বমিত্যাদিনা। তত্র ব্রহ্মাদীনাং ত্রয়াণামপীশ্বরত্বেঽপ্যেকাত্মত্বেঽপি চ শ্রীবাসুদেবস্যাধিক্যমাহ সত্ত্বমিতি। ইহ যদ্যপ্যেক এব পরঃ পুমান্ ঈশ্বরঃ অস্য বিশ্বস্য স্থিতিসৃষ্টিলয়ার্থং হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞা ধত্তে, তথাপি তত্র তেষাং মধ্যে সত্ত্বতনোঃ শ্রীবাসুদেবাদেব শ্রেয়াংসি শুভফলানি স্যুঃ॥ ৬৫॥ অথাপি যদ্যপি ত্রয়

ব্যতীত মন্ত্র কথন ও মন্ত্র গ্রহণ করিলে গুরু ও শিষ্য উভয়েরই মহাদোষ উপস্থিত হয়। এ বিষয়ে নারদপঞ্চরাত্রে লিখিত আছে, যে ব্যক্তি অন্যায়তঃ উপদেশ প্রদান করেন, আর যে ব্যক্তি অন্যায়তঃ শ্রবণ করেন, তাঁহারা উভয়েই অনন্তকালের জন্য ভীষণ নিরয়ে প্রয়াণ করিয়া থাকেন। ৬২।

অনন্তর শিষ্যপ্রার্থনা কথিত হইতেছে।—বৈষ্ণব-তন্ত্রে লিখিত আছে যে, হে জগন্নাথ! হে গুরো! আমি সংসার-বহ্নি দ্বারা দগ্ধ ও কালকর্তৃক দষ্ট হইতেছি, আমাকে পরিত্রাণ করুন্। আমি আপনার শরণাগত হইলাম। ৬৩। যে দীক্ষা সর্ব্বদেবশিরোমণি শ্রীবাসুদেবের পাদাম্বুজমাত্র আশ্রয় করে, মনীষিগণ সেই দীক্ষাই গ্রহণ করিবেন। ৬৪। *

অনন্তর ভগবন্মাহাত্ম্য কথিত হইতেছে।—প্রথমস্কন্ধে লিখিত আছে যে, সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটী প্রকৃতির গুণ। একমাত্র পরম পুরুষ উক্ত গুণত্রয়-সমন্বিত হইয়া এই জগতের স্থিতি-সৃষ্টি-সংহারার্থ হরি বিরিঞ্চি ও হর এই ভিন্ন ভিন্ন নাম ধারণ করেন সত্য, তথাপি সত্ত্বতনু হরি হইতেই মানবগণের কল্যাণলাভ হইয়া থাকে। ৬৫। আরও লিখিত আছে যে, যাঁহার পদনখ

---

* এ স্থলে মনীষিগণ বলাতে এই বুঝা যাইতেছে যে, ঐ প্রকারের অন্যথা হইলেই নির্ব্বুদ্ধিতা প্রকাশ পায়।

শ্রীদশমস্কন্ধে।—

তন্নিশম্যাথ মুনয়ো বিস্মিতা মুক্তসংশয়াঃ। ভূয়াংসং শ্রদ্দধুর্বিষ্ণুং যতঃ ক্ষেমো যতোঽভয়ং॥ ৬৭॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে।—

ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেব হি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে॥ ৬৮॥

নারসিংহে।—

সত্যং সত্যং পুনঃ সত্যমুৎক্ষিপ্য ভুজমুচ্যতে।
বেদাচ্ছাস্ত্রং পরং নাস্তি ন দেবঃ কেশবাৎ পরঃ॥ ৬৯॥

এবৈতে ঈশ্বরাস্তথাপীত্যর্থঃ। যদ্বা অথেত্যর্থান্তরে। বিরিঞ্চিনোপহৃতং সমর্পিতং অর্হণাম্ভঃ অর্ঘ্যোদকং যস্য পাদনখাদবসৃষ্টং নিঃসৃতমপি। যদ্বা পাদনখেনাবজ্ঞয়া ত্যক্তমপি ঈশসহিতং জগৎ পুনাতি। বিরিঞ্চোপহৃতং শেষমিত্যনেন শ্রীব্রহ্মশিবয়োরপ্যুপাসকত্বমুক্তং। তস্মান্মুকুন্দাদ্ব্যতিরিক্তঃ কো নাম ভগবৎপদার্থঃ অভিধেয়ঃ, সর্ব্বেশ্বরঃ স বিষ্ণুরেক এবেত্যর্থঃ॥ ৬৬॥ তৎ ভৃগুবর্ণিতং শ্রীভগবন্মাহাত্ম্যং। বিস্মিতা তাদৃশাপরাধেঽপি নির্ব্বিকারত্বেন। যদ্বা অবিস্মিতাঃ তস্য স্বতএব তথাসম্ভাবনয়া। ভূয়াংসং মহত্তমং শ্রদ্দধুঃ নিশ্চিতবন্তঃ॥ ৬৭॥ জল্পন্তু ইত্যুপহাসে, জানন্ত এব জানন্ত্বিত্যাদিবৎ। সমস্তানামাগমানাং শাস্ত্রাণাং ব্যাপারেষু প্রয়োজনেষু বিবেচনস্য ব্যাপারস্য দূষণত্বেন তদেব স্কন্দপুরাণাদিবিচারস্য ব্যতিকরম্ আসঙ্গং প্রাপিতেষু সৎসু সিদ্ধান্তে বিষয়ে বিষ্ণুরেক এব ভগবান্ সর্ব্বেশ্বর ইতি নিশ্চীয়তে॥ ৬৮॥ বেদাৎ শাস্ত্রং পরং পরমং

হইতে-বিরিঞ্চি কর্ত্তৃক উপহৃত অর্ঘ্যোদক বিনির্গত হইয়া মহেশ্বরের সহিত বিশ্বসংসারকে পবিত্র করিতেছে, সেই মুকুন্দ ব্যতীত আর কে লোকে ভগবৎপদের বাচ্য হইতে পারে?। ৬৬। দশম স্কন্ধেও লিখিত আছে যে, ঋষিগণ (ভৃগুকথিত ভগবন্মাহাত্ম্য) আকর্ণনপূর্ব্বক বিস্মিত ও ছিন্নসংশয় হইয়া, যাঁহা হইতে কল্যাণ বা শান্তি ও অভয় উৎপন্ন হইয়া থাকে, সেই বিষ্ণুর প্রতিই মহতী শ্রদ্ধা করিতে আরম্ভ করিলেন। ৬৭। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে লিখিত আছে যে, তত্তৎপুরাণ ও শাস্ত্রনিচয় চরাচর জগতের মোহোৎপাদনার্থ কল্পাবধি তত্তদ্দেবতাকে প্রধান বলিয়া বর্ণন করে করুক, কিন্তু নিখিল শাস্ত্রের প্রয়োজনসমূহ বিবেচনা করিলে স্পষ্টই স্থিরীকৃত হইবে যে, একমাত্র ভগবান্ বিষ্ণুই সকলের শ্রেষ্ঠ বলিয়া সিদ্ধান্ত হইল। ৬৮। নারসিংহপুরাণে লিখিত আছে যে, আমি ভুজোত্তোলন করিয়া পুনঃপুনঃ ত্রিসত্যপূর্ব্বক বলিতেছি যে, বেদ হইতে শ্রেষ্ঠ শাস্ত্র আর নাই এবং কেশব হইতেও প্রধান দেবতা

যতঃ পাদ্মে।—

অরির্মিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ। সুপ্রসন্নে হৃষীকেশে বিপরীতে বিপর্য্যয়ঃ॥

তত্রৈব শ্রীভগবদ্বাক্যং।—

মন্নিমিত্তং কৃতং পাপমপি ধর্ম্মায় কল্পতে। মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপং স্যান্মৎপ্রভাবতঃ॥

অতএবোক্তং স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে। স্বমাতরং পরিত্যজ্য শ্বপচীং বন্দতে হি সঃ॥

তত্রৈবান্যত্র।—

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
ত্যক্ত্বামৃতং স মূঢ়াত্মা ভুঙ্‌ক্তে হালাহলং বিষং॥ ৭০॥

মহাভারতে।—

যস্তু বিষ্ণুং পরিত্যজ্য মোহাদন্যমুপাসতে। স হেমরাশিমুৎসৃজ্য পাংশুরাশিং জিঘৃক্ষতি॥

অনাদৃত্য তু যো বিষ্ণুমন্যদেবং সমাশ্রয়েৎ। গঙ্গাম্ভসঃ স তৃষ্ণার্ত্তো মৃগতৃষ্ণাং প্রধাবতি॥৭১॥

পঞ্চরাত্রে।—

যো মোহাদ্বিষ্ণুমন্যেন হীনদেবেন দুর্ম্মতিঃ।
সাধারণং সকৃদ্ব্রূতে সোঽন্ত্যজো নান্ত্যজোঽন্ত্যজঃ॥ ৭২॥

নাস্তীতি দৃষ্টান্তত্বেনোক্তং॥ ৬৯॥ এবং ব্রহ্মাদিভ্যোঽখিলদেবেভ্যো মাহাত্ম্যং বিলিখ্যাধুনা তৎপরিত্যাগেনান্যদেবতাভজনস্য দূষণত্বেন তদেব স্কন্দপুরাণাদিবাক্যৈর্দ্রঢ়য়তি বাসুদেবমিত্যাদিনা। উপাসতে ইত্যার্ষম্, উপাস্তে॥ ৭০॥ গঙ্গাম্ভসঃ সকাশাৎ, তৎ পরিত্যজ্যেত্যর্থঃ॥ ৭১॥ অস্তু তাবৎ পরিত্যাগে ন দোষঃ অন্যদেবসামান্যদৃষ্ট্যৈব মহাননর্থ ইতি লিখতি য ইতি।

আর দৃষ্ট হয় না। ৬৯। পদ্মপুরাণেও লিখিত আছে যে, বাসুদেব পরিতুষ্ট হইলে অরিও মিত্র, বিষও পথ্য ও অধর্ম্মও ধর্ম্ম হইয়া থাকে, এবং তিনি প্রীত না হইলে ঐ সকলের বিপর্য্যয় ঘটে অর্থাৎ মিত্রও শত্রু, পথ্যও বিষ ও ধর্ম্মও অধর্ম্ম হয়। ঐ পদ্মপুরাণে ভগবান্‌ও স্বয়ং বলিয়াছেন যে, মদুদ্দেশে কৃত পাতকও ধর্ম্ম হয় এবং আমাকে অবহেলা করিলে মৎপ্রভাবে ধর্ম্মও পাতক হইয়া যায়। অতএব স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে উক্ত আছে যে, যে ব্যক্তি হৃষীকেশকে পরিহারপূর্ব্বক দেবতান্তরের আরাধনা করে, সে নিজ জননীকে ত্যাগ করিয়া শ্বপচীকে (চাণ্ডালীকে) অভিবাদন করিয়া থাকে। ঐ স্কন্দপুরাণের স্থানান্তরেও লিখিত আছে, যে, যে ব্যক্তি বাসুদেবকে ত্যাগ করিয়া দেবতান্তরের আরাধনা করে, সেই মূঢ়াত্মা অমৃতত্যাগপূর্ব্বক হলাহল বিষ পান করে সন্দেহ নাই। ৭০। মহাভারতে লিখিত আছে যে, যে পুরুষ মোহনিবন্ধন বিষ্ণুকে পরিহার করিয়া অন্য দেবতার আরাধনা করে, সে সুধা পরিত্যাগ করিয়া ধূলিগ্রহণে অভিলাষী হয়। যে মানব বাসুদেবকে অনাদর করিয়া দেবতান্তরের শরণাগত হয়, সে পিপাসার্ত্ত হইয়া গঙ্গোদক বর্জ্জনপূর্ব্বক মরীচিকার প্রতি ধাবমান হইয়া থাকে। ৭১। পঞ্চরাত্রে

বৈষ্ণবতন্ত্রে।—

ন লভেয়ুঃ পুনর্ভক্তিং হরেরৈকান্তিকীং জড়াঃ। একাগ্রমনসশ্চাপি বিষ্ণুসামান্যদর্শিনঃ॥

অন্যত্র চ।—

যস্তু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ। সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেৎ সদা॥৭৩॥ ইতি।

সহস্রনামস্তোত্রাদৌ শ্লোকৌঘাঃ সন্তি চেদৃশাঃ। বিশেষতঃ সত্ত্বনিষ্ঠৈঃ সেব্যো বিষ্ণুর্ন চাপরঃ॥

তথা চ হরিবংশে শ্রীশিববাক্যং।—

হরিরেব সদারাধ্যো ভবদ্ভিঃ সত্ত্বসংস্থিতৈঃ। বিষ্ণুমন্ত্রং সদা বিপ্রাঃ পঠধ্বং ধ্যাত কেশবং॥ ইতি।

ঈদৃঙ্মাহাত্ম্যবাক্যেষু সংগৃহীতেষু সর্ব্বতঃ। গ্রন্থবাহুল্যদোষঃ স্যাল্লিখ্যন্তেঽপেক্ষিতানি তৎ॥৭৪॥

মোহাদপি হীনেন বিষ্ণ্বপেক্ষয়া নিকৃষ্টেন দেবেন। জাতাবেকত্বং। সাধারণং তুল্যং। সকৃদপি। অন্ত্যজঃ অত্যন্তনীচঃ স এব, ন তু চণ্ডালাদিরিত্যর্থঃ॥ ৭২॥ কিঞ্চ যস্ত্বিতি। আদিশব্দেন ইন্দ্রাদয়ঃ। অয়ং ভাবঃ,—শ্রীব্রহ্মরুদ্রৌ গুণাবতারৌ, ইন্দ্রাদয়ো বিভূতয়ঃ, ভগবান্ শ্রীনারায়ণোঽবতারী পরমেশ্বরঃ ইত্যেতৎ শাস্ত্রৈঃ প্রতিপাদ্যতে, অতোঽন্যৈঃ সহ তস্য সাম্যদৃষ্ট্যা শাস্ত্রানাদরেণ পাষণ্ডিতা নিষ্পাদ্যতে ইতি। অতএবোক্তং বৃহৎসহস্রনামস্তোত্রে শ্রীমহাদেবেন। নাবৈষ্ণবায় দাতব্যং বিকল্পোপহতাত্মনে। ভক্তিশ্রদ্ধাবিহীনায় বিষ্ণুসামান্যদর্শিন ইতি। তদন্তে শ্রীদুর্গাদেব্যা চ। অহো সর্ব্বেশ্বরো বিষ্ণুঃ সর্ব্বদেবোত্তমোত্তমঃ। জগদাদিগুরুর্মূঢৈঃ সামান্য ইব বীক্ষ্যতে ইতি॥ ৭৩॥ ঈদৃশাঃ শ্রীভগন্মাহাত্ম্যপরা ইত্যর্থঃ। তথা চ তত্রৈব শ্রীমহাদেববাক্যং। ন যান্তি তৎ পরং শ্রেয়ো বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরং। সর্ব্বভাবৈরনাশ্রিত্য পুরাণং পুরুষোত্তমং। তমেব তপসা নিত্যং ভজামি স্তৌমি চিন্তয়ে। তেনাদ্বিতীয়মহিমা জগৎপূজ্যোঽস্মি পার্ব্বতীতি। তত্রৈব নামমধ্যে। সর্ব্বদেবৈকশরণং সর্ব্বদেবৈকদৈবতং। সূর্য্যকোটিপ্রতীকাশো যমকোটিদুরাসদঃ। ব্রহ্মকোটিজগৎস্রষ্টা বায়ুকোটিমহাবলঃ। কোটীন্দ্রজগদানন্দী শম্ভুকোটিমহেশ্বর ইত্যাদি। তদন্তে শ্রীদুর্গাদেবীবাক্যং। অহো বত মহৎ

লিখিত আছে যে, যে মূঢ়মতি মোহনিবন্ধন একবারমাত্রও অন্য হীন-দেবতার সহিত বিষ্ণুর তুলনা করে, সেই প্রকৃত অন্ত্যজ, অন্ত্যজ চণ্ডালাদি অন্ত্যজ নহে। ৭২। বৈষ্ণবতন্ত্রে লিখিত আছে যে, যে সমস্ত জড়বুদ্ধি বিষ্ণুর প্রতি সামান্যদর্শী হয় অর্থাৎ অন্যদেবতার সহিত বিষ্ণুকে সমজ্ঞান করে, তাহারা একাগ্রচিত্ত হইলেও কিন্তু ঐকান্তিকী শ্রীহরিভক্তি প্রাপ্ত হইতে সমর্থ হয় না। স্থানান্তরেও লিখিত আছে যে, যে ব্যক্তি নারায়ণ দেবকে ব্রহ্মরুদ্রাদি দেবগণের সহিত তুল্যজ্ঞানে দর্শন করে, সে নিরন্তর পাষণ্ডী হয়। ৭৩। সহস্রনাম-স্তোত্রাদিতে এইরূপ অনেক শ্লোক বিদ্যমান আছে যে, সত্ত্বনিষ্ঠ মানবগণ বিশেষ প্রকারে বিষ্ণুর উপাসনা করিবেন, তদ্ব্যতিরেকে অন্য কোন দেবতার আরাধনা করিবেন না। হরিবংশে শিবোক্তিও আছে যে, হে বিপ্রগণ! তোমরা সত্ত্বসংস্থিত হইয়া সর্ব্বদা হরির আরাধনা করিবে, সর্ব্বদা বিষ্ণুমন্ত্র জপ

অথ শ্রীবৈষ্ণবমন্ত্রমাহাত্ম্যং।

আগমে।—

মন্ত্রান্ শ্রীমন্ত্ররাজাদীন্ বৈষ্ণবান্ গুর্ব্বনুগ্রহাৎ। সর্ব্বৈশ্বর্য্যং জপন্ প্রাপ্য যাতি বিষ্ণোঃ পরং পদং॥
পুণ্যং বর্ষসহস্রৈর্যৈঃ কৃতং সুবিপুলং তপঃ। জপন্তি বৈষ্ণবান্মন্ত্রান্নরাস্তে লোকপাবনাঃ॥

বৈষ্ণবে চ।—

প্রজপন্ বৈষ্ণবান্মন্ত্রান্ যং যং পশ্যতি চক্ষুষা।
পদা বা সংস্পৃশেৎ সদ্যো মুচ্যতেঽসৌ মহাভয়াৎ॥ ৭৫॥ ইতি।

কষ্টং সমস্তসুখদে হরৌ। বিদ্যমানেঽপি সর্ব্বেশে মূঢ়াঃ ক্লিশ্যন্তি সংসৃতৌ। যমুদ্দিশ্য সদা নাথো মহেশোঽপি দিগম্বরঃ। জটাভস্মানুলিপ্তাঙ্গস্তপস্বী বীক্ষ্যতে জনৈঃ। ততোঽধিকোঽস্তি কো দেবো লক্ষ্মীকান্তান্মধুদ্বিষ ইত্যাদি। বীক্ষ্যতে জনৈরিতি ন ত্বেতদপ্রত্যক্ষং, কিন্তু সাক্ষাৎ সর্ব্বলোকৈর্দৃশ্যত এবেত্যর্থঃ। আদিশব্দেন লঘুসহস্রনামস্তোত্রাদি। তত্র লঘুসহস্রনামস্তোত্রে আরম্ভে।—পরমং যো মহত্তেজঃ পরমং যো মহত্তপঃ। পরমং যো মহদ্ব্রহ্ম পরমং যঃ পরায়ণং। পবিত্রাণাং পবিত্রং যো মঙ্গলানাঞ্চ মঙ্গলং। দৈবতং দেবতানাঞ্চ ভূতানাং যোঽব্যয়ঃ পিতে-ত্যাদি। অন্তে চ।—দ্যৌঃ সচন্দ্রার্কনক্ষত্রা খং দিশো ভূর্ম্মহোদধিঃ। বাসুদেবস্য বীর্য্যেণ বিধৃতানি মহাত্মন ইত্যাদি। বিশেষত ইতি তমসা রজসা বোপহতচিত্তাঃ কিল কথঞ্চিদন্যং বা ভজন্তাং নাম সাত্ত্বিকৈস্তবশ্যং শ্রীবিষ্ণুরেব ভজনীয় ইত্যর্থঃ। অতো যোঽন্যং ভজেৎ স তমোরজোদূষিত ইতি ভাবঃ। পঠধ্বং জপত। ধ্যাতেত্যার্ষং ধ্যায়ত। নন্বীদৃশানি হৃৎকর্ণরসায়নানি শ্রীভগবন্মাহাত্ম্যপরাণি বচনানি সর্ব্বশাস্ত্রতঃ সমাহৃত্যাপরাণ্যপি লিখ্যন্তাং তত্রাহ ঈদৃগিতি। গ্রন্থস্য বাহুল্যং বিস্তরস্তেন তদ্রূপো দোষো ভবেৎ। তৎ তস্মাৎ হেতোঃ। যদ্বা তদিত্যব্যয়ং তানীত্যর্থঃ। যাবন্তি যত্রাপেক্ষিতানি ভবন্তি তাবন্ত্যেব তত্র লিখ্যন্তে, ন ত্বধিকানীত্যর্থঃ। এতেন চেদৃশানি বহুতরাণি বচনানি সন্তীতি বোধিতং। লিখ্যন্ত ইতি

করিবে এবং কেশবকে ধ্যান করিবে। নিখিল শাস্ত্র হইতে এইরূপ ভগবন্মাহাত্ম্যসূচক বাক্য-সংগ্রহ করিতে হইলে গ্রন্থবাহুল্য-দোষ ঘটে, সুতরাং যে সমস্ত বচন আবশ্যক, তাহাই লিখিত হইল। ৭৪।

অতঃপর বৈষ্ণব-মন্ত্র-মাহাত্ম্য কথিত হইতেছে।—আগমে লিখিত আছে যে, মানব গুরু-দেবের অনুকম্পায় শ্রীমন্ত্ররাজাদি বৈষ্ণবমন্ত্র-সমূহ জপ করিতে করিতে যাবতীয় ঐশ্বর্য্য লাভ পূর্ব্বক বিষ্ণুর পরম পদে প্রয়াণ করিয়া থাকেন। যে সকল ব্যক্তি বর্ষসহস্র যাবৎ সুবিপুল পবিত্র তপস্যার অনুষ্ঠান করিয়াছেন, সেই সকল লোকপাবন ব্যক্তিরাই বৈষ্ণব মন্ত্র জপ করিয়া থাকেন। বৈষ্ণবতন্ত্রেও কথিত আছে যে, বৈষ্ণবমন্ত্র জপ করিতে করিতে যাহাকে যাহাকে নেত্রগোচর করা যায় অথবা যাহাকে যাহাকে চরণ দ্বারা স্পর্শ করা যায়, সে সদ্য মহাভয়

লিখ্যতে বিষ্ণুমন্ত্রাণাং মহিমাথ বিশেষতঃ।
তাৎপর্য্যতঃ শ্রীগোপালমন্ত্রমাহাত্ম্যপুষ্টয়ে ॥ ৭৬ ॥

তত্র দ্বাদশাক্ষরাষ্টাক্ষরয়োর্মাহাত্ম্যং ॥ ৭৭ ॥

পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

সাঙ্গং সমুদ্রং সন্ন্যাসং সঋষিচ্ছন্দদৈবতং। সদীক্ষাবিধি সধ্যানং সযন্ত্রং দ্বাদশাক্ষরং।
অষ্টারঞ্চ মন্ত্রেশং যে জপন্তি নরোত্তমাঃ। তান্ দৃষ্ট্বা ব্রহ্মহা শুধ্যেত্তে যতো বিষ্ণবঃ স্বয়ং ॥
শঙ্খিনশ্চক্রিণো ভূত্বা ব্রহ্মায়ুর্বনমালিনঃ। বসন্তি বৈষ্ণবে লোকে বিষ্ণুরূপেণ তে নরাঃ ॥৭৮॥

তত্রৈব দ্বাদশাক্ষরস্য ॥ ৭৯ ॥ চতুর্থস্কন্ধে ধ্রুবং প্রতি শ্রীনারদোক্তৌ।—

জপশ্চ পরমো গুহ্যঃ শ্রূয়তাং মে নৃপাত্মজ।
যং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ পশ্যতি খেচরান্ ॥৮০॥

বর্ত্তমাননির্দ্দেশাদগ্রেঽপ্যেবমেব লেখ্যানীতি জ্ঞেয়ং ॥ ৭৪-৭৫ ॥ এবং সামান্যতো লিখিত্বা বিশেষতো লিখিতুং প্রতিজানীতে লিখ্যত ইতি। অথ সামান্যতো লিখনানন্তরমধুনা বিশেষতো লিখ্যতে। নন্বগ্রে শ্রীমদনগোপালদেবস্য সংমোহনাখ্যাষ্টাদশাক্ষরমন্ত্রপূজাবিধিরেব লেখ্যস্তৎ কিমন্যমন্ত্রমাহাত্ম্যলিখনেন তত্রাহ তাৎপর্য্যত ইতি। অয়মর্থঃ। শ্রীগোপালদেবোঽয়মবতারী, কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যুক্তেঃ বিচিত্রমাহাত্ম্যবিশেষপ্রকটনাচ্চ। অতোঽবতারাণাং মাহাত্ম্যেন তস্যৈব মাহাত্ম্যবিশেষসিদ্ধেঃ। সাক্ষাত্তন্মন্ত্রস্যাপি মাহাত্ম্যং স্বতঃ পুষ্টমেব স্যাৎ, অতস্তদর্থমেব লিখ্যত ইতি ॥ ৭৬ ॥

তত্র শ্রীবৈষ্ণবতন্ত্রেষু মধ্যে ॥ ৭৭ ॥ ছন্দেত্যদন্তত্বমার্ষং ছন্দোভঙ্গভয়াৎ। বিষ্ণব ইতি বিষ্ণুসারূপ্যপ্রাপ্তেঃ। বিষ্ণো রূপেণেত্যমুক্তবর্ণাকারাদিগ্রহণার্থং ॥৭৮॥ সামান্যতো দ্বয়োরপি লিখিত্বাধুনা বিশেষতো লিখতি তত্রেতি। তত্র দ্বয়োর্দ্বাদশাক্ষরাষ্টাক্ষরয়োরেব মধ্যে ॥৭৯॥ শ্রীনৃপাত্মজ

হইতে মুক্তি লাভ করে। ৭৫। অতঃপর বিশেষরূপে বিষ্ণুমন্ত্র-সমূহের মহিমা লিখিত হইতেছে। ঐ সকলের তাৎপর্য্যে শ্রীগোপালমন্ত্রের মহিমাই পুষ্টিপ্রাপ্ত হইবে। ৭৬।

তন্মধ্যে দ্বাদশাক্ষর ও অষ্টাক্ষর মন্ত্রের মাহাত্ম্য বিবৃত হইতেছে।—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডলসংবাদে লিখিত আছে যে, যে নরোত্তমগণ অঙ্গ, মুদ্রা, ন্যাস, ঋষি, ছন্দ, দেবতা, দীক্ষাবিধি, ধ্যান, যন্ত্র এই সমস্তের সহিত দ্বাদশাক্ষর ও অষ্টাক্ষর মন্ত্ররাজ জপ করেন, তাঁহাদিগকে নেত্রগোচর করিলে ব্রহ্মঘাতী ব্যক্তিও বিশুদ্ধি লাভ করে; কেন না, তাঁহারা স্বয়ং বিষ্ণুস্বরূপ। সেই সকল ব্যক্তি শঙ্খ, চক্র ও বনমালায় বিভূষিত হইয়া ব্রহ্মার পরমায়ু লাভ করত বিষ্ণুরূপে বৈষ্ণব-লোকে নিবসতি করেন। ৭৭-৭৮। তন্মধ্যে দ্বাদশাক্ষর মন্ত্রের মাহাত্ম্য কথিত হইতেছে। ৭৯। চতুর্থ স্কন্ধে ধ্রুবের প্রতি নারদোক্তি যথা,—হে নৃপাত্মজ! পরম গুহ্য মন্ত্র আমার নিকট শ্রবণ কর। এই মন্ত্র সপ্তরাত্র জপ করিলে মানব খেচরদিগকে *

---

* খেচর—বিষ্ণুপার্ষদ।

শ্রীবিষ্ণুপুরাণে।—

গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্রসূর্য্যাদয়ো গ্রহাঃ। অদ্যাপি ন নিবর্ত্তন্তে দ্বাদশাক্ষরচিন্তকাঃ।

অষ্টাক্ষরস্য যথা,—নারদপঞ্চরাত্রে।—

ত্রয়ো বেদাঃ ষড়ঙ্গানি ছন্দাংসি বিবিধাঃ সুরাঃ। সর্ব্বমষ্টাক্ষরান্তঃস্থং যচ্চান্যদপি বাঙ্ময়ং।

সর্ব্ববেদান্তসারার্থঃ সংসারার্ণবতারণঃ। গতিরষ্টাক্ষরো নৃণাং নপুনর্ভবকাঙ্ক্ষিণাং॥

যত্রাষ্টাক্ষরসংসিদ্ধো মহাভাগো মহীয়তে। ন তত্র সঞ্চরিষ্যন্তি ব্যাধিদুর্ভিক্ষতস্করাঃ॥

দেবদানবগন্ধর্ব্বাঃ সিদ্ধবিদ্যাধরাদয়ঃ। প্রণমন্তি মহাত্মানমষ্টাক্ষরবিদং নরং॥

ব্যক্তং হি ভগবানেব সাক্ষান্নারায়ণঃ স্বয়ং। অষ্টাক্ষরস্বরূপেণ মুখেষু পরিবর্ত্ততে॥৮১॥

পাদ্মোত্তরখণ্ডে।—

এবমষ্টাক্ষরো মন্ত্রো জ্ঞেয়ঃ সর্ব্বার্থসাধকঃ। সর্ব্বদুঃখহরঃ শ্রীমান্ সর্ব্বমন্ত্রাত্মকঃ শুভঃ॥ ৮২॥

লিঙ্গপুরাণে।—

কিমন্যৈর্বহুভির্ম্মন্ত্রৈঃ কিমন্যৈর্বহুভির্ব্রতৈঃ। নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ॥

তস্মাৎ সর্ব্বেষু কালেষু নমো নারায়ণেতি যঃ। জপেৎ স যাতি বিপ্রেন্দ্র বিষ্ণুলোকং সবান্ধবঃ॥

হে ধ্রুব॥৮০॥ নপুনর্ভবেত্যত্র সমাসেঽপি নকারস্থিতিরার্ষত্বাৎ। মুখেষু পরিবর্ত্ততে আবির্ভবতীতি বাঙ্ময়স্বরূপত্বাৎ॥৮১॥ শ্রীঃ সর্ব্বশোভা সম্পত্তির্বা তদ্বান্। সেবকস্য শ্রীপ্রদ ইত্যর্থঃ। স্বতশ্চ শুভঃ মঙ্গলরূপঃ॥৮২॥ হে তাত হে শ্রীশুক। বিষ্ণুনা সমুদ্ধৃতঃ। মনুনা কীর্ত্তিতঃ

নেত্রগোচর করিতে পারে। ৮০। বিষ্ণুপুরাণে লিখিত আছে যে, চন্দ্র-সূর্য্যাদি গ্রহগণ পুনঃপুনঃ গমন করিয়া প্রত্যাবৃত্ত হইতেছে, কিন্তু দ্বাদশাক্ষরমন্ত্রচিন্তকগণ অদ্যাপি (সংসারে) পুনরাগমন করেন নাই। অষ্টাক্ষর মন্ত্রের মাহাত্ম্য সম্বন্ধে নারদপঞ্চরাত্রে এইরূপ লিখিত আছে যে, বেদত্রয়, ষড়ঙ্গ, ছন্দঃসমূহ, * যাবতীয় দেবতা এবং অন্যান্য বাঙ্ময় যাহা কিছু আছে, তৎসমস্তই অষ্টাক্ষরমন্ত্রের অন্তর্ভূত। যাবতীয় বেদান্তের সারার্থস্বরূপ, ভবসাগরের তরণীতুল্য অষ্টাক্ষর মন্ত্র মুক্তিকামী মানবগণের একমাত্র গতি। অষ্টাক্ষর-মন্ত্রসিদ্ধ মহাভাগ ব্যক্তি যে স্থানে নিবসতি করেন, তথায় ব্যাধি, দুর্ভিক্ষ ও তস্কর পরিভ্রমণ করিতে সমর্থ হয় না। দেব, দানব, গন্ধর্ব্ব, সিদ্ধ ও বিদ্যাধর প্রভৃতি সকলেই অষ্টাক্ষর-মন্ত্রবিৎ মহাত্মাকে প্রণাম করিয়া থাকেন। সাক্ষাৎ ভগবান্ নারায়ণই স্বয়ং অষ্টাক্ষরমন্ত্ররূপে (মানবগণের) বদনে বদনে প্রাদুর্ভূত হইতেছেন, ইহা স্পষ্টই প্রত্যক্ষ হইতেছে।৮১। পদ্মপুরাণে উত্তরখণ্ডে লিখিত আছে যে, সর্ব্বার্থসাধক, সর্ব্বদুঃখনাশন, শ্রীমান্ †, সর্ব্বমন্ত্রাত্মক, কল্যাণস্বরূপ অষ্টাক্ষর মন্ত্র পরিজ্ঞাত হওয়া কর্ত্তব্য।৮২।

---

* বেদত্রয়—সাম, যজুঃ, ঋক্। ষড়ঙ্গ—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ। ছন্দঃসমূহ—কাব্য প্রভৃতি।

† শ্রীমান্—শ্রীপ্রদ অর্থাৎ উপাসকের শ্রীজনক।

ভবিষ্যপুরাণে।—

অষ্টাক্ষরো মহামন্ত্রঃ সর্ব্বপাপহরঃ পরঃ। সর্ব্বেষাং বিষ্ণুমন্ত্রাণাং রাজত্বে পরিকীর্ত্তিতঃ॥

শ্রীশুকব্যাসসংবাদে চ।—

নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ। ভক্তানাং জপতাং তাত স্বর্গমোক্ষফলপ্রদঃ॥

এষ এব পরো মোক্ষ এষ স্বর্গ উদাহৃতঃ। সর্ব্ববেদরহস্যেভ্যঃ সার এষ সমুদ্ধৃতঃ।

বিষ্ণুনা বৈষ্ণবানান্তু হিতায় মনুনা পুরা। কীর্ত্তিতঃ সর্ব্বাপাপঘ্নঃ সর্ব্বকামপ্রদায়কঃ।

নারায়ণায় নম ইত্যয়মেব সত্যং, সংসারঘোরবিষসংহরণায় মন্ত্রঃ।

শৃণ্বন্তু সত্যমতয়ো মুদিতাস্তরাগা, উচ্চৈস্তরামুপদিশাম্যহমূর্দ্ধবাহুঃ॥

ভূত্বোর্দ্ধবাহুরদ্যাহং সত্যপূর্ব্বং ব্রবীমি বঃ।

হে পুত্র শিষ্যাঃ শৃণুত ন মন্ত্রোঽষ্টাক্ষরাৎ পরঃ॥৮৩॥

অতএবোক্তং গারুড়ে।—

আসীনো বা শয়ানো বা তিষ্ঠানো যত্র তত্র বা। নমো নারায়ণায়েতি মন্ত্রৈকশরণো ভবেৎ॥৮৪॥

জপ্তঃ লোকেষু বা কথিতঃ। মুদিতাশ্চ তেঽস্তরাগাশ্চ বিরক্তাঃ। হে শিষ্যাঃ॥ ৮৩॥ তিষ্ঠান ইত্যার্ষং, তিষ্ঠন্॥ ৮৪॥

লিঙ্গপুরাণে লিখিত আছে যে, অন্য বহুসংখ্যক মন্ত্রে কি প্রয়োজন? অন্য বহুবিধ ব্রতেই বা কি আবশ্যক? "নমো নারায়ণায়" এই মন্ত্রই সর্ব্বার্থসাধক; সুতরাং যে ব্যক্তি সর্ব্বদা "নমো নারায়ণায়" জপ করেন, হে বিপ্রশ্রেষ্ঠ! তিনি সবান্ধবে বিষ্ণুপুরে প্রস্থান করিয়া থাকেন। ভবিষ্য পুরাণে লিখিত আছে যে, অষ্টাক্ষর মহামন্ত্রই সর্ব্বপাপনাশন ও শ্রেষ্ঠ। যাবতীয় বিষ্ণুমন্ত্রের মধ্যেই ইহা মন্ত্ররাজ বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। শ্রীশুকব্যাসসংবাদে লিখিত আছে যে, "নমো নারায়ণায়" এই মন্ত্র সর্ব্বার্থসাধক। হে তাত! এই মন্ত্রজপকারী ভক্তবর্গের পক্ষে ইহা স্বর্গ-মোক্ষফলপ্রদ। ইহাই পরম মোক্ষ ও ইহাই স্বর্গ বলিয়া উদাহৃত হইয়া থাকে। বিষ্ণু বৈষ্ণবগণের হিতার্থ সর্ব্ববেদের রহস্য হইতে এই মন্ত্ররূপ সার সমুদ্ধৃত করিয়াছেন; পুরাকালে মনুও সর্ব্বপাপনাশন সর্ব্বকামপ্রদ এই মন্ত্র জপ করিয়াছিলেন। "নারায়ণায় নমঃ" ইহাই ঘোর-সংসাররূপ বিষনাশনের প্রকৃত মন্ত্র। যাঁহারা সত্যবুদ্ধিমান্, সদানন্দে আনন্দিত ও বিষয়-বিরক্ত, তাঁহারা শ্রবণ করুন, আমি ঊর্দ্ধবাহু হইয়া উচ্চৈঃস্বরে ইহা উপদেশ দিতেছি। হে পুত্র! হে শিষ্যগণ! অদ্য আমি ঊর্দ্ধবাহু হইয়া সত্য করত তোমাদিগের নিকট বলিতেছি, অবধান কর, অষ্টাক্ষর মন্ত্র অপেক্ষা শ্রেষ্ঠ মন্ত্র আর নাই। ৮৩। অতএব গরুড়পুরাণে কথিত আছে যে, উপবিষ্টই থাকুক, শয়ানই থাকুক অথবা যথায় তথায় অবস্থিতিই করুক, কেবলমাত্র "নমো নারায়ণায়" এই মন্ত্রের শরণাগত হইবে। ৮৪।

অথ শ্রীনারসিংহানুষ্টুভমন্ত্ররাজস্তমাহাত্ম্যং।

তাপনীয়শ্রুতিষু।—দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্ তস্য আনুষ্টুভমন্ত্ররাজস্য নারসিংহস্য ফলং নো ব্রূহীতি। স হোবাচ প্রজাপতিঃ। য এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভং নিত্যমধীতে স আদিত্যপূতো ভবতি, সোঽগ্নিপূতো ভবতি, স বায়ুপূতো ভবতি, স সূর্য্যপূতো ভবতি, স চন্দ্রপূতো ভবতি, স সত্যপূতো ভবতি, স ব্রহ্মপূতো ভবতি, স বিষ্ণুপূতো ভবতি, স রুদ্রপূতো ভবতি, স সর্ব্বপূতো ভবতি॥ তত্রৈবান্তে।—অনুপনীতশতমেকমেকেনোপনীতেন তৎ সমং, উপনীতশতমেকমেকেন গৃহস্থেন তৎ সমং, গৃহস্থশতমেকমেকেন বানপ্রস্থেন তৎ সমং, বানপ্রস্থশতমেকমেকেন যতিনা তৎ সমং, যতীনাস্তু শতং পূর্ণরুদ্রজাপকেন তৎ সমং। রুদ্রজাপকশতমেকমেকেনাথর্ব্বাঙ্গিরসশাখাধ্যাপকেন তৎ সমং। অথর্ব্বাঙ্গিরসশাখাধ্যাপকশতমেকমেকেন মন্ত্ররাজাধ্যাপকেন তৎ সমং। তদ্বা এতৎ পরং ধাম মন্ত্ররাজাধ্যাপকস্য যত্র ন দুঃখাদি, যত্র ন সূর্য্যো ভাতি, যত্র ন বায়ুর্বাতি, যত্র ন চন্দ্রমাস্তপতি, যত্র ন নক্ষত্রাণি ভান্তি, যত্র নাগ্নির্দহতি, যত্র ন মৃত্যুঃ প্রবিশতি, যত্র ন দোষঃ। তৎ সদানন্দং শাশ্বতং শান্তং সদাশিবং ব্রহ্মাদিবন্দিতং যোগিধ্যেয়ং যত্র গত্বা ন নিবর্ত্তন্তে যোগিনঃ। তদেতদৃচাভ্যুক্তং, তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা

অনন্তর নারসিংহ আনুষ্টুভ মন্ত্ররাজের মাহাত্ম্য বিবৃত হইতেছে।—তাপনীয় শ্রুতিতে লিখিত আছে যে, সুরগণ স্পষ্টাক্ষরে প্রজাপতিকে কহিলেন, হে প্রজাপতে! আনুষ্টুভ নারসিংহ মন্ত্ররাজের ফল আমাদের নিকট কীর্ত্তন করুন্। তখন প্রজাপতি কহিলেন, যে ব্যক্তি এই আনুষ্টুভ নারসিংহ মন্ত্ররাজ অধ্যয়ন করেন, তিনি দেবপূত হইয়া থাকেন, অগ্নিপূত হইয়া থাকেন, বায়ুপূত হইয়া থাকেন, সূর্য্যপূত হইয়া থাকেন, সত্যপূত হইয়া থাকেন, ব্রহ্মপূত হইয়া থাকেন, বিষ্ণুপূত হইয়া থাকেন, রুদ্রপূত হইয়া থাকেন, এবং তিনি সর্ব্বপূত হইয়া থাকেন। ঐ তাপনীয়শ্রুতির শেষেও লিখিত আছে যে, শতসংখ্য অনুপনীত ব্যক্তি একটী উপনীত ব্যক্তির তুল্য, এক শত উপনীত ব্যক্তি একটী গৃহস্থের তুল্য, এক শত গৃহস্থ একটী বানপ্রস্থের তুল্য, এক শত বানপ্রস্থ একটী যতির (ভিক্ষুকাশ্রমীর) তুল্য, এক শত যতি পূর্ণরুদ্রজাপকের তুল্য, শতসংখ্য রুদ্রজাপক একটী আথর্ব্ব ও আঙ্গিরস-শাখাধ্যাপকের তুল্য, এবং শতসংখ্য আথর্ব্ব ও আঙ্গিরসশাখাধ্যায়ী একটী নৃসিংহ-মন্ত্ররাজাধ্যাপকের তুল্য। আরও লিখিত আছে যে, যে ব্যক্তি নারসিংহ মন্ত্ররাজ অধ্যয়ন করেন, তিনি যে ধামে গমন করেন, তাহা পরম ধাম। অর্থাৎ যেখানে দুঃখাদি নাই, যে স্থানে সূর্য্য তাপ প্রদান করেন না, যে স্থানে বায়ু প্রবাহিত হয় না, যথায় নিশানাথের কিরণ যায় না, যে স্থানে নক্ষত্রপুঞ্জ প্রতিভাত হয় না, যেখানে বহ্নি দগ্ধ করিতে সক্ষম নহে, যেখানে মৃত্যু প্রবেশ করিতে অসমর্থ, এবং যে স্থানে কোন দোষ নাই, তিনি সেই পরম ধামে গমন করেন। সেই স্থান সদানন্দময়, শাশ্বত, শান্তিপূর্ণ, সদা কল্যাণময়, ব্রহ্মাদি-বন্দিত ও যোগিগণের ধ্যেয়; তথায় যোগিগণ গমন করিলে আর প্রত্যাবৃত্ত হয়েন না। যেরূপ গগনে বিস্তৃত অর্থাৎ

পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং। তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে, বিষ্ণোর্যৎ পরমং পদং ॥

অথ শ্রীরামমন্ত্রাণাং মাহাত্ম্যং।

অগস্ত্যসংহিতায়াং।—

সর্ব্বেষু মন্ত্রবর্গেষু শ্রেষ্ঠং বৈষ্ণবমুচ্যতে। গাণপত্যেষু শৈবেষু শাক্তসৌরেষ্বভীষ্টদং ॥
বৈষ্ণবেষ্বপি মন্ত্রেষু রামমন্ত্রাঃ ফলাধিকাঃ। গাণপত্যাদিমন্ত্রেষু কোটিকোটিগুণাধিকাঃ ॥
বিনৈব দীক্ষাং বিপ্রেন্দ্র পুরশ্চর্য্যাং বিনৈব হি। বিনৈব ন্যাসবিধিনা জপমাত্রেণ সিদ্ধিদাঃ ॥
মন্ত্রেষ্বষ্টস্বনায়াস-ফলদোঽয়ং ষড়ক্ষরঃ। ষড়ক্ষরোঽয়ং মন্ত্রস্তু মহাঘৌঘনিবারণঃ ॥
মন্ত্ররাজ ইতি প্রোক্তঃ সর্ব্বেষামুত্তমোত্তমঃ। দৈনন্দিনন্তু দুরিতং পক্ষমাসর্ত্তুবর্ষজং।
সর্ব্বং দহতি নিঃশেষং তুলাচলমিবানলঃ ॥ ব্রহ্মহত্যাসহস্রাণি জ্ঞানাজ্ঞানকৃতানি চ।
স্বর্ণস্তেয়-সুরাপান-গুরুতল্পাযুতানি চ। কোটিকোটিসহস্রাণি হ্যুপপাপানি যান্যপি।
সর্ব্বাণ্যপি প্রণশ্যন্তি রামমন্ত্রানুকীর্ত্তনাৎ ॥

তাপনীয়শ্রুতিষু চ।—

য এতত্তারকং ব্রাহ্মণো নিত্যমধীতে স পাপ্মানং তরতি, স মৃত্যুং তরতি, স ভ্রূণহত্যাং

বাধাহীন নেত্র পরিষ্কৃতরূপে সমস্ত দর্শন করিতে পায়, সেইরূপ যোগীরা বিষ্ণুর বেদকথিত, বিদিত, প্রধান স্বর্গস্থান নিরন্তর নেত্রগোচর করিয়া থাকেন। মেধাবী, বিশেষরূপে স্তবকারী ও প্রমাদরাহিত্য বশতঃ শব্দার্থবিষয়ে জাগরূক * সুধীগণ বিষ্ণুর পরমপদকে সম্যক্প্রকারে প্রকাশিত করিয়া থাকেন।

অনন্তর রামমন্ত্র-মাহাত্ম্য কথিত হইতেছে।—অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, গাণপত্য, শৈব, শাক্ত, সৌর প্রভৃতি সমস্ত মন্ত্রবর্গের মধ্যে বৈষ্ণব মন্ত্রই শ্রেষ্ঠ ও অভীষ্টপ্রদ বলিয়া অভিহিত। বৈষ্ণব মন্ত্রসমূহের মধ্যে রামমন্ত্রই অধিকতর ফলপ্রদ এবং উহা গাণপত্যাদি মন্ত্রসমূহ হইতে কোটি কোটি গুণে শ্রেষ্ঠ। হে বিপ্রসত্তম! দীক্ষা ব্যতিরেকে এবং ন্যাস-বিধি ব্যতিরেকেও কেবলমাত্র জপ দ্বারা রামমন্ত্র সিদ্ধিপ্রদ হয়। অষ্টবিধ রামমন্ত্রের মধ্যে ষড়ক্ষর মন্ত্রই † অনায়াস-ফলপ্রদ। এই ষড়ক্ষর মন্ত্র মহাপাপরাশিনিবারক ও মন্ত্ররাজ বলিয়া অভিহিত এবং ইহা সকল মন্ত্রের মধ্যে উত্তমোত্তম। অগ্নি যেমন তুলাচল ভস্মীভূত করে, সেইরূপ এই ষড়ক্ষর মন্ত্র দৈনন্দিন পাপ, পক্ষজ পাপ, মাসজনিত পাপ, ঋতুজ পাপ ও বর্ষজ পাপ প্রভৃতি সমস্ত পাতককেই নিঃশেষে দগ্ধ করিয়া থাকে। রামমন্ত্র কীর্ত্তন করিলে জ্ঞানাজ্ঞানকৃত সহস্র সহস্র ব্রহ্মহত্যা, অযুত অযুত স্বর্ণচৌর্য্য, সুরাপান, গুরুদারগমন ও সহস্র সহস্র কোটি কোটি যে সকল উপপাপ আছে, তৎসমস্তই বিনাশ প্রাপ্ত হয়। তাপনীয় শ্রুতিতেও

---

* শব্দার্থবিষয়ে জাগরূক অর্থাৎ যাঁহারা শব্দের প্রকৃত অর্থ বুঝিতে সমর্থ।

† ষড়ক্ষর রামমন্ত্র যথা,—ওঁ নমো রামায়।

তরতি, স সর্ব্বহত্যাং তরতি, স সংসারং তরতি, স সর্ব্বং তরতি, স বিমুক্তাশ্রিতো ভবতি, সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি॥

অথ শ্রীগোপালদেবমন্ত্রমাহাত্ম্যং।

মন্ত্রাস্তু কৃষ্ণদেবস্য সাক্ষাদ্ভগবতো হরেঃ। সর্ব্বাবতারবীজস্য সর্ব্বতো বীর্য্যবত্তমাঃ॥ ৮৫॥
তথা চ বৃহদ্গৌতমীয়ে শ্রীগোবিন্দবৃন্দাবনাখ্যে।—

সর্ব্বেষাং মন্ত্রবর্য্যাণাং শ্রেষ্ঠো বৈষ্ণব উচ্যতে। বিশেষাৎ কৃষ্ণমনবো ভোগমোক্ষৈকসাধনং॥
যস্য যস্য চ মন্ত্রস্য যো যো দেবস্তথা পুনঃ। অভেদাত্তন্মনূনাঞ্চ দেবতা সৈব ভাষ্যতে॥
কৃষ্ণ এব পরং ব্রহ্ম সচ্চিদানন্দবিগ্রহঃ। স্মৃতিমাত্রেণ তেষাং বৈ ভুক্তিমুক্তিফলপ্রদঃ॥ ইতি।
তত্রাপি ভগবত্তাং স্বাং তন্বতো গোপলীলয়া। তস্য শ্রেষ্ঠতমা মন্ত্রাস্তেষপ্যষ্টাদশাক্ষরঃ॥ ৮৬॥

অথাষ্টাদশাক্ষরমন্ত্রমাহাত্ম্যং।

তাপনীয়শ্রুতিষু।—

ওঁ মুনয়ো হ বৈ ব্রাহ্মণমূচুঃ। কঃ পরমো দেবঃ, কুতো মৃত্যুর্বিভেতি, কস্য জ্ঞানেনাখিলং

সর্ব্বতঃ সর্ব্বেভ্যঃ শ্রীনৃসিংহরঘুনাথাদিমন্ত্রেভ্যোঽপি বীর্য্যবত্তমাঃ পরমপ্রভাববন্তঃ। তত্র হেতুঃ সর্ব্বাবতারবীজস্য, কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যবতারিত্বোক্তেঃ॥৮৫॥ তত্র তেষু শ্রীদ্বারকানাথদৈবতাদিমন্ত্রেষপি মধ্যে তস্য শ্রীকৃষ্ণদেবস্যৈব গোপলীলয়া নিজাং ভগবত্তাং তন্বতঃ বিস্তারয়তঃ সতো যে মন্ত্রাস্ত এব শ্রেষ্ঠতমাঃ। তেষপি মধ্যেঽষ্টাদশাক্ষরঃ সম্মোহনাখ্যয়া প্রসিদ্ধঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ॥৮৬॥

লিখিত আছে যে, যে দ্বিজ ত্রাণকারক এই রামমন্ত্র প্রত্যহ অধ্যয়ন করেন, তিনি পাতক হইতে সমুত্তীর্ণ হয়েন, তিনি মৃত্যুর হস্ত হইতে পরিত্রাণ প্রাপ্ত হয়েন, তিনি ভ্রূণহত্যা পাপ হইতে উত্তীর্ণ হয়েন, তিনি সর্ব্বপ্রকার হত্যাজনিত পাপ হইতে উত্তীর্ণ হয়েন, তিনি মুক্ত ভগবদ্ভক্তদিগের আশ্রয় লাভ করেন এবং তিনি অমৃতত্ব অর্থাৎ মুক্তি প্রাপ্ত হয়েন।

অনন্তর গোপালদেবের মন্ত্রমাহাত্ম্য কথিত হইতেছে।—সর্ব্বাবতারের বীজস্বরূপ, সাক্ষাৎ ভগবান্ হরি শ্রীকৃষ্ণদেবের মন্ত্রসমূহ যাবতীয় মন্ত্র অপেক্ষা সমধিক বীর্য্যশালী। ৮৫। বৃহদ্গৌতমীয়তন্ত্রের শ্রীগোবিন্দবৃন্দাবনাখ্য স্থানে লিখিত আছে যে, যাবতীয় শ্রেষ্ঠমন্ত্রের মধ্যে বৈষ্ণবমন্ত্রই প্রধান বলিয়া অভিহিত হয়; বিশেষতঃ সকল কৃষ্ণমন্ত্রই ভোগ ও মোক্ষের একমাত্র সাধন। যে যে মন্ত্রের যে যে দেবতা, অভেদ নিবন্ধন শ্রীকৃষ্ণই তত্তদ্দেবতার মন্ত্রবর্গের দেবতারূপে কীর্ত্তিত হইয়া থাকেন। শ্রীকৃষ্ণই সচ্চিদানন্দমূর্ত্তি পরব্রহ্ম। তাঁহার স্মরণমাত্রেই তিনি উক্ত মন্ত্র-সমূহের পক্ষে ভুক্তিমুক্তিফলপ্রদ হয়েন অর্থাৎ ঐ সমস্ত মন্ত্রকে ভুক্তিমুক্তিফলদানে সক্ষম করেন। শ্রীকৃষ্ণের দ্বারকানাথদৈবতাদি মন্ত্রের মধ্যে যে রূপে তিনি গোপলীলা দ্বারা স্বীয় ভগবত্তা বিস্তার করিয়াছেন, সেই রূপের মন্ত্রসমূহই সর্ব্বতোভাবে প্রধান অর্থাৎ যাবতীয় কৃষ্ণমন্ত্রের মধ্যে গোপালদেবের মন্ত্রই প্রধানতম; পরন্তু তৎসমস্ত হইতে আবার অষ্টাদশাক্ষর মন্ত্র শ্রেষ্ঠ।৮৬।

জ্ঞাতং ভবতি, কেনেদং বিশ্বং সংসরতীতি। তান্থ হোবাচ ব্রাহ্মণঃ। কৃষ্ণো বৈ পরমং দৈবতং। গোবিন্দান্মৃত্যুর্বিভেতি। গোপীজনবল্লভজ্ঞানেনাখিলং বিজ্ঞাতং ভবতি। স্বাহয়েদং সংসরতি। তমু হোচুঃ। কঃ কৃষ্ণো, গোবিন্দঃ কোঽসাবিতি, গোপীজনবল্লভঃ কঃ, কা স্বাহেতি। তানুবাচ ব্রাহ্মণঃ। পাপকর্ষণো গোভূমিবেদবিদিতো বেদিতা গোপীজনা বিদ্যাকলাপ্রেরকস্তন্মায়া চেতি সকলং পরং ব্রহ্ম, তদ্যো ধ্যায়তি রসতি ভজতি সোঽমৃতো ভবতীতি। তে হোচুঃ। কিং তদ্রূপং, কিং রসনং, কথং হো তদ্ভজনং, তৎ সর্ব্বং সুবিবিদিষতামাখ্যাহীতি। তদু হোবাচ হৈরণ্যঃ। গোপবেশমভ্রাভং তরুণং কল্পদ্রুমাশ্রিতমিত্যাদি। কিঞ্চ। তত্রৈবাগ্রে।—ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধি-নৈরাস্যেনামুষ্মিন্মনঃকল্পনমেতদেব চ নৈষ্কর্ম্ম্যং। কৃষ্ণং তং বহুধা বিপ্রা যজন্তি, গোবিন্দং সন্তং বহুধা ধারয়ন্তি, গোপীজনবল্লভো ভুবনানি দধ্রে, স্বাহাশ্রিতো জগদেজয়ৎ স্বরেতাঃ।

বায়ুর্যথৈবাপঘনং প্রবিষ্টো জন্যে জন্যে পঞ্চরূপো বভূব।
কৃষ্ণস্তথৈকোঽপি জগদ্ধিতার্থং শব্দেনাসৌ পঞ্চপদোঽবভাতি॥ ইতি।

কিঞ্চ। তত্রৈবোপাসনবিধিকথনানন্তরং।—

একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য, একোঽপি সন্ বহুধা যোঽবভাতি।
তং পীঠস্থং যেঽনুযজন্তি ধীরা, স্তেষাং সুখং শাশ্বতী নেতরেষাং॥

হ স্ফুটং, বৈ প্রসিদ্ধং। ব্রাহ্মণং ব্রহ্মবেত্তারং ব্রহ্মাণমিত্যর্থঃ। তং ব্রহ্ম দৈবতমিতি পূর্ব্বপ্রক্রান্তং বা পাপকর্ষণ ইতি দ্বিতীয়স্য পদস্যার্থঃ। গৌঃ স্বর্গঃ, গো-ভূমি-বেদেষু বিদিতঃ। তেষাঞ্চ বেদিতেতি তৃতীয়স্যার্থঃ। গোপীজনোঽবিদ্যায়াঃ কলাঃ স্ত্রীত্বাৎ অংশাস্তৎপ্রেরকঃ। যদ্বা গোপীজনা এব আ সম্যক্ বিদ্যা প্রাপ্ত্যুপায়ত্বাৎ সৈব কলা শক্তিবিশেষস্তস্যাঃ প্রেরক ইতি চতুর্থস্য। তন্মায়া চেতি পঞ্চমস্যেতি দিক্। রসতি আস্বাদয়তি কীর্ত্তনাদিনা। এজয়ৎ চেষ্টাং কারয়ামাস। গোপীজনবল্লভ এবেত্যর্থঃ। স্বরেতাঃ স্বস্মাদুদ্ভূতমিত্যর্থঃ। অপঘনং শরীরং। জন্যে জন্যে প্রতিশরীরং। অষ্টাদশাক্ষরোঽয়ং মন্ত্রঃ। প্রেম্নৈবাত্মবৃত্তেঃ প্রকাশো যস্য তং। পাঠান্তরং * সুগমং।

অতঃপর অষ্টাদশাক্ষর মন্ত্রের মাহাত্ম্য কথিত হইতেছে।—তাপনীয় শ্রুতিসমূহে লিখিত আছে যে, সনকাদি তাপসেরা ব্রহ্মার নিকট স্পষ্টরূপে জিজ্ঞাসা করিয়াছিলেন, "পরম দেবতা কে? কোন্ ব্যক্তি হইতে মৃত্যু ভয় করে? কাহাকে পরিজ্ঞাত হইতে পারিলে সমস্তই জানিতে পারা যায়? কোন্ জন কর্ত্তৃকই বা এই সংসার প্রবর্ত্তিত হইয়া থাকে?" তখন ব্রহ্মা তাঁহাদিগকে স্পষ্টরূপে কহিলেন, "শ্রীকৃষ্ণই পরম দেব, শ্রীগোবিন্দ হইতে মৃত্যু ভয় পাইয়া থাকে, আর স্বাহা দ্বারা এই সংসার প্রবর্ত্তিত হয়।" তাপসেরা পুনরায় স্পষ্টরূপে ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন, "শ্রীকৃষ্ণ কে, গোবিন্দ কে, গোপীজনবল্লভ কে? আর স্বাহাই বা কে?" তখন ব্রহ্মা তাঁহাদিগকে বলিলেন, "পাপকর্ষণার্থ কৃষ্ণ; যিনি স্বর্গে, ভূমিতে ও বেদে প্রসিদ্ধ এবং ঐ

---

* প্রেম্ণাত্মবৃত্তি প্রকাশমিতি।

নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানা-মেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তং পীঠগং যেঽনুযজন্তি বিপ্রা-স্তেষাং সিদ্ধিঃ শাশ্বতী নেতরেষাং॥
এতদ্ধি বিষ্ণোঃ পরমং পদং যে, নিত্যোদ্যুক্তাঃ সংযজন্তে ন কামাৎ।
তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ, প্রকাশয়েদাত্মপদং তদেব॥
যো ব্রাহ্মণং বিদধাতি পূর্ব্বং, যো বিদ্যাস্তস্মৈ গোপায়তি স্ম কৃষ্ণঃ।
তং প্রেমাত্মবৃত্তিপ্রকাশং, মুমুক্ষুর্বৈ শরণমনুব্রজেৎ॥
ওঁকারেণান্তরিতং যে জপন্তি, গোবিন্দস্য পঞ্চপদং মনুং তং।
তস্মৈ চাসৌ দর্শয়েদাত্মরূপং, তথা মুমুক্ষুরভ্যাসেন্নিত্যশান্ত্যৈ॥
তস্মাদন্যে পঞ্চপদাদভূবন্, গোবিন্দস্য মনবো মানবানাং।
দশার্ণাদ্যাস্তেঽপি সংক্রন্দনাদ্যৈ-রভ্যস্যন্তে ভূতিকামৈর্যথাবৎ॥

নিত্যশান্ত্যৈ নিত্যায়ৈ অবিনশ্বরায়ৈ শান্ত্যৈ সুখায়। অবুধ্যত বোধং প্রাপ্তঃ। পুনশ্চ স্বতঃ সন্ প্রাকাশয়ৎ ভগবানেব। যদ্বা ণিপ্রত্যয়স্যাত্রানধিকার্থত্বং প্রাকাশতেত্যর্থঃ। প্রাকাশয়মিতি বা

সকলকে অবগত আছেন, এই অর্থে গোবিন্দ; গোপীজনশব্দে অজ্ঞানাংশ বুঝায়, তাহার বল্লভ অর্থাৎ প্রেরক, এই অর্থে গোপীজনবল্লভ; স্বাহা অর্থে মায়া, এই সকল পরব্রহ্ম। যে ব্যক্তি তাঁহার ধ্যান করেন, কীর্ত্তন প্রভৃতি দ্বারা আস্বাদন ও ভজনা করেন, তিনি অমৃত অর্থাৎ মুক্ত হইয়া থাকেন।" তাপসগণ (পুনরায়) স্পষ্টরূপে জিজ্ঞাসা করিলেন, "তাঁহার রূপ কিপ্রকার, তাঁহার আস্বাদন কি, ভজনাই বা কিরূপ, এই সমস্ত আমরা উত্তমরূপে বিদিত হইতে অভিলাষ করি; অতএব ইহা কীর্ত্তন করুন্।" তখন ব্রহ্মা ঐ বিষয় পরিষ্কৃতরূপে কহিলেন, "যিনি গোপবেশধারী, নবজলধরশ্যামল, তরুণবয়স্ক, কল্পতরুমূলে সংস্থিত।" ইত্যাদি। ঐ গোপালতাপনীয় শ্রুতির কিঞ্চিৎ অগ্রে আরও লিখিত আছে যে, এই শ্রীকৃষ্ণের ভক্তিকেই ভজন কহে। ইহ পর উভয় লোকের উপাধি বিসর্জ্জন করত শ্রীকৃষ্ণে যে মনের ধারণা, তাহাই ভক্তি বলিয়া উদাহৃত, আর ঐ ভক্তিকেই কর্ম্মশূন্যতা কহে। বিপ্রগণ সেই শ্রীকৃষ্ণকে নানারূপে অর্চ্চনা করেন, নিত্যস্বরূপ শ্রীগোবিন্দকে বহুবিধরূপে ধ্যান করেন। শ্রীগোপীজনবল্লভ অখিল ভুবন রক্ষা করিতেছেন এবং স্বাহাকে আশ্রয়পূর্ব্বক স্বোৎপন্ন জগৎকে প্রবর্ত্তিত করিয়াছেন। যেরূপ বায়ু দেহমধ্যে প্রবিষ্ট হইয়া প্রতি দেহে প্রাণাদি পঞ্চরূপতা প্রাপ্ত হইয়াছে, সেইরূপ এই শ্রীকৃষ্ণ একমাত্র হইয়াও বিশ্বহিতার্থ পঞ্চপদে বিভক্ত হইয়া* বিরাজ করিতেছেন। আরও ঐ গোপালতাপনীয়ে উপাসনাবিধিবর্ণনান্তে লিখিত আছে যে, পরব্রহ্ম শ্রীকৃষ্ণ এক, বশী, সর্ব্বগ, ঈড্য এবং তিনি এক হইয়াও বহুধা প্রতিভাত হইতে-

---

* পঞ্চপদে বিভক্ত হইয়া অর্থাৎ অষ্টাদশাক্ষরের পঞ্চপদে বিভক্ত হইয়া। যথা,—ক্লীং, কৃষ্ণায়, গোবিন্দায়, গোপীজনবল্লভায়, স্বাহা।

কিঞ্চ। তত্রৈব।—তদু হোবাচ ব্রাহ্মণোঽসাবনবরতং মে ধ্যাতঃ স্তুতঃ পরার্দ্ধান্তে সোঽববুধ্যত গোপবেশো মে পুরুষঃ পুরস্তাদাবির্ব্বভূব। ততঃ প্রণতেন ময়ানুকূলেন হৃদা মহ্যমষ্টাদশার্ণং স্বরূপং সৃষ্টয়ে দত্ত্বান্তর্হিতঃ ; পুনঃ সিসৃক্ষা মে প্রাদুরভূৎ। তেষ্বক্ষরেষু ভবিষ্যজ্জগদ্রূপং প্রাকাশয়ৎ। তদিহ কাৎ আপো লাৎ পৃথিবী ঈতোঽগ্নির্বিন্দোরিন্দুস্তন্নাদাদর্ক ইতি ক্লীকারাদসৃজং। কৃষ্ণাদাকাশং যাদ্বায়ুরিত্যুত্তরাৎ সুরভিং বিদ্যাং প্রাদুরকার্ষং। তদুত্তরাত্তদুত্তরাৎ স্ত্রীপুমাদি চেদং সকলমিদমিতি ॥

পাঠঃ। কাৎ ককারাৎ। আপো জলং। লকারাৎ পৃথিবী। ঈকারাৎ অগ্নিঃ। বিন্দোঃ সকাশাচ্চন্দ্রঃ। তস্য নাদাদর্কঃ। যাৎ যকারাৎ বায়ুরভূদিতি শেষঃ। উত্তরাৎ গোবিন্দায়েত্যস্মাৎ

ছেন। * যে সমস্ত ধীরগণ সেই কৃষ্ণকে পীঠস্থ দর্শন পূর্ব্বক একচিত্তে অর্চ্চনা করেন, তাঁহাদিগেরই শাশ্বত সুখ লাভ হইয়া থাকে ; কিন্তু তদ্ব্যতীত অন্যান্য জনের অর্থাৎ ভগবদ্ভক্তি-হীনগণের সে সুখের আশা নাই। যিনি নিত্যসমূহের নিত্য, যিনি চেতন পদার্থসমূহের মধ্যে চেতন, এবং যিনি এক হইয়াও বহুজনের কামনা পূরণ করেন, যে সমস্ত ধীরগণ তাঁহাকে পীঠস্থ দর্শন পূর্ব্বক আরাধনা করেন, তাঁহাদিগেরই শাশ্বতী সিদ্ধি লাভ হইয়া থাকে ; অন্যান্য ব্যক্তির অর্থাৎ তদুপাসনাবিমুখগণের সে সিদ্ধি-লাভের আশা নাই। যে সকল ব্যক্তি নিত্য যত্নবান্ ও নিষ্কাম হইয়া সম্যক্‌প্রকারে বিষ্ণুর পরমপদের উপাসনা করেন, তাঁহাদিগের যত্ন নিবন্ধন গোপরূপী শ্রীকৃষ্ণ আশু তাঁহাদিগকে আত্মপদ প্রদর্শন করাইয়া থাকেন। যে কৃষ্ণ পূর্ব্বে সৃষ্টিসময়ে ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছেন এবং যিনি সেই ব্রহ্মার জন্য গোপালবিদ্যারূপ বেদসমূহকে রক্ষা করিয়াছিলেন, † মুমুক্ষুগণ সেই প্রেমাত্মবৃত্তিপ্রকাশক ‡ শ্রীকৃষ্ণদেবের শরণ গ্রহণ করিবেন। যাঁহারা গোবিন্দের সেই পঞ্চপদ মন্ত্র ওঙ্কারপুটিত করিয়া জপ করেন, শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে আত্মরূপ দেখাইয়া থাকেন ; সুতরাং মুমুক্ষু মানব অবিনশ্বর শান্তিসুখের জন্য ঐ মন্ত্র অভ্যাস করিবেন। এই পঞ্চপদ অষ্টাদশার্ণ মন্ত্র ব্যতীত শ্রীগোবিন্দের দশার্ণাদি অন্যান্য মন্ত্রও আছে। ভূতিকাম ইন্দ্রাদি সুরগণ যথাবৎ ঐ সকল মন্ত্রের উপাসনা করেন। গোপালতাপনীয়ে আরও লিখিত আছে যে, ব্রহ্মা স্পষ্টরূপে বলিয়াছেন, আমি নিরন্তর ইঁহার ধ্যান ও স্তুতিবাদ করাতে ইনি পরার্দ্ধ-কালান্তে প্রত্যক্ষ দর্শন দিয়াছিলেন, সেই যোগরূপী পুরুষ মদীয় পুরোভাগে প্রাদুর্ভূত হইলেন। তৎপরে আমি প্রণত হইলে তিনি সদয় চিত্তে আমাকে সৃষ্ট্যর্থে অষ্টাদশার্ণময় স্বরূপ অর্পণপূর্ব্বক তিরোহিত হইলেন। পরে পুনরায় আমার সৃষ্টীচ্ছা হইলে আমার

* এক—সজাতীয়, বিজাতীয় ও স্বগতভেদশূন্য। বশী—সকলে যাঁহার বশগত। সর্ব্বগ—দেশ, কাল ও দ্রব্য হইতে অপরিচ্ছিন্ন। কৃষ্ণ—আনন্দময়। ঈড্য—ব্রহ্মাদি দেবগণের স্তবনীয়। এক হইয়াও বহুধা প্রতিভাত হইতেছেন অর্থাৎ বিশ্বসংসার রক্ষার্থ দেহান্তর্গত বায়ুবৎ পূর্ব্বোক্ত পঞ্চরূপে প্রকাশিত হইতেছেন।

† শ্রীকৃষ্ণ পূর্ব্বে ব্রহ্মাকে গোপালবিদ্যারূপ বেদসমূহ উপদেশ দিবার জন্য হয়গ্রীব ও মৎস্যমূর্ত্তি পরিগ্রহ করিয়া প্রলয়জলধি হইতে ঐ বিদ্যার রক্ষা করিয়াছিলেন।

‡ প্রেমাত্মবৃত্তিপ্রকাশক—প্রেম দ্বারা আত্মবুদ্ধিপ্রকাশক অর্থাৎ স্বপ্রকাশক দেব।

তথা চ গৌতমীয়তন্ত্রে।—

ক্লীংকারাদসৃজদ্বিশ্বমিতি প্রাহ শ্রুতেঃ শিরঃ। লকারাৎ পৃথিবী জাতা ককারাজ্জলসম্ভবঃ।
ঈকারাদ্বহ্নিরুৎপন্নো নাদাদ্বায়ুরজায়ত। বিন্দোরাকাশসম্ভূতিরিতি ভূতাত্মকো মনুঃ।
স্বা-শব্দেন চ ক্ষেত্রজ্ঞো হেতি চিৎপ্রকৃতিঃ পরা। তয়োরৈক্য-সমুদ্ভূতির্মুখবেষ্টনবর্ণকঃ।
অতএব হি বিশ্বস্য লয়ঃ স্বাহার্ণকে ভবেৎ॥

পুনশ্চ সা শ্রুতিঃ।—

এতস্যৈব যজনেন চন্দ্রধ্বজো গতমোহয়াত্মানং বেদয়িত্বা ওঁকারান্তরালকং মনুমাবর্ত্তয়ৎ। সঙ্গরহিতোঽভ্যানয়ৎ। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং। তস্মাদেনং নিত্যমভ্যসেদিত্যাদি।

তত্রৈবাগ্রে। তদত্র গাথা।—

যস্য পূর্ব্বপদাদ্ভূমির্দ্বিতীয়াৎ সলিলোদ্ভবঃ। তৃতীয়াত্তেজ উদ্ভূতং চতুর্থাদ্গন্ধবাহনঃ।
পঞ্চমাদম্বরোৎপত্তিস্তমেবৈকং সমভ্যসন্। চন্দ্রধ্বজোঽগমদ্বিষ্ণোঃ পরমং পদমব্যয়ং॥
ততো বিশুদ্ধং বিমলং বিশোক-মশেষলোভাদিনিরস্তসঙ্গং।
যত্তৎ পদং পঞ্চপদং তদেব, স বাসুদেবো ন যতোঽন্যদস্তি॥

সুরভিং গোজাতিং। তদুত্তরাৎ গোপীজনেত্যস্মাৎ বিদ্যাশ্চতুর্দ্দশ। তদুত্তরাৎ বল্লভেত্যাদিতঃ। বেদয়িত্বা বিদিত্বা, অন্যাভ্যো বা বিজ্ঞাপ্য। ওঁকারান্তরালকং প্রণবপুটিতমিত্যর্থঃ। অভিতঃ আনয়ৎ

সম্মুখে প্রাদুর্ভূত হইলেন এবং পুনঃস্তুত হইয়া সেই সমস্ত বর্ণে ভবিষ্যৎ জগতের রূপ প্রকাশ করিলেন। তখন ককার হইতে অপ্, লকার হইতে ক্ষিতি, ঈকার হইতে বহ্নি, বিন্দু হইতে চন্দ্র ও তন্নাদ হইতে সূর্য্য উৎপন্ন হইল; এই প্রকারে ক্লীঁ হইতে এই সমস্ত সৃষ্টি করিলাম। কৃষ্ণা শব্দ হইতে আকাশ, যকার হইতে বায়ু, তৎপরস্থিত গোবিন্দায় হইতে সুরভি অর্থাৎ গোজাতি, তৎপরবর্ত্তী গোপীজন শব্দ হইতে চতুর্দ্দশ বিদ্যা এবং তৎপরস্থিত বল্লভায় এই শব্দ হইতে স্ত্রীপুরুষাদি সকল প্রকাশিত হইল। ঐরূপ গৌতমীয়তন্ত্রেও লিখিত আছে, যথা— উপনিষদ্ ইহা বলিয়াছেন যে, ক্লীঙ্কার হইতে বিশ্ব সৃষ্টি করিলেন; লকার হইতে পৃথিবী সঞ্জাত হইয়াছে, ককার হইতে জলের উদ্ভব হইয়াছে, ঈকার হইতে বহ্নি সমুৎপন্ন হইয়াছে, নাদ হইতে বায়ু জন্মিয়াছে, বিন্দু হইতে ব্যোমের উৎপত্তি হইয়াছে; সুতরাং মন্ত্রই ভূতাত্মক অর্থাৎ মন্ত্রই ভূতসমূহের উপাদান। স্বা শব্দে ক্ষেত্রজ্ঞ (জীব) এবং হা শব্দে চিন্ময়ী পরমা প্রকৃতি বুঝায়। মুখবেষ্টনবর্ণ ঐ উভয়ের ঐক্যসমুদ্ভূতি; সুতরাং স্বাহা এই অক্ষরে বিশ্বের লয় নিশ্চিত হয়। পুনশ্চ উক্ত শ্রুতি বলিয়াছেন যে, চন্দ্রশেখর শিব ঐ পঞ্চপদ অষ্টাদশার্ণ মন্ত্রের উপাসনা দ্বারা বিগতমোহ হইয়া আত্মাকে বিদিত হইয়াছিলেন এবং প্রণবপুটিত করিয়া ঐ মন্ত্র জপ ও নিষ্কাম হইয়া সমীপে আনয়ন করিয়াছিলেন অর্থাৎ অপ্রত্যক্ষ পরমাত্মাকেও প্রত্যক্ষ করিয়াছিলেন। যেরূপ গগনে বিস্তৃত নেত্র স্পষ্টরূপে দ্রব্যাদি নিরীক্ষণ করে, সেইরূপ জ্ঞানী

তমেকং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং পঞ্চপদং বৃন্দাবনসুরভূরুহতলাসীনং সততং সমরুদ্গণো-ঽহং পরময়া স্তুত্যা তোষয়ামীতি।

কিঞ্চ। স্তুত্যনন্তরং।—

অমুং পঞ্চপদং মন্ত্রমাবর্ত্তয়েদ্যঃ স যাত্যনায়াসতঃ কেবলং তৎ। অনেজদেকং মনসো জবীয়ো ন যদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্শাৎ॥ ৮৭॥ তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েত্তং রসয়েত্তং যজে-দিত্যোঁ তৎ সদিতি।

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ। দেবীং প্রতি শ্রীমহাদেবোক্তাষ্টাদশাক্ষরপ্রসঙ্গ এব।—

ধর্ম্মার্থকামমোক্ষাণামীশ্বরো জগদীশ্বরঃ। সন্তি তস্য মহাভাগা অবতারাঃ সহস্রশঃ॥
তেষাং মধ্যেঽবতারাণাং বালত্বমতিদুর্ল্লভং। অমানুষাণি কর্ম্মাণি তানি তানি কৃতানি চ॥
শাপানুগ্রহকর্ত্তৃত্বে যেন সর্ব্বং প্রতিষ্ঠিতং। তস্য মন্ত্রং প্রবক্ষ্যামি সাঙ্গোপাঙ্গমনুত্তমং॥

সাধয়ামাস। যস্য পূর্ব্বপদাদিত্যাদি চ কল্পান্তরে প্রকারান্তরাভিপ্রায়েণ। পূর্ব্বমর্শাৎ পরামর্শাৎ। যদ্বা পূর্ব্বেষাং মর্শাৎ বিচারাদপীতি॥ ৮৭॥ বালত্বং শৈশবং চাঞ্চল্যং বা। যেন বালত্বেন হেতুনা সর্ব্বং জগৎ শপনেঽনুগ্রহণে চ প্রতিষ্ঠাং প্রাপ্তং তদ্বাল্যচরিত্রমহিম্না বিশ্বমেব সর্ব্বার্থশক্তিবিশেষ-যুক্ত-মভূদিত্যর্থঃ। শ্রেষ্ঠঃ সর্ব্বার্থসাধনে পরমোত্তমঃ। যথা চিন্তামণ্যাদয়ঃ সর্ব্বার্থসাধকাঃ তথা মন্ত্রোত্তমোঽসৌ অষ্টাদশাক্ষরমন্ত্রোঽপি সর্ব্বার্থসাধক ইত্যর্থঃ। যদ্বা যথা মণিষু চিন্তামণিঃ শ্রেষ্ঠঃ,

---

ব্যক্তিরা নিরন্তর বিষ্ণুর ঐ পরমপদ দর্শন করিয়া থাকেন; সুতরাং নিরন্তর ইহা অভ্যাস করিবে। ইত্যাদি। গোপালতাপনীয়ের অগ্রে লিখিত আছে, যথা—সুতরাং এতদ্বিষয়ে এই গাথা আছে যে, যাহার প্রথমপদ হইতে ভূমি, দ্বিতীয়পদ হইতে অপ্, তৃতীয়পদ হইতে তেজঃ, চতুর্থ পদ হইতে গন্ধবহ (অনিল) ও পঞ্চমপদ হইতে ব্যোমের উদ্ভব হইয়াছে, চন্দ্রধ্বজ মহাদেব এক-মাত্র সেই অষ্টাদশার্ণ মন্ত্র জপ করিয়া বিষ্ণুর অব্যয় পরমপদে প্রয়াণ করিয়াছেন। অতএব বিশুদ্ধ, বিমল, বিশোক, লোভাদি-বর্জ্জিত, নিরস্তসঙ্গ পঞ্চপদই তৎপদস্বরূপ এবং উহাই বাসু-দেবস্বরূপ; সেই বাসুদেব ভিন্ন আর অন্য কিছুই নাই। আমি মরুদ্গণ সহ মিলিত হইয়া সেই পঞ্চপদময়, বৃন্দাবনে কল্পতরুমূলে সমাসীন, নিত্যানন্দমূর্ত্তি, অদ্বিতীয় গোবিন্দকে পরমস্তব দ্বারা নিরন্তর প্রীত করি। স্তুত্যন্তে আরও লিখিত আছে যে, যে ব্যক্তি এই পঞ্চপদ মন্ত্র অধ্যয়ন করেন, তিনি একমাত্র, উৎপত্তিরহিত, মনেরও দূরবর্ত্তী, দেবগণ কর্ত্তৃকও চিন্তা দ্বারা অপ্রাপ্য সেই অদ্বয় পদার্থকে অনায়াসে প্রাপ্ত হইয়া থাকেন। ৮৭। সুতরাং কৃষ্ণই পরমদেব, তাঁহাকে ধ্যান করিবে, কীর্ত্তন প্রভৃতি দ্বারা তাঁহাকে আস্বাদন করিবে এবং তাঁহার অর্চ্চনা করিবে। তিনিই সৎ সন্দেহ নাই *। ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে অষ্টাদশাক্ষর-মন্ত্রপ্রসঙ্গে দেবীর প্রতি মহাদেবোক্তি যথা—জগদীশ্বর কৃষ্ণই ধর্ম্মার্থকামমোক্ষের ঈশ্বর। তাঁহার সহস্র সহস্র মহৈশ্বর্য্যপূর্ণ

---

* সৎ—অস্তিত্বসম্পন্ন বস্তুবিশেষ।

যস্য বিজ্ঞানমাত্রেণ নরঃ সর্ব্বজ্ঞতামিয়াৎ ।　পুত্রার্থী পুত্রমাপ্নোতি ধনার্থী লভতে ধনং ॥
সর্ব্বশাস্ত্রার্থপারজ্ঞো ভবত্যেব ন সংশয়ঃ ।　ত্রৈলোক্যঞ্চ বশীকুর্য্যাৎ ব্যাকুলীকুরুতে জগৎ ॥
মোহয়েৎ সকলং সোঽপি মারয়েৎ সকলান্ রিপূন্ । বহুনা কিমিহোক্তেন মুমুক্ষুর্মোক্ষমাপ্নুয়াৎ॥
যথা চিন্তামণিঃ শ্রেষ্ঠো যথা গৌশ্চ যথা সতী । যথা দ্বিজো যথা গঙ্গা তথাসৌ মন্ত্র উত্তমঃ ॥
যথাবদখিলশ্রেষ্ঠং যথা শাস্ত্রন্তু বৈষ্ণবং ।　যথা সুসংস্কৃতা বাণী তথাসৌ মন্ত্র উত্তমঃ ॥ ৮৮ ॥

কিঞ্চ ।—অতো ময়া পরেশানি প্রত্যহং জপ্যতে মনুঃ । নৈতেন সদৃশঃ কশ্চিজ্জগত্যস্মিংশ্চরাচরে॥

শ্রীসনৎকুমারকল্পেঽপি ।—

গোপালবিষয়া মন্ত্রাস্ত্রয়স্ত্রিংশৎ প্রভেদতঃ ।　তেষু সর্ব্বেষু মন্ত্রেষু মন্ত্ররাজমিমং শৃণু ॥
সুপ্রসন্নমিমং মন্ত্রং তন্ত্রে সম্মোহনাহ্বয়ে ।　গোপনীয়স্ত্বয়া মন্ত্রো যত্নেন মুনিপুঙ্গব ॥
অনেন মন্ত্ররাজেন মহেন্দ্রত্বং পুরন্দরঃ ।　জগাম দেবদেবেশো বিষ্ণুনা দত্তমঞ্জসা ॥
দুর্ব্বাসসঃ পুরা শাপাদসৌভাগ্যেন পীড়িতঃ ।　স এব সুভগত্বং বৈ তেনৈব পুনরাপ্তবান্ ॥
বহুনা কিমিহোক্তেন পুরশ্চরণসাধনৈঃ । বিনাপি জপমাত্রেণ লভতে সর্ব্বমীপ্সিত ॥ ৮৯ ॥ ইতি ।
প্রভুং শ্রীকৃষ্ণচৈতন্যং তং নতোঽস্মি গুরূত্তমং । কথঞ্চিদাশ্রয়াদ্যস্য প্রাকৃতোঽপ্যুত্তমো ভবেৎ ॥৯০

গোষু গৌঃ কামধেনুঃ, যদ্বা পশুষু গৌঃ, নারীষু চ সতী, বর্ণেষু বিপ্রঃ, নদীষু গঙ্গা, তথাসৌ মন্ত্রেষূত্তম ইত্যর্থঃ । এবমগ্রেঽপি । যথাবৎ সম্যক্তয়া । অখিলেষু শাস্ত্রেষু শ্রেষ্ঠং ॥ ৮৮ ॥ মুনিপুঙ্গব হে নারদ ॥ ৮৯ ॥ এবং তত্তন্মাহাত্ম্যলিখনেঽযোগ্যস্যাপ্যাত্মনো ভগবন্মহামহিম্না যোগ্যতাং সম্ভাবয়ন্ পরমগুরুং শ্রীভগবন্তং প্রণমতি প্রভুমিতি ॥ ৯০ ॥

অবতার বিদ্যমান আছে, সেই অবতারসমুদায়ের মধ্যে বালত্ব (বালভাব বা চাঞ্চল্য) অতীব দুর্লভ। যে বালভাবে জগদ্বিদিত নানারূপ অমানুষ কর্ম্ম সম্পাদিত হইয়াছে, যাহা দ্বারা এই বিশ্ব দণ্ড ও অনুগ্রহ এই উভয় কার্য্যেই প্রতিষ্ঠা প্রাপ্ত হইয়াছে, আমি সেই বালভাবের সাঙ্গোপাঙ্গ অত্যুত্তম মন্ত্র বর্ণন করিতেছি। ইহা পরিজ্ঞাত হইলে মানব সর্ব্বজ্ঞতা লাভ করিতে পারে। উহার প্রসাদে পুত্রার্থী পুত্র প্রাপ্ত হয়, ধনার্থী ধন লাভ করে এবং মানব সর্ব্ব-শাস্ত্রার্থে পারদর্শী হয় সন্দেহ নাই। ইহার প্রসাদে ত্রিভুবন বশীভূত করিতে পারে, জগৎ ব্যাকু-লিত করিতে সমর্থ হয়, সকলকে বিমোহিত করিতে পারে, রিপুকুল-সংহারে সক্ষম হয়, অধিক কি, মুমুক্ষু ব্যক্তি মুক্তি লাভ করিয়া থাকে। যেরূপ মণিসমূহের মধ্যে চিন্তামণি, যেরূপ গো-সকলের মধ্যে কামধেনু, যেমন নারীসমূহের মধ্যে সতী, যেরূপ বর্ণের মধ্যে দ্বিজাতি এবং যেরূপ নদীসকলের মধ্যে গঙ্গা প্রধান, তদ্রূপ সমস্ত মন্ত্রের মধ্যে এই মন্ত্রই শ্রেষ্ঠ। যেরূপ বৈষ্ণব-শাস্ত্রই অখিল শাস্ত্রের শ্রেষ্ঠ, যেমন সুসংস্কৃতা বাণীই বাক্যসমূহের প্রধান, সেইরূপ যাবতীয় মন্ত্রের মধ্যে এই মন্ত্রই উৎকৃষ্ট। ৮৮। আরও বলি, হে দেবেশানি! এই হেতুই আমি নিত্য এই মন্ত্র জপ করি, ইহার তুল্য মন্ত্র এই চরাচর জগতে আর নাই। সনৎকুমারকল্পেও লিখিত আছে যে, সুগোপালবিষয়ক মন্ত্রসহ রূপভেদে ত্রয়স্ত্রিংশদ্বিধ; ঐ সমস্ত মন্ত্রের মধ্যে

অথাধিকারিনির্ণয়ঃ।

তান্ত্রিকেষু চ মন্ত্রেষু দীক্ষায়াং যোষিতামপি। সাধ্বীনামধিকারোঽস্তি শূদ্রাদীনাঞ্চ সদ্ধিয়াং॥
তথা চ স্মৃত্যর্থসারে। পাদ্মে চ বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসংবাদে।—

আগমোক্তেন মার্গেণ স্ত্রীশূদ্রৈশ্চৈব পূজনং। কর্ত্তব্যং শ্রদ্ধয়া বিষ্ণোশ্চিন্তয়িত্বা পতিং হৃদি।
শূদ্রাণাং চৈব ভবতি নাম্না বৈ দেবতার্চ্চনং। সর্ব্বে চাগমমার্গেণ কুর্য্যুর্বেদানুসারিণা॥
স্ত্রীণামপ্যধিকারোঽস্তি বিষ্ণোরারাধনাদিষু। পতিপ্রিয়হিতানাঞ্চ শ্রুতিরেষা সনাতনী॥

অগস্ত্যসংহিতায়াং শ্রীরামমন্ত্ররাজমুদ্দিশ্য।—

শুচিব্রততমাঃ শূদ্রা ধার্ম্মিকা দ্বিজসেবকাঃ। স্ত্রিয়ঃ পতিব্রতাশ্চান্যে প্রতিলোমানুলোমজাঃ।
লোকাশ্চণ্ডালপর্য্যন্তাঃ সর্ব্বেঽপ্যত্রাধিকারিণঃ॥ ৯১॥ ইতি।

গুরুশ্চ সিদ্ধসাধ্যাদিমন্ত্রদানে বিচারয়েৎ। স্বকুলান্যকুলত্বঞ্চ বালপ্রৌঢ়ত্বমেব চ।
স্ত্রী-পুং-নপুংসকত্বঞ্চ রাশিনক্ষত্র-মেলনং। সুপ্ত-প্রবোধ-কালঞ্চ তথা ঋণ-ধনাদিকং॥ ৯২॥

সদ্ধিয়াং উত্তমবুদ্ধীনাং বিপ্রসেবাদিপরাণামিত্যর্থঃ॥ ৯১॥ রাশিমেলনং নক্ষত্রমেলনঞ্চ। আদিশব্দেন রাশিশুদ্ধিরিত্যেবমষ্টধা শোধনং জ্ঞেয়ং॥ ৯২॥

এই মন্ত্ররাজ আকর্ণন কর। সম্মোহনাখ্যতন্ত্রে এই মন্ত্র বাঞ্ছিতপ্রদ বলিয়া অভিহিত। হে মুনিপুঙ্গব নারদ! তুমি সযত্নে এই মন্ত্র গোপনে রাখিবে। দেবদেবেশ্বর পুরন্দর এই মন্ত্র-রাজের প্রসাদে অবহেলে বিষ্ণুদত্ত মহেন্দ্রপদ লাভ করিয়াছিলেন। পূর্ব্বকালে দেবরাজ দুর্ব্বাসার শাপে অসৌভাগ্যে প্রপীড়িত হইয়া এই মন্ত্ররাজের প্রসাদে পুনরায় সৌভাগ্য প্রাপ্ত হইয়াছিলেন। এ বিষয়ে অধিক আর কি বলিব, পুরশ্চরণ ও সাধন ব্যতিরেকেও এই মন্ত্র জপমাত্রে সকলপ্রকার ঈপ্সিত লাভ করা যায়। ৮৯। (এইরূপে গ্রন্থপ্রণেতা তত্তন্মন্ত্র-মহিমবর্ণনবিষয়ে স্বীয় অযোগ্যতা জ্ঞানে ভগবানের মহামাহাত্ম্য দ্বারা যোগ্যত্ব সম্ভাবনা পূর্ব্বক্ পরমগুরু শ্রীভগবান্‌কে প্রণতি করিতেছেন।)—যাঁহার কিঞ্চিন্মাত্র আশ্রয় বশতঃ প্রাকৃত জনও উত্তম হয়, আমি সেই গুরূত্তম শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুকে প্রণাম করি। ৯০।

বিন্যাস করত গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিয়া ওঁকার জপ করিতে করিতে সেই কুশসমূহের উপর যথাযথরূপে কলস স্থাপন করিবেন *। ৩৩। বহ্নির দশকলা কথিত হইয়াছে, যথা—ধূম্রার্চ্চি, উষ্মা, জ্বলনী, জ্বালিনী, বিস্ফুলিঙ্গিনী, সুশ্রী, সুরূপা, কপিলা, হব্যবহা এবং কব্যবহা। ৩৪। অনুলোমক্রমে কাদি ঠান্ত ও বিলোমক্রমে ভাদি ডান্ত বর্ণসমূহের সহিত সমন্বিত করিয়া সূর্য্যের দ্বাদশ কলা ঐ কলসে বিন্যাস পূর্ব্বক অর্চ্চনা করিবেন। সূর্য্যের দ্বাদশ কলা কথিত আছে, যথা—তপনী, ধূম্রা, ভ্রামরী, জ্বালিনী, রুচি, সুষুম্না, ভোগদা, বিশ্বা, বোধিনী, ধারিণী ও ক্ষমা †। ৩৫। উক্ত প্রকারে আধারস্বরূপ অগ্নিকে ও কুম্ভরূপী

---

* স্পষ্টার্থ যথা,—শাস্ত্রবিদ্‌গণের মতাবলম্বী হইয়া লোহিতবর্ণ নূতন ছিদ্রহীন কলসকে কন্যাহস্ত দ্বারা প্রস্তুত মনোহর ত্রিগুণীকৃত কার্পাসসূত্রে বারত্রয় বেষ্টন করিবে। "ফট্" এই মন্ত্র পাঠ করত বেষ্টন করিতে হয়। এইরূপ করিয়া উহা অগুরু ও ধূপধূমসমন্বিত করত বিন্যাস করিবে।

† কং ভং তপন্যৈ নমঃ। খং বং তাপন্যৈ নমঃ, গং ফং ধূম্রায়ৈ নমঃ, ঘং পং ভ্রামর্য্যৈ নমঃ" সূর্য্যের দ্বাদশ কলা প্রয়োগের মন্ত্র ইত্যাদি রবীত্যনুসারেবিয়া লইতে হয়।

কুম্ভঞ্চ বিধিনা তীর্থাম্বুনা শুদ্ধেন পূরয়েৎ। জলে চেন্দুকলা ন্যস্য সস্বরাঃ ষোড়শার্চ্চয়েৎ ॥৩৭॥
তাশ্চোক্তাঃ।—অমৃতা মানদা পূষা তুষ্টিঃ পুষ্টী রতির্ধৃতিঃ।
শশিনী চন্দ্রিকা কান্তির্জ্যোৎস্না শ্রীঃ প্রীতিরঙ্গদা।
পূর্ণা পূর্ণামৃতা চেতি ॥ ৩৮ ॥

অথ শঙ্খস্থাপনবিধিঃ।

শুদ্ধাম্বুপূরিতে শঙ্খে ক্ষিপ্ত্বা গন্ধাষ্টকং কলাঃ। আবাহ্য সর্ব্বাস্তাঃ প্রাণপ্রতিষ্ঠামাচরেৎ ক্রমাৎ ॥৩৯॥

অন্তর্মধ্যে শুক্লকুসুমাদিকং ক্ষিপেৎ। সসিতং সশর্করং। তদুক্তং। প্রোত্তোলয়িত্বা তন্মধ্যে শুক্লপুষ্পং সিতাযুতং। স্বর্ণং রত্নঞ্চ কূর্চ্চঞ্চ মূলেনৈব বিনিক্ষিপেদিতি। যচ্চ মূলগ্রন্থার্থাদধিকং কিঞ্চিল্লিখ্যতে তৎ পূর্ব্বগতস্য যথোদিতমিত্যস্যানুবর্ত্তনাদিতি জ্ঞেয়ং ॥ ৩৬ ॥ বিধিনেতি পীঠ-কুম্ভয়োরৈক্যং বিচিন্ত্য বিলোমপঠিতৈঃ ক্ষকারাদ্যৈরকারান্তৈর্মাতৃকাক্ষরৈর্বারত্রয়ং মূলমন্ত্রজপেন কুম্ভং তং কেবলবিমলতীর্থোদকেন পূরয়েৎ। অত্র চ শক্তৌ কর্পূরাদিজলৈঃ গব্যদুগ্ধৈঃ সর্ব্বৌ-ষধিজলৈঃ ক্ষীরদ্রুমাদি-ক্বাথজলৈরন্যৈর্ব্বা মহৌষধিতোয়ৈঃ পূরয়েদিতি। স্বরাঃ অকারাদ্যা-শ্চতুর্দ্দশ। সাহচর্য্যাদ্বিসর্গানুস্বারৌ চেতি ষোড়শ। তৎসহিতা ইন্দোঃ কলাঃ ষোড়শ কুম্ভোদকৈ-র্বিধিনা ক্রমেণ ন্যস্য পুষ্পাদিনা পূজয়েৎ ॥ ৩৭ ॥ জ্যোৎস্না চৈকা শ্রীশ্চৈকা। পূর্ণা চৈকা পূর্ণামৃতা চৈকা ইতি দ্বে। প্রয়োগশ্চ অং অমৃতায়ৈ নম ইত্যাদি ॥ ৩৮ ॥

অথ শঙ্খপূরণবিধিং দর্শয়তি শুদ্ধেতি। পূর্ব্বশ্লোকস্থং বিধিনেত্যনুবর্ত্তত এব। অতো হি মূলমন্ত্রেণ শুদ্ধাম্বুনা পরিপূরিতে। শক্তৌ চ পূর্ব্ববৎ কর্পূরজলাদিনা পূরিত ইতি জ্ঞেয়ং। তাঃ পূর্ব্বোক্তাঃ। বহ্ন্যর্কেন্দুকলাঃ সর্ব্বাঃ শঙ্খ এব ক্রমাৎ পৃথক্ পৃথগাবাহ্য তাসাং প্রাণপ্রতিষ্ঠাং

সূর্য্যকে চিন্তা করিয়া মন্ত্র পাঠ করত কুম্ভমধ্যে সশর্কর, সাক্ষত, শুক্ল পুষ্প এবং সরত্ন স্বর্ণ ও কুশ নিক্ষেপ করিবেন। ৩৬। তৎপরে যথাবিধানে * বিশুদ্ধ তীর্থাম্বু দ্বারা কুম্ভ পরিপূর্ণ করিতে হয়। তদনন্তর সেই কলসস্থিত সলিলে ষোড়শস্বরসমন্বিত ষোড়শসংখ্য ইন্দুকলা বিন্যাস করত অর্চ্চনা করিবেন। ৩৭। চন্দ্রের ষোড়শকলা কথিত আছে, যথা—(১) অমৃতা, (২) মানদা, (৩) পূষা, (৪) তুষ্টি, (৫) পুষ্টি, (৬) রতি, (৭) ধৃতি, (৮) শশিনী, (৯) চন্দ্রিকা, (১০) কান্তি, (১১) জ্যোৎস্না, (১২) শ্রী, (১৩) প্রীতি, (১৪) অঙ্গদা, (১৫) পূর্ণা, ও (১৬) পূর্ণামৃতা। ৩৮ ॥ †

অনন্তর শঙ্খস্থাপনবিধি।—বিশুদ্ধ বারিপূরিত শঙ্খমধ্যে গন্ধাষ্টক নিক্ষেপ পূর্ব্বক সেই শঙ্খ-জলে সেই সকল চন্দ্রকলা আহ্বান করত যথাক্রমে তাহাদিগের প্রাণপ্রতিষ্ঠা করিবেন। ৩৯।

* যথাবিধানে বলার তাৎপর্য্য এই যে, পীঠ ও কুম্ভের ঐক্য চিন্তা পূর্ব্বক বিলোমপঠিত ক্ষকারাদি অকারান্ত মাতৃকাক্ষরস্বরূপ মূলমন্ত্র বারত্রয় জপ করিয়া কেবল বিমল-তীর্থোদকে কুম্ভ পরিপূর্ণ করিবে। সক্ষম হইলে কর্পূরাদিবাসিত জল দ্বারা, গব্যদুগ্ধ দ্বারা, পঞ্চগব্য দ্বারা, সর্ব্বৌষধিসলিল দ্বারা, ক্ষীরদ্রুমাদিক্বাথজল অর্থাৎ বট প্রভৃতি বৃক্ষের ক্বাথ দ্বারা, অন্য জল দ্বারা অথবা মহৌষধিসলিল দ্বারা কুম্ভ পরিপূরিত করিতে পারেন।

† এই সকলের প্রয়োগ যথা—"অং অমৃতায়ৈ নমঃ" ইত্যাদি অর্থাৎ পূজাকালে এইরূপ নিয়মে মন্ত্র প্রয়োগ করিবেন।

গন্ধাষ্টকঞ্চোক্তং।—

উশীরং কুঙ্কুমং কুষ্ঠং বালকং চাগুরু মুরা। জটামাংসী চন্দনঞ্চেতীষ্টং গন্ধাষ্টকং হরেঃ॥৪০॥ ইতি কৈশ্চিচ্চন্দন-কর্পূরাগুরু-কুঙ্কুম-রোচনাঃ। কক্কোলকপিমাংস্যশ্চ গন্ধাষ্টকমিদং মতং॥ ৪১॥

তথৈবাকারজা বর্ণৈঃ কাদিভির্দশভির্দ্দশ। উকারজাষ্টকারাদ্যৈঃ পকারাদ্যৈর্ম্মকারজাঃ। চতস্রো বিন্দুজাঃ যাদ্যৈশ্চতুর্ভির্নাদজাঃ কলাঃ। স্বরৈঃ ষোড়শভির্যুক্তা ন্যসেচ্ছঙ্খে চ ষোড়শ॥ তাশ্চোক্তাঃ।—সৃষ্টিঋর্দ্ধিঃ স্মৃতির্মেধা কান্তির্লক্ষ্মীর্ধৃতিঃ স্থিরা।

স্থিতিঃ সিদ্ধিরকারোত্থাঃ কলা দশ সমীরিতাঃ। জরা চ পালিনী শান্তিরৈশ্বরী রতিকামিকে। বরদা হ্লাদিনী প্রীতির্দীর্ঘা চোকারজাঃ কলাঃ। তীক্ষ্ণা রৌদ্রা ভয়া নিদ্রা তন্দ্রী ক্ষুৎ ক্রোধনী ক্রিয়া। উৎকারী চৈব মৃত্যুশ্চ মকারাক্ষরজাঃ কলাঃ। বিন্দোরপি চতস্রঃ স্যুঃ পীতা শ্বেতারুণাসিতা॥৪২॥ নিবৃত্তিশ্চ প্রতিষ্ঠা চ বিদ্যা শান্তিস্তথৈব চ। ইন্ধিকা দীপিকা চৈব রেচিকা মোচিকা পরা। সূক্ষ্মা তথামৃতা জ্ঞানাজ্ঞানা চাপ্যায়নী তথা। ব্যাপিনী ব্যোমরূপা চ অনন্তা নাদসম্ভবাঃ॥৪৩॥ ইতি

ক্রমণৈব কুর্য্যাৎ। তত্তৎপ্রাণপ্রতিষ্ঠাপ্রকারশ্চ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকাটীকাদি-গ্রন্থান্তরতো বিজ্ঞেয়ঃ॥ ৩৯॥ ইত্যেতৎ গন্ধাষ্টকং হরেঃ শ্রীকৃষ্ণস্য ইষ্টং প্রিয়ং॥ ৪০॥ কপিঃ শিহ্লকঃ॥ ৪১॥ অথ পঞ্চাশৎপ্রণবকলানাং ন্যাসং লিখতি তথৈবেতি। অকারজা দশ কলাঃ ককারাদিভির্দ্দশভির্বর্ণৈর্যুক্তাস্তস্মিন্নেব শঙ্খে ন্যসেদিতি দ্বাভ্যামন্বয়ঃ। দশভিরিতি চানুবর্ত্তত এব। অত উকারজা দশ টকারাদ্যৈর্দশভির্বর্ণৈর্যুক্তাঃ। দশেতি মকারজাশ্চ দশ পকারাদ্যৈর্দশভির্যুক্তা ইতি জ্ঞেয়ং। যকারাদ্যৈশ্চতুর্ভির্বর্ণৈর্যুক্তাশ্চতস্রো বিন্দুজাঃ কলা ন্যসেৎ। নাদজাঃ ষোড়শ চ কলাঃ ষোড়শভিঃ স্বরৈঃ অকারাদিভির্যুক্তা ন্যসেৎ॥ ৪২॥ নিবৃত্ত্যাদয়ো নাদজাঃ

গন্ধাষ্টকের বিষয় কথিত আছে, যথা—উশীর, কুঙ্কুম, কুষ্ঠ, বালক, অগুরু, মুরা, জটামাংসী, চন্দন এই আটটীকে গন্ধাষ্টক কহে, ইহা শ্রীহরির প্রীতিকর *।৪০। কোন কোন মহাত্মা চন্দন, কর্পূর, অগুরু, কুঙ্কুম, রোচনা, কক্কোল, কপি, † ও জটামাংসী এই কয়টীকেই গন্ধাষ্টক বলিয়া স্বীকার করেন। ৪১। উক্তপ্রকারেই ককারাদি দশবর্ণের সহিত অকারজাত দশকলা, টকারাদি দশবর্ণের সহিত উকারজাত দশকলা, পকারাদি দশবর্ণের সহিত মকারজাত দশকলা, যকারাদি বর্ণচতুষ্টয়ের সহিত বিন্দুজ চারিটী কলা এবং ষোড়শসংখ্য স্বরবর্ণের সহিত নাদজ ষোড়শকলা সংযুক্ত করিয়া সেই শঙ্খে বিন্যাস করিবেন। কলা সকল কথিত আছে, যথা—সৃষ্টি, ঋদ্ধি, স্মৃতি, মেধা, কান্তি, লক্ষ্মী, ধৃতি, স্থিরা, স্থিতি ও সিদ্ধি এই দশটী অকারোত্থ কলা বলিয়া উদাহৃত হয়। জরা, পালিনী, শান্তি, ঐশ্বরী, রতি, কামিকা, বরদা, হ্লাদিনী, প্রীতি ও দীর্ঘা এই দশটী উকারোত্থ; তীক্ষ্ণা, রৌদ্রা, ভয়া, নিদ্রা, তন্দ্রী, ক্ষুৎ, ক্রোধনী, ক্রিয়া, উৎকারী ও মৃত্যু এই দশটী কলা মকারোত্থ; এবং পীতা, শ্বেতা, অরুণা ও অসিতা এই চারিটী

---

* উশীর—বীরণমূল অর্থাৎ বেণার শিকড়। কুঙ্কুম—জাফরাণ। কুষ্ঠ—কুড়। বালক—বালা। মুরা—তালপর্ণী। চন্দন—শ্বেতচন্দন। † কপি—শিহ্লক অর্থাৎ শিলারস।

ন্যাসং কলানাং সর্ব্বাসাং কুর্য্যাদেকৈকশঃ ক্রমাৎ।
নামোচ্চার্য্য চতুর্থ্যন্তং তত্তদ্বর্ণৈর্নমোঽন্তকং ॥ ৪৪ ॥

পূর্ব্বং প্রাণপ্রতিষ্ঠায়াস্তাসামাবাহনাৎ পরং। ঋচঃ পঞ্চ যথাস্থানং পঠেত্তাশ্চার্চ্চয়েৎ কলাঃ।
হংসঃ শুচিষদিত্যাদৌ প্রতদ্বিষ্ণুস্ততঃ পরং। ত্রিয়ম্বকং তৎসবিতুর্বিষ্ণুর্যোনিমিতি ক্রমাৎ ॥ ৪৫ ॥
তত্র শঙ্খোদকং কুম্ভে মূলমন্ত্রেণ নিক্ষিপেৎ। পিদধ্যাত্তন্মুখং শক্রবল্লীচূতাদি-পল্লবৈঃ ॥ ৪৬ ॥

ষোড়শ। ক্বচিচ্চ সূক্ষ্মাসূক্ষ্মেতি পাঠঃ। ততশ্চ সূক্ষ্মা একা সূক্ষ্মামৃতা চৈকা, পূর্ণা পূর্ণামৃতা চেতি-বৎ। কেষাঞ্চিন্মতে চ অনন্তা ইতি বহুবচনান্তং নাদসম্ভবা ইত্যস্য বিশেষণং। তথা চ সারদা-তিলকে।—অনন্তাঃ স্বরসংযুতা ইতি। ততশ্চ সূক্ষ্মা একা অসূক্ষ্মা চৈকা মৃতা চৈকেতি তিস্রঃ ॥ ৪৩ ॥ ন্যাসপ্রকারং লিখতি ন্যাসমিতি। তৈস্তৈঃ প্রাগুদ্দিষ্টৈর্বর্ণৈঃ সহ। প্রয়োগশ্চ কং সৃষ্ট্যৈ নম ইত্যাদি। কেচিচ্চ প্রণবাদ্যমেব সর্ব্বং তত্তন্ন্যাসমাহুঃ। তথান্যে চ অকারকলানাং পাদদ্বয়সন্ধ্যগ্রেষু উকারকলানাঞ্চ করদ্বয়সন্ধ্যগ্রেষু মকারকলানাঞ্চ গুদাদ্যঙ্গেষু দশসু বিন্দু-কলানাঞ্চ কণ্ঠচিবুকভ্রূদ্বয়েষু নাদকলানাঞ্চ তত্তন্ন্যাসস্থানেষু প্রকারভেদেন ন্যাসমাহুঃ। তত্তৎ-প্রতিষ্ঠাদিবিধিশ্চ শ্রীপুরুষোত্তমবন-বিরচিতক্রমদীপিকাটীকাদিগ্রন্থতো বিশেষেণাবগন্তব্যঃ ॥ ৪৪ ॥ কিঞ্চ পূর্ব্বমিতি তাসামকারজাদিকলানাং। যথাস্থানমিতি শঙ্খজলেঽকারপ্রভবাণাং কলানা-মাবাহনানন্তরং প্রাণপ্রতিষ্ঠায়াশ্চ প্রাক্ হংসঃ শুচিষদিত্যচম্, উকারপ্রভবাণাঞ্চ প্রতদ্বিষ্ণুরিতি, মকারপ্রভবাণাঞ্চ ত্রিয়ম্বকমিতি, বিন্দুপ্রভবাণাঞ্চ তৎসবিতুরিতি, নাদপ্রভবাণাঞ্চ বিষ্ণু-র্যোনিমিতি ক্রমাৎ পঠেদেতি জ্ঞেয়ং। ক্বচিচ্চ ত্র্যম্বকমিতি পাঠঃ ॥ ৪৫ ॥ তৎকলান্যাসসংস্কৃতঞ্চ

বিন্দুত্থ অর্থাৎ অনুস্বারজাত কলা বলিয়া পরিকীর্ত্তিত। ৪২। নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিদ্যা, শান্তি, ইন্ধিকা, দীপিকা, রেচিকা, মোচিকা, সূক্ষ্মা, অসূক্ষ্মা, মৃতা, জ্ঞানা, অজ্ঞানা, আপ্যায়নী, ব্যাপিনী ও ব্যোমরূপা এই ষোড়শসংখ্য কলা স্বরসংযুক্ত ও নাদোত্থ অর্থাৎ চন্দ্রবিন্দু হইতে সঞ্জাত * ।৪৩। তত্তদ্বর্ণের সহিত চতুর্থ্যন্ত নাম উচ্চারণ পূর্ব্বক অন্তে নমঃশব্দ যোগ করত একে একে ঐ সকল কলা ন্যাস করিবে অর্থাৎ অগ্রে যে সমস্তবর্ণ উক্ত হইল, সেই সমস্তের সহিত চতুর্থীবিভক্তিযুক্ত নামসমূহ উচ্চারণ পূর্ব্বক অন্তে নমঃ শব্দ যোগ দিয়া কলাসকল একে একে স্থাপন করিতে হয় † ।৪৪। ঐ সমস্তের আবাহনের পরে এবং প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে যথাস্থানে ঋক্‌পঞ্চক পাঠ এবং কলাসমূহের অর্চ্চনা করিবেন। প্রথমতঃ "হংসঃ", তৎপরে "প্রতদ্বিষ্ণুঃ", পরে "ত্রিয়ম্বকং", তদনন্তর "তৎসবিতুঃ" পরে "বিষ্ণুর্যোনিং" যথাক্রমে এই ঋক্‌পঞ্চক উচ্চারণ করিতে হয় ।৪৫। ‡

---

* এই ষোড়শ কলা নাদোত্থ, কেহ কেহ এইরূপ অর্থ করেন।

† প্রয়োগ যথা;—"কং সৃষ্ট্যৈ নমঃ, খং ঋদ্ধ্যৈ নমঃ," ইত্যাদি প্রকারে ন্যাস করিবে। কোন কোন পণ্ডিত কেবলমাত্র প্রথমে প্রণবসংযুক্ত করিয়াই ঐ সকলের ন্যাস করিয়া থাকেন। অপর অনেক মহাত্মা পাদদ্বয়সন্ধ্যগ্রে অকারজাত কলার, করদ্বয়সন্ধ্যগ্রে উকারজাত কলার, গুহাদি দশ অঙ্গে মকারজাত কলার, কণ্ঠ চিবুক ও ভ্রূদ্বয়ে বিন্দুজাত কলার এবং তত্তন্ন্যাসস্থানসকলে নাদজ কলার ন্যাস করেন। ক্রমদীপিকার টীকাদি গ্রন্থে এই সকলের প্রতিষ্ঠাদিবিধি সবিস্তার লিখিত আছে।

‡ এই শ্লোকে "যথাস্থানে" বলার তাৎপর্য্য এই যে, শঙ্খজলে অকারজাত কলার আবাহনানন্তর ও প্রাণপ্রতিষ্ঠার

শরাবেণাথ পুষ্পাদিযুক্তেনাচ্ছাদ্য তৎ পুনঃ। সংবেষ্ট্য বস্ত্রযুগ্মেন ততঃ কুম্ভঞ্চ মণ্ডয়েৎ ॥ ৪৭ ॥

অথ কুম্ভে ভগবৎপূজাবিধিঃ।

তস্মিন্নাবাহ্য কলসে পরং তেজো যথাবিধি। সকলীকৃত্য চাচার্য্যঃ পূজয়েদাসনাদিভিঃ॥
সকলীকরণং চোক্তং।—দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ ॥ ৪৮ ॥

কেচিচ্চাহুঃ করন্যাসপীঠন্যাসৌ বিনাখিলৈঃ।
ন্যাসৈস্তত্তেজসঃ সাঙ্গীকরণং সকলীকৃতিঃ ॥ ৪৯ ॥
এবঞ্চ কুম্ভে তং সাঙ্গোপাঙ্গং সাবরণং প্রভুং।
অগ্রতোলেখ্যবিধিনার্চ্চয়েদ্ভোজ্যার্পণাবধি ॥ ৫০ ॥

শঙ্খস্থমুদকং কুম্ভে প্রাক্ স্থাপিতে তস্মিন্ অর্পয়েৎ। তস্য কুম্ভস্য মুখং শক্রবল্ল্যা ইন্দ্রবল্ল্যা, আম্রাদিপল্লবৈশ্চাচ্ছাদয়েৎ। আদিশব্দাদশ্বত্থাদি ॥ ৪৬ ॥ তং কুম্ভমুখং পুষ্পাদিসহিতেন শরাবেণ পুনরুপরি আচ্ছাদ্য। আদিশব্দেন ফলতণ্ডুলাদি। পুনশ্চ তন্মুখমেব বস্ত্রদ্বয়েন বেষ্টয়িত্বা মণ্ডয়েৎ পুষ্পচন্দনাদিনা ॥ ৪৭ ॥

পরং তেজঃ নরাকৃতি পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণং। যথাবিধীতি মূলমন্ত্রেণ শ্রীমূর্ত্তিং সঞ্চিন্ত্য করাভ্যাং পুষ্পাঞ্জলিমাদায় প্রবহন্নাসাপুটেন হৃদয়াদ্দেবতেজঃ পুষ্পাঞ্জলাবানীয় কলসাদিকল্পিত-মূর্ত্তাবাবাহনং তন্মন্ত্রেণ কুর্য্যাদিত্যর্থঃ। আসনাদিভিরুপচারৈঃ। তে চাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে বিস্তার্য্য লেখ্যাঃ ॥৪৮॥ কিমাহুস্তদেব লিখতি করেত্যাদি। তস্য ব্রহ্মস্বরূপস্য তেজসঃ সাঙ্গীকরণং ধ্যানেন সাকারতাপাদনং ॥ ৪৯ ॥ তং নরাকৃতিপরব্রহ্মরূপং প্রভুং শ্রীকৃষ্ণং। এবমাবাহনাদিনা

মূলমন্ত্রোচ্চারণ সহকারে সেই শঙ্খোদক কুম্ভমধ্যে নিক্ষেপ করিবে। কুম্ভমুখ শক্রবল্লী ও আম্রাদিপল্লব দ্বারা আচ্ছাদিত করিতে হয়। ৪৬। পরে পুষ্পাদি-সমন্বিত শরাব দ্বারা পুনরায় কুম্ভমুখ আচ্ছাদিত করত বস্ত্রদ্বয় দ্বারা বেষ্টন পূর্ব্বক তৎপরে (কুসুম, চন্দন প্রভৃতি দ্বারা) কুম্ভকে বিমণ্ডিত করিবে। ৪৭।

অনন্তর কুম্ভে ভগবৎপূজাবিধি।—গুরুদেব সেই কুম্ভে যথাবিধি * নরাকৃতি পরব্রহ্ম কৃষ্ণকে আবাহন পূর্ব্বক সকলীকরণ করত আসনাদি উপচার দ্বারা অর্চ্চনা করিবেন। সকলীকরণ কথিত আছে, যথা—দেবতাঙ্গে ষড়ঙ্গন্যাসই সকলীকরণ বলিয়া অভিহিত হয়। ৪৮। কেহ কেহ বলিয়া থাকেন যে, করন্যাস ও পীঠন্যাস ব্যতীত অন্যান্য অখিল ন্যাসদ্বারা সেই ব্রহ্মস্বরূপ তেজের ধ্যানযোগে সাকারতাপাদনকেই সকলীকরণ বলা যায়। ৪৯। এইরূপ আবাহনাদি দ্বারা অঙ্গ,

---

পূর্ব্বে "হংসঃ শুচিষৎ", উকারজ কলার আবাহনানন্তর ও প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে "প্রতদ্বিষ্ণুঃ"; মকারজ কলার আবাহনের পরে ও প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে "ত্রিয়ম্বকং'; বিন্দুজাত কলার আবাহনের পর ও প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে "তৎসবিতুঃ" এবং নাদোত্থ কলার আবাহনের পরে ও প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে "বিষ্ণুর্যোনিং" যথাক্রমে এই ঋক্‌পঞ্চক পাঠ করিতে হয়।

* যথাবিধি—অর্থাৎ মূলমন্ত্র দ্বারা শ্রীমূর্ত্তি চিন্তন পূর্ব্বক করদ্বয়ে পুষ্পাঞ্জলি লইয়া সেই পুষ্পাঞ্জলিতে প্রবহমান নাসাপুট দ্বারা হৃৎপ্রদেশ হইতে ব্রহ্মতেজঃ আনয়ন করত কলসাদিতে কল্পিত মূর্ত্তিতে তন্মন্ত্র দ্বারা আবাহন করিবে।

নৈবেদ্যার্পণতঃ পশ্চান্মণ্ডলস্য চ সর্ব্বতঃ।
সদীপান্ পৈষ্টিকান্ ন্যস্যেৎ সবীজাঙ্কুরভাজনান্॥ ৫১॥
ততো দীক্ষাঙ্গহোমার্থং কুণ্ডলস্য চ সর্ব্বতঃ।
সংমার্জ্য দর্ভমার্জ্জন্যা যথাবিধ্যুপলেপয়েৎ।
বিকীর্য্য সর্ষপাংস্তত্র গব্যৈঃ সংপ্রোক্ষ্য পঞ্চভিঃ।
মধ্যে সংপূজয়েদ্বাস্তুপুরুষং দিক্ষু তৎপতীন্॥ ৫২॥
শোষণাদীনি কুণ্ডস্য কৃত্বা প্রোক্ষ্য কুশাম্বুভিঃ।
উল্লিখ্য চাস্মিন্ যোন্যাদিসহিতং মণ্ডলং লিখেৎ॥ ৫৩॥

নৈবেদ্যসমর্পণান্তমর্চ্চয়েৎ। কথং? অগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে মুখ্যস্থানে লেখ্যেন প্রকারেণ। অতস্তত্রৈব তৎসর্ব্বপ্রকারো বিস্তার্য্য লেখ্যস্তদ্দৃষ্ট্যাঽত্রাপি তথৈব পূজা কর্ত্তব্যা, অধুনা তল্লিখনেনালমিত্যর্থঃ॥ ৫০॥ বীজাঙ্কুরপাত্রসহিতান্ সত উত্তমান্ গব্যঘৃতাদিসাধিতান্ সম্যগুজ্জ্বলিতান্ দীপান্ মণ্ডলস্য পরিতঃ স্থাপয়েৎ। পৈষ্টিকান্ পিষ্টেন যবচূর্ণাদিনা নির্ম্মিতান্ পাত্রানিত্যর্থঃ॥৫১॥
দীক্ষাহোমবিধিং লিখতি তত ইত্যাদিনা যথোদিতমিত্যন্তেন। যথাবিধীতি। বায়ুবীজজপ্তদর্ভমার্জ্জন্যাদিসমমাগ্নেয়ীমারভ্য প্রাদক্ষিণ্যেন সংমার্জ্য তথৈব বরুণবীজেন লেপনং কুর্য্যাদিত্যর্থঃ। যথাবিধীত্যস্যাগ্রেঽপি সর্ব্বত্রানুবর্ত্তনং কার্য্যং। তত্তৎপ্রকারবিশেষশ্চ গ্রন্থান্তরতো জ্ঞেয়ঃ। সর্ষপান্ অস্ত্রমন্ত্রজপ্তান্। তত্র কুণ্ডে দিক্ষু চ দশসু তৎপতীন্ দিক্‌পালান্॥ ৫২॥ আদিশব্দেন

উপাঙ্গ ও আবরণ সহ প্রভু কৃষ্ণকে অগ্রতোলেখ্য (বক্ষ্যমাণ) বিধানে নৈবেদ্যার্পণাবধি অর্চ্চনা করিবেন। ৫০। নৈবেদ্য সমর্পণান্তে মণ্ডলের সর্ব্বদিকে বীজাঙ্কুর-পাত্র-সমন্বিত, সদীপ পৈষ্টিক সকল বিন্যস্ত করিবেন। ৫১। *

অতঃপর দীক্ষাহোমবিধি।—অনন্তর গুরুদেব দীক্ষাঙ্গহোমার্থ কুশনির্ম্মিত সম্মার্জ্জনী দ্বারা পূর্ব্ববিহিত কুণ্ড যথাবিধি † সম্মার্জ্জন ও উপলেপন করিবেন। পরে যথাবিধি সেই কুণ্ডে সর্ষপ বিকীর্ণ করিয়া পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ পূর্ব্বক মধ্যভাগে বাস্তুপুরুষের এবং দশদিকে দিক্‌পতিগণের অর্চ্চনা করিবেন ‡। ৫২। তদনন্তর (পূজাপ্রকরণের লিখিত নিয়মানুসারে) কুণ্ডের শোষণাদি অর্থাৎ শোষণ, দহন, প্লাবন ও কাঠিন্য প্রভৃতি করিয়া কুশাম্বু দ্বারা প্রোক্ষণ পূর্ব্বক বিলিখন করত ঐ কুণ্ডে যোন্যাদি সহ মণ্ডল অঙ্কিত করিবেন। ৫৩।

---

* ইহার তাৎপর্য্য এই যে, মণ্ডলের চারিদিকে বীজাঙ্কুরপাত্রসহিত, উত্তম-গব্যঘৃতাদি-সাধিত, সম্যক্ উজ্জ্বলিত দীপসকল স্থাপন করিবে। ঐ সকল দীপ অর্থাৎ বর্ত্তিকা যবচূর্ণনির্ম্মিত পাত্রে (আধারে) স্থাপিত হইবে। পৈষ্টিক শব্দে পিষ্ট যবচূর্ণাদি দ্বারা নির্ম্মিত পাত্র।

† এখানে যথাবিধি বলিবার তাৎপর্য্য এই যে, সম্মার্জ্জনীর উপর বায়ুবীজ জপ করত অগ্নিকোণ হইতে আরম্ভ করিয়া প্রাদক্ষিণ্যক্রমে সম্মার্জ্জন করিবে এবং ঐরূপে বরুণবীজ দ্বারা লেপন করিতে হইবে।

‡ অস্ত্রমন্ত্র অর্থাৎ "ফট্" এই মন্ত্র জপ করিয়া সর্ষপ বিকীর্ণ করিবে। দশদিক্‌পতি যথা,—ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা, অনন্ত।

শ্রীবীজং মধ্যযোনৌ চ বিলিখ্যাভ্যুক্ষ্য পূজয়েৎ।
নিধায় তত্র পুষ্পাদি বিষ্টরং সাধু কল্পয়েৎ॥ ৫৪॥
তত্র লক্ষ্মীমৃতুস্নাতাং বিষ্ণুঞ্চাবাহ্য পূজয়েৎ।
তাম্রাদিপাত্রেণানীয়াগ্রতোঽগ্নিং স্থাপয়েচ্ছুভং॥ ৫৫॥
গন্ধাদিনাগ্নিমভ্যর্চ্চ্য বিষ্ণোঃ সংক্রীড়তঃ শ্রিয়া।
রেতোরূপং বিচিন্ত্যামুং কুণ্ডং তারেণ চার্চ্চয়েৎ॥ ৫৬॥
বৈশ্বানরেতি মন্ত্রেণাচ্ছাদ্যাগ্নিং তং সদিন্ধনৈঃ।
চিৎপিঙ্গলেতি প্রজ্বাল্যোপতিষ্ঠেদগ্নিমিত্যমুং॥ ৫৭॥
জিহ্বা ন্যস্যেৎ সপ্ত তস্মিন্নপ্যঙ্গেষ্বঙ্গদেবতাঃ।
ষট্‌স্থ ষট্ ন্যস্য মূর্ত্তীশ্চ ন্যস্যাষ্টাভ্যর্চ্চয়েচ্চ তাঃ॥ ৫৮॥

দহনপ্লাবনকাঠিন্যাদীনি। কুশযুক্তৈরম্বুভিঃ। উল্লিখ্য উল্লেখেনঞ্চ কৃত্বা। অস্মিন্ কুণ্ডে। আদিশব্দাচ্চক্রবৃত্তাদি॥ ৫৩॥ অথাগ্নিসংস্কারং লিখিষ্যন্নাদৌ তৎপ্রতিষ্ঠাং লিখতি শ্রীবীজমিতি ত্রিভিঃ। পুষ্পাদিনা যদ্বিষ্টরং শয্যা তৎ। যদ্বা পুষ্পাদিকমেব বিষ্টরত্বেন কল্পয়িত্বা তত্র মধ্যযোনাবেব নিধায়। আদিশব্দেন অক্ষতকূর্চ্চৌ॥ ৫৪॥ শুভম্ অনিন্দিতং। তথা চোক্তং।—প্রণম্য বিধিনৈবাগ্নিমাহিতাগ্নের্গৃহাদপি। আনীয় চাদধীতাত্র কুশৈঃ প্রজ্বাল্য যত্নত ইতি॥ ৫৫॥ শ্রিয়া সহ সংক্রীড়ত আন্তরসমম্ভুভবতঃ। অমুম্ অগ্নিং। তারেণ প্রণবেন॥ ৫৬॥ এবমগ্নেঃ প্রতিষ্ঠাবিধিং লিখন্নোপস্থানবিধিং লিখতি বৈশ্বেতি। বৈশ্বানরেতি মন্ত্রস্যাদ্যাক্ষরাণি। এবমগ্রেঽপি। সদ্ভিরুক্তৈর্বিহিতৈরিন্ধনৈরাচ্ছাদ্য। চিৎপিঙ্গলেতি মন্ত্রেণ। অগ্নিমিতি মন্ত্রেণ অমুং অগ্নিমুপতিষ্ঠেৎ॥ ৫৭॥ অথ সংস্কারার্থমেব প্রথমং ন্যাসাদিকং লিখতি জিহ্বা ইতি চতুর্ভিঃ। ষট্‌স্থ

(অনন্তর অগ্নিসংস্কার বর্ণনার্থ প্রথমতঃ তৎপ্রতিষ্ঠাবিধি লিখিত হইতেছে।)—যোনির মধ্যভাগে শ্রীবীজ লিখিয়া (তাহা জল দ্বারা) অভ্যুক্ষণ পূর্ব্বক অর্চ্চনা করিবেন, তদুপরি পুষ্পাদি * স্থাপন পূর্ব্বক উত্তমরূপে বিষ্টর অর্থাৎ শয্যা কল্পনা করিবেন। ৫৪। পরে তাহাতে ঋতুস্নাতা লক্ষ্মী ও বিষ্ণুকে আবাহন পূর্ব্বক অর্চ্চনা করিবেন। তদনন্তর তাম্রাদিপাত্রে শুভ অগ্নি আনয়ন পূর্ব্বক পুরোভাগে স্থাপন করিবেন †। ৫৫। তৎপরে গন্ধাদি দ্বারা অগ্নির পূজা করিয়া ঐ অগ্নিকে লক্ষ্মী সহ বিহারকারী বিষ্ণুর রেতঃস্বরূপ চিন্তা করত প্রণবযোগে কুণ্ডের অর্চ্চনা করিবেন। ৫৬। (এইরূপে অগ্নির প্রতিষ্ঠাবিধি লিখিয়া অধুনা উপস্থানবিধি লিখিত হইতেছে)।—"বৈশ্বানর" ইত্যাদি মন্ত্র দ্বারা সেই অগ্নিকে আচ্ছাদন পূর্ব্বক "চিৎপিঙ্গল" ইত্যাদি মন্ত্র পাঠ সহকারে যথাবিহিত কাষ্ঠ দ্বারা প্রজ্বলিত করিয়া "অগ্নিম্"

---

* পুষ্পাদি—এখানে আদি শব্দে পুষ্প, অক্ষত ও কূর্চ্চ বুঝিতে হইবে। কোন কোন মহাত্মা এই শ্লোকমধ্যস্থ "পুষ্পাদি-বিষ্টরং" এক পদ করিয়া "পুষ্পাদি দ্বারা নির্ম্মিত শয্যা" এইরূপ অর্থ করিয়া থাকেন।

† আহিতাগ্নি ব্রাহ্মণের গৃহ হইতে অগ্নি আনয়ন পূর্ব্বক কুশ দ্বারা প্রজ্বালিত করিয়া যত্ন সহকারে স্থাপন করিতে হয়, ইহাই বিধি।

সপ্তজিহ্বাশ্চোক্তাঃ।—

হিরণ্যা গগনা রক্তা তথা কৃষ্ণা চ সুপ্রভা। বহুরূপাতিরূপা চ সপ্ত জিহ্বা বসোরিমাঃ ॥৫৯॥

অথাঙ্গদেবতাঃ।

সহস্রার্চ্চিঃ স্বস্তিপূর্ণ উত্তিষ্ঠপুরুষস্তথা। ধূমব্যাপী সপ্তজিহ্বো ধনুর্দ্ধর ইতি স্মৃতঃ ॥

অষ্টমূর্ত্তয়শ্চ।

জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহন এব চ। অশ্বোদরজসংজ্ঞশ্চ তথা বৈশ্বানরোঽপরঃ।
কৌমারতেজাশ্চ তথা বিশ্বদেবমুখাহ্বয়ৌ ॥ ৬০ ॥ ইতি।

ততো বর্হিঃ পরিস্তীর্য্য সংস্কৃত্যাজ্যং যথাবিধি। হুত্বা চ ব্যাহৃতীঃ পশ্চাত্রীন্ বারান্ জুহুয়াৎ পুনঃ ॥
ততোঽস্য গর্ভাধানাদীন্ বিবাহান্তান্ যথাক্রমং। সংস্কারানাচরেদুক্তমন্ত্রেণাষ্টাহুতৈস্তথা ॥ ৬১ ॥

অঙ্গেষু মূর্দ্ধাদিষু ষট্ অঙ্গদেবতা ন্যস্য অষ্টৌ মূর্ত্তীশ্চ ন্যস্য তাশ্চ জিহ্বাঙ্গদেবতামূর্ত্তীঃ প্রত্যেকং চতুর্থীনমোঽন্তৈতত্তন্নামভিঃ পূজয়েৎ ॥ ৫৮ ॥

বসোরগ্নেঃ। কেচিচ্চ পদ্মরাগা সুপর্ণীত্যাদ্যা সপ্তজিহ্বা অত্র মন্যন্তে ॥ ৫৯ ॥

বিশ্বমুখো দেবমুখশ্চেতি দ্বৌ। তথা চ সারদাতিলকে।—জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহনসংজ্ঞকঃ। অশ্বোদরজসংজ্ঞোঽন্যস্তথা বৈশ্বানরাহ্বয়ঃ। কৌমারতেজাঃ স্যাদ্বিশ্বমুখো দেবমুখস্তথেতি ॥ ৬০ ॥ পরিস্তীর্য্য কুশাঙ্কুরাদিনা অগ্নেঃ পরিস্তরণং কৃত্বা। যথাবিধীতি সর্ব্বত্রৈব সম্বন্ধনীয়ং। ততশ্চ তাপনাভিদ্যোতনাদিনাজ্যসংস্কারাদিপ্রকারশ্চ যাজ্ঞিকেষু সুপ্রসিদ্ধ এব। অত্রাপেক্ষিতশ্চেৎ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকাটীকাগ্রন্থতো জ্ঞেয়ঃ। পশ্চাৎ প্রণবব্যাহৃতীর্যথাবিধি হুত্বা বৈশ্বানরেত্যাদিনা অগ্নের্মূলমন্ত্রেণ পুনস্ত্রিরুক্তো জুহুয়াচ্চ। শাস্ত্রোক্তেন মন্ত্রেণ স্বাহান্তপ্রণবেনান্যেন চ তত্তৎকর্ম্মবিষয়কেণ মন্ত্রেণ আহুত্যষ্টকেন চ অস্য বহ্নেঃ সংস্কারান্ ক্রমেণ

ইত্যাদি মন্ত্রে ঐ অগ্নির উপাসনা করিবেন। ৫৭। (অনন্তর অগ্নিসংস্কারার্থ প্রথমতঃ ন্যাসাদি লিখিত হইতেছে)।—অতঃপর সেই অগ্নিতে অগ্নির সপ্তজিহ্বা ও ছয় অঙ্গে ছয় অঙ্গদেবতার ন্যাস করিয়া সেই অগ্নির অষ্টমূর্ত্তিও স্থাপন পূর্ব্বক তৎসমস্তের অর্চ্চনা করিবেন। ৫৮। অগ্নির সপ্তজিহ্বা কথিত আছে, যথা—হিরণ্যা, গগনা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা ও অতিরূপা এই সাতটী অগ্নির জিহ্বা বলিয়া কথিত। ৫৯। *

অনন্তর অগ্নির অঙ্গদেবতা,—সহস্রার্চ্চিঃ, স্বস্তিপূর্ণ, উত্তিষ্ঠপুরুষ, ধূমব্যাপী, সপ্তজিহ্ব, ধনুর্দ্ধর।

অগ্নির অষ্টমূর্ত্তি যথা,—জাতবেদা, সপ্তজিহ্ব, হব্যবাহন, অশ্বোদরজ, বৈশ্বানর, কৌমারতেজা, বিশ্বমুখ ও দেবমুখ। ৬০। তৎপরে চারিদিকে (কুশাঙ্কুরাদি দ্বারা) অগ্নির পরিস্তরণ করিয়া যথাবিধি (তাপন, অভিদ্যোতন প্রভৃতি দ্বারা) ঘৃত শোধন পূর্ব্বক পশ্চাদুক্ত বিধানে

---

* হিরণ্যাদি সপ্তজিহ্বার নামের মধ্যে "গগনা" এই নামের পরিবর্ত্তে "কনকা", "অতিরূপা" ইহার পরিবর্ত্তে "অতিরক্তা" পাঠও গ্রন্থান্তরে দৃষ্ট হয়। মতান্তরে অগ্নির সপ্তজিহ্বা যথা,—পদ্মরাগা, সুপর্ণী, করালী, ধূমিনী, শ্বেতা, লোহিতা, মহালোহিতা। মতান্তরে,—কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী ও শুচিস্মিতা।

ইত্থং হি সংস্কৃতে বহ্নৌ পীঠমভ্যর্চ্চ্য তত্র চ। দেবমাবাহ্য গন্ধাদিদীপান্তবিধিনার্চ্চয়েৎ ॥ ৬২ ॥
তঞ্চাগ্নিং দেব-রসনাং সংকল্প্যাষ্টোত্তরং বুধঃ। সহস্রং জুহুয়াৎ সর্পিঃশর্করাপায়সৈর্যুতৈঃ ॥ ৬৩ ॥
হুত্বাজ্যেনাথ মহতীর্ব্যাহৃতীর্বিধিনা কৃতী। গ্রহর্ক্ষকরণাদিভ্যো বলিং দদ্যাদ্যথোদিতং ॥

অথ হোমদ্রব্যাদিপরিমাণং।

কর্ষমাত্রং ঘৃতং হোমে শুক্তিমাত্রং পয়ঃ স্মৃতং। উক্তানি পঞ্চগব্যানি তৎসমানি মনীষিভিঃ।
তৎসমং মধুদুগ্ধান্নমক্ষমাত্রমুদাহৃতং। দধি প্রসৃতিমাত্রং স্যাৎ লাজাঃ স্যুর্মুষ্টিসম্মিতা ॥৬৪॥ ইত্যাদি
অথ নত্বাম্বুপানার্থং প্রদায়াচমনানি চ। আত্মার্পণান্তমভ্যর্চ্চ্য লেখ্যেন বিধিনাচরেৎ ॥ ৬৫ ॥

কুর্য্যাৎ। তত্তদ্বিধিরপি তত্তদ্‌গ্রন্থত এব বিশেষতো জ্ঞেয়ঃ ॥ ৬১ ॥ তত্র তস্মিন্ পীঠে। গন্ধার্পণমারভ্য দীপার্পণপর্য্যন্তমর্চ্চয়েদিত্যর্থঃ। দীপান্তার্চ্চনঞ্চাগ্নিজিহ্বায়াঃ পীঠার্চ্চনদেবাবাহনাদিবিধিশ্চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ৬২ ॥ তং সংস্কৃতমগ্নিঞ্চ দেবস্য ভগবতো জিহ্বাত্বেন সংকল্প্য। যুতৈর্মিলিতৈঃ ॥ ৬৩ ॥ অথ অনন্তরং মহাব্যাহৃতীর্বিধিনা শাস্ত্রোক্তপ্রকারেণ আজ্যেন হুত্বা। কৃতীতি। এবং হোমং সমাপ্যাত্মানং শিষ্যঞ্চ প্রসাদাম্বুভিরভ্যুক্ষ্য হুতভস্মনা তিলকং কুর্য্যাদিত্যাদিকং কৃতিত্বং জ্ঞেয়ং। যথোদিতমিতি মণ্ডলমধ্যে রাশিস্থানেষু তত্তন্মন্ত্রৈস্তত্তৎক্রমেণ হোমাবশিষ্টপায়সতৃতীয়াংশেন গ্রহাদিভ্যো বলিং দদ্যাৎ। তত্তৎপ্রকারবিশেষোঽপি তথৈব জ্ঞেয়ঃ। আদিশব্দাচ্চ মীনমেষয়োরন্তরালে সিংহব্যাঘ্রবরাহখরগজবৃষভাদীনাং বলির্জ্ঞেয়ঃ। তথা চতুর্থাংশেন মণ্ডলস্য দক্ষিণভাগে গোময়োপলিপ্তপ্রদেশেঽগ্নয়ে তেজোঽধিপতয়ে বিষ্ণুপার্ষদেভ্যশ্চ সর্ব্বেভ্যো বলির্দ্দেয় ইত্যাদি বোদ্ধব্যং। তত্র চ সর্ব্বে তত্তন্মন্ত্রা জলগন্ধপুষ্পদানে নমোঽন্তা বলিদানে স্বাহান্তাঃ। পুনর্জ্জলদানে তু তৃপ্যতামিত্যন্তা অবগন্তব্যা ইতি দিক্। যথোদিতমিত্যস্যাগ্রেঽপ্যনুবর্ত্তনং কার্য্যং ॥ ৬৪ ॥ অথ বলিদানানন্তরং প্রণামং কৃত্বা পানার্থং সংস্কৃতং জলং

ব্যাহৃতিহোম করত (বৈশ্বানর ইত্যাদি অগ্নির মূলমন্ত্রে) পুনরায় তিনবার হোম করিবেন। তৎপরে শাস্ত্রবিহিত মন্ত্রে অষ্টাহুতি দিয়া যথাক্রমে বহ্নির গর্ভাধানাদি বিবাহান্ত সংস্কার সকল সম্পন্ন করিবেন। ৬১। এই প্রকারে বহ্নি সংস্কৃত হইলে তাহাতে পীঠার্চ্চনা পূর্ব্বক সেই পীঠে দেবতাকে আহ্বান করিয়া গন্ধার্পণাদি দীপদানান্ত শাস্ত্রবিধি অনুসারে অর্চ্চনা করিবেন। ৬২। বুধ ব্যক্তি সেই বহ্নিকে ভগবানের জিহ্বারূপে কল্পনা পূর্ব্বক, ঘৃত, শর্করা ও পায়স দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন। ৬৩। অনন্তর কর্ম্মকর্ত্তা যথাবিধি ঘৃত দ্বারা মহাব্যাহৃতিহোম করিয়া গ্রহ, নক্ষত্র ও করণাদিকে * শাস্ত্রলিখিত বিধানে (মণ্ডলমধ্যে রাশিস্থানে তত্তন্মন্ত্র দ্বারা তত্তৎ-ক্রমানুসারে হোমাবশিষ্ট পায়সের তৃতীয়াংশ দ্বারা) বলি প্রদান করিবেন।

অনন্তর হোমদ্রব্যের পরিমাণ কথিত হইতেছে।—মনীষিগণ হোমকর্ম্মে ঘৃত কর্ষপরিমিত, (এক তোলা), দুগ্ধ শুক্তিমিত (চারি তোলা), পঞ্চগব্য তৎসম (প্রত্যেকে এক তোলা), মধু তৎসম (এক তোলা), দুগ্ধান্ন অর্থাৎ পায়স অক্ষপরিমিত (এক তোলা), দধি প্রসৃতি-

---

* এখানে আদি শব্দ দ্বারা সিংহ, ব্যাঘ্র, বরাহ খর, গজ, বৃষভ প্রভৃতির বলিও বুঝিতে হইবে। আর মণ্ডলের

অথ গুরুশিষ্যনিয়মাদি।

ব্রতস্থং বাগ্‌যতং শিষ্যং প্রবেশ্যাথ যথাবিধি।
তদ্দেহে মাতৃকাং সাঙ্গাং ন্যস্যাথোপদিশেচ্চ তাং ॥ ৬৬ ॥
দেবং সাবরণং কুম্ভগতং চানুস্মরন্ গুরুঃ।
জপ্ত্বাষ্টোত্তরসাহস্রং শয়ীত প্রাশ্য কিঞ্চন ॥ ৬৭ ॥
দর্ভোপর্য্যজিনে স্বৈণে নিবিষ্টো মাতৃকাং স্মরন্।
গুরুঞ্চ শিষ্যো নিদ্রাণং তাং শয়ীত জপন্ ব্রতী ॥ ৬৮ ॥ ইতি পূর্ব্বদিনকৃত্যং।

পশ্চাদাচমনার্থঞ্চ জলং প্রদায়। তত্তৎপ্রকারোঽপ্যপেক্ষিতো নিত্যপূজাপ্রসঙ্গে ব্যক্তো ভাব্যেব। অম্বুপ্রদানানন্তরমন্যৎ কৃত্যং বিষ্বক্‌সেনায় নৈবেদ্যাংশপ্রদানং ভগবতে চ গণ্ডূষাদ্যর্পণমারভ্য আত্মার্পণান্তং সর্ব্বং সমাপয়েৎ। তস্যাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে লেখ্যপ্রকারেণৈবেত্যর্থঃ ॥ ৬৫ ॥

অথানন্তরং উপবাসপরং মৌনিনং শিষ্যং পূর্ব্বশিষ্যৈঃ প্রবেশ্য। যথাবিধীতি প্রণামং কারয়িত্বা প্রোক্ষণীবারিণাঽস্ত্রমন্ত্রেণ তং সংপ্রোক্ষ্য কিঞ্চিৎ পঞ্চগব্যপ্রাশনং কারয়িত্বা চ তদ্দেহে মাতৃকাঞ্চ ন্যস্য ধ্যানমুদ্রাং মাতৃকাং তস্মৈ গুরুরুপদিশেদিত্যর্থঃ ॥ ৬৬ ॥ যথাবিধীত্যনুবর্ত্তত এব। অতশ্চ আবরণসহিতং ভগবন্তং তৎস্থাপিতকলসগতং চিন্তয়ন্ সন্ তৎ কলসজলং স্পৃষ্ট্বাঽষ্টোত্তর-সহস্রং জপ্ত্বা পুষ্পাঞ্জলিং কৃত্বাঽভিবন্দ্য পঞ্চগব্যাদিকং কিঞ্চিৎ প্রাশ্য দীক্ষাসম্বন্ধিক্রিয়াকাণ্ডাদিকং চানুসন্ধানঃ পবিত্রশয্যায়াং শয়নং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৭ ॥ শিষ্যোঽপি মাতৃকোপদেশং প্রাপ্য দর্ভোপরি কৃষ্ণাজিনোপবিষ্টঃ সন্ মাতৃকাং গুরুঞ্চ ধ্যায়ন্ মাতৃকাং নিদ্রাবশান্তং জপন্ কৃতোপ-বাসঃ পূর্ব্বশিরস্ক উত্তরশিরস্কো বা শয়ীতেতি ॥ ৬৮ ॥

মিত (গণ্ডূষপ্রমাণ), এবং লাজ মুষ্টিপরিমিত হইবে বলিয়া কীর্ত্তন করেন। ৬৪। তৎ-পরে বলিদানান্তে প্রণাম করিয়া পানার্থ (সুসংস্কৃত) জল ও আচমনার্থ জল প্রদান পূর্ব্বক আত্মার্পণান্ত যাবৎ অর্চ্চনা করিয়া (বক্ষ্যমাণ) লেখ্যবিধানে সর্ব্ব কর্ম্ম করিবেন। ৬৫।

অতঃপর গুরু-শিষ্য-নিয়মাদি কথিত হইতেছে।—অনন্তর গুরুদেব ব্রতস্থ (উপবাসপরায়ণ), বাগ্‌যত (মৌনী) শিষ্যকে যথাবিধি * (পূর্ব্বশিষ্যগণের সহিত বা তাহাদের দ্বারা) প্রবেশ করাইয়া তদীয় দেহে অঙ্গসমন্বিত মাতৃকান্যাস করত যথাবিধানে ধ্যানপূর্ব্বক ঐ মাতৃকা উপ-দেশ করিবেন। ৬৬। পরে শ্রীগুরু আবরণসমন্বিত ভগবান্‌কে স্থাপিত-কুম্ভ-মধ্যগত চিন্তা করিয়া (সেই কলসজল স্পর্শ পূর্ব্বক) অষ্টোত্তর সহস্র জপ করত (পুষ্পাঞ্জলি লইয়া অভিবাদনান্তে) পঞ্চগব্যাদি কিঞ্চিৎ সেবন করিয়া (পবিত্র শয্যায়) শয়ন করিবেন। ৬৭। ব্রতবান্ (উপবাস-পরায়ণ) শিষ্যও দর্ভোপরি মৃগচর্ম্ম স্থাপন পূর্ব্বক তাহার উপর উপবিষ্ট হইয়া মাতৃকা

দক্ষিণভাগে গোময়লিপ্ত স্থানে তেজোধিপতি অগ্নির উদ্দেশে ও বিষ্ণুপার্ষদগণের উদ্দেশে চতুর্থাংশ পায়স দ্বারা বলি দিবে। জল, গন্ধ ও পুষ্পদানে নমোন্ত মন্ত্র, বলিদানে স্বাহান্ত মন্ত্র প্রয়োগ করিতে হয়। পুনর্জলদানে 'তৃপ্যতাং' উচ্চারণ করিবে।

* যথাবিধি বলিবার তাৎপর্য্য এই যে, শিষ্যকে প্রণাম করাইয়া 'ফট্' মন্ত্র উচ্চারণ পূর্ব্বক প্রোক্ষণীজল দ্বারা তাহাকে প্রোক্ষণ করত কিঞ্চিৎ পঞ্চগব্য সেবন করাইয়া তদ্দেহে ন্যাস করিবে।

অথ তদ্দিনকৃত্যানি।

প্রাতঃকৃত্যং গুরুঃ কৃত্বা কুম্ভং চাভ্যর্চ্চ্য পূর্ব্ববৎ।
হুত্বা দত্ত্বা বলিং কর্ম্মান্যৎ কুর্য্যাৎ স্বার্পণাবধি॥ ৬৯॥
সংহারমুদ্রয়া কৃষ্ণে সংযোজ্যাবৃতিদেবতাঃ।
তঞ্চামৃতময়ং ধ্যাত্বা স্বস্মিংশ্চাগ্নিং বিলাপয়েৎ॥ ৭০॥
ধ্বজতোরণদিক্কুম্ভমণ্ডপাদ্যধিদেবতাঃ।
সর্ব্বা বিভাব্য চিদ্রূপাঃ কুম্ভে সংযোজ্য পূজয়েৎ॥ ৭১॥
অতো গুরুং গণেশঞ্চ বিষ্বক্সেনঞ্চ পূজয়েৎ।
উদ্বাস্য কলসং স্পৃষ্ট্বা শতমষ্টোত্তরং জপেৎ॥ ৭২॥

প্রাতঃকৃত্যং প্রাতঃস্নানমারভ্যাত্মার্পণান্তং যাবদশেষং কর্ম্ম সমাপ্য। কুম্ভস্থং ভগবন্তং পূর্ব্ববদভ্যর্চ্চ্য হোমঞ্চ তত্রৈব কৃত্বা বলিঞ্চ দত্ত্বা বলিদানানন্তরং যদন্যৎ পানার্থজলসমর্পণাদি কর্ম্ম আত্মার্পণান্তং সর্ব্বমেব পুনঃ কুম্ভে কুর্য্যাদিত্যর্থঃ॥ ৬৯॥ আবরণদেবতা গুরুগণেশব্যতিরিক্তা ভবতি। উদ্বাসনেন সংযোজ্য লীনা ইতি বিভাব্য তঞ্চ দেবম্ অমৃতময়ং নিষ্কলপূর্ণানন্দরূপেণাবস্থিতং ধ্যাত্বা বিলাপয়েৎ লীনত্বেন চিন্তয়েৎ॥ ৭০॥ ধ্বজাদীনামধিষ্ঠাতৃদেবতাং। আদিশব্দেন মণ্ডল-কুণ্ডাদিঃ॥ ৭১॥ অত ইতি গুরুং শিরস্যুদ্বাস্যাভ্যর্চ্চ্য গণেশঞ্চাকাশ উদ্বাস্যাভ্যর্চ্চ্য যাগাবশিষ্ট-দ্রব্যেণ বিষ্বক্সেনং চাভ্যর্চ্চ্যাকাশ এবোদ্বাস্যেত্যর্থঃ॥৭২॥ প্রাতঃকৃত্যং স্নানাদ্যাবশ্যকং কর্ম্ম। স দীক্ষার্থী শুক্লে বস্ত্রে যস্য তথাভূতঃ সন্। সুশোভনো বেশোঽলঙ্কারো যস্য তথাভূতঃ সন্ হোমাদি-

---

ও গুরুদেবকে চিন্তন করিবে। এবং নিদ্রাকর্ষণ পর্য্যন্ত সেই মাতৃকা জপ পূর্ব্বক (পূর্ব্বশিরাঃ বা উত্তরশিরাঃ হইয়া) শয়ন করিবে। এই সকল পূর্ব্বদিনকৃত্য। ৬৮।

অতঃপর তদ্দিনকৃত্য অর্থাৎ দীক্ষাগ্রহণ-দিবসের কৃত্য কথিত হইতেছে।—গুরুদেব প্রাতঃ-স্নান হইতে আত্মসমর্পণ পর্য্যন্ত সমস্ত কর্ম্ম সমাপন পূর্ব্বক পূর্ব্ববৎ কুম্ভের (কুম্ভস্থ ভগবানের) পূজা, হোম ও বলিদান করত (পানার্থজল-সমর্পণাদি) আত্মসমর্পণ পর্য্যন্ত অন্যান্য কর্ম্ম (কুম্ভে) সম্পাদন করিবেন। ৬৯। তদনন্তর সংহারমুদ্রা * দ্বারা আবরণদেবতাগণকে শ্রীকৃষ্ণে যোজনা করিয়া অর্থাৎ কৃষ্ণে বিলীন হইয়াছেন এই প্রকার চিন্তা করিয়া পরিশেষে সেই কৃষ্ণকে নিষ্কল-পূর্ণানন্দরূপে অবস্থিত ধ্যান করত আপনাকে অগ্নি-বিলীন করিবেন। অর্থাৎ এই প্রকার চিন্তা করিবেন যে, আমাতে অগ্নি মিশ্রিত হইয়াছে। ৭০। তৎপরে ধ্বজ, তোরণ, দিক্, কুম্ভ, মণ্ডপ প্রভৃতির অর্থাৎ মণ্ডল-কুণ্ডাদির অধিষ্ঠাত্রী দেবতাদিগকে চিদ্রূপ (ব্রহ্ম-স্বরূপ) চিন্তা করিয়া কুম্ভে সংযোজন পূর্ব্বক অর্চ্চনা করিবেন। ৭১। তাহার পর গুরুদেব, গণেশ ও বিষ্বক্সেনকে অর্চ্চনা করিবেন এবং বিসর্জ্জন পূর্ব্বক কলস স্পর্শ করিয়া অষ্টোত্তর-

---

* ঊর্দ্ধমুখস্থ দক্ষিণ হস্তকে অধোমুখস্থ বাম হস্তের উপর স্থাপন পূর্ব্বক উভয় হস্তের বিস্তারিত অঙ্গুলীসমূহকে পরস্পর গ্রন্থন করত উল্‌টাইয়া লইলেই তাহাকে সংহারমুদ্রা কহে।

কৃতোপবাসঃ শিষ্যোঽথ প্রাতঃকৃত্যং বিধায় সঃ।
শুক্লবস্ত্রঃ সুবেশঃ সন্ বিপ্রান্ দ্রব্যেন তোষয়েৎ ॥ ৭৩ ॥
গুরুঞ্চ ভগবদ্দৃষ্ট্যা পরিক্রম্য প্রণম্য চ।
দত্ত্বোক্তাং দক্ষিণাং তস্মৈ স্বশরীরং সমর্পয়েৎ ॥ ৭৪ ॥

তথা চ দশমস্কন্ধে।—

ইয়দেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতং। যদ্বৈ বিশুদ্ধভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরৌ ॥ ৭৫ ॥

অথাভিষেচনবিধিঃ।

যাগালয়াদুত্তরস্যামাশায়াং স্নানমণ্ডপে। পীঠে নিবেশ্য তং শিষ্যং কারয়েচ্ছোষণাদিকং ॥ ৭৬ ॥
পীঠন্যাসান্তমখিলং মাতৃকান্যাসপূর্ব্বকং। ন্যাসং শিষ্যতনৌ কৃত্বা পীঠমন্ত্রেণ পূজয়েৎ ॥ ৭৭ ॥
সদূর্ব্বাক্ষতপুষ্পাঞ্চ মূর্দ্ধ্নি শিষ্যস্য রোচনাং। নিধায় কলসং তস্যান্তিকে বাদ্যাদিনা নয়েৎ ॥ ৭৮ ॥

কৃতো বিপ্রান্ গোভূমিবস্ত্রধান্যাদিদ্রব্যেণ তোষয়েৎ ॥৭৩॥ ভগবদ্দৃষ্ট্যা ভগবানেবায়ং স্যাদিত্যেবং বুদ্ধ্যেত্যর্থঃ। উক্তাং শাস্ত্রেণ। তথা হি,—স্ববিত্তার্দ্ধং চতুর্থাংশং দশাংশং বাথ শক্তিত ইতি। এষা চ গুরুসন্তোষণার্থা প্রথমা দক্ষিণা চান্যা মন্ত্রদানানন্তরং লেখ্যা ॥ ৭৪ ॥ নিষ্কৃতং প্রত্যুপকারঃ সর্ব্বেষামর্থানামাত্মনশ্চার্পণং ॥ ৭৫ ॥

গুরুকৃত্যং লিখতি যাগেত্যাদিষড়্ভিঃ। আশায়াং দিশি। অত্র চায়ং বিধির্দ্রষ্টব্যঃ। গোময়াদিনোপলিপ্তে বিবিক্তে বিতানাদ্যলঙ্কৃতে মণ্ডপে পদ্মস্বস্তিকমুদ্ধৃত্য তত্র পীঠং স্থাপয়িত্বা তস্মিংশ্চ শিষ্যং পূর্ব্বাভিমুখমুপবেশ্য স্বয়ঞ্চ তদভিমুখমুপবিশ্য শোষণদহনপ্লাবনাদিরূপাং ভূতশুদ্ধিং তস্য কারয়েদিতি ॥৭৬॥ পূজয়েত্তদ্দেহ এব ভগবন্তমুদ্দিশ্য পুষ্পাঞ্জলিং কুর্য্যাদিত্যর্থঃ ॥৭৭॥ দূর্ব্বাক্ষতপুষ্প-

---

শত জপ করিবেন। ৭২। তদনন্তর কৃতোপবাস সেই (দীক্ষার্থী) শিষ্য প্রাতঃকৃত্য অর্থাৎ স্নানাদি আবশ্যকীয় কর্ম্ম সমাপন পূর্ব্বক শুক্লবস্ত্রদ্বয় ও সু-বেশ ধারণ করত (হোমকৃৎ) বিপ্রগণকে গো, ভূমি, বস্ত্র, ধান্য প্রভৃতি দ্রব্য দ্বারা সন্তুষ্ট করিবে। ৭৩। গুরুদেবকে ভগবদ্বুদ্ধিতে প্রদক্ষিণ ও প্রণাম পূর্ব্বক শাস্ত্রবিহিত দক্ষিণা * দিয়া আত্মশরীর তাঁহাকে সমর্পণ করিবে। ৭৪। দশমস্কন্ধে লিখিত আছে, যথা—বিশুদ্ধভাবে গুরুদেবকে যে স্বীয় সর্ব্বার্থ ও আত্মসমর্পণ, তাহাই সৎ শিষ্যের গুরু-সকাশে প্রত্যুপকার। ৭৫।

অনন্তর অভিষেকবিধি।—যাগালয়ের উত্তরে স্নানমণ্ডপে তত্রস্থ পীঠে ঐ শিষ্যকে বসাইয়া শোষণাদি করিবেন †।৭৬। তৎপরে শিষ্যের দেহে মাতৃকান্যাসাদি পীঠন্যাসান্ত অখিল ন্যাস করিয়া পীঠমন্ত্র দ্বারা অর্চ্চনা করিবেন অর্থাৎ শিষ্যশরীরেই ভগবান্‌কে উদ্দেশ পূর্ব্বক কুসুমাঞ্জলি প্রদান করিবেন। ৭৭। পরে শিষ্যের শিরঃপ্রদেশে দূর্ব্বা, অক্ষত ও পুষ্প সহ গোরোচনা স্থাপন পূর্ব্বক

---

* শাস্ত্রবিহিত দক্ষিণা অর্থাৎ শক্তি অনুসারে স্বীয় বিত্তের অর্দ্ধাংশ, চতুর্থাংশ কিম্বা দশাংশ প্রদান করিতে হয়; ইহাই গুরুসন্তোষণার্থ প্রথম দক্ষিণা।

† ইহার তাৎপর্য্য এই যে, প্রথমতঃ গুরুদেব গোময়াদি দ্বারা উপলিপ্ত, জনশূন্য, চন্দ্রাতপ দ্বারা অলঙ্কৃত মণ্ডপে পদ্ম-স্বস্তিকাদি রচনা করিয়া তাহাতে পীঠ স্থাপন করিবেন। পরে শিষ্যকে সেই পীঠোপরি পূর্ব্বাভিমুখে বসাইয়া তদীয় সম্মুখভাগে স্বয়ং উপবেশন পূর্ব্বক শোষণ, দহন ও প্লাবনাদিরূপ ভূতশুদ্ধি সম্পাদন করাইবেন।

শ্রীকৃষ্ণমথ সংপ্রার্থ্য গুরুঃ কুম্ভস্থ বাসসা। নীরাজ্য শিষ্যং তন্মূর্দ্ধ্নি ন্যসেত্তৎপল্লবাদিকং ॥৭৯॥

তদুক্তং।—

বিধিবৎ কুম্ভমুদ্ধৃত্য তন্মুখস্থান্ স্বরক্রমান্।
শিশোঃ শিরসি বিন্যস্য মাতৃকাং মনসা জপেৎ॥ ৮০॥
ততঃ কুম্ভাম্ভসা শিষ্যং প্রোক্ষ্য ত্রির্মূলমন্ত্রতঃ।
বিপ্রাশীর্মঙ্গলোদ্ঘোষৈরভিষিঞ্চেন্মনূন্ পঠন্॥ ৮১॥

অথাভিষেকমন্ত্রাঃ।

বশিষ্ঠসংহিতায়াং।—

সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ।
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিভবায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নির্ঋতিস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতা হ্যেতে দিক্পালাঃ পান্তু বঃ সদা॥
কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া গতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তির্মায়া নিদ্রা চ ভাবনা।

সহিতাং গোরোচনাং। তয়া তিলকং তস্য কারয়েদিতি কেচিদাহুঃ। তস্য শিষ্যস্যান্তিকে কলসং পূর্ব্বসংস্কৃতকুম্ভং বিশ্বস্তসাধুজনহস্তেন নয়েৎ। আদিশব্দেন বিপ্রাশীর্ব্বাদমঙ্গলঘোষগীতকীর্ত্তনাদি ॥৭৮॥ অথানন্তরং হে ভগবন্ মদীয়ান্তঃকরণে সন্নিধিবিশেষং কৃত্বা শিশোরস্য সাধুগুণসম্পন্নস্যানুগ্রহং কর্ত্তুমর্হসীতি সংপ্রার্থ্য। স্বয়মুত্তরাভিমুখো বামহস্তেন কুম্ভং ধারয়ন্ কুম্ভমুখবর্ত্তিবস্ত্রেণ শিষ্যং নীরাজ্য তৎকুম্ভমুখস্থপল্লবাদিকং শিষ্যস্য মস্তকেঽর্পয়েদিতি বিধিরত্র দ্রষ্টব্যঃ ॥ ৭৯॥ তদেবাভিব্যঞ্জয়তি বিধিবদিতি। স্বরক্রমান্ কুম্ভমুখন্যস্তান্ অশ্বত্থপল্লবানিত্যর্থঃ ॥ ৮০॥ বারত্রয়ং মূলমন্ত্রেণ প্রথমং প্রোক্ষ্য পশ্চাৎ কুম্ভং তং করাভ্যাং গৃহীত্বা তজ্জলেন শিষ্যস্য সর্ব্বাঙ্গং পূরয়ন্ মূর্দ্ধন্যভিষেকং কুর্য্যাদিত্যর্থঃ। মনূন্মন্ত্রান্ ॥ ৮১॥

তৎসমীপে বাদ্যাদি সহকারে পূর্ব্বসংস্কৃত কলস আনয়ন করাইবে *। ৭৮। তদনন্তর গুরুদেব শ্রীকৃষ্ণসকাশে প্রার্থনা করিয়া কুম্ভ-বস্ত্র দ্বারা শিষ্যকে নীরাজন পূর্ব্বক তদীয় মস্তকে ঐ কুম্ভের পল্লবাদি স্থাপন করিবেন অর্থাৎ গুরুদেব শ্রীকৃষ্ণ-সমীপে এইরূপ প্রার্থনা করিবেন যে, "হে প্রভো! মদীয় অন্তঃকরণে বিশেষ প্রকারে সন্নিধান পূর্ব্বক সাধুগুণযুক্ত এই শিশুর প্রতি অনুগ্রহ করুন্।" এইরূপে প্রার্থনা পূর্ব্বক স্বয়ং উত্তরাভিমুখ হইয়া বামহস্ত দ্বারা কুম্ভ ধারণ ও কুম্ভমুখস্থিত বস্ত্র দ্বারা শিষ্যকে নীরাজন করত কুম্ভমুখস্থ পল্লবাদি তাহার মস্তকে অর্পণ করিবেন। ৭৯। এ বিষয়ে কথিত আছে—যথাবিধানে কুম্ভ উত্তোলন পূর্ব্বক তন্মুখস্থিত অশ্বত্থপল্লব-সমূহ শিশুর (শিষ্যের) শিরঃপ্রদেশে স্থাপন করত মনে মনে মাতৃকা জপ করিবেন। ৮০। পরে মূলমন্ত্র পাঠ করত কুম্ভাম্বু দ্বারা শিষ্যকে বারত্রয় প্রোক্ষণ পূর্ব্বক মন্ত্রসমূহ উচ্চারণ করিতে করিতে বিপ্রগণের আশীর্ব্বচন ও মঙ্গলশব্দ সহকারে অভিষেক করিবেন। ৮১।

---

* বাদ্যাদির বাদন পূর্ব্বক বিশ্বস্ত সাধু ব্যক্তির হস্তে করিয়া কলস আনয়ন করাইতে হয়। কোন কোন মহাত্মা মস্তকে গোরোচনা ন্যাস দিয়া তদ্দ্বারা ললাটে তিলক প্রদান করিয়া থাকেন।

এতাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ পূজিতাঃ। দেব-দানব-গন্ধর্ব্বা যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যা অপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥ ৮২ ॥

পরিধায়াংশুকে শিষ্য আচান্তো যাগমণ্ডপে।
গত্বা ভক্ত্যা গুরুং নত্বা গুরোরাসীত দক্ষিণে ॥ ৮৩ ॥
গুরুঃ সমর্প্য গন্ধাদীন্ পুরুষাহারসংমিতং।
নিবেদ্য পায়সং কৃষ্ণে কুর্য্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥ ৮৪ ॥

দানবাঃ দনোঃ পুত্রাঃ, দৈত্যাঃ দিতেঃ পুত্রা ইতি ভেদঃ। অস্ত্রাণি শরাদীনি, শস্ত্রাণি খড়্গাদীনি ॥৮২॥

অংশুকে বস্ত্রযুগ্মং। নবং সিতং পরিধায় স্নানবাসোঽস্পৃশন্ কৃতাচমনঃ সন্ ভক্ত্যা নত্বেতি ভগবদ্বুদ্ধ্যা বহুশোঽষ্টাঙ্গপ্রণামং সপাদগ্রহণং কৃত্বেত্যর্থঃ। গুরোস্তস্য পূর্ব্বাভিমুখমুপবিষ্টস্য প্রাগেব কৃতপ্রাণায়ামষড়ঙ্গন্যাসাদিকস্য দক্ষিণভাগে তদেকচিত্তোঽভিমুখো বদ্ধাঞ্জলিঃ

অনন্তর অভিষেকমন্ত্রসমূহ যথা।—বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, প্রভৃতি সুরগণ তোমাকে অভিষেক করুন্। বাসুদেব, জগন্নাথ, বিভু সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ তোমার কল্যাণবিধান করুন্। দেবেন্দ্র, বহ্নি, ভগবান্ যম, নিঋৃতি, বরুণ, পবন, কুবের ও শিব, ব্রহ্মার সহিত এই সমস্ত দিক্‌পাল নিরন্তর তোমার রক্ষাবিধান করুন্। কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা, পুষ্টি, শ্রদ্ধা, ক্রিয়া, গতি, বুদ্ধি, লজ্জা, বপুঃ, শান্তি, মায়া, নিদ্রা ও ভাবনা এবং রাহু ও কেতু ইহাঁরা সকলে অর্চ্চিত হইয়া তোমাকে অভিষেক করুন্। দেব, দানব (দনুপুত্র), গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, পন্নগ, ঋষি, মুনি, গো, দেবমাতৃগণ, দেবনারীবর্গ, ধ্রুবগণ, নাগসকল, দৈত্যগণ (দিতিপুত্রসকল), অপ্সরা সকল, শরাদি অস্ত্রসমূহ, খড়্গাদি শস্ত্রসকল, নৃপগণ, বাহন সমুদয়, ঔষধ, রত্নপুঞ্জ, মুহূর্ত্তাদি কালের অবয়ব, সরিৎসমূহ, সাগর, শৈলকুল, তীর্থসকল, মেঘগণ ও নদসমূহ, ইহাঁরা ধর্ম্মকামার্থসিদ্ধির জন্য তোমাকে অভিষেক করুন্।৮২।

অনন্তর মন্ত্রকর্থর্মবিধি কথিত হইতেছে।—শিষ্য বস্ত্রদ্বয় অর্থাৎ পরিধেয়-বস্ত্র ও উত্তরীয়-বস্ত্র ধারণান্তে আচমন করিয়া যাগমণ্ডপে গমন পূর্ব্বক ভক্তিসহকারে গুরুকে প্রণাম করত গুরুদেবের দক্ষিণপার্শ্বে উপবিষ্ট হইবে *।৮৩। তৎপরে গুরুদেব গন্ধাদি অর্থাৎ গন্ধপুষ্পধূপদীপাদি অর্পণ পূর্ব্বক একজন পুরুষের ভোজন সুসম্পন্ন হয় এরূপ পরিমিত পায়স শ্রীকৃষ্ণকে

---

* নূতন ও শুক্ল বস্ত্রদ্বয় ধারণ করিয়া পূর্ব্বধৃত স্নানবস্ত্র আর স্পর্শ করিবে না। পরে যাগমণ্ডপে গিয়া কৃতাচমন হইয়া ভক্তি সহকারে ভগবদ্বুদ্ধিতে গুরুদেবকে অষ্টাঙ্গ প্রণাম করিবে। তৎপরে পূর্ব্ব হইতেই কৃতপ্রাণায়াম, কৃতষড়ঙ্গন্যাসাদিক পূর্ব্বাভিমুখে উপবিষ্ট গুরুদেবের দক্ষিণদিকে তদ্গতচিত্ত, তদভিমুখ ও বদ্ধাঞ্জলি হইয়া উপবেশন করিবে।

সাম্প্রদায়িকমুদ্রাদিভূষিতং তং কৃতাঞ্জলিং।
পঞ্চাঙ্গপ্রমুখৈর্ন্যাসৈঃ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণসাচ্ছিশুং ॥ ৮৫ ॥
ন্যস্য পাণিতলং মূর্দ্ধ্নি তস্য কর্ণে চ দক্ষিণে। ঋষ্যাদিযুক্তং বিধিবন্মন্ত্রং বারত্রয়ং বদেৎ ॥
দীর্ঘমন্ত্রঞ্চ শিষ্যস্য যাবদাগ্রহণং পঠেৎ। গুরু-দৈবত-মন্ত্রৈক্যং শিষ্যস্তং ভাবয়ন্ পঠেৎ ॥ ৮৬॥
সাক্ষতং গুরুরাদায় বারি শিষ্যস্য দক্ষিণে।
করেঽর্পয়েদ্বদন্মন্ত্রোঽয়ং সমোঽস্ত্বাবয়োরিতি ॥ ৮৭ ॥

সন্ উপবিশেদিতি জ্ঞেয়ং ॥ ৮৩ ॥ আদিশব্দেন পুষ্পধূপাদীন্ ॥ ৮৪ ॥ সাংপ্রদায়িকং গুরু-পরম্পরাসিদ্ধং। মুদ্রা তিলকমালাদি স্বর্ণাঙ্গুলীয়কাদি চ তেন ভূষিতং। শিশুং নিজশিশুত্বেন বর্ত্তমানমিতি স্নেহবিষয়তা সুচিতা। তং শিষ্যং। শ্রীকৃষ্ণসাৎ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥৮৫॥ তস্য শিষ্যস্য মূর্দ্ধ্নি স্বকরতলং নিধায়। বিধিবদিত্যত্রায়ং বিধির্দ্রষ্টব্যঃ।—নিমীলিতনয়নং শিষ্যং পটান্তরিত উপবিষ্টো গুরুরিদং বদেৎ,—দিব্যদৃষ্ট্যা ভগবন্তমবলোকয়েতি। ততঃ স্বর্ণশলাকয়া তং বক্ষসি স্পৃশেৎ। অথ শিষ্যো মহাফলমেকং দত্বা বদেদিদং,—ময়ি প্রসীদ লোচনাভ্যাং বিলোকয়েতি। অজ্ঞানতিমিরান্ধস্যেত্যাদি পঠেচ্চ। অথোন্মীলিতনয়নস্য শিষ্যস্য তনৌ ভগ-বন্তমাবির্ভূতং ভাবয়ন্ গন্ধাদিভিরলঙ্কৃত্য পঞ্চোপচারৈশ্চ সংপূজ্য সুমুহূর্ত্তে গীতবাদ্যাদিমঙ্গল-ঘোষেণ শিষ্যস্য শিরসি করতলং ন্যস্য ঋষিচ্ছন্দো-দেবতাদিকমুপদিশ্য মূলমন্ত্রং বারত্রয়ং দক্ষিণকর্ণে ব্রূয়াদিতি। আ সম্যক্ গ্রহণং যাবৎ শিষ্যেণ মন্ত্রো যাবতা ধৃতো ভবেত্তাবদ্বারং পঠেদিত্যর্থঃ। গুরুশ্চ দেবতা চ মন্ত্রশ্চ তেষামৈক্যং চিন্তয়ন্ তং মন্ত্রমুচ্চারয়েৎ ॥ ৮৫ ॥ ইতঃ পরময়ং মন্ত্রো মম

নিবেদন করত কুসুমাঞ্জলি সমর্পণ করিবেন। ৮৪। শ্রীগুরু গুরুপরম্পরাসিদ্ধ মুদ্রাদি অর্থাৎ তিলকমালা ও স্বর্ণাঙ্গুরীয়ক প্রভৃতি দ্বারা বিভূষিত, বদ্ধাঞ্জলি সেই শিশুকে পঞ্চাঙ্গপ্রমুখ ন্যাস সহকারে শ্রীকৃষ্ণসাৎ করিবেন অর্থাৎ শ্রীকৃষ্ণকে অর্পণ করিবেন। ৮৫। তৎপরে তদীয় মস্তকো-পরি পাণিতল স্থাপন পূর্ব্বক তাহার দক্ষিণ কর্ণে যথাবিধানে ঋষ্যাদি-সমন্বিত মন্ত্র তিনবার উচ্চা-রণ করিবেন *। দীর্ঘ মন্ত্র হইলে যতবারে তাহা শিষ্যের গ্রহণ (অভ্যস্ত না হয়), ততবার উচ্চারণ করিবেন এবং শিষ্যও গুরু, দেবতা ও মন্ত্রের অভেদ চিন্তন পূর্ব্বক উহা পাঠ করিবে। ৮৬। তৎপরে "এই মন্ত্র তোমার ও আমার উভয়ের সম্বন্ধে তুল্যফলপ্রদ হউক্"

---

* যথাবিধানে বলার তাৎপর্য্য এই যে, গুরুদেব বস্ত্র দ্বারা স্বীয় অঙ্গ আচ্ছাদন পূর্ব্বক নিমীলিতনেত্র শিষ্যকে কহিবেন, "দিব্যদৃষ্টি দ্বারা ভগবান্‌কে দর্শন কর।" পরে সুবর্ণশলাকা দ্বারা শিষ্যের বক্ষঃপ্রদেশ স্পর্শ করিবেন। তৎপরে শিষ্য একটী মহাফল (নারিকেল) অর্পণ পূর্ব্বক কহিবে. "মৎপ্রতি প্রসন্ন হউন্, নেত্রদ্বয় দ্বারা দর্শন করুন্।" এই বলিয়া "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।" এই মন্ত্রটীও উচ্চারণ করিবে। তদনন্তর শিষ্য নয়নোন্মীলন করিলে গুরুদেব উন্মীলিতনেত্র শিষ্যের দেহে ভগবান্‌কে আবির্ভূত চিন্তা করত গন্ধাদি দ্বারা অলঙ্কৃত ও পঞ্চোপচারে পূজা করিয়া সুমুহূর্ত্তে গীতবাদ্যাদি মঙ্গলশব্দ সহকারে শিষ্যের মস্তকে করতল বিন্যাস করিবেন এবং ঋষি ছন্দ ও দেবতাদি উপদেশ করিয়া দক্ষিণ কর্ণে তিনবার মূলমন্ত্র উচ্চারণ করিবেন।

স্বস্মাজ্জ্যোতির্ময়ীং বিদ্যাং গচ্ছন্তীং ভাবয়েদ্গুরুঃ।
আগতাং ভাবয়েচ্ছিষ্যো ধন্যোঽস্মীতি বিশেষতঃ ॥ ৮৮ ॥

মহাপ্রসাদং শিষ্যায় দত্ত্বা তৎ পায়সং গুরুঃ। নিদধ্যাদক্ষতান্মূর্দ্ধ্নি তস্য যচ্ছন্ শুভাশিষং ॥
গুরুণা কৃপয়া দত্তঃ শিষ্যশ্চাবাপ্য তং মনুং। অষ্টোত্তরশতং জপ্‌ত্বা সময়ান্ শৃণুয়াত্ততঃ ॥ ৮৯ ॥

অথ সময়াঃ।

শ্রীনারদপঞ্চরাত্রে।—

স্বমন্ত্রো নোপদেষ্টব্যো বক্তব্যশ্চ ন সংসদি। গোপনীয়ং তথা শাস্ত্রং রক্ষণীয়ং শরীরবৎ ॥
বৈষ্ণবাণাং পরা ভক্তিরাচার্য্যাণাং বিশেষতঃ।
পূজনঞ্চ যথাশক্তি তানাপন্নাংশ্চ পালয়েৎ ॥ ৯০ ॥
প্রাপ্তমায়তনাদ্বিষ্ণোঃ শিরসা প্রণতো বহেৎ।
নিক্ষিপেদম্ভসি ততো ন পতেদবনৌ যথা ॥ ৯১ ॥

তব চ সমোঽস্তু তুল্যফলদো ভবত্বিত্যেতদ্বদন্ ॥ ৮৭ ॥ স্বস্মাদ্গচ্ছন্তীং মন্ত্রাত্মিকাং বিদ্যাং। ধন্যোঽস্মীতি বিশেষতো ভাবয়েৎ ॥ ৮৮ ॥ তন্তগবন্নিবেদিতং পুরুষাহারপরিমিতং মহাপ্রসাদরূপং পায়সং দত্ত্বা। শুভাশিষঃ—আয়ুরারোগ্যমৈশ্বর্য্যমবিনাশঃ স্বয়ং জয়ঃ। সৌভাগ্যঞ্চ পুনশ্চায়ুর্য্যাকং চাস্তু সর্ব্বদেত্যাদ্যুক্তাঃ। জপ্‌ত্বা আবর্ত্ত্য। ততস্তস্মাদ্গুরোঃ সকাশাৎ সময়ান্ আচারান্ ন্যাস-ধ্যানাদীন্ অন্যানপি বৈষ্ণবধর্ম্মান্ শৃণুয়াৎ ॥ ৮৯ ॥

শাস্ত্রং শ্রীভাগবতাদি পূজাদিসম্বন্ধি বা। আপন্নান্ আপদ্গতান্ সতঃ ॥ ৯০ ॥ প্রাপ্তং নির্ম্মাল্যাদি। অতএবোক্তং তত্রৈব প্রায়শ্চিত্তপ্রকরণে। বিষ্ণোর্নিবেদিতং প্রাপ্য নিক্ষেপেৎ যত্র

গুরুদেব এই বলিয়া শিষ্যের দক্ষিণ হস্তে অক্ষতসহিত জল অর্পণ করিবেন। ৮৭। স্বীয় দেহ হইতে জ্যোতির্ম্ময়ী মন্ত্রাত্মিকা বিদ্যা শিষ্যদেহে গমন করিতেছে, গুরু এইরূপ চিন্তা করিবেন এবং শিষ্যও গুরুদেহ হইতে নিজদেহে সেই বিদ্যাকে সমাগতা ভাবনা করিয়া "আমি ধন্য হইলাম" বিশেষরূপে ইহা চিন্তা করিবে। ৮৮। গুরুদেব শিষ্যকে সেই (ভগবন্নিবেদিত, একজন পুরুষের আহারপরিমিত) মহাপ্রসাদরূপ পায়স প্রদান করিয়া শুভাশীর্ব্বাদ অর্থাৎ তোমার আয়ুঃ, আরোগ্য, ঐশ্বর্য্য, জয়, সৌভাগ্য প্রভৃতি লাভ হউক, এইরূপ উচ্চারণ পূর্ব্বক তদীয় শিরোদেশে অক্ষত সমর্পণ করিবেন। গুরুদেব কৃপা করিয়া যে মন্ত্র অর্পণ করিবেন, শিষ্যও সেই মন্ত্র লাভ করত অষ্টোত্তর শত জপ করিয়া তৎপরে সময় সকল অর্থাৎ আচার, ন্যাসধ্যানাদি ও অন্যান্য বৈষ্ণবধর্ম্ম শ্রবণ করিবে। ৮৯।

অতঃপর সময় সকল কথিত হইতেছে।—শ্রীনরাদপঞ্চরাত্রে লিখিত আছে, শিষ্য স্বীয় গুরূপদিষ্ট মন্ত্র কাহাকেও উপদেশ দিবে না এবং জনসমক্ষে প্রকাশ করিবে না। শাস্ত্র অর্থাৎ শ্রীমদ্ভাগবত কিংবা পূজাদি-বিষয়ক গ্রন্থ গোপনে রাখিবে এবং নিজ দেহবৎ উহা রক্ষা করিবে। বৈষ্ণবগণের প্রতি বিশেষতঃ আচার্য্যবর্গের প্রতি ভক্তি প্রদর্শন, যথাশক্তি তাঁহাদিগের পূজন এবং বিপদাপন্ন হইলে তাঁহাদিগের রক্ষণ করিবে। ৯০। হরিমন্দির হইতে

সোমসূর্য্যান্তরস্থঞ্চ গবাশ্বত্থাগ্নিমধ্যগং। ভাবয়েদ্দেবতং বিষ্ণুং গুরুবিপ্রশরীরগং॥
যত্র যত্র পরীবাদো মাৎসর্য্যাচ্ছ্রূয়তে গুরোঃ। তত্র তত্র ন বস্তব্যং নির্যায়াৎ সংস্মরন্ হরিং॥
যৈঃ কৃতা চ গুরোর্নিন্দা বিভোঃ শাস্ত্রস্য নারদ। নাপি তৈঃ সহ বস্তব্যং বক্তব্যং বা কথঞ্চন॥
প্রদক্ষিণে প্রয়াণে চ প্রদানে চ বিশেষতঃ। প্রভাতে চ প্রবাসে চ স্বমন্ত্রং বহুশঃ স্মরেৎ॥

স্বপ্নে বাক্ষিসমক্ষং বা আশ্চর্য্যমতিহর্ষদং।
অকস্মাদ্যদি জায়েত ন খ্যাতব্যং গুরোর্বিনা॥ ৯২॥

পঞ্চরাত্রান্তরে।—

সময়াংশ্চ প্রবক্ষ্যামি সংক্ষেপাৎ পঞ্চরাত্রকাৎ।
ন ভক্ষয়েন্মৎস্যমাংসং কূর্ম্মশূকরকাংস্তথা॥ ৯৩॥

কাংস্যপাত্রে ন ভুঞ্জীত ন প্লক্ষবটপত্রয়োঃ। দেবাগারে ন নিষ্ঠীবেৎ ক্ষুতং চাত্র বিবর্জয়েৎ॥

ন সোপানৎকচরণঃ প্রবিশেদন্তরং ক্বচিৎ॥ ৯৪॥

একাদশ্যাং ন চাশ্নীয়াৎ পক্ষয়োরুভয়োরপি। জাগরং নিশি কুর্ব্বীত বিশেষাচ্চার্চ্চয়েদ্বিভুং॥ ৯৫॥

কুত্রচিৎ। অযোগ্যস্থাথ বা দত্থাৎ সোঽয়মষ্টশতং জপেদিতি॥ ৯১॥ বিভোর্ভগবতঃ॥ ৯২॥ মৎস্যমাংসে নিষিদ্ধে অপি পুনঃ কূর্ম্মাদিনিষেধঃ কদাচিদ্রোগাদিনা মাংসাশিনোঽপ্যবশ্যং তদ্বর্জনায়॥৯৩॥ দেবাগার ইত্যগ্রেঽপ্যনুবর্ত্তত এব। ততশ্চ অন্তরং দেবাগারাভ্যন্তরমিত্যর্থঃ। ক্বচিৎ কদাচিদপি। যদ্বা কস্মিংশ্চিদপি দেবাগারে॥ ৯৪ বিশেষাদিতি অন্যতিথিভ্যো বিশেষেণ একাদশ্যাং তত্রাপি

নির্ম্মাল্যাদি প্রাপ্ত হইলে প্রণত হইয়া তাহা মস্তকোপরি (ধারণ) করিবে, তদনন্তর তাহা জলগর্ভে নিক্ষেপ করিবে, যেন ভূমিতে পতিত না হয়। ৯১। বিষ্ণুদেবকে সোমসূর্য্যের মধ্যবর্ত্তী, গো অশ্বত্থ ও বহ্নির মধ্যগত এবং গুরু ও বিপ্রের দেহমধ্যস্থরূপে চিন্তা করিবে। যেখানে মাৎসর্য্য বশতঃ গুরুনিন্দা শ্রুতিগোচর হইবে, তথায় অবস্থান করিবে না, হরিকে স্মরণ করত তথা হইতে প্রয়াণ করিবে। হে নারদ! যে সকল ব্যক্তি গুরুনিন্দা, ভগবানের নিন্দা ও শাস্ত্রনিন্দা করে, তাহাদিগের সহিত কদাচ অবস্থিতি অথবা কথোপকথন করিবে না। বিশেষতঃ প্রদক্ষিণ-সময়ে, গমনকালে, দানকালে, প্রাতঃকালে ও প্রবাসে থাকিলে মুহুর্মুহুঃ স্বীয় মন্ত্র স্মরণ করিবে। স্বপ্নে বা অক্ষিসমক্ষে সহসা যদি কোনরূপ অতি-হর্ষপ্রদ আশ্চর্য্য ঘটে, তাহা হইলে গুরু ব্যতীত অপরের নিকট প্রকাশ করিবে না। ৯২। পঞ্চরাত্রান্তরে লিখিত আছে, যথা—পঞ্চরাত্র হইতে সংক্ষেপতঃ সময় সকল বর্ণন করিতেছি। মৎস্য, মাংস, কূর্ম্ম ও শূকর ভোজন করিবে না *। ৯৩। কাংস্যপাত্রে, অশ্বত্থপত্রে অথবা বটপত্রে ভোজন করিবে না; দেবাগারে নিষ্ঠীবন ত্যাগ করিবে না, তথায় ক্ষুত (হাঁচি) বর্জ্জন করিবে এবং পাদুকাপদে কদাচ দেবগৃহাভ্যন্তরে প্রবেশ করিবে না। ৯৪। শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষের একাদশীতেই

---

* কূর্ম্ম ও শূকরও মাংসমধ্যে গণ্য। একবার মাংসের নিষিদ্ধতা উল্লেখ করিয়া পুনরায় কূর্ম্ম ও শূকরের উল্লেখ করায় এই বুঝাইতেছে যে, পীড়া প্রভৃতির উপশমার্থে চিকিৎসার জন্য মাংসভক্ষণের বিধি থাকিলেও কদাচ কূর্ম্ম বা শূকরমাংস ভক্ষণ করিবে না।

সম্মোহনতন্ত্রে চ।—

গোপয়েদ্দেবতামিষ্টাং গোপয়েদ্গুরুমাত্মনঃ।
গোপয়েচ্চ নিজং মন্ত্রং গোপয়েন্নিজমালিকাং ॥ ৯৬ ॥ ইতি ॥

চতুর্যুক্শতসংখ্যেষু প্রাগ্গুরোঃ সময়েষু চ। শিষ্যেণাঙ্গীকৃতেষ্বেব দীক্ষা কৈশ্চন মন্যতে ॥৯৭॥

তথা চ বিষ্ণুযামলে।—

গুরুঃ পরীক্ষয়েচ্ছিষ্যং সংবৎসরমতন্দ্রিতঃ। নিয়মান্ বিহিতান্ বর্জ্যান্ শ্রাবয়েচ্চ চতুঃশতং ॥৯৮॥
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থানং মহাবিষ্ণোঃ প্রবোধনং। নীরাজনঞ্চ বাদ্যেন প্রাতঃস্নানং বিধানতঃ ॥ ৯৯ ॥
বিশুদ্ধাহতযুগ্বস্ত্রধারণং দেবতার্চ্চনং। গোপীচন্দনমৃৎস্নায়াঃ সর্ব্বদা চোর্দ্ধপুণ্ড্রকং।
পঞ্চায়ুধানাং বিধৃতিশ্চরণামৃতসেবনং। তুলসীমণিমালাদিভূষাধারণমন্বহং।
নির্ম্মাল্যোদ্বাসনং বিষ্ণোস্তচ্চন্দনবিলেপনং ॥ ১০০ ॥

বিশেষতো জাগরণেনার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ৯৫-৯৬ ॥ সময়শ্রবণে মতান্তরং লিখতি চতুর্যুগিতি। প্রাক্ প্রথমং গুরোঃ সকাশাদঙ্গীকৃতেষ্বেব ॥ ৯৭ ॥ বিহিতান্ বিধেয়ানিত্যর্থঃ। চতুর্যুক্শতং ॥ ৯৮ ॥ অত্রাদৌ দ্বিপঞ্চাশদ্বিহিতানাহ ব্রাহ্ম ইত্যাদিনা চিন্তনমিত্যন্তেন ॥৯৯॥ বিশুদ্ধঞ্চ পবিত্রং আহতঞ্চ নূতনং। পাঠান্তরে * বিশুদ্ধেন জনেনাহৃতমানীতং যৎ যুগ্বস্ত্রং বস্ত্রযুগ্মং তস্য ধারণং। দেবতায়া

ভোজন করিবে না, বিশেষতঃ একাদশীর রাত্রিতে জাগরণ করিবে ও বিভু ভগবানের অর্চ্চনা করিবে। ৯৫। সম্মোহনতন্ত্রে লিখিত আছে যে, ইষ্টদেবতাকে গোপন করিবে, নিজ গুরুকে গোপন করিবে, স্বীয় মন্ত্রকে গোপন করিবে এবং আপনার মালা গোপনে রাখিবে। ৯৬। প্রথমে শিষ্য গুরুদেবের একশত চারিটী নিয়ম অঙ্গীকার করিলেই দীক্ষা হইতে পারে, কেহ কেহ এইরূপ মত প্রকাশ করিয়া থাকেন। ৯৭। এ বিষয়ে বিষ্ণুযামলে লিখিত আছে যে, গুরুদেব অতন্দ্রিত হইয়া একবর্ষ পর্য্যন্ত শিষ্যকে পরীক্ষা করিবেন এবং এক শত চারিটী বিহিত ও পরিত্যাজ্য নিয়ম শ্রবণ করাইবেন। ৯৮। (অধুনা সেই সকল নিয়ম কথিত হইতেছে।) (১) ব্রাহ্ম মুহূর্ত্তে গাত্রোত্থান, (২) মহাবিষ্ণুর প্রবোধন, (৩) বাদ্য সহকারে নীরাজন, (৪) যথাবিধানে প্রাতঃস্নান, (৫) বিশুদ্ধ নূতন বস্ত্রদ্বয় অর্থাৎ পরিধেয় ও উত্তরীয় ধারণ * (৬) দেবতার্চ্চন অর্থাৎ তর্পণাদি দ্বারা জলে নিজ ইষ্টদেবতার পূজন, (৭) গোপীচন্দন ও মৃত্তিকা দ্বারা নিরন্তর ঊর্দ্ধপুণ্ড্র করণ, (৮) নিত্য আয়ুধপঞ্চক ধারণ অর্থাৎ যথাযথ অঙ্গে শঙ্খ, চক্র, গদা, খড়্গ ও সশর শরাসন ধারণ, (৯) চরণামৃত সেবন, (১০) প্রত্যহ তুলসী ও মণিমালাদি বিভূষণ ধারণ, (১১) নির্ম্মাল্যোদ্বাসন অর্থাৎ বিষ্ণুর নির্ম্মাল্য দূরীকরণ, (১২) দেহে বিষ্ণুর নির্ম্মাল্যচন্দনলেপন, (১৩) শালগ্রামশিলা ও প্রতিমা-

---

* কেহ কেহ "বিশুদ্ধাহৃতযুগ্বস্ত্রধারণং" এইরূপ পাঠ করিয়া থাকেন। সে স্থলে "পবিত্র ব্যক্তি কর্ত্তৃক আনীত বস্ত্রদ্বয়ধারণ" এইরূপ অর্থ হইবে।

শালগ্রামশিলাপূজা প্রতিমাসু চ ভক্তিতঃ। নির্ম্মাল্যতুলসীভক্ষস্তুলস্যবচয়ো বিধেঃ ॥ ১০১ ॥
বিধিনা তান্ত্রিকী সন্ধ্যা শিখাবন্ধো হি কর্ম্মণি। বিষ্ণুপাদোদকেনৈব পিতৃণাং তর্পণক্রিয়া।
মহারাজোপচারৈশ্চ শক্ত্যাং সংপূজনং হরেঃ ॥ ১০২ ॥
বিষ্ণুভক্ত্যবিরোধেন নিত্যনৈমিত্তিকী ক্রিয়া। ভূতশুদ্ধ্যাদিকরণং ন্যাসাঃ সর্ব্বে যথাবিধি।
নবীনফলপুষ্পাদের্ভক্তিতঃ সংনিবেদনং। তুলসীপূজনং নিত্যং শ্রীভাগবতপূজনং ॥ ১০৩ ॥
ত্রিকালং বিষ্ণুপূজা চ পুরাণশ্রুতিরন্বহং। বিষ্ণোর্নিবেদিতানাং বৈ বস্ত্রাদীনাঞ্চ ধারণং ॥ ১০৪ ॥
সর্ব্বেষাং পুণ্যকার্য্যাণাং স্বামিদৃষ্ট্যা প্রবর্ত্তনং। গুর্ব্বাজ্ঞাগ্রহণং তত্র বিশ্বাসো গুরুণোদিতে ॥১০৫॥
যথাস্বমুদ্রারচনং গীতনৃত্যাদিভক্তিতঃ। শঙ্খাদিধ্বনিমাঙ্গল্যলীলাদ্যভিনয়ো হরেঃ।
নিত্যহোমবিধানঞ্চ বলিদানং যথাবিধি ॥ ১০৬ ॥

নিজেষ্টদৈবতস্য অর্চ্চনং তর্পণাদিনা জলে পূজনং। পাঠান্তরেঽপি * স এবার্থঃ ॥ ১০০ ॥ শালগ্রাম-শিলায়াং পূজা প্রতিমাসু চ পূজেত্যেষ একো নিয়মঃ। নির্ম্মাল্যতুলস্যা ভক্ষঃ ভক্ষণং। ভূষেতি বা পাঠঃ। ভূষণত্বেন মস্তকাদৌ ধারণমিত্যর্থঃ। বিধের্যথাবিধীত্যর্থঃ ॥ ১০১ ॥ শক্ত্যাং শক্তৌ সত্যাং। শক্ত্যেতি পাঠেঽপি স এবার্থঃ। এবমগ্রেঽপি ॥ ১০২ ॥ যা বিষ্ণুভক্ত্যা সহ বিরুদ্ধা ন ভবতীত্যর্থঃ। পাঠান্তরং স্পষ্টং † ॥১০৩॥ পুরাণানাং শ্রীভাগবতাদীনাং শ্রুতিঃ শ্রবণং ॥ ১০৪ ॥ স্বামিদৃষ্ট্যা ভগব-দাজ্ঞাবুদ্ধ্যা। যথা নিযুক্তোঽস্মি তথা করোমীতি বুদ্ধ্যা বা। যদ্বা স্বামীতি বুদ্ধ্যা দাসভাবে-নেত্যর্থঃ ॥ ১০৫ ॥ যথাস্বং নিজমন্ত্রদেবতানুসারেণ মুদ্রাণাং রচনং বন্ধনং। তথা স্বেতি পাঠেঽপি

সমূহে ভক্তিসহকারে অভীষ্ট দেবতার অর্চ্চনা, (১৪) নির্ম্মাল্য তুলসী ভক্ষণ, ‡ (১৫) যথাবিধি তুলসীচয়ন, (১৬) যথাবিধানে তান্ত্রিকী সন্ধ্যার উপাসনা, (১৭) ধর্ম্ম-কর্ম্মে শিখাবন্ধন, (১৮) বিষ্ণুপাদোদক দ্বারাই পিতৃগণের তর্পণক্রিয়া, (১৯) সামর্থ্য থাকিলে মহারাজোপচারে শ্রীহরির পূজন, (২০) বিষ্ণুভক্তির অবিরোধে অর্থাৎ যাহা বিষ্ণুভক্তির সহিত বিরুদ্ধ নহে ঈদৃশী নিত্য নৈমিত্তিকী ক্রিয়ার অনুষ্ঠান, (২১) ভূতশুদ্ধ্যাদি ও যথাবিধানে সমস্ত ন্যাস সম্পাদন, (২২) ভগবান্‌কে ভক্তি সহকারে নবীন ফল-পুষ্পাদি নিবে-দন, (২৩) নিত্য তুলসী-পূজন, (২৪) নিত্য শ্রীভাগবত-পূজন, (২৫) প্রতিদিন ত্রিকাল বিষ্ণুর অর্চ্চনা, (২৬) প্রত্যহ শ্রীভাগবতাদি পুরাণ শ্রবণ, (২৭) বিষ্ণুনিবেদিত বস্ত্রাদি ধারণ, (২৮) ভগবানের আদেশ জ্ঞান করত অর্থাৎ ভগবান্ যেরূপে নিযুক্ত করিয়াছেন সেইরূপেই কর্ম্ম করিতেছি এই জ্ঞানে অথবা ভগবানের দাসভাবে নিখিল পুণ্য কর্ম্মে প্রবৃত্ত হওন, (২৯) গুরুর আজ্ঞা গ্রহণ, (৩০) গুরু-কথিত বাক্যে বিশ্বাস, (৩১) নিজমন্ত্র-দেব-তানুসারে মুদ্রাবন্ধন অর্থাৎ তিলকরচন, (৩২) ভক্তি সহকারে গীত ও (৩৩) ভক্তি সহ-কারে নৃত্যাদি, (৩৪) শ্রীহরির সম্বন্ধে শঙ্খাদির মঙ্গলধ্বনি, (৩৫) লীলার অনুকরণ,

---

* দেবতর্পণমিতি পাঠে। † বিষ্ণুভক্ত্যবিরুদ্ধা চেতি পাঠঃ।

‡ কেহ কেহ "নির্ম্মাল্যতুলসীভূষা তুলস্যবচয়ো বিধেঃ" এইরূপ পাঠ করিয়া থাকেন। সে স্থলে "মস্ত-কাদিতে নির্ম্মাল্যতুলসীরূপ ভূষণ ধারণ" এইরূপ অর্থ হইবে।

সাধূনাং স্বাগতং পূজা শেষনৈবেদ্যভোজনং। তাম্বূলশেষগ্রহণং বৈষ্ণবৈঃ সহ সঙ্গমঃ।
বিশিষ্টধর্ম্মজিজ্ঞাসা দশম্যাদিদিনত্রয়ে। ব্রতে নিয়মতঃ স্বাস্থ্যং সন্তোষো যেন কেন বৈ।
পর্ব্বযাত্রাদিকরণং বাসরাষ্টকসদ্বিধিঃ। বিষ্ণোঃ সর্ব্বর্ত্তুচর্য্যা চ মহারাজোপচারতঃ॥
সর্ব্বেষাং বৈষ্ণবাণাঞ্চ ব্রতানাং পরিপালনং। গুরাবীশ্বরভাবশ্চ তুলসীসংগ্রহঃ সদা॥ ১০৭॥
শয়নাদ্যুপচারশ্চ রামাদীনাঞ্চ চিন্তনং॥ ১০৮॥
সন্ধ্যয়োঃ শয়নং নৈব ন শৌচং মৃত্তিকাং বিনা। তিষ্ঠতাচমনং নৈব তথা গুর্ব্বাসনাসনং।
গুর্ব্বগ্রে পাদবিস্তারশ্ছায়ায়া লঙ্ঘনং গুরোঃ। শক্তৌ স্নানক্রিয়াহানির্দেবতার্চ্চনলোপনং॥১০৯॥
দেবতানাং গুরূণাঞ্চ প্রত্যুত্থানাদ্যভাবনং। গুরোঃ পুরস্তাৎ পাণ্ডিত্যং প্রৌঢ়পাদক্রিয়া তথা॥১১০

স এবার্থঃ॥ ১০৬॥ স্বাগতং পূজা চেত্যেক এব নিয়মঃ। বিশেষতো ধর্ম্মস্য বৈষ্ণবকৃত্যস্য। যদ্বা বিশিষ্টধর্ম্মস্য ভগবদ্ধর্ম্মস্য জিজ্ঞাসা। দশম্যাদিদিনত্রয়েষু দশম্যেকাদশীদ্বাদশীষু যদ্ব্রতঞ্চ ভক্ষণাদি-নিয়মঃ তস্মিন্ নিয়মেন স্বাস্থ্যং শ্রদ্ধয়া স্থৈর্য্যমিত্যর্থঃ। পর্ব্ব জন্মাষ্টম্যাদিমহোৎসবঃ। যাত্রা দেবালয়াদিগমনং। আদিশব্দেন তুলসীপুষ্পবাটিকাদিতত্তদ্বিধানং। বাসরাষ্টকং অষ্ট মহাদ্বাদশ্যঃ। তস্য সদ্বিধিঃ সংকারঃ যথাবিধি প্রতিপালনমিত্যর্থঃ। সর্ব্বেষু ঋতুষু বসন্তাদিষু চর্য্যা তত্তৎকালীনপুষ্পাদিভিঃ পরিচর্য্যা দোলান্দোলনক্রিয়া বা। সা চ মহারাজোপচারতঃ শক্তৌ সত্যামিতি জ্ঞেয়ং॥ ১০৭॥ শয়নং শয্যা, আদিশব্দাৎ পাদসংবাহনাদিঃ, তত্তদ্রূপো বা উপচারঃ। রামাদীনাং চিন্তনং, রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি ইত্যাদ্যুক্তেঃ॥ ১০৮॥ অধুনা বর্জ্যান্ দ্বিপঞ্চাশন্নিয়মানাহ সন্ধ্যয়োরিত্যাদিনা সদেত্যন্তেন। নৈবেতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্ততে॥ ১০৯॥ প্রত্যুত্থানাদীনাম্ অভাবনম্ অকরণমিত্যর্থঃ। প্রৌঢ়পাদলক্ষণমুক্তম্। আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ। কৃতাবসকৃথিকো যস্তু প্রৌঢ়পাদঃ স

(৩৬) যথাবিধানে নিত্য হোম বিধান, (৩৭) নিত্য যথাবিধি নৈবেদ্যার্পণ, (৩৮) সাধুগণের স্বাগত, ও পূজা, (৩৯) শেষ নৈবেদ্য ভক্ষণ, (৪০) তাম্বুলশেষ গ্রহণ, (৪১) বৈষ্ণবসঙ্গম, (৪২) বিশিষ্ট ধর্ম্মের অর্থাৎ বৈষ্ণবকৃত্যের বা ভগবদ্ধর্ম্মের জিজ্ঞাসা করণ, (৪৩) দশমী একাদশী ও দ্বাদশী এই তিন দিবসে বিহিত ব্রতবিষয়ে যথানিয়মে শ্রদ্ধা সহকারে স্থৈর্য্য ধারণ, (৪৪) যে কোন রূপ অবস্থাই হউক্ না কেন, সর্ব্বদাই সন্তোষ, (৪৫) পর্ব্ব ও যাত্রাদি করণ, * (৪৬) যথাবিধানে অষ্টমহাদ্বাদশী প্রতিপালন, † (৪৭) (বসন্তাদি) সকল ঋতুতে (তত্তৎকালীন পুষ্পাদি দ্বারা) মহারাজোপচারে বিষ্ণুর পরিচর্য্যা বা দোলান্দোলনাদি ক্রিয়া, (৪৮) নিখিল বৈষ্ণবব্রতের পরিপালন, (৪৯) গুরুতে ঈশ্বরভাব অর্থাৎ ঈশ্বরবুদ্ধি, (৫০) সদা তুলসী সংগ্রহ, (৫১) শয়নাদি উপচার অর্থাৎ শয্যা প্রদান ও পাদসংবাহনাদি, (৫২) (শয়ন-

* পর্ব্ব — জন্মাষ্টম্যাদি মহোৎসব। যাত্রা—দেবালয়াদিগমন। যাত্রাদি বলায় অর্থাৎ আদিশব্দ প্রয়োগ করায় তুলসীপুষ্পবাটিকাদিবিধান বুঝাইতেছে।

† অষ্টমহাদ্বাদশী যথা—উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধিনী, জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী।

অমন্ত্রতিলকাচামো নীলীবস্ত্রবিধারণং। অভক্তৈঃ সহ মৈত্র্যাদি অসচ্ছাস্ত্রপরিগ্রহঃ।
তুচ্ছসঙ্গসুখাসক্তির্মদ্যমাংসনিষেবণং ॥ ১১১ ॥
মাদকৌষধসেবা চ মসূরাদ্যন্নভোজনং। শাকং তুম্বীকলঞ্জাদি তথাঽভক্তান্নসংগ্রহঃ।
অবৈষ্ণবব্রতারম্ভস্তথা জপ্যমবৈষ্ণবং ॥ ১১২ ॥
অভিচারাদিকরণং শক্ত্যা গৌণোপচারকং। শোকাদিপারবশ্যঞ্চ দিগ্বিদ্ধৈকাদশীব্রতং।
শুক্লা-কৃষ্ণা-বিভেদশ্চাসদ্ব্যাপারো ব্রতে তথা। শক্তৌ ফলাদিভুক্তিশ্চ শ্রাদ্ধং চৈকাদশীদিনে ॥১১৩
দ্বাদশ্যাঞ্চ দিবাস্বাপস্তুলস্যবচয়স্তথা। তত্র বিষ্ণোর্দিবাস্নানং শ্রাদ্ধং হর্য্যনিবেদিতৈঃ ॥ ১১৪ ॥
বৃদ্ধাবতুলসীশ্রাদ্ধং তথা শ্রাদ্ধমবৈষ্ণবং। চরণামৃতপানেঽপি শুদ্ধ্যর্থাচমনক্রিয়া ॥ ১১৫ ॥

উচ্যতে ॥ ১১০ ॥ মন্ত্রং বিনা তিলকং আচামশ্চাচমনমিতি। দ্বাভ্যামেক এব নিয়মঃ ॥১১১॥ আদি-শব্দেন দগ্ধান্নাদি। আদিশব্দাৎ বৃন্তাকাদি। অভক্তাৎ অবৈষ্ণবাৎ অন্নস্য সংগ্রহঃ পরিগ্রহঃ। সংগ্রহশব্দেন ক্ষুৎপীড়য়োদরভরণমাত্রান্নগ্রহণমনুজ্ঞাতং ॥ ১১২ ॥ দিক্ দশমী। ব্রতে অসদ্ব্যাপারঃ দ্যূতক্রীড়াদিঃ ॥ ১১৩ ॥ তত্র দ্বাদশ্যাং ॥ ১১৪ ॥ বৃদ্ধৌ বৃদ্ধিশ্রাদ্ধে তুলসীং বিনা শ্রাদ্ধং। অবৈষ্ণবং বৈষ্ণবজনরহিতং ভগবদনিবেদিতান্নাদিরহিতং বা। চরণামৃতপানে সত্যপি শুদ্ধ্যর্থম্ ইতরজলপান-

---

কালে) রামাদির চিন্তন, * (৫৩) উভয় সন্ধ্যায় শয়ন না করণ, (৫৪) মৃত্তিকা ব্যতীত শৌচ না করণ, (৫৫ দণ্ডায়মান হইয়া আচমন না করণ, (৫৬) গুরুদেবের আসনে উপবেশন না করণ, (৫৭) গুরুর সম্মুখে পাদবিস্তার ও (৫৮ গুরুদেবের ছায়া লঙ্ঘন না করণ, (৫৯) শক্তি বিদ্যমানে স্নানক্রিয়ার হানি না করণ, (৬০) দেবার্চ্চনা বিলুপ্ত না করণ, (৬১) দেবতা ও গুরুজনসমূহের প্রত্যুত্থানাদি না করণ, (৬২) গুরুদেবের পুরোভাগে পাণ্ডিত্য প্রকাশ না করণ, (৬৩) প্রৌঢ়পাদক্রিয়া অর্থাৎ উর্দ্ধজানু হইয়া উপবেশন না করণ, (৬৪) মন্ত্র ব্যতীত তিলক রচনা ও আচমন না করণ, (৬৫; নীলীবস্ত্র ধারণ না করণ, (৬৬) অভক্ত অর্থাৎ শ্রীহরিপরাঙ্মুখ ব্যক্তিগণের সহিত মিত্রতাদি না করণ, (৬৭) অসৎ শাস্ত্র গ্রহণ না করণ, (৬৮) তুচ্ছ সঙ্গে ও তুচ্ছ সুখে আসক্তি না করণ, (৬৯) মদ্যমাংস সেবন না করণ, (৭০) মাদকৌষধ সেবা না করণ, (৭১) মসূরাদি অর্থাৎ মসূর ও দগ্ধ অন্নাদি ভোজন না করণ, (৭২) শাক ভোজন না করণ, (৭৩) তুম্বী, কলঞ্জ † ও বৃন্তাকাদি ভক্ষণ না করণ, (৭৪) অভক্ত অর্থাৎ অবৈষ্ণব জনের নিকট হইতে অন্ন সংগ্রহ না করণ, ‡ (৭৫) বিষ্ণুসম্বন্ধ ব্যতীত ব্রতান্তরের আচরণ না করণ, (৭৬) বিষ্ণুমন্ত্র ব্যতীত অন্য মন্ত্র জপ না করণ, (৭৭) অভিচারাদি অর্থাৎ উচ্চাটন, বশীকরণ প্রভৃতি না করণ, (৭৮) শক্তি বিদ্যমানে গৌণোপচারে অর্থাৎ

---

* রামাদি অর্থাৎ রাম, স্কন্দ, হনুমান, গরুড়, বৃকোদর। শয়নকালে এই সকল নাম স্মরণ করিলে দুঃস্বপ্ন বিনাশ পায়। যথা—রামং স্কন্দং হনুমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি। এই পর্য্যন্ত দ্বিপঞ্চাশৎ বিহিত সময় বর্ণন পূর্ব্বক অতঃপর অবশিষ্ট দ্বিপঞ্চাশৎসংখ্যক বর্জ্জ্য নিয়ম কথিত হইতেছে।

† কলঞ্জ—বিষাক্ত শর দ্বারা বিদ্ধ মৃগ পক্ষী।

‡ ক্ষুধার্ত্ত ব্যক্তির উদর পূর্ণ হয় মাত্র, এতৎপরিমিত অন্নের গ্রহণীয় নাম সংগ্রহ।

কাষ্ঠাসনোপবিষ্টেন বাসুদেবস্য পূজনং। পূজাকালেঽসদালাপঃ করবীরাদিপূজনং ॥ ১১৬ ॥
আয়সং ধূপপাত্রাদি তির্য্যক্‌পুণ্ড্রং প্রমাদতঃ। পূজা চাসংস্কৃতৈর্দ্রব্যৈস্তথা চঞ্চলচিত্ততঃ ॥ ১১৭ ॥
একহস্তপ্রণামাদি অকালে স্বামিদর্শনং। পর্য্যুষিতাদিদুষ্টানামন্নাদীনাং নিবেদনং ॥ ১১৮ ॥
সংখ্যাং বিনা মন্ত্রজপস্তথা মন্ত্রপ্রকাশনং। সদা শক্ত্যাং মুখ্যলোপো গৌণকালপরিগ্রহঃ ॥
প্রসাদাগ্রহণং বিষ্ণোর্বর্জ্জয়েদ্বৈষ্ণবঃ সদা।
চতুঃশতং বিধীনেতান্ নিষেধান্ শ্রাবয়েদ্‌গুরুঃ ॥ ১১৯ ॥
অঙ্গীকারে কৃতে বাঢ়ং তন্নীরাজনপূর্ব্বকং।
দেবপূজাং কারয়িত্বা দক্ষকর্ণে মনুং জপেৎ ॥ ১২০ ॥ ইতি।

বিহিতাচমনং যথাকথঞ্চিৎ পূর্ব্বজ্ঞাতশুদ্ধেঃ পাবিত্র্যায়াচমনমিত্যর্থঃ ॥ ১১৫ ॥ করবীরশব্দেন গৃহ-করবীরং। আদিশব্দাচ্চার্কাদি জ্ঞেয়ং, তেন যদ্ভগবতঃ পূজনং তৎ ॥ ১১৬ ॥ প্রমাদতোঽপি ॥১১৭॥ আদিশব্দেন একপ্রদক্ষিণাদি। যদ্যপি এতৎ সর্ব্বমগ্রে লেখ্যতত্তৎপ্রকরণে বিশেষতোঽভিব্যক্তং ভাবি তথাপি সুখবোধায়াত্র কিঞ্চিদ্বিবৃতং ॥ ১১৮ ॥ শক্ত্যাং শক্তৌ সত্যামপি। কদাসক্ত্যেতি পাঠে কুৎসিতকর্ম্মাদ্যভিনিবেশেন মুখ্যকালস্য লোপঃ। অতএব গৌণকালস্য পরিগ্রহ ইত্যেক এব নিয়মঃ ॥ ১১৯ ॥ বাঢ়ম্ অঙ্গীকারে। শিষ্যেণ তেষাং স্বীকারে কৃতে সতি। তস্য শিষ্যস্য

ন্যূনকল্পে উপচার প্রদান না করণ, (৭৯) শোকাদি-পরতন্ত্র না হওন, (৮০) দশমীবিদ্ধ একাদশীব্রত না করণ, (৮১) শুক্ল ও কৃষ্ণ এই উভয়পক্ষীয় একাদশীকে প্রভেদ না করণ, (৮২) ব্রতধারণ পূর্ব্বক দ্যূতক্রীড়াদি না করণ, (৮৩) শক্তি বিদ্যমানে ব্রতদিবসে ফলাদি ভক্ষণ না করণ, (৮৪) একাদশীদিনে শ্রাদ্ধ না করণ, (৮৬) দ্বাদশীদিনে দিবাভাগে নিদ্রিত না হওন ও (৮৬) তুলসীচয়ন না করণ, (৮৭) দ্বাদশীদিনে দিবাভাগে বিষ্ণুকে স্নাপন না করণ, (৮৮) হরিকে অনিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধ না করণ, (৮৯) বৃদ্ধিশ্রাদ্ধে তুলসী ব্যতীত শ্রাদ্ধক্রিয়া না করণ, (৯০) অবৈষ্ণবশ্রাদ্ধ না করণ অর্থাৎ বৈষ্ণব-পুরোহিত-রহিত অথবা বিষ্ণু-নির্ম্মাল্যরহিত শ্রাদ্ধ না করণ, (৯১) চরণামৃতপান বিদ্যমানেও শুদ্ধ্যর্থ অন্যজল দ্বারা আচমন ক্রিয়া না করণ, (৯২) কাষ্ঠাসনে উপবিষ্ট হইয়া বাসুদেবের অর্চ্চনা না করণ, (৯৩) অর্চ্চনাকালে অসদালাপ না করণ, (৯৪) গৃহ-করবীর ও আকন্দকুসুমাদি দ্বারা ভগবানের অর্চ্চনা না করণ, (৯৫) লৌহনির্ম্মিত ধূপপাত্রাদি ব্যবহার না করণ, (৯৬) প্রমাদবশেও বক্র পুণ্ড্র না করণ, (৯৭) অসংস্কৃত দ্রব্য দ্বারা ও চঞ্চলচিত্তে ভগবানের অর্চ্চনা না করণ, এক হস্ত দ্বারা প্রণাম ও একবারমাত্র প্রদক্ষিণাদি না করণ, (১০১) সংখ্যা ব্যতীত মন্ত্র জপ না করণ (১০২) ও মন্ত্র প্রকাশ না করণ (১০৩) শক্তি বিদ্যমানে * মুখ্যকালের লোপ সুতরাং গৌণকালের পরিগ্রহ না করণ, (১০৪) এবং বিষ্ণুর প্রসাদ গ্রহণে অস্বীকার না করণ, এই একশত চারিটী বৈষ্ণবকর্ত্তব্য নিয়ম গুরুদেব শিষ্যকে শ্রবণ করাইবেন। ৯৯—১১৯।

---

* এই ১১৯শ শ্লোকের "সদা শক্ত্যাং" স্থলে কেহ কেহ "কদাসক্ত্যা" পাঠ করিয়া থাকেন, সে স্থলে এইরূপ অর্থ করিতে হইবে যে, কুৎসিত কর্ম্মাদিতে অভিনিবেশ বশতঃ মুখ্যকালের লোপ ও গৌণকালের পরিগ্রহ না করা।

ততশ্চোত্থায় পূর্ণাত্মা দণ্ডবৎ প্রণমেদ্গুরুং। তৎ-পাদপঙ্কজং শিষ্যঃ প্রতিষ্ঠাপ্য স্বমূর্দ্ধনি ॥১২১॥

অথ ন্যাসান্ গুরুঃ স্বস্মিন্ কৃত্বান্তর্যজনং তথা। সাষ্টং সহস্রং তন্মন্ত্রং স্বশক্ত্যক্ষতয়ে জপেৎ॥

শিষ্যঃ কুম্ভাদি তৎ সর্ব্বং দ্রব্যমন্যচ্চ শক্তিতঃ।
দত্ত্বাভ্যর্চ্চ্য গুরুং নত্বা বিপ্রান্ সংপূজ্য ভোজয়েৎ ॥ ১২২ ॥

শ্রীগুরোর্ব্রাহ্মণানাঞ্চ শুভাশীর্ভিঃ সমেধিতঃ।
তানন্বুজ্ঞাপ্য গুর্ব্বাদীন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ১২৩ ॥

ইতি দীক্ষাবিধানেন যো মন্ত্রং লভতে গুরোঃ।
স ভাগ্যবান্ চিরঞ্জীবী কৃতকৃত্যশ্চ জায়তে ॥ ১২৪ ॥

তথা চ সম্মোহনতন্ত্রে। শ্রীশিবোমাসংবাদে।—

এবং যঃ কুরুতে মর্ত্ত্যঃ করে তস্য বিভূতয়ঃ। অতঃপরং মহাভাগে নান্যৎ কর্ম্মাস্তি ভূতলে।
যস্যাচরণমাত্রেণ সাক্ষাৎ কৃষ্ণঃ প্রসীদতি ॥ ১২৫ ॥

নীরাজনপূর্ব্বকং ॥ ১২০ ॥ তস্য গুরোঃ পাদপঙ্কজং স্বীয়মূর্দ্ধনি প্রতিষ্ঠাপ্য চিরং ভক্ত্যা নিধায়॥১২১॥ তমুপদিষ্টং মন্ত্রম্ অষ্টোত্তরসহস্রবারান্ জপেৎ। স্বশক্তেঃ অক্ষতয়ে অহানয়ে স্বসামর্থ্যরক্ষণার্থমিত্যর্থঃ। তৎ দীক্ষার্থানীতং মণ্ডপস্থিতং কুম্ভাদিকং সর্ব্বমেব দ্রব্যং। অন্যচ্চ মন্ত্রদক্ষিণাদিরূপং। তদুক্তং—প্রকারান্তরমালম্ব্য গুরুং যত্নেন তোষয়েৎ। গুরুপুত্রকলত্রাদীংস্তোষয়েৎ কনকাদিভিরিতি। বিপ্রান্ ব্রাহ্মণান্ শক্ত্যা সম্যক্ পূজয়িত্বা ॥ ১২২ ॥ সমেধিতঃ সম্যগ্বর্দ্ধিতঃ ॥১২৩॥ ইতি অনেনোক্তেন গুরোঃ সকাশাৎ॥ ১২৪ ॥ এবমুক্তপ্রকারেণ। হে মহাভাগে দেবি ॥ ১২৫ ॥

শিষ্য বাঢ়ং শব্দে অঙ্গীকার করিলে, গুরুদেব তাহার নীরাজন পূর্ব্বক দেবার্চ্চনা করাইয়া তদীয় দক্ষিণ কর্ণে মন্ত্র জপ করিবেন। ১২০। তৎপরে শিষ্য প্রফুল্লচিত্তে গাত্রোত্থান পূর্ব্বক গুরুপাদপদ্ম স্বীয় মস্তকোপরি (বহুক্ষণ যাবৎ ভক্তি সহকারে) স্থাপন করিয়া দণ্ডবৎ গুরুদেবকে প্রণাম করিবে। ১২১। অনন্তর গুরুদেব আপনাতে অখিল ন্যাস ও অন্তর্যজন করিয়া স্বশক্তি রক্ষার্থ * ঐ মন্ত্র অষ্টোত্তরসহস্র জপ করিবেন। শিষ্যও (দীক্ষার্থ আনীত মণ্ডপস্থিত) সেই কুম্ভাদি সমস্ত দ্রব্য ও শক্ত্যনুসারে (মন্ত্রদক্ষিণাদিরূপ) অন্যান্য দ্রব্য গুরুকে অর্পণ পূর্ব্বক অর্চ্চনা ও প্রণাম করিয়া বিপ্রগণকে শক্ত্যনুসারে সম্যক্ পূজা করত ভোজন করাইবেন। ১২২। পরে শ্রীগুরু ও বিপ্রবর্গের শুভাশীর্ব্বচন দ্বারা সম্যক্ বর্দ্ধিত হইয়া গুরুদেব ও সেই সকল বিপ্রের অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক বন্ধুবর্গের সহিত ভোজন করিবেন। ১২৩। যিনি এইরূপ (কথিত) দীক্ষা-বিধানানুসারে গুরুসকাশ হইতে মন্ত্র লাভ করেন, তিনি ভাগ্যবান্, চিরঞ্জীবী ও কৃতকৃত্য হয়েন। ১২৪। সম্মোহনতন্ত্রে শ্রীশিব-উমাসংবাদেও এ বিষয়ে লিখিত আছে যথা,—যে মানব এই কথিত প্রকারে কর্ম্ম করে, বিভূতি-সমূহ তাহার করগত হয়। হে মহাভাগে!

---

* স্বশক্তি রক্ষার্থ বলার তাৎপর্য্য এই যে, শিষ্যকে মন্ত্র দান করা হেতু নিজ শরীরে সেই প্রদত্তমন্ত্রের শক্তির কোনরূপ হ্রাস না হয় এই জন্য। অন্তর্যজন শব্দে মনোমধ্যে অর্চ্চনা।

প্রায়ঃ প্রপঞ্চসারাদাবুক্তোঽয়ং তান্ত্রিকো বিধিঃ।
দীক্ষায়া লিখ্যতে দিব্যো বিধিঃ পৌরাণিকোঽধুনা ॥ ১২৬ ॥

ইদানীং শৃণু মে দেবি পঞ্চপাতকনাশনং। যজনং দেবদেবস্য বিষ্ণোঃ পুত্র-বসুপ্রদং ॥ ১২৭ ॥
ইহ জন্মনি দারিদ্র্য-ব্যাধি-কুষ্ঠাদি-পীড়িতঃ। অলক্ষ্মীবানপুত্রস্তু যো ভবেৎ পুরুষো ভুবি।
তস্য সদ্যো ভবেল্লক্ষ্মীরায়ুর্বিত্তং সুতাঃ সুখং ॥ ১২৮ ॥

দৃষ্ট্বা তু মণ্ডলে দেবি দেবং দেব্যা সমন্বিতং। নারায়ণং পরং দেবং যঃ পশ্যতি বিধানতঃ।
পূজিতং নবনাভে তু ষোড়শাব্জদলে তথা। আচার্য্যদর্শিতং দেবং মন্ত্রমূর্ত্তিমযোনিজং ॥ ১২৯ ॥
* কার্ত্তিকে মাসি শুদ্ধায়াং দ্বাদশ্যাস্তু বিশেষতঃ। সর্ব্বাসু চ যজেদ্দেবং দ্বাদশীষু বিধানতঃ ॥

অয়ংলিখিতো যো দীক্ষাবিধিঃ স প্রায়স্তান্ত্রিকঃ। যতঃ প্রপঞ্চসারাদৌ তন্ত্রোক্তানুসারিণি গ্রন্থে উক্তঃ। তথা চ ক্রমদীপিকায়াং। প্রপঞ্চসারপ্রথিতাত্র দীক্ষেত্যাদি। দিব্য ইতি পুরাণানাং মাহাত্ম্যবিশেষাৎ। তথা চ পাদ্মে শ্রীশিবপার্ব্বতীসংবাদে। বেদার্থাদধিকং মান্যং পুরাণার্থঞ্চ ভামিনি ইতি। যদ্বা। নিজপ্রিয়তমাং শ্রীধরণীং প্রতি পৃথিবীসমুদ্ধারকেণ শ্রীভগবতা সাক্ষাদুক্তত্বাৎ ॥ ১২৬ ॥

হে দেবি ধরণি! যজনং পূজাবিধিং। যদ্যদি স্বয়মেবায়ং ভগবান্ বিষ্ণুস্তথাপি পরমবিনয়াদিনা আত্মানং সাক্ষাদনির্দ্দিশন্ বিষ্ণোরিত্যুক্তবান্। এবমগ্রেঽপি বোদ্ধব্যং ॥ ১২৭।১২৮ ॥ কুতো লক্ষ্ম্যাদিকং ভবতি তদাহ দৃষ্ট্বেতি দ্বাভ্যাং। মণ্ডলে সর্ব্বতোভদ্রাদৌ। দর্শনপ্রকারমেবাহ নারায়ণমিতি। নবনাভে চক্রে ষোড়শারেঽষ্টপত্রে বেত্যর্থঃ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। আচার্য্যোপদিষ্টং মন্ত্রমূর্ত্তিং দেবং যঃ পশ্যতি মন্ত্রং সম্যক্ জানাতি তস্য লক্ষ্ম্যাদিকং সদ্য এব ভবতীত্যর্থঃ ॥ ১২৯ ॥ দীক্ষাকালমাহ কার্ত্তিক ইতি সার্দ্ধেন। শুদ্ধায়াং শুক্লায়াং। সর্ব্বাস্বিতি

জগতীতলে ইহা অপেক্ষা শ্রেষ্ঠ কর্ম্ম আর নাই; ইহার আচরণমাত্রে সাক্ষাৎ শ্রীকৃষ্ণ প্রসন্ন হইয়া থাকেন। ১২৫। এই লিখিত বিধি প্রপঞ্চসারাদি (তন্ত্রোক্তানুসারী) গ্রন্থে উক্ত আছে, সুতরাং ইহা প্রায় তান্ত্রিক। অধুনা পুরাণোক্ত দিব্য দীক্ষাবিধি লিখিত হইতেছে। ১২৬।

অনন্তর বরাহপুরাণোক্ত দীক্ষাবিধি।—(বরাহরূপী ভগবান্ পৃথ্বীদেবীকে উদ্ধার করিয়া বলিয়াছিলেন) হে দেবি! অধুনা পঞ্চপাপ-নাশন, * পুত্র-ধনপ্রদ, দেবদেব বিষ্ণুর পূজাবিধি আমার নিকট শ্রবণ কর। ১২৭। ইহ জন্মে ভূতলে যে পুরুষ দারিদ্র্য, ব্যাধি ও কুষ্ঠাদি দ্বারা পীড়িত, অলক্ষ্মীবান্ ও অপুত্রক, সদ্যঃ তাহার লক্ষ্মী, আয়ুঃ, ধন, পুত্র ও সুখ লাভ হইয়া থাকে। ১২৮। (এ কথা জিজ্ঞাস্য হইতে পারে যে, লক্ষ্ম্যাদি লাভ কি প্রকারে হয়? তদুত্তরে বলিতেছেন)— হে দেবি! যিনি যথাবিধি (সর্ব্বতোভদ্র মণ্ডলে) লক্ষ্মীসমন্বিত পরম-দেব নারায়ণ দেবকে দর্শন করেন, কিংবা নবনাভ ষোড়শার চক্রে অথবা অষ্টদলকমলে আচার্য্যোপদিষ্ট অযোনিজ মন্ত্রমূর্ত্তিস্বরূপ দেবকে অর্চ্চনা করেন, (তাঁহারই ঐ সকল লক্ষ্ম্যাদি লাভ হয়) ॥ ১২৯। (এক্ষণে দীক্ষা-

---

* ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুদারগমন ও পাপিসংসর্গ এই কয়টীই পঞ্চপাপ বলিয়া পরিগণিত।

সংক্রান্তৌ চ মহাভাগে চন্দ্রসূর্য্যগ্রহেঽপি বা। যঃ পশ্যতি হরিং দেবং পূজিতং গুরুণা শুভে।
তস্য সদ্যো ভবেত্তুষ্টিঃ পাপধ্বংসোঽপ্যশেষতঃ॥ ১৩০॥
স সামান্যো হি দেবানাং ভবতীতি ন সংশয়ঃ॥ ১৩১॥
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরীক্ষণং। সংবৎসরং গুরুঃ কুর্য্যাজ্জাতিশৌচক্রিয়াদিভিঃ॥ ১৩২॥
উপসন্নাংস্ততো জ্ঞাত্বা হৃদয়েনাবধারয়েৎ। তেঽপি ভক্তিমতো জ্ঞাত্বা আত্মনঃ পরমেশ্বরং।
সংবৎসরং গুরোর্ভক্তিং কুর্য্যুর্বিষ্ণাবিবাচলাং॥ ১৩৩॥

মার্গশীর্ষমাঘাদিচতুষ্টয়শ্রাবণাশ্বিনানাং শুক্লদ্বাদশীষু চেতি গ্রন্থান্তরানুসারতো জ্ঞেয়ং। তথা সংক্রান্তাবিতি। তত্তন্মাসসংক্রান্তিষ্বপীত্যর্থঃ। এবমগ্রেঽপি বোদ্ধব্যং॥ ১৩০॥ দেবানাং ব্রহ্মাদীনাং সামান্যঃ সদৃশ ইত্যর্থঃ॥ ১৩১॥ দীক্ষাধিকারিণ আহ ব্রাহ্মণেতি সার্দ্ধদ্বয়েন। ভক্তানামিতি পাঠেঽপি সেবকানাং শূদ্রাণামিত্যর্থঃ॥ ১৩২॥ উপসন্নান্ নিকটাগতান্ প্রতি। ততঃ সংবৎসরানন্তরমেব জাত্যাদি জ্ঞাত্বা দীক্ষায়া যোগ্যা অযোগ্যা বেতি মনসা বিচারয়েৎ। যদ্বা সহবাসাদিনা নিকটবর্ত্তিনঃ সতস্তান্ জ্ঞাত্বা ব্যবহারাদিনা পরীক্ষ্য হৃদয়েন বুদ্ধ্যা অবধারয়েৎ দীক্ষাযোগ্যত্বেন নিশ্চিনুয়াৎ। যদ্বা উপসন্নান্ কৃতোপসত্তিকান্ দীক্ষাধিকারিণ ইতি দৃঢ়ং জানীয়াদিত্যর্থঃ। উপপন্নানিতি পাঠেঽপি তথৈবার্থঃ। ভক্তিমতঃ ভক্তিযুক্তান্ আত্মনঃ স্বান্ প্রতি পরমেশ্বরং গুরুং জ্ঞাত্বা। যদ্বা ষষ্ঠ্যন্তমেব পদদ্বয়ং। ততশ্চ ভক্তিমত ইত্যাত্মনো বিশেষণং। যদ্বা ভক্তিমন্তঃ প্রীতিযুক্তাঃ সন্তঃ গুরুমাত্মনঃ

কাল কথিত হইতেছে।) বিশেষরূপে কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয়া দ্বাদশী তিথিতে এবং অন্যান্য সকল দ্বাদশীতেও যথাবিধানে শ্রীকৃষ্ণদেবকে অর্চ্চনা করিবে। হে মহাভাগে! হে কল্যাণি! যিনি সংক্রান্তিতে * কিংবা চন্দ্রসূর্য্য গ্রহণকালে শ্রীহরি-দেবকে গুরু কর্ত্তৃক পূজিত দর্শন করেন, সদ্যঃ তাঁহার তুষ্টি লাভ হয় এবং নিঃশেষরূপে পাতক নাশ হইয়া থাকে। ১৩০। সেই ব্যক্তি (ব্রহ্মাদি) দেবগণের সদৃশ হয়েন সন্দেহ নাই। ১৩১। গুরুদেব ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ইহাদিগের জাতি, শৌচ অর্থাৎ শুদ্ধাচার ও ক্রিয়াদি সমস্ত দ্বারা সংবৎসরকাল পরীক্ষা করিবেন † ।১৩২। তদনন্তর উহাদিগকে নিকটাগত জানিয়া অর্থাৎ সংবৎসরানন্তর জাত্যাদি পরিজ্ঞাত হইয়া মনে মনে দীক্ষার যোগ্যাযোগ্যত্ব বিচার করিবেন। (অথবা সহবাসাদি দ্বারা নিকটবর্ত্তী ঐ সকলকে বিদিত হইয়া ব্যবহারাদি দ্বারা পরীক্ষা করত নিজে বুদ্ধিযোগে দীক্ষার যোগ্যাযোগ্যত্ব স্থির করিবেন। কিংবা উহাদিগকে উপসন্ন অর্থাৎ দীক্ষাধিকারী জানিয়া মনে মনে মন্ত্রদানে যোগ্য বলিয়া অবধারণ করিবেন।) তাহারাও ভক্তিনিষ্ঠ হইয়া আপনাদের পক্ষে (গুরুকে) পরমেশ্বর জ্ঞানে সংবৎসর যাবৎ গুরুদেবের প্রতি বিষ্ণুবৎ অচলা ভক্তি করিবে। (অথবা ভক্তিযুক্ত হইয়া গুরু-

---

* অন্যান্য সকল দ্বাদশী বলিতে অগ্রহায়ণ, মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, শ্রাবণ ও আশ্বিন এই সাত মাসের শুক্লা দ্বাদশী এবং সংক্রান্তি বলিতেও উক্ত মাসসমূহের সংক্রান্তি বুঝিতে হইবে। গ্রন্থান্তরে ইহার বিশেষ প্রমাণ আছে।

† কেহ কেহ এই শ্লোকের প্রথমার্দ্ধ "ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং ভক্তানাঞ্চ পরীক্ষণং" এইরূপ পাঠ করেন। সে স্থলেও অর্থ একরূপ, অর্থাৎ ভক্তশব্দে শূদ্র বুঝাইবে।

সংবৎসরে ততঃ পূর্ণে গুরুঞ্চৈব প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥
ভগবংস্তৎপ্রসাদেন সংসারার্ণবতারণং। ইচ্ছামস্ত্বৈহিকীং লক্ষ্মীং বিশেষেণ তপোধন ॥১৩৫॥
এবমভ্যর্থ্য মেধাবী গুরুং বিষ্ণুমিবাগ্রতঃ। অভ্যর্চ্চ্য তদনুজ্ঞাতো দশম্যাং কার্ত্তিকস্ত তু।
ক্ষীরবৃক্ষসমুদ্ভূতং মন্ত্রিতং পরমেষ্ঠিনা। ভক্ষয়িত্বা শয়ীতোর্ব্ব্যাং দেবদেবস্ত সন্নিধৌ ॥১৩৬॥
স্বপ্নান্ দৃষ্ট্বা গুরোরগ্রে শ্রাবয়েত বিচক্ষণঃ। ততঃ শুভাশুভং তদ্বদালপেৎ পরমো গুরুঃ ॥
একাদশ্যামুপোষ্যাথ স্নাত্বা দেবালয়ং ব্রজেৎ ॥ ১৩৭ ॥
গুরুশ্চ মণ্ডলং ভূমৌ কল্পিতায়াস্তু বর্ত্তয়েৎ। লক্ষণৈর্ব্বিবিধৈর্ভূমিং লক্ষয়িত্বা বিধানতঃ।
ষোড়শারং লিখেচ্চক্রং নবনাভমথাপি বা। অষ্টপত্রমথো বাপি লিখিত্বা দর্শয়েদ্বুধঃ ॥ ১৩৮ ॥

পরমেশ্বরং জ্ঞাত্বা। ততশ্চ ভক্তিমত ইত্যার্থং ॥ ১৩৩ ॥ তেষু যঃ পরীক্ষিতঃ শিষ্যঃ স প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥ তৎপ্রকারমেবাহ ভগবন্নিতি। ইচ্ছাম ইতি বহুত্বং নিজপুত্রাদ্যপেক্ষয়া ॥ ১৩৫ ॥ অভ্যর্থ্য প্রার্থ্য। অভ্যর্চ্চ্য ধনাদিনা সংমান্য। তেন গুরুণাহনুজ্ঞাতঃ সন্। কার্ত্তিকস্ত দশম্যাং ক্ষীরযুক্তবৃক্ষোদ্ভূতং দন্তকাষ্ঠং পরমেষ্ঠিনা মূলমন্ত্রেণ মন্ত্রিতং সায়ংসন্ধ্যানন্তরং ভক্ষয়িত্বা দেবালয়ে ভূমৌ শয়ীত ॥১৩৬॥ তদ্বদিতি স্বপ্নানুসারেণেত্যর্থঃ। তদুক্তং।—ক্রূরস্বপ্নেহধমা দীক্ষাহদুষ্টস্বপ্নে তু মধ্যমা। উত্তমস্বপ্নপূর্ব্বা তু দীক্ষা সর্ব্বোত্তমা মতা ইতি ॥ ১৩৭ ॥ কল্পিতায়াং সংস্কৃতায়াং। বর্ত্তয়েৎ বিরচয়েৎ। বিধানত ইতি পুণ্যাহং স্বস্ত্যাদিকং বাচয়িত্বেত্যাদিকং বোদ্ধব্যং। এবমগ্রেহ-

---

দেবকে স্বীয় স্বীয় পরমেশ্বর জ্ঞানে একবর্ষ যাবৎ তৎপ্রতি বিষ্ণুর ন্যায় অচলা ভক্তি প্রদর্শন করিবে। ১৩৩। অনন্তর সংবৎসর পূর্ণ হইলে গুরুদেবকে প্রসন্ন করিবে অর্থাৎ তাহাদিগের মধ্যে যিনি পরীক্ষিত শিষ্য, তিনিই প্রসন্ন করিবেন ।১৩৪। (কি প্রকারে গুরুকে প্রসন্ন করিতে হয়, তাহাই বিবৃত হইতেছে।)—"হে ভগবন্! হে তপোধন! আপনার প্রসাদে ভবসাগর-উদ্ধার ও ঐহিকী লক্ষ্মী বিশেষরূপে প্রাপ্ত হইতে ইচ্ছা করি। ১৩৫।" মেধাবী শিষ্য এইরূপে প্রার্থনা করিয়া প্রথমতঃ বিষ্ণুবৎ গুরুর অর্চ্চনা করিবে অর্থাৎ ধনাদি দ্বারা সম্মাননা করিবে। তৎপরে তদীয় অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক কার্ত্তিক মাসের শুক্লা দশমী তিথিতে (সায়ং-সন্ধ্যাবসানে) ক্ষীরযুক্ত বৃক্ষোদ্ভূত, মূলমন্ত্র দ্বারা অভিমন্ত্রিত দন্তকাষ্ঠ ভক্ষণ করিয়া দেবদেব-সমীপে ধরাশয্যায় শয়ন করিবে। ১৩৬। বিচক্ষণ শিষ্য (নিশাযোগে) স্বপ্ন দর্শন পূর্ব্বক গুরু-সমীপে শ্রবণ করাইবেন। পরে পরম গুরুদেব সেই স্বপ্নানুসারে শুভাশুভ আলোচনা করিবেন *। তৎপরে শিষ্য একাদশী-দিনে উপবাসী থাকিয়া দ্বাদশীতে স্নান পূর্ব্বক দেবায়তনে গমন করিবে। ১৩৭। বিচক্ষণ গুরুদেব সংস্কৃত ভূমিতে মণ্ডল রচনা করিবেন। তৎপরে বিবিধ লক্ষণ দ্বারা ভূমি নির্দ্দিষ্ট করত যথাবিধানে ষোড়শার অথবা নবনাভ চক্র অঙ্কিত করিবেন কিংবা অষ্টদলপদ্ম

---

* ক্রূরস্বপ্নদর্শন হইলে দীক্ষা অধমা, অদুষ্টস্বপ্ন দর্শন হইলে মধ্যমা এবং উত্তমস্বপ্ন দর্শন হইলে দীক্ষা সর্ব্বোত্তমা বলিয়া পরিগণিত হয়।

নেত্রবন্ধং প্রকুর্ব্বীত সিতবস্ত্রেণ যত্নতঃ। বর্ণানুক্রমতঃ শিষ্যান্ পুষ্পহস্তান্ প্রবেশয়েৎ ॥১৩৯॥
নবনাভং যদা কুর্য্যান্মণ্ডলং বর্ণকৈর্বুধঃ। তদানীং পূর্ব্বতো দেবমিন্দ্রমৈন্দ্র্যাং তু পূজয়েৎ ॥১৪০॥
লোকপালমথাগ্নেয্যামগ্নিং সংপূজয়েদ্দ্বিজঃ। যমং তদনু যাম্যায়াং নৈর্ঋত্যাং নির্ঋতিং ন্যসেৎ।
বারুণ্যাং বরুণং চৈব বায়ব্যাং পবনং যজেৎ ॥ ১৪১ ॥
ধনদং চোত্তরে ন্যস্য রুদ্রমৈশানগোচরে। সংপূজ্যৈবং বিধানেন দিক্পত্রেষু বিশেষতঃ।
অধঃপত্রে তথা বিষ্ণুমর্চ্চয়েৎ পরমেশ্বরং ॥ ১৪২ ॥
পূর্ব্বপত্রে বলং পূজ্য প্রদ্যুম্নং দক্ষিণে তথা। অনিরুদ্ধং তথা পূজ্য পশ্চিমে চোত্তরে তথা।
পূজয়েদ্বাসুদেবং তু সর্ব্বপাতকশান্তিদং ॥ ১৪৩ ॥

প্যস্য পদস্যানুবর্ত্তনাদ্বিজ্ঞেয়মিতি দিক্। পঞ্চবর্ণেন রজসা যথাশোভং লিখেৎ ॥১৩৮॥ শুক্লবস্ত্রেণ নেত্রবন্ধং শিষ্যাণাং কুর্য্যাৎ। শিষ্যাণাং প্রবেশনঞ্চ মণ্ডলান্তঃস্থাপিতকলসেষু ভগবত ইন্দ্রাদীনাঞ্চ পূজানন্তরমেব জ্ঞেয়ং ॥১৩৯॥ বর্ণকৈঃ পঞ্চবর্ণৈশ্চূর্ণাদিভিঃ। ইন্দ্রমৈন্দ্র্যাং পূজয়েদিত্যত্র দিঙ্মণ্ডলে চ বিন্যস্যেত্যাদিবক্ষ্যমাণবচনতো গ্রন্থান্তরানুসারতশ্চৈবং বিধানং জ্ঞেয়ং। নবনাভমণ্ডলে প্রাগাদিক্রমেণাষ্টাসু দিক্ষ্বষ্ট কলসান্ মধ্যে চৈকমিত্যেবং নব কলসান্ একাকারানব্রণান্ দধ্যক্ষতবস্ত্রযুগ্মপুষ্পমালাগন্ধালঙ্কৃতান্ অন্তঃপ্রক্ষিপ্তপঞ্চপল্লবসপ্তমৃত্তিকাতীর্থোদকপূরিতান্ উপরিস্থাপিতযবশাল্যন্যতরপূর্ণ-সদীপশরাবমুখান্ যবানাং ব্রীহীণাং চোপরি বিন্যস্যাদৌ মধ্যকলসে মূলমন্ত্রেণ ভগবন্তমাবাহনাদিগন্ধপুষ্পান্তৈরুপচারৈঃ সংপূজ্য পশ্চাদিন্দ্রং পূর্ব্বস্যাং দিশি অগ্ন্যাদীংশ্চ স্বস্বদিশি ক্রমেণ পূজয়েদিতি ॥১৪০॥ দ্বিজো গুরুঃ। ন্যসেদিতি তত্র স্থাপিতকলসে আবাহ্য পূজয়েদিত্যর্থঃ ॥ ১৪১ ॥ সংপূজ্য পূজয়িত্বা। বিধানেত্যুক্তেরেবং জ্ঞেয়ং। ব্যাহৃতিভিঃ শুক্লাক্ষতৈঃ ইন্দ্রাগচ্ছেত্যাদিপ্রয়োগেণাবাহ্য প্রণবাদিনা চতুর্থীনমোঽন্তেন তত্তন্নামমন্ত্রেণ সশক্তিকান্ সপরিবারান্ সায়ুধান্ সবাহনান্ সগন্ধপুষ্পাদ্যৈরুপচারৈঃ। সংপূজ্যেতি বিধানেনেতি পদমগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥১৪২॥ ততো মধ্যম-

---

লিখিয়া দেখাইবেন। ১৩৮। যত্ন সহকারে শুভ্রবস্ত্র দ্বারা শিষ্যগণের নেত্র বন্ধন করিবেন এবং পুষ্প হস্তে দিয়া বর্ণানুসারে প্রবেশ করাইবেন। ১৩৯। শাস্ত্রদর্শী গুরু যৎকালে পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা নবনাভমণ্ডল করিবেন, তখন ইন্দ্রাধিকৃত পূর্ব্বদিকে ইন্দ্রকে অর্চ্চনা করিবেন * ।১৪০। গুরুদেব লোকপাল অগ্নিকে অগ্নিকোণে, পরে যমকে দক্ষিণদিকে, নির্ঋতিকে নৈর্ঋতকোণে, বরুণকে পশ্চিমদিকে এবং পবনকে বায়ুকোণে অর্চ্চনা করিবেন।১৪১। ধনদ কুবেরকে উত্তরদিকে এবং রুদ্রকে ঈশানকোণে, এইরূপে দিক্পত্রসমূহে বিশেষরূপে যথাবিধানে

---

* বিধান যথা,—নবনাভমণ্ডলে প্রাগাদিক্রমে অষ্টদিকে অষ্টকলস এবং মধ্যে একটী এই সর্ব্বসমেত নয়টী কলস দধি, অক্ষত, বস্ত্রদ্বয়, পুষ্পমালা ও গন্ধ দ্বারা অলঙ্কৃত করিয়া যব ও ধান্যের উপর স্থাপন করিবে। কলস কয়টী সমানাকৃতি ও ছিদ্রাদিরহিত হইবে এবং সমস্তগুলির মধ্যে পঞ্চপল্লব, সপ্ত মৃত্তিকা ও তীর্থোদক পূর্ণ থাকিবে। কুম্ভগুলির মুখে যব বা শালিধান্যপূর্ণ সদীপ শরাব থাকিবে। এইরূপে কুম্ভ নয়টী স্থাপন পূর্ব্বক মধ্যকলসে মূলমন্ত্রে ভগবান্‌কে আবাহনাদি গন্ধপুষ্পান্ত উপচারে পূজা করিয়া পরে ইন্দ্রকে পূর্ব্বদিকে এবং অগ্নি প্রভৃতিকে স্ব স্ব দিকে যথাক্রমে অর্চ্চনা করিবে।

ঐশান্যাং বিন্যসেচ্ছঙ্খমাগ্নেয্যাং চক্রমেব চ। সৌম্যায়াস্তু গদা পূজ্যা বায়ব্যাং পদ্মমেব চ।
নৈর্ঋত্যাং মুষলং পূজ্যং দক্ষিণে গরুড়ং তথা। বামতো বিন্যসেল্লক্ষ্মীং দেবদেবস্য বুদ্ধিমান্।
ধনুশ্চৈব চ খড়্গঞ্চ দেবস্য পুরতো ন্যসেৎ। শ্রীবৎসং কৌস্তুভঞ্চৈব দেবস্য পুরতোঽর্চ্চয়েৎ॥
এবং পূজ্য যথান্যায়ং দেবদেবং জনার্দ্দনং। দিঙ্মণ্ডলে চ বিন্যস্য চাষ্টৌ কুম্ভান্ বিধানতঃ।
বৈষ্ণবং কলসঞ্চৈব নবমং তত্র কল্পয়েৎ॥ ১৪৪॥
স্নাপয়েন্মুক্তিকামাংস্তু বৈষ্ণবেন ঘটেন তু। শ্রীকামান্ স্নাপয়েত্তদ্বদৈন্দ্রেণাথ ঘটেন তু।
জয়প্রতাপকামাংস্তু আগ্নেয়েনাভিষেচয়েৎ। মৃত্যুঞ্জয়বিধানেন যাম্যেন স্নাপনং তথা।
দুষ্টপ্রধ্বংসনায়ালং নৈর্ঋতেন বিধীয়তে। শান্তয়ে বারুণেনাথ পাপনাশায় বায়বং।
দ্রব্যসম্পত্তিকামস্য কৌবেরেণ বিধীয়তে। রৌদ্রেণ জ্ঞানহেতুস্তু লোকপালঘটাস্ত্বিমে॥ ১৪৫॥
একৈকেন নরঃ স্নাতঃ সর্ব্বপাপবিবর্জিতঃ। ভবেদব্যাহতজ্ঞানঃ শ্রীমাংশ্চ পুরুষঃ সদা।
কিং পুনর্নবভিঃ স্নাতো নরঃ পাতকবর্জিতঃ। জায়তে বিষ্ণুসদৃশঃ সদ্যো রাজাথ বা পুনঃ॥১৪৬॥

কলসস্যৈব পরিতঃ পূর্ব্বদক্ষিণপশ্চিমোত্তরপত্রেষু শ্রীসঙ্কর্ষণপ্রদ্যুম্নানিরুদ্ধবাসুদেবান্ ক্রমেণ তথৈব পূজয়েদিত্যাহ পূর্ব্বেতি সার্দ্ধেন॥ ১৪৩॥ যথান্যায়ং যথোচিতং পূজ্য সংপূজ্য। তচ্চ ক্রমদীপিকা-অনুসারেণ দ্রষ্টব্যং॥১৪৪॥ ততো ধূপদীপাদ্যৈরশেষৈরুপচারৈর্ভগবন্তমিন্দ্রাদীংশ্চ পূজয়িত্বা শিষ্যায় মণ্ডলং দর্শয়িত্বা পুষ্পাঞ্জলিপূর্ব্বকং প্রণামং কারয়িত্বা বৈষ্ণবাদিভির্নবভিরেব কলসৈঃ শিষ্যং স্নাপয়েদিতি জ্ঞেয়ং। তত্র চ কলসভেদেন ফলভেদমাহ স্নাপয়েদিতি চতুর্ভিঃ॥১৪৫॥ পুনশ্চৈকৈকেন স্নানস্য

অর্চ্চনা করিয়া * মধ্যপত্রে পরমেশ্বর বিষ্ণুকে পূজা করিবেন। ১৪২। অনন্তর (মধ্যস্থাপিত কুম্ভের) পূর্ব্বপত্রে সঙ্কর্ষণকে, দক্ষিণপত্রে প্রদ্যুম্নকে, পশ্চিমপত্রে অনিরুদ্ধকে এবং উত্তরপত্রে সর্ব্বপাতকনাশন বাসুদেবকে অর্চ্চনা করিবেন। ১৪৩। ঈশানকোণে শঙ্খের, অগ্নিকোণে চক্রের, উত্তরে গদার, বায়ুকোণে পদ্মের, নৈর্ঋতে মুষলের এবং দক্ষিণে গরুড়ের অর্চ্চনা করিয়া সুবুদ্ধি গুরু দেবদেবের বামভাগে লক্ষ্মীর, সম্মুখে ধনুর, খড়্গের এবং শ্রীবৎস ও কৌস্তুভের পূজা করিবেন। এই প্রকারে যথাযোগ্যরূপে দেবদেব জনার্দ্দনকে অর্চ্চনা করিয়া যথাবিধি অষ্টদিকে অষ্টকুম্ভ স্থাপন পূর্ব্বক বিষ্ণুসম্বন্ধী নবম কুম্ভ তথায় স্থাপন করিবেন। ১৪৪। (তদনন্তর ধূপ-দীপাদি উপচারে ভগবানের এবং ইন্দ্রাদি দেবগণের পূজা পূর্ব্বক শিষ্যকে মণ্ডল দেখাইয়া পুষ্পাঞ্জলি প্রদান ও প্রণাম করাইয়া বৈষ্ণবাদি নবসংখ্য কলস দ্বারা শিষ্যকে স্নান করাইবেন।) কলস-ভেদে স্নান দ্বারা ফলভেদ হয়, তাহাই কথিত হইতেছে।) বৈষ্ণব-কলস দ্বারা মুক্তিকামি-গণকে স্নান করাইবেন। ঐরূপ শ্রীকামিগণকে ইন্দ্রঘট দ্বারা, জয়াকাঙ্ক্ষী ও প্রতাপকামী-দিগকে আগ্নেয় কুম্ভ দ্বারা, মৃত্যুঞ্জয়কামিগণকে যমকুম্ভ দ্বারা, দুষ্টবধেচ্ছুদিগকে নৈর্ঋতকলস দ্বারা, শান্তিকামিগণকে বারুণকুম্ভ দ্বারা, পাতকনাশেচ্ছুদিগকে বায়ব্য কলস দ্বারা, দ্রব্যসম্পত্তি-

* এস্থলে বিধানে অর্চ্চনা করার তাৎপর্য্য এই যে, বাহ্যতি অর্থাৎ ভূর্ভুবঃস্বঃ উচ্চারণ পূর্ব্বক পুষ্পাক্ষত প্রক্ষেপ করত "ইন্দ্র আগচ্ছ" ইত্যাদিরূপ বাক্যে আবাহন, তৎপরে দেবতাগণের নাম চতুর্থীবিভক্তিযুক্ত ওঙ্কারপূর্ব্ব ও নমঃশব্দান্ত করিয়া গন্ধপুষ্পাদি উপচারে তাঁহাদিগকে শক্তি, পরিবার, আয়ুধ ও বাহনসহ পূজা করিতে হয়।

অথবা দিক্ষু সর্ব্বাসু যথাসংখ্যেন লোকপান্। পূজয়েৎ স্বস্বনাম্না তু ষড়্ভিন্নেন বিধানতঃ ॥১৪৭ ॥
এবং সংপূজ্য দেবাংস্ত লোকপালান্ প্রসন্নধীঃ। পশ্চাৎ পরীক্ষিতান্ শিষ্যান্ বদ্ধনেত্রান্ প্রবেশয়েৎ।
আগ্নেয়ধারণাদগ্ধান্ বায়ুনা বিধুতাংস্ততঃ। সোমেনাপ্যায়িতান্ পশ্চাচ্ছ্রাবয়েন্নিয়মান্ বুধঃ॥ ১৪৮ ॥
ন নিন্দেদ্ব্রাহ্মণান্দেবান্ বিষ্ণুং ব্রহ্মাণমেব চ। রুদ্রমাদিত্যমগ্নিঞ্চ লোকপালান্ গ্রহাংস্তথা।
বন্দেত বৈষ্ণবং চাপি পুরুষং পূর্ব্বদীক্ষিতং ॥ ১৪৯ ॥
এবন্ত সময়ান্ শ্রাব্য পশ্চাদ্ধোমং তু কারয়েৎ। তত্বানি শিষ্যদেহেষু বিন্যস্য চ বিশোধয়েৎ ॥
ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা। ষোড়শাক্ষরমন্ত্রেণ হোময়েজ্জ্বলিতানলঃ ॥

ফলবিশেষং সমুদিতৈশ্চ তৈর্মহাফলমাহ একৈকেনেতি দ্বাভ্যাং ॥ ১৪৬ ॥ পূজায়াং পক্ষান্তরমাহ অথবেতি। স্বস্বনাম্না স্বস্বনামমন্ত্রেণ হৃদয়াদিক্রমেণ ষড়্ভিন্নেন ইন্দ্রাদীনাং ষড়ঙ্গপূজা কার্য্যেত্যর্থঃ ॥ ১৪৭ ॥ অথ পরিহিতশুক্লনববস্ত্রং তাদৃগুত্তরীয়মাচান্তমলঙ্কৃতং শুক্লবস্ত্রবদ্ধনেত্রং শিষ্যং মণ্ডলং প্রদক্ষিণেন প্রবেশ্য প্রাঙ্মুখমুপবিষ্টং তং বায়্বগ্নিবরুণবীজৈঃ কৃতভূতশুদ্ধিং প্রণতং প্রহ্বীভূতং সময়ান্ শ্রাবয়েদিত্যাহ এবমিতি দ্বাভ্যাং। আগ্নেয্যা ধারণয়া দগ্ধানিতি, তদ্দগ্ধত্বং ধ্যানেনৈবেতি জ্ঞেয়ং। এবমগ্রেঽপি॥ ১৪৮ ॥ সময়ানেবাহ ন নিন্দেদিতি সার্দ্ধেন। পূর্ব্বদীক্ষিতং দীক্ষাক্রমেণ স্বস্মাৎ জ্যেষ্ঠমিত্যর্থঃ। ব্রাহ্মণাদীনামেতেষাং বন্দনাদিনা সম্মাননৈব কার্য্যা, ন তু কদাচিদপি নিন্দেদিত্যর্থঃ॥ ১৪৯ ॥ শ্রাব্য শ্রাবয়িত্বা। শিষ্যেণ সহর্ষং তদঙ্গীকারে কৃতে

কামীদিগকে কৌবের ঘট দ্বারা এবং জ্ঞানলাভেচ্ছুগণকে রৌদ্রকুম্ভ দ্বারা স্নান করাইলে সেই সেই পুরুষ সদা সর্ব্বপাপমুক্ত, অব্যাহতজ্ঞানী ও শ্রীমান্ হয়েন। নবসংখ্য কুম্ভ দ্বারা স্নাত হইলে তাঁহার কথা আর কি বলিব, তিনি পাতকহীন হয়েন এবং সদ্যঃ বিষ্ণুসদৃশ অথবা রাজা হইয়া থাকেন। ১৪৫।১৪৬। (এক্ষণে পূজাবিষয়ে পক্ষান্তর কথিত হইতেছে।)—অথবা দিক্সমুদায়ে যথাসংখ্য স্ব স্ব নামমন্ত্র দ্বারা লোকপালগণের হৃদয়াদিক্রমে ষড়ঙ্গভেদে অর্চ্চনা করিবেন অর্থাৎ ইন্দ্রাদি লোকপালগণের স্ব স্ব নাম উচ্চারণ পূর্ব্বক ষড়ঙ্গ পূজা করিবেন। ১৪৭। প্রসন্নমনা গুরুদেব এই প্রকারে লোকপাল দেবগণকে অর্চ্চনা করিয়া পরে পরীক্ষিত বদ্ধনেত্র শিষ্যগণকে প্রবেশ করাইবেন অর্থাৎ শুক্ল নূতন পরিধেয় বস্ত্র ও তাদৃশ-উত্তরীয়ধারী, আচান্ত, অলঙ্কৃত, শুক্ল বস্ত্র দ্বারা বদ্ধনেত্র শিষ্যগণকে মণ্ডলে প্রদক্ষিণ করাইয়া প্রবেশ করাইবেন। পরে (শিষ্যগণ প্রাঙ্মুখে উপবিষ্ট হইলে) গুরুদেব অগ্নি, বায়ু ও বরুণবীজ দ্বারা কৃতভূতশুদ্ধি সেই সকল শিষ্যকে (বক্ষ্যমাণ) নিয়ম সকল শ্রবণ করাইবেন। ১৪৮। ব্রাহ্মণ, দেবতা, বিষ্ণু, ব্রহ্মা, রুদ্র, সূর্য্য, বহ্নি, লোকপাল, গ্রহ এবং পূর্ব্বদীক্ষিত অর্থাৎ দীক্ষানিয়মানুসারে জ্যেষ্ঠ বৈষ্ণব ইহাদিগের নিন্দা করিবে না, বন্দনা করিবে অর্থাৎ বন্দনাদি দ্বারা সম্মাননা করিবে। ১৪৯। গুরুদেব এই প্রকারে নিয়ম সকল শ্রবণ করাইয়া তৎপরে অর্থাৎ শিষ্য সহর্ষে সেই সমস্ত নিয়ম পালনে অঙ্গীকার করিলে হোম করিবেন এবং শিষ্যদেহে (ক্রমদীপিকাদি গ্রন্থকথিত) তত্ত্বসকল ন্যাস করিয়া শোধন করিবেন। তদনন্তর অগ্নি প্রজ্বলন পূর্ব্বক "ওঁ নমো

গর্ভাধানাদিকাশ্চৈব ক্রিয়াঃ সর্ব্বাশ্চ কারয়েৎ। ত্রিভিস্ত্রিভিরাহুতিভির্দেবদেবস্য সন্নিধৌ।
ততোঽপনীয় দৃগ্বন্ধং পুরঃ শিষ্যং নিবেশ্য চ। প্রায়ঃ পূর্ব্বোক্তবিধিনা মন্ত্রং তস্মৈ গুরুর্দ্দিশেৎ॥ ১৫০॥
হোমান্তে দীক্ষিতঃ পশ্চাদ্দাপয়েদ্‌গুরুদক্ষিণাং। হস্ত্যশ্বরত্ন-কটকং হেম-গ্রামাদিকং নৃপঃ।
দাপয়েদ্‌গুরবে প্রাজ্ঞো মধ্যমো মধ্যমাং তথা। দাপয়েদিতরো যুগ্মং সহিরণ্যং যথাবিধি॥ ১৫১॥

পশ্চাদ্ধোমং কুর্য্যাৎ। তত্ত্বানি বিন্যস্য ক্রমদীপিকাদ্যুক্ততত্ত্বন্যাসাদিকং কৃত্বা তদ্দেহাৎ বিশোধয়েৎ। হোমবিধিমাহ ষোড়শেতি সার্দ্ধেন। হোময়েৎ হোমং কুর্য্যাৎ। তৎপ্রকারমেব শিষ্যং দর্শয়তি গর্ভেতি। আদিশব্দেন পুংসবন-সীমন্তোন্নয়ন-জাতকর্ম্ম-নামকরণান্নপ্রাশন-চৌড়োপনয়ন-স্নান-বিবাহাখ্যাঃ। অত্র চায়ং প্রকারো গ্রন্থান্তরানুসারেণ দ্রষ্টব্যঃ। ষোড়শারচক্রেঽষ্টদলকমলে বা পীঠপূজাং কৃত্বাবাহনাদিভিরুপচারৈর্ভগবন্তমভ্যর্চ্চ্য স্বগৃহ্যোক্তবিধিনাগ্নিস্থাপনাদি কর্ম্ম পূর্ব্বলিখিতবদ্বিধায়াত্রোক্তেন ষোড়শাক্ষরমন্ত্রেণাগ্নের্গর্ভাধানাদিসংস্কারান্ কুর্য্যাৎ। তত্র চ প্রত্যেকসংস্কারমাহুতিত্রয়ং জুহুয়াদিতি। কিঞ্চ। অনন্তরমাজ্যভাগান্তে মূলমন্ত্রেণাগ্নৌ দেবমাবাহ্য গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য ষোড়শাক্ষরমন্ত্রেণাষ্টোত্তরং সহস্রং শতং বা সংস্কৃতাজ্যেন জুহুয়াৎ। ততঃ স্বিষ্টকৃদাদিহোমশেষং সমাপ্য পূর্ণাহুতিং দত্ত্বা বৈশ্বানরং প্রণবাদিনমোঽন্তমন্ত্রেণ গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য শিষ্যং প্রণময্য মণ্ডলস্যৈশানদিশি পুষ্পাদিবিভূষিতায়াং ভুবি রচিতং ভদ্রপীঠমানীয়াস্ত্রমন্ত্রাভিমন্ত্রিতৈঃ পুষ্পৈঃ সম্ভাব্য পাশনিরাকরণবুদ্ধ্যা নেত্রবন্ধনবস্ত্রমপনীয় জ্ঞানরূপহৈমশলাকয়া নয়নে উন্মীল্য পুষ্পাঞ্জলিং গ্রাহয়িত্বা, অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নম ইতি গুরুপাদয়োর্দ্দত্তপুষ্পাঞ্জলিং ভদ্রপীঠে পুরতঃ উপবিষ্টো গুরুঃ স্বন্যস্তাসনে তমুপবেশ্য শক্ত্যুচ্চলনমার্গেণ নিজমধ্যমনাড়ীং তন্মধ্যমনাড্যাং সমাবিশন্তীং বিচিন্ত্য শক্তিঞ্চ তন্নাশিকতয়া তদ্ধৃদয়ে সমুল্লসন্তীং পরিভাব্য স্বহৃদয়াচ্চ পরবিদ্যাং বর্ণরূপেণ চিদানন্দস্ফুলিঙ্গমালামিব তদ্বদনং প্রবিশন্তীং ধ্যায়েৎ। ততশ্চ মূলমন্ত্রং ত্রিঃ শিষ্যকর্ণে শ্রাবয়েৎ। পশ্চাদর্ঘ্যপাত্রজলেন অমুকর্ষিমমুকচ্ছন্দস্কমমুকদেবতাকমমুকনাম্নে মদংশায় তুভ্যমহং সংপ্রদদে, অয়ং চাবয়োঃ সমানফলপ্রদো ভবত্বিতি জলং তদ্ধস্তে নিক্ষিপেৎ। তথৈব শিষ্যোঽপি গুরুদেবতামন্ত্রৈক্যং ভাবয়ন্ যথাশক্তি জপেদিতি॥ ১৫০॥ ততশ্চ পুণ্যাহং বাচয়িত্বা গুরবে

ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ" এই ষোড়শার্ণ মন্ত্র দ্বারা হোম করিবেন এবং দেবদেবের সমীপে তিন তিনটি আহুতি দ্বারা অগ্নির গর্ভাধানাদি সমস্ত ক্রিয়া সম্পাদন করিবেন। পরে গুরুদেব নেত্রবন্ধন উন্মোচন করত পুরোভাগে শিষ্যকে বসাইয়া প্রায় পূর্ব্বকথিত বিধানে তাহাকে মন্ত্র উপদেশ দিবেন। ১৫০। * এই প্রকারে প্রাজ্ঞ শিষ্য দীক্ষিত হইয়া হোমান্তে গুরুদক্ষিণা

* গর্ভাধানাদি বলিতে পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, স্নান, বিবাহ এই কয়টী সংস্কার বুঝিতে হইবে। ষোড়শারচক্রে অথবা অষ্টদলকমলে পীঠপূজা করিয়া আবাহনাদি উপচার দ্বারা ভগবানের অর্চ্চনা পূর্ব্বক স্বগৃহ্যোক্তবিধানে পূর্ব্বলিখিতবৎ অগ্নিস্থাপনাদি কর্ম্ম করত "ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা" এই ষোড়শাক্ষর মন্ত্রে অগ্নির গর্ভাধানাদি সংস্কার সম্পাদন করিবেন। প্রত্যেক সংস্কারে তিন তিনটী আহুতি দিতে হয়। তৎপরে আজ্যভাগান্তে মূলমন্ত্র দ্বারা অগ্নিতে দেবতাকে আহ্বান পূর্ব্বক গন্ধাদি উপচার দ্বারা অর্চ্চনা করিয়া ষোড়শাক্ষর মন্ত্র পাঠ সহকারে সুসংস্কৃত আজ্য দ্বারা সহস্র

এবং কৃতে তু যৎ পুণ্যং মাহাত্ম্যং জায়তে ধরে। তদশক্যং তু গদিতুমপি বর্ষশতৈরপি॥ ১৫২॥
দীক্ষিতাত্মা গুরোর্ভূত্বা বারাহং শৃণুয়াদ্যদি। তেন বেদাঃ পুরাণানি সর্ব্বে মন্ত্রাঃ সুসংগ্রহাঃ।
জপ্তাঃ স্যুঃ পুষ্করে তীর্থে প্রয়াগে সিন্ধুসাগরে। দেবহ্রূতে কুরুক্ষেত্রে বারাণস্যাং বিশেষতঃ॥
গ্রহণে বিষুবে চৈব যৎ ফলং জপতাং ভবেৎ। তৎ ফলং দ্বিগুণং তস্য দীক্ষিতো যঃ শৃণোতি চ।
দেবা অপি তপঃ কৃত্বা ধ্যায়ন্তি চ বদন্তি চ। কদা মে ভারতে বর্ষে জন্ম স্যাদ্ভূতধারিণি॥
দীক্ষিতাশ্চ ভবিষ্যামো বারাহং শৃণুমঃ কদা। বারাহং ষোড়শাত্মানং যুক্ত্বা দেহে কদাচন।
পশ্যামঃ পরমং স্থানং যদ্গত্বা ন পুনর্ভবেৎ॥ ১৫৩॥

দক্ষিণাং দদ্যাদিত্যাহ হোমান্ত ইতি। দীক্ষিতঃ গৃহীতদীক্ষাকঃ সন্। নৃপ ইতি রাজতুল্যশক্তিশ্চেদিত্যর্থঃ। যুগ্মং বস্ত্রদ্বয়ং তৎপশ্চাচ্চৈবমত্র বিধানং জ্ঞেয়ং। অদ্য প্রভৃতি যাবজ্জীবং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রত্যহং ভগবন্তং শ্রীকৃষ্ণং পূজয়িষ্য ইতি সংকল্প্য দেবং গুরূপদিষ্টমার্গেণ পূজয়িত্বা সর্ব্বদেবতা উদ্বাস্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দীক্ষোপকরণজাতং গুরবে নিবেদ্য স্বজনানপি সম্মানয়েদিতি॥ ১৫১॥ দীক্ষাফলমাহ এবমিত্যাদিনা শ্রুতিরিত্যন্তেন॥ ১৫২॥ জয়মাধব-

---

প্রদান করিবে অর্থাৎ হোমাবসানে পুণ্যাহ উচ্চারণের পর দক্ষিণা দিবে। শিষ্য নৃপতির সদৃশ শক্তিমান্ হইলে গুরুকে গজ, বাজী, রত্নভূষণ, সুবর্ণ ও গ্রাম প্রভৃতি দক্ষিণা দিবে। মধ্যবিধ লোক হইলে মধ্যবিধ দক্ষিণা এবং তদ্ব্যতীত অপরাপর ব্যক্তি যথাবিধি সুবর্ণ সহ বস্ত্রদ্বয় অর্পণ করিবে। ১৫১। (এক্ষণে দীক্ষাফল ব্যক্ত হইতেছে।) হে পৃথিবি! এইরূপে কার্য্য করিলে যে পুণ্য ও মাহাত্ম্য সঞ্চার হয়, তাহা শতবর্ষেও বর্ণন করিতে সক্ষম হওয়া যায় না। ১৫২। শিষ্য গুরুসকাশে দীক্ষিতাত্মা হইয়া যদি বরাহপুরাণ শ্রবণ করেন, তাহা হইলে তদ্দ্বারাই তাঁহার অখিল বেদ, নিখিল পুরাণ ও সমস্ত মন্ত্র সুসংগ্রহ হয় এবং পুষ্করতীর্থে, প্রয়াগধামে, সাগরসঙ্গমে, দেবহ্রূতে (নৈমিষারণ্যে), কুরুক্ষেত্রে, বিশেষতঃ বারাণসীধামে জপ করিলে যে ফল হয়, সেই ফল লাভ হইয়া থাকে। চন্দ্র-সূর্য্য-গ্রহণে ও বিষুবসংক্রান্তিতে জপ করিলে যে ফল হয়, যে ব্যক্তি দীক্ষিত হইয়া বরাহ পুরাণ আকর্ণন করে, তাহার তদপেক্ষা দ্বিগুণ ফল

বা শত হোম করিবেন। অনন্তর স্বিষ্টকৃদাদি হোমশেষ সমাপন পূর্ব্বক পূর্ণাহুতি দিয়া প্রণবাদি নমোঽন্ত বৈশ্বানরমন্ত্র পাঠ সহকারে গন্ধাদি উপচার দ্বারা অর্চ্চনা করিয়া শিষ্যকে প্রণাম করাইবেন। পরে মণ্ডলের ঈশানদিকে পুষ্পাদি-বিভূষিত ভূমিতে বিরচিত ভদ্রপীঠ রাখিয়া অস্ত্রমন্ত্রাদি দ্বারা অভিমন্ত্রিত পুষ্প দ্বারা সন্তাবিত করত পাশনিরাকরণবুদ্ধিতে শিষ্যের নেত্রবন্ধনবস্ত্র উন্মোচন করিয়া জ্ঞানরূপ হেমশলাকা দ্বারা তদীয় নয়নোন্মীলন করিবেন এবং তাহার হস্তে পুষ্পাঞ্জলি দিলে শিষ্যও "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥" এই মন্ত্রে গুরুপাদপদ্মদ্বয়ে পুষ্পাঞ্জলি দিবে। তখন পুরোভাগে ভদ্রপীঠে উপবিষ্ট গুরুদেব স্বস্তস্ত আসনে শিষ্যকে উপবেশন করাইয়া এইরূপ চিন্তা করিবেন যে, স্বীয় মধ্যমনাড়ী শক্ত্যুচ্ছলনপথযোগে শিষ্যের মধ্যম নাড়ীতে প্রবেশ করিতেছে, তাহার হৃদয়ে শক্তি সমুল্লসিত হইতেছে এবং স্বহৃদয় হইতে পরমা বিদ্যা বর্ণরূপে চিদানন্দস্ফুলিঙ্গ-মালার ন্যায় তদ্বদনে প্রবেশ করিতেছে। এইপ্রকার চিন্তা করিয়া শিষ্যের কর্ণে তিনবার মূল মন্ত্র শ্রবণ করাইতে হয়। পরে অর্ঘ্যপাত্র হইতে জল লইয়া "অমুকঋষি, অমুকচ্ছন্দঃ ও অমুকদেবতাক এই মন্ত্র অমুকনামা মদংশস্বরূপ তোমাকে প্রদান করিলাম, এই মন্ত্র আমাদের উভয়ের সম্বন্ধে সমানফলপ্রদ হউক।" এই বলিয়া সেই জল শিষ্যহস্তে নিক্ষেপ করিবেন। শিষ্যও গুরু, দেবতা ও মন্ত্রের অভেদ চিন্তন পূর্ব্বক যথাশক্তি উহা জপ করিবে।

এবং জল্পন্তি বিবুধা মনসা চিন্তয়ন্তি চ। বারাহযাগং কার্ত্তিক্যাং কদা দ্রক্ষ্যামহে ধরে ॥ ১৫৪ ॥
এষ তে বিধিরুদ্দিষ্টো ময়া তে ভূতধারিণি। দেবগন্ধর্ব্বযক্ষাণাং সর্ব্বথা দুর্ল্লভো হ্যসৌ ॥
এবং যো বেত্তি তত্ত্বেন যশ্চ পশ্যতি মণ্ডলং। যশ্চেমং শৃণুয়াদ্দেবি সর্ব্বে মুক্তা ইতি শ্রুতিঃ ॥ ১৫৫ ॥

অথ সংক্ষিপ্তদীক্ষা।

সংক্ষিপ্তশ্চাথ দীক্ষায়া বিধিরেষ বিলিখ্যতে। মুখ্যকল্পে হ্যশক্তস্য জনস্য স্যাদ্ধিতায় যঃ ॥
সুমুহূর্ত্তেঽথ সংপ্রাপ্তে সর্ব্বতোভদ্রমণ্ডলে। নূতনং গন্ধপুষ্পাদিমণ্ডিতং কলসং ন্যসেৎ।
বস্ত্রাবৃতং পয়ঃপূর্ণং পঞ্চপল্লবসংযুতং। সর্ব্বৌষধি-পঞ্চরত্ন-মৃৎস্নাসপ্তকগর্ভিতং ॥

মৃত্তিকাশ্চ সপ্তোক্তাঃ।

অশ্বস্থানাদ্গজস্থানাদ্বল্মীকাচ্চ চতুষ্পথাৎ। রাজদ্বারাচ্চ গোষ্ঠাচ্চ নদ্যাঃ কূলান্মৃদঃ স্মৃতাঃ ॥ ইতি ॥
কৃষ্ণমভ্যর্চ্চ্য তং কুম্ভং কুশকূর্চ্চেন দেশিকঃ। দেয়মন্ত্রেণ সাষ্টন্তু সহস্রমভিমন্ত্রয়েৎ ॥ ১৫৬ ॥

শব্দার্থমানসোল্লাসপুস্তকাম্। দীক্ষাপদ্ধতিমালোচ্য টীকেয়ং লিখিতা ময়া। বারাহং বরাহপুরাণং। ষোড়শানাং শ্রীভাগবতব্যতিরিক্তপদ্মপুরাণাদীনাং। আত্মানম্ আশ্রয়ং প্রবর্ত্তকং বা প্রথমং শ্রীব্যাসতস্তস্যৈবাবির্ভাবপ্রসিদ্ধেঃ। দেহে যুক্ত্বা শ্রবণাদিনা সংযুজ্য। যদ্বা ষোড়শানাং তত্ত্বানামাত্মানমধিষ্ঠাতারং ষোড়শযজ্ঞমূর্ত্তিং বা শ্রীবরাহরূপং ভগবন্তং দেহে মনঃপ্রধানে ইন্দ্রিয়াত্মাত্মকে বা ধ্যানাদিনা সাক্ষাদিব স্ফোরয়িত্বা ॥ ১৫৩ ॥ কিং চিন্তয়তি তদাহ বারাহযাগমিতি। হে ধরে ইতি তচ্চিন্তনং কথয়ন্ শ্রীবরাহো ভগবান্ ধরণীং সম্বোধয়তি ॥ ১৫৪ ॥ উদ্দিষ্টঃ সংক্ষেপেণ কথিতঃ ॥ ১৫৫ ॥

হইয়া থাকে। হে ভূতধারিণি পৃথিবি! সুরগণও তপশ্চরণ করিয়া এইরূপ ভাবনা করেন ও কহিয়া থাকেন যে, ভারতবর্ষে কবে আমাদিগের জন্মধারণ হইবে, কবে আমরা তথায় দীক্ষিত হইব, কবে বরাহপুরাণ শ্রবণ করিব এবং কবে আমরা ভাগবতব্যতীত পদ্মপুরাণাদি ষোড়শ পুরাণের আশ্রয়স্বরূপ বরাহপুরাণ শরীরে সংযুক্ত করত অর্থাৎ শ্রবণাদি দ্বারা উহার অর্চ্চন করত, যথায় গমন করিলে পুনর্জ্জন্ম হয় না, সেই পরমস্থান দর্শন করিব? (অথবা কবে আমরা ষোড়শতত্ত্বের অধিষ্ঠাতা কিংবা ষোড়শযজ্ঞমূর্ত্তিস্বরূপ বরাহরূপী ভগবান্‌কে দেহে অর্থাৎ মনঃপ্রধান বা ইন্দ্রিয়াদ্যাত্মক দেহে ধ্যানাদি দ্বারা সাক্ষাৎ স্ফুরিত করত যে স্থানে গমন করিলে পুনর্জ্জন্ম হয় না, সেই পরম স্থান নেত্রগোচর করিব?) ১৫৩। হে ধরে! দেবগণ মনে মনে এইরূপ চিন্তা করেন ও বলিয়া থাকেন যে, কবে আমরা কার্ত্তিকী পৌর্ণমাসীতে বরাহযাগ প্রত্যক্ষ করিব? ১৫৪। হে ভূতধারিণি! আমি সংক্ষেপে তোমার নিকট এই বিধি কীর্ত্তন করিলাম; ইহা, দেবতা, গন্ধর্ব্ব, যক্ষ সকলের পক্ষেই সর্ব্বথা দুর্ল্লভ। হে দেবি! এই প্রকার শ্রুতি আছে যে, যিনি তত্ত্বতঃ এই সকল অবগত হয়েন, যিনি মণ্ডল দর্শন করেন ও যিনি ইহা শ্রবণ করেন, তাঁহারা সকলেই মুক্ত হইয়া থাকেন। ১৫৫।

অনন্তর সংক্ষিপ্ত দীক্ষা। যাহা মুখ্যকল্পে অসমর্থ ব্যক্তির পক্ষে হিতকর, সেই সংক্ষিপ্ত দীক্ষাবিধি লিখিত হইতেছে।—সুমুহূর্ত্ত (শোভনকাল) সমাগত হইলে সর্ব্বতোভদ্রমণ্ডলে

তদন্তিঃ পূর্ব্ববচ্ছিষ্যমভিষিচ্য দিশেন্মনুং। শিষ্যোঽর্চ্চয়েদ্‌গুরুং ভক্ত্যা যথাশক্তি দ্বিজানপি ॥১৫৭॥

অথোপদেশস্তত্ত্বসারে।

অত্রাপ্যশক্তঃ কশ্চিচ্চেদজমভ্যর্চ্চ্য সাক্ষতং। তদম্ভসাভিষিচ্যাষ্ট বারান্মূলেন কে করং।
নিধায়ামুং জপেৎ কর্ণে উপদেশেঽয়ং বিধিঃ। চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে॥
মন্ত্রমাত্রপ্রকথনমুপদেশঃ স উচ্যতে ॥ ১৫৮ ॥

তত্র তত্রৈব বিশেষঃ শ্রীনারদপঞ্চরাত্রে।—

বিত্তলোভাদ্বিমুক্তস্য স্বল্পবিত্তস্য দেহিনঃ। সংসারভয়ভীতস্য বিষ্ণুভক্তস্য তত্ত্বতঃ।
অগ্নাবাজ্যান্বিতে বীজৈঃ সলিলৈঃ কেবলৈশ্চ বা। দ্রব্যহীনস্য কুর্ব্বীত বচসানুগ্রহং গুরুঃ ॥১৫৯॥
যঃ সমঃ সর্ব্বভূতেষু বিরাগো বীতমৎসরঃ। জিতেন্দ্রিয়ঃ শুচির্দক্ষঃ সর্ব্বাঙ্গাবয়বান্বিতঃ।
কর্ম্মণা মনসা বাচা ভীতে চাভয়দঃ সদা। সমবুদ্ধিপদং প্রাপ্তস্তত্রাপি ভগবন্ময়ঃ।

অশক্তস্য হিতায় যঃ স্যাৎ। সাষ্টং অষ্টোত্তরং সহস্রং ॥ ১৫৬ ॥ দিশেৎ কথয়েৎ ॥ ১৫৭ ॥ কে মস্তকে করং নিধায়। অমুং মূলমন্ত্রং ॥ ১৫৮ ॥ পূর্ব্বলিখিতে বিস্তীর্ণে সংক্ষিপ্তে চ বিধাবপবাদং লিখতি বিত্তেতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ। বীজৈর্যবাদিভিঃ। বচসৈব বা ॥ ১৫৯ ॥ নন্থ তথা দীক্ষাবিধিঃ

গন্ধপুষ্পাদি-মণ্ডিত, বস্ত্রাবৃত, জলপূর্ণ, পঞ্চপল্লবসংযুক্ত, সর্ব্বৌষধি পঞ্চরত্ন * ও সপ্তপ্রশস্তমৃত্তিকা-গর্ভ নূতন কলস স্থাপন করিবেন। সপ্তমৃত্তিকা কথিত আছে যথা,—অশ্বশালা, গজশালা, বল্মীক, চতুষ্পথ, রাজদ্বার, গোষ্ঠ ও নদীকূল এই সপ্ত স্থান হইতে সংগৃহীত মৃত্তিকার নাম সপ্তমৃত্তিকা। শ্রীগুরুদেব মন্ত্র দ্বারা কুশের ব্রহ্মগ্রন্থি সহকারে অষ্টোত্তর সহস্রবার সেই কলসকে মন্ত্রিত করিবেন অর্থাৎ সেই কুম্ভের উপর দেয় মন্ত্র এক সহস্র আটবার জপ করিবেন। ১৫৬। তৎপরে ঐ কলসস্থ জল দ্বারা পূর্ব্বোক্ত বিধানে শিষ্যকে অভিষেক করত মন্ত্রোপদেশ করিবেন। শিষ্যও যথাশক্তি ভক্তিসহকারে গুরু ও বিপ্রবর্গের অর্চ্চনা করিবেন। ১৫৭। তত্ত্বসারে এইরূপ উপদেশ আছে যে, কেহ ইহাতেও অক্ষম হইলে একটী সাক্ষাৎ পদ্মকে অর্চ্চনা করিয়া তজ্জল দ্বারা মূলমন্ত্র পাঠ সহকারে শিষ্যকে অষ্টবার অভিষেক করিবেন। তৎপরে শিষ্যের মস্তকদেশে কর স্থাপন পূর্ব্বক কর্ণে মূলমন্ত্র জপ করিবেন। উপদেশে এই বিধি কথিত হইয়াছে। চন্দ্রগ্রহণকালে, সূর্য্যগ্রহণসময়ে, তীর্থস্থলে, সিদ্ধ-ক্ষেত্রে অথবা শিবালয়ে কেবলমাত্র মন্ত্রদান করাকেই উপদেশ কহে।১৫৮। শ্রীনারদ পঞ্চরাত্রে পূর্ব্বলিখিত বিস্তীর্ণদীক্ষা ও সংক্ষিপ্তদীক্ষাবিধির বৈশিষ্ট্য প্রদর্শিত হইয়াছে। লোভবর্জ্জিত, সংসারভয়ভীত, প্রকৃত বিষ্ণুভক্ত, স্বল্পবিত্ত, দ্রব্যহীন ব্যক্তির সম্বন্ধে গুরুদেব ঘৃতযুক্ত অগ্নিতে যবাদি বীজ দ্বারা কিংবা কেবলমাত্র জল দ্বারা অথবা কেবল বাক্যদ্বারা হোম করিয়া তৎপ্রতি মন্ত্রপ্রদানরূপ অনুগ্রহ করিবেন। ১৫৯। যিনি সর্ব্বভূতে সমজ্ঞানী, বিষয়াদিতে বীতরাগ, মাৎসর্য্যহীন, জিতেন্দ্রিয়,

---

* পঞ্চপল্লব—আম্র, জম্বু, কপিত্থ, দাড়িম্ব ও বিল্ব। মতান্তরে অশ্বত্থ, বট, আম্র, প্লক্ষ বা অশোক ও যজ্ঞোডুম্বর। অন্যমতে কাঁঠাল, আম্র, বট, অশ্বত্থ ও বকুল। সর্ব্বৌষধি—মুরা, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, কুঙ্কুম শঠী, চম্পক ও মুথা। পঞ্চরত্ন—কাঞ্চন, হীরক, নীলকান্তমণি, পদ্মরাগ ও মুক্তা।

পঞ্চকালপরশ্চৈব পঞ্চরাত্রার্থবিত্তথা। বিষ্ণুতত্ত্বং পরিজ্ঞায় একং চানেকভেদগং।
দীক্ষয়েন্মেদিনীং সর্ব্বাং কিং পুনশ্চোপসন্নতান্॥ ১৬০ ॥

অথ মন্ত্রদানমাহাত্ম্যং।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—
ইহ কীর্ত্তিং বদান্যত্বং প্রজাবৃদ্ধিং ধনং সুখং। বিদ্যাদানেন লভতে সাত্ত্বিকো নাত্র সংশয়ঃ॥
যথা সুরাণাং সর্ব্বেষাং পরমঃ পরমেশ্বরঃ। তথৈব সর্ব্বদানানাং বিদ্যাদানং পরং স্মৃতং॥১৬১॥
যা বচ্চ পাতকং তেন কৃতং জন্মশতৈরপি। তৎ সর্ব্বং নাশমাপ্নোতি বিদ্যাদানেন দেহিনাং॥
বিদ্যাদানাৎ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি। যেন দত্তেন চাপ্নোতি শিবং পরমকারণং॥১৬২॥
ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে দৈক্ষিকো নাম দ্বিতীয়ো বিলাসঃ॥ ২ ॥

কথং সম্পূর্ণোঽঙ্গিত্যাহ য ইতি সার্দ্ধত্রিভিঃ। সর্ব্বৈরঙ্গস্য দেহস্যাবয়বৈরন্বিতঃ। সমবুদ্ধীনাং জ্ঞানিনাং পদং। পঞ্চসু কালেষু যৎ কৃত্যং তৎপর ইত্যর্থঃ। একমপ্যনেকভেদপ্রাপ্তমিতি ভেদাভেদসিদ্ধান্তাপেক্ষয়া। উপসন্নতান্ ভক্ত্যা প্রপন্নানিত্যর্থঃ॥ ১৬০ ॥

বিদ্যামন্ত্র এবাত্র সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ।—অতএব ক্রমদীপিকায়াং। বিদ্যাং ন যঃ সংবিৎসুরিতি। কীর্ত্তিং প্রতিষ্ঠাং। বদান্যত্বঞ্চ দানশীলতাং। যদ্বা বদান্যত্বরূপাং কীর্ত্তিং কৃতমহাদানত্বাৎ। সাত্ত্বিকঃ নিষ্কপটঃ শ্রদ্ধাবান্ বা॥ ১৬১ ॥ দেহিনাং দেহিনঃ প্রতি। শিবং মঙ্গলরূপং পরমসুখাত্মকং বা পরমকারণং শ্রীব্রহ্ম শ্রীকৃষ্ণং বা॥ ১৬২ ॥

ইতি দ্বিতীয়ো বিলাসঃ॥ ২ ॥

পবিত্র, দক্ষ, সমস্ত-দেহাবয়বসংযুক্ত অর্থাৎ যাঁহার কোন অঙ্গহানি হয় নাই, যিনি কর্ম্ম দ্বারা মন দ্বারা ও বাক্য দ্বারা ভীত ব্যক্তিকে সর্ব্বদা অভয় প্রদান করেন, যে ব্যক্তি জ্ঞানিবর্গের পদ লাভ করিয়াছেন, সেই পদ লাভ করিয়া যাঁহার অন্তরে ও বাহিরে ভগবৎস্বরূপ স্ফূর্ত্তি পাইতেছে, যিনি পঞ্চকালের ক্রিয়াসকলে তৎপর, যিনি পঞ্চরাত্র গ্রন্থের অর্থবিৎ, তাদৃশ ব্যক্তি অনেক ভেদপ্রাপ্ত অথচ এক বিষ্ণুতত্ত্ব বিদিত হইয়া আশ্রিত ভক্তবর্গের কথা দূরে থাকুক, অখিল মেদিনীকেই দীক্ষিত করিতে পারেন। ১৬০।

অনন্তর মন্ত্রদানমাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদসংবাদে লিখিত আছে, সাত্ত্বিক (নিষ্কপট ও শ্রদ্ধাশীল) ব্যক্তি ইহ লোকে বিদ্যাদান দ্বারা কীর্ত্তি (প্রতিষ্ঠা), বদান্যত্ব, (দানশীলতা), সন্ততিবর্দ্ধন, ধন ও সুখ প্রাপ্ত হইয়া থাকেন, এ বিষয়ে সংশয় নাই*। পরমেশ্বর বিষ্ণু যেরূপ অখিল দেবগণের শ্রেষ্ঠ, সেইরূপ সর্ব্বপ্রকার দানের মধ্যে বিদ্যাদানই শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত হয়। ১৬১। দেহীদিগকে বিদ্যাদান করিলে সেই দাতার কৃত শতজন্মের পাপসমূহও বিনাশ পাইয়া থাকে। যে দান দ্বারা মঙ্গলস্বরূপ (অথবা পরমসুখাত্মক) পরম কারণ (শ্রীব্রহ্ম) কৃষ্ণকে লাভ করা যায়, সেই বিদ্যাদান হইতে শ্রেষ্ঠ দান হয় নাই, হইবেও না। ১৬২।

ইতি দৈক্ষিক নামক দ্বিতীয় বিলাস সমাপ্ত। ২।

---

* কেহ কেহ এস্থলে কীর্ত্তি ও বদান্যত্ব পৃথক্ অর্থ না করিয়া "বদান্যতারূপ কীর্ত্তি" এইরূপ অর্থ করিয়া থাকেন।

তৃতীয়বিলাসঃ।

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীচৈতন্যং মহাপ্রভুং।
নীচোঽপি যৎপ্রসাদাৎ স্যাৎ সদাচারপ্রবর্ত্তকঃ॥ ১॥
পুংসো গৃহীতদীক্ষস্য শ্রীকৃষ্ণং পূজয়িষ্যতঃ।
আচারো লিখ্যতে কৃত্যং শ্রুতি-স্মৃত্যনুসারতঃ॥ ২॥

অথ দীক্ষিতস্য পূজায়া নিত্যতা।

আগমে।—

লব্ধ্বা মন্ত্রন্তু যো নিত্যং নার্চ্চয়েন্মন্ত্রদেবতাং। সর্ব্বকর্ম্মাফলং তস্যানিষ্টং যচ্ছতি দেবতা॥ ইতি॥

অথ সদাচারঃ।

ন কিঞ্চিৎ কস্যচিৎ সিধ্যেৎ সদাচারং বিনা যতঃ। তস্মাদবশ্যং সর্ব্বত্র সদাচারো হ্যপেক্ষ্যতে॥৩॥

শ্রীহরিঃ। প্রভুঃ শ্রীকৃষ্ণচৈতন্যো জীয়াৎ যৎকৃপয়া ভবেৎ। শ্বাপি সিংহস্তৃণং মেরু-র্মূর্খো বিদ্বান্ মৃতোঽসুমান্॥ নিকৃষ্টস্যাপ্যাত্মনং সদাচারলিখনে শ্রীভগবতোঽনুকম্পয়াধিকারং সামর্থ্যঞ্চ দ্যোতয়ংস্তং প্রণমতি বন্দ ইতি। যস্য প্রসাদাদ্ধেতোর্নীচজনোঽপি লিখনাদিদ্বারা সদাচারাণাং প্রবর্ত্তকো ভবতি। অত্র হেতুঃ। অনন্তমদ্ভুতং চাবিতর্ক্যম্ ঐশ্বর্য্যং প্রভাবো যস্য তং। যতো মহাপ্রভুং পরমেশ্বরং॥ ১॥ পুংসঃ পুংমাত্রস্যেত্যর্থঃ, শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণমাত্রেণ সর্ব্বেষামেব তত্রাধিকারাৎ। যদ্যপি স্ত্রীণামপ্যধিকারোঽস্তি ইতি পূর্ব্বং লিখিতম্, তথাপি কর্ম্মসু পুংসঃ প্রাধান্যাৎ পুংস ইত্যত্র লিখিতং। এবমগ্রে লেখ্যং ব্রাহ্মণমিত্যাদিকমপ্যূহ্যং। শ্রীকৃষ্ণং পূজয়িষ্যত ইতি তৎপূজার্থক ইত্যর্থঃ। শ্রুত্যাদ্যনুসারেণ কৃত্যম্ অবশ্যং কর্ত্তুং যোগ্যং যদ্ যৎ কর্ম্ম, শ্রুতিস্মৃত্যনুসারত ইত্যস্য লিখ্যত ইত্যনেনে বা সম্বন্ধঃ॥ ২॥

(সদাচার লিখনে স্বয়ং অসমর্থ হইলেও ভগবানের অনুকম্পায় তদ্বিষয়ে অধিকার ও সামর্থ্য হইতে পারে, উহাই প্রকাশার্থে প্রণাম করিতেছেন।)—যাঁহার প্রসাদে নীচ জনও (লিখনাদি দ্বারা) সদাচারপ্রবর্ত্তক হইতে পারে, আমি সেই অনন্ত ও অবিতর্ক্য-প্রভাবশালী, মহাপ্রভু (পরমেশ্বর) শ্রীকৃষ্ণ-চৈতন্যকে বন্দনা করি। ১। যে দীক্ষিত পুরুষ শ্রীকৃষ্ণকে অর্চ্চনা করিবেন, আমি তাঁহার নিমিত্ত শ্রুতি-স্মৃত্যনুসারে কর্ত্তব্য আচার লিখিতেছি। ২। *

অনন্তর দীক্ষিত ব্যক্তির পূজার নিত্যতা।—আগমে লিখিত আছে, যে ব্যক্তি মন্ত্র লাভ পূর্ব্বক প্রত্যহ মন্ত্র-দেবতাকে অর্চ্চনা না করেন, তাঁহার সমস্ত কর্ম্ম নিষ্ফল হয় এবং মন্ত্রদেবতা তদীয় অনিষ্ট সাধন করেন।

---

* স্ত্রীদিগের অধিকার থাকাতেও এ স্থলে পুরুষ উল্লেখ করাতে পুরুষের প্রাধান্যই সূচিত হইল মাত্র।

বিষ্ণুপুরাণে।—বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্। বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যস্তত্তোষকারণম্॥

অথ সদাচারস্য নিত্যতা।

মার্কণ্ডেয়পুরাণে।—মদালসালর্কসংবাদে।—

গৃহস্থেন সদা কার্য্যমাচারপরিপালনং। ন হ্যাচারবিহীনস্য সুখমত্র পরত্র চ॥

যজ্ঞদানতপাংসীহ পুরুষস্য ন ভূতয়ে। ভবন্তি যঃ সদাচারং সমুল্লঙ্ঘ্য প্রবর্ত্ততে॥ ৪॥

ভবিষ্যোত্তরে চ শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে।—

আচারহীনং ন পুনন্তি বেদা যদ্যপ্যধীতা সহ ষড়্ভিরঙ্গৈঃ।

ছন্দাংস্যেনং মৃত্যুকালে ত্যজন্তি নীড়ং শকুন্তা ইব জাতপক্ষাঃ॥ ৫॥

কপালস্থং যথা তোয়ং শ্ব-দৃতৌ বা যথা পয়ঃ। দুষ্টং স্যাৎ স্থানদোষেণ বৃত্তহীনে তথা শ্রুতং।

আচাররহিতো রাজন্নেহ নামুত্র নন্দতি ইতি। * লেখ্যেন স্মরণাদীনাং নিত্যত্বেনৈব সেৎস্যতি।

স্মরণাদ্যাত্মকস্যাপি সদাচারস্য নিত্যতা॥ ৬॥

নন্থ পূজাবিধিরেব লিখ্যতাং কিমন্যাচারলিখনেনেত্যাশঙ্ক্য প্রথমং সদাচারস্য নিত্যতাং লিখতি ন কিঞ্চিদিতি। হি নিশ্চয়ে, এতেন শাস্ত্রাদিপ্রমাণং সূচিতং॥ ৩॥

অন্যঃ সদাচারাদ্বিষ্ণোরারাধনাৎ পরঃ পন্থাঃ কেবলযোগাভ্যাসাদিঃ তস্য বিষ্ণোস্তোষকারকো ন ভবতি। অতএবোক্তং প্রথমস্কন্ধে। স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজ ইতি। ধর্ম্মস্তু সদাচারলক্ষণ এব॥১॥ মৃত্যুকালে ত্যজন্তি পরলোকে কিমপি ফলং ন প্রযচ্ছন্তীত্যর্থঃ॥৫॥ বৃত্তং সদাচারঃ তেন হীনে। শ্রুতং তীর্থাটনাদি পুণ্যকর্ম্ম। নন্থ অন্যৈরপি বিশেষবচনৈঃ স্পষ্টসদাচারস্য নিত্যত্বং লিখ্যতাং, তত্র লিখতি লেখ্যেনেতি। স্মরণাদীনাং স্মরণমারভ্যাত্র গ্রন্থে

অতঃপর সদাচার।—(পূজাবিধিই লিখিত হইবে, অন্য আচার লিখনের প্রয়োজন কি? এই প্রশ্নের আশঙ্কা করিয়া প্রথমতঃ সদাচারের নিত্যতা লিখিত হইতেছে।) যেহেতু সদাচার ব্যতীত কাহারও কোন কর্ম্ম সিদ্ধ হয় না; সুতরাং সর্ব্বত্র অবশ্য—নিশ্চিতই সদাচার অপেক্ষিত হয় অর্থাৎ সকলবিষয়েই সদাচার আবশ্যক। ৩।

অনন্তর সদাচারের নিত্যতা।—মার্কণ্ডেয় পুরাণে মদালসা ও অলর্কসংবাদে লিখিত আছে, গৃহী ব্যক্তি সদা আচার পরিপালন করিবে। ইহলোকে ও পরলোকে কুত্রাপি আচারহীনের সুখ নাই। যে ব্যক্তি সদাচার লঙ্ঘন পূর্ব্বক কার্য্যে প্রবৃত্ত হয়, যজ্ঞ দান ও তপস্যা ইহলোকে তাহার মঙ্গলের নিমিত্ত হয় না। ৪। ভবিষ্যোত্তরপুরাণে শ্রীকৃষ্ণ-যুধিষ্ঠিরসংবাদে লিখিত আছে,—বেদসমূহ যদি ষড়ঙ্গ সহিতও অধীত হয়, তথাপি আচারহীন পুরুষকে পবিত্র করিতে সমর্থ হয়েন না। জাতপক্ষ বিহগগণ যেরূপ নীড় ত্যাগ করে, তদ্রূপ বেদসমূহ মরণকালে তাহাকে পরিত্যাগ করেন অর্থাৎ বেদসমূহও পরলোকে তাহাকে কোনরূপ ফল প্রদানে সমর্থ হয়েন না। ৫। যেরূপ নরকপালস্থ অথবা কুক্কুরচর্ম্মনির্ম্মিত পাত্রস্থ বারি বা দুগ্ধ দূষিত হয়,

---

* "নাচরেদ্ যদি সিদ্ধোঽপি লৌকিকং ধর্ম্মমগ্রতঃ। উপপ্লবাচ্চ ধর্ম্মস্য গ্লানির্ভবতি নারদ। বিবেকদৈবতঃ সর্ব্বৈঃ লোকাচারো যথাস্থিতঃ। আ দেহপাতাৎ যত্নেন রক্ষণীয়ঃ প্রযত্নতঃ। (ইতি নারদপঞ্চরাত্রে প্রায়শ্চিত্ত-কথনারম্ভে।)—[পুস্তকান্তরে ইত্যতিরিক্তঃ পাঠো দৃশ্যতে।]

অথ সদাচারমাহাত্ম্যং।

বিষ্ণুপুরাণে তত্রৈব গৃহিধর্ম্মপ্রসঙ্গে।—

সদাচারবতা পুংসা জিতৌ লোকাবুভাবপি ॥ ৭ ॥

সাধবঃ ক্ষীণদোষাস্তু সচ্ছব্দঃ সাধুবাচকঃ। তেষামাচরণং যত্তু সদাচারঃ স উচ্যতে ॥ ৮ ॥

কাশীখণ্ডে স্কন্দাগস্ত্যসংবাদে।

অনধ্যয়নশীলঞ্চ সদাচারবিলঙ্ঘিনং। সালস্যঞ্চ দুরন্নাদং ব্রাহ্মণং বাধতেঽন্তকঃ ॥

ততোঽভ্যসেৎ প্রযত্নেন সদাচারং সদা দ্বিজঃ। তীর্থান্যপ্যভিলষ্যন্তি সদাচারসমাগমং ॥ ৯ ॥

ভবিষ্যোত্তরে চ তত্রৈব।—

আচারপ্রভবো ধর্ম্মঃ সন্তশ্চাচারলক্ষণাঃ। সাধূনাঞ্চ যথা বৃত্তং স সদাচার ইষ্যতে ॥

তস্মাৎ কুর্য্যাৎ সদাচারং য ইচ্ছেদ্গতিমাত্মনঃ। সর্ব্বলক্ষণহীনোঽপি সমুদাচারবান্নৃপ।

শ্রদ্দধানোঽনসূয়শ্চ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ১০ ॥

লেখ্যানাং নিত্যপক্ষমাসাদিকৃত্যানাম্ অগ্রে লেখ্যেন নিত্যত্বেনৈব সদাচারস্য নিত্যতা সেৎস্যত্যেব, অতএব অধুনা তত্তদ্বচনলিখনবাহুল্যেনালমিতি ভাবঃ। নন্বু ভগবৎস্মরণাদের্নিত্যতয়া সদাচারস্য নিত্যতা কথমস্তু তত্র লিখতি স্মরণাদ্যাত্মকস্যেতি। সদাচারস্যৈব তত্তল্লক্ষণত্বাদিত্যর্থঃ ॥ ৬।৭ ॥

সদাচারস্যৈব লক্ষণমাহ সাধব ইতি ॥ ৮ ॥ যদ্যপি কাশীখণ্ডমাধুনিকং কল্পিতং কাব্যমিতি পুরাণতত্ত্ববিৎসু প্রসিদ্ধং তথাপি তদাকার-স্কান্দ-বায়ব্য-কৌর্ম্মাদি-প্রতিপাদিতসদাচার-বিষয়কাণি কানিচিদ্বচনানি স্মৃতিসম্বলিতান্যত্র সংগৃহীতানি ইত্যদোষঃ। অনধ্যয়নশীলমিতি সালস্যমিতি দুরন্নাদমিতি চ দৃষ্টান্তত্বেন হেতুত্বেন বোক্তং। তত্র চ তেষাং হেতুহেতুমত্তা যথাক্রমমূহ্যা ॥ ৯ ॥ সম্য-

---

সেইরূপ সদাচারবর্জ্জিতের তীর্থভ্রমণাদি পুণ্য কর্ম্ম দূষিত হইয়া থাকে। হে রাজন্! আচারহীন ব্যক্তি কি ইহ কি পর কোন লোকেই আনন্দ লাভ করিতে পারে না। লেখ্য (বক্ষ্যমাণ) পুরণাদির অবশ্যকর্ত্তব্যতা দ্বারাই প্রতিপাদিত হইতেছে যে, সদাচার অবশ্য প্রতিপালন করিতে হয়; কেন না, স্মরণাদিই সদাচার। ৬।

অনন্তর সদাচারমাহাত্ম্য।—বিষ্ণুপুরাণে গৃহস্থধর্ম্মপ্রসঙ্গে লিখিত আছে, সদাচারবান্ পুরুষ কর্ত্তৃক ইহ পর উভলোকই জিত হয়। ৭। (সদাচারের লক্ষণ কথিত হইতেছে।) দোষহীন ব্যক্তিরাই সাধু। "সৎ" শব্দ সাধুবাচক; সাধুগণের আচরণই সদাচার বলিয়া অভিহিত। ৮। কাশীখণ্ডে স্কন্দ ও অগস্ত্যসংবাদে লিখিত আছে, অনধ্যয়নশীল, সদাচারলঙ্ঘী, আলস্যপ্রকৃতি, দুষ্টান্নভোজী ব্রাহ্মণকে কৃতান্তদেব বাধা প্রদান করেন অর্থাৎ দণ্ড প্রদান করিয়া থাকেন। অতএব দ্বিজাতি-জন যত্ন সহকারে সদা সদাচার অভ্যাস করিবেন। তীর্থসমূহও সদাচারবানের সমাগম কামনা করিয়া থাকেন। ৯। ভবিষ্যপুরাণের উত্তরখণ্ডেও ঐ সদাচারপ্রসঙ্গে লিখিত আছে, ধর্ম্ম আচার হইতে সমুৎপন্ন, সাধুরা সদাচার

কিঞ্চ।—

আচার এব ধর্ম্মস্য মূলং রাজন্ কুলস্য চ। আচারাদ্বিচ্যুতো জন্তুর্ন কুলীনো ন ধার্ম্মিকঃ॥

কিঞ্চ।—

আচারো ভূতিজনন আচারঃ কীর্ত্তিবর্দ্ধনঃ। আচারাদ্বর্দ্ধতে হ্যায়ুরাচারো হন্ত্যলক্ষণং॥ ১১॥

আচার এব নৃপপুঙ্গব সেব্যমানো ধর্ম্মার্থকামফলদো ভবিতেহ পুংসাং।

তস্মাৎ সদৈব বিদুষাবহিতেন রাজন্ শাস্ত্রোদিতো হ্যনুদিনং পরিপালনীয়ঃ॥ ১২॥

অথ তত্র নিত্যকৃত্যানি।

ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্। প্রক্ষাল্য পাণিপাদৌ চ দন্তধাবনমাচরেৎ॥ ১৩॥

আচম্য বসনং রাত্রেস্ত্যক্ত্বান্যৎ পরিধায় চ। পুনরাচমনে কুর্য্যাল্লেখ্যেন বিধিনাগ্রতঃ॥ ১৪॥

গুৎকৃষ্ট আচারঃ সমুদাচারঃ সদাচার এব তদ্বান্॥ ১০॥ অলক্ষণং দারিদ্র্যাদি অপমৃত্যাদি বা॥ ১১॥ যথা স্মরণাদীনাং নিত্যতয়া সদাচারস্য নিত্যতা তথা তেষাং মাহাত্ম্যেনাপ্যস্য মাহাত্ম্যং সিধ্যেদেবেতি লিখিতন্যায়েন স্পষ্টত্বান্ন লিখিতং॥ ১২॥

সদাচারমেব নিত্যপক্ষমাসাদি-কৃত্যেন গ্রন্থসমাপ্তিপর্য্যন্তং লিখন্ আদৌ অত্র নিত্যকৃত্যানি লিখতি ব্রাহ্ম ইত্যাদিনা। কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্ সমুত্থায়। দন্তানাং ধাবনং শোধনং। তচ্চ কদাচিদ্বিহিত-কাষ্ঠৈঃ কদাচিত্তৃণাদিভিশ্চ। তত্তু পূজানিরতানাং শ্রীভগবৎপ্রবোধনাদ্যর্থং তদগ্রে গমিষ্যতাং ততঃ প্রাগধুনৈব যুক্তং। যত উক্তং শ্রীবরাহেণ।—দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি। সর্ব্বকালকৃতং কর্ম্ম তেনৈবৈকেন নশ্যতীতি। তত্র চ দন্তকাষ্ঠমখাদিত্বেতি দন্তানশোধয়িত্বেতি জ্ঞেয়ং, প্রতি-পদাদিষু দন্তকাষ্ঠনিষেধাৎ। তদ্বিশেষশ্চাগ্রে বিস্তরতো ব্যক্তো ভাবী॥ ১৩॥ রাত্রেঃ রাত্রৌ পরি-

---

বিশিষ্ট, এবং সাধুগণের যেপ্রকার আচার, তাহাই সদাচার বলিয়া পরিগণিত হয়। অত-এব যে ব্যক্তি স্বীয় শুভগতির কামনা করেন, তিনি সদাচার পালন করিবেন। হে নৃপ! শ্রদ্ধাবান্, অসূয়াহীন, সদাচারশীল ব্যক্তি সর্ব্বলক্ষণহীন হইলেও অখিল বাঞ্ছিত প্রাপ্ত হইয়া থাকেন। ১০। আরও লিখিত আছে যে, হে রাজন্! আচারই ধর্ম্মের ও কুলের মূল। আচারভ্রষ্ট ব্যক্তি কুলীন বলিয়া পরিগণিত হয় না এবং ধার্ম্মিক বলিয়াও কীর্ত্তিত হইতে পারে না। আরও লিখিত আছে যে, আচার হইতে ভূতি (ঐশ্বর্য্য) উৎপন্ন হয়, আচার কীর্ত্তি বর্দ্ধন করে, আচার হইতে পরমায়ুঃ বৃদ্ধি প্রাপ্ত হয় এবং আচার অলক্ষণ (দারিদ্র্য বা অপমৃত্যু প্রভৃতি) বিনাশ করিয়া দেয়। ১১। হে নৃপপুঙ্গব! আচার অনুষ্ঠিত হইলে সেই সদাচারই ইহলোকে মানবের ধর্ম্মার্থকামফলপ্রদ হয়, অতএব হে রাজন্! বিদ্বান্ ব্যক্তি সর্ব্বদাই অবহিত হইয়া অনুদিন শাস্ত্রোদিত আচার পরিপালন করিবেন। ১২।

অতঃপর তন্মধ্যে নিত্যকৃত্য।—(গ্রন্থসমাপ্তি যাবৎ নিত্যকর্ম্ম, পক্ষকৃত্য, মাসাদিকৃত্য যাহা কিছু লিখিত হইবে, সমস্তই সদাচার; তন্মধ্যে আদৌ নিত্যকৃত্য লিখিত হইতেছে।) ব্রাহ্ম-মুহূর্ত্তে "কৃষ্ণ কৃষ্ণ" এই নাম কীর্ত্তন করিতে করিতে গাত্রোত্থান পূর্ব্বক কর ও চরণ প্রক্ষালন করত দন্তধাবন করিবে। ১৩। অনন্তর আচমন করিয়া রাত্রিধৃত বস্ত্র ত্যাগ ও অন্য বস্ত্র পরি-

অথেচ্ছন্ পরমাং শুদ্ধিং মূর্দ্ধি ধ্যাত্বা গুরোঃ পদৌ।
স্তুত্বা চ কীর্ত্তয়ন্ কৃষ্ণং স্মরংশ্চৈতদুদীরয়েৎ ॥ ১৫ ॥

অথ প্রাতঃস্মরণকীর্ত্তনে।

জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মং।
স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিত-শ্রীমুখেন ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং ॥ ১৬ ॥

হিতমিত্যর্থঃ। অন্যৎ শুদ্ধবসনং। আচমনে আচমনদ্বয়ং। তথা চোক্তং। শুক্লবাসঃ পরীধায় তথা দৃষ্ট্বাপ্যমঙ্গলং। প্রমাদাদশুচিং স্পৃষ্ট্বা দ্বিরাচান্তঃ শুচির্ভবেদিতি। নমু দন্তধাবনাদিকমত্র কথ্যতাং তত্র লিখতি। অগ্রতস্তত্তন্মুখ্যপ্রকরণে লেখ্যেন বিধিনেতি। ব্রাহ্মমুহূর্ত্তকৃত্যলিখনপ্রকরণে প্রাতঃস্মরণকীর্ত্তনাদিমুখ্যকর্ম্মপরিত্যাগে নোত্থানমাত্রলিখনানন্তরং দন্তধাবনাদিবিধিবিস্তারলেখো ন যুক্তঃ অতোঽগ্রে জ্ঞেয়ং ॥১৪॥ পরমামুৎকৃষ্টাং বহিরন্তর্বিশোধনাৎ। শ্রীগুরুপদধ্যানে চাগমোক্তোঽয়ং বিশেষো দ্রষ্টব্যঃ। ব্রহ্মরন্ধ্রস্থিতে পদ্মে সহস্রদলশোভিতে। শ্রীগুরুং পরমাত্মানং ব্যাখ্যামুদ্রালসৎকরং। দ্বিনেত্রং দ্বিভুজং পীতং ধ্যায়েদখিলসিদ্ধিদমিতি। গুরোঃ পদাবেব স্তুত্বা তস্য উৎকর্ষমুৎকীর্ত্ত্য পশ্চান্নিজেষ্টদৈবতং কৃষ্ণং কীর্ত্তয়ন্ স্মরংশ্চ লেখ্যং জয়তীত্যাদিকং পঠেৎ। যদ্যপি স্মরণস্য মনঃসংযোগলক্ষণত্বাদাদৌ স্মরণে সত্যেব পশ্চাৎ কীর্ত্তনং তথাপ্যত্র কীর্ত্তনস্য মুখ্যত্বাভিপ্রায়েণ স্মরণস্য পশ্চান্নির্দ্দেশঃ। পূর্ব্বং কৃষ্ণ কৃষ্ণেতি তন্নামোচ্চারণমেব অধুনা তু শুদ্ধ্যনন্তরং শ্রীভাগবতাদিশ্লোকপাঠেন রূপলীলাদিবিশেষণেন কীর্ত্তনমিতি বিশেষঃ। শতৃঙ্-দ্বয়স্য তদুদীরণমেব তৎকীর্ত্তনস্মরণাত্মকমিত্যর্থঃ। যদ্বা দ্বয়মপি হেতৌ কীর্ত্তয়িতুং স্মর্ত্তুঞ্চেতি তথৈবার্থঃ। ততশ্চ কীর্ত্তনেনৈব স্মরণবিশেষোৎপত্তেঃ। স্মরংশ্চেতি পশ্চাল্লিখিতং ॥ ১৫ ॥

জয়তি সর্ব্বোত্তমতয়া বর্ত্ততে শ্রীকৃষ্ণঃ। জনেষু নিবসতি অন্তর্যামিতয়েতি তথা সঃ। অতো দেবক্যাং জন্মেতি বাদমাত্রং যস্য সঃ। যদুবরাঃ পরিষৎ সভাসেবকরূপাঃ যস্য সঃ। ইচ্ছামাত্রেণ

ধান পূর্ব্বক অগ্রতোলেখ্য (বক্ষ্যমাণ) বিধানে দুইবার আচমন করিবে। পরে পরমা শুদ্ধি অর্থাৎ অন্তঃশুদ্ধি ও বাহ্যশুদ্ধি ইচ্ছা করত মস্তকদেশে শ্রীগুরুর পাদকমলযুগল ধ্যান * ও তাঁহার স্তব (উৎকর্ষকীর্ত্তন) করিয়া শ্রীকৃষ্ণনাম কীর্ত্তন ও স্মরণ পূর্ব্বক (বক্ষ্যমাণ) শ্লোক পাঠ করিবে। ১৫।

অনন্তর প্রাতঃস্মরণ ও কীর্ত্তন।—যিনি অন্তর্যামিরূপে সর্ব্বজীবে অবস্থিত, দেবকীগর্ভে জন্ম ইহাই যাঁহার অপবাদ, যদুবংশীয়গণই যাঁহার সভা-সেবকস্বরূপ, (ইচ্ছামাত্রে নিরসনসমর্থ হইলেও) যিনি বাহুবলে অধর্ম্ম নাশ করিয়াছেন, যিনি (অধিকারিবিশেষের অপেক্ষা না করিয়া) বৃন্দাবনস্থ স্থিরচর তরু-গবাদিরও সংসার-দুঃখ নাশ করেন এবং যিনি সুস্মিত শ্রীমুখ দ্বারা ব্রজবনিতাগণের ও পুরবনিতাদিগের কামদেব বর্দ্ধিত করিয়াছেন অর্থাৎ ভোগ দ্বারা

---

* শ্রীগুরুকে এইরূপে ধ্যান করিতে হয়, যথা—ব্যাখ্যামুদ্রাধারী, দ্বিনেত্র, দ্বিভুজ, পীতবর্ণ, অখিলসিদ্ধিপ্রদ, পরমাত্মা গুরুদেব ব্রহ্মরন্ধ্রস্থিত সহস্রদলশোভিত কমলে বিরাজ করিতেছেন।

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং ॥ ১৭ ॥

কৃষ্ণধ্যানের স্বতঃ পরমফলত্ব।—চতুর্থস্কন্ধে লিখিত আছে, পৃথু নরপতি বলিয়াছিলেন, হে ভগবন্! তুমি দীনবৎসল, তোমাতে মায়াগুণের কার্য্য লক্ষিত হয় না; সুতরাং কামনা-বিহীন সাধুগণ জ্ঞানোদয়ান্তে তোমার উপাসনা করেন, কিন্তু ত্বদীয় পাদপদ্ম স্মরণমাত্রেই তাঁহাদিগের উক্তরূপ ভজনের একমাত্র প্রয়োজন; তাহা ভিন্ন অন্য কোন ফল লক্ষিত হয় না। স্কন্দপুরাণে ব্রহ্মার উক্তি আছে যে, পুনঃ পুনঃ নিখিল শাস্ত্র মন্থন ও বিচার পূর্ব্বক ইহাই স্পষ্টরূপে মীমাংসিত হইল যে, নিরন্তর নারায়ণধ্যানই কর্ত্তব্য। অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে নারায়ণব্যূহস্তবে কথিত আছে যে, যাঁহারা ইহলোকে লোকধর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক বিষ্ণুভক্তির বশ হইয়া পরমাত্মা কৃষ্ণের ধ্যান করেন, তাঁহাদিগকে নিত্য পুনঃ পুনঃ নমস্কার করি। কৃষ্ণ-স্মরণের যেরূপ মহিমা, ধ্যানের মহিমাও সেইরূপ অবগত হইবে। কেবলমাত্র সামান্য ও বিশেষ দ্বারা এই উভয়ের যৎকিঞ্চিৎ প্রভেদ কল্পিত হইয়া থাকে। ৭৭।*

অনন্তর ভগবানের প্রবোধন।—তৎপরে শৌচ, আচমন, স্মরণ ও ধ্যানান্তে দেবায়তনে গমন পূর্ব্বক ঘণ্টাদি বাদন করত শ্রুতিস্তুতি ও প্রবোধনোপযুক্ত অন্যান্য স্তব দ্বারা শ্রীকৃষ্ণকে

---

* ভগবানে মনঃসংযোগকে সামান্য কহে এবং ভগবানের শ্রীমূর্ত্তির অঙ্গসকলের লাবণ্যাদি ভাবনাকেই বিশেষ বলা যায়। সুতরাং স্মরণের ও ধ্যানের কিঞ্চিৎ মাত্র প্রভেদ কল্পিত হইয়া থাকে।

তৃতীয়স্কন্ধে।—

সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ॥
দেবপ্রপন্নার্ত্তিহর প্রসাদং কুরু কেশব। অবলোকনদানেন ভূয়ো মাং পারয়াচ্যুত॥ ইতি॥ ৭৯॥
দেবালয়ং প্রবিশ্যাথ স্তোত্রাণীষ্টানি কীর্ত্তয়ন। কৃষ্ণস্য তুলসীবর্জ্জং নির্ম্মাল্যমপসারয়েৎ॥

অথ নির্ম্মাল্যোত্তারণং।

অত্রিস্মৃতৌ।—

প্রাতঃকালে সদা কুর্য্যান্নির্ম্মাল্যোত্তারণং বুধঃ॥
তৃষিতাঃ পশবো বদ্ধাঃ কন্যকা চ রজস্বলা। দেবতা চ সনির্ম্মাল্যা হন্তি পুণ্যং পুরাকৃতং॥

নারসিংহে শ্রীযমোক্তৌ।—

দেবমাল্যাপনয়নং দেবাগারে সমূহনং। স্নাপনং সর্ব্বদেবানাং গোপ্রদানসমং স্মৃতং॥ ৮০॥

নারদপঞ্চরাত্রে।—

যঃ প্রাতরুত্থায় বিধায় নিত্যং, নির্ম্মাল্যমীশস্য নিরাকরোতি।
ন তস্য দুঃখং ন দরিদ্রতা চ, নাকালমৃত্যুর্ন চ রোগমাত্রং॥

নীরাজনং কৃত্বা॥ ৭৮॥ বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ প্রকাশয়ন্॥ ৭৯॥ ইষ্টানি স্বস্য কৃষ্ণস্য বা প্রিয়াণি সহস্রনামাদীনি।

দেবস্য মাল্যং নির্ম্মাল্যং তস্য অপনয়নমুত্তারণং সমূহনং মার্জ্জন্যা তৃণাদ্যপসারণং॥ ৮০॥

প্রবোধিত করিয়া নীরাজন করিবে। ৭৮। তৃতীয়স্কন্ধে লিখিত আছে যে, ব্রহ্মা বলিয়াছিলেন, সেই পুরাণপুরুষ ভগবান্ অতীব কৃপালু, তিনি প্রথিত সপ্রেম হাস্য দ্বারা স্বীয় নেত্রপদ্ম বিকাসিত করত এই বিশ্বের উদ্ভব ও মৎপ্রতি অনুগ্রহ বিস্তারার্থ গাত্রোত্থান পূর্ব্বক মধুরবচনে মদীয় বিষাদ্ অপনোদন করুন্। হে দেব! হে প্রপন্নজনভয়হারিন্! হে কেশব! মৎপ্রতি অনুগ্রহ প্রকাশ করুন্। হে অচ্যুত! পুনর্ব্বার দর্শন দান দ্বারা আমাকে বিশুদ্ধ করুন্। ৭৯। তৎপরে দেবায়তনে প্রবিষ্ট হইয়া স্বীয় মনোজ্ঞ স্তুতি কিংবা শ্রীকৃষ্ণের সহস্রনামাদি কীর্ত্তন করিতে করিতে তুলসী ব্যতীত অন্য নির্ম্মাল্য সমূহ অপসারণ করিবে।

অনন্তর নির্ম্মাল্যোত্তারণ।—অত্রিস্মৃতিতে লিখিত আছে যে, বুধ ব্যক্তি প্রভাতে সর্ব্বদা নির্ম্মাল্য উত্তারণ করিবেন। তৃষিত পশু রজ্জুবদ্ধ থাকিলে, অনূঢ়া কন্যা রজস্বলা হইলে এবং দেবতা নির্ম্মাল্যসংযুক্ত থাকিলে উঁহারা পূর্ব্বার্জ্জিত পুণ্যরাশি ধ্বংস করিয়া থাকেন। নারসিংহপুরাণে যমোক্তি আছে যে, দেবতার নির্ম্মাল্য অপসারণ করিলে, সম্মার্জ্জনী দ্বারা দেবায়তনের মার্জ্জন করিলে এবং দেবগণকে স্নান করাইলে গোদান সদৃশ ফল হয়, এইরূপ কীর্ত্তিত আছে। ৮০। নারদপঞ্চরাত্রে লিখিত আছে যে, যিনি প্রভাতে গাত্রোত্থান করিয়া নিত্যক্রিয়া সমাধানে শ্রীকৃষ্ণের নির্ম্মাল্য অপসারণ করেন, তাঁহার দুঃখের সম্ভাবনা নাই. দারিদ্র্যের

অরুণোদয়বেলায়াং নির্ম্মাল্যং শল্যতাং ব্রজেৎ। প্রাতস্তু স্যান্মহাশল্যং ঘটিকামাত্রযোগতঃ॥
অতিশল্যং বিজানীয়াত্ততো বজ্রপ্রহারবৎ। অরুণোদয়বেলায়াং শল্যং তৎ ক্ষমতে হরিঃ॥
ঘটিকায়ামতিক্রান্তৌ ক্ষুদ্রং পাতকমাবহেৎ। মুহূর্ত্তে সমতিক্রান্তে পূর্ণং পাতকমুচ্যতে॥
অতিপাতকমেব স্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে। মুহূর্ত্তত্রিতয়ে পূর্ণে মহাপাতকমুচ্যতে॥
ততঃ পরং ব্রহ্মবধো মহাপাতকপঞ্চকং। প্রহরে পূর্ণতাং যাতে প্রায়শ্চিত্তং ততো ন হি॥
নির্ম্মাল্যস্য বিলম্বে তু প্রায়শ্চিত্তমথোচ্যতে। অতিক্রান্তে মুহূর্ত্তার্দ্ধে সহস্রং জপমাচরেৎ।
পূর্ণে মুহূর্ত্তে সংজাতে সহস্রং সার্দ্ধমুচ্যতে। সহস্রদ্বিতয়ং কুর্য্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে।
মুহূর্ত্তত্রিতয়েঽতীতে অযুতং জপমাচরেৎ। প্রহরে পূর্ণতাং যাতে পুরশ্চরণমুচ্যতে।
প্রহরে সমতিক্রান্তে প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥

অথ শ্রীমুখপ্রক্ষালনং।

শ্রীহস্তাঙ্ঘ্রিমুখাম্ভোজক্ষালনায় পতদ্গ্রহে। গণ্ডূষাণি জলৈর্দত্ত্বা দন্তকাষ্ঠং সমর্পয়েৎ॥
জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা পাদুকে শুদ্ধমৃত্তিকাং। সলিলঞ্চ পুনর্দত্ত্বাদ্বাসোঽপি মুখমার্জ্জনং॥
ততঃ শ্রীতুলসীং পুণ্যামর্পয়েৎ ভগবৎপ্রিয়াং। তন্মাহাত্ম্যঞ্চ তন্মুখ্যপ্রসঙ্গে লেখ্যমগ্রতঃ॥ ৮১॥

ভগবৎপ্রিয়ামিতি মুখপ্রক্ষালনাবসরেঽপ্যস্মিন্ তৎসমর্পণে তথা তুলসীব্যতিরিক্তনির্ম্মল্যোত্তারণে চ কারণং জ্ঞেয়ং॥ ৮১॥

আশঙ্কা নাই, অকালমৃত্যুর সম্ভাবনা নাই এবং রোগমাত্রেরও আশঙ্কা নাই। অরুণোদয়কালে নির্ম্মাল্য শল্যসদৃশ হইয়া থাকে, প্রভাতে মহাশল্যবৎ হয়, ঘটিকামাত্র অতীত হইলে অতিশল্য হয় এবং তৎপরে বজ্রপ্রহারবৎ হয় জানিবে। অরুণোদয়কালে নির্ম্মাল্য অপসারণ না করিলে যে শল্যতুল্য হয়, হরি তাহা ক্ষমা করিয়া থাকেন। ঘটিকাকাল গত হইলে নির্ম্মাল্য ক্ষুদ্রপাতকের সঞ্চার করিয়া দেয়; মুহূর্ত্তকাল অতীত হইলে পূর্ণপাপ বলিয়া অভিহিত হয়; চারিদণ্ড কাল গত হইলে অতিপাতক হইয়া থাকে; মুহূর্ত্তত্রয় সম্পূর্ণ হইলে মহাপাতক বলিয়া কথিত হয়; তৎপরে ব্রহ্মহত্যা ও পঞ্চ মহাপাপের সদৃশ হইয়া থাকে এবং প্রহরকাল সংপূর্ণ হইলে আর তাহার কোনরূপ প্রায়শ্চিত্ত নাই। যদি নির্ম্মাল্য উত্তারণে বিলম্ব হয়, তাহা হইলে তাহার (যথাযথ) প্রায়শ্চিত্ত বিবৃত হইতেছে। অর্দ্ধ মুহূর্ত্ত কাল (একদণ্ড) অতীত হইলে সহস্রসংখ্য জপ করিবে, মুহূর্ত্তকাল পরিপূর্ণ হইলে সার্দ্ধ সহস্র (দেড় হাজার) জপ কথিত হইয়াছে; চারিদণ্ড কাল গত হইলে দ্বিসহস্র জপ করিতে হয়; মুহূর্ত্তত্রয় গত হইলে অযুতসংখ্যা জপ করিবে; আর প্রহরকাল পরিপূর্ণ হইলে পুরশ্চরণ কথিত হইয়াছে, কিন্তু প্রহরকাল অতীত হইয়া গেলে তৎপরে আর প্রায়শ্চিত্ত নাই।

অনন্তর শ্রীকৃষ্ণের মুখপ্রক্ষালন।—শ্রীকর, শ্রীচরণ ও মুখকমল প্রক্ষালনার্থ পতদ্গ্রহের (পিকদানির) অভ্যন্তরে সলিল দ্বারা গণ্ডূষ দিয়া দন্তকাষ্ঠ অর্পণ করিবে। জিহ্বা-মার্জ্জনিকা, পাদুকা-যুগল ও পবিত্র মৃত্তিকা দিয়া পুনর্ব্বার জল ও মুখমার্জ্জনবস্ত্র প্রদান করিবে। তৎপরে

অথ দন্তকাষ্ঠাদ্যর্পণমাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

দন্তকাষ্ঠপ্রদানেন দন্তসৌভাগ্যমৃচ্ছতি। জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা বিরোগত্বভিজায়তে।
পাদুকায়াঃ প্রদানেন গতিমিষ্টামবাপ্নুয়াৎ। মৃদ্ভাগদানাদ্দেবস্য ভূমিমাপ্নোত্যনুত্তমাং॥

অথ মঙ্গলনীরাজনং।

পঠিত্বাথ প্রিয়ান্ শ্লোকান্ মহাবাদিত্রনিস্বনৈঃ। প্রভোর্নীরাজনং কুর্য্যান্মঙ্গলাখ্যং জগদ্ধিতং॥
নীরাজনন্ত্বিদং সর্ব্বৈঃ কর্ত্তব্যং শুচিবিগ্রহৈঃ। পরমশ্রদ্ধয়োত্থায় দ্রষ্টব্যঞ্চ সদা নরৈঃ॥
স্ত্রীণাং পুংসাঞ্চ সর্ব্বেষামেতৎ সর্ব্বেষ্টপূরকং। সমস্তদৈন্যদারিদ্র্যদুরিতাদ্যুপশান্তিকৃৎ॥ ৮২॥

অথ প্রাতঃস্নানার্থোদ্যমঃ।

ততোঽরুণোদয়স্যান্তে স্নানার্থং নিঃসরেদ্বহিঃ। কীর্ত্তয়ন্ কৃষ্ণনামানি তীর্থং গচ্ছেদনন্তরং॥

তথা চ শুক্রস্মৃতৌ।—

ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় শুচির্ভূত্বা সমাহিতঃ। স্বস্তিকাদ্যসনং বদ্ধা ধ্যাত্বা কৃষ্ণপদাম্বুজং।
ততো নির্গত্য নিলয়ান্নামানীমানি কীর্ত্তয়েৎ। শ্রীবাসুদেবানিরুদ্ধপ্রদ্যুম্নাধোক্ষজাচ্যুত।
শ্রীকৃষ্ণানন্ত গোবিন্দ সঙ্কর্ষণ নমোঽস্তু তে॥ গত্বা তীর্থাদিকং তত্র নিক্ষিপ্য স্নানসাধনং।
বিধিনাচর্য্য মৈত্রাদিকৃত্যং শৌচং বিধায় চ। আচম্য খানি সম্মার্জ্য স্নানং কুর্য্যাৎ যথোচিতং॥৮৩॥

শ্লোকান্ বর্হাপীড়ং ক্বচিদিতি বিনাশয়েত্যাদীন্। অমঙ্গলমিত্যাখ্যা যস্য তৎ॥ ৮২॥

বিধিনেতি সর্ব্বত্রান্বেতি। মৈত্রং পুরীষোৎসর্গস্তদাদিকং। খানি ইন্দ্রয়চ্ছিদ্রাণি। যথোচিতং বর্ণাশ্রমাদ্যনুরূপং। অত্র চ প্রায়ো গৃহস্থস্যৈব লেখ্যশ্রীভগবৎপূজাবিধিযোগ্যত্বাৎ তস্যৈবায়মাচারো জ্ঞেয়ঃ। অতএব শ্রীবিষ্ণুপুরাণাদ্যুক্তানি প্রায়ো গৃহিধর্ম্মবচনান্যেব লিখিতানীতি দিক্॥৮৩

ভগবৎপ্রিয়া, পবিত্ররূপিণী শ্রীতুলসী দিবে। অতঃপর মুখ্য প্রস্তাবে ইহার মহিমা বর্ণিত হইবে। ৮১।

অনন্তর দন্তকাষ্ঠাদ্যর্পণ-মাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, শ্রীকৃষ্ণকে দন্তকাষ্ঠ প্রদান করিলে দন্তসৌভাগ্য প্রাপ্ত হওয়া যায়, জিহ্বামার্জ্জনিকা প্রদান করিলে নীরোগ হইয়া থাকে, পাদুকা অর্পণ করিলে বাঞ্ছিত গতিপ্রাপ্তি এবং মৃত্তিকাভাগ প্রদান করিলে উত্তমা ভূমি লাভ হয়।

অতঃপর মঙ্গল আরত্রিক।—তৎপরে প্রিয়শ্লোকসমূহ পাঠ পূর্ব্বক মহাবাদিত্র সহকারে কৃষ্ণের জগদ্ধিতকর মঙ্গল নীরাজন করিবে। সকলে বিশুদ্ধশরীরে এই মঙ্গল নীরাজন করিবে। মনুষ্যমাত্রই গাত্রোত্থান পূর্ব্বক মহতী শ্রদ্ধা সহকারে নিরন্তর ইহা নেত্রগোচর করিবে। ইহা নর নারী সকলেরই অখিল বাঞ্ছিত পূর্ণ করে এবং নিখিল দুঃখ, দারিদ্র্য ও পাতক ধ্বংস করিয়া দেয়। ৮২।

অনন্তর প্রাতঃস্নানার্থ উদ্যম।—তদনন্তর অরুণোদয়কাল বিগত হইলে স্নানার্থ বহির্গত হইবে। তৎকালে কৃষ্ণনাম-সমূহ কীর্ত্তন করিতে করিতে তীর্থে (পবিত্র জলাশয়ে) গমন

অথ মৈত্রাদিকৃত্যবিধিঃ।

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসংবাদে গৃহিধর্ম্মকথনে।—

ততঃ কল্যে সমুত্থায় কুর্য্যান্মৈত্রং নরেশ্বর। নৈঋর্ত্যামিষুবিক্ষেপমতীত্যাভ্যধিকং গৃহাৎ ॥৮৪॥
দূরাদাবসথান্মূত্রং পুরীষঞ্চ সমুৎসৃজেৎ। পদাবসেচনোচ্ছিষ্টে প্রক্ষিপেন্ন গৃহাঙ্গনে ॥ ৮৫ ॥
আত্মচ্ছায়াং তরোশ্ছায়াং গোসূর্য্যাগ্ন্যনিলাংস্তথা। গুরুং দ্বিজাতীংশ্চ বুধো ন মেহেত কদাচন ॥
ন কৃষ্টে শস্যমধ্যে বা গোব্রজে জনসংসদি। ন বর্ত্মনি ন নদ্যাদিতীর্থেষু পুরুষর্ষভ।
নাপ্সু নৈবাম্ভসস্তীরে ন শ্মশানে সমাচরেৎ। উৎসর্গং বৈ পুরীষস্য মূত্রস্য চ বিসর্জ্জনং ॥
উদঙ্মুখো দিবোৎসর্গং বিপরীতমুখো নিশি। কুর্ব্বীতানাপদি প্রাজ্ঞো মূত্রোৎসর্গঞ্চ পার্থিব ॥
তৃণৈরাচ্ছাদ্য বসুধাং বস্ত্রপ্রাবৃতমস্তকঃ। তিষ্ঠেন্নাতিচিরং তত্র নৈব কিঞ্চিদুদীরয়েৎ ॥ ৮৬ ॥

তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াং।—

নিধায় দক্ষিণে কর্ণে ব্রহ্মসূত্রমুদঙ্মুখঃ। অন্তর্দ্ধাপ্য মহীং কাষ্ঠৈঃ পত্রৈর্লোষ্ট্রৈস্তৃণেন বা ॥

কল্যে উষসি গ্রামস্য নৈঋর্ত্যাং দিশি ॥৮৪॥ তদসম্ভবে স্বগৃহাদ্দূরে মূত্রাদ্যুৎসর্গং কুর্য্যাৎ ॥৮৫॥

করিবে। এই বিষয়ে শুক্রস্মৃতিতে লিখিত আছে যে, ব্রাহ্ম মুহূর্ত্তে গাত্রোত্থান করত পবিত্র ও স্থিরমনাঃ হইয়া স্বস্তিকাদি আসনে উপবেশন পূর্ব্বক কৃষ্ণের চরণকমল চিন্তা করিবে। তৎপরে গৃহ হইতে নিষ্ক্রান্ত হইয়া এই সমস্ত নামকীর্ত্তন করিবে। যথা—হে শ্রীবাসুদেব! হে অনিরুদ্ধ! হে প্রদ্যুম্ন! হে অধোক্ষজ! হে অচ্যুত! হে শ্রীকৃষ্ণ! হে অনন্ত! হে গোবিন্দ! হে সঙ্কর্ষণ! তোমাকে নমস্কার। এই প্রকার নাম কীর্ত্তন করিতে করিতে জলাশয়াদিতে গমন পূর্ব্বক তথায় স্নানোপযোগি দ্রব্য রাখিয়া যথাবিধানে পুরীষবিসর্জ্জনাদি কর্ম্ম, শৌচ, আচমন ও ইন্দ্রিয়চ্ছিদ্রসমূহ প্রক্ষালন করত যথোচিত (বর্ণাশ্রমাদির অনুরূপ) স্নান সম্পাদন করিবে। ৮৩।

অতঃপর মলত্যাগাদিবিধি।—বিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগরসংবাদে গৃহিকর্ম্মকথনে লিখিত আছে যে, হে নৃপতে! অতঃপর প্রভাতে গাত্রোত্থান পূর্ব্বক গৃহ হইতে শরক্ষেপের দূরত্ব লঙ্ঘন করত অধিক দূরে গমন করিয়া পুরীষ বিসর্জ্জন করিবে। ৮৪। যদি গ্রামের নৈঋর্তভাগে শরক্ষেপের দূরত্ব প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে অন্য যে দিকেই হউক, গৃহ হইতে দূরে গিয়া মূত্র পুরীষ বিসর্জ্জন করিবে। চরণক্ষালনজল ও উচ্ছিষ্ট দ্রব্য গৃহপ্রাঙ্গণে প্রক্ষেপ করিতে নাই। ৮৫। বিচক্ষণ ব্যক্তি নিজ ছায়াতে, তরুচ্ছায়াতে, গো-সম্মুখে, সূর্য্যাভিমুখে, অগ্নির অভিমুখে, বায়ুর অভিমুখে, এবং গুরু ও বিপ্রের অভিমুখে কদাচ মূত্র-পুরীষ বিসর্জ্জন করিবে না। হে নরশ্রেষ্ঠ! কৃষ্ট ভূমিতে, শস্যমধ্যে, গোষ্ঠে, জনসমাজে, পথিমধ্যে, নদী প্রভৃতি তীর্থে, সলিল মধ্যে, জলের ধারে ও শ্মশানে মূত্র-পুরীষ বিসর্জ্জন করিতে নাই। হে নৃপ! বিপৎপাত না হইলে সুধী ব্যক্তি দিবাভাগে উত্তরাস্য হইয়া এবং নিশাভাগে দক্ষিণাস্য হইয়া তৃণ দ্বারা ভূতল আচ্ছাদন ও বসন দ্বারা শিরোদেশ আবৃত করতঃ মূত্র-পুরীষ বিসর্জ্জন করিবে; পরন্তু সে স্থানে বহুক্ষণ অবস্থিতি করিবে না এবং মল-মূত্র ত্যাগকালে বাক্য-প্রয়োগও করিবে না। ৮৬। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে, দক্ষিণ কর্ণে যজ্ঞোপবীত

প্রাবৃত্য তু শিরঃ কুর্য্যাদ্বিণ্মূত্রস্য বিসর্জনং। ন চৈবাভিমুখঃ স্ত্রীণাং গুরুব্রাহ্মণয়োর্গবাং।
ন দেবদেবালয়য়োর্নাপামপি কদাচন ॥ ৮৭ ॥
নদীং জ্যোতীংষি বীক্ষিত্বা ন বায়্বগ্নিমুখোঽপি বা।
প্রত্যাদিত্যং প্রত্যনলং প্রতিসোমং তথৈব চ ॥

কাশীখণ্ডে শ্রীস্কন্দাগস্ত্যসংবাদে।—

ততশ্চাবশ্যকং কর্ত্তুং নৈঋর্তীং দিশমাশ্রয়েৎ। গ্রামাদ্ধনুঃশতং গচ্ছেন্নগরাচ্চ চতুর্গুণং ॥
কর্ণোপবীত্যুদঙ্বক্ত্রো দিবসে সন্ধ্যয়োরপি। বিণ্মূত্রে বিসৃজেন্মৌনী নিশায়াং দক্ষিণামুখঃ ॥
নালোকয়েদ্দিশো ভাগান্ জ্যোতিশ্চক্রং নভোঽমলং।
বামেন পাণিনা শিশ্নং ধৃত্বোত্তিষ্ঠেৎ প্রযত্নবান্ ॥

তত্রৈবাগ্রে।—

ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ন বল্মীকে ন ভস্মনি। ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ন ব্রজন্নপি।
যথাসুখমুখো রাত্রৌ দিবা চ্ছায়ান্ধকারয়োঃ। ভীতিষু প্রাণবাধায়াং কুর্য্যান্মলবিসর্জনং ॥ ৮৮ ॥

গবাদীন্ গুরুং দ্বিজাতীংশ্চ প্রতি তদভিমুখো ন মেহেদিত্যর্থঃ ॥ ৮৬ ॥ তথেতি গৃহিধর্ম্মকথন এবেত্যর্থঃ। শ্রীবিষ্ণুপুরাণতঃ কিঞ্চিদ্বিশেষমপেক্ষ্য শ্রীকূর্ম্মপুরাণকাশীখণ্ডবচনানি লিখতি নিধায়েত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বমূহ্যং ॥ ৮৭ ॥ বীক্ষিত্বেত্যার্ষং পশ্যন্নিত্যর্থঃ। প্রত্যাদিত্যমিতি তত্তদভিমুখঃ সন্ন কুর্য্যাদিতি পূর্ব্ববদর্থঃ ॥ ৮৮ ॥

স্থাপন করত উত্তরাস্য হইয়া কাষ্ঠ, পত্র, লোষ্ট্র ও তৃণ দ্বারা ভূতল এবং বস্ত্র দ্বারা শিরোদেশ আচ্ছাদন পূর্ব্বক মূত্র-পুরীষ বিসর্জ্জন করিবে। স্ত্রীজাতির, গুরুজনের, ব্রাহ্মণের, গোর, দেবতার, দেবায়তনের ও জলের অভিমুখ হইয়া মল-মূত্র কদাচ ত্যাগ করিবে না। ৮৭। নদীর দিকে দৃষ্টিপাত করিয়া, নক্ষত্রের দিকে নেত্রপাত করিয়া, বায়ুর প্রতিকূলে অবস্থিত হইয়া, অগ্নির দিকে মুখ করিয়া, এবং সূর্য্য ও চন্দ্রের সম্মুখীন হইয়া মূত্র পুরীষ বিসর্জ্জন করিবে না। কাশীখণ্ডেও অগস্ত্যসংবাদে লিখিত আছে, অতঃপর কর্ত্তব্য ক্রিয়া সম্পাদনার্থ নৈঋর্ত কোণে গমন করিবে। গ্রাম হইতে শত ধনু (চতুঃশত হস্ত) এবং নগর হইতে তদপেক্ষা চারিগুণ দূরে গমন করিবে। কর্ণে যজ্ঞোপবীত স্থাপন পূর্ব্বক দিবাভাগে ও সন্ধ্যাদ্বয়ে উত্তরাস্য হইয়া এবং নিশাকালে দক্ষিণাস্য হইয়া মৌনাবলম্বন করত মূত্র-পুরীষ বিসর্জ্জন করিবে। তৎকালে কোন দিকে নেত্রপাত করিবে না, নক্ষত্রপুঞ্জের ও আকাশের দিকেও দৃষ্টিপাত করিতে নাই। সযত্নে বাম কর দ্বারা শিশ্ন ধারণ পূর্ব্বক গাত্রোত্থান করিবে। ঐ স্থানের কিঞ্চিৎ অগ্রে লিখিত আছে যে, গোব্রজে (গোষ্ঠে), বল্মীকোপরি, ভস্মোপরি, এবং প্রাণিযুক্ত গর্ত্তে মল-মূত্র ত্যাগ করিবে না। দণ্ডায়মান অবস্থায় এবং গমন করিতে করিতেও মূত্র-পুরীষ ত্যাগ করিতে নাই। যদি প্রাণহানির ভয় উপস্থিত হয়, তাহা হইলে কি দিবা কি রাত্রি সকল সময়েই যেদিকে সুবিধা হয়, সেই দিকে অভিমুখ হইয়া ছায়াতে বা অন্ধকারেও মল বিসর্জ্জন করিতে পারে। ৮৮।

অথ শৌচবিধিঃ।

শ্রীবিষ্ণুপুরাণে তত্রৈব।—

বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জলাত্তথা। শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাল্লেপসম্ভবাং ॥ ৮৯ ॥
অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব। পরিত্যজন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে ॥
একা লিঙ্গে গুদে তিস্রো দশ বামকরে নৃপ। হস্তদ্বয়ে চ সপ্তান্যা মৃদঃ শৌচোপপাদিকাঃ ॥৯০॥

যমস্মৃতৌ।—তিস্রস্তু পাদয়োর্দ্দেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ।
কিঞ্চ।—তিস্রস্তু মৃত্তিকা দেয়াঃ কৃত্বা তু নখশোধনং ॥ ৯১ ॥

কাশীখণ্ডে চ তত্রৈব।—

গুহ্যে দদ্যান্মৃদং চৈকাং পায়ৌ পঞ্চাম্বুসান্তরাঃ। দশ বামকরে চাপি সপ্ত পাণিদ্বয়ে মৃদঃ।
একৈকাং পাদয়োর্দদ্যাৎ তিস্রঃ পাণ্যোর্মৃদঃ স্মৃতাঃ। ইত্থং শৌচং গৃহী কুর্য্যাদ্‌গন্ধলেপক্ষয়াবধি।
ক্রমাদ্দ্বিগুণমেতত্তু ব্রহ্মচর্য্যাদিষু ত্রিষু। দিবাবিহিতশৌচাচ্চ রাত্রাবর্দ্ধং সমাচরেৎ।
রুজার্দ্ধঞ্চ তদর্দ্ধঞ্চ পথি চৌরাদিপীড়িতে। তদর্দ্ধং যোষিতাঞ্চাপি স্বাস্থ্যে ন্যূনং ন কারয়েৎ ॥
আর্দ্রধাত্রীফলোন্মানা মৃদঃ শৌচে প্রকীর্ত্তিতাঃ ॥ ৯২ ॥

লেপসম্ভবাং ভিত্তিগতাং ॥ ৮৯ ॥ অন্তর্মধ্যে প্রাণিভিঃ কীটৈঃ অবপন্নাম্ উপহতাং। পাঠান্তরে অণুভিঃ সূক্ষ্মৈঃ প্রাণিভিরবপন্নাং ॥ ৯০ ॥ এবং মতভেদঃ সপাদুকনিষ্পাদুকাদি-ভেদেন কল্প্যঃ। পাদয়োরিতি প্রত্যেকং তিস্র ইতি জ্ঞেয়ং। দেয়া হস্তয়োরিতি শেষঃ ॥ ৯১ ॥

অনন্তর শৌচবিধি।—বিষ্ণুপুরাণের ঐ স্থানেই লিখিত আছে যে, হে নৃপতে! বল্মীক-মৃত্তিকা, মূষিকোদ্ধৃত মৃত্তিকা, সলিলমধ্যস্থ মৃত্তিকা, শৌচাবশিষ্ট মৃত্তিকা এবং গৃহভিত্তিস্থ মৃত্তিকা শৌচকর্ম্মে গ্রহণ করিতে নাই। ৮৯। মধ্যে ক্ষুদ্রপ্রাণী অর্থাৎ কীটগণ কর্ত্তৃক উপহত ও লাঙ্গলোদ্ধৃত মৃত্তিকা শৌচক্রিয়ায় বর্জ্জনীয়। হে নৃপতে! শৌচসাধন-মৃত্তিকা শিশ্নে একবার, গুহ্যে বারত্রয়, বামকরে দশবার এবং দুই করে সপ্তবার মর্দ্দন করিতে হয়।৯০। যমস্মৃতিতে লিখিত আছে যে, যিনি শুদ্ধি অভিলাষ করেন, তিনি প্রত্যহ দুই চরণে তিন তিনবার মৃত্তিকা দিবেন। আরও লিখিত আছে যে, নখশোধন করিয়া তিনবার মৃত্তিকা দিতে হয়। ৯১। কাশীখণ্ডেরও পূর্ব্বোক্ত স্থানে লিখিত আছে যে, শিশ্নে একবার, মলদ্বারে পঞ্চবার, বামকরে দশবার, দুই হাতে সপ্তবার, দুই চরণে একবার এবং পুনর্ব্বার দুই করে বারত্রয় জলযুক্ত মৃত্তিকা দিবার বিধি নির্দ্দিষ্ট আছে। যাবৎ গন্ধলেপ বিদূরিত না হয়, তাবৎপর্য্যন্ত গৃহী ব্যক্তি এই শৌচ করিবেন। ব্রহ্মচর্য্যাদি আশ্রমত্রয়ে এই শৌচ যথাক্রমে দ্বিগুণ অর্থাৎ ব্রহ্মচারী গৃহী অপেক্ষা দ্বিগুণ, বানপ্রস্থ ত্রিগুণ এবং ভিক্ষু চারিগুণ শৌচাচরণ করিবেন। দিবাতে যে শৌচের বিধি নির্দ্দিষ্ট আছে, নিশাকালে তাহার অর্দ্ধ আচরণ করিতে পারে। রুগ্ন অবস্থাতেও অর্দ্ধ অবস্থা। চৌর প্রভৃতি দ্বারা আক্রান্ত পথে তদর্দ্ধ। নারীজাতির পক্ষে তাহার অর্দ্ধ ব্যবস্থেয়। দেহের স্বাস্থ্য বিদ্যমানে শৌচের ন্যূনতা করিতে নাই। এক একবারে আর্দ্র আমলকীফলপ্রমাণ মৃত্তিকা শৌচকর্ম্মে নির্দ্দিষ্ট

শঙ্খস্মৃতৌ।—মৃত্তিকা তু সমুদ্দিষ্টা ত্রিপর্ব্বী পূর্য্যতে যয়া॥ ৯৩॥

দক্ষস্মৃতৌ।—

অর্দ্ধপ্রসৃতিমাত্রা তু প্রথমা মৃত্তিকা স্মৃতা। দ্বিতীয়া চ তৃতীয়া চ তদর্দ্ধং পরিকীর্ত্তিতা॥ ৯৪॥

অথ কেবলমূত্রসর্গে দক্ষঃ।

একা লিঙ্গে তু সব্যে ত্রিরুভয়োর্মৃদ্দ্বয়ং স্মৃতং॥

ব্রাহ্মে।—

পাদয়োর্দ্বে গৃহীত্বা চ সুপ্রক্ষালিতপাণিনা। আচম্য তু ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনং॥ ৯৫॥

অথ আচমনবিধিঃ।

বিষ্ণুপুরাণে তত্রৈব।—

অচ্ছেনাগন্ধফেনেন জলেনাবুদ্বুদেন চ। আচামেত মৃদং ভূয়স্তথাদদ্যাৎ সমাহিতঃ।

নিষ্পাদিতাঙ্ঘ্রিশৌচস্তু পাদাবভ্যুক্ষ্য বৈ পুনঃ।

ত্রিঃ পিবেৎ সলিলং তেন তথা দ্বিঃ পরিমার্জ্জয়েৎ॥ ৯৬॥

শীর্ষণ্যানি ততঃ খানি মূর্দ্ধানঞ্চ মৃদালভেৎ। বাহূ নাভিঞ্চ তোয়েন হৃদয়ঞ্চাপি সংস্পৃশেৎ॥

অম্লসান্তরাঃ মধ্যে মধ্যে জলসহিতাঃ॥ ৯২॥ ত্রিপর্ব্বী মধ্যবর্ত্ত্যঙ্গুলিত্রয়স্যাদিপর্ব্বত্রয়ং। এষা চ গুদব্যতিরিক্তে জ্ঞেয়া॥ ৯৩॥

অতএব লিখতি অর্দ্ধেতি। প্রথমা গুদে দেয়ানামাদ্যা॥ ৯৪॥ সব্যে হস্তে উভয়োর্হস্তয়োঃ॥

আচামেতেত্যাচমনং প্রস্তুত্য তস্য পূর্ব্বাঙ্গমাহ মৃদমিতি। অন্যাং মৃদমাদদ্যাৎ। তথা চ নিষ্পাদিতমঙ্ঘ্রিশৌচং যেন সঃ। যদ্বা ভূয়োঽন্যাং মৃদং দদ্যাৎ পাদয়োরিতি শেষঃ, ততশ্চাচামেতেত্যর্থঃ। তেন পাদাভ্যুক্ষণ-ত্রিঃস্নানশেষসলিলেন দ্বিঃ পরিমার্জ্জয়েন্মুখমিতি শেষঃ॥ ৯৫-৯৬॥

হইয়াছে। ৯২। শঙ্খস্মৃতিতেও লিখিত আছে যে, যাহাতে ত্রিপর্ব্বী পূর্ণ হয় অর্থাৎ মধ্যস্থিত অঙ্গুলী তিনটীর প্রথম গ্রন্থি পূর্ণ হয়, তাবৎপরিমিত মৃত্তিকার ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে। ৯৩। দক্ষস্মৃতিতে লিখিত আছে যে, প্রথমবারের মৃত্তিকা অর্দ্ধ-প্রসৃতি-পরিমিত (অর্দ্ধাঞ্জলির অর্দ্ধ-প্রমাণ) দ্বিতীয়বারের ও তৃতীয়বারের তদর্দ্ধ ব্যবস্থা নির্দ্দিষ্ট আছে। ৯৪।

কেবলমাত্র মূত্রত্যাগবিষয়ে দক্ষের উক্তি যথা,—শিশ্নে একবার, বাম করে তিনবার এবং দুই হাতে দুইবার মৃত্তিকা দিবার ব্যবস্থা কীর্ত্তিত আছে। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, পদদ্বয়ে দুইবার মৃত্তিকা দিয়া উৎকৃষ্টরূপে ধৌত কর দ্বারা আচমন পূর্ব্বক সনাতন হরিকে স্মরণ করত পবিত্র হইবে। ৯৫।

অনন্তর আচমনবিধি।—বিষ্ণুপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে যে, স্বচ্ছ, গন্ধহীন, ফেনরহিত, বুদ্বুদশূন্য জল দ্বারা আচমন করিতে হয়। পুনরায় সতর্ক হইয়া চরণে মৃত্তিকা দিবে। পাদশৌচ সমাধান্তে পুনরায় পদদ্বয় প্রক্ষালন পূর্ব্বক বারত্রয় জলপান অর্থাৎ আচমন করিবে এবং ঐ সলিল দ্বারাই বারদ্বয় মুখ ধৌত করিবে। ৯৬। তৎপরে শীর্ষণ্যছিদ্র (নেত্র নাসা ইত্যাদিতে) এবং শিরোদেশে মৃত্তিকা স্পর্শ করাইয়া বাহুতে, নাভিদেশে ও হৃদয়প্রদেশে

অত্র চ বিশেষো দক্ষেণোক্তঃ।—

প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতং। সংবৃত্তাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখং। সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ। অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরং। অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু চক্ষুঃশ্রোত্রে পুনঃ পুনঃ। কনিষ্ঠাঙ্গুষ্ঠয়োর্নাভিং হৃদয়ন্তু তলেন বৈ। সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহূ চাগ্রেণ সংস্পৃশেৎ॥

তথা কাশীখণ্ডে তত্রৈব।—

প্রাগাস্য উদগাস্যো বা সুপবিষ্টঃ শুচৌ ভুবি। উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ। অনুষ্ণাভিরফেনাভিরদ্ভির্হৃদ্গাভিরত্বরঃ। ব্রাহ্মণো ব্রহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ। কণ্ঠগাভির্নৃপঃ শুধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ। স্ত্রীশূদ্রাবাস্যসংস্পর্শমাত্রেণাপি বিশুধ্যতঃ॥ ৯৭॥

যাজ্ঞবল্ক্যস্মৃতৌ।—

পাদক্ষালনশেষেণ নাচামেৎ বারিণা দ্বিজঃ।
যদ্যাচামেৎ স্রাবয়িত্বা ভূমৌ বৌধায়নোঽব্রবীৎ॥ ৯৮॥

ভরদ্বাজস্মৃতৌ।—

পাণিনা দক্ষিণেনৈব সংহতাঙ্গুলিনাচমেৎ। মুক্তাঙ্গুষ্ঠকনিষ্ঠেন নখস্পৃষ্টা অপস্ত্যজেৎ॥

কৌর্ম্মে চ ব্যাসগীতায়াং।—

ভুক্তা পীত্বা চ সুপ্ত্বা চ স্নাত্বা রথ্যোপসর্পণে। ওষ্ঠৌ বিলোমকৌ স্পৃষ্ট্বা বাসো বিপরিধায় চ।

আলভেৎ স্পৃশেৎ। অসঞ্জপন্নিতি পাঠে মৌনী ভূত্বেত্যর্থঃ॥ ৯৭॥ ভূমৌ স্রাবয়িত্বা কিঞ্চিদ্বারি

বারি স্পর্শ করাইবে। এই বিষয়ে দক্ষ বিশেষরূপে বলিয়াছেন যে, করদ্বয় ও চরণযুগল ধৌত করত দৃষ্টি দ্বারা দর্শন পূর্ব্বক বারত্রয় জলপান অর্থাৎ আচমন করিয়া ঈষৎ কুঞ্চিত অঙ্গুষ্ঠমূলযোগে বারদ্বয় মুখমার্জ্জনা করিবে। প্রথমে অঙ্গুলীত্রয় একত্রিত করত বদনমণ্ডল স্পর্শ করিবে, পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসিকা স্পর্শ পূর্ব্বক অঙ্গুষ্ঠ ও অনামাযোগে পুনঃ পুনঃ নেত্রদ্বয় ও শ্রবণদ্বয় স্পর্শ করিবে। তদনন্তর কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠযোগে নাভিদেশ, করতল দ্বারা হৃদয়দেশ, সর্ব্বাঙ্গুলী দ্বারা শিরঃপ্রদেশ এবং সর্ব্বাঙ্গুলীর অগ্রদেশ দ্বারা বাহুযুগল স্পর্শ করিবে। কাশীখণ্ডের পূর্ব্বোক্ত স্থানেও এইরূপ লিখিত আছে যে, পূর্ব্বাস্য ও উত্তরাস্য হইয়া তুষ, অঙ্গার, অস্থি ও ভস্মশূন্য বিশুদ্ধ স্থলে উৎকৃষ্টরূপে সমাসীন হইয়া, চঞ্চলতা বিসর্জ্জন করত শীতল, ফেনশূন্য, দুর্গন্ধহীন, সুস্বাদু সলিল দ্বারা আচমন করিবে। ব্রাহ্মণ ব্রহ্মতীর্থযোগে দৃষ্টিপূত বারি দ্বারা আচমন করিবে। ক্ষত্রিয় কণ্ঠগামী সলিল দ্বারা, বৈশ্য তালুগত বারি দ্বারা এবং নারীজাতি ও শূদ্র সলিলে মুখ স্পর্শমাত্র বিশুদ্ধ হইবেন। ৯৭। যাজ্ঞবল্ক্য-স্মৃতিতে লিখিত আছে যে, বিপ্রজাতি পাদধৌতাবিশিষ্ট বারি দ্বারা আচমন করিবেন না। উহা দ্বারা আচমন করিলে ভূতলে কিঞ্চিৎ জল ফেলিয়া আচমন করিবেন; বৌধায়ন এইরূপ কীর্ত্তন করিয়াছেন।৯৮। ভরদ্বাজস্মৃতিতে লিখিত আছে যে, অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা ব্যতীত অঙ্গুলীত্রয় একত্র করত দক্ষিণকর দ্বারা আচমন করিতে হয়। নখস্পৃষ্ট জল

রেতোমূত্রপুরীষাণামুৎসর্গেঽনৃতভাষণে। শ্রীবিদ্যাধ্যয়নারম্ভে কাসশ্বাসাগমে তথা।
চত্বরং বা শ্মশানং বা সমভ্যস্য দ্বিজোত্তমঃ। সন্ধ্যয়োরুভয়োস্তদ্বদাচান্তোঽপ্যাচমেৎ পুনঃ॥ ৯৯॥

কিঞ্চ।—

শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোঽপি বা।
অকৃত্বা পাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচির্ভবেৎ॥১০০॥

সোপানৎকো জলস্থো বা নোষ্ণীষী চাচমেদ্বুধঃ। ন চৈব বর্ষধারাভির্হস্তোচ্ছিষ্টে তথা বুধঃ।
নৈকহস্তার্পিতজলৈর্বিনা সূত্রেণ বা পুনঃ। ন পাদুকাসনস্থো বা বহির্জানুরথাপি বা॥ ১০১॥

অথ বৈষ্ণবাচমনং।

ত্রিঃ পানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ।
প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যোর্গোবিন্দং বিষ্ণুমপ্যভৌ॥ ১০২॥
মধুসূদনমেকঞ্চ মার্জনেঽন্যং ত্রিবিক্রমং॥ ১০৩॥

প্রক্ষিপ্য॥ ৯৮॥ সমভ্যস্য পরিভ্রমণেন সম্যক্ স্পৃষ্ট্বা ইত্যর্থঃ॥ ৯৯॥ পাদয়োঃ শৌচমকৃত্বেতি ভোজনপানশয়নাদৌ পাদয়োরশুদ্ধ্যভাবেঽপ্যাচমনসাঙ্গতার্থং শৌচমুক্তং॥ ১০০॥ হস্তে উচ্ছিষ্টে সতি সন্ধিরার্ষঃ। ১০১॥

তত্র লিখিতাচমনবিধৌ শ্রীভগবন্নামজপেন কঞ্চিদ্বিশেষং তান্ত্রিকসম্মতং লিখতি ত্রিঃ পান ইত্যাদি ষড়্ভিঃ। ত্রিঃ পানাদৌ কেশবাদিকং কৃষ্ণান্তং চতুর্বিংশতিসংখ্যং শ্রীভগবন্নাম নমোঽন্তং চতুর্থ্যন্তঞ্চ কেশবায় নমঃ ইত্যাদি প্রয়োগেণ ক্রমাজ্জপন্ সন্ যথাবিধি আচমনং কুর্য্যাদিতি সর্ব্বেরন্বয়ঃ। ত্রিঃপাদে বারত্রয়জলাচমনে কেশবাদিত্রয়ং॥১০২॥ মধুসূদনমেকমন্যঞ্চ ত্রিবিক্রমমিত্যুভা-

---

আচমনে ত্যাগ করিবে। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, ভোজনান্তে, পানীয় পানান্তে, নিদ্রোত্থিত হইয়া, স্নানান্তে, পথপর্য্যটনসময়ে, লোমশূন্য ওষ্ঠযুগল স্পর্শ করিয়া, বসন পরিধানান্তে, মলমূত্র ও শুক্র বিসর্জ্জনান্তে, মিথ্যা বাক্য প্রয়োগ করিয়া, নিষ্ঠীবন ত্যাগ করিয়া, ধ্যানারম্ভে, শ্বাসসমাগমে, চত্বরে বা শ্মশানে পর্য্যটন করিয়া এবং সন্ধ্যাদ্বয়ে বিপ্রশ্রেষ্ঠ আচান্ত হইলেও পূর্ব্ববৎ আচমন করিবেন। ৯৯। আরও লিখিত আছে যে, শিরঃপ্রদেশ ও কণ্ঠ আচ্ছাদন্ করত অথবা কচ্ছ ও শিখা মুক্ত করিয়া কিংবা চরণযুগলে মৃত্তিকাশৌচ না করিয়া আচমন করিলেও অপবিত্র হইতে হয়। ১০০। বিচক্ষণ ব্যক্তি চরণে চর্ম্মপাদুকা ধারণ পূর্ব্বক, সলিলমধ্যে অবস্থান করত শিরোদেশে উষ্ণীষ বন্ধন করিয়া আচমন করিবেন না। ঐ প্রকার বিদ্বান্ ব্যক্তি বৃষ্টির ধারাজলেও আচমন করিবেন না। উচ্ছিষ্ট করে বা একহস্তে দত্ত সলিল দ্বারা অথবা যজ্ঞোপবীতশূন্য হইয়া আচমন করিতে নাই। পাদুকার উপরিভাগে সমাসীন হইয়া অথবা জানু বহির্দ্দেশে রাখিয়া আচমন করিবে না। ১০১।

অনন্তর বৈষ্ণবাচমন।—যথাবিধানে বারত্রয় আচমনসময়ে কেশব নারায়ণ ও মাধবকে; দুইবার কর-প্রক্ষালনকালে গোবিন্দ ও বিষ্ণুকে; মার্জ্জনসময়ে মধুসূদন ও ত্রিবিক্রমকে; অধর ও ওষ্ঠ মার্জ্জনকালে বামন ও শ্রীধরকে; পুনরায় করদ্বয় ধৌতকালে হৃষীকেশকে; চরণযুগল

উন্মার্জনেঽপ্যধরয়োর্বামনশ্রীধরাবুভৌ ॥ ১০৪ ॥
প্রক্ষালনে পুনঃ পাণ্যোর্হৃষীকেশঞ্চ পাদয়োঃ।
পদ্মনাভং প্রোক্ষণে তু মূর্দ্ধ্নো দামোদরং ততঃ ॥ ১০৫ ॥
বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ। নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমং।
অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতং ॥ ১০৬ ॥
জনার্দ্দনঞ্চ হৃদয়ে উপেন্দ্রং মস্তকে ততঃ। দক্ষিণে তু হরিং বাহৌ বামে কৃষ্ণং যথাবিধি।
নমোঽন্তঞ্চ চতুর্থ্যন্তমাচামেৎ ক্রমতো জপন্ ॥ ১০৭ ॥
অশক্তঃ কেবলং দক্ষং স্পৃশেৎ কর্ণং তথা চ বাক্। কুর্ব্বীতালভনং বাপি দক্ষিণশ্রবণস্য বৈ ॥১০৮॥

বিত্যর্থঃ ॥ ১০৩ ॥ অপিশব্দাদধরয়োর্মার্জ্জন ইতি জ্ঞেয়ং। উভাবিতি পুংস্ত্বং সংজ্ঞাসংজ্ঞিনো-রভেদবিবক্ষয়া ॥ ১০৪ ॥ পাণ্যোর্দ্বয়োঃ প্রক্ষালনে হৃষীকেশমেকমেব। পাদয়োশ্চ প্রক্ষালনে পদ্মনাভমেকং। ততস্তদনন্তরং মূর্দ্ধ্নঃ প্রোক্ষণে দামোদরমেকং ॥১০৫॥ নাসয়োস্তু দ্বয়োঃ সঙ্কর্ষণং প্রদ্যুম্নঞ্চেতি দ্বৌ। নাভিতঃ নাভৌ ॥১০৬॥ যথাবিধীতি পূর্ব্বলিখিতাচমনবিধ্যনুসারেণ। ত্রিঃপান-প্রকারঃ মার্জ্জনাদাবঙ্গুলিনিয়মশ্চ তথা ওষ্ঠমার্জনমূর্দ্ধোষ্ঠক্রমেণ নাসাদিস্পর্শশ্চ দক্ষিণক্রমেণে-ত্যাদিপ্রকারশ্চ সদাচারতো জ্ঞেয় ইত্যর্থঃ। তথা চাগমতঃ শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং।—কেশবাদ্যৈ-স্ত্রিভিঃ পীত্বা দ্বাভ্যাং প্রক্ষালয়েৎ করৌ। দ্বাভ্যামোষ্ঠৌচ সংমার্জ্য দ্বাভ্যামুন্মার্জনং তথা। একেন হস্তৌ প্রক্ষাল্য পাদাবপি তথৈকতঃ। সংপ্রোক্ষ্যৈকেন মূর্দ্ধানং ততঃ সঙ্কর্ষণাদিভিঃ। আস্য-নাসাক্ষিকর্ণাংশ্চ নাভ্যুরঃস্কন্ধকান্ স্পৃশেৎ। এবমাচমনং কৃত্বা সাক্ষান্নারায়ণো ভবেৎ। কেশব নারায়ণ মাধব গোবিন্দ বিষ্ণু মধুসূদন ত্রিবিক্রম বামন শ্রীধর হৃষীকেশ পদ্মনাভ দামোদর বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ পুরুষোত্তম অধোক্ষজ নৃসিংহ অচ্যুত জনার্দ্দন উপেন্দ্র হরি কৃষ্ণ ভগবন্নাম-ভিরেভিশ্চতুর্থ্যন্তৈর্নমোঽন্তৈরিত্যাদি ॥ ১০৭ ॥ ইন্দ্রিয়চ্ছিদ্রাদিমার্জ্জনে চ অশক্ত্যাদ্যপেক্ষয়া স্বত্যুক্তং পক্ষান্তরং লিখতি অশক্ত ইতি। রোগাদিনা অসমর্থশ্চেৎ তর্হি কেবলং দক্ষং নিজদক্ষিণ-কর্ণং স্পৃশেৎ। ননু তত্র কিং প্রমাণং তত্র লিখতি তথা চ বাগিতি। যতস্তথৈব বচনমস্তীত্যর্থঃ। তামেব মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালসোক্তাং লিখতি কুর্ব্বীতেতি। আলভনং স্পর্শনং। বৈ প্রসিদ্ধৌ তচ্চ স্মৃতিপুরাণাদিবৎ সুপ্রসিদ্ধমেবেত্যর্থঃ। কেচিচ্চ ত্রির্জলাচমনাশক্তাবপি পক্ষমেতং মন্যন্তে। তত্র চ জলাদ্যসম্ভবেঽপি। এতচ্চ কেবলমিত্যনেনাপি সূচিতং। তচ্চ তত্রৈবোক্তং। যথা বিভ-

---

প্রক্ষালনসময়ে পদ্মনাভকে; শিরঃপ্রদেশ প্রক্ষালনকালে দামোদরকে; মুখ ধৌতকালে বাসু-দেবকে; নাসাযুগল প্রক্ষালনসময়ে সঙ্কর্ষণ ও প্রদ্যুম্নকে; নেত্রদ্বয়ে অনিরুদ্ধ ও পুরুষোত্তমকে; শ্রবণযুগলে অধোক্ষজ ও নৃসিংহকে; নাভিদেশে অচ্যুতকে; হৃদয়দেশে জনার্দ্দনকে; মস্তক-দেশে উপেন্দ্রকে; দক্ষিণ বাহুতে হরিকে এবং বাম বাহুতে শ্রীকৃষ্ণকে যথাক্রমে চতুর্থীবিভক্তি-সংযুক্ত ও নমঃশব্দান্ত করিয়া জপ করত আচমন করিবে। ১০২-১০৭। রোগাদি দ্বারা অক্ষম

অথ দন্তধাবনবিধিঃ।

তত্র কাত্যায়নঃ।—

উত্থায় নেত্রং প্রক্ষাল্য শুচির্ভূত্বা সমাহিতঃ। পরিজপ্য চ মন্ত্রেণ ভক্ষয়েদ্দন্তধাবনং॥

মন্ত্রশ্চায়ং।—

আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বং নো ধেহি বনস্পতে॥

অস্য নিত্যতা।

কাশীখণ্ডে।—

অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্লীয়াদ্দন্তধাবনং। আচান্তোঽপ্যশুচির্যস্মাদকৃত্বা দন্তধাবনং॥

বারাহে চ।—

দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি। সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি॥

অথ দন্তকাষ্ঠনিষিদ্ধদিনানি।

মনুঃ।—চতুর্দ্দশ্যষ্টমীদর্শপৌর্ণমাস্যর্কসংক্রমঃ। এষু স্ত্রীতৈলমাংসানি দন্তকাষ্ঠানি বর্জয়েৎ॥

বতো হ্যেতৎ পূর্ব্বাভাবে ততঃ পরমিতি। অস্যার্থঃ। বিভবঃ সামর্থ্যাদিঃ পূর্ব্বোক্তত্রিরাচমনাসম্ভবে ততোঽনন্তরমুক্তং দক্ষিণকর্ণালম্ভনাদিকং কার্য্যং নান্যদিত্যর্থঃ॥ ১০৮॥

শ্রীভগবৎপূজানিরতাঃ শয়নাদুত্থায়ৈব দন্তধাবনমাচরেয়ুরিতি পূর্ব্বং লিখিতম্, অধুনা শৌচবর্গবিধিপ্রসঙ্গে তদ্বিধির্লিখ্যতে উত্থায়েত্যাদিনা। প্রক্ষাল্য মার্জনাদিনা নেত্রে উন্মীল্য। এবঞ্চ প্রাতঃকৃত্যমেবেদং ব্যক্তং। তথা চ ব্যাসঃ। শুদ্ধ্যর্থং প্রাতরুত্থায় ভক্ষয়েদ্দন্তধাবনমিতি। অশক্তৌ চ স্নানকালেঽপি দন্তধাবনং ন দোষাবহং বিরক্তানাং সতাং কেষাঞ্চিৎ তাদৃশাচারদর্শনাৎ। অতএব কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং।—প্রক্ষাল্য দন্তকাষ্ঠং বৈ ভক্ষয়িত্বা বিধানতঃ। আচম্য প্রয়তো নিত্যং স্নানং প্রাতঃ সমাচরেদিতি প্রাতঃস্নানকাল এবোক্তং। মার্কণ্ডেয়পুরাণে চ।—কেশপ্রসাধনাদর্শদর্শনং দন্তধাবনং। পূর্ব্বাহ্ণ এব কার্য্যাণি ইতি পূর্ব্বাহ্ণমাত্রকৃত্যমিত্যুক্তং।

হইলে কেবলমাত্র কর্ণ স্পর্শ করিতে হয়। এই বিষয়ে বচন আছে যে, কিংবা অক্ষম ব্যক্তি কেবলমাত্র দক্ষিণ শ্রবণ স্পর্শ করিবে। ১০৮।

অনন্তর দন্তধাবনবিধি।—এ বিষয়ে কাত্যায়ন কহিয়াছেন যে, নিদ্রা হইতে গাত্রোত্থান করত চক্ষুর্দ্বয় ধৌত করিয়া পবিত্র ও অচঞ্চলচিত্তে মন্ত্রজপান্তে দশন ধাবন করিবে। মন্ত্র যথা—হে বনস্পতে! তুমি আমাদিগকে পরমায়ুঃ, বল, যশঃ, বর্চ্চস্ (তেজঃ), প্রজা (সন্তান), পশু, প্রাণ, ব্রহ্ম (বেদবিষয়ক জ্ঞান), প্রজ্ঞা (বুদ্ধি) ও মেধা (স্মৃতিশক্তি) সমর্পণ কর।

দশনধাবনের নিত্যতা।—কাশীখণ্ডে লিখিত আছে, অতঃপর মুখশোধনার্থ দশনকাষ্ঠ আহরণ করিবে; কেন না, দশন ধাবন না করিয়া আচমন করিলেও অপবিত্র থাকে। বরাহপুরাণেও লিখিত আছে যে, ভগবান্ বরাহদেব ধরণীদেবীকে বলিয়াছিলেন, যে ব্যক্তি দন্তকাষ্ঠ ভক্ষণ না করিয়া আমাকে আরাধনা করে, তাহার সেই একটী কার্য্য দ্বারাই তদীয় সর্ব্বকালকৃত কর্ম্ম ধ্বংস প্রাপ্ত হইয়া যায়।

সংবর্ত্তকঃ।—

আদ্যে তিথৌ নবম্যাঞ্চ ক্ষয়ে চন্দ্রমসস্তথা। আদিত্যবারে সৌরে চ বর্জয়েদ্দন্তধাবনং॥ ১০৯॥

কাত্যায়নঃ।—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাঞ্চ বিশেষতঃ। দন্তানাং কাষ্ঠসংযোগো দহত্যাসপ্তমং কুলং॥ ১১০॥

বৃদ্ধবশিষ্ঠঃ।—

উপবাসে তথা শ্রাদ্ধে ন খাদেদ্দন্তধাবনং। দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি সপ্তকুলানি বৈ॥

অন্যত্র চ।—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যেকাদশীরবৌ। দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি পুণ্যং পুরাকৃতং॥ ১১১॥

অথ তত্র প্রতিনিধিঃ।

দিনেষ্বেতেষু কাষ্ঠৈর্হি দন্তানাং ধাবনস্য তু। নিষিদ্ধত্বাত্তৃণৈঃ কুর্য্যাত্তথা কাষ্ঠেতরৈশ্চ তৎ॥ ১১২॥

তথা চ ব্যাসঃ।—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাং দন্তধাবনং। পর্ণৈরন্যত্র কাষ্ঠৈশ্চ জিহ্বোল্লেখঃ সদৈব হি॥

যচ্চোক্তং।—যো মোহাৎ স্নানবেলায়াং ভক্ষয়েদ্দন্তধাবনং। নিরাশাস্তস্য গচ্ছন্তি দেবতাঃ পিতরস্তথেতি। তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ং জ্ঞেয়ং॥ ১০৯॥ বিশেষত ইত্যনেন ক্বচিচ্চতুর্দ্দশ্যাদৌ ক্বচিচ্চ ব্যতীপাতজন্মদিনাদৌ কৃতদন্তকাষ্ঠনিষেধাপেক্ষয়া প্রতিপদাদিষু তন্নিষেধাধিক্যং বোধ্যতে; অতএব দহতীত্যাদিনা তত্র দোষোঽপি মহান্ দর্শিত ইতি দিক্॥ ১১০॥ নবম্যামেকাদশ্যাং রবিবারে চেত্যর্থঃ॥ ১১১॥

এতেষু প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু কাষ্ঠৈঃ কৃত্বা দন্তানাং ধাবনস্য নিষিদ্ধত্বাৎ নিষেধনাৎ তত্তদ্দন্তধাবনং তৃণৈঃ কাষ্ঠাদিতরৈরন্যৈশ্চ ত্বগাদিভিঃ কুর্য্যাৎ। যদ্বা কাষ্ঠেতরৈরিতি হেতৌ বিশেষণং। ততশ্চ কাষ্ঠৈরেব নিষেধনাৎ তৃণাদীনাঞ্চ কাষ্ঠেতরত্বাৎ তৈর্দন্তধাবনমদুষ্টমিত্যর্থঃ॥ ১১২॥

অনন্তর দণ্ডকাষ্ঠ চর্ব্বণের নিষিদ্ধ দিন।—মনু বলিয়াছেন, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং সূর্য্যসংক্রম এই সমস্ত দিবসে স্ত্রীসম্ভোগ, তৈলাভ্যঙ্গ, মাংসভক্ষণ ও দন্তকাষ্ঠ চর্ব্বণ বর্জ্জনীয়। সংবর্ত্তক কহিয়াছেন যে, প্রতিপৎ, নবমী, অমাবস্যা, রবিবার ও শনিবার এই সকল দিনে দন্ত ধাবন নিষিদ্ধ। ১০৯। কাত্যায়ন বলিয়াছেন, প্রতিপৎ, অমাবস্যা ও ষষ্ঠী এই সকল দিনে, বিশেষতঃ নবমী তিথিতে দন্তসমূহে কাষ্ঠসংযোগ সপ্তপুরুষ পর্য্যন্ত বংশ ভস্মীভূত করিয়া দেয়। ১১০। বৃদ্ধবশিষ্ঠ বলিয়াছেন যে, উপবাসদিনে ও শ্রাদ্ধাহে দন্তকাষ্ঠ চর্ব্বণ করিতে নাই। তত্তদ্দিনে দন্তসমূহে কাষ্ঠসংযোগ সপ্তপুরুষ ধ্বংস করে। অন্যত্রও লিখিত আছে যে, প্রতিপৎ, অমাবস্যা, ষষ্ঠী, নবমী, একাদশী ও রবিবার এই সমস্ত দিনে দন্তসমূহে কাষ্ঠযোগ পূর্ব্বকৃত পুণ্য ধ্বংস করিয়া দেয়। ১১১।

নিষিদ্ধদিবসে দন্তকাষ্ঠের প্রতিনিধি।—এই সমস্ত দিনে কাষ্ঠ দ্বারা দশন ধাবন করা নিষিদ্ধ বশতঃ তৃণ, বৃক্ষবল্কল ও পত্রদ্বারা দশন ধাবন করিবে। ১১২। অতএব ব্যাস কহিয়াছেন, প্রতিপৎ, অমাবস্যা, ষষ্ঠী, নবমী ও রবিবার এই সকল দিনে পত্র দ্বারা দশন ধাবন করিবে; কিন্তু

পৈঠীনসিঃ।—

অলাভে বা নিষেধে বা কাষ্ঠানাং দন্তধাবনং। পর্ণাদিনা বিশুদ্ধেন জিহ্বোল্লেখঃ সদৈব হি ॥১১৩॥

অথ তত্রৈবাপবাদঃ।

কাষ্ঠৈঃ প্রতিপদাদৌ যন্নিষিদ্ধং দন্তধাবনং। তৃণপর্ণৈস্তু তৎ কুর্য্যাদমামেকাদশীং বিনা ॥১১৪॥

অতএব ব্যাসস্য বচনান্তরং।—

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধায়াং তথা তিথৌ। অপাং দ্বাদশগণ্ডূষৈর্বিদধ্যাদ্দন্তধাবনং॥

কাশীখণ্ডে চ তত্রৈব।—

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধে বাথ বাসরে। গণ্ডূষা দ্বাদশ গ্রাহ্যা মুখস্য পরিশুদ্ধয়ে ॥১১৫॥

তৃণপর্ণাদিনা কেচিদুপবাসদিনেম্বপি। দন্তধাবনমিচ্ছন্তি মুখশোধনতৎপরাঃ॥

তথা চ কাশীখণ্ডে তত্রৈব।—

মুখে পর্য্যুষিতে যস্মাৎ ভবেদশুচিভাগ্ নরঃ। ততঃ কুর্য্যাৎ প্রযত্নেন শুদ্ধ্যর্থং দন্তধাবনং॥

উপবাসেঽপি নো দুষ্যেদ্দন্তধাবনমঞ্জনং। গন্ধালঙ্কারসদ্বস্ত্রপুষ্পমালানুলেপনং॥

অন্যত্র প্রতিপদাদিব্যতিরিক্তদিনেষু। অত্র চ রবিবারাদাবপি পর্ণৈরেব তথা তৃণৈশ্চাপীতি পূর্ব্বাপরবচনানুসারেণ বোদ্ধব্যং॥ ১১৩॥

অমাম্ অমাবাস্যাম্, একাদশীমিত্যুপবাসদিনং লক্ষয়তি। কদাচিদ্দ্বাদশীষু জন্মাষ্টম্যাদিষু চোপবাসাৎ অমাবাস্যায়াং দন্তকাষ্ঠগ্রহণং ন কার্য্যং। তথা চ মৎস্যবিষ্ণুপুরাণয়োঃ।—ছিনত্তি বীরুধো যস্তু বীরুৎসংস্থে নিশাকরে। পত্রং বা পাতয়ত্যেকং ব্রহ্মহত্যাং স বিন্দতি ইতি॥ ১১৪॥

নিষিদ্ধায়ামিতি পূর্ব্বং প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু পর্ণৈর্দন্তধাবনস্যানুজ্ঞাতত্বাৎ পুনশ্চ অপাং দ্বাদশগণ্ডূষৈরিত্যনুজ্ঞাতত্বাদেকাদশ্যাদ্যুপবাসদিনেষু অপাং গণ্ডূষৈরিতি ব্যবস্থাপয়িতব্যং। এবঞ্চ ত্বমামেকাদশীং বিনেতি বাক্যং সুসঙ্গতমিতি দিক্॥ ১১৫॥ উপবাসেঽপি নো দুষ্যেদিতি বচনঞ্চ স্বমতেঽপ্যন্যস্ত্রীবিষয়কং জ্ঞেয়ং তত্রাঞ্জনাদিনিষেধনাৎ। অতএব কেচিদিচ্ছন্তীতি লিখিতং।

সমস্ত দিনেই কাষ্ঠ দ্বারা জিহ্বা মার্জ্জন করিতে হয়। পৈঠীনসি কহিয়াছেন, দন্তকাষ্ঠের অপ্রাপ্তিতে কিংবা দন্তকাষ্ঠব্যবহারে নিষিদ্ধ দিনে পবিত্র পত্র দ্বারা দন্ত ধাবন করিতে হয়; কিন্তু নিষিদ্ধ ও অনিষিদ্ধ সমস্ত দিনেই জিহ্বা মার্জ্জন করিবে। ১১৩।

অনন্তর তদ্বিষয়ে বিশেষবিধি।—প্রতিপৎ প্রভৃতি তিথিতে কাষ্ঠ দ্বারা দশন ধাবনেও যে নিষেধ উল্লেখ হইয়াছে, তাহা পত্র দ্বারা করিতে হয়; কিন্তু অমাবস্যা ও একাদশী এই দুই দিনে তৃণপত্র দ্বারাও দন্তধাবন করিতে নাই। ১১৪। অতএব ব্যাসের বচনান্তর যথা,—দন্তকাষ্ঠের অভাবে কিংবা দশনধাবনের নিষিদ্ধ তিথিতে দ্বাদশসংখ্য গণ্ডূষবারি দ্বারা দশনধাবনের বিধি নির্দ্দিষ্ট আছে। কাশীখণ্ডের পূর্ব্বোক্ত স্থলে লিখিত আছে যে, দন্তকাষ্ঠ না পাইলে কিংবা দন্তধাবনের নিষিদ্ধ দিনে মুখশুদ্ধ্যর্থ দ্বাদশ গণ্ডূষ জল লইবে। ১১৫। যে সকল ব্যক্তির মুখশোধনক্রিয়া একান্ত আবশ্যক, এরূপ কোন কোন ব্যক্তি উপবাসদিনে তৃণপত্রাদি দ্বারা দশন ধাবন অভিলাষ করেন। কাশীখণ্ডের উক্ত স্থানেই ঐ বিষয়ে লিখিত আছে যে,

অথ দন্তকাষ্ঠানি।

স্মৃতৌ।—

সর্ব্বে কণ্টকিনঃ পুণ্যা আয়ুর্দ্দাঃ ক্ষীরিণঃ স্মৃতাঃ। কটু-তিক্ত-কষায়াশ্চ বলারোগ্য-সুখপ্রদাঃ॥

কিঞ্চ।—পলাশানাং দন্তকাষ্ঠং পাদুকে চৈব বর্জ্জয়েৎ। বর্জ্জয়েচ্চ প্রযত্নেন বটং বাশ্বত্থমেবচ॥১১৬॥

কৌর্ম্মে ব্যাসগীতায়াং।—

মধ্যাঙ্গুলিসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলিসম্মিতং। সত্বচং দন্তকাষ্ঠং যৎ তদগ্রে ন তু ধারয়েৎ॥১১৭॥

ক্ষীরিবৃক্ষসমুদ্ভূতং মালতীসম্ভবং শুভং। অপামার্গঞ্চ বিল্বং বা করবীরং বিশেষতঃ॥

বর্জ্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈকং যথোদিতং। পরিহৃত্য দিনং পাপং ভক্ষয়েদ্বৈ বিধানবিৎ॥

ন পাটয়েদ্দন্তকাষ্ঠং নাঙ্গুল্যগ্রেণ ধারয়েৎ।
প্রক্ষাল্য ভুক্ত্বা তজ্জহ্যাৎ শুচৌ দেশে সমাহিতঃ॥ ১১৮॥

কাশীখণ্ডে চ তত্রৈব।—

কনিষ্ঠাগ্রপরীণাহং সত্বচং নির্ব্রণং ঋজুং। দ্বাদশাঙ্গুলমানঞ্চ সার্দ্রং স্যাদ্দন্তধাবনং।

জিহ্বোল্লেখনিকাং বাপি কুর্য্যাচ্চাপাকৃতিং শুভাং॥ ১১৯॥

ব্রতদিনে পর্ণাদিনা দন্তানাং ধাবনে দাক্ষিণাত্য-শ্রীবৈষ্ণবাণাং ব্যবহারোঽপি প্রমাণমিতি দিক্॥ ১১৬॥ সত্বচমিতি। অদন্তত্বচশব্দোঽপ্যান্তি আবন্তো বা। ত্বচা সহিতমিত্যর্থঃ॥ ১১৭॥ নিন্দিতানি অর্ককর্ব্বুরাদীনি। পাপং বর্জ্যং দিনং প্রতিপদাদি॥১১৮॥ পরীণাহঃ স্থৌল্যং। সার্দ্রম্

যেহেতু মুখ পর্য্যুষিত থাকিলে মানব অশুচি হয়, এই জন্য বিশুদ্ধ্যর্থ যত্ন সহকারে ধাবন করিবে। উপবাসদিনেও দশন ধাবন, এবং চন্দন, বিভূষণ, উৎকৃষ্ট বসন, কুসুমমাল্য ও গন্ধদ্রব্য ব্যবহার করিলে কোন দোষের আশঙ্কা নাই।

অনন্তর দন্তকাষ্ঠ-নিরূপণ।—স্মৃতিতে লিখিত আছে যে, কণ্টকযুক্ত-বৃক্ষের দন্তকাষ্ঠই পবিত্র, ক্ষীরবিশিষ্ট বৃক্ষের দন্তকাষ্ঠ আয়ুর্ব্বৃদ্ধি করিয়া দেয় এবং কটু, তিক্ত ও কষায়-রসবিশিষ্ট বৃক্ষের কাষ্ঠ দ্বারা দন্তধাবন করিলে বল, আরোগ্য ও সুখ লাভ হয়। আরও লিখিত আছে যে, পলাশ বৃক্ষের দন্তকাষ্ঠ ও পাদুকা পরিত্যাজ্য। বট ও অশ্বত্থ এই উভয় কাষ্ঠ সযত্নে বর্জ্জনীয়। ১১৬। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, যে দন্তকাষ্ঠ মধ্যমাঙ্গুলিবৎ স্থূল, দ্বাদশাঙ্গুলী-পরিমিত ও সত্বচ, তাহা দ্বারাই দন্তধাবন করিতে হয়; পরন্তু উহার অগ্রদিক্ ধারণ না করিয়া মূলের দিকে ধারণ করত অগ্র দিয়া দশন ধাবন করিবে। ১১৭। বিধানবিৎ ব্যক্তি বট-অশ্বত্থাদি ক্ষীরবৃক্ষোৎপন্ন, বিশুদ্ধ মালতী-বৃক্ষোৎপন্ন, অপামার্গ, বিল্ব, বিশেষতঃ করবীর ও আকন্দাদি নিন্দিত কাষ্ঠ ত্যাগ করত পূর্ব্বোক্ত লক্ষণবিশিষ্ট একটী দন্তকাষ্ঠ গ্রহণ করিয়া প্রতিপৎ প্রভৃতি নিষিদ্ধ দিবস ব্যতীত অন্যান্য দিবসে চর্ব্বণ করিবেন। দ্বিধাকৃত দন্তকাষ্ঠ গ্রহণ করিতে নাই, অঙ্গুলীর অগ্র দ্বারাও কাষ্ঠ ধারণ করা নিষিদ্ধ। অচঞ্চল চিত্তে দন্তকাষ্ঠ প্রক্ষালন পূর্ব্বক চর্ব্বণ করিয়া বিশুদ্ধ স্থলে প্রক্ষেপ করিবে। ১১৮। কাশীখণ্ডের

রামার্চ্চনচন্দ্রিকায়াঞ্চ।—

দন্তোল্লেখো বিতস্ত্যা ভবতি পরিমিতাদম্লমিত্যাদিমন্ত্রাৎ,
প্রাতঃ ক্ষীর্য্যাদিকাষ্ঠাদ্বটখদিরপলাশৈর্বিনার্কাম্রবিল্বৈঃ।
ভুক্ত্বা গণ্ডূষষট্‌কং দ্বিরপি কুশমৃতে দেশিনীমঙ্গুলীভি-
র্নন্দাভূতাষ্টপর্ব্বণ্যপি ন খলু নবম্যর্কসংক্রান্তিপাতে॥ ১২০॥

অথ কেশপ্রসাধনাদি।

ততশ্চাচম্য বিধিবৎ কৃত্বা কেশপ্রসাধনং। স্মৃত্বা প্রণবগায়ত্র্যৌ নিবধ্নীয়াচ্ছিখাং দ্বিজঃ॥১২১॥

তথা চোক্তং।—

ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনং। স্মৃত্বোঙ্কারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখাং ততঃ॥১২২॥

আর্দ্রতাযুক্তং॥ ১১৯॥ বটাদিকাষ্ঠৈর্বিনা ক্ষীর্য্যাদিকাষ্ঠাৎ প্রাতর্দন্তানামুল্লেখো ধাবনং ভবতি। কীদৃশাৎ?—বিতস্ত্যা দ্বাদশাঙ্গুলৈঃ পরিমিতাৎ। কুশং দেশিনীঞ্চ বিনা অঙ্গুলীভির্গণ্ডূষষট্‌কং দ্বির্ভুক্ত্বা দ্বাদশজলগণ্ডূষাণি গৃহীত্বেত্যর্থঃ। নন্দাদিষু চ দন্তোল্লেখো ন ভবতি, তত্র নন্দা প্রতিপৎ ষষ্ঠী একাদশী চ। ভূতা চতুর্দ্দশী। অষ্ট অষ্টমী। পর্ব্ব অমাবস্যাপৌর্ণমাস্যাদি। পাতো ব্যতীপাতো দ্বন্দ্বৈক্যং। এবং নিষেধবৈবিধ্যং বিবিধবেদশাখাসেবিনাং কর্ম্মপরাণাং নানাদেবতাভক্তানাং মতভেদেন। মন্ত্রশ্চ শ্রৌতোঽয়ং। অন্নাদ্যায়াত্থাপ্যুহ্যং। সোমো রাজায়মাগমন্ স মে মুখং সংমার্জ্জতে যশসা চ ভগেন বেতি॥ ১২০॥

দ্বিজ ইতি স্থানে শূদ্রস্য মুক্তশিখত্বাৎ॥ ১২১॥ বিধিবদিতি লিখিতং, তং বিধিমেব লিখতি ন দক্ষিণেতি॥ ১২২॥

পূর্ব্বোক্ত স্থানে লিখিত আছে যে, কনিষ্ঠাঙ্গুলীর অগ্রদেশের ন্যায় স্থূল, ত্বক্‌বিশিষ্ট, ব্রণশূন্য, সরল, দ্বাদশাঙ্গুলপ্রমাণ, সরস কাষ্ঠই দন্তধাবনের উপযুক্ত। এইরূপ লক্ষণবিশিষ্ট কাষ্ঠ দ্বারাই ধনুকাকার শুভ জিহ্বা-মার্জ্জনিকা করিবে। ১১৯। রামার্চ্চনচন্দ্রিকাতে লিখিত আছে যে, কুশ দ্বারা ও তর্জ্জনী ব্যতীত অপরাপর অঙ্গুলীসমূহের দ্বারা দ্বাদশ গণ্ডূষ জল মুখে প্রদান করিয়া "সোমো রাজা" ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক * বট, খদির, পলাশ, অর্ক, আম্র ও বিল্ব ব্যতীত অপরাপর ক্ষীরিবৃক্ষোৎপন্ন দ্বাদশাঙ্গুল-প্রমাণ কাষ্ঠ দ্বারা প্রভাতে দশন মার্জ্জন করিবে; কিন্তু প্রতিপৎ, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা ও পূর্ণিমা ইত্যাদি পর্ব্বাহে এবং নবমী, সংক্রান্তি ও ব্যতীপাতযোগে দশন ধাবন নিষিদ্ধ। ১২০।

অনন্তর কেশপ্রসাধনাদি।—অতঃপর বিপ্র, ক্ষত্র ও বৈশ্য দশনধাবনান্তে আচমন পূর্ব্বক পশ্চাদুক্ত বিধানে কেশপ্রসাধন করিয়া ওঙ্কার ও গায়ত্রী স্মরণ করত শিখাবন্ধন করিবে। ১২১। অতএব কথিত আছে, দক্ষিণাস্য বা ঊর্দ্ধাস্য হইয়া কেশপ্রসাধন করিতে নাই। তৎপরে ওঁকার ও গায়ত্রী স্মরণ করত শিখাবন্ধন করিতে হয়। ১২২।

---

* সোমো রাজায়মাগমন্ স মে মুখং সংমার্জ্জতে যশসা চ ভগেন বা।—এই মন্ত্র।

অথ স্নানং।

বিষ্ণুপুরাণে তত্রৈব।—

নদীনদতড়াগেষু দেবখাতজলেষু চ। নিত্যক্রিয়ার্থং স্নায়ীত গিরিপ্রস্রবণেষু চ।
কূপেষূদ্ধৃততোয়েন স্নানং কুর্ব্বীত বা ভুবি। স্নায়ীতোদ্ধৃততোয়েন অথবা ভুব্যসম্ভবে॥

অথ স্নাননিত্যতা।

তত্র কাত্যায়নঃ।—

যথাহনি তথা প্রাতর্নিত্যং স্নায়াদনাতুরঃ। অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।
স্রবত্যেব দিবারাত্রৌ প্রাতঃস্নানং বিশোধনং॥

দক্ষঃ।—

প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থগৃহস্থয়োঃ। যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ॥ ১২৩॥
সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা॥ ১২৪॥

কিঞ্চ।—

অশিরস্কং ভবেৎ স্নানমশক্তৌ কর্ম্মিণাং সদা। আর্দ্রেণ বাসসা বাপি পাণিনা বাপি মার্জ্জনং॥

শঙ্খশ্চ।—

অস্নাতস্তু পুমান্নার্হো জপাদিহবনাদিষু।

কূপেষু কলসাদিভিরুদ্ধৃততোয়েন ভুবি তত্তটভূমৌ স্নায়াৎ গমনাদ্যশক্তত্বা। তত্তটভুবি স্নানাসম্ভবে কূপাদুদ্ধৃতেন শীতোদকেন স্নায়াৎ। তত্রাপ্যশক্তৌ উষ্ণোদকেন স্নায়াৎ ইতি জ্ঞেয়ং। তথা চোক্তং। আপঃ স্বভাবতো মেধ্যাঃ কিং পুনর্ব্বহ্নিসংযুতাঃ। তস্মাৎ সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণা ইতি॥ ১২৩।

অশক্তৌ সত্যাং। অপি নিশ্চিতং সকৃদপীতি বা কুর্য্যুরেব। তত্রাপ্যশক্তৌ উদকং বিনেতি মন্ত্রস্নানাদিকং কুর্য্যুরিত্যর্থঃ। যদ্বা অশক্তৌ সত্যাম্ উদকং বিনা জলাভাবে চ সর্ত্তি সকৃৎ

অনন্তর স্নান।—বিষ্ণুপুরাণের পূর্ব্বোক্তস্থলে অর্থাৎ ঔর্ব্ব-সগর-সংবাদে লিখিত আছে যে, নদ, নদী, দীর্ঘিকা, দেবখাত ও গিরিপ্রস্রবণ এই সকল জলে স্নান করিতে হয়। কুম্ভাদিযোগে কূপ হইতে জল উত্তোলিত করিয়া তদ্দ্বারা কূপতটে স্নান করিতে পারে। তটের অসম্ভব হইলে উদ্ধৃত শীতল জলে কিংবা তাহাতে অক্ষম হইলে সেই উষ্ণোদকে স্নান করিবে।

অনন্তর স্নানের নিত্যতা।—এ বিষয়ে কাত্যায়ন কহিয়াছেন যে, অনাতুর ব্যক্তি দিবা-ভাগের ন্যায় প্রভাতেও প্রত্যহ স্নান করিবে। দেহ অতীব মলিন ও নবচ্ছিদ্রান্বিত, দিবানিশিই উহা হইতে মল নির্গত হইতেছে; প্রাতঃস্নান দ্বারা ঐ দেহের বিশুদ্ধি হইয়া থাকে। দক্ষ কহিয়াছেন যে, বানপ্রস্থ ও গৃহী জন প্রভাতে ও মধ্যাহ্নসময়ে স্নান, যতি ব্যক্তি ত্রিসন্ধ্যা স্নান এবং ব্রহ্মচারী ব্যক্তি একবার মাত্র স্নান করিবে। ১২৩। অক্ষম হইলে সর্ব্বজনপক্ষেই একবার স্নানের বিধি আছে। যদি তাহাতেও অক্ষম হয়, তবে কেবল মন্ত্র-স্নানাদি কর্ত্তব্য।১২৪। আরও লিখিত আছে যে, অক্ষম হইলে কর্ম্মী ব্যক্তির পক্ষে সর্ব্বকালেই মস্তক ভিন্ন স্নান হইতে পারে। আর্দ্র বসন বা আর্দ্র কর দ্বারা দেহ মার্জ্জন করিলেও স্নান সুসম্পন্ন হয়।

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং।—

প্রাতঃস্নানং বিনা পুংসাং পাপিত্বং কর্ম্মসু স্মৃতং। হোমে জপে বিশেষেণ তস্মাৎ স্নানং সমাচরেৎ॥

কাশীখণ্ডে।—

প্রস্বেদলালাত্থাক্লিন্নো নিদ্রাধীনো যতো নরঃ। প্রাতঃস্নানাত্ততোঽর্হঃ স্যান্মন্ত্রস্তোত্রজপাদিষু॥

পাদ্মে চ দেবদ্যুতিবিকুণ্ডলসংবাদে।—

স্নানং বিনা তু যো ভুঙ্‌ক্তে মলাশী স সদা নরঃ। অস্নায়িনোঽশুচেস্তস্য বিমুখাঃ পিতৃদেবতাঃ।

স্নানহীনো নরঃ পাপী স্নানহীনোঽশুচিঃ সদা। অস্নায়ী নরকং ভুক্ত্বা পুক্কশাদিষু জায়তে॥১২৫॥

অথ স্নানমাহাত্ম্যং।

মহাভারতে উদ্‌যোগপর্ব্বণি শ্রীবিদুরোক্তৌ।

গুণা দশ স্নানশীলং ভজন্তে, বলং রূপং স্বরবর্ণপ্রসিদ্ধিঃ।

স্পর্শশ্চ গন্ধশ্চ বিশুদ্ধতা চ, শ্রীঃ সৌকুমার্য্যং প্রবরাশ্চ নার্য্যঃ॥

পাদ্মে চ তত্রৈব।—

যাম্যং হি যাতনাদুঃখং নিত্যস্নায়ী ন পশ্যতি। নিত্যস্নানেন পূয়ন্তে অপি পাপকৃতো নরাঃ॥

প্রাতঃস্নানং হরেদ্বৈশ্য সবাহ্যাভ্যন্তরং মলং। প্রাতঃস্নানেন নিষ্পাপো নরো ন নিরয়ং ব্রজেৎ॥

যে পুনঃ স্রোতসি স্নানমাচরন্তীহ পর্ব্বণি। তে নৈব দুর্গতিং যান্তি ন জায়ন্তে কুযোনিষু॥

দুঃস্বপ্নং দুষ্টচিন্তা চ বন্ধ্যা ভবতি সর্ব্বদা। প্রাতঃস্নানবিশুদ্ধানাং পুরুষাণাং বিশাং বর॥

কুর্য্যুঃ। এবং স্নানস্য নিত্যতা সিদ্ধৈব॥ ১২৪॥ অশিরস্কমিত্যাদিনাপি নিত্যতৈবাভিপ্রেতা॥১২৫॥

শঙ্খও কহিয়াছেন যে, স্নান ব্যতীত মানব জপ ও হোমাদি ক্রিয়ার উপযুক্ত হয় না। কূর্ম্ম-পুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, প্রাতঃস্নান ব্যতীত মানবের সর্ব্বকর্ম্মে, বিশেষতঃ জপে ও হোমাদিক্রিয়ায় বিশুদ্ধির সম্ভাবনা নাই; এই হেতু প্রাতঃস্নান করিবে। কাশীখণ্ডে লিখিত আছে যে, মানব নিদ্রায় অভিভূত হইলে স্বেদ ও লালাদি দ্বারা ক্লেদবিশিষ্ট হয়; সুতরাং প্রাতঃস্নান দ্বারা মন্ত্র, স্তুতি প্রভৃতিতে যোগ্য হইতে পারে। পদ্মপুরাণে দেবদ্যুতিবিকুণ্ডল-সংবাদে লিখিত আছে যে, যে মানব স্নান ব্যতীত আহার করে, তাহার মল ভোজন করা হয়। স্নান না করিলে সে ব্যক্তি অপবিত্র হয় এবং তাহার প্রতি পিতৃগণ ও দেবগণ বিমুখ থাকেন। স্নানরহিত ব্যক্তি পাতকী এবং স্নানরহিত ব্যক্তি নিরন্তর অপবিত্র। যে ব্যক্তি স্নানহীন, সে নরক-যাতনা ভোগান্তে পুক্কশাদি অন্ত্যজকুলে জন্ম পরিগ্রহ করিয়া থাকে। ১২৫।

অনন্তর স্নানমাহাত্ম্য;—মহাভারতে উদ্‌যোগপর্ব্বে শ্রীবিদুর বলিয়াছিলেন, যে ব্যক্তি নিত্য-স্নায়ী, বল, রূপ, কণ্ঠস্বর, বর্ণোত্তমতা, স্পর্শশক্তির দক্ষতা, সুগন্ধ, বিশুদ্ধি, শোভা, সুকুমারতা ও উত্তমা স্ত্রী এই দশটি গুণ তাহাকে ভজনা করে। পদ্মপুরাণে পূর্ব্বোক্ত স্থানে অর্থাৎ দেব-দ্যুতিবিকুণ্ডলসংবাদে লিখিত আছে যে, নিত্যস্নায়ী ব্যক্তিকে কদাচ শমনযন্ত্রণা-জনিত ক্লেশ ভোগ করিতে হয় না। অধিক কি, পাতকী ব্যক্তি নিত্য স্নান দ্বারা বিশুদ্ধি লাভ করে। হে বৈশ্য! প্রাতঃস্নান দ্বারা বাহ্য ও আভ্যন্তর মল বিনষ্ট হয়। প্রাতঃস্নান দ্বারা মানব নির্ম্মলতা লাভ করে,

অত্রিস্মৃতৌ।—

স্নানে মনঃপ্রসাদঃ স্যাদ্দেবা অভিমুখাঃ সদা। সৌভাগ্যং শ্রীঃ সুখং পুষ্টিঃ পুণ্যং বিদ্যা যশো ধৃতিঃ।
মহাপাপান্যলক্ষ্মীঞ্চ দুরিতং দুর্ব্বিচিন্তিতং। শোকদুঃখাদি হরতে প্রাতঃস্নানং বিশেষতঃ॥ ১২৬॥

কৌর্ম্মে তত্রৈব।—

প্রাতঃস্নানং প্রশংসন্তি দৃষ্টাদৃষ্টকরং হি তৎ। প্রাতঃস্নানেন পাপানি পূয়ন্তে নাত্র সংশয়ঃ॥

কাশীখণ্ডে চ।—

প্রাতঃস্নানাদ্‌যতঃ শুধ্যেৎ কায়োঽয়ং মলিনঃ সদা। ছিদ্রিতো নবভিশ্ছিদ্রৈঃ স্রবত্যেব দিবানিশং॥
উৎসাহমেধাসৌভাগ্যরূপসম্পৎ-প্রবর্ত্তকং। মনঃপ্রসন্নতাহেতুঃ প্রাতঃস্নানং প্রশস্যতে॥
প্রাতঃ প্রাতস্তু যৎ স্নানং সংজাতে চারুণোদয়ে। প্রাজাপত্যসমং প্রাহুস্তন্মহাঘবিঘাতকৃৎ॥
প্রাতঃস্নানং হরেৎ পাপমলক্ষ্মীং গ্লানিমেব চ। অশুচিত্বঞ্চ দুঃস্বপ্নং তুষ্টিং পুষ্টিং প্রযচ্ছতি॥
নোপসর্পন্তি বৈ দুষ্টাঃ প্রাতঃস্নায়িজনং ক্বচিৎ। দৃষ্টাদৃষ্টফলং তস্মাৎ প্রাতঃস্নানং সমাচরেৎ॥
স্নানমাত্রং তথা প্রাতঃস্নানং চাত্র নিযোজিতং।
যদ্যপ্যন্যোন্যমিলিতে পৃথগ্‌জ্ঞেয়ে তথাপ্যমূ॥ ১২৭॥

স্বরবর্ণয়োঃ প্রকর্ষেণ সিদ্ধিরিতি। মহাপাতকাদিকং হরতি॥ ১২৬॥
দৃষ্টাদৃষ্টকরম্ ঐহিকামুষ্মিকশুভকারি। পূয়ন্তে নশ্যন্তি॥ ১২৭॥

আর তাহাকে নিরয়গামী হইতে হয় না। যাহারা পর্ব্বদিনে স্রোতোজলে স্নান করে, তাহাদিগকে কদাচ দুর্গতি প্রাপ্ত হইতে হয় না এবং তাহারা কখনও নানারূপ কুযোনিতেও উৎপন্ন হয় না। হে বৈশ্যসত্তম! যাহারা প্রাতঃস্নান দ্বারা পবিত্র হয়, তাহাদিগের সকাশে দুঃস্বপ্ন বা দুশ্চিন্তা নিরন্তর নিষ্ফল হইয়া থাকে। অত্রিস্মৃতিতেও কথিত আছে যে, স্নান করিলে মনের প্রসন্নতা জন্মে, দেবগণ নিরন্তর অভিমুখ থাকেন এবং সৌভাগ্য, শ্রী, সুখ, পুষ্টি, পুণ্য, বিদ্যা, যশ ও ধৃতি লাভ হয়। বিশেষতঃ প্রাতঃস্নান মহাপাপসমূহ, অলক্ষ্মী, দুরিত, দুশ্চিন্তা ও শোকদুঃখাদি দূর করে। ১২৬। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, সুধীগণ প্রাতঃস্নানকে প্রশংসা করেন; কারণ, উহা ঐহিক ও আমুষ্মিক শুভকারী। প্রাতঃস্নান দ্বারা পাতকপুঞ্জধ্বংস হয়, ইহাতে সন্দেহ নাই। কাশীখণ্ডেও লিখিত আছে যে, এই দেহ নিরন্তর মলিন ও নবচ্ছিদ্রে ছিদ্রিত; দিবানিশি ঐ ছিদ্রসমূহ দ্বারা মলক্ষরণ হইতেছে; সুতরাং প্রাতঃস্নান দ্বারা উৎসাহ, মেধা, সৌভাগ্য, রূপ ও সম্পত্তি এই সমস্তের উদ্ভব হয় এবং প্রাতঃস্নান চিত্তপ্রসাদের হেতু; এই জন্যই উহা প্রশংসনীয়। মনীষিগণ বলিয়া থাকেন, প্রতিপ্রভাতে অরুণোদয়সময়ে যে স্নান, উহা প্রাজাপত্যব্রতের সদৃশ এবং মহাপাপহারক। প্রাতঃস্নান পাপ, অলক্ষ্মী, গ্লানি, অশুচিত্ব ও দুঃস্বপ্ন বিনাশ করে এবং তুষ্টি ও পুষ্টি বিধান করিয়া থাকে। কোন দুষ্টই কদাচ প্রাতঃস্নায়ী ব্যক্তির নিকটবর্ত্তী হইতে পারে না। প্রাতঃস্নান ঐহিক ও আমুষ্মিক উভয়বিধ শুভফলই প্রদান করে, অতএব প্রাতঃস্নান করা কর্ত্তব্য। এই প্রকরণে

অথ স্নানবিধিঃ।

অথ তীর্থগতস্তত্র ধৌতবস্ত্রং কুশাংস্তথা। মৃত্তিকাঞ্চ তটে ন্যস্য স্নায়াৎ স্বস্ববিধানতঃ॥
অধৌতেন তু বস্ত্রেণ নিত্যনৈমিত্তিকীং ক্রিয়াং। কুর্ব্বন্ন ফলমাপ্নোতি কৃতা চেন্নিষ্ফলা ভবেৎ॥
ধৌতাঙ্ঘ্রিপাণিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাদরাৎ। গঙ্গাদিস্মরণং কৃত্বা তীর্থায়ার্ঘ্যং সমর্পয়েৎ॥
সাগরস্বননির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক। জগৎস্রষ্টর্জ্জগন্মর্দ্দিন্ নমামি ত্বাং সুরেশ্বর॥
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য তীর্থস্নানং সমাচরেৎ। অন্যথা তৎফলস্যার্দ্ধং তীর্থেশো হরতি স্বয়ং॥
নত্বাথ তীর্থং স্নানার্থমনুজ্ঞাং প্রার্থয়েদিমাং। দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর॥
দেহি বিষ্ণো মমানুজ্ঞাং তব তীর্থনিষেবণে॥ ১২৮॥
বিধিবন্মৃদমাদায় তীর্থতোয়ে প্রবিশ্য চ। প্রবাহাভিমুখো নদ্যাং স্যাদন্যত্রার্কসংমুখঃ॥
দিগ্বন্ধং বিধিনাচর্য্য তীর্থানি পরিকল্প্য চ। আবাহয়েদ্ভগবতীং গঙ্গামাদিত্যমণ্ডলাৎ॥
দর্ভপাণিঃ কৃতপ্রাণায়ামঃ কৃষ্ণপদাম্বুজং। ধ্যাত্বা তন্নাম সংকীর্ত্ত্য নিমজ্জেৎ পুণ্যবারিণি॥
আচম্য মূলমন্ত্রঞ্চ সপ্রাণায়ামকং জপন্। কৃষ্ণং ধ্যায়ন্ জলে ভূয়ো নিমজ্জ্য স্নানমাচরেৎ॥
কৃত্বাঘমর্ষণান্তঞ্চ নামভিঃ কেশবাদিভিঃ। তত্র দ্বাদশধা তোয়ে নিমজ্জ্য স্নানমাচরেৎ॥১২৯॥

ইদানীং স্নানবিধিং লিখন্ আদৌ বৈদিকবৈষ্ণবপ্রবরশ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিসম্মতং বৈদিকতান্ত্রিক-বিধিবিমিশ্রিতং স্নানবিধিং লিখতি অথেত্যাদিনা। স্বস্ববিধানতঃ নিজনিজবর্ণাশ্রমশাখাদ্যাচারানুসারেণ॥ ১২৮॥ অন্যত্র নদীপ্রবাহব্যতিরিক্তে॥ ১২৯॥

স্নানমাত্রের ও প্রাতঃস্নানের বিধি নির্দ্দিষ্ট হইল। দুইটী এক হইলেও পরস্পর ভেদ জ্ঞাত হইতে হইবে অর্থাৎ সামান্য স্নান অপেক্ষা প্রাতঃস্নানের আধিক্য আছে। ১২৭।

অতঃপর স্নানবিধি।—তৎপরে তীর্থে গমনপূর্ব্বক ধৌতবসন, কুশ ও মৃত্তিকা তটভূমে রাখিয়া নিজ নিজ বর্ণাশ্রমশাখাদির আচারানুসারে স্নান করিবে। অধৌত বস্ত্র ধারণ পূর্ব্বক নিত্যনৈমিত্তিকী ক্রিয়া করিলে ফল লাভ হয় না, করিলে উহা বিফলা হয়। ধৌতপাদ ও ধৌতপাণি হইয়া আচমন পূর্ব্বক সাদরে সঙ্কল্প ও গঙ্গাদি স্মরণ করত তীর্থকে অর্ঘ্য সমর্পণ করিবে। "হে সমুদ্রশব্দসদৃশ-ভীমঘোষশালিন্! হে দণ্ডহস্ত! হে অসুরনাশক! হে জগৎ-স্রষ্টিকারিন্! হে জগন্মর্দ্দিন্! হে সুরেশ্বর! তোমাকে নমস্কার।" এই মন্ত্র পাঠ করত তীর্থস্নান করিবে; অন্যথা তীর্থাধিপতি স্বয়ং তৎফলের অর্দ্ধাংশ হরণ করিয়া থাকেন। তদনন্তর নমস্কার পূর্ব্বক তীর্থস্নানার্থ (বক্ষ্যমাণরূপে) অনুজ্ঞা প্রার্থনা করিবে। "হে দেবদেব! হে জগন্নাথ! হে শঙ্খচক্রগদাধর! হে বিষ্ণো! ত্বদীয় তীর্থসেবনে আমাকে অনুজ্ঞা দান কর।" (এই মন্ত্রে অনুজ্ঞা প্রার্থনা করিতে হয়)। ১২৮। তৎপরে যথাবিধি মৃত্তিকা গ্রহণ পূর্ব্বক গাত্রে দিয়া তীর্থসলিলে প্রবেশ করত নদীতে প্রবাহাভিমুখে অবস্থিতি করিবে; অন্যত্র অর্থাৎ নদী-প্রবাহ ব্যতিরিক্ত জলাশয়ে সূর্য্যাভিমুখে অবস্থিতি করিতে হয়। যথাবিধি দিগ্বন্ধ ও তীর্থ কল্পনা পূর্ব্বক আদিত্যমণ্ডল হইতে ভগবতী গঙ্গার আবাহন করিবে। দর্ভপাণি হইয়া প্রাণায়াম

তত্র বিশেষঃ।

শ্রীনারদপঞ্চরাত্রে।—

প্রসিদ্ধেষু চ তীর্থেষু যদ্যন্যস্যাভিধাং স্মরেৎ। স্নাতকং তস্ত তত্তীর্থমভিশপ্য ক্ষণাদ্ব্রজেৎ॥ ইতি॥

ইতি বৈদিকতান্ত্রিকমিশ্রিতো বিধিঃ॥ ১৩০॥

অথ তত্রৈব বিশেষঃ পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসংবাদে।—

এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্‌যতঃ। স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ॥
তীর্থং প্রকল্পয়েদ্ধীমান্ মূলমন্ত্রমিমং পঠন্॥ ওঁ নমো নারায়ণায়েতি মূলমন্ত্র উদাহৃতঃ।
দর্ভপাণিস্তু বিধিবদাচান্তঃ প্রণতো ভুবি। চতুর্হস্তসমাযুক্তং চতুরস্রং সমন্ততঃ।
প্রকল্প্যাবাহয়েদ্গঙ্গাং মন্ত্রেণানেন মানবঃ॥ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা।
ত্রাহি নস্ত্বেনসস্তস্মাৎ আজন্মমরণান্তিকাৎ॥ ইত্যাদি॥
সপ্তবারাভিজপ্তন্তু করসংপুটযোজিতং। মূর্দ্ধ্নি কৃত্বা জলং ভূয়শ্চতুর্ব্বা পঞ্চ সপ্ত বা।
স্নানং কুর্য্যান্মৃদা তদ্বদামন্ত্র্য তু বিধানতঃ॥ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং। উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে॥ ইতি॥ ১৩১॥

অন্যস্য তীর্থস্যাভিধাং নাম। ক্ষণাৎ সদ্য এবেত্যর্থঃ। অতঃ অপ্রসিদ্ধতীর্থেষু বিষ্ণুতীর্থমিতি প্রসিদ্ধেষু চ তত্তন্নাম্নৈব স্মরেদিত্যর্থঃ। অতএব নিমজ্জনাৎ প্রাক্ মৃদ্‌গ্রহণং তথাঘমর্ষণাদিকঞ্চ বৈদিকং তান্ত্রিকঞ্চ কৃষ্ণধ্যানাদিকং মূলমন্ত্রজপনং কেশবাদিনামভির্দ্বাদশবার-নিমজ্জনাদিকঞ্চেত্যেবং মিশ্রিতং বিবেচনীয়ং॥ ১৩০॥ এবং বিমিশ্রিতস্নানবিধিং লিখিত্বা ইদানীং তত্রৈব তীর্থ-কল্পনাদৌ পুরাণোক্তং কঞ্চিদ্বিশেষং লিখতি এবমিত্যাদিনা। দেবদেব জগন্নাথ ইত্যাদিকমেত-দুচ্চার্য্য উক্তেন মূলমন্ত্রেণৈব সপ্ত বারান্ যদভিজপ্তমভিমন্ত্রিতং জলং তৎ। তৃতীয়ান্তপাঠে ভাবে ক্তপ্রত্যয়ঃ। মৃদ্‌গ্রহণানন্তরং পুনঃ স্নানাদিকন্তু সমানমেবেতি বিশেষেণ তত্র লিখিতং॥ ১৩১॥

করত শ্রীকৃষ্ণের পাদপদ্ম চিন্তন ও তদীয় নাম কীর্ত্তন করিয়া বিশুদ্ধ জলে নিমগ্ন হইবে। তদনন্তর আচমনান্তে প্রাণায়াম করিয়া মূলমন্ত্র জপ করিতে করিতে শ্রীকৃষ্ণ চিন্তন পূর্ব্বক পুনর্ব্বার সলিলে মজ্জন করত স্নান করিবে। পরে কেশবাদি নামসমূহ সহকারে অঘমর্ষণ পর্য্যন্ত কার্য্য শেষ করিয়া সেই জলে মগ্ন হওত দ্বাদশধা স্নান কবিবে। ১২৯।

অতঃপর স্নানের বিশেষ বিধি।—নারদপঞ্চরাত্রে লিখিত আছে যে, প্রসিদ্ধ তীর্থসমূহে অন্য তীর্থের নাম করিলে তত্তত্তীর্থস্নায়ীকে অভিসম্পাত করিয়া আশু প্রস্থান করেন। এই স্নান-বিধান বৈদিক ও তান্ত্রিক উভয় প্রণালী মিশ্রিত; অর্থাৎ স্নানের অগ্রে মৃত্তিকা গ্রহণ ও তদনন্তর অঘমর্ষণাদি ক্রিয়া করিতে হয়, ইহাই বৈদিক বিধি; এবং শ্রীকৃষ্ণের ধ্যানাদি, মূলমন্ত্র জপ, কেশবাদি নামসমূহ উচ্চারণ করত দ্বাদশধা স্নান, ইহাই তান্ত্রিক জানিবে। ১৩০। এই স্নান-বিষয়ে আরও বিশেষ আছে যথা,—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসংবাদে লিখিত

গুরোঃ সন্নিহিতস্যাথ পিত্রোশ্চ চরণোদকৈঃ। বিপ্রাণাঞ্চ পদাম্ভোভিঃ কুর্য্যান্মূর্দ্ধ্ন্যভিষেচনং॥

তথা চ পাদ্মে।—

গুরোঃ পাদোদকং পুত্র তীর্থকোটিফলপ্রদং॥

কিঞ্চ।—

বিপ্রপাদোদকক্লিন্নং যস্য তিষ্ঠতি বৈ শিরঃ। তস্য ভাগীরথীস্নানমহন্যহনি জায়তে॥

তথা গৌতমীয়তন্ত্রে।—

পৃথিব্যাং যানি তীর্থানি তানি তীর্থানি সাগরে।
সসাগরাণি তীর্থানি পাদে বিপ্রস্য দক্ষিণে॥ ইতি॥ ১৩২॥

শঙ্খে বসন্তি সর্ব্বাণি তীর্থানি চ বিশেষতঃ। শঙ্খেন মূলমন্ত্রেণাভিষেকং পুনরাচরেৎ॥ ১৩৩॥

তথৈব তুলসীমিশ্রশালগ্রামশিলাম্ভসা। অভিষেকং বিদধ্যাচ্চ পীত্বা তৎ কিঞ্চিদগ্রতঃ॥

সন্নিহিতস্যেতি। যদি তদানীং তত্র সন্নিধৌ গুর্ব্বাদয়ো বর্ত্তেরন্ তর্হীত্যর্থঃ॥১৩২॥ সর্ব্বাণি তীর্থানি শঙ্খে বসন্তীতি হেতোঃ পুনরভিষেকং শঙ্খেন বিশেষতঃ কুর্য্যাৎ, তচ্চ নিজমূলমন্ত্রেণৈব॥ ১৩৩॥

আছে যে, এইরূপে তীর্থে চরণযুগল ধৌত করিয়া বাক্‌সংযম করত নারায়ণ স্মরণ করিতে করিতে যথাবিধি স্নান করিবে। ধীমান্ ব্যক্তি (বক্ষ্যমাণ) মূলমন্ত্র উচ্চারণ করত তীর্থ কল্পনা করিবেন। "ওঁ নমো নারায়ণায়" ইহাই মূলমন্ত্র বলিয়া উদাহৃত। দর্ভপাণি হইয়া যথাবিধি আচমনান্তে ধরাতলে প্রণতি করিবে। তৎপরে চারিদিকে হস্তচতুষ্টয়প্রমাণ চতুষ্কোণ অঙ্কিত করিয়া (বক্ষ্যমাণ) মন্ত্রোচ্চারণ সহকারে গঙ্গাকে আবাহন করিবে। "তুমি বিষ্ণুপাদপ্রসূতা, তুমি বৈষ্ণবী শক্তি, বিষ্ণুই তোমার দেবতা; অতএব জন্মাবধি মৃত্যুকাল যাবৎ আমাদিগের যে কিছু পাতক সঞ্চিত হইবে, তুমি তাহা হইতে আমাদিগকে উদ্ধার কর।" (এই মন্ত্রে আবাহন করিতে হয়।) পরে করপুটে জল লইয়া (পূর্ব্বোক্ত দেবদেব জগন্নাথ ইত্যাদি) মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া চতুর্দ্ধা, পঞ্চধা অথবা সপ্তধা শিরঃপ্রদেশে দিয়া পুনরায় স্নান করিবে। যথাবিধি আবাহনান্তে মৃত্তিকাদ্বারাও ঐরূপ করিতে হয়। "হে বসুন্ধরে! তুমি অশ্ব দ্বারা আক্রান্ত; রথকর্ত্তৃক আক্রান্ত এবং বিষ্ণু দ্বারা আক্রান্ত। হে মৃত্তিকে! আমি যে সকল পাতকাচরণ করিয়াছি, তুমি মৎকৃত সেই সমস্ত পাতক দূর কর। হে সুব্রতে! শতবাহু বরাহরূপী হরি তোমাকে পাতালগর্ভ হইতে উদ্ধার করিয়াছেন, তুমি ভূতগ্রামের পুনর্ভববারিণী, তোমাকে নমস্কার করি।" (এই মন্ত্রে মৃত্তিকাদ্বারাও ঐরূপ করিবে)। ১৩১। তদনন্তর গুরুজন সমীপে বিদ্যমান থাকিলে গুরু ও জনক-জননীর পাদোদক দ্বারা এবং বিপ্রজনের চরণোদক দ্বারা শিরঃপ্রদেশ অভিষিক্ত করিবে। পদ্মপুরাণে লিখিত আছে যে, হে বৎস! গুরুর চরণোদক কোটিতীর্থফলপ্রদ হয়। আরও লিখিত আছে যে, বিপ্রের চরণোদক দ্বারা যে ব্যক্তির শিরোদেশ ক্লিন্ন হয়, তাহার প্রত্যহ ভাগীরথীস্নান-ফল হইয়া থাকে। গৌতমীয়তন্ত্রেও কথিত আছে যে, পৃথিবীতে যে সকল তীর্থ আছে, তৎসমস্তই সমুদ্রে অধিষ্ঠিত এবং সমুদ্রসহ নিখিল তীর্থ দ্বিজাতির দক্ষিণ পদে অবস্থিত আছে। ১৩২। তদনন্তর মূলমন্ত্র পাঠ করিয়া পুনর্ব্বার শঙ্খদ্বারা স্নান করিবে, কেন না, শঙ্খমধ্যে নিখিল তীর্থই অধিষ্ঠান করেন। ১৩৩।

তদুক্তং গৌতমীয়তন্ত্রে।—

শালগ্রামশিলাতোয়ং তুলসীগন্ধমিশ্রিতং। কৃত্বা শঙ্খে ভ্রাময়ংস্ত্রিঃ প্রক্ষিপেন্নিজমূর্দ্ধনি॥
শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্ত মস্তকে। প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে॥
বিষ্ণুপাদোদকাৎ পূর্ব্বং বিপ্রপাদোদকং পিবেৎ। বিরুদ্ধমাচরন্মোহাৎ ব্রহ্মহা স নিগদ্যতে॥

শ্রীচরণামৃতধারণমন্ত্রঃ।

অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনং।
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং॥ ইতি॥ ১৩৪॥
লেখ্যোঽগ্রে কৃষ্ণপাদাব্জতীর্থধারণপানয়োঃ।
মহিমাত্র তু তত্তীর্থেনাভিষেকস্য লিখ্যতে॥ ১৩৫॥

অথ শ্রীচরণোদকাভিষেকমাহাত্ম্যং।

পদ্মপুরাণে।—

স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ। শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষেকং সমাচরেৎ॥
গঙ্গা গোদাবরী রেবা নদ্যো মুক্তিপ্রদাস্তু যাঃ। নিবসন্তি সতীর্থাস্তাঃ শালগ্রামশিলাজলে॥
কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনং। তীর্থং যদি ভবেৎ পুণ্যং শালগ্রামশিলোদ্ভবং॥

তত্রৈব শ্রীগৌতমাম্বরীষসংবাদে।—

যেষাং ধৌতানি গাত্রাণি হরেঃ পাদোদকেন বৈ। অম্বরীষ কুলে তেষাং দাসোঽস্মি বশগঃ সদা॥
রাজন্তে তানি তাবচ্চ তীর্থানি ভুবনত্রয়ে। যাবন্ন প্রাপ্যতে তোয়ং শালগ্রামাভিষেকজং॥

তৎ শ্রীশালগ্রামশিলাম্ভঃ কিঞ্চিদাদৌ পীত্বা প্রাশ্য॥ ১৩৪॥

কৃষ্ণপাদাব্জয়োঃ তীর্থং স্নানোদকং তস্য ধারণং পানঞ্চ তয়োঃ। তেন কৃষ্ণপাদাব্জস্নানোদকরূপেণ তীর্থেন যোঽভিষেকস্তস্য মহিমা মাহাত্ম্যম্ অত্র অস্মিন্ প্রসঙ্গে লিখ্যতে॥ ১৩৫॥

এইরূপে শালগ্রামশিলার তুলসীসংযুক্ত জলের কিয়দংশ প্রথমে পানপূর্ব্বক তদ্দ্বারা স্নান করিবে। এই বিষয়ে গৌতমীয়তন্ত্রেও লিখিত আছে যে, শঙ্খমধ্যে তুলসীগন্ধসংযুক্ত শালগ্রামশিলাজল স্থাপন পূর্ব্বক ত্রিধা ভ্রামিত করত নিজ শিরোদেশে প্রক্ষেপ করিবে। অগ্রে শালগ্রামশিলাজল পান ব্যতিরেকে শিরঃপ্রদেশে দিলে সে ব্যক্তি ব্রহ্মঘাতী বলিয়া অভিহিত হইয়া থাকে। বিষ্ণুপাদোদকের অগ্রে বিপ্রচরণোদক পান করিতে হয়। মোহবশে তাহার অন্যথা করিলে ব্রহ্মঘাতী বলিয়া কথিত হইয়া থাকে।

চরণামৃতধারণমন্ত্র।—"যাহা অকালমৃত্যু হরণ করে, যাহা দ্বারা সর্ব্বব্যাধি বিনষ্ট হয়, আমি সেই বিষ্ণুপাদোদক পান করত শিরঃপ্রদেশে ধারণ করিতেছি।" ইহাই চরণামৃতধারণমন্ত্র।১৩৪।
শ্রীকৃষ্ণচরণামৃত ধারণের ও তৎপানের মাহাত্ম্য পরে লিখিত হইবে, অধুনা এখানে সেই চরণামৃত দ্বারা স্নানমাহাত্ম্য প্রকটিত হইতেছে। ১৩৫।

শ্রীচরণোদকাভিষেকমাহাত্ম্য।—পদ্মপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি শালগ্রামশিলার স্নানজল দ্বারা অভিষিক্ত হন, তাঁহাকেই সর্ব্বতীর্থস্নান ও সর্ব্বযজ্ঞদীক্ষিত বলিয়া জানিবে। গঙ্গা,

স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে।—

গৃহেঽপি বসতস্তস্য গঙ্গাস্নানং দিনে দিনে। শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষিঞ্চতি মানবঃ॥

তত্রৈবান্যত্র চ।—

যানি কানি চ তীর্থানি ব্রহ্মাদ্যা দেবতাস্তথা। বিষ্ণুপাদোদকস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীং॥

শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ। উভয়োঃ স্নানতোয়েন ব্রহ্মহত্যা নিবর্ত্ততে॥

কিঞ্চ।—

স বৈ চাবভৃথস্নাতঃ স চ গঙ্গাজলাপ্লুতঃ। বিষ্ণুপাদোদকং কৃত্বা শঙ্খে যঃ স্নাতি মানবঃ॥

শ্রীনৃসিংহপুরাণে।—

গঙ্গা-প্রয়াগ-গয়-নৈমিষ পুষ্করাণি, পুণ্যানি যানি কুরুজাঙ্গল-যামুনানি।

কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপং, পাদোদকং ভগবতঃ প্রপুনাতি সদ্যঃ॥

স্মৃতৌ চ।—

ত্রিরাত্রিফলদা নদ্যো যাঃ কাশ্চিদসমুদ্রগাঃ। সমুদ্রগাশ্চ পক্ষস্য মাসস্য সরিতাং পতিঃ।

ষণ্মাসফলদা গোদা বৎসরস্য তু জাহ্নবী। পাদোদকং ভগবতো দ্বাদশাব্দফলপ্রদং॥ ১৩৬॥

গঙ্গাগোদাবরীত্যাদিষু যেষু শ্লোকেম্বভিষেকশব্দো নাস্তি, তেঽপ্যত্র পাদোদকাভিষেকমাহাত্ম্যে কেচিল্লিখিতাঃ, স্নানে তীর্থাপেক্ষয়া তেষু চ শ্লোকেষু পাদোদকস্য তীর্থত্বাদ্যুক্তেরিতি দিক্॥ ১৩৬॥

গোদাবরী, রেবা প্রভৃতি যে সমস্ত নদী মুক্তিদাত্রী বলিয়া প্রসিদ্ধ, তৎসমস্তই নিজ নিজ অধিষ্ঠাতৃ-দেবতা সহ শালগ্রামশিলার স্নানোদকে অধিষ্ঠান করিয়া থাকেন। শালগ্রামশিলোদ্ভব বিশুদ্ধ-সলিল প্রাপ্ত হইলে অন্য সহস্র-কোটি তীর্থসেবার কি আবশ্যক আছে? ঐ পদ্মপুরাণে গৌত-মাম্বরীষসংবাদে লিখিত আছে যে, হে অম্বরীষ! যাঁহাদিগের দেহ হরিপাদোদক দ্বারা ধৌত হয়, আমি তাঁহাদিগের বংশে সর্ব্বদা বশীভূত দাসরূপে অবস্থান করি। যাবৎ শালগ্রামশিলার স্নানো-দক প্রাপ্ত হওয়া না যায়, ত্রিভুবনতলে নিখিলতীর্থ তাবৎকালই মাহাত্ম্য প্রকাশ করিয়া থাকেন। স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে লিখিত আছে, যে ব্যক্তি প্রতিদিন শালগ্রামশিলার স্নানোদক দ্বারা অভিষিক্ত হন, তিনি গৃহে অবস্থিত থাকিলেও প্রত্যহ তাঁহার গঙ্গাস্নান সমাহিত হইয়া থাকে। স্কন্দপুরাণের অন্যস্থানেও লিখিত আছে যে, জগতে যে কোন তীর্থ বিদ্যমান আছে এবং ব্রহ্মাদি যত দেবতা আছেন, তাঁহারা বিষ্ণুচরণোদকের ষোড়শাংশের একাংশেরও সমান হইতে পারেন না। শালগ্রামশিলোদ্ভব দেব ও দ্বারকাশিলোদ্ভব দেব এই উভয়ের স্নানোদক দ্বারা ব্রহ্মহত্যা বিনষ্ট হইয়া থাকে। আরও লিখিত আছে, যে ব্যক্তি শঙ্খে বিষ্ণুচরণোদক রাখিয়া তদ্দ্বারা অভিষিক্ত হন, তাঁহাকে অবভৃথস্নাত ও গঙ্গাজলসিক্ত বলা যায়। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, গঙ্গা, প্রয়াগ, গয়া, নৈমিষ, পুষ্কর, কুরুজাঙ্গল প্রভৃতি যে সমস্ত পুণ্য তীর্থজল আছে, কালে সেই সকল তীর্থসলিল পাতক দূর করিয়া থাকে, কিন্তু ভগবান্ বিষ্ণুর চরণোদক সদ্যঃ পবিত্র করেন। স্মৃতি-তেও লিখিত আছে যে, যে সমস্ত নদী সমুদ্রের সহিত সঙ্গত নহে, তাহাদিগের জলে একদিন স্নান করিলে তাহারা তিন দিবসকৃত স্নানফল প্রদান করে, যাহারা সাগরসঙ্গতা হইয়াছে,

তন্নিত্যতা।

গরুড়পুরাণে ;—

জলঞ্চ যেষাং তুলসীবিমিশ্রিতং, পাদোদকং চক্রশিলাসমুদ্ভবং।
নিত্যং ত্রিসন্ধ্যং প্লবতে ন গাত্রং, খগেন্দ্র তে ধর্ম্মবহিষ্কৃতা নরাঃ॥ ইতি॥

ততো জলাঞ্জলীন্ ক্ষিপ্ত্বা মূর্দ্ধ্নি ত্রীন্ কুম্ভমুদ্রয়া। মূলেনাথ বিশেষেণ কুর্য্যাদ্দেবাদিতর্পণং॥১৩৭॥

অথ সামান্যতো দেবাদিতর্পণং।

তচ্চ বৈদিকেষু প্রসিদ্ধমেব।

ব্রহ্মাদয়ো যে দেবাস্তান্ দেবান্ তর্পয়ামি, ভূর্দ্দেবাংস্তর্পয়ামি, ভুবর্দেবাংস্তর্পয়ামি, স্বর্দেবাংস্তর্পয়ামি, ভূর্ভুবঃস্বর্দেবাংস্তর্পয়ামি॥ ইত্যাদি॥ ১৩৮॥

আচম্যাঙ্গানি সংমার্জ্য স্নানবস্ত্রান্যবাসসা। পরিধায়াংশুকে শুক্লে নিবিশ্যাচমনং চরেৎ॥ ১৩৯॥

চক্রশিলা শ্রীশালগ্রামশিলা শ্রীদ্বারকাচক্রাঙ্কশিলা চ তৎ স্থানাদুদ্ভূতং পাদোদকঞ্চ। ন প্লবতে ন স্নাপয়তীত্যর্থঃ॥ ১৩৭॥

মূলমন্ত্রেণ কুম্ভমুদ্রয়া ত্রীন্ জলাঞ্জলীন্ নিজমূর্দ্ধ্নি প্রক্ষিপ্য অথানন্তরম্ অবিশেষেণ সামান্যতো দেবাদিতর্পণং কুর্য্যাৎ। আদিশব্দেন ঋষীণাং পিতৃণাঞ্চ তত্তন্নামভিঃ। বিশেষতো দেবাদিতর্পণমগ্রে লেখ্যমেব॥ ইত্যাদীত্যাদিশব্দেন কৃষ্ণদ্বৈপায়নাদয়ো যে ঋষয়স্তানৃষীন্ তর্পয়ামি। ভূঋর্ষীংস্তর্পয়ামি। ভুবঋর্ষীংস্তর্পয়ামি। স্বঋর্ষীংস্তর্পয়ামি। সোমঃ পিতৃমান্যমোঽঙ্গিরোঽগ্নিষ্বাত্তাঃ কব্যবাহনাদয়ো যে পিতরস্তান্ পিতৃংস্তর্পয়ামীত্যেবং পূর্ব্ববৎ॥ ১৩৮॥ স্নানস্য যদ্বস্ত্রং যৎ পরিধায় স্নানং কৃতং, তস্মাদন্যেন বাসসা। এতেন স্নানশাট্যঞ্চলেন পাণিনা বা গাত্রং ন সংমার্জয়েদিত্যর্থঃ

তাহাদিগের জলে একদিন স্নান করিলে পক্ষকৃত স্নানফল হয়; সাগরে এক দিবস স্নান করিলে সমুদ্র একমাসকৃত স্নানফল প্রদান করেন; গঙ্গায় একদিন স্নাত হইলে তিনি বর্ষকৃত স্নানফল দিয়া থাকেন; কিন্তু ভগবানের চরণোদকে স্নান করিলে তিনি দ্বাদশবার্ষিক স্নানফল প্রদান করেন। ১৩৬।

কৃষ্ণচরণোদক দ্বারা স্নানের নিত্যতা।—গরুড়পুরাণে লিখিত আছে যে, হে খগপতে! তুলসীমিশ্রিত, শালগ্রামশিলোদ্ভব পাদোদক দ্বারা যে সকল ব্যক্তির অঙ্গ ত্রিসন্ধ্যা অভিষিক্ত না হয়, তাহারা যাবতীয় ধর্ম্ম হইতে বহির্ভূত। তদনন্তর মূলমন্ত্র উচ্চারণ সহকারে কুম্ভমুদ্রাযোগে * বারত্রয় শিরঃপ্রদেশে জলাঞ্জলি দিয়া বিশেষরূপে দেবাদিতর্পণ করিবে। ১৩৭।

অতঃপর সামান্যতঃ দেবাদিতর্পণ।—এই তর্পণ বেদাচারী সম্প্রদায় মধ্যে প্রসিদ্ধ আছে। তর্পণ যথা,—"ব্রহ্মাদি দেবাদিকে তর্পণ করিতেছি, ভূর্লোকস্থ দেবাদিকে তর্পণ করিতেছি, ভুবর্লোকস্থ দেবাদিকে তর্পণ করিতেছি, স্বর্লোকস্থ দেবাদিকে তর্পণ করিতেছি, ভূর্ভুবঃস্বর্লোকস্থ

---

* কুম্ভমুদ্রা—বামাঙ্গুষ্ঠের সহিত দক্ষিণাঙ্গুষ্ঠ লগ্ন করত দুই হাতে এরূপ একটী মুষ্টি বদ্ধ করিবে যেন তন্মধ্যে শূন্য থাকে।

বিধিবৎ তিলকং কৃত্বা পুনশ্চাচম্য বৈষ্ণবঃ। বিধিনা বৈদিকীং সন্ধ্যামথোপাসীত তান্ত্রিকীং ॥১৪০

অথ বৈদিকী সন্ধ্যা।

কৌর্ম্মে তত্রৈব।—

প্রাক্‌কূলেষু ততঃ স্থিত্বা দর্ভেষু সুসমাহিতঃ। প্রাণায়ামত্রয়ং কৃত্বা ধ্যায়েৎ সন্ধ্যামিতি শ্রুতিঃ॥

মনুস্মৃতিঃ।—

ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে ন শৈবা ন চ বৈষ্ণবাঃ। যত উপাসতে দেবীং গায়ত্রীং বেদমাতরং॥

যা চ সন্ধ্যা জগৎসূতির্মায়াতীতা হি নিষ্কলা। ঐশ্বরী কেবলা শক্তিস্তত্ত্বত্রয়সমুদ্ভবা।

ধ্যাত্বার্কমণ্ডলগতাং সাবিত্রীং তাং জপেদ্বুধঃ। প্রাঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ॥ ১৪১॥

কিঞ্চ।—

সহস্রপরমাং নিত্যং শতমধ্যাং দশাবরাং। সাবিত্রীং বৈ জপেদ্বিদ্বান্ প্রাঙ্মুখঃ প্রয়তঃ স্থিতঃ॥ ১৪২॥

কিঞ্চ।—

সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু। যদন্যৎ কুরুতে কিঞ্চিন্ন তস্য ফলমাপ্নুয়াৎ॥

যোঽন্যত্র কুরুতে যত্নং ধর্ম্মকার্য্যে দ্বিজোত্তমঃ। বিহায় সন্ধ্যাপ্রণতিং স যাতি নরকাযুতং॥ ১৪৩॥

তথা চ বিষ্ণুপুরাণে সদাচারকথনে।—স্নাতো নাঙ্গানি মার্জ্জেত স্নানশাট্যা ন পাণিনেতি। বিধিবত্তত্তদ্বিধিযুক্তং যথা স্যাদিতি সর্ব্বত্রৈবানুবর্ত্তয়িতব্যং॥ ১৩৯-১৪০॥

প্রাক্‌কূলেষু প্রাগগ্রেষ্বিত্যর্থঃ॥ ১৪১॥

দেবাদিকে তর্পণ করিতেছি।” (ইত্যাদিরূপ মন্ত্রে তর্পণ করিবে)। ১৩৮। * পরে প্রথমতঃ আচমন পূর্ব্বক, যে বস্ত্র পরিধান করত স্নান করা হইয়াছে, তদ্ভিন্ন বস্ত্রান্তর দ্বারা অঙ্গমার্জ্জন করিয়া পরিধেয় ও উত্তরীয় পরিগ্রহ পূর্ব্বক উপবেশনান্তে আচমন করিবে। ১৩৯। † বিষ্ণুভক্ত ব্যক্তি (বক্ষ্যমাণ) বিধানে তিলক করিয়া পুনরাচমন করত বৈদিকী সন্ধ্যা ও তৎপরে তান্ত্রিকী সন্ধ্যার অনুষ্ঠান করিবে। ১৪০।

অনন্তর বৈদিকী সন্ধ্যা।—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, তৎপরে প্রাগগ্র কুশোপরি সমাহিতভাবে উপবিষ্ট হইয়া বারত্রয় প্রাণায়ামান্তে সন্ধ্যা করিবে, ইহাই শ্রুতিবাক্য। মনুস্মৃতিতে লিখিত আছে যে, বিপ্রমাত্রেই শাক্ত, তাঁহারা শৈবও নহেন, বৈষ্ণবও নহেন; কেন না তাঁহারা বেদমাতা গায়ত্রীর আরাধনা করিয়া থাকেন। যিনি সন্ধ্যা, তিনিই জগৎপ্রসূতি, মায়াতীতা, নিষ্কলা, তত্ত্বত্রয়সমুৎপন্না কেবলা ঐশ্বরী শক্তি। বিচক্ষণ ব্যক্তি নিরন্তর পূর্ব্বাস্য হইয়া অর্কমণ্ডলগতা গায়ত্রীকে জপ করত তৎপরে সন্ধ্যোপাসনা করিবেন। ১৪১। আরও লিখিত আছে যে, বিদ্বান্ ব্যক্তি প্রযতভাবে প্রাঙ্মুখে বসিয়া সাবিত্রী জপ করিবেন। সহস্রসংখ্য

---

* দেবাদি শব্দের উল্লেখ করায় ঋষিগণ পিতৃগণ বুঝাইতেছে; অর্থাৎ ভূঃ ঋষীংস্তর্পয়ামি, ভুবঃ ঋষীংস্তর্পয়ামি ইত্যাদি এবং সোমঃ পিতৃমান্‌যমোঽঙ্গিরোঽগ্নিষাত্তাঃ কব্যবাহনাদয়ো যে পিতরস্তান্ পিতৄংস্তর্পয়ামি ইত্যাদিরূপে তর্পণ করিতে হয়।

† ইহা দ্বারা বুঝা যাইতেছে যে, বসনের অঞ্চলভাগ দ্বারা অথবা কেবলমাত্র হস্ত দ্বারা অঙ্গ মার্জ্জন করিবে না।

অনন্যচেতসঃ শান্তা ব্রাহ্মণা বেদপারগাঃ। উপাস্য বিধিবৎ সন্ধ্যাং প্রাপ্তাঃ পূর্ব্বে পরাং গতিং ॥১৪৪॥

অত্র তান্ত্রিকী সন্ধ্যা।

ততঃ সংপূজ্য সলিলে নিজাং শ্রীমন্ত্রদেবতাং। তর্পয়েদ্বিধিনা তস্য তথৈবাবরণানি চ ॥

তথা চ বৌধায়নস্মৃতৌ।—

হবিষাগ্নৌ জলে পুষ্পৈর্ধ্যানেন হৃদয়ে হরিং। অর্চ্চন্তি সূরয়ো নিত্যং জপেন রবিমণ্ডলে ॥

পাদ্মে চ তত্রৈব।—

সূর্য্যে চাভ্যর্হণং শ্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ ॥

অথ তদ্বিধিঃ।

মূলমন্ত্রমথোচ্চার্য্য ধ্যায়ন্ কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজে। শ্রীকৃষ্ণং তর্পয়ামীতি ত্রিঃ সম্যক্ তর্পয়েৎ কৃতী ॥
ধ্যানোদ্দিষ্টস্বরূপায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে। কৃষ্ণায় কামগায়ত্র্যা দদ্যাদর্ঘ্যমনন্তরং ॥ ১৪৫ ॥

অথ কামগায়ত্রী।

শ্রীসনৎকুমারকল্পে।—

আদৌ মন্মথমুদ্ধৃত্য কামদেবপদং বদেৎ। আয়ান্তে বিদ্মহে পুষ্পবাণায়েতি পদং বদেৎ।
ধীমহীতি তথোক্ত্বাথ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ॥ ইতি ॥ ১৪৬ ॥

সহস্রং সহস্রবারজপঃ পরমঃ জপে শ্রেষ্ঠপক্ষো যস্যা ইতি তথাভূতামিত্যর্থঃ ॥ ১৪২ ॥ এবং সন্ধ্যোপাসনস্য বিধিং লিখিত্বা নিত্যতাঞ্চ লিখতি সন্ধ্যাহীন ইতি দ্বাভ্যাং ॥ ১৪৩ ॥ মাহাত্ম্যং লিখতি অনন্যেতি ॥ ১৪৪ ॥

অর্চ্চন্তি অর্চ্চয়ন্তি ॥ ১৪৫ ॥

জপ শ্রেষ্ঠ, শতজপ মধ্যম এবং দশধা গায়ত্রীজপ অধম। ১৪২। আরও কথিত আছে যে, সন্ধ্যা-বিহীন হইলে সেই ব্যক্তি সর্ব্বদাই অপবিত্র, নিত্যনৈমিত্তিকী ক্রিয়ায় তাহার অধিকার নাই এবং সন্ধ্যা না করিয়া অন্য যে কোন কর্ম্ম করা যায়, তাহাই নিষ্ফল হয়। সন্ধ্যোপাসনা না করিয়া যে দ্বিজ অন্য ধর্ম্মক্রিয়ায় প্রয়াস পান, তিনি দেহান্তে অযুতসংখ্য নরকে ভ্রমণ করেন। ১৪৩। অনন্যচেতা, শান্ত, বেদদর্শী, প্রাচীন বিপ্রগণ যথা বিধানে কেবলমাত্র সন্ধ্যার উপাসনা করিয়াই সদ্গতি লাভ করিয়াছেন। ১৪৪।

অতঃপর তান্ত্রিকী সন্ধ্যা।—তৎপরে উৎকৃষ্টরূপে জলমধ্যে স্বীয় মন্ত্র-দেবতার অর্চ্চনা পূর্ব্বক তদীয় আবরণ-দেবগণকেও যথাবিধানে তর্পণ করিবে। বৌধায়নস্মৃতিতে লিখিত আছে যে, জ্ঞানবান্ ব্যক্তি ঘৃত দ্বারা অগ্নিতে, পুষ্প দ্বারা জলে, ধ্যান দ্বারা হৃদয়মন্দিরে এবং জপ দ্বারা আদিত্যমণ্ডলে হরির পূজা করিবেন। পদ্মপুরাণের ব্যাসাম্বরীষসংবাদে লিখিত আছে যে, আদিত্যমণ্ডলে পূজাই শ্রেষ্ঠ; জলমধ্যে জল দ্বারাই পূজা করিতে হয়।

অনন্তর তান্ত্রিকসন্ধ্যাবিধি।—কৃতী ব্যক্তি মূলমন্ত্রোচ্চারণপূর্ব্বক কৃষ্ণপাদপদ্ম চিন্তা করিয়া "শ্রীকৃষ্ণকে তর্পণ করি" বলিয়া বারত্রয় সম্যক্ তর্পণ করিবেন। পরে ধ্যানযোগে যাঁহার স্বরূপো-দ্দেশ করা হইয়াছে, আদিত্যমণ্ডলান্তর্গত সেই কৃষ্ণকে কামগায়ত্রী পাঠ করত অর্ঘ্য দিতে হয়। ১৪৫।

অথার্কমণ্ডলে কৃষ্ণং ধ্যাত্বৈতাং দশধা জপেৎ। ক্ষমস্বেতি তমুদ্বাস্য দত্বার্দর্ঘ্যং বিবস্বতে॥ ১৪৭॥
বিধিস্তান্ত্রিকসন্ধ্যায়া জলেঽর্চ্চায়াশ্চ কশ্চন। যোঽন্যো মন্যেত সোঽপ্যত্র তদ্বিশেষায় লিখ্যতে॥১৪৮॥

অথ মতান্তর-তান্ত্রিকসন্ধ্যাবিধিঃ।

আদৌ দক্ষিণহস্তেন গৃহ্ণীয়াদ্বারি বৈষ্ণবঃ। ততো হৃদয়মন্ত্রেণ বামপাণিতলেঽর্পয়েৎ॥ ১৪৯॥
তদঙ্গুলীবিনির্যাতান্তঃকণৈর্দক্ষপাণিনা। মস্তকে নেত্রমন্ত্রেণ কুর্য্যাৎ সংপ্রোক্ষণং ততঃ॥
শিষ্টং তচ্চাস্ত্রমন্ত্রেণাদায়াম্ভো দক্ষপাণিনা। অধঃক্ষিপেৎ পুনশ্চৈবমিতি বারচতুষ্টয়ং॥ ১৫০॥
পুনর্হৃদয়মন্ত্রেণাদায়াম্ভো দক্ষপাণিনা। নাসাপুটেন বামেনাঘ্রায়ান্যেন বিসর্জ্জয়েৎ॥ ১৫১॥

মন্মথং কামবীজম্ আদৌ বদেৎ, ততঃ কামদেবেতি, তত আয়েতি, তদন্তে বিদ্মহে ইতি, ততঃ পুষ্পবাণায়েতি, ততশ্চ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি বদেদিত্যর্থঃ। ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি ভবতি॥ ১৪৬॥ এতাং কামগায়ত্রীং দশধা দশ বারান্ জপন্ সন্। তং কৃষ্ণং॥ ১৪৭॥

তয়োস্তান্ত্রিকসন্ধ্যাজলার্চ্চয়োর্বিধিবিশেষজ্ঞাপনায়েত্যর্থঃ॥ ১৪৮॥

অর্পয়েৎ ন্যসেৎ তদ্বার্য্যেব॥ ১৪৯॥ তস্য বামপাণেরঙ্গুলিভ্যোবিনির্যাতৈঃ বিনিঃসৃতৈঃ অন্তঃকণৈঃ জলবিন্দুভির্দক্ষেণ দক্ষিণেন পাণিনা। শিষ্টম্ অবশিষ্টং যদ্বামপাণিতলস্থং তৎ। ইতি বারচতুষ্টয়ং কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৫০॥ পুনঃ অম্ভো জলং দক্ষপাণিনা আদায় গৃহীত্বা বামেন নাসাপুটেনাঘ্রায়েতি আঘ্রাণেনান্তর্গতদোষং প্রক্ষাল্য। অন্যেন দক্ষিণেন নাসাপুটেন নিঃসার্য্য বিসৃজেদিত্যর্থঃ॥ ১৫১॥

কামগায়ত্রী।—সনৎকুমারকল্পে লিখিত আছে যে, প্রথমতঃ "ক্লীং" বীজ উচ্চারণ পূর্ব্বক "কামদেব", তৎপরে "আয়", পরে "বিদ্মহে", পরে "পুষ্পবাণায়", তৎপরে "ধীমহি", অনন্তর "তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ" উচ্চারণ করিতে হয়। তাহা হইলেই "ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ" অর্থাৎ কামদেবকে জ্ঞাত হই, পুষ্পশরকে চিন্তা করি, অনঙ্গ আমাদিগের হৃদয়ে সেই পরমাত্মজ্যোতিঃস্বরূপ কৃষ্ণকে প্রকাশিত করুন, এই কামগায়ত্রী হইল। ১৪৬। আদিত্যমণ্ডলে কৃষ্ণকে চিন্তা করিয়া দশধা ঐ কামগায়ত্রী জপ করিবেন। তৎপরে ক্ষমস্ব শব্দে কৃষ্ণকে বিসর্জ্জন করত শেষে সূর্য্যদেবকে অর্ঘ্য দিবেন। ১৪৭। তান্ত্রিকী সন্ধ্যা ও জলে অর্চ্চনাকরণ, ঐ উভয়ের বিশেষবিধি পরিজ্ঞাত করাইবার জন্য, এই স্থানে লিখিত হইতেছে। ১৪৮।

মতান্তরে তান্ত্রিকসন্ধ্যাবিধি।—বৈষ্ণব ব্যক্তি অগ্রে জল লইবেন, তদনন্তর হৃদয়মন্ত্র (নমঃ) পাঠ করিয়া ঐ জল বাম-হস্ততলে প্রদান করিবেন। ১৪৯। তদনন্তর নেত্রমন্ত্র (বৌষট্) পাঠ করিয়া বামকরের অঙ্গুলীমধ্য দিয়া নির্গত সলিলকণা-সমূহ দক্ষিণ কর দ্বারা শিরঃপ্রদেশে প্রোক্ষণ করিবেন। অবশিষ্ট জল অস্ত্রমন্ত্রোচ্চারণ (ফট্) সহকারে দক্ষিণ কর দ্বারা নিম্নে ফেলিয়া দিবেন। পুনরায়ও ঐরূপ করিবেন, এইপ্রকার চারিবার করিতে হয়। ১৫০।

অথাম্ভোঽঞ্জলিমাদায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে। অর্ঘ্যং গোপালগায়ত্র্যা কৃষ্ণায় ত্রির্নিবেদয়েৎ॥

সা চোক্তা।

ক্রয়াদ্‌গোপীজনং ঙেঽন্তং বিদ্মহে ইত্যতঃ পরং। পুনর্গোপীজনং তদ্বদ্ধীমহীতি ততঃ পরং।
তন্নঃ কৃষ্ণ ইতি প্রান্তে প্রপূর্ব্বং চোদয়াদিতি॥ ১৫২॥

মূর্দ্ধি ন্যসেৎ তদঙ্গানি ললাটে নেত্রয়োর্দ্বয়োঃ।
ভুজয়োঃ পাদয়োশ্চৈব সর্ব্বাঙ্গেষু তথা ক্রমাৎ॥ ১৫৩॥

তানি চোক্তানি।—

পঞ্চভিশ্চ ত্রিভিশ্চৈব পঞ্চভিশ্চ ত্রিভিঃ পুনঃ।
চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ কুর্য্যাদঙ্গানি বর্ণকৈঃ॥ ইতি॥ ১৫৪॥
রাসক্রীড়ারতং কৃষ্ণং ধ্যাত্বা চাদিত্যমণ্ডলে।
তৎ-সম্মুখোৎক্ষিপ্তভুজো গায়ত্রীং তাং জপেৎ ক্ষণং॥ ১৫৫॥

ঙে ইতি চতুর্থ্যেকবচনম্ অন্তে যস্য তং গোপীজনং। তদ্বচ্চতুর্থ্যন্তমিত্যর্থঃ। প্রান্তে সর্ব্বশেষে প্রশব্দপূর্ব্বকং চোদয়াদিতি ব্রুয়াৎ; ততশ্চৈবং স্যাৎ। গোপীজনায় বিদ্মহে গোপীজনায় ধীমহি তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াদিতি॥১৫২॥ অস্যা গোপালগায়ত্র্যাঃ অঙ্গানি ষট্ মূর্দ্ধাদিষট্‌স্থানেষু ক্রমান্ন্যসেদিত্যর্থঃ॥ ১৫৩॥ অঙ্গান্যেব বিভজ্য দর্শয়তি পঞ্চভিরিতি। বর্ণকৈর্বর্ণৈঃ স্বার্থে কঃ॥ ১৫৪॥ তস্য আদিত্যমণ্ডলস্য সংমুখে অভিমুখে উৎক্ষিপ্তৌ ভুজৌ যেন তথাভূতঃ সন্॥ ১৫৫॥

পুনরায় হৃদয়মন্ত্রোচ্চারণ সহকারে দক্ষিণ করে জল গ্রহণ করিয়া বাম নাসিকারন্ধ্র দ্বারা আকর্ষণ করত দক্ষিণ নাসারন্ধ্র দ্বারা ত্যাগ করিতে হয়। ১৫১। পরে জলাঞ্জলি লইয়া গোপালগায়ত্রী পাঠ করত আদিত্যমণ্ডলান্তর্গত কৃষ্ণকে বারত্রয় অর্ঘ্য প্রদান করিবে।

গোপালগায়ত্রী।—চতুর্থীবিভক্ত্যন্ত "গোপীজন" শব্দ উচ্চারণ করিয়া "বিদ্মহে", পরে পুনর্ব্বার চতুর্থীবিভক্ত্যন্ত "গোপীজন", অনন্তর "ধীমহি", অবশেষে "তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াৎ", উচ্চারণ করিবে। তাহা হইলেই "গোপীজনায় বিদ্মহে গোপীজনায় ধীমহি তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াৎ" এই গোপালগায়ত্রী হইল; অর্থাৎ আমরা গোপীজনকে জ্ঞাত হই, গোপীজনকে ধ্যান করি, কৃষ্ণ আমাদিগের হৃদয়ে পরমতত্ত্ব প্রেরণ করুন্। ১৫২। তদনন্তর যথাক্রমে গোপালগায়ত্রীর অঙ্গসমূহকে অর্থাৎ ষড়ঙ্গকে স্বীয় শিরঃ, ললাট, নেত্রদ্বয়, বাহুদ্বয়, পদদ্বয় ও সর্ব্বাঙ্গ এই ছয় অঙ্গে ন্যাস করিবে। ১৫৩। গোপালগায়ত্রীর ষড়ঙ্গ যথা,—পাঁচ তিন, পুনর্ব্বার পাঁচ তিন, তদনন্তর চারি চারি বর্ণে অঙ্গ কল্পনা করিতে হয় অর্থাৎ পঞ্চবর্ণ "গোপীজনায়", বর্ণত্রয় "বিদ্মহে", পুনর্ব্বার পঞ্চবর্ণ "গোপীজনায়", বর্ণত্রয় "ধীমহি", চারিবর্ণ "তন্নঃ কৃষ্ণঃ" পরে বর্ণচতুষ্টয় "প্রচোদয়াৎ"। ন্যাসের ক্রম যথা—শিরঃপ্রদেশে "গোপীজনায়", ললাটে "বিদ্মহে," নেত্রদ্বয়ে "গোপীজনায়", বাহুযুগলে "ধীমহি", পদযুগলে "তন্নঃ কৃষ্ণঃ" আর সর্ব্বাঙ্গে "প্রচোদয়াৎ" এই প্রকারে ন্যাস করিতে হয়। ১৫৪। তৎপরে আদিত্যমণ্ডলে রাসক্রীড়ারত কৃষ্ণকে চিন্তা করিয়া তাঁহার সম্মুখে বাহুদ্বয় উত্তোলন পূর্ব্বক কিয়ৎক্ষণ ঐ গায়ত্রী জপ করিবে। ১৫৫

অথ তত্র জলে শ্রীভগবৎ-পূজাবিধিঃ।

অঙ্গন্যাসং স্বমন্ত্রেণ কৃত্বাথাব্জং জলান্তরে। সঞ্চিন্ত্য পীঠমন্ত্রেণ তর্পয়েচ্চ সকৃৎ সকৃৎ।
তস্মিংশ্চ কৃষ্ণমাবাহ্য সকলীকৃত্য মানসান্। পঞ্চোপচারান্ দত্ত্বাপ্সু ধেনুমুদ্রাং প্রদর্শয়েৎ ॥১৫৬॥
তজ্জলং চামৃতং ধ্যাত্বা স্বমন্ত্রেণাভিমন্ত্র্য চ। অষ্টোত্তরশতং কৃষ্ণোত্তমাঙ্গে তর্পয়েৎ কৃতী॥
ততশ্চ মূলমন্ত্রেণ বারান্ বৈ পঞ্চবিংশতিং। অভিজপ্তেনোদকেনাচমনং বিধিনাচরেৎ॥১৫৭॥

অথ বিশেষতো দেবাদিতর্পণং।

পাদ্মে তত্রৈব।—

ব্রহ্মাণং তর্পয়েৎ পূর্ব্বং বিষ্ণুং রুদ্রং প্রজাপতিং। দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ॥
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপকর্ম্মরতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতৎ দীয়তে সলিলং ময়া॥
কৃতোপবীতী দৈবে তু নিবীতী চ ভবেন্নরঃ। মানুষাংস্তর্পয়েদ্ভক্ত্যা ঋষিপুত্রান্ ঋষীংস্তথা॥
ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥ মরীচিমত্র্যাঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুং।
প্রচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ। দেব-ব্রহ্মঋষীন্ সর্ব্বাংস্তর্পয়েদক্ষতোদকৈঃ॥
অপসব্যং ততঃ কুর্য্যাৎ সব্যং জানু চ ভূতলে। অগ্নিষ্বাত্তাস্তথা সৌম্যা বর্হিষদস্তথোষ্মপাঃ।

এতস্মিন্ অব্জে মানসান্ মনঃকল্পিতান্ গন্ধাদীন্ পঞ্চোপচারান্॥ ১৫৬॥ অমৃতরূপং চিন্তয়িত্বা। কৃতীত্যনেন আবরণতর্পণাদিকমুদ্বাসনঞ্চ পূর্ব্বানুসারেণ কুর্য্যাদেবেতি বোধ্যতে॥১৫৭॥

অনন্তর জলে ভগবৎ-পূজাবিধি।—স্বীয় ইষ্টমন্ত্র দ্বারা অঙ্গন্যাস পূর্ব্বক সলিলমধ্যে পদ্ম ভাবনা করিয়া পীঠমন্ত্রোচ্চারণ সহকারে এক একবার তর্পণ করিবে। তদনন্তর ঐ কমলমধ্যে শ্রীকৃষ্ণের আবাহন পূর্ব্বক ছয় অঙ্গে ষড়ঙ্গ ন্যাস করত মনঃকল্পিত গন্ধাদি উপচারপঞ্চকে সলিলে তর্পণ করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন করিবে। ১৫৬। * কৃতিব্যক্তি সেই জলকে অমৃত চিন্তা পূর্ব্বক তদুপরি নিজ ইষ্টমন্ত্র জপ করত কৃষ্ণের মস্তকদেশে অষ্টাধিকশতবার তর্পণ করিবে। তৎপরে জলের উপরিভাগে মূলমন্ত্র পঞ্চবিংশতিবার জপ করত তজ্জল দ্বারা পূর্ব্বকথিত বিধানে আচমন করিবে। এ স্থলে কৃতী শব্দ প্রয়োগ করায় বুঝা যাইতেছে যে, আদিত্যমণ্ডলে আরাধনা করিতে হইলে যে প্রকার করা কর্ত্তব্য, সেই প্রকারে আবরণ-তর্পণাদি ও বিসর্জ্জন করিবে। ১৫৭।

অতঃপর বিশেষ প্রকারে দেবতাদি-তর্পণ।—পদ্মপুরাণে ব্যাস ও অম্বরীষসংবাদে লিখিত আছে যে, অগ্রে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ও প্রজাপতির তর্পণ করিয়া তদনন্তর যক্ষগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, অসুরগণ, ক্রূরসর্পগণ, সুপর্ণগণ, তরুগণ, কুটিলগতি জীবগণ, বিহঙ্গগণ, বিদ্যাধরগণ, জলাধারগণ, আকাশগামিগণ, নিরাহারিগণ ও যাহারা পাপক্রিয়ায় রত, আমি তাহাদিগের তৃপ্তিবিধানার্থ এই জল প্রদান করিলাম। দেব-তর্পণে যজ্ঞসূত্রাদি দ্বারা বামস্কন্ধে উত্তরীয়

---

* ধেনুমুদ্রা।—হস্তদ্বয়ের কনিষ্ঠা ও অনামা এবং তর্জ্জনী ও মধ্যমা এই অঙ্গুলীচতুষ্টয়কে পরস্পর মুখে মুখে লগ্ন করিবে

কব্যানলৌ বর্হিষদস্তথা চৈবাজ্যপাঃ পুনঃ। তর্পয়েৎ পিতৃভক্ত্যা চ সতিলোদকচন্দনৈঃ॥
যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥
দর্ভপাণিঃ সুপ্রয়তঃ পিতৃন্ স্বান্ তর্পয়েত্ততঃ॥ পিত্রাদীন্ নামগোত্রেণ তথা মাতামহানপি।
সন্তর্প্য বিধিনা সর্ব্বান্ ইমং মন্ত্রমুদীরয়েৎ॥ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু চে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥ ইতি॥ ১৫৮॥

সন্ধ্যোপাসনতঃ পূর্ব্বং কেচিদ্দেবাদিতর্পণং।
মন্যন্তে সকৃদেবেদং পুরাণোক্তানুসারতঃ॥ ১৫৯॥

তথা চ পাদ্মে। স্নানে মৃদ্‌গ্রহণান্তরং।—
এবং স্নাত্বা ততঃ পশ্চাদাচম্য সুবিধানতঃ। উত্থায় বাসসী শুক্লে শুদ্ধে তু পরিধায় বৈ।
ততস্তু তর্পণং কুর্য্যাৎ ত্রৈলোক্যাপ্যায়নায় বৈ॥ ১৬০॥

ইদং তত্তনামভির্বিশেষতো দেবাদিতর্পণং। তচ্চ সকৃদেব মন্যন্তে ন তু সামান্যবিশেষাভ্যাং বারদ্বয়মিত্যর্থঃ। কুতঃ পুরাণাদি পাদ্মকৌর্ম্মাদীনি তদুক্তানুসারাৎ॥ ১৫৮-১৫৯॥ ততস্তু তর্পণং কুর্য্যাদিতি সামান্যতস্তর্পণং ন স্যাৎ তন্নিরস্তমেব ব্রহ্মাণম্ ইত্যাদিবিশেষোক্তেঃ। তথা কৌর্ম্মেঽপি, স্নাত্বা সন্তর্পয়েদ্দেবান্ ঋষীন্ পিতৃগণাংস্তথা। আচম্য মন্ত্রবন্নিত্যং পুনরাচম্য বাগ্‌যতঃ। সংমার্জ্য

ধারণ এবং অন্যতর্পণাদি কর্ম্মে কণ্ঠলম্বিত উত্তরীয় ধারণ করিবে। ভক্তিমান্ হইয়া মনুষ্য, ঋষিপুত্র ও ঋষিগণেরও তর্পণ করিবে। অনন্তর সনক, সনন্দ, তৃতীয় সনাতন, কপিল, আসুরি, বোঢ়ু ও পঞ্চশিখ ইহাঁরা সতত সলিল দ্বারা তুষ্টি লাভ করুন্, বলিয়া তর্পণ করিবে। পরে যবোদক দ্বারা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু ও নারদ এবং দেবর্ষিগণ ও ব্রহ্মর্ষিবর্গের তর্পণ করিবে। অনন্তর দক্ষিণস্কন্ধে উপবীত রাখিয়া বামজানু ভূতলে পাতিয়া তিলসমন্বিত জল ও চন্দন দ্বারা পিতৃভক্তি অনুসারে অগ্নিষ্বাত্ত, সৌম্য, বর্হিষ্মান্, উষ্মপ, কব্যানল, বর্হিষদ্ ও আজ্যপনামা পিতৃগণের তর্পণ করিতে হয়। পরে যম, ধর্ম্মরাজ, মৃত্যু, অন্তক, বৈবস্বত, কাল, সর্ব্বভূতক্ষয়, ঔডুম্বর, দধ্ন, নীল, পরমেষ্ঠী, বৃকোদর, চিত্র ও চিত্রগুপ্ত এই সমস্তকে তর্পণ করিবে। তৎপরে সযত্নে দর্ভপাণি হইয়া নিজ পিতৃগণের তর্পণ করিবে। পিতৃপ্রভৃতির ও মাতামহাদির নাম-গোত্র উল্লেখ করত যথাবিধি তর্পণান্তে (বক্ষ্যমাণ) এই মন্ত্র পাঠ করিবে। "যাঁহারা অবান্ধব, বান্ধব ও যাঁহারা জন্মান্তরে বান্ধব ছিলেন এবং যাঁহারা মৎসকাশে জললাভের ইচ্ছা করেন, তাঁহারা সর্ব্বথা তৃপ্তিলাভ করুন্।" ১৫৮। কূর্ম্মপুরাণের ও পদ্মপুরাণের প্রমাণানুসারে কোন কোন বিদ্বান্ সন্ধ্যোপাসনার অগ্রে একবারমাত্র এই দেবাদির তর্পণের ব্যবস্থা দিয়া থাকেন। ১৫৯। অতএব পদ্মপুরাণে লিখিত আছে যে, স্নানবিষয়ে মৃত্তিকাগ্রহণের পর এইরূপ করিবে যথা,—এইরূপ স্নানান্তে তর্পণ ও তৎপরে যথাবিধি আচমন পূর্ব্বক জল হইতে উঠিয়া বিশুদ্ধ শুভ্র বসন ও উত্তরীয় ধারণ

অতএব শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং।—

নিষ্পীড়য়িত্বা বস্ত্রন্তু পশ্চাৎ সন্ধ্যাং সমাচরেৎ ।
অন্যথা কুরুতে যস্থ স্নানং তস্যাফলং ভবেৎ ॥ ১৬১ ॥

কিঞ্চ।—

বস্ত্রং ত্রিগুণিতং যস্থ নিষ্পীড়য়তি মূঢ়ধীঃ। বৃথা স্নানং ভবেত্তস্য নিষ্পীড়য়তি চাম্বুনি ॥ ১৬২ ॥

অথ স্নানাদৌ সদ্ভাবাপেক্ষা।

কাশীখণ্ডে।—

অপি সর্ব্বনদীতোয়ৈর্মৃৎকূটৈশ্চাথ গোরসৈঃ। আপাতমাচরেচ্ছৌচং ভাবদুষ্টো ন শুদ্ধিভাক্ ॥
নক্তংদিনং নিমজ্জ্যাপ্সু কৈবর্ত্তাঃ কিমু পাবনাঃ।
শতশোঽপি তথা স্নাতা ন শুদ্ধা ভাবদূষিতাঃ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসংবাদে।—

পুণ্যেন গাঙ্গেন জলেন কালে, দেশেঽপি যঃ স্নানপরঃ কথঞ্চিৎ।
আ জন্মনো ভাবহতোঽপি দাতা, ন শুধ্যতীত্যেব মতং মমৈতৎ ॥
প্রজ্বাল্য বহ্নিং ঘৃতভৈলসিক্তং, প্রদক্ষিণাবর্ত্তশিখং স্বকালে।
প্রবিশ্য দগ্ধঃ কিল ভাবদুষ্টো, ন স্বর্গমাপ্নোতি ফলং ন চান্যৎ ॥ ১৬৩ ॥

মন্ত্রৈরাত্মানং কুশৈঃ সোদকবিন্দুভিঃ। আপোহিষ্ঠা-ব্যাহৃতিভিঃ সাবিত্র্যা বারুণৈঃ শুভৈঃ। ওঁকারব্যাহৃতিযুতাং গায়ত্রীং বেদমাতরং। জপ্ত্বা জলাঞ্জলিং দদ্যাৎ ভাস্করং প্রতি তন্মনা ইতি। ভাস্করোপস্থানঞ্চ সন্ধ্যোপাসনানন্তরম্ অথোপতিষ্ঠেদাদিত্যমুদয়ন্তং সমাহিত ইত্যাদিনা তত্রৈবোক্তমস্তি। এবং মতভেদঃ শাখাদিভেদেনোক্তঃ ॥ ১৬০ ॥ নিষ্পীড়য়িত্বেত্যার্থং নিষ্পীড্য ॥ ১৬১ ॥ প্রসঙ্গাদ্বস্ত্রনিষ্পীড়নে বিধিবিশেষং শ্রীরামার্চ্চনচন্দ্রিকোক্তমেব লিখতি বস্ত্রমিতি ॥ ১৬২ ॥

করত ত্রিভুবন-তৃপ্ত্যর্থ তর্পণ করিবে। ১৬০। এইরূপ রামার্চ্চন-চন্দ্রিকায় ব্যক্ত আছে যে, প্রথমে বস্ত্র নিষ্পীড়ন করত পরে সন্ধ্যোপাসনা করিবে। ইহার অন্যথা করিলে স্নান নিষ্ফল হইয়া যায়। ১৬১। আরও লিখিত আছে যে, যে মূর্খ বস্ত্রকে তিন ভাঁজ করিয়া একত্র নিষ্পীড়ন করে কিংবা সলিলাভ্যন্তরে নিষ্পীড়ন করে, তাহার স্নান বিফল হইয়া যায়। ১৬২।

স্নানাদিতে সদ্ভাবাপেক্ষা অর্থাৎ বিশ্বাস।—কাশীখণ্ডে লিখিত আছে যে, যে ব্যক্তি নাস্তিক, সে আমরণ নিখিল নদীর জল, মৃত্তিকারাশি ও গোময় দ্বারা শৌচবিধান করিলেও শুদ্ধ হইতে সমর্থ হয় না। কৈবর্ত্তেরা অহর্নিশ জলে মজ্জন করিতেছে, তাহাতেই কি তাহারা বিশুদ্ধ হইবে? তদ্রূপ নাস্তিকেরা শত শত বার স্নান করিলেও পবিত্র হইতে পারে না। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে নারদাম্বরীষসংবাদে লিখিত আছে, যে ব্যক্তি আজন্ম নাস্তিক, সে পবিত্র সময়ে পুণ্যক্ষেত্রে বিশুদ্ধ জাহ্নবীসলিলে স্নান পূর্ব্বক দানশীল হইলেও বিশুদ্ধি লাভ করিতে পারে না, ইহাই আমার মত। নাস্তিক ব্যক্তি স্বীয় আসন্নকালে ঘৃত-তৈলসিক্ত বহ্নি

অতএব ভবিষ্যোত্তরে।—

যস্য হস্তৌ চ পাদৌ চ বাঙ্মনশ্চ সুসংযতং। বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমাপ্নুয়াৎ॥

অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ।

হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে ন তীর্থফলভাগিনঃ॥ ১৬৪॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শৌচীয়ো নাম তৃতীয়ো বিলাসঃ॥ ৩॥

আপাতং মরণপর্য্যন্তমাচরন্নপি। ভাবদুষ্টো নাস্তিক ইত্যর্থঃ॥ ১৬৩॥ যস্যেতি হস্তাদি-সংযমেন তীর্থে পাপানুৎপত্তেঃ বিদ্যাদিনা চ শ্রদ্ধাবিশেষাদ্যুৎপত্তের্যথোক্তফললাভঃ স্যাদিত্যর্থঃ॥ ১৬৪॥

ইতি তৃতীয়বিলাসঃ॥ ৩॥

প্রজ্বলিত করিয়া তৎ-শিখা প্রদক্ষিণ পূর্ব্বক তন্মধ্যে প্রবেশ করত দগ্ধ হইলেও স্বর্গলাভে সমর্থ হয় না এবং অন্য কোনরূপ ফল প্রাপ্ত হয় না। ১৬৩। ভবিষ্যপুরাণের উত্তরভাগে লিখিত আছে যে, যে ব্যক্তির কর, চরণ, বচন ও মন সম্যক্ বশীকৃত এবং যে সকল ব্যক্তির বিদ্যা, তপঃ ও কীর্ত্তি আছে, তিনিই তীর্থফল লাভ করেন। শ্রদ্ধারহিত, পাপী, নাস্তিক, সন্দিগ্ধচিত্ত ও কুতর্কনিষ্ঠ এই পঞ্চবিধ ব্যক্তি তীর্থফলভাগী হইতে পারে না। ১৬৪।

ইতি তৃতীয় বিলাস সমাপ্ত। ৩।

চতুর্থবিলাসঃ।

স্নাত্বা শ্রীকৃষ্ণচৈতন্যনামতীর্থোত্তমে সকৃৎ। নিত্যাশুচিঃ শুচীন্দ্রঃ সন্ স্বধর্ম্মং বক্তুমর্হতি ॥১॥

অথ স্বগৃহমাগচ্ছেদাদৌ নত্বেষ্টদেবতাং। গুরূন্ জ্যেষ্ঠাংশ্চ পুষ্পৈধঃকুশাম্ভোধারকেতরান্ ॥

তথা চ নৃসিংহপুরাণে।—

জলে দেবং নমস্কৃত্য ততো গচ্ছেদ্‌গৃহং পুমান্। পৌরুষেণ তু সূক্তেন ততো বিষ্ণুং সমর্চ্চয়েৎ ॥

অথ শ্রীভগবন্মন্দিরসংস্কারঃ।

মন্দিরং মার্জ্জয়েদ্বিষ্ণোর্বিধায়াচমনাদিকং। কৃষ্ণং পশ্যন্ কীর্ত্তয়ংশ্চ দাস্যেনাত্মানমর্পয়েৎ ॥২॥

শুদ্ধং গোময়মাদায় ততো মৃৎস্নাং জলং তথা।

ভক্ত্যা তং পরিতো লিম্পেদভ্যুক্ষেচ্চ তদঙ্গনং ॥৩॥

তথা চ নবমস্কন্ধে শ্রীমদম্বরীষোপাখ্যানে।—

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োর্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।

করৌ হরের্মন্দিরমার্জনাদিষু, শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥৪॥

এতাদৃশস্নানাদপি ভগবন্নামসেবনমেব পরমশোধনমিত্যভিপ্রেত্য তেন চানধিকারিণোঽপ্যাত্মনো ভগবদ্ধর্ম্মলিখনে যোগ্যতাং সম্ভাবয়ন্ লিখতি স্নাত্বেতি। শ্রীকৃষ্ণচৈতন্যেতি নামৈব তীর্থোত্তমং তস্মিন্ সকৃদপি স্নাত্বা কদাচিত্তৎ সেবিত্বেত্যর্থঃ। নিত্যাশুচিঃ জাত্যাদিনা পরমাপবিত্রোঽপি জনঃ শুচিগণশ্রেষ্ঠঃ সন্ বক্তুমর্হতি প্রবচনযোগ্যো ভবতীত্যর্থঃ ॥১॥ এধঃ কাষ্ঠং। পুষ্পাদীনাং ধারকেভ্যঃ ইতরান্ অন্যান্। তথা চ বৃহন্নারদীয়ে সদাচারপ্রসঙ্গে।—তথা স্নানং প্রকুর্ব্বন্তং সমিৎ-পুষ্পহরং তথা। উদপাত্রধরঞ্চৈব ভুঞ্জন্তং নাভিবাদয়েদিতি ॥২॥

তৎ বিষ্ণুমন্দিরং। তস্যাঙ্গনং অভ্যুক্ষেচ্চ ॥৩॥ আদিশব্দেন উপলেপনাদীনি। শ্রুতিং শ্রোত্রং।

নিত্য অশুচি ব্যক্তিও শ্রীকৃষ্ণচৈতন্যনামরূপ তীর্থোত্তমে একবারমাত্র স্নান পূর্ব্বক পবিত্রতম হইয়া স্বধর্ম্মকথনে যোগ্য হইয়া থাকে। ১। তৎপরে স্নানাদি সমাধানান্তে আদৌ অভীষ্টদেবকে এবং যাঁহারা অর্চ্চনার্থ কুসুম, যজ্ঞার্থ কাষ্ঠ, ফুল ও ফল আনয়ন করিতেছেন, তদ্ভিন্ন অপরাপর গুরুজনকে ও জ্যেষ্ঠগণকে নমস্কার করিয়া স্বগৃহে আগমন করিবে। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, মানব সলিলমধ্যে দেবতাকে প্রণাম পূর্ব্বক তৎপরে গৃহে প্রত্যাবৃত্ত হইবে। তদনন্তর পুরুষসূক্ত-মন্ত্রে বিষ্ণুর অর্চ্চনা করিবে।

অতঃপর ভগবন্মন্দির-সংস্কার।—আচমন প্রভৃতি করত বিষ্ণুমন্দির মার্জ্জনা করিয়া কৃষ্ণদর্শন ও তন্নাম কীর্ত্তন করিতে করিতে দাস্যভাবে আত্মার্পণ করিতে হয়। ২। তদনন্তর পবিত্র গোময়,অত্যুত্তম মৃত্তিকা ও জল গ্রহণ পূর্ব্বক বিষ্ণুমন্দিরের সর্ব্বাংশে লেপন করত প্রাঙ্গণ দেশ অভ্যুক্ষণ করিবে। ৩। শ্রীমদ্ভাগবতের নবমস্কন্ধে অম্বরীষোপাখ্যানে লিখিত আছে যে,

একাদশস্কন্ধে চ শ্রীভগবদুদ্ধবসংবাদে ভগবদ্ধর্ম্মকথনে।—

সংমার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ। গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্যদমায়য়া॥ ৫॥

অথ তত্র সংমার্জনমাহাত্ম্যং।

নরসিংহগৃহে নিত্যং যঃ সংমার্জনমাচরেৎ। সমস্তপাপনির্ম্মুক্তো বিষ্ণুলোকে স মোদতে॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

সংমার্জ্জনন্তু যঃ কুর্য্যাৎ পুরুষঃ কেশবালয়ে। রজস্তমোভ্যাং নির্ম্মুক্তঃ সঃ ভবেন্নাত্র সংশয়ঃ॥

পাংশূনাং যাবতাং রাজন্ কুর্য্যাৎ সংমার্জনং নরঃ। তাবন্ত্যব্দানি স সুখী নাকমাসাদ্য মোদতে॥

বারাহে।—

যাবৎকানি প্রহারাণি ভূমিসম্মার্জ্জনে দদুঃ। তাবদ্বর্ষসহস্রাণি শাকদ্বীপে মহীয়তে॥ ৬॥

জায়তে মম ভক্তশ্চ সর্ব্বধর্ম্মসমন্বিতঃ। শুচির্ভাগবতঃ শুদ্ধো হ্যপরাধবিবর্জিতঃ॥

ততো ভুক্ত্বা সর্ব্বভোগান্ তীর্ত্বা সংসারসাগরং। শাকদ্বীপাৎ পরিভ্রষ্টঃ স্বর্গলোকং স গচ্ছতি॥

নন্দনং বনমাশ্রিত্য মোদতে চাপ্সরৈঃ সহ। নন্দনাচ্চ পরিভ্রষ্টো মম কর্ম্মব্যবস্থিতঃ।

সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য মম লোকন্তু গচ্ছতি॥ ৭॥

অচ্যুতস্য সৎকথানাম্ উদয়ে শ্রবণে প্রাদুর্ভাবে বা চকার॥৪॥ সংমার্জ্জনং রজসোঽপাকরণং। উপলেপঃ গোময়োদকাদিভিরালেপনং। সেকঃ তৈরেব প্রোক্ষণং। মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদি-রচনং। যথা মহ্যং মম গৃহশুশ্রূষণং আলয়সংস্কারঃ॥ ৫॥

যাবৎকানি প্রহারাণি নপুংসকত্বমার্ষং, যাবতঃ সংমার্জ্জন্যা প্রহারান্। ভূমেঃ সংমার্জ্জনে। হে ভূমীতি পৃথক্ পদং বা॥ ৬॥ মম কর্ম্মব্যবস্থিতঃ মদ্ভক্তিনিষ্ঠঃ সন্নিত্যর্থঃ॥ ৭॥

রাজশ্রেষ্ঠ অম্বরীষ শ্রীকৃষ্ণপাদপদ্মে চিত্তার্পণ করিয়াছিলেন, বৈকুণ্ঠ-গুণকীর্ত্তনে বচনাবলী নিযুক্ত করিয়াছিলেন, বিষ্ণুমন্দিরমার্জ্জনাদিতে হস্তদ্বয় নিযুক্ত রাখিয়াছিলেন আর গোবিন্দের সৎকথা আকর্ণনে শ্রুতিদ্বয় ব্যাপৃত রাখিয়াছিলেন। ৪। ঐ ভাগবতের একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে ভগবদ্ধর্ম্মকথনে বর্ণিত আছে যে, ভগবান্ স্বয়ং বলিয়াছিলেন, সম্মার্জ্জন, গোময়াদি দ্বারা উপলেপন, জলসেক ও জল দ্বারা অভ্যুক্ষণ, সর্ব্বতোভদ্রাদি-মণ্ডলরচন, এই সমস্ত কার্য্য দ্বারা দাসবৎ নিষ্কপটভাবে মদীয় গৃহশুশ্রূষা করা কর্ত্তব্য। ৫।

অনন্তর সম্মার্জ্জনমাহাত্ম্য।—নৃসিংহপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি প্রত্যহ নৃসিংহদেবের মন্দির মার্জ্জন করেন, তিনি সর্ব্বপাপে মুক্ত হইয়া হরিধামে আনন্দ ভোগ করেন। বিষ্ণু-ধর্ম্মোত্তরে লিখিত আছে যে, যিনি কেশবমন্দির সম্মার্জ্জন করেন, তিনি রজস্তমোবিমুক্ত হইয়া থাকেন সন্দেহ নাই। হে নৃপতে! মানব যে পরিমাণে (মন্দিরের) ধূলি সম্মার্জ্জন করে, ততসংখ্যক বৎসর সেই ব্যক্তি সুখী হইয়া স্বর্গলোকে আনন্দ ভোগ করে। বরাহপুরাণে লিখিত আছে, ভগবান্ ধরণীকে বলিয়াছিলেন, হে পৃথ্বি! (হরমন্দিরের) ভূমি মার্জ্জনে মার্জ্জনী দ্বারা যতসংখ্য আঘাত করা যায়, তত সহস্র বর্ষ মার্জ্জনকারী শাকদ্বীপে আনন্দভোগ করেন।৬।

আলয়োপলেপনমাহাত্ম্যং।

তত্রৈব।—গোময়ং গৃহ্য বৈ ভূমি মম বেশ্মোপলেপয়েৎ। যাবতস্তু পদাংস্তত্র সমন্তাদুপলেপয়েৎ।
তাবদ্বর্ষসহস্রাণি মদ্ভক্তো জায়তে তথা। সমীপে যদি বা দূরে যশ্চালয়তি গোময়ং।
যাবত্তস্য পদাগ্রাণি তাবৎ স্বর্গে মহীয়তে॥ ৮॥
শাল্মলৌ তৎপরিভ্রষ্টো রাজা ভবতি ধার্ম্মিকঃ। মদ্ভক্তশ্চৈব জায়েত সর্ব্বশাস্ত্রবিশারদঃ॥
যশ্চালেপয়তে ভূমিং গোময়েন দৃঢ়ব্রতঃ। তস্য দৃষ্ট্বানুলেপন্তু মম তুষ্টিঃ প্রজায়তে॥ ৯।
গোশ্চ যস্যাঃ পুরীষেণ ক্রিয়তে ভূমিলেপনং। একেনৈব তু লেপেন গোযোন্যা বিপ্রমুচ্যতে॥১০॥
স্থানোপলেপনে ভূমে সলিলং যো দদাতি মে। তস্য পুণ্যং মহাভাগে শৃণু তত্ত্বেন নিষ্কলং॥১১॥
যাবন্তি জলবিন্দূনি লিপ্যমানস্য সুন্দরি। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে॥
যাবন্তো বিন্দবঃ কেচিৎ পানীয়স্য বসুন্ধরে। তাবদ্বর্ষসহস্রাণি ক্রৌঞ্চদ্বীপে মহীয়তে॥ ১২॥

গৃহ্য গৃহীত্বা। যাবতঃ পদানিতি পুংস্ত্বমার্ষং॥৮॥ তস্মাৎ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্॥৯॥ সা গৌর্বিশেষেণ প্রকর্ষেণ চ মুচ্যতে, গোলোকং যাতীত্যর্থঃ॥১০॥ নিষ্কলং শুদ্ধং॥১১॥ যাবন্তি জলবিন্দূনীতি নপুংসকত্বমার্ষং। স্থানস্য লিপ্যমানস্য সতঃ যত্র যাবন্তো জলবিন্দবো ভবন্তীত্যর্থঃ॥১২॥

তদনন্তর মদীয় ভক্তরূপে দেহ ধারণ করিয়া সর্ব্বধর্ম্মশীল, পবিত্র, ভগবৎপ্রিয়, শুদ্ধ ও নিরপরাধী হয়েন। অবশেষে সেই ব্যক্তি নিখিল ভোগ সম্ভোগ করত ভবসাগর হইতে উত্তীর্ণ হইয়া শাকদ্বীপ হইতে পরিভ্রষ্ট হন এবং সুরপুরে প্রস্থান করিয়া থাকেন। তদনন্তর স্বর্গে নন্দনকাননে অবস্থিতি করত অপ্সরোবর্গের সহিত আনন্দভোগ করেন, তৎপরে তথা হইতে পরিভ্রষ্ট হইয়া মদ্ভক্তিতে নিষ্ঠা লাভ করত সর্ব্ববিষয়ে অনাসক্ত হইয়া মদীয় ধামে প্রস্থিত হন। ৭।

অতঃপর বিষ্ণুমন্দির-লেপন-মাহাত্ম্য।—ঐ বরাহপুরাণেই লিখিত আছে, ভগবান্ পৃথিবীকে বলিয়াছিলেন, হে ধরণি! গোময় লইয়া মদীয় আলয় লেপন করিবে। মন্দিরের চারিদিকে যত পাদ লেপন করিবে, তত সহস্রবর্ষ মদ্ভক্তিনিষ্ঠ হইয়া থাকিবে। নিকটে হউক অথবা দূরেই হউক, যে ব্যক্তি গোময় দ্বারা উপলেপ প্রদান করেন, তৎকার্য্যকরণকালে তাহার পদের যত অগ্রভাগ নিপতিত হইবে, তৎসংখ্য বর্ষ তিনি সুরপুরে আনন্দভোগ করেন। ৮। তদনন্তর স্বর্গভ্রষ্ট হইয়া শাল্মলিদ্বীপে ধর্ম্মনিষ্ঠ নৃপতিরূপে মদ্ভক্ত হওত সর্ব্বশাস্ত্রবিশারদ হইবেন। যে ব্যক্তি একান্ত ব্রতনিষ্ঠ হইয়া, গোময় দ্বারা আমার মন্দিরগত ভূমি লেপন করেন, তদীয় সেই কার্য্য দেখিয়া আমার পরম প্রীতিসঞ্চার হয়। ৯। যে গোর গোময় দ্বারা ভূমি লেপন করা হয়, বারেকমাত্র লেপনেই সেই গো গোযোনি হইতে মুক্ত হইয়া থাকে।১০। হে ধরণি! হে ভাগ্যশীলে! যে ব্যক্তি মদীয় আলয় লেপনার্থ জল প্রদান করে,তাহার পবিত্র পুণ্যের কথা যথার্থতঃ বলিতেছি, অবধান কর।১১। হে সুন্দরি! লেপনকারী ব্যক্তি কর্ত্তৃক যতসংখ্য সলিলবিন্দু প্রদত্ত হয়, তিনি ততসহস্র বর্ষ সুরলোকে সুখভোগ করেন। হে ভূমে! কেহ লেপনকর্ম্মের জল দিলে তাহাতে যতসংখ্য জলবিন্দু হওয়া সম্ভব, তিনি তত সহস্রবর্ষ ক্রৌঞ্চদ্বীপে সুখভোগ করেন।১২।

ক্রৌঞ্চদ্বীপাৎ পরিভ্রষ্টঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ । সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য মম লোকঞ্চ গচ্ছতি ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ।—

কৃত্বোপলেপনং বিষ্ণোর্নরস্থায়তনে সদা । গোময়েন শুভাঁল্লোকানযত্নাদেব গচ্ছতি ॥

হস্তপ্রমাণং ভূভাগমুপলিপ্য নরাধিপঃ । দেবরামাশতং নাকে লভতে সততং নরঃ ॥

নারসিংহে ।—

গোময়েন মৃদা তোয়ৈর্যঃ কুর্য্যাদুপলেপনং । চান্দ্রায়ণফলং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১৩ ॥

তত্রৈব শ্রীধর্ম্মরাজস্য দূতানুশাসনে ।—

সংমার্জনং যঃ কুরুতে গোময়েনোপলেপনং । করোতি ভবনে বিষ্ণোস্ত্যাজ্যং তেষাং কুলত্রয়ং ।

অথাভ্যুক্ষণমাহাত্ম্যং ।

বিষ্ণুধর্ম্মোত্তরে ।—

অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাৎ পানীয়েন সুরালয়ে । স শান্ততাপো ভবতি নাত্র কার্য্যা বিচারণা ॥১৪॥

অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাদ্দেবদেবাজিরে নরঃ । সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বারুণং লোকমশ্নুতে ॥ইতি॥১৫॥

সর্ব্বতোভদ্রপদ্মাদীনভিজ্ঞঃ স্বস্তিকানি চ । বিরচয্য বিচিত্রাণি মণ্ডয়েদ্ধরিমন্দিরং ॥

পশ্চাচ্চ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ ক্রৌঞ্চদ্বীপে গতো মহীয়তে তত্রত্যৈঃ পূজ্যত ইত্যর্থঃ ॥ ১৩ ॥ উপলেপকস্য পাপক্ষয়াদিকং কিং বাচ্যং তস্য সম্বন্ধিনামপি তথৈব স্যাদিতি লিখতি সংমার্জ্জনমিতি। কুলত্রয়ং পিতৃকুলং মাতৃকুলং ভার্য্যাকুলং চেতি ।

দেবদেবস্য অজিরে অঙ্গনে ॥ ১৪—১৫ ॥ রঙ্গং বিবিধবর্ণচিত্রং পদ্মাদি চ, যদ্বা রঙ্গৈর্বিচিত্র-

---

তদনন্তর ক্রৌঞ্চদ্বীপ হইতে পরিভ্রষ্ট হইয়া সকলপ্রকার ধর্ম্মে নিষ্ঠাপ্রাপ্ত হন এবং অখিলবিষয়ে অনাসক্ত হইয়া মদীয়লোকে প্রস্থান করেন। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, মানব নিরন্তর গোময়যোগে হরিমন্দির লেপনপূর্ব্বক বিনা প্রয়াসে পুণ্যলোকে প্রস্থিত হয়েন। যে ব্যক্তি একহস্তপ্রমাণ ভূমি লেপন করেন, তিনি নৃপতি হইয়া সুরপুরে গমনপূর্ব্বক নিরন্তর সেই স্থানে শত শত সুরবালা লাভ করিয়া থাকেন। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, গোময়, মৃত্তিকা ও সলিলদ্বারা লেপন করিলে সেই লেপনকারী চান্দ্রায়ণফল লাভ করত হরিধামে আনন্দিত হয়েন। ১৩। ঐ পুরাণেই দূতের প্রতি যমানুশাসনবর্ণনে লিখিত আছে যে, যম বলিয়াছিলেন, হে দূতবৃন্দ! যে সকল ব্যক্তি হরিমন্দির মার্জ্জন ও গোময়যোগে লেপন করেন, তাঁহাদিগের কুলত্রয় পরিত্যাগ করিবে; অর্থাৎ তাঁহাদিগের ভার্য্যাকুল, পিতৃকুল ও মাতৃকুল এই তিন কুলের কাহাকেও আমার পুরীতে আনয়ন করিও না।

অতঃপর অভ্যুক্ষণমাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, যে ব্যক্তি দেবায়তনে জল দ্বারা অভ্যুক্ষণ করেন, তিনি সন্তাপরহিত হন, তাহাতে কোন বিচারণা করিবে না। ১৪। যিনি দেবদেব হরির মন্দিরাঙ্গনে অভ্যুক্ষণ করেন, তিনি অখিল পাতক হইতে পরিমুক্ত হইয়া বরুণলোকে গমন করেন। ১৫। অভিজ্ঞ ব্যক্তি সর্ব্বতোভদ্র, পদ্মপ্রভৃতি মণ্ডল ও স্বস্তিকাদি রচনাপূর্ব্বক বিষ্ণুমন্দির চিত্রবিচিত্র করিবেন। নারসিংহপুরাণে লিখিত আছে যে, সানন্দে বিচিত্র-

তথা চ নারসিংহে।—সংমার্জনোপলেপাভ্যাং রঙ্গপদ্মাদিশোভনং।
কুর্য্যাৎ স্থানং মহাবিষ্ণোঃ সোজ্জ্বলাঙ্গং মুদান্বিতঃ॥ ১৬॥

অথ মণ্ডলমাহাত্ম্যং।—

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে।—

অগম্যাগমনে পাপমভক্ষ্যস্য চ ভক্ষণে। সর্ব্বং তন্নাশমাপ্নোতি মণ্ডয়িত্বা হরের্গৃহং॥
অণুমাত্রন্তু যঃ কুর্য্যান্মণ্ডলং কেশবাগ্রতঃ। মৃদা ধাতুবিকারৈশ্চ দিবি কল্পশতং বসেৎ॥
শালগ্রামশিলাগ্রে তু যঃ কুর্য্যাৎ স্বস্তিকং শুভং। কার্ত্তিকে তু বিশেষেণ পুনাত্যাসপ্তমং কুলং॥
মণ্ডলং কুরুতে নিত্যং যা নারী কেশবাগ্রতঃ। সপ্ত জন্মানি বৈধব্যং ন প্রাপ্নোতি কদাচন॥
গৃহীত্বা গোময়ং যা তু মণ্ডলং কেশবাগ্রতঃ। ভর্ত্তুর্বিয়োগং নাপ্নোতি সন্ততেশ্চ ধনস্য চ॥
প্রাঙ্গণং বর্ণকোপেতং স্বস্তিকৈশ্চ সমন্বিতং। দেবস্য কুরুতে যস্তু ক্রীড়তে ভুবনত্রয়ে॥ ১৭॥

নারদীয়ে।—

মৃদা ধাতুবিকারৈর্ব্বা বর্ণকৈর্গোময়েন বা। উপলেপনকৃদ্‌যস্তু নরো বৈমানিকো ভবেৎ॥

হরিভক্তিসুধোদয়ে চ।—

উপলিপ্যালয়ং বিষ্ণোশ্চিত্রয়িত্বাথ বর্ণকৈঃ। বিষ্ণুলোকেঽথ তত্রস্থৈঃ সস্পৃহং বীক্ষ্যতে সুখী॥১৮॥

বর্ণচূর্ণৈর্যৎ পদ্মাদি তেন শোভিতং। আদিশব্দেন স্বস্তিকাদি। উজ্জ্বলানি শোভনানি অঙ্গানি ভিত্তিপ্রাকারাদীনি তৎসহিতঞ্চ কুর্য্যাৎ। অঙ্গান্যপি বিভূষয়েদিত্যর্থঃ; ক্রিয়াবিশেষণং বা, তথাপি স-এবার্থঃ॥ ১৬॥

মণ্ডলং সর্ব্বতোভদ্রাদি। কেশবাগ্রতো মণ্ডলং করোতীতি শেষঃ। কুরুত ইতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ॥ ১৭॥ উপলেপনং মণ্ডলাদিকং করোতীতি তথা সঃ॥ ১৮॥

বর্ণ চূর্ণ দ্বারা নির্ম্মিত পদ্মাদিযোগে মহাবিষ্ণুর মন্দির সমলঙ্কৃত এবং সম্মার্জ্জন ও উপলেপন দ্বারা তাহার ভিত্তিসমূহকে সমুজ্জ্বল করিবে। ১৬।

অতঃপর মণ্ডলমাহাত্ম্য।—হরিমন্দির সমলঙ্কৃত করিলে অগম্যাগমনজ ও অভক্ষ্যভক্ষণজ পাপ ধ্বংস হইয়া থাকে। যে ব্যক্তি বিষ্ণুর সম্মুখে মৃত্তিকা কিংবা নানারূপ ধাতুবিকৃতিদ্বারা কিঞ্চিন্মাত্রও শোভা প্রস্তুত করেন, একশত বৎসর সুরপুরে তাঁহার বাস হয়। শালগ্রামশিলার অগ্রে কল্যাণস্বরূপ স্বস্তিক রচনা করিলে, বিশেষতঃ কার্ত্তিক মাসে উহা করিলে, সেই ব্যক্তি স্বীয় সপ্তপুরুষ যাবৎ পবিত্র করেন। যে নারী প্রত্যহ হরির সম্মুখে মণ্ডল রচনা করেন, সপ্তজন্মমধ্যে তাঁহাকে কদাচ বৈধব্যদশাগ্রস্ত হইতে হয় না। যে নারী গোময় লইয়া বিষ্ণুর অগ্রে মণ্ডল নির্ম্মাণ করেন, তাঁহাকে পতি পুত্র বা ধনবিয়োগে কাতর হইতে হয় না। যে ব্যক্তি কেশবায়তনের প্রাঙ্গণকে বিচিত্র বর্ণে রঞ্জিত ও স্বস্তিকাদিদ্বারা অলঙ্কৃত করেন, তিনি ত্রিভুবনতলে পরম সুখে বিহার করিয়া থাকেন। ১৭। নারদপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি মৃত্তিকা, ধাতুবিকৃতি, বিবিধ বর্ণক ও গোময়দ্বারা হরিমন্দির লেপন করেন, তিনি বিমানবিহারী দেবস্বরূপ হন। হরিভক্তিসুধোদয়েও লিখিত আছে যে, যিনি হরিমন্দির লেপন

অথ স্বস্তিকলক্ষণং।

আগমে।—

বিদিগ্‌গতচতুষ্কাণি ভিত্ত্বা ষোড়শধা সুধীঃ। মার্জ্জয়েৎ স্বস্তিকাকারং শ্বেতপীতারুণাসিতৈঃ॥

তত্র চ পঞ্চরাত্রবচনং।—

রজাংসি পঞ্চবর্ণানি মণ্ডলার্থং হি কারয়েৎ। শালিতণ্ডুলচূর্ণেন শুক্লং বা যবসম্ভবং।

রক্তকুঙ্কুমসিন্দূরগৈরিকাদিসমুদ্ভবং। হরিতালোদ্ভবং পীতং রজনীসম্ভবং ক্বচিৎ।

কৃষ্ণং দগ্ধৈর্হরিদ্‌যবৈর্হরিৎপীতৈর্ব্বিমিশ্রিতং॥ ১৯॥

অথ তত্র ধ্বজপতাকাদ্যারোপণং।

ততো ধ্বজপতাকাদি বিন্যস্য হরিমন্দিরে। বিচিত্রং ভূষয়েত্তচ্চ ভগবদ্ভক্তিমান্নরঃ॥

অথ ধ্বজারোপণমাহাত্ম্যং।

স্কন্দপুরাণে দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়-প্রদ্যুম্নসংবাদে।—

ধ্বজমারোপয়েদ্‌যস্তু প্রাসাদোপরি ভক্তিতঃ। তস্য ব্রহ্মপদে বাসঃ ক্রীড়তে ব্রহ্মণা সহ॥

বৃহন্নারদীয়ে।—

যঃ কুর্য্যাদ্বিষ্ণুভবনে ধ্বজারোপণমুত্তমং। স পূজ্যতে বিরিঞ্চ্যাদ্যৈঃ কিমন্যৈর্বহুভাষিতৈঃ॥

তত্রৈবাগ্রে চ।—

পটো ধ্বজস্য বিপ্রেন্দ্র যাবচ্চলতি বায়ুনা। তাবন্তি পাপজালানি নশ্যন্ত্যেব ন সংশয়ঃ॥

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ। ধ্বজং বিষ্ণুগৃহে কৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

শ্বেতাদিবর্ণৈশ্চূর্ণৈঃ হরিদ্‌যবৈর্হরিদ্বর্ণযবৈর্দগ্ধৈঃ কৃষ্ণবর্ণং স্যাৎ। তচ্চ পীতৈর্বিমিশ্রিতং হরিদ্বর্ণং স্যাদিত্যর্থঃ। এবং বর্ণপঞ্চকমুক্তং॥ ১৯॥

ও নানাপ্রকার বর্ণদ্বারা চিত্রিত করেন, তিনি সুখী হইয়া থাকেন এবং বিষ্ণুধামনিবাসীরা তৎপ্রতি সস্পৃহ দর্শন করেন। ১৮।

অনন্তর স্বস্তিকলক্ষণ।—আগমে লিখিত আছে যে, সুধী ব্যক্তি চারি কোণের চতুষ্কোণকে ষোড়শ অংশে ভাগ করিয়া শুক্ল, পীত, রক্ত ও কৃষ্ণবর্ণ চূর্ণদ্বারা লেপন করিবেন; ইহাকেই স্বস্তিক কহে। পঞ্চরাত্রে এই বিষয়ে লিখিত আছে যে, মণ্ডলের জন্য পঞ্চবিধ বর্ণের চূর্ণ করিতে হইবে। শালিতণ্ডুলচূর্ণ কিংবা যবচূর্ণ দ্বারা শ্বেত; কুঙ্কুম, সিন্দূর অথবা গৈরিকাদিসঞ্জাত দ্বারা লোহিত; হরিতাল অথবা কোন কোন স্থানে হরিদ্রাচূর্ণদ্বারা পীত; দগ্ধ হরিদ্বর্ণ যবদ্বারা কৃষ্ণ এবং দগ্ধ হরিদ্বর্ণ যবচূর্ণের সহিত পীতমিশ্রণ করিলেই হরিদ্বর্ণ হয়। ১৯।

অনন্তর হরিমন্দিরে ধ্বজপতাকাদি আরোপণ-মাহাত্ম্য।—তৎপরে ভগবদ্ভক্ত ব্যক্তি বিষ্ণুমন্দিরে ধ্বজপতাকাদি আরোপণ পূর্ব্বক চিত্রিতরূপে অলঙ্কৃত করিবেন।

ধ্বজারোপণ-মাহাত্ম্য।—স্কন্দপুরাণে দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়প্রদ্যুম্নসংবাদে লিখিত আছে যে, যিনি ভক্তিসহকারে হরিমন্দিরের উপরিভাগে ধ্বজদণ্ড আরোপণ করেন, ব্রহ্মধামে তাঁহার বাস হয় এবং তথায় ব্রহ্মসহ বিহার করেন। বৃহন্নারদীয়পুরাণে লিখিত আছে যে, অধিক আর

আরোপিতং ধ্বজং দৃষ্ট্বা যেঽভিনন্দন্তি ধার্ম্মিকাঃ।
তেঽপি সদ্যো বিমুচ্যন্তে হ্যুপপাতককোটিভিঃ॥ ইতি॥

এবং বৃহন্নারদীয়ে খ্যাতং যচ্চান্যদদ্ভুতং। ধ্বজারোপণমাহাত্ম্যং তদ্দ্রষ্টব্যমিহাখিলং॥

অথ পতাকারোপণমাহাত্ম্যং।

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব।—

কৃষ্ণালয়ং যঃ কুরুতে পতাকাভিশ্চ শোভিতং। সদৈব তস্য লোকে তু বাসস্তস্য ন চান্যতঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

পতাকাঞ্চ শুভাং দত্ত্বা তথা কেশববেশ্মনি। বায়ুলোকমবাপ্নোতি বহূনব্দগণান্ দ্বিজঃ।
দোধূয়তে যথা সা তু বায়ুনা কেশবালয়ে। তথা তস্যাপি সকলং দেহাৎ পাপং বিধূয়তে॥ ২০॥

অথ বন্দনমালা-কদলীস্তম্ভারোপণমাহাত্ম্যং।

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব।—

ভূপ ব[illegible]নমালাস্তু কুরুতে কৃষ্ণবেশ্মনি। দেবকন্যাবৃতৈর্লক্ষৈঃ সেব্যতে সুরনায়কৈঃ॥ ২১॥

তং হরিমন্দিরঞ্চ বিচিত্রং যথা স্যাত্তথা ভূষয়েৎ॥ ২০॥

ধ্বজপতাকাদি বিন্যসেদিত্যাদিশব্দেন গৃহীতস্য বন্দনমালাদেরপি বিন্যাসমাহাত্ম্যং লিখতি ভূপেতি দ্বাভ্যাং॥ ২১॥ তস্য স্বাগতং যথা স্যাত্তথা নন্দতে তমভিনন্দতি হৃষ্টো ভবতি ইতি বা যদ্বা তস্য শুভাগমনমভিনন্দতি। বন্দত ইতি বা পাঠঃ॥ ২২॥

কি কহিব, হরিমন্দিরে অত্যুত্তম ধ্বজারোপণ করিলে সেই ব্যক্তি ব্রহ্মাদি সুরগণ কর্ত্তৃক পূজিত হইয়া থাকেন। অন্যত্রও লিখিত আছে যে, হে দ্বিজোত্তম! অনিলসঞ্চলনদ্বারা ধ্বজদণ্ডের বস্ত্র যতই পরিচালিত হইতে থাকে, পাতকপুঞ্জও তত বিনষ্ট হয় সন্দেহ নাই। মহাপাপীই হউক, কিংবা সর্ব্বপাপে পাপী হউক, হরিমন্দিরে ধ্বজদণ্ড আরোপণ করিলে তাহার নিখিল পাপ বিমোচিত হয়। যে সমস্ত ধর্ম্মপরায়ণ ব্যক্তি হরিমন্দিরে সমারোপিত ধ্বজদণ্ড দর্শনপূর্ব্বক আনন্দিত হন, তৎক্ষণাৎ তাঁহাদিগের কোটি কোটি পাপ বিদূরিত হইয়া থাকে। বৃহন্নারদীয়াখ্য পুরাণে ধ্বজদণ্ডারোপণের এই প্রকার অপরাপর যে বিস্ময়কর মাহাত্ম্য বর্ণিত আছে, তৎসমস্তই এই বিষয়ে প্রয়োজিতব্য।

অনন্তর পতাকারোপণ-মাহাত্ম্য।—বৃহন্নারদীয়পুরাণে দ্বারকামাহাত্ম্যে লিখিত আছে যে, যে ব্যক্তি পতাকাসমূহ দ্বারা হরিমন্দির অলঙ্কৃত করেন, হরিধামে তাঁহার নিরন্তর বাস হয়, তাঁহাকে আর অন্যত্র বসতি করিতে হয় না। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, দ্বিজাতি হরিনিকেতনে কল্যাণময়ী পতাকা আরোপণ পূর্ব্বক বহুবর্ষের জন্য বায়ুলোক লাভ করেন। ঐ পতাকা হরিমন্দিরে সমীরণ কর্ত্তৃক যতই সঞ্চালিত হইতে থাকে, ততই পতাকারোপণকারীর শরীর হইতে পাপরাশি দূরে পলায়িত হয়। ২০।

অতঃপর বন্দনমালা ও কদলীস্তম্ভারোপণ- মাহাত্ম্য।—দ্বারকামাহাত্ম্যের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে যে, হে নৃপতে! যে ব্যক্তি হরিমন্দিরে বন্দনমালা আরোপণ করেন, সুরশ্রেষ্ঠ

যঃ কুর্য্যাৎ কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতং। নন্দতে চাপ্সরোযুক্তঃ স্বাগতং তস্য দেবরাট্।

অথ পীঠপাত্রবস্ত্রাদি-সংস্কারঃ।

তত্র তাম্রাদিপাত্রং যৎ প্রভোর্বস্ত্রাদিকঞ্চ যৎ। পীঠাদিকঞ্চ তৎ সর্ব্বং যথোক্তঞ্চ বিশোধয়েৎ॥

তত্র পীঠস্য সংস্কারঃ।

নারসিংহে।—

পাদপীঠঞ্চ কৃষ্ণস্য বিল্বপত্রেণ ঘর্ষয়েৎ। উষ্ণাম্বুনা চ প্রক্ষাল্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ২২॥

অথ তৈজসাদিপাত্রাণাং সংস্কারঃ।

মার্কণ্ডেয়পুরাণে।—

উড়ুম্বরাণামম্লেন ক্ষারেণ ত্রপুসীসয়োঃ। ভস্মাম্বুভিশ্চ কাংস্যানাং শুদ্ধিঃ প্লাবো দ্রবস্য চ॥ ২৩॥

বায়ুপুরাণে চ।—

মণিবজ্রপ্রবালানাং মুক্তাশঙ্খোপলস্য চ। সিদ্ধার্থকানাং কল্কেন তিলকল্কেন বা পুনঃ॥ ২৪॥

ব্রাহ্মে।—সুবর্ণরূপ্যশঙ্খাশ্মশুক্তিরত্নময়ানি চ। কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ।

নির্লেপানি তু শুধ্যন্তি কেবলেনোদকেন তু।

শূদ্রোচ্ছিষ্টানি শোধ্যানি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ॥ ২৫॥

উক্তবিধিং লিখতি উড়ুম্বরাণামিত্যাদিনা শুচিতামিয়াদিত্যন্তেন। উড়ুম্বরাণাং তাম্রাণাং তন্ময়পাত্রাণামিত্যর্থঃ। ত্রপু রঙ্গং। ভস্মযুক্তৈরম্বুভিঃ। দ্রবস্য গোরসাদেঃ প্লাবঃ প্লাবনং। তথা চোক্তং বশিষ্ঠেন।—দ্রবাণাং প্লাবনেনৈবেতি তদ্বিশেষোঽগ্রে ব্যক্তো ভাবী॥ ২২-২৩॥ মুক্তায়াঃ শঙ্খস্য উপলস্য চ পাষাণস্য দ্বন্দ্বৈক্যং। সিদ্ধার্থকানাং সর্ষপাণাং। শুদ্ধিরিতি শেষঃ প্রকরণবলাৎ॥ ২৪॥ রত্নময়ানি স্ফটিকাদিঘটিতানি পাত্রাণীতি শেষঃ। রৈত্যানি পিত্তলরচিতানি; নির্লেপানি অন্নাদিলেপরহিতানি। শূদ্রোচ্ছিষ্টানি শূদ্রোচ্ছিষ্টস্পৃষ্টানীত্যর্থঃ। যদ্যপি শ্রীভগবৎপাত্রেষু শূদ্রোচ্ছিষ্টস্পর্শোঽপি ন সম্ভবেৎ, তথাপি কথঞ্চিৎ ভ্রমপ্রমাদতঃ স্যাদিতি তচ্ছুদ্ধিরুক্তা।

তদীয় উপাসনা করিয়া থাকেন। ২১। কদলীস্তম্ভদ্বারা হরিমন্দির সমলঙ্কৃত করিলে সেই ব্যক্তি অপ্সরোবর্গের সহিত আনন্দভোগ করেন এবং সুররাজ কর্ত্তৃক অভ্যর্থিত হন।

অনন্তর পীঠপাত্র ও বস্ত্রাদি-সংস্কার।—প্রভুর তাম্রাদি-গঠিত পাত্র, বস্ত্রাদি ও পীঠাদি, এতৎ সমস্তই যথাবিহিত বিধানে মার্জ্জনা করিবে। তন্মধ্যে পীঠশোধনবিষয়ে নারসিংহ পুরাণে লিখিত আছে যে, বিল্বপত্র দ্বারা শ্রীকৃষ্ণের পাদপীঠ মার্জ্জনা করিতে হয়। তৎপরে উষ্ণ জল দ্বারা ধৌত করিলে নিখিল পাতক হইতে বিমুক্ত হইতে পারে। ২২।

অতঃপর তৈজসপাত্রাদিশোধন।—মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে যে, তাম্রনির্ম্মিত পাত্র অম্ল দ্বারা, রঙ্গনির্ম্মিত ও সীসনির্ম্মিত পাত্র ভস্ম দ্বারা এবং কাংস্যপাত্র ভস্মযুক্ত জলদ্বারা শোধন করিবে। প্লাবন দ্বারা অর্থাৎ তাপসংযোগে গলাইলেই দ্রব পদার্থের শুদ্ধি হয়। ২৩। বায়ুপুরাণেও লিখিত আছে যে, শ্বেতসর্ষপের কল্ক (খৈল) কিংবা তিলকল্কদ্বারা মার্জ্জনা করিলে মণি, হীরক, প্রবাল, মুক্তা ও শঙ্খপাত্র বিশুদ্ধ হয়। ২৪। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, স্বর্ণ,

অতিদুষ্টস্তু পাত্রাদি বিশোধ্যাতিথ্যকর্ম্মণে। যুঞ্জ্যাত্তৎপরিবর্ত্তায় প্রভুকর্ম্মান্তরায় বা॥
এতস্য পরিবর্ত্তেন প্রভবেঽন্যৎ সমর্পয়েৎ। ইত্যয়ং সর্ব্বতো লোকে সদাচারো বিরাজতে॥

মনুঃ।—

তাম্রায়ঃকাংস্যরৈত্যানাং ত্রপুণঃ সীসকস্য চ। শৌচং যথার্হং কর্ত্তব্যং ক্ষারাম্লোদকবারিভিঃ॥২৬॥

শঙ্খঃ।—

অম্লোদকেন তাম্রস্য সীসস্য ত্রপুণস্তথা। ক্ষারেণ শুদ্ধিং কাংস্যস্য লৌহস্য চ বিনির্দ্দিশেৎ॥ ২৭॥

কিঞ্চ।—সূতিকোচ্ছিষ্টভাণ্ডস্য সুরাদ্যুপহতস্য চ। ত্রিঃসপ্ত মার্জনাচ্ছুদ্ধির্ন তু কাংস্যস্য তাপনং॥

অন্যত্র চ।—তাম্রমম্লেন শুধ্যেত ন চেদামিষলেপনং।
আমিষেণ তু যল্লিপ্তং পুনর্দ্দাহেন শুধ্যতি। ২৮।

এবমগ্রেঽপি সর্ব্বত্রোহ্যং। ত্রিধা বারত্রয়মিত্যর্থঃ। ক্ষারো ভস্ম॥২৫॥ যথার্হং মলাপগমানুসারেণে-ত্যর্থঃ। অম্লোদকং জম্বীরাদি-রসঃ। তত্রাম্লোদকেন তাম্রস্য, ক্ষারেণেতরেষাং, বারিণা তু তত্তৎ-সমুদিতেনোভয়েষামেবেতি জ্ঞেয়ং যথার্হমিত্যুক্তেঃ॥২৬॥ তদেবাভিব্যঞ্জয়তি অম্লোদকেনেতি॥২৭ এতচ্চ সর্ব্বং স্বল্পোপহতিবিষয়কং। অত্যন্তোপহতৌ শুদ্ধিং লিখতি সূতিকেতি ত্রিভিঃ। সূতিকা নবপ্রসূতা অজাতশৌচা। যদ্বা প্রসবকারয়িত্রী, তদুচ্ছিষ্টস্য তদুচ্ছিষ্টস্পৃষ্টস্য তয়া বা যত্র ভুক্ত। তস্য ভাণ্ডস্য তৈজসপাত্রস্য তৎপ্রকরণাৎ। আদিশব্দাৎ শোণিতাদি। ত্রিঃসপ্ত একবিংশতিবারান্ মার্জনাদিত্যর্থঃ॥ কেচিদাহুঃ। সপ্তভির্যবগোধূমকলায়মাষাদিচূর্ণৈঃ প্রত্যেকং ত্রির্মার্জ্জনাচ্ছুদ্ধি-রিতি। কাংস্যপাত্রস্য তু ন তথা শুদ্ধিঃ, কিন্তু তস্য তাপনং দহনমেব। ভাজন ইতি পাঠঃ

রজত, শঙ্খ, পাষাণ, শুক্তি, স্ফটিকাদি রত্ন, কাংস্য, লৌহ, তাম্র, পিত্তল, রঙ্গ ও সীসক এই সমস্ত দ্বারা নির্ম্মিত পাত্র অন্নাদি দ্বারা সংলিপ্ত না হইলে কেবলমাত্র জল দ্বারা ধৌত করিলেই বিশুদ্ধ হয়। ঐ সমস্ত পাত্রে শূদ্রোচ্ছিষ্ট স্পৃষ্ট হইলে ভস্ম, অম্ল ও জল দ্বারা তিনবার মার্জ্জন করত বিশুদ্ধ করিবে। ২৫। পাত্রাদি অত্যন্ত দূষিত হইলে শোধন করত আতিথ্যাদি ক্রিয়ায় কিংবা তৎপরিবর্ত্তে প্রভুর কর্ম্মান্তরে প্রযুক্ত করিবে। লোকে সর্ব্বথা এইরূপ সদাচার আছে যে, এই পাত্রের পরিবর্ত্তে প্রভুকে পাত্রান্তর প্রদান করিবে। মনু বলিয়াছেন যে, তাম্র লৌহ কাংস্য পিত্তল রঙ্গ ও সীসকের পাত্র যথানিয়মে ভস্ম, অম্লোদক (জম্বীরাদিরস) ও জল দ্বারা বিশুদ্ধ করিতে হয়। ২৬। শঙ্খ কহিয়াছেন যে, তাম্র, সীসক ও রঙ্গ এই তিনটী অম্লরস দ্বারা এবং কাংস্য ও লৌহ এই দুই পাত্র ভস্ম দ্বারা শোধন করিবে। ২৭। আরও লিখিত আছে যে, সাধারণতঃ অপবিত্র বিষয়ে শোধন কথিত হইল, কিন্তু পাত্র গুরুদোষে দূষিত হইলে যেরূপে বিশুদ্ধ হয়, তাহা বলা যাইতেছে।—যাহার অশৌচের নিবৃত্তি হয় নাই, এরূপ সদ্যঃপ্রসূতা স্ত্রীর উচ্ছিষ্ট পাত্র, ধাত্রীর উচ্ছিষ্ট-সংস্পৃষ্ট পাত্র, এবং মদ্য-দূষিত ও রক্তদূষিত পাত্র একবিংশতি বার মার্জ্জন দ্বারা বিশুদ্ধ হয়; কিন্তু কাংস্যপাত্র ঐরূপে শুদ্ধ হয় না; অগ্নি দ্বারা দগ্ধ করিয়া উহাকে শুদ্ধ করিবে। স্থানান্তরে আরও লিপিত আছে যে, তাম্রপাত্র আমিষস্পৃষ্ট না হইলে

ব্রাহ্মে।—সূতিকাশববিণ্মূত্ররজঃস্বলহতানি চ। প্রক্ষেপ্তব্যানি তান্যগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি ॥২৯॥
অতএব দেবলঃ।—

লৌহানাং দহনাচ্ছুদ্ধির্ভস্মনা গোময়েন বা। দহনাৎ খননাদ্বাপি শৈলানামম্ভসাপি বা।
কাষ্ঠানাং তক্ষণাচ্ছুদ্ধির্মৃদ্গোময়জলৈরপি। মৃন্ময়ানান্তু পাত্রাণাং দহনাচ্ছুদ্ধিরিষ্যতে॥ ৩০ ॥

মনুঃ।—মদ্যৈর্মূত্রপুরীষৈর্বা শ্লেষ্মপূয়াস্থিষ্ঠীবনৈঃ। সংস্পৃষ্টং নৈব শুধ্যেত পুনঃ পাকেন মৃন্ময়ং॥৩১
বৃদ্ধশাতাতপঃ।—

সংহতানান্তু পাত্রাণাং যদেকমুপহন্যতে। তস্যৈবং শোধনং প্রোক্তং সামান্যদ্রব্যশুদ্ধিকৃৎ ॥ ৩২ ॥

সুগমঃ ॥ ২৮ ॥ দাহে বিশেষং লিখতি সূতিকেতি, রজস্বলেত্যাকারাভাব আর্ষঃ। সূতিকাদিভি-র্হতানি তত্র সূতিকা-রজস্বলোপহতত্বং তত্তদুচ্ছিষ্টস্পর্শাৎ তত্র তদ্ভোজনাদ্বা। সাবেতি দন্ত্যাদিপাঠে আসবো মদ্যং। যাবদিতি যাবন্তমগ্নিং কালং বা যদ্দ্রব্যং সহেত তাবত্যগ্নৌ তাবন্তং বা কালং তদ্দ্রব্যং প্রক্ষেপ্তব্যমিত্যর্থঃ ॥ ২৯ ॥ ন্যূনাধিকতয়া লিখিতং তত্তৎ সর্ব্বং দেবলোক্ত্যা সংবাদয়তি লৌহানামিতি। সুবর্ণাদীনাং ধাতূনাং তন্ময়পাত্রাণামিত্যর্থঃ। অত্যন্তোপহতৌ দহনাৎ। অন্যথা ভস্মাদিনেত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। খননং ভূমিং খাত্বা দোষানুসারেণ সপ্তাহাদিকালং তস্যাং নিক্ষেপণং তস্মাৎ। শৈলানাং শিলাদিনির্ম্মিতানাং। দহনাৎ পুনঃ পাকাৎ। তথা চ যাজ্ঞ-বল্ক্যঃ। পুনঃ পাকান্মহীময়মিতি ॥ ৩০ ॥ তত্র চাল্পোপহতৌ অত্যন্তোপহতৌ চ মৃন্ময়ং ত্যাজ্য-মেবেতি লিখতি মদ্যৈরিতি। ষ্ঠীবনৈঃ লালাপ্রক্ষেপৈঃ। পাঠান্তরং স্পষ্টং ॥ ৩১ ॥ সংহতানাম্ অন্যোন্যং মিলিত্বা সংঘশঃ স্থিতানাং। তস্যৈব তৎ লিখিতং শোধনং প্রোক্তং ন তু তেন স্পৃষ্টানা মন্যেষামিত্যর্থঃ। পাঠান্তরে সামান্যং সমানৈকদ্রব্যবিষয়কং শোধনং দ্রব্যাণাং সর্ব্বেষামন্যেষাং

অম্ল দ্বারা তাহার শোধন হইতে পারে; আমিষলিপ্ত হইলে পুনর্ব্বার অগ্নিদগ্ধ করিয়া বিশুদ্ধ করিবে। ২৮। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, নবপ্রসূতা রমণী, শব, মলমূত্র ও রজস্বলা নারী কর্ত্তৃক দূষিত পাত্র শুদ্ধ করিতে হইলে যতক্ষণ অগ্নিতাপ সহ্য হইবে, ততক্ষণ অগ্নিমধ্যে রাখিয়া উত্তোলন করিবে। ২৯। দেবল কহিয়াছেন যে, দহন দ্বারা কিংবা ভস্ম ও গোময় দ্বারা লৌহের * বিশুদ্ধি হয় অর্থাৎ সামান্যতঃ দূষিত হইলে ভস্ম ও গোময় দ্বারা এবং গুরুদোষে দূষিত হইলে বহ্নি দ্বারা শুদ্ধ করিয়া লইবে। দহন, খনন ও জলদ্বারা পাষাণপাত্রের দোষ নিরা-করণ করিতে হয় অর্থাৎ সামান্যতঃ দূষিত হইলে জল দ্বারা প্রক্ষালন করিয়া লইবে এবং গুরু-তররূপে দূষিত হইলে সাত দিন মাটির মধ্যে প্রোথিত করিয়া রাখিবে কিংবা অগ্নিতাপে দগ্ধ করিবে। এই প্রকারে দোষের গুরু লঘু বিচার পূর্ব্বক তক্ষণ, † কিংবা মৃত্তিকা, গোময় ও জল দ্বারা কাষ্ঠময় পাত্রের শোধন করিবে। পরন্তু পুনর্দ্দহন দ্বারা মৃত্তিকাপাত্র শোধন করিবে। ৩০। মনু কহিয়াছেন যে, মদ্য, মূত্র, মল, কফ, পূয়, নিষ্ঠীবন এই সমস্ত দ্বারা মৃত্তিকাপাত্র দূষিত হইলে পুনর্দ্দহন দ্বারা বিশুদ্ধ করিবে। ৩১। বৃদ্ধশাতাতপ কহিয়াছেন, বহুসংখ্য পাত্র যদি একত্র

---

* এখানে লৌহ শব্দে সুবর্ণরজতাদিনির্ম্মিত ধাতুপাত্র সকল। † তক্ষণ—চাঁচিয়া ফেলা।

অথ বস্ত্রাদীনাং সংস্কারঃ।

তত্র শঙ্খঃ।—

তান্তবং মলিনং পূর্ব্বমদ্ভিঃ ক্ষারৈশ্চ শোধয়েৎ। অংশুভিঃ শোষয়িত্বা বা বায়ুনা বা সমাহরেৎ॥
ঊর্ণাপট্টাংশুক-ক্ষৌম-দুকূলাবিকচর্ম্মণাং। অল্পাশৌচে ভবেচ্ছুদ্ধিঃ শোষণপ্রোক্ষণাদিভিঃ॥
তান্যেবামেধ্যলিপ্তানি নেনিজ্যাদ্গৌরসর্ষপৈঃ। ধান্যকল্কৈঃ পর্ণকল্কৈ রসৈশ্চ ফলবল্কলৈঃ॥
তূলিকাদ্যুপধানানি পুষ্পরক্তাম্বরাণি চ। শোধয়িত্বাতপে কিঞ্চিৎ করৈরুন্মার্জয়েন্মুহুঃ॥
পশ্চাচ্চ বারিণা প্রোক্ষ্য শুচীত্যেবমুদাহরেৎ। তান্যপ্যতিমলাক্তানি যথাবৎ পরিশোধয়েৎ॥৩৩॥

শাতাতপঃ।—কুসুম্ভকুঙ্কুমারক্তাস্তথা লাক্ষারসেন চ। প্রক্ষালনেন শুধ্যন্তি চণ্ডালস্পর্শনে তথা॥৩৪॥

যমঃ।—

কৃষ্ণাজিনানাং বাতৈশ্চ বালানাং মুক্তিরম্ভসা। গোমূত্রেণাস্থিদন্তানাং ক্ষৌমাণাং গৌরসর্ষপৈঃ॥৩৫॥

শুদ্ধিকৃদিত্যর্থঃ। অতএবোক্তং শাতাতপেনৈব। অশুচিং সংস্পৃশেদ্যস্তু এক এব স দুষ্যতি। তং স্পৃষ্ট্বান্যো ন দুষ্যেত্তু সর্ব্বদ্রব্যেষ্বয়ং বিধিরিতি॥ ৩২॥

তাবন্তং কার্পাসিকসূত্রনির্ম্মিতং বস্ত্রাদি। অংশুভিঃ সূর্য্যরশ্মিভিঃ বায়ুনা বা শোষয়িত্বা শুষ্কং কৃত্বা। ঊর্ণাংশুকাবিকয়োঃ পশুরোমভেদেন দ্রব্যভেদেন বা ভেদঃ। অল্পেঽশৌচে অশুদ্ধৌ সত্যাং শোষণং সূর্য্যাংশুবাতাদিনা। নেনিজ্যাৎ শোধয়েৎ। ফলবল্কলৈঃ তজ্জৈরিত্যর্থঃ। পুষ্প-রক্তাম্বরাণি চিত্রপুষ্পময়াম্বরাণি স্বর্ণরত্নখচিতাম্বরাণি চেত্যর্থঃ॥৩৩॥ কুসুম্ভেন কুঙ্কুমেন বা আরক্তা রঞ্জিতাঃ। লাক্ষারসেন বা রক্তাঃ পটাঃ চণ্ডালেনান্যেনাপ্যস্পৃশ্যা উপলক্ষ্যাঃ তৎস্পর্শে সতি প্রক্ষা-

---

মিলিতভাবে একস্থানে থাকে এবং তন্মধ্যে একটী পাত্র দূষিত হয়, তাহা হইলে সেই দূষিত পাত্রটীর শোধন করিলেই সমস্ত পাত্র বিশুদ্ধ হইবে। ৩২। *

অতঃপর বস্ত্রাদিশোধন।—শঙ্খ কহিয়াছেন যে, তান্তব (কার্পাস-সূত্রনির্ম্মিত) বস্ত্রাদি যাহা মলিন অর্থাৎ মলদূষিত হইয়াছে, প্রথমতঃ ক্ষার ও জল দ্বারা সেই বস্ত্রাদির শুদ্ধি করিবে; তদনন্তর আতপতাপ বা বায়ু দ্বারা শুষ্ক করত গ্রহণ করিবে। রোমজ বসন, পট্টবসন, ক্ষৌমবস্ত্র, মেষরোমজ বসন এবং চর্ম্ম এই সমস্ত দ্রব্যের সামান্য শুদ্ধিস্থলে অর্থাৎ এই সমস্ত দ্রব্য যদি অল্পমাত্র অশুদ্ধ হয়, তবে সূর্য্যকিরণে বা বাতাদি দ্বারা শুষ্ক করিয়া জল প্রোক্ষণ করত শুদ্ধ করিবে। অপবিত্র বস্তুর সহিত ঐ সকল দ্রব্য স্পৃষ্ট হইলে শ্বেতসর্ষপ, ধান্যকল্ক, পত্র-কল্ক, ফল ও বল্কলোত্থ রস এই সমস্ত দ্বারা বিশুদ্ধ করিবে। তূলিকা (তুলনির্ম্মিত শয্যাদি), উপধান (বালিস), কুসুমরঞ্জিত ও স্বর্ণরত্নাদিখচিত বসন অশুদ্ধ হইলে ক্ষণকাল আতপতাপে রাখিয়া শুষ্ক হইলে পুনঃ পুনঃ তাহাতে হস্তঘর্ষণ করিবে। পরে তদুপরি জল দ্বারা অভ্যুক্ষণ করত "পবিত্র" এই শব্দ উচ্চারণ করিবে। এই সমস্ত বস্ত্র অধিকমলবিশিষ্ট হইলে পূর্ব্বকথিত বিধানে শুদ্ধ করিয়া লইবে।৩৩। শাতাতপ কহিয়াছেন যে, কুসুম্ভ, কুঙ্কুম ও লাক্ষারস দ্বারা রঞ্জিত

---

* যে ব্যক্তিতে অশুচি স্পৃষ্ট হয়, কেবলমাত্র সেই ব্যক্তিই দূষিত হইয়া থাকে, তাহাকে স্পর্শ করিলে স্পর্শ-কারী অশুচি হয় না। যাবতীয় দ্রব্যের সম্বন্ধেই এই বিধি।

শঙ্খঃ।— সিদ্ধার্থকানাং কল্কেন দন্তশৃঙ্গময়স্য চ।
গোবালৈঃ ফলপাত্রাণামস্থ্নাং স্যাচ্ছৃঙ্গবত্তথা ॥ ৩৬ ॥

কিঞ্চ।—নির্য্যাসানাং গুড়ানাঞ্চ লবণানাং তথৈব চ। কুসুম্ভকুসুমানাঞ্চ ঊর্ণাকার্পাসয়োস্তথা।
প্রোক্ষণাৎ কথিতা শুদ্ধিরিত্যাহ ভগবান্ যমঃ ॥ ৩৭ ॥

মনুঃ।—অদ্ভিস্তু প্রোক্ষণং শৌচং বহূনাং ধান্যবাসসাং। প্রক্ষালনেন স্বল্পানামদ্ভিরেব বিধীয়তে।
চেলবচ্চর্ম্মণাং শুদ্ধির্বৈদলানাং তথৈব চ। শাকমূলফলানাঞ্চ ধান্যবচ্ছুদ্ধিরিষ্যতে ॥
প্রোক্ষণাত্তৃণকাষ্ঠানি পলালঞ্চ বিশুধ্যতি। মার্জ্জনোপাঞ্জনৈর্বেশ্ম পুনঃ পাকেন মৃন্ময়ং ॥৩৮॥

কিঞ্চ।—যাবন্নাপৈত্যমেধ্যাক্তাদ্গন্ধো লেপশ্চ তদ্গতঃ। তাবন্মৃদ্বারি বা দেয়ং সর্ব্বাসু দ্রব্যশুদ্ধিষু ॥

বৃহস্পতিঃ।— বস্ত্রবৈদলচর্ম্মাদেঃ শুদ্ধিঃ প্রক্ষালনং স্মৃতং।
অতিদুষ্টস্য তন্মাত্রং ত্যজেচ্ছিত্বা তু শুদ্ধয়ে ॥

বিষ্ণু।—
মৃৎপর্ণতৃণকাষ্ঠানাং শ্বাস্থি-চাণ্ডাল-বায়সৈঃ। স্পর্শনে বিহিতং শৌচং সোমসূর্য্যাংশুমারুতৈঃ ॥৩৯॥

বৌধায়নঃ।—আসনং শয়নং যানং নাবঃ পন্থাস্তৃণানি চ। মারুতার্কেন শুদ্ধ্যন্তি পক্কেষ্টরচিতানি চ ॥

লনেন শুধ্যন্তি ॥ ৩৪ ॥ বালানাং চামরাণাং। অস্থি শঙ্খাদিঃ। দন্তঃ হস্ত্যাদেঃ ॥৩৫॥ ফলপাত্রাণাং নারিকেলাদিপাত্রাণাং। অস্থ্নাং শঙ্খাদীনাং। শৃঙ্গবদিতি সর্ষপাণাং কল্কেনেত্যর্থঃ ॥৩৬॥ নির্য্যাসানাং হিঙ্গ্বাদীনাং ॥ ৩৭ ॥ বৈদলানাং বিদারিতবেণুবেত্রদলনির্ম্মিতানাং। মার্জনৈঃ রজঃশোধনৈঃ উপাঞ্জনৈঃ লেপনৈশ্চ ॥ ৩৮ ॥ তন্মাত্রমিতি যাবদত্যন্তদুষ্টং তাবন্মাত্রমেব ন ত্বন্যদিত্যর্থঃ ॥ ৩৯ ॥

বসন চণ্ডালাদি দ্বারা স্পৃষ্ট হইলে প্রক্ষালন দ্বারা তাহার শুদ্ধি হয়। ৩৪। যম কহিয়াছেন যে, কৃষ্ণসার-মৃগচর্ম্ম বায়ু দ্বারা, চামর মৃত্তিকা ও জল দ্বারা, শঙ্খাদি অস্থি ও হস্তিদন্তাদি গোমূত্র দ্বারা, এবং ক্ষৌমবস্ত্র শ্বেতসর্ষপ দ্বারা শুদ্ধ করিবে। ৩৫। শঙ্খ বলিয়াছেন, হস্ত্যাদি-দন্তনির্ম্মিত দ্রব্য ও শৃঙ্গনির্ম্মিত দ্রব্য গৌরসর্ষপের কল্ক দ্বারা এবং নারিকেলাদি ফলময় পাত্র গোপুচ্ছ দ্বারা শোধন করিবে। শৃঙ্গশুদ্ধির ন্যায় গৌরসর্ষপ দ্বারা অস্থির শুদ্ধিবিধান করিতে হয়। ৩৬। আরও লিখিত আছে যে, যম বলিয়া গিয়াছেন, জলপ্রোক্ষণ দ্বারা নির্য্যাস (হিঙ্গু প্রভৃতি), গুড়, লবণ, কুসুম্ভপুষ্প, পশুলোম ও কার্পাস বিশোধিত হয়। ৩৭। মনু কহিয়াছেন যে, যদি ধান্যের ও বস্ত্রের পরিমাণ অধিক হয়, তবে জল প্রোক্ষণ দ্বারা শুদ্ধ করিবে, কিন্তু পরিমাণে অল্প হইলে জল দ্বারা ধৌত করিয়া লইবে। চর্ম্ম, বিদারিত বংশ ও বেত্রজ দ্রব্যও বস্ত্রশুদ্ধিবৎ শুদ্ধ করিবে। যে প্রকারে ধান্য শোধন করিতে হয়, শাক, ফল ও মূলও সেইরূপে শুদ্ধ করিবে। প্রোক্ষণ দ্বারা তৃণকাষ্ঠ ও পলাল (খড়) শুদ্ধ হয়। গৃহ মার্জ্জন ও উপলেপন দ্বারা শুদ্ধ করিবে এবং মৃত্তিকানির্ম্মিত পাত্র পুনর্দ্দহন দ্বারা বিশুদ্ধ করিয়া ও উপলেপন দ্বারা বিশুদ্ধ করিয়া লইবে। ৩৮। আরও লিখিত আছে যে, অশুচি দ্রব্য দ্বারা লিপ্ত বস্ত্র হইতে যতক্ষণে সেই দ্রব্যস্থ লেপ ও গন্ধ বিদূরিত না হয়, ততক্ষণ জল ও মৃত্তিকা দিবে; যাবতীয় দ্রব্যশুদ্ধিবিধিতেই এই

অথ ধান্যাদীনাং সংস্কারঃ।

তত্র বৌধায়নঃ।—

ব্রীহয়ঃ প্রোক্ষণাদদ্ভিঃ শাকমূলফলানি চ। তন্মাত্রস্যাপহারাদ্বা নিস্তুষীকরণেন চ ॥ ৪০ ॥

শঙ্খঃ।—শ্রপণং ঘৃততৈলানাং প্লাবনং গোরসস্য চ। ভাণ্ডানি প্লাবয়েদদ্ভিঃ শাকমূলফলানি চ ॥

ব্রাহ্মে।— দ্রবদ্রব্যাণি ভূরীণি পরিপ্লাব্যানি চাম্ভসা ॥ ৪১ ॥

শস্যানি ব্রীহয়শ্চৈব শাকমূলফলানি চ। ত্যক্ত্বা তু দূষিতং ভাগং প্লাব্যান্যথ জলেন তু ॥৪২॥

বৃহস্পতিঃ।—তাপনং ঘৃততৈলানাং প্লাবনং গোরসস্য চ। তন্মাত্রমুদ্ধৃতং শুধ্যেৎ কঠিনন্তু পয়োদধি॥

অবিলীনং তথা সর্পির্বিলীনং শ্রপণেন তু ॥ ৪৩ ॥

আধারদোষে তু নয়েৎ পাত্রাৎ পাত্রান্তরং দ্রব্যং। ঘৃতঞ্চ পায়সং ক্ষীরং তথৈক্ষবরসো গুড়ঃ।

শূদ্রভাণ্ডস্থিতং তক্রং তথা মধু ন দুষ্যতি ॥ ৪৪ ॥

মারুতযুক্তেন অর্কেণ তদংশুনা। পাঠান্তরং স্পষ্টং ॥ শ্রপণং প্লাবনং। প্লাবনমেব বিবৃণোতি। অদ্ভিস্তত্তদ্ভাণ্ডানি প্লাবয়েৎ অপ্সু নিমজ্জয়েদিত্যর্থঃ। ঘৃতাদীনামপি শ্রপণাসম্ভবে সজাতীয়দ্রব্যপ্লাবনেন শুদ্ধির্বোদ্ধব্যা ॥ ৪০ ॥ ৪১ ॥ দূষিতং ভাগং ত্যক্ত্বেতি অত্যন্তোপহতৌ ॥ ৪২ ॥ তন্মাত্রং যাবদুপহতং তাবন্মাত্রমিত্যর্থঃ। এতচ্চানাকরবিষয়ং ॥ ৪৩ ॥

বিধি। বৃহস্পতি কহিয়াছেন যে, বস্ত্র, বিদলিত বংশজ দ্রব্য আর চর্ম্ম ইত্যাদি দ্রব্যের শোধন করিতে হইলে প্রক্ষালন মাত্র করিবে; কিন্তু গুরুতররূপে দূষিত হইলে যে পরিমাণে দূষিত, শুদ্ধ্যর্থ তৎপ্রমিত ছেদন করত ফেলিয়া দিবে। বিষ্ণু কহিয়াছেন, কুক্কুর, অস্থি, চণ্ডাল ও কাক ইহাদের দ্বারা মাটি, পত্র, তৃণ ও কাষ্ঠ স্পৃষ্ট হইলে চন্দ্ররশ্মি, আতপতাপ ও বায়ু দ্বারা শোধন করিতে হয়। ৩৯। বৌধায়ন কহিয়াছেন, আতপতাপ ও বায়ু দ্বারা আসন, শয্যা, বাহন, নৌকা, পথ, তৃণ ও পক্ব-ইষ্টকরচিত গৃহ প্রভৃতি বিশুদ্ধ হয়।

অতঃপর ধান্যাদি শোধন।—এই বিষয়ে বৌধায়ন কহিয়াছেন যে, জলপ্রোক্ষণ করিয়া ধান্য, শাক, মূল ও ফল শুদ্ধ করিবে, অথবা দোষের পরিমাণানুসারে তৎপরিমিত ত্যাগ বা নিস্তুষকরণ দ্বারা বিশুদ্ধ করিয়া লইবে। ৪০। শঙ্খ কহিয়াছেন, ঘৃত, তৈল ও গোরস প্লাবন দ্বারা শুদ্ধ হয় * ভাণ্ডসমূহ জলপ্লাবন দ্বারা বিশুদ্ধ হইয়া থাকে এবং জলদ্বারা ধৌত করিলেই শাক, মূল ও ফলের শোধন হয়। ব্রহ্মপুরাণে লিখিত আছে, অধিক পরিমাণ জলদ্বারা প্লাবন করত দ্রব পদার্থের শোধন করিবে অর্থাৎ পাত্রসহ জলমগ্ন করিলেই শুদ্ধ হয়। ৪১। ধান্য ও অপরাপর শস্য, শাক, মূল, ফল, এই সমস্ত দ্রব্যের দূষিতাংশ ফেলিয়া অবশিষ্টাংশ জলপ্লাবন দ্বারা শুদ্ধ করিবে।৪২। বৃহস্পতি কহিয়াছেন, অগ্নিতাপ দ্বারা ঘৃত ও তৈল এবং প্লাবনদ্বারা গোরসের শোধন কর্ত্তব্য। যাবৎ-পরিমিত দূষিত হইয়াছে, তৎপরিমাণে উত্তোলন পূর্ব্বক ফেলিয়া দিলে কঠিন দুগ্ধ ও দধির বিশুদ্ধি হয়। দ্রবীভূত ঘৃত না হইলে তাহার শুদ্ধিও ঐরূপে হইয়া থাকে। দ্রব হইলে প্লাবন দ্বারা শোধন করিবে। ৪৩। যদি দ্রবাধার দূষিত হয় তাহা হইলে দ্রব পদার্থ

---

* ঘৃতাদির প্লাবন অসম্ভব; সুতরাং ঘৃতাদিপাত্র জলমগ্ন করিয়া শুদ্ধ করিবে; উহাই উহার প্লাবন।

কিঞ্চ মনুঃ।—

উচ্ছিষ্টেন তু সংস্পৃষ্টো দ্রব্যহস্তঃ কথঞ্চন। অনিধায়ৈব তদ্দ্রব্যমাচান্তঃ শুচিতামিয়াৎ॥ ইতি॥

অন্যেঽপি শুদ্ধিবিধয়ো দ্রব্যাণাং স্মৃতিশাস্ত্রতঃ। অপেক্ষ্যা বৈষ্ণবৈর্জ্ঞেয়াস্তত্তদ্বিস্তারণৈরলং॥৪৫॥

অথ পূজার্থতুলসীপুষ্পাদ্যাহরণং।

প্রণম্যাথ মহাবিষ্ণুং প্রার্থ্যানুজ্ঞান্তু বৈষ্ণবঃ। সমাহরেৎ শ্রীতুলসীং পুষ্পাদি চ যথোদিতং॥

যচ্চ হারীতবচনং।—

স্নানং কৃত্বা তু যে কেচিৎ পুষ্পং গৃহ্ণন্তি বৈ দ্বিজাঃ। দেবতাস্তন্ন গৃহ্ণন্তি ভস্মীভবতি কাষ্ঠবৎ॥ইতি

তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ং।

যত উক্তং পাদ্মে বৈশাখমাহাত্ম্যে।—

অস্নাত্বা তুলসীং ছিত্বা দেবার্থে পিতৃকর্ম্মণি। তৎ সর্ব্বং নিষ্ফলং যাতি পঞ্চগব্যেন শুধ্যতি॥

কিন্ত্বত্র বাক্যান্তরং মৃগ্যং॥ ৪৬॥

আকরভাণ্ডে বিশেষং লিখতি আধারেতি। আধার আকরভাণ্ডং তদ্দোষেণ। পায়সং পয়োনির্ব্বৃত্তং দধি শূদ্রভাণ্ডস্থিতমপি পাত্রান্তরং নীতং সৎ ন দুষ্যতীত্যর্থঃ। তথা চ যমঃ।—আমমাংসং ঘৃতং ক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ। ম্লেচ্ছভাণ্ডস্থিতা দুষ্যা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতা ইতি। অন্যত্র চ আকরাঃ শুচয়ঃ সর্ব্ব ইতি॥ ৪৪॥ শুচিতামিয়াৎ দ্রব্যং চাণ্ডালান্নব্যতিরিক্তং জ্ঞেয়ং সদাচারাৎ। অন্নবিষয়ে চোক্তমাপস্তম্বেন।—কৃত্বা মূত্রং পুরীষঞ্চ দ্রব্যহস্তঃ কথঞ্চন। ভূমাবন্নং প্রতিষ্ঠাপ্য কৃত্বা স্নানং যথাবিধি। তৎসংযোগাত্তু পক্বান্নমুপস্পৃশ্য ততঃ শুচিরিতি। বৃহস্পতিনা চ।—শৌচন্তু কুর্য্যাৎ প্রথমং পাদৌ প্রক্ষালয়েত্ততঃ। উপস্পৃশ্য তদভ্যুক্ষ্য গৃহীতং শুচিতামিয়াদিতি। যদ্যপি ভগবদ্দ্রব্যেষু তত্তদুপঘাতো ন ঘটতে, তথাপি ভগবদর্থতত্তদ্দ্রব্যার্পণাপেক্ষয়া কিংবা ভ্রমপ্রমাদাদিনা তত্তদুপঘাতসম্ভাবনয়া তত্তচ্ছুদ্ধির্লিখিতেতি দিক্। বৈষ্ণবৈরপেক্ষ্যাশ্চেৎ, তর্হি স্মৃতিশাস্ত্রেভ্যো জ্ঞেয়াঃ। তীর্থে বিবাহে যাত্রায়াং সংগ্রামে দেশবিপ্লবে। নগরগ্রামদাহে চ স্পৃষ্টাস্পৃষ্টি ন দুষ্যতি॥ গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ। অমীমাংস্যানি শৌচানি স্ত্রীষু বালাতুরেষু চ॥ ইত্যাদ্যুক্তেঃ। তত্তস্মাত্তেষাং বিস্তারণৈর্বিস্তরেণ লিখনৈরলম্ অত্র প্রয়োজনং নাস্তি গ্রন্থবিস্তারভয়াদিত্যর্থঃ॥ ৪৫॥

পুষ্পম্ আদিশব্দেন পত্রাঙ্কুরাদি। যথোদিতং তত্র নিষিদ্ধবর্জ্জনাদ্যনুসারেণ ইত্যর্থঃ॥ ৪৬॥

সেই পাত্র হইতে অন্য পাত্রে স্থাপন করিবে। শূদ্রের পাত্রে যদি ঘৃত, দধি, দুগ্ধ, ইক্ষুরস, গুড়, তক্র ও মধু থাকে, তবে তাহা অশুদ্ধ হয় না। ৪৪। মনু আরও কহিয়াছেন যে, যদি দ্রব্যহস্তে কোনরূপে উচ্ছিষ্টস্পৃষ্ট হয়, তবে হস্তস্থিত দ্রব্য না রাখিয়া আচমন করিবে। বৈষ্ণবেরা স্মৃতি হইতে সংগ্রহ করত দ্রব্যশুদ্ধির অন্যান্য বিধান পরিজ্ঞাত হইবেন, এখানে তদুল্লেখ করিয়া গ্রন্থবিস্তৃতির আবশ্যকতা নাই। ৪৫।

অতঃপর পূজার্থ তুলসী, পুষ্প, পত্র ও অঙ্কুর আহরণ।—তৎপরে বিষ্ণুভক্ত ব্যক্তি মহাবিষ্ণুকে

অথ গৃহস্নানবিধিঃ।

স্বগৃহে বাচরন্ স্নানং প্রক্ষাল্যাঙ্ঘ্রী করৌ তথা। আচম্যায়ম্য চ প্রাণান্ কৃতন্যাসো হরিং স্মরেৎ॥
ততো গঙ্গাদিকং স্মৃত্বা তুলসীমিশ্রিতৈর্জলৈঃ। পূর্ণে পাত্রে সমস্তানি তীর্থান্যাবাহয়েৎ কৃতী॥

আবাহনমন্ত্রশ্চায়ং।—

গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥ ইতি॥
অথবা জাহ্নবীমেব সর্ব্বতীর্থময়ীং বুধঃ। আবাহয়েদ্দ্বাদশভির্নামভির্জলভাজনে॥

দ্বাদশ নামানি।

নলিনী নন্দিনী সীতা মালিনী চ মহাপগা। বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতা গঙ্গা ত্রিপথগামিনী।
ভাগীরথী ভোগবতী জাহ্নবী ত্রিদশেশ্বরী।

পদ্মপুরাণে চ বৈশাখমাহাত্ম্যে।—

নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ। দক্ষা পৃথ্বী চ বিহগা বিশ্বনাথা শিবামৃতা।
বিদ্যাধরী মহাদেবী তথা লোকপ্রসাদনী। ক্ষমাবতী জাহ্নবী চ শান্তা শান্তিপ্রদায়িনী ॥ইতি॥৪৭॥
অথাচম্য গুরুং স্মৃত্বাঽনুজ্ঞাং প্রার্থ্য চ পূর্ব্ববৎ। কৃষ্ণপাদাব্জতো গঙ্গাং পতন্তীং মূর্দ্ধ্নি চিন্তয়েৎ॥

তথা চোক্তং শ্রীনারদপঞ্চরাত্রে।—

স্বস্থিতং পুণ্ডরীকাক্ষং মন্ত্রমূর্ত্তিং প্রভুং স্মরেৎ। অনন্তাদিত্যসঙ্কাশং বাসুদেবং চতুর্ভুজং।
শঙ্খ-চক্র-গদা-পদ্মধরং পীতাম্বরাবৃতং। শ্যামলং শান্তবদনং প্রসন্নং বরদেক্ষণং।
দিব্যচন্দনলিপ্তাঙ্গং চারুহাসমুখাম্বুজং। অনেকরত্নসংছন্নজ্বলন্মকরকুণ্ডলং।
বনমালাপরিবৃতং নারদাদিভিরর্চ্চিতং। কেয়ূরবলয়োপেতং সুবর্ণমুকুটোজ্জ্বলং।
সর্ব্বাঙ্গসুন্দরং দেবং সর্ব্বাভরণভূষিতং॥ তৎপাদপঙ্কজাদ্ধারাং নিপতন্তীং স্বমূর্দ্ধনি।

প্রাণান্ আয়ম্য প্রাণায়ামং কৃত্বা ॥ ৪৭ ॥ পূর্ব্ববদিতি দেবদেবজগন্নাথেত্যনুজ্ঞাং প্রার্থে-

---

নমস্কার পূর্ব্বক অনুজ্ঞা লইয়া তুলসী আহরণ ও যথাযোগ্য পুষ্পাদি সংগ্রহ করিবেন। এই বিষয়ে হারীতের বচন আছে যে, অস্নাত অবস্থায় কোন ব্রাহ্মণ পুষ্প আহরণ করিলে দেবতারা তাহা গ্রহণ করেন না। উহা কাষ্ঠবৎ দগ্ধ (নিষ্ফল) হয়। কিন্তু উহা মধ্যাহ্নস্নান বিষয়ে বুঝিতে হইবে। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে লিখিত আছে যে, দেবকার্য্যার্থ ও পিতৃক্রিয়ার্থ স্নান না করিয়া তুলসী চয়ন করিলে উহা বিফল হয়, কিন্তু পঞ্চগব্য স্পর্শ করাইয়া ঐ তুলসীর শুদ্ধি হইতে পারে। পরন্তু এতদ্বিষয়ে বচনান্তর অনুসন্ধান আবশ্যক। ৪৬।

অতঃপর গৃহস্নানবিধি।—অথবা স্বীয় গৃহে স্নান পূর্ব্বক করচরণ ধৌত করিয়া আচমন, প্রাণায়াম ও ন্যাসানুষ্ঠান করত শ্রীহরিকে স্মরণ করিবে। তৎপরে কৃতী ব্যক্তি গঙ্গাদি স্মরণ পূর্ব্বক তুলসীসংযুক্ত জলপূর্ণ পাত্রে তীর্থসমূহের আবাহন করিবেন। আবাহনমন্ত্র যথা,—হে গঙ্গে! হে যমুনে! হে গোদাবরি! হে সরস্বতি! হে নর্ম্মদে! হে সিন্ধু! হে কাবেরি! এই জলে অধিষ্ঠিত হউন্। কিংবা সুধী ব্যক্তি গঙ্গাকেই দ্বাদশ নাম দ্বারা জলপাত্রে আবাহন করিবেন।

চিন্তয়েদ্ব্রহ্মরন্ধ্রেণ প্রবিশন্তীং স্বকাং তনুং। তয়া সংক্ষালয়েৎ সর্ব্বমন্তর্দ্দেহগতং মলং॥
তৎক্ষণাদ্বিরজা মন্ত্রী জায়তে স্ফটিকোপমঃ। ইদং স্নানবরং মান্ত্রাৎ সহস্রমধিকং স্মৃতং॥ইতি॥৪৮॥

সকৃন্নারায়ণেত্যাদি বচনং তত্র কীর্ত্তয়েৎ। স্নানকালে তু তন্নাম সংস্মরেচ্চ মহাপ্রভুং॥
তথা চ কূর্ম্মপুরাণে।—

আপো নারায়ণোদ্ভূতাস্তা এবাস্যায়নং যতঃ।
তস্মান্নারায়ণং দেবং স্নানকালে স্মরেদ্বুধঃ॥৪৯॥ ইতি।

স্নায়াদুষ্ণোদকেনাপি শক্তোঽপ্যামলকৈস্তথা। তিলৈস্তৈলৈশ্চ সংবর্জ্য প্রতিষিদ্ধদিনানি তু॥

ত্যর্থঃ॥৪৮॥ সকৃন্নারায়ণেত্যাদ্যুক্ত্বা। আদিশব্দেন ধ্যায়েন্নারায়ণং দেবমিত্যাদিলক্ষণাদ্বচনাদ্ধেতোঃ তস্য নারায়ণস্য নাম কীর্ত্তয়েৎ॥৪৯॥

ন কেবলং শীতোদকেন, উষ্ণোদকেনাপি। তথাপি ন কেবলমশক্তঃ, শক্তো রোগাদিহীনো-

---

দ্বাদশ নাম যথা—নলিনী, নন্দিনী, সীতা, মালিনী, মহাপগা, বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতা, গঙ্গা, ত্রিপথগামিনী, ভাগীরথী, ভোগবতী, জাহ্নবী ও ত্রিদিবেশ্বরী। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যেও লিখিত আছে যে, সুরলোকে তোমার নাম নন্দিনী, নলিনী, দক্ষা, পৃথ্বী, বিহগা, বিশ্বনাথা, শিবা, অমৃতা, বিদ্যাধরী, মহাদেবী, লোকপ্রসাদনী, ক্ষমাবতী, জাহ্নবী, শান্তা ও শান্তিপ্রদায়িনী। ৪৭। তৎপরে আচমনান্তে গুরুস্মরণ ও পূর্ব্বের ন্যায় তদীয় অনুজ্ঞা লইয়া এইরূপ চিন্তা করিবে যে, শ্রীকৃষ্ণের চরণকমল হইতে গঙ্গা নিজ শিরঃপ্রদেশে নিপতিত হইতেছেন। নারদপঞ্চরাত্রেও কথিত হইয়াছে যে, হৃৎ-প্রদেশাধিষ্ঠিত মন্ত্রমূর্ত্তি কমললোচন, অসংখ্যভাস্করতুল্য প্রভু নারায়ণ আকাশমণ্ডলে বিরাজিত আছেন। তাঁহার চারি হস্ত, সেই হস্তচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম; তিনি পীতবাসা, শ্যামলবর্ণ, প্রশান্তমুখ, প্রসন্ন। তদীয় নেত্র দর্শন করিলে বোধ হয় যেন বরদানে সমুদ্যত রহিয়াছেন। তাঁহার অঙ্গসমূহ দিব্য চন্দনে চর্চ্চিত, বদনকমলে সুচারুহাস্য বিরাজিত। তদীয় শ্রবণযুগলে নানাবিধ রত্নখচিত মকরকুণ্ডল দেদীপ্যমান রহিয়াছে। তাঁহার গলদেশে বনমালা শোভিত, নারদপ্রমুখ ঋষিরা তাঁহার অর্চ্চনা করিতেছেন। তিনি কেয়ূর ও বলয়ে সমলঙ্কৃত, স্বর্ণমুকুটে দেদীপ্যমান, ক্রীড়ানিরত, সর্ব্বাঙ্গসুন্দর ও নিখিল ভূষণে বিভূষিত। এই প্রকার চিন্তা করিবে যে, তদীয় চরণকমল হইতে বিগলিত ধারা স্বীয় শিরঃপ্রদেশে নিপতিত হইতেছে এবং তদ্দ্বারা শরীরান্তর্গত মলরাশি বিধৌত করিবে। দীক্ষিত ব্যক্তি এইপ্রকার চিন্তা করিলে অচিরাৎ স্ফটিকবৎ বিশুদ্ধ হইবেন। এইপ্রকার কথিত আছে যে, এই সর্ব্বপ্রধান স্নান মন্ত্রস্নান অপেক্ষা সহস্রগুণে শ্রেষ্ঠ। ৪৮। এই স্নানসময়ে "নারায়ণ" ইত্যাদি অর্থাৎ "ধ্যায়েন্নারায়ণং দেবং" ইত্যাদি বচন একবার কীর্ত্তন করিয়া সেই নারায়ণের নাম উচ্চারণ করিবে এবং সর্ব্বপ্রধান প্রভুকে স্মরণ করিবে। কূর্ম্মপুরাণে লিখিত আছে যে, নারায়ণ হইতে জল সঞ্জাত হইয়াছে এবং জলই নারায়ণের বসতিস্থল, এইজন্যই সুধী ব্যক্তি স্নানকালে শ্রীনারায়ণকে স্মরণ করিবেন।৪৯। শক্ত অর্থাৎ সুস্থদেহ হইলেও নিষিদ্ধ-

অথোষ্ণোদকস্নানং।

ষট্‌ত্রিংশন্মতে।—

আপঃ স্বভাবতো মেধ্যা বিশেষাদগ্নিযোগতঃ। তেন সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণা ॥

যমশ্চ।— আপঃ স্বয়ং সদা পূতা বহ্নিতপ্তা বিশেষতঃ।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু উষ্ণাম্ভঃ পাবনং স্মৃতং ॥

যচ্চোক্তং শঙ্খেন।—

স্নাতস্য বহ্নিতপ্তেন তথৈবাতপবারিণা। শরীরশুদ্ধির্বিজ্ঞেয়া ন তু স্নানফলং ভবেৎ ॥ ইতি,
তত্তু কাম্যনৈমিত্তিকবিষয়ং ॥ ৫০ ॥

অতএবোক্তং গর্গেণ।—

কুর্য্যান্নৈমিত্তিকং স্নানং শীতাদ্ভিঃ কাম্যমেব চ। নিত্যং যাদৃচ্ছিকঞ্চৈব যথারুচি সমাচরেৎ ॥

অথ তত্র নিষিদ্ধদিনানি।

তত্র যমঃ।— পুত্রজন্মনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
অস্পৃশ্যস্পর্শনে চৈব ন স্নায়াদুষ্ণবারিণা ॥

বৃদ্ধমনুঃ।—

পৌর্ণমাস্যাং তথা দর্শে যঃ স্নায়াদুষ্ণবারিণা। স গোহত্যাকৃতং পাপং প্রাপ্নোতীহ ন সংশয়ঃ ॥

অথামলকস্নানং।

তত্র মার্কণ্ডেয়ঃ।—

তুষ্যত্যামলকৈর্বিষ্ণুরেকাদশ্যাং বিশেষতঃ। শ্রীকামঃ সর্ব্বদা স্নানং কুর্ব্বীতামলকৈর্নরঃ ॥
সপ্তম্যাং ন স্পৃশেত্তৈলং নীলীবস্ত্রং ন ধারয়েৎ। ন চাপ্যামলকৈঃ স্নায়ান্ন কুর্য্যাৎ কলহং নরঃ ॥

হ্ণীত্যর্থঃ। রোগিণস্তু সদৈবোষ্ণোদকেন স্নানমুক্তং যমেন।—আদিত্যকিরণৈস্তপ্তং পুনঃ পূতঞ্চ বহ্নিনা। অস্নাতমাতুরস্নানে প্রশস্তন্তু শৃতোদকমিতি। প্রতিসিদ্ধদিনান্যগ্রে লেখ্যানি ॥ ৫০ ॥ নিত্যস্নানঞ্চ যাদৃচ্ছিকং অনিয়তং। অতো নিজরুচ্যনুসারেণ শীতাভিরুষ্ণাভির্বাদ্ভিস্তৎ কুর্য্যাদিত্যর্থঃ। যাদৃচ্ছিকং সুখার্থস্নানমিতি বা।

দিবস ব্যতীত অন্যান্য দিনে আমলকী, বা তিল অথবা তৈল মর্দ্দন পূর্ব্বক উষ্ণোদকেও স্নান করিতে পারে।

অতঃপর উষ্ণোদকে স্নান।—ষট্‌ত্রিংশন্মতে আছে যে, স্বতঃই জল শুচি, অগ্নিসংযোগ হইলে বিশেষ প্রকারে শুদ্ধ হয়। সেইজন্য সাধুরা উষ্ণোদকে স্নানের গুণ বর্ণনা করিয়া থাকেন। যম কহিয়াছেন যে, জল স্বতঃই নিরন্তর শুচি, বহ্নিতপ্ত হইলে অধিকতর বিশুদ্ধ হইয়া থাকে, সুতরাং সকল সময়েই উষ্ণোদক বিশুদ্ধ বলিয়া অভিহিত হয়। "যে ব্যক্তি বহ্নিতপ্ত কিংবা আতপতপ্ত জলে স্নান করেন, পরিজ্ঞাত হইবে যে তদীয় দেহমাত্র কেবল শুচি হয়, স্নানের ফল জন্মে না।" শঙ্খ এই যে কহিয়া গিয়াছেন, তাহা কাম্য ও নৈমিত্তিক কর্ম্মবিষয়ক বুঝিতে হইবে।৫০। এই হেতু গর্গ কহিয়াছেন যে, নৈমিত্তিক ও কাম্য স্নান শীতল জল দ্বারা করিতে

ভৃগুঃ।— অমাং ষষ্ঠীং সপ্তমীঞ্চ নবমীঞ্চ ত্রয়োদশীং।
সংক্রান্তৌ রবিবারে চ স্নানমামলকৈস্ত্যজেৎ॥

যাজ্ঞবল্ক্যঃ।—ধাত্রীফলৈরমাবাস্যাসপ্তমীনবমীষু চ। যঃ স্নায়াত্তস্য হীয়ন্তে তেজশ্চায়ুর্ধনং সুতাঃ॥

অথ তিলস্নানং।

তত্র বৃহস্পতিঃ।—সর্ব্বকালং তিলৈঃ স্নানং পুনর্ব্যাসোঽব্রবীন্মুনিঃ॥

ষট্‌ত্রিংশন্মতে।— তথা সপ্তম্যমাবস্যা-সংক্রান্তি-গ্রহণেষু চ।
ধনপুত্রকলত্রার্থী তিলস্পৃষ্টং ন সংস্পৃশেৎ॥

অথ তৈলস্নানং।

তত্রৈব।— ষষ্ঠ্যাং তৈলমনায়ুষ্যং চতুর্দ্দশ্যপি চ পর্ব্বসু॥ ৫১॥

যোগিযাজ্ঞবল্ক্যঃ।—

দশম্যাং তৈলমস্পৃষ্ট্বা যঃ স্নায়াদবিচক্ষণঃ। চত্বারি তস্য নশ্যন্তি আয়ুঃপ্রজ্ঞা যশো ধনং॥৫২॥
মোহাৎ প্রতিপদং ষষ্ঠীং কুহূং রিক্তাতিথিং তথা। তৈলেনাভ্যঞ্জয়েদ্‌যস্তু চতুর্ভিঃ পরিহীয়তে॥
পঞ্চদশ্যাং চতুর্দ্দশ্যাং সপ্তম্যাং রবিসংক্রমে। দ্বাদশ্যাং সপ্তমীং ষষ্ঠীং তৈলস্পর্শং বিবর্জয়েৎ॥ ৫৩॥

দশম্যামস্পৃষ্ট্বেতি তস্যাং তৈলস্নানস্যাবশ্যকতোক্তা॥ ৫১—৫২॥ চতুর্ভিঃ পূর্ব্বোক্তৈরায়ু-

---

হয়; নিত্যস্নানের কোন বিশেষ নিয়ম নাই, ইচ্ছানুসারে কি শীতল, কি উষ্ণ, সকল প্রকার জলেই সমাধা করিতে পারে।

উষ্ণোদকে স্নানবিষয়ে নিষিদ্ধ দিবস।—এই বিষয়ে যম কহিয়াছেন, পুত্রের জন্মদিনে, সংক্রান্তিতে, চন্দ্র-সূর্য্যোপরাগে ও অস্পৃশ্যস্পর্শন হইলে উষ্ণোদকে স্নান অকর্ত্তব্য। বৃদ্ধমনু কহিয়াছেন, যিনি পূর্ণিমা ও অমাবস্যায় উষ্ণোদকে স্নান করেন, তিনি ইহলোকে গোহত্যা-পাতকে পরিলিপ্ত হন সন্দেহ নাই।

অতঃপর আমলকস্নান।—এই বিষয়ে মার্কণ্ডেয় কহিয়াছেন যে, আমলকী দ্বারা শ্রীবিষ্ণুর প্রীতি সম্পাদিত হয়, বিশেষতঃ সেই ভগবান্ একাদশীতে তুষ্টিলাভ করিয়া থাকেন্। প্রত্যহ আমলক দ্বারা স্নান করা লক্ষ্মীকামী ব্যক্তির কর্ত্তব্য। সপ্তমী তিথিতে মানব তৈল স্পর্শ করিবে না। নীলবর্ণের বস্ত্রও ধারণ করিবে না এবং আমলকস্নান ও কলহ করিবে না। ভৃগু বলিয়া-ছেন যে, অমাবস্যা, ষষ্ঠী, সপ্তমী, নবমী, ত্রয়োদশী, সংক্রান্তি ও রবিবার এই সমস্ত দিনে আমলকস্নান নিষিদ্ধ। যাজ্ঞবল্ক্য কহিয়াছেন, অমাবস্যা, সপ্তমী ও নবমী তিথিতে আমলকস্নান করিলে সেই ব্যক্তির তেজঃ, আয়ুঃ, ধন ও পুত্র বিনাশ পায়।

অতঃপর তিলস্নান।—এই বিষয়ে বৃহস্পতি কহিয়াছেন যে, ব্যাস ঋষি পুনরায় সর্ব্বসময়েই তিলস্নানের বিধি নিরূপণ করিয়া গিয়াছেন। ষট্‌ত্রিংশন্মতে লিখিত আছে যে, ধন, সুত ও কলত্রকামী ব্যক্তি সপ্তমী, অমাবস্যা, সংক্রান্তি ও গ্রহণকাল এই সমস্ত দিনে তিলস্পর্শকারী ব্যক্তিকে স্পর্শ করিবে না।

অতঃপর তৈলস্নানবিধি।—ষট্‌ত্রিংশন্মতে লিখিত আছে যে, ষষ্ঠী তিথিতে এবং পর্ব্বদিবস-

অন্যচ্চ।—

সপ্তম্যাং ন স্পৃশেত্তৈলং নবম্যাং প্রতিপদ্যপি। অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যামমাবস্যাং বিশেষতঃ॥ ৫৪॥

কিঞ্চ।— স্নানে বা যদি বাস্নানে পক্বতৈলং ন দুষ্যতি॥ ৫৫॥

কিঞ্চাত্রিস্মৃতৌ।—তৈলাভ্যক্তো ঘৃতাভ্যক্তো বিণ্মূত্রে কুরুতে দ্বিজঃ।

অহোরাত্রোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুধ্যতি॥ ৫৬॥

অথাঙ্গমলমুত্তার্য্য স্নাত্বা বিধিবদাচরেৎ। নাসালগ্নেন চুলুকোদকেনৈবাঘমর্ষণং॥

ততো গুর্ব্বাদিপাদোদৈঃ প্রাগ্বৎ কৃত্বাভিষেচনং।

কার্য্যোঽভিষেকঃ শঙ্খেন তুলসীমিশ্রিতৈর্জলৈঃ॥

অথ তুলসীজলাভিষেকমাহাত্ম্যং।

গারুড়ে।— মার্জয়ত্যভিষেকে তু তুলস্যা বৈষ্ণবো নরঃ।

সর্ব্বতীর্থময়ং দেহং তৎক্ষণাৎ দ্বিজ জায়তে।

ন্নাদিভিঃ॥ ৫৩॥ বিশেষত ইত্যনেন সপ্তম্যাদৌ তৈলত্যাগাবশ্যকতাভিপ্রেতা॥ ৫৪॥ পক্বতৈলঞ্চ কদাচিদপি ন দোষাবহমিতি পূর্ব্বোক্তেঽপবাদং লিখতি স্নানে বেতি॥ ৫৫॥ কৃততৈলাভ্যঙ্গস্ত

চতুষ্টয়ে তৈল ব্যবহার করিলে পরমায়ু ক্ষয় প্রাপ্ত হয়। ৫১। যোগিযাজ্ঞবল্ক্য কহিয়াছেন যে, যে অদূরদর্শী ব্যক্তি দশমী তিথিতে তৈলস্পর্শ না করিয়া স্নান করে, তদীয় পরমায়ুঃ, বুদ্ধি, কীর্ত্তি ও ধন সমস্তই বিনষ্ট হয়। ৫২। যে ব্যক্তি অজ্ঞানতা নিবন্ধন প্রতিপদ্, ষষ্ঠী, অমাবস্যা ও রিক্তা দিবসে * তৈলাভ্যঙ্গ করে, তাহার উপরি কথিত পরমায়ু প্রভৃতি চারিটি বিনাশ প্রাপ্ত হয়। পঞ্চদশী, চতুর্দ্দশী, সপ্তমী, সূর্য্যসংক্রমণ, দ্বাদশী, সপ্তমী ও ষষ্ঠী এই সমস্ত দিনে তৈলাভ্যঙ্গ নিষিদ্ধ। ৫৩। আরও লিখিত আছে যে, সপ্তমী, নবমী, প্রতিপদ্, অষ্টমী ও চতুর্দ্দশী এই কয় তিথিতে, অধিকন্তু অমাবস্যা দিনে তৈলস্পর্শ নিষিদ্ধ। ৫৪। আরও লিখিত আছে যে, স্নানার্থই হউক অথবা স্নান না করাতেই হউক, পক্ব তৈল ব্যবহারে দোষ স্পর্শে না অর্থাৎ কি স্নানের সময়ে, কি অন্য সময়ে পক্ব তৈল ব্যবহার করিতে পারে। ৫৫। অত্রিস্মৃতিতে কথিত আছে যে, ব্রাহ্মণ হইয়া তৈলাভ্যঙ্গ করত মূত্রপুরীষ বিসর্জ্জন করিলে এক অহোরাত্র উপবাসী থাকিয়া পঞ্চগব্য সেবন করিবেন, এই প্রকার করিলেই তাঁহার শুদ্ধিবিধান হয়। ৫৬। তৎপরে গাত্র-সম্মার্জ্জনান্তে যথাবিধি স্নান পূর্ব্বক নাসিকা-স্পৃষ্ট বারিগণ্ডূষ দ্বারা অঘমর্ষণ সম্পাদন করিবে। তদনন্তর গুর্ব্বাদির চরণোদক দ্বারা পূর্ব্ববৎ স্নান করিয়া তুলসী-সংযুক্ত শঙ্খজল দ্বারা স্নান করিতে হয়।

অতঃপর তুলসী-জল দ্বারা স্নানমাহাত্ম্য।—গরুড়পুরাণে বর্ণিত আছে যে, হে বিপ্র! বৈষ্ণব জন স্নানসময়ে শরীরে তুলসী মার্জ্জন করিলে আশু তদীয় শরীর নিখিল তীর্থময় হইয়া থাকে। ব্রাহ্মণবধ করিলেও তুলসীদল-সংযুক্ত জলে স্নান দ্বারা, বিশেষতঃ একাদশী তিথিতে স্নান দ্বারা তৎসমস্ত পাতকের বিমোচন হয়। প্রত্যহ তুলসীমূলস্থ মৃত্তিকা দেহে

---

* রিক্তা—চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী।

তুলসীদলজস্নানে একাদশ্যাং বিশেষতঃ । মুচ্যতে সর্ব্বপাপেভ্যো যদ্যপি ব্রহ্মহা ভবেৎ ॥
তন্মূলমৃত্তিকাভ্যঙ্গং কৃত্বা স্নাতি দিনে দিনে । দশাশ্বমেধাবভৃথং লভতে স্নানজং ফলং ॥
তুলসীদলসংমিশ্রং তোয়ং গঙ্গাসমং বিদুঃ । যো বহেচ্ছিরসা নিত্যং ধৃতা ভবতি জাহ্নবী ॥
পাদোদকং তাম্রপাত্রে কৃত্বা সতুলসীদলং । শঙ্খে কৃত্বাভিষিঞ্চেত মূলেনৈব স্বমূর্দ্ধনি ॥

তন্মাহাত্ম্যং চোক্তং পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ।—

দ্বারকাচক্রসংযুক্তশালগ্রামশিলাজলং । শঙ্খে কৃত্বা তু নিক্ষিপ্তং স্নানার্থং তাম্রভাজনে ।
তুলসীদলসংযুক্তং ব্রহ্মহত্যাবিনাশনং ॥ ইতি ॥ ৫৭ ॥

স্নানশাটীতরেণৈব বাসসাম্ভাংসি গাত্রতঃ ।
সংমার্জ্য বাসসী দধ্যাৎ পরিধানোত্তরীয়কে ॥ ৫৮ ॥

অথ বস্ত্রধারণবিধিঃ ।

তত্রাত্রিঃ ।—

অধৌতং কারুধৌতং বাপরেদ্যুর্ধৌতমেব বা । কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ ॥
ন চার্দ্রমেব বসনং পরিদধ্যাৎ কদাচন ॥ ৫৯ ॥

বিণ্মূত্রোৎসর্গং ন কুর্য্যাদিতি প্রসঙ্গাল্লিখতি তৈলেতি । অহোরাত্রম্ উষিতো ভূত্বা পঞ্চগব্যপানেন শুদ্ধো ভবেৎ । পাঠান্তরে তু অন্ত্যজস্পর্শং তদানীং যত্নেন বর্জ্জয়েদিতি ভাবঃ ॥ ৫৬-৫৭ ॥

স্নানশাট্যাঃ ইতরেণ অন্যেন ॥ ৫৮ ॥

লেপন করিলে দশসংখ্য অশ্বমেধের অবভৃথ স্নানফল প্রাপ্ত হওয়া যায় । বুধগণ তুলসীসংযুক্ত জলকে জাহ্নবীসলিল সমান বিবেচনা করেন । যে ব্যক্তি প্রত্যহ শিরোদেশে তুলসীসংযুক্ত জল বহন করেন, গঙ্গাধারণ করিলে যে ফল হয়, তিনি সেই ফল প্রাপ্ত হন । তুলসীসংযুক্ত জল শিরোদেশে ধারণ করিলে সেই ব্যক্তি নিখিল তীর্থস্নানের ফল লাভ করেন সন্দেহ নাই । তাম্রপাত্রস্থ তুলসীদলসংযুক্ত বিষ্ণুপাদোদক শঙ্খে লইয়া মূলমন্ত্রোচ্চারণ সহকারে নিজশিরোদেশে অভিষেক করিবে । পদ্মপুরাণে লিখিত আছে যে, যে দ্বারকাচক্রাঙ্কিত শালগ্রামশিলোদ্ভব জল স্নানার্থ শঙ্খে লইয়া তাম্রভাণ্ডে প্রক্ষিপ্ত হইয়াছে আর যাহা তুলসীদলসংযুক্ত, তদ্দ্বারা ব্রহ্মবধজনিত পাতক দূরীভূত হয় । ৫৭ । যে বস্ত্র পরিধান পূর্ব্বক স্নান করা হইয়াছে, তদ্ব্যতীত অপর বস্ত্র দ্বারা অঙ্গ হইতে জলমার্জ্জন করত পরিধেয় ও উত্তরীয় বস্ত্র ধারণ করিতে হয় । ৫৮ ।

অনন্তর বস্ত্রধারণবিধি ।—এই বিষয়ে অত্রি ঋষি কহিয়াছেন যে, যে বস্ত্র ধৌত করা হয় নাই, যাহা রজকধৌত অথবা দিবসান্তরে যাহা ধৌত হইয়াছে, সেই সকল বস্ত্র এবং কাষায় বসন, মলিন বসন ও কৌপীন এই সকল পরিধান করিতে নাই । আর্দ্রবস্ত্র পরিধানও নিষিদ্ধ ।৫৯। মলিনবস্ত্রপরিধায়ীকে উলঙ্গ বলা যায় ; সাধারণ পরিমাণে যে ব্যক্তির বস্ত্র অর্দ্ধপ্রমাণ, তাহাকেও উলঙ্গ কহে ; যে ব্যক্তি সাধারণ পরিমাণের দ্বিগুণ বস্ত্র ধারণ করেন, তিনিও উলঙ্গ ; যে ব্যক্তি রক্তবর্ণ বস্ত্র ধারণ করেন, তাঁহাকেও উলঙ্গ বলা যায় ; যিনি সেলাই করা বস্ত্র, তৈলাক্ত বস্ত্র ও দুইটী কচ্ছ (কাছা) ধারণ করেন, আর যাঁহার পরিধানে বস্ত্র নাই, তাঁহাকেও উলঙ্গ কহে । বেদ-

নগ্নো মলিনবস্ত্রঃ স্যান্নগ্নশ্চার্দ্ধপটঃ স্মৃতঃ। নগ্নো দ্বিগুণবস্ত্রঃ স্যান্নগ্নো রক্তপটস্তথা।
নগ্নশ্চ স্যূতবস্ত্রঃ স্যান্নগ্নঃ স্নিগ্ধপটস্তথা। দ্বিকচ্ছোঽনুত্তরীয়শ্চ নগ্নশ্চাবস্ত্র এব চ॥
শ্রৌতং স্মার্ত্তং তথা কর্ম্ম ন নগ্নশ্চিন্তয়েদপি। মোহাৎ কুর্ব্বন্নধো গচ্ছেত্তত্তবেদাসুরং স্মৃতং॥
জপহোমোপবাসেষু ধৌতবস্ত্রধরো ভবেৎ। অলঙ্কৃতঃ শুচির্ম্মৌনী শ্রাদ্ধাদৌ চ জিতেন্দ্রিয়ঃ॥

গোভিলঃ।— একবস্ত্রো ন ভুঞ্জীত ন কুর্য্যাদ্দেবতার্চ্চনং॥

ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্রে।—শুক্লবাসা ভবেন্নিত্যং রক্তঞ্চৈব বিবর্জ্জয়েৎ॥ ৬০॥

অঙ্গিরাঃ।— শৌচং সহস্ররোমাণাং বায়্বগ্ন্যর্কেন্দুরশ্মিভিঃ।
রেতঃস্পৃষ্টং শবস্পৃষ্টমাবিকং নৈব দুষ্যতি॥

অন্যত্র চ।—

ছিন্নং বা সন্ধিতং দগ্ধমাবিকং ন প্রদুষ্যতি। আবিকেন তু বস্ত্রেণ মানবঃ শ্রাদ্ধমাচরেৎ।
গয়াশ্রাদ্ধসমং প্রোক্তং পিতৃভ্যো দত্তমক্ষয়ং॥ ন কুর্য্যাৎ সন্ধিতং বস্ত্রং দেবকর্ম্মণি ভূমিপ।
ন দগ্ধং ন চ বৈ ছিন্নং পারক্যং ন তু ধারয়েৎ। কাকবিষ্ঠাসমং হ্যুক্তমবিধৌতঞ্চ যদ্ভবেৎ।
রজকাদাহৃতং যচ্চ ন তদ্বস্ত্রং ভবেচ্ছুচি। কীটস্পৃষ্টন্তু যদ্বস্ত্রং পুরীষং যেন কারিতং।
মূত্রং বা মৈথুনং বাপি তদ্বস্ত্রং পরিবর্জয়েৎ॥ আবিকন্তু সদা বস্ত্রং পবিত্রং রাজসত্তম।
পিতৃদেবমনুষ্যাণাং ক্রিয়ায়াঞ্চ প্রশস্যতে। ধৌতাধৌতং তথা দগ্ধং সন্ধিতং রজকাহৃতং।

নগ্নো দিগম্বরো জৈনভেদো বা॥ ৬০॥ সহস্রাণি অসংখ্যেয়ানি রোমাণি যেষু তেষাম্ উণাদি-

---

বিহিত কর্ম্ম ও স্মৃতিবিহিত কর্ম্ম মানসে চিন্তা করাও উলঙ্গ ব্যক্তির অকর্ত্তব্য। প্রমাদবশে চিন্তা করিলে সে ব্যক্তি অধোগামী হয় এবং সে ব্যক্তি যে সকল ক্রিয়ানুষ্ঠান করে, তাহা অসুরার্থ কল্পিত হইয়া থাকে। জপ, হোম, উপবাস ও শ্রাদ্ধ এই সকল ক্রিয়ানুষ্ঠানে ইন্দ্রিয় সংযম করিতে হয় এবং ধৌত বস্ত্র পরিধান করা কর্ত্তব্য। গোভিল কহিয়া গিয়াছেন যে, একবস্ত্র ধারণ করত আহার করা নিষিদ্ধ এবং একবস্ত্র ধারণ পূর্ব্বক দেবপূজাও করিতে নাই। ত্রৈলোক্যসম্মোহন-পঞ্চরাত্রে লিখিত আছে যে, নিরন্তর শুভ্রবসন পরিগ্রহ করিবে, রক্তবর্ণ বস্ত্র ধারণ করিবে না। ৬০। অঙ্গিরাঃ কহিয়াছেন যে, বায়ু, বহ্নি, আতপতাপ ও চন্দ্ররশ্মি দ্বারা রোম-সহস্রনির্ম্মিত বস্ত্রের শোধন সম্পাদিত হয়। মেষরোম দ্বারা প্রস্তুতীকৃত কম্বলাদি বসন যদি রেতঃ-স্পৃষ্ট হয় অথবা শবস্পৃষ্ট হয়, তাহা হইলে তাহা অশুচি হয় না। অন্যত্রও লিখিত আছে যে, মেষ-রোম-নির্ম্মিত বস্ত্র যদি ছিন্ন অথবা সন্ধিত (সেলাই করা) হয়, বা দগ্ধ হয়, তথাপি তাহা অশুচি হয় না। মেষরোম-নির্ম্মিত বস্ত্র ধারণ পূর্ব্বক শ্রাদ্ধ করা মানবের কর্ত্তব্য; ঐরূপ করিলে সেই শ্রাদ্ধ গয়াশ্রাদ্ধের তুল্য হয় এবং ঐ প্রকারে পিতৃদিগের উদ্দেশে দত্ত শ্রাদ্ধ অক্ষয় হইয়া থাকে। হে নৃপতে! সন্ধিত বস্ত্র ধারণ পূর্ব্বক দৈবকর্ম্ম করিতে নাই। এতদ্ব্যতীত দগ্ধ, ছিন্ন অথবা পরের ধৃত বস্ত্রও ধারণ করিবে না। যাহা জলধৌত নহে, তাদৃশ বস্ত্র বায়সের বিষ্ঠার সদৃশ এবং রজকের গৃহ হইতে আনীত বস্ত্রও অপবিত্র। কীটস্পৃষ্ট বস্ত্র, যে বস্ত্র ধারণ পূর্ব্বক মূত্র-পুরীষ

শুক্রমূত্ররক্তলিপ্তং তথাপি পরমং শুচি। অগ্নিরাবিকবস্ত্রঞ্চ ব্রাহ্মণাশ্চ তথা কুশাঃ।
চতুর্ণাং ন কৃতো দোষো ব্রহ্মণা পরমেষ্ঠিনা ॥ ৬১ ॥

কিঞ্চান্যত্র।— ধারয়েদ্বাসসী শুদ্ধে পরিধানোত্তরীয়কে।
অচ্ছিন্নসুদশে শুক্লে আচামেৎ পীঠসংস্থিতঃ ॥

অথ পীঠং

বহ্বৃচপরিশিষ্টে।—
যতীনামাসনং শুক্লং কূর্ম্মাকারন্তু কারয়েৎ। অন্যেষান্তু চতুষ্পাদং চতুরশ্রন্তু কারয়েৎ ॥
গো-শকৃন্মৃন্ময়ং ভিন্নং তথা পালাশপৈপ্পলং। লোহবদ্ধং সদৈবার্কং বর্জ্জয়েদাসনং বুধঃ ॥

অথাসনবিধিঃ।

তত্রৈব।— দানমাচমনং হোমং ভোজনং দেবতার্চ্চনং।
প্রৌঢ়পাদো ন কুর্ব্বীত স্বাধ্যায়ঞ্চৈব তর্পণং ॥
আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ।
কৃতাবসকৃথিকো যস্তু প্রৌঢ়পাদঃ স উচ্যতে ॥ ৬৩ ॥ ইতি ॥

ততো ভূমিগতাঙ্ঘ্রিঃ সন্ নিবিশ্যাচম্য দর্ভভৃৎ। উর্দ্ধপুণ্ড্রাদিকং কুর্য্যাৎ শ্রীগোপীচন্দনাদিনা ॥৬৪॥

নির্ম্মিতানাং কম্বলাদীনামিত্যর্থঃ। আবিকং মেষরোমনির্ম্মিতং কম্বলাদি ॥ ৬১ ॥ অচ্ছিন্নাঃ সুশোভনাশ্চ দশা যয়োস্তে ॥ ৬২ ॥

বস্ত্রপরিধানানন্তরং পীঠে সংস্থিতঃ সন্নাচামেদিত্যুক্তং। তৎপীঠমেব লিখতি যতীনামিত্যাদিনা ॥ ৬৩ ॥ দর্ভভৃৎ কুশপাণিঃ সন্ ॥ যদ্যপ্যূর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণানন্তরমেবাচমনং যুক্তং তথাপ্যত্র

বিসর্জ্জন করা হইয়াছে, এবং যে বস্ত্র পরিধান পূর্ব্বক নারীসহবাস করা হয়, তাহা পরিত্যাজ্য। কিন্তু হে নৃপতে! মেষরোম-নির্ম্মিত বস্ত্র সর্ব্বদাই শুদ্ধ; কি পিতৃকর্ম্ম, কি দৈবকর্ম্ম, কি মানুষ-কর্ম্ম, সকল কার্য্যেই উহা প্রশস্ত। ধৌত, অধৌত, দগ্ধ, সন্ধিত, রজকগৃহ হইতে আনীত, শুক্র-লিপ্ত, মূত্রলিপ্ত, মলস্পৃষ্ট, যেরূপই হউক্ না কেন, মেষরোমনির্ম্মিত বস্ত্র সর্ব্বথা বিশুদ্ধ। পর-মেষ্ঠী পিতামহ বহ্নি, মেষ-রোমজ বসন, দ্বিজাতি ও কুশ এই চারিটীকে অশুচি করেন নাই। ৬১। অন্যত্র আরও লিখিত আছে যে, যাহা অচ্ছিন্ন ও যাহার দশা অতি সুন্দর, ঈদৃশ পরিধেয় বস্ত্র ও উত্তরীয় বস্ত্র ধারণ করিতে হয়। অনন্তর বস্ত্র পরিধানান্তে পীঠে সমাসীন হইয়া আচমন করিবে। ৬২।

অতঃপর পীঠ।—বহ্বৃচপরিশিষ্টে লিখিত আছে যে, যতিগণ শুভ্রবর্ণ ও কূর্ম্মাকৃতি আসন রচনা করিবে, অন্যান্য আশ্রমীদিগের পক্ষে চতুষ্পাদযুক্ত চতুষ্কোণ আসন করা কর্ত্তব্য। গোময়-নির্ম্মিত, মৃন্ময়, বিদীর্ণ, পলাশকাষ্ঠরচিত, অশ্বত্থতরুজাত, লৌহবদ্ধ ও আকন্দকাষ্ঠ দ্বারা প্রস্তুতীকৃত আসন জ্ঞানী জন কর্ত্তৃক নিরন্তর পরিত্যাজ্য।

অতঃপর আসনবিধি।—উক্ত গ্রন্থেই লিখিত আছে যে, দান, আচমন, হোম, আহার, দেবপূজা, বেদপাঠ ও তর্পণ এই সমস্ত কার্য্য প্রৌঢ়পাদ হইয়া করিতে নাই। আসনে চরণ

তত্রাদাবস্থলেপেন ভগবচ্চরণাব্জয়োঃ। নির্ম্মাল্যেন প্রসাদেন সর্ব্বাণ্যঙ্গানি মার্জ্জয়েৎ ॥

তদুক্তং ব্রাহ্মে শ্রীভগবতা।—

শালগ্রামশিলালগ্নং চন্দনং ধারয়েৎ সদা। সর্ব্বাঙ্গেষু মহাশুদ্ধিসিদ্ধয়ে কমলাসন ইতি ॥ ৬৫ ॥

ততো দ্বাদশভিঃ কুর্য্যান্নামভিঃ কেশবাদিভিঃ। দ্বাদশাঙ্গেষু বিধিবদূর্দ্ধ্বপুণ্ড্রাণি বৈষ্ণবঃ ॥ ৬৬ ॥

অথ দ্বাদশতিলকবিধিঃ।

পদ্মপুরাণে উত্তরখণ্ডে।—ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে।

বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে ॥ ৬৭ ॥

পূজার্থতিলকবিশেষাদিনিমিত্তমাদাবাচমনং সৎসম্প্রদায়ানুসারেণ লিখিতং। তিলকানন্তরমাচমনঞ্চ পূর্ব্বং বহিঃস্নানে লিখিতমেবাস্তি ॥৬৪॥ প্রসাদরূপেণ নির্ম্মাল্যেন ॥ ৬৫ ॥ কেশবাদিভির্মূর্ত্তিপঞ্জরন্যাসোক্তৈর্দ্বাদশভির্নামভিঃ ক্রমেণ ললাটাদিদ্বাদশাঙ্গেষু উর্দ্ধপুণ্ড্রাণি দ্বাদশ কুর্য্যাৎ। বৈষ্ণব ইতি বিশেষতো বৈষ্ণবস্য বিধেয়ত্বং সূচয়তি। বিধির্যথা স্যাদিত্যত্রায়ং বিধিঃ। মূর্ত্তিপঞ্জরন্যাসানুসারেণ প্রণবপূর্ব্বকং সবিন্দুকারাদিদ্বাদশবর্ণৈর্দ্বাদশাদিত্যৈশ্চ সহিতান্ কেশবাদীন্ দ্বাদশ ন্যসেৎ। তত্র কেচিৎ কেশবাদিন্যাসোক্তং কীর্ত্ত্যাদিদ্বাদশক্তিভিরপি সহ ন্যস্যন্তি। দ্বাদশাদিত্যাশ্চোক্তাঃ।—ধাতার্য্যমা চ মিত্রশ্চ বরুণোঽংশুর্ভগস্তথা। বিবস্বানিন্দ্রঃ পূষা চ পর্জ্জন্যস্ত্বষ্টৃ বিষ্ণব ইতি। ততশ্চায়ং প্রয়োগঃ। ওঁ অং ধাতৃসহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ ললাটে ইত্যাদি। কিঞ্চ। ললাটোর্দ্ধপুণ্ড্রমালাদিকমগ্রে ব্যক্তং ভাবি। অন্যাঙ্গোর্দ্ধপুণ্ড্রাণাঞ্চ কেচিদ্দীপশিখাকারতয়া কেচিচ্চ বাহ্বোর্বক্ষঃস্থলে পুণ্ড্রমষ্টাঙ্গুলপ্রমাণমন্যত্র চতুরঙ্গুলপ্রমাণমিত্যেবং তত্রাপি কেচিন্মধ্যে ছিদ্রতয়েচ্ছন্তীতি। বিবিধো বিধিস্তত্র চ নিজসম্প্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্যঃ। ইত্যাদ্যভিপ্রায়েণৈবাগ্রে লেখ্যং সম্প্রদায়ানুসারত ইতি ॥ ৬৬ ॥

স্থাপন পূর্ব্বক জানু অথবা জঙ্ঘায় বস্ত্রবন্ধনপূর্ব্বক বসিলে তাহার নাম প্রৌঢ়পাদ। ৬৩। তৎপরে ভূতলে পদ স্থাপন পূর্ব্বক বসিয়া কুশ ধারণ করত আচমনান্তে গোপীচন্দনাদি দ্বারা উর্দ্ধপুণ্ড্র রচনা করিবে। ৬৪। * ঐ বিষয়ে প্রথমে ভগবচ্চরণকমল-বিলিপ্ত নির্ম্মাল্য প্রসাদ চন্দন দ্বারা সর্ব্ব অঙ্গে লেপ প্রদান করিতে হয়। ব্রহ্মপুরাণে ভগবান্ স্বয়ংই বলিয়াছেন যে, হে ব্রহ্মন্! মহাশুদ্ধি-প্রাপ্ত্যর্থ শালগ্রামশিলালগ্ন চন্দন সদা সর্ব্বাঙ্গে ধারণ করিবে। ৬৫। তৎপরে বৈষ্ণব ব্যক্তি কেশবাদি দ্বাদশ নাম উচ্চারণ করত যথাবিধানে অঙ্গের দ্বাদশ স্থানে উর্দ্ধপুণ্ড্র রচনা করিবেন।৬৬। †

অতঃপর দ্বাদশতিলকবিধি।—পদ্মপুরাণের উত্তরখণ্ডে লিখিত আছে যে, কেশবকে ললাটে,

---

* উর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণান্তে আচমনই কর্ত্তব্য বটে, তথাপি পূজার্থ তিলকবিশেষাদির নিমিত্ত অগ্রে আচমন করিতে হইবে, ইহাই সৎসম্প্রদায়ানুসারে লিখিত হইল।

† মূর্ত্তিপঞ্জর ন্যাসের প্রণালী ওঙ্কারপূর্ব্বক অনুস্বারযুক্ত অকারাদি দ্বাদশ বর্ণ ও দ্বাদশ সূর্য্যের সহিত কেশবাদি দ্বাদশকে দ্বাদশাঙ্গে ন্যাস করিতে হয়। কোন কোন বিচক্ষণের মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, কেশবাদি দ্বাদশের সহিত কীর্ত্ত্যাদি দ্বাদশশক্তিরও ন্যাস করা কর্ত্তব্য। দ্বাদশসূর্য্য যথা—(১) ধাতা, (২) অর্য্যমা, (৩) মিত্র, (৪) বরুণ, (৫) অংশু, (৬) ভগ, (৭) বিবস্বান্, (৮) ইন্দ্র, (৯) পূষা, (১০) পর্জ্জন্য, (১১) ত্বষ্টা, (১২) বিষ্ণু। ন্যাসের প্রণালী যথা— ওঁ অং ধাতৃসহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ ললাটে ইত্যাদি।

বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনং। ত্রিবিক্রমং কন্ধরে তু বামনং বামপার্শ্বকে।
শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে। পৃষ্ঠে তু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥৬৮॥
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবেতি মূর্দ্ধনি ॥

কিঞ্চ।— ঊর্দ্ধপুণ্ড্রং ললাটে তু সর্ব্বেষাং প্রথমং স্মৃতং।
ললাটাদিক্রমেণৈব ধারণন্তু বিধীয়তে ॥ ইতি ॥ ৬৯ ॥

এবং ন্যাসং সমাচর্য্য সম্প্রদায়ানুসারতঃ। ন্যসেৎ কিরীটমন্ত্রঞ্চ মূর্দ্ধ্নি সর্ব্বার্থসিদ্ধয়ে ॥

অথ কিরীটমন্ত্রঃ।

ওঁ শ্রী-কিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডলচক্র-শঙ্খ-গদা-পদ্ম-হস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃ-স্থল! শ্রীভূমিসহিতস্বাত্মজ্যোতির্দীপ্তিকরায় সহস্রাদিত্যতেজসে নমো নমঃ ॥ ইতি ৭০ ॥

অথোর্দ্ধ্বপুণ্ড্রনিত্যতা।

পাদ্মে শ্রীভগবদুক্তৌ।—

মৎপ্রিয়ার্থং শুভার্থংবা রক্ষার্থে চতুরানন। মৎপূজাহোমকালে চ সায়ং প্রাতঃ সমাহিতঃ।
মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রং ভয়াপহং ॥ ৭১ ॥

তত্তন্নামানি অঙ্গানি চ বিভজ্য দর্শয়তি ললাটে ইতি ত্রিভিঃ। ধ্যায়েৎ ন্যসেৎ ॥৬৭॥ ত্রিবিক্রমং দক্ষিণে কন্ধরে। হৃষীকেশং বামে কন্ধরে ॥ ৬৮ ॥ এবং কেশবাদ্যানাং দামোদরান্তানাং দ্বাদশানাং ন্যাসমুক্ত্বা মস্তকে শ্রীবাসুদেবস্য ন্যাসমাহ তদিতি। বাসুদেবেতি বাসুদেবায় নমঃ ইতি এতচ্চ সমস্তস্বরৈঃ সহ ন্যসেদিতি জ্ঞেয়ং। কেচিচ্চ দ্বাদশাক্ষরমন্ত্রং মূর্দ্ধ্নি বিন্যস্যন্তি। অত্রাপি সৎসম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ৬৯ ॥ সম্প্রদায়ানুসারত ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥

উদরে নারায়ণকে, মাধবকে বক্ষে, গোবিন্দকে কণ্ঠকূপে, বিষ্ণুকে দক্ষিণ কুক্ষিতে, মধুসূদনকে দক্ষিণ বাহুতে, ত্রিবিক্রমকে দক্ষিণ কন্ধরে, বামনকে বামপার্শ্বে, শ্রীধরকে বামবাহুতে, কেশবকে বামকন্ধরে, পদ্মনাভকে পৃষ্ঠে এবং দামোদরকে কটিতে ধ্যান করত ন্যাস করিতে হয়। ৬৮। তৎপ্রক্ষালন জল "বাসুদেবায় নমঃ" বলিয়া অকারাদি দ্বাদশ স্বর সহ শিরোদেশে ন্যাস করিবে অর্থাৎ হস্তদ্বয়সংমৃষ্ট তিলক-প্রক্ষালন-জল উক্ত মন্ত্রোচ্চারণ সহকারে অকারাদি দ্বাদশস্বর সহ মস্তকে দিবে। আরও লিখিত আছে যে, প্রথমে ললাটদেশে ঊর্দ্ধ্বপুণ্ড্র তিলক রচনার বিধান সর্ব্বজনের পক্ষেই নির্দ্দিষ্ট; ললাটাদিক্রমেই ধারণের বিধি নিরূপিত হইয়াছে। ৬৯। এইরূপে সম্প্রদায়ানুসারে ঊর্দ্ধ্বপুণ্ড্র রচনা পূর্ব্বক যাবতীয় অর্থসিদ্ধ্যর্থ শিরোদেশে কিরীট মন্ত্র ন্যাস করিবে।

অতঃপর কিরীটমন্ত্র।—যিনি দিব্য কিরীট, কেয়ূর, হার, মকর, কুণ্ডল, চক্র, শঙ্খ, গদা, পদ্ম ধারণ করিতেছেন, যিনি পীতবাসা, যাঁহার বক্ষঃস্থল শ্রীবৎসে অঙ্কিত, যিনি শ্রীভূমি সহিত নিজ মনোহর জ্যোতির প্রকাশক এবং যিনি সহস্রাদিত্য তুল্য তেজস্বী, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি। ৭০।

অতঃপর ঊর্দ্ধপুণ্ড্রধারণের নিত্যতা।—পদ্মপুরাণে শ্রীভগবদুক্তিতে বর্ণিত আছে যে, হে

তত্রৈব শ্রীনারদোক্তৌ।—

যজ্ঞো দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণং। ব্যর্থং ভবতি তৎসর্ব্বমূর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতং॥

তত্রৈবোত্তরখণ্ডে।—

ঊর্দ্ধপুণ্ড্রৈর্ব্বিহীনস্তু কিঞ্চিৎ কর্ম্ম করোতি যঃ। ইষ্টাপূর্ত্তাদিকং সর্ব্বং নিষ্ফলং স্যান্ন সংশয়ঃ॥

ঊর্দ্ধপুণ্ড্রৈর্ব্বিহীনস্তু সন্ধ্যাকর্ম্মাদিকং চরেৎ। তৎ সর্ব্বং রাক্ষসং নিত্যং নরকং চাধিগচ্ছতি॥৭২॥

অন্যচ্চ।—

ঊর্দ্ধপুণ্ড্রে ত্রিপুণ্ড্রং যঃ কুরুতে স নরাধমঃ। ভঙ্‌ক্ত্বা বিষ্ণুগৃহং পুণ্ড্রং স যাতি নরকং ধ্রুবং॥

অতএব পাদ্মে শ্রীনারদোক্তৌ।—

যচ্ছরীরং মনুষ্যাণামূর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতং। দ্রষ্টব্যং নৈব তত্তাবৎ শ্মশানসদৃশং ভবেৎ॥ ৭৩॥

তত্রৈবোত্তরখণ্ডে।—

ঊর্দ্ধপুণ্ড্রং ধরেদ্বিপ্রো মৃদা শুভ্রেণ বৈদিকঃ। ন তির্য্যক্ ধারয়েদ্বিদ্বানাপদ্যপি কদাচন॥৭৪॥

স্কান্দে।— তির্য্যক্ পুণ্ড্রং ন কুর্ব্বীত সংপ্রাপ্তে মরণেঽপি চ।
নৈবান্যন্নাম চ ব্রূয়াৎপুমান্নারায়ণাদৃতে॥

ধারয়েদ্বিষ্ণুনির্ম্মাল্যং ধূপশেষং বিলেপনং। বৈষ্ণবং কারয়েৎ পুণ্ড্রং গোপীচন্দনসম্ভবং॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে।—

যস্যোর্দ্ধপুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি। তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ॥৭৫॥

নিত্যং ধারয়েদিতি নিত্যতা সিদ্ধা॥৭০-৭১॥ অধুনা অকরণে প্রত্যবায়পুঞ্জং দর্শয়তি যজ্ঞ ইত্যাদিনা। চরেৎ আচরেৎ॥ ৭২॥ বিষ্ণুগ্রহং হরিমন্দিরং॥৭৩॥ ধরেৎ ধারয়েৎ॥৭৪॥ বৈষ্ণবং

ব্রহ্মন্! মদ্ভক্ত জন স্থিরচিত্ত হইয়া সন্ধ্যাকালে ও প্রভাতে মদীয় অর্চ্চনা এবং হোমকালে মৎপ্রিয়ার্থ কিংবা নিজ কল্যাণার্থ ও রক্ষার্থ ভয়নাশন ঊর্দ্ধপুণ্ড্র প্রত্যহ ধারণ করিবেন। ৭১। ঐ পুরাণেই নারোদোক্তিতে বর্ণিত আছে যে, ঊর্দ্ধপুণ্ড্র ধারণ না করিয়া যজ্ঞ, দান, তপঃ, হোম, বেদাধ্যয়ন, পিতৃতর্পণ প্রভৃতি যে কোন কর্ম্মের অনুষ্ঠান করা যায়, তাহাই বিফল হইয়া থাকে। ঐ পুরাণেরই উত্তরভাগে লিখিত আছে যে, যে ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্র পরিত্যাগ পূর্ব্বক ইষ্টাপূর্ত্তাদি কর্ম্মের অনুষ্ঠান করে, তাহার তৎসমস্ত কর্ম্মই নিষ্ফল হয় সংশয় নাই। ঊর্দ্ধপুণ্ড্রবিহীন হইয়া সন্ধ্যাবন্দনাদি করিলে তৎসমস্ত রাক্ষসের জন্য হয় এবং সেই ব্যক্তি নিরয়গামী হইয়া থাকে। ৭২। আরও লিখিত আছে যে, ঊর্দ্ধপুণ্ড্রে ত্রিপুণ্ড্র রচনা করিলে সেই ব্যক্তি নরাধম বলিয়া পরিগণিত হয়। পুণ্ড্রস্বরূপ হরিমন্দির ভগ্ন করিলে তাহাকে নরকে গমন করিতে হয় সন্দেহ নাই। পদ্মপুরাণে নারদবচনে প্রকাশিত আছে যে, ঊর্দ্ধপুণ্ড্র-রহিত মানবদেহ দর্শন করিতে নাই, উহা শ্মশানসদৃশ।৭৩। ঐ পুরাণেরই উত্তরভাগে লিখিত আছে যে, বৈদিক দ্বিজাতিরা শুভ্র মৃত্তিকা দ্বারা ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ করিবে। বিচক্ষণ ব্যক্তি আপৎকালেও কুটিল পুণ্ড্র রচনা করিবে না। ৭৪। স্কন্দপুরাণে লিখিত আছে যে, আসন্নকাল আগত হইলেও বক্রপুণ্ড্র ধারণ করা পুরুষের অকর্ত্তব্য, তৎকালে নারায়ণ ভিন্ন অন্য নামও উচ্চারণ

অন্যত্রাপি।—

বৈষ্ণবাণাং ব্রাহ্মণানামূর্দ্ধপুণ্ড্রং বিধীয়তে। অন্যেষান্তু ত্রিপুণ্ড্রং স্যাদিতি ব্রহ্মবিদো বিদুঃ॥
ত্রিপুণ্ড্রং যস্য বিপ্রস্য ঊর্দ্ধপুণ্ড্রং ন দৃশ্যতে। তং স্পৃষ্ট্বাপ্যথবা দৃষ্ট্বা সচেলং স্নানমাচরেৎ॥
ঊর্দ্ধপুণ্ড্রে ন কুর্ব্বীত বৈষ্ণবাণাং ত্রিপুণ্ড্রকং। কৃতত্রিপুণ্ড্রমর্ত্ত্যস্য ক্রিয়া ন প্রীতয়ে হরেঃ॥ ৭৬॥

অতএবোত্তরখণ্ডে।—

অশ্বত্থপত্রসংকাশো বেণুপত্রাকৃতিস্তথা। পদ্মকুট্মলসঙ্কাশো মোহনং ত্রিতয়ং স্মৃতং॥ ৭৭॥

অথোর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্যং।

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে।—

ঊর্দ্ধপুণ্ড্রো মৃদা শুভ্রো ললাটে যস্য দৃশ্যতে। চাণ্ডালোঽপি বিশুদ্ধাত্মা যাতি ব্রহ্ম সনাতনং॥
ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা লক্ষ্মীরূর্দ্ধপুণ্ড্রে স্থিতং যশঃ। ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা মুক্তিরূর্দ্ধপুণ্ড্রে স্থিতো হরিঃ॥

পদ্মপুরাণে।—

ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা সৌম্যং ললাটে যস্য দৃশ্যতে। স চণ্ডালোঽপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ॥৭৮॥

হরিমন্দিরলক্ষণমূর্দ্ধপুণ্ড্রং। ললাট ইতি ঊর্দ্ধপুণ্ড্রস্য তত্রৈব বিহিতত্বাৎ॥৭৫॥ ব্রাহ্মণানাঞ্চ অন্যেষাম্ অবৈষ্ণবশূদ্রাণাং॥৭৬॥ এবমত্রোর্দ্ধপুণ্ড্রধারণস্য বিহিতত্বাদগ্রে চ বক্ষোবাহুমূলাদৌ। খড়্গ-চক্রাদিমুদ্রাধারণস্য বিহিতত্বাদবৈষ্ণবস্মার্ত্তসম্মতমশ্বত্থপত্রাকারাদিকং বক্ষঃস্থলাদৌ ন বিধেয়মিতি লিখতি অশ্বত্থেতি। মোহনম্ অসুরানুসারি শুক্রাদিমায়াবিহিতমিত্যর্থঃ॥ ৭৭॥

করিবে না। বিষ্ণুনির্ম্মাল্য ধূপাবশেষ ও চন্দন ধারণ করিবে। ঐ পুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে লিখিত আছে যে, যাহার ললাটদেশে ঊর্দ্ধপুণ্ড্র লক্ষিত না হয়, তাহাকে দর্শন করা উচিত নহে, তাহাকে দেখিলে সূর্য্য দর্শন করিয়া শুদ্ধ হইবে। ৭৫। অন্যত্রও লিখিত আছে যে, বৈষ্ণব ও ব্রাহ্মণেরা ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিবে এবং অবৈষ্ণব শূদ্রেরা ত্রিপুণ্ড্র ধারণ করিবে। বেদবিদ্‌গণ এইরূপ নিয়ম নির্দ্দিষ্ট করিয়া গিয়াছেন। যে দ্বিজাতির ললাটদেশে ত্রিপুণ্ড্র দৃষ্ট হয়, কিন্তু ঊর্দ্ধপুণ্ড্র লক্ষিত হয় না, তাঁহাকে স্পর্শ করিলে কিংবা তাঁহাকে নেত্রগোচর করিলে সচেল স্নান করিবে। বৈষ্ণবেরা ঊর্দ্ধপুণ্ড্রস্থলে ত্রিপুণ্ড্র করিবেন না। যে ব্যক্তি ত্রিপুণ্ড্র ধারণ পূর্ব্বক কার্য্য করেন, তদীয় তৎ-কর্ম্ম হরিসন্তোষের কারণ হয় না। ৭৬। পদ্মপুরাণের উত্তরভাগে লিখিত আছে যে, বক্ষঃস্থলাদিতে অশ্বত্থপত্রাকৃতি, বংশপত্রাকৃতি ও পদ্মকলিকাকৃতি এই ত্রিবিধ তিলক ধারণ করিবে না; উহা অবৈষ্ণব স্মার্ত্তসম্মত ও মোহন, অর্থাৎ অসুরমতানুসারী; শুক্রাচার্য্যাদি মায়াপ্রকাশ করত তাদৃশ তিলকের বিধি দিয়া গিয়াছেন; সুতরাং ঐ ত্রিবিধ তিলক নিষ্ফল। ৭৭।

অতঃপর ঊর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্য।—স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে লিখিত আছে যে, যে ব্যক্তির ললাটদেশে মৃন্ময় শ্বেতবর্ণ ঊর্দ্ধপুণ্ড্র লক্ষিত হয়, চণ্ডাল হইলেও তদীয় আত্মা পবিত্র; সে ব্যক্তি সনাতন ব্রহ্মকে লাভ করে। ঊর্দ্ধপুণ্ড্রে লক্ষ্মী অধিষ্ঠিত, ঊর্দ্ধপুণ্ড্রে যশঃ অধিষ্ঠান করে, ঊর্দ্ধ-পুণ্ড্রে মোক্ষ সংস্থিত এবং ঊর্দ্ধপুণ্ড্রে হরি অধিষ্ঠিত থাকেন। পদ্মপুরাণে লিখিত আছে যে,

অত্রৈবোত্তরখণ্ডে শিবোমাসংবাদে।—

উর্দ্ধপুণ্ড্রস্য মধ্যে তু বিশালে সুমনোহরে। লক্ষ্ম্যা সার্দ্ধং সমাসীনো দেবদেবো জনার্দ্দনঃ॥
তস্মাদ্যস্য শরীরে তু উর্দ্ধপুণ্ড্রং ধৃতং ভবেৎ। তস্য দেহং ভগবতো বিমলং মন্দিরং স্মৃতং॥
উর্দ্ধপুণ্ড্রধরো বিপ্রঃ সূর্য্যলোকেষু পূজিতঃ। বিমানবরমারুহ্য যাতি বিষ্ণোঃ পরং পদং॥
উর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রং দৃষ্ট্বা পাপৈঃ প্রমুচ্যতে। নাম স্মৃত্বা তথা ভক্ত্যা সর্ব্বদানফলং লভেৎ॥
উর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রো যঃ শ্রাদ্ধে ভোজয়িষ্যতি। আকল্পকোটি পিতরস্তস্য তৃপ্তা ন সংশয়ঃ॥
উর্দ্ধপুণ্ড্রধরো যস্তু কুর্য্যাৎ শ্রাদ্ধং শুভাননে। কল্পকোটিসহস্রাণি বৈকুণ্ঠে বাসমাপ্নুয়াৎ॥
যজ্ঞ-দান-তপশ্চর্য্যা-জপ-হোমাদিকঞ্চ যৎ। উর্দ্ধপুণ্ড্রধরঃ কুর্য্যাৎ তস্য পুণ্যমনন্তকং॥

ব্রহ্মাণ্ডপুরাণে।—

অশুচির্ব্বাপ্যনাচারো মনসা পাপমাচরন্। শুচিরেব ভবেন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রাঙ্কিতো নরঃ॥

তত্রৈব শ্রীভগবদ্বচনং।—

উর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো ম্রিয়তে যত্র কুত্রচিৎ। শ্বপাকোঽপি বিমানস্থো মম লোকে মহীয়তে॥৭৯॥
উর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো গৃহে যস্যান্নমশ্নুতে। তদা বিংশৎকুলং তস্য নরকাদুদ্ধরাম্যহং॥৮০॥

উর্দ্ধপুণ্ড্র ইতি পুংস্ত্বমার্ষং॥ ৭৮॥ সমাসীনোঽস্তি॥ ৭৯॥ বিংশৎকুলং বিংশতিকুলানি॥৮০॥

যে ব্যক্তির ললাটদেশে মৃত্তিকানির্ম্মিত সুন্দর উর্দ্ধপুণ্ড্র লক্ষিত হয়, চণ্ডাল হইলেও তদীয় আত্মা পবিত্র; তাঁহাকে অর্চ্চনা করা অবশ্য কর্ত্তব্য সন্দেহ নাই। ৭৮। পদ্মপুরাণের উত্তরভাগে শিবোমাসংবাদে লিখিত আছে যে, উর্দ্ধপুণ্ড্রের অতিসুন্দর সুবিস্তৃত মধ্যস্থলে নারায়ণদেব কমলা সমভিব্যাহারে সমাসীন থাকেন; সুতরাং যে ব্যক্তির দেহে উর্দ্ধপুণ্ড্র বিদ্যমান থাকে, তদীয় সেই কলেবর নারায়ণের পবিত্র মন্দিরস্বরূপ, এইরূপ প্রসিদ্ধি আছে। যে দ্বিজ উর্দ্ধপুণ্ড্র ধারণ করেন, তিনি আদিত্যধামে অর্চ্চিত হন এবং বিমানারূঢ় হইয়া বিষ্ণুর দিব্যধামে প্রয়াণ করেন। যে ব্রাহ্মণ উর্দ্ধপুণ্ড্র ধারণ করেন, তাঁহাকে দেখিলে নিখিল পাতক হইতে বিমুক্ত হওয়া যায় এবং ভক্তিসহকারে তদীয় নাম স্মরণ করিলে যাবতীয় দানের ফল প্রাপ্ত হওয়া যায়। শ্রাদ্ধানুষ্ঠানকালে যিনি উর্দ্ধপুণ্ড্রধারী দ্বিজাতিকে ভোজন করাইয়া থাকেন, তদীয় পিতৃগণ কোটিকল্প যাবৎ পরিতৃপ্ত থাকেন সন্দেহ নাই। হে বরাননে! উর্দ্ধপুণ্ড্র ধারণপূর্ব্বক শ্রাদ্ধ করিলে সেই ব্যক্তি সহস্রকোটিকল্প যাবৎ বৈকুণ্ঠে বাস করেন। উর্দ্ধপুণ্ড্র ধারণপূর্ব্বক যজ্ঞ, দান, তপঃ, জপ ও হোমাদি যে কোন ক্রিয়ার অনুষ্ঠান করা যায়, তাহাই অনন্তপুণ্যপ্রদ হইয়া থাকে। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, অপবিত্রই হউক, অথবা আচার-ভ্রষ্ট হউক, কিংবা মনে মনে পাপাচরণ করুক, উর্দ্ধপুণ্ড্র ধারণ করিলে সে ব্যক্তি নিরন্তর পবিত্র থাকে। ব্রহ্মপুরাণে ভগবদুক্তিতে লিখিত আছে যে, উর্দ্ধপুণ্ড্রধারী মানব যে কোন স্থানে দেহ বিসর্জ্জন করুক না কেন, চণ্ডাল হইলেও সে বিমানারূঢ় হইয়া মদীয় লোকে সুখভোগ

অথোর্দ্ধ পুণ্ড্রনির্ম্মাণবিধিঃ।

ব্রহ্মাণ্ডপুরাণে।—

বীক্ষ্যাদর্শে জলে বাপি যো বিদধ্যাৎ প্রযত্নতঃ। ঊর্দ্ধপুণ্ড্রং মহাভাগ স যাতি পরমাং গতিং ॥৮১॥
দশাঙ্গুলং প্রমাণন্তু উত্তমোত্তমমুচ্যতে। নবাঙ্গুলং মধ্যমং স্যাৎ অষ্টাঙ্গুলমতঃ পরং ॥
এতৈরঙ্গুলিভেদৈস্তু কারয়েন্ন নখৈঃ স্পৃশেৎ ॥ ৮২ ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে তত্রৈব।—

একান্তিনো মহাভাগাঃ সর্ব্বভূতহিতে রতাঃ। সান্তরালং প্রকুর্ব্বন্তি পুণ্ড্রং হরিপদাকৃতি ॥ ৮৩ ॥
শ্যামং শান্তিকরং প্রোক্তং রক্তং বশ্যকরং তথা। শ্রীকরং পীতমিত্যাহুঃ শ্বেতং মোক্ষপ্রদং শুভং ॥
বর্ত্তুলং তির্য্যগচ্ছিদ্রং হ্রস্বং দীর্ঘতরং তনু। বক্রং বিরূপং বদ্ধাগ্রং ভিন্নমূলং পদচ্যুতং ।
অশুভ্রং রূক্ষমাসক্তং তথা নাঙ্গুলিকল্পিতং। বিগন্ধমপসব্যঞ্চ পুণ্ড্রমাহুরনর্থকং ॥ ৮৪ ॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদং। নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষতে ॥
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ ॥ ৮৫ ॥

ঊর্দ্ধপুণ্ড্রস্য ললাটে মুখ্যত্বাৎ তত্রত্যোর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণপ্রকারং লিখতি বীক্ষ্যেত্যাদিনা ॥ ৮১ ॥ অতঃপরং কনিষ্ঠমিত্যর্থঃ ॥ ৮২ ॥ সান্তরালং মধ্যে ছিদ্রান্বিতং তদেবাহ হরিপদাকৃতীতি ॥ ৮৩ ॥ ততমিতি পাঠে বিস্তৃতং। পদচ্যুতং স্থানভ্রষ্টম্ অশুভ্রং মলিনং। আসক্তমন্যোন্যসংলগ্নং। পাঠান্তরং সুগমং। বিগন্ধং দুর্গন্ধি। অপসব্যং বামহস্তকল্পিতং ॥ ৮৪ ॥ ত্রয়ো ভাগাস্তৃতীয়ো বিভাগ ইত্যর্থঃ। তথা সদাচারদর্শনাৎ ॥ ৮৫ ॥

করে। ৭৯। যে ব্যক্তির গৃহে ঊর্দ্ধপুণ্ড্রধারী ব্যক্তি আহার করেন, আমি তাহার বিংশতি পুরুষকে নরক হইতে পরিত্রাণ করি। ৮০।

অতঃপর ঊর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণবিধি।—ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে যে, হে মহাভাগ! দর্পণে কিংবা সলিলগর্ভে প্রতিবিম্ব দেখিয়া যিনি যত্নসহকারে ঊর্দ্ধপুণ্ড্র রচনা করেন, তাঁহার পরমা গতি প্রাপ্তি হইয়া থাকে। ৮১। দশাঙ্গুলপ্রমাণ ঊর্দ্ধপুণ্ড্র অত্যুত্তম, নবাঙ্গুল মধ্যম ও অষ্টাঙ্গুল-পরিমিত অধম বলিয়া নির্দ্দিষ্ট আছে। এই তিনপ্রকার ঊর্দ্ধপুণ্ড্র অঙ্গুলী পরিমাণে রচনা করিতে হয়। নখ দ্বারা উহা স্পর্শ করিতে নাই। ৮২। পদ্মপুরাণের উত্তরভাগে শিবোমা-সংবাদে লিখিত আছে যে, একান্তমনা, সর্ব্বজীবের হিতকারী, মহাভাগ্যশীল ব্যক্তিরা হরিচরণ-কমলের আকৃতিবিশিষ্ট, মধ্যে ছিদ্রযুক্ত পুণ্ড্র রচনা করিবেন। ৮৩। বুধগণ শ্যামবর্ণ পুণ্ড্রকে শান্তিকর, লোহিতবর্ণকে বশ্যকারক, পীতবর্ণকে সম্পত্তিপ্রদ এবং শ্বেতবর্ণ পুণ্ড্রকে কল্যাণ-কর ও মুক্তিদায়ক বলিয়া কীর্ত্তন করেন। পুণ্ড্র বর্ত্তুলাকৃতি, তির্য্যগ্‌ভাবাপন্ন, হীন, খর্ব্ব, অতিদীর্ঘ, কৃশ, বক্র, বিরূপ, অগ্রভাগে লগ্ন, মূলে বিচ্ছিন্ন অর্থাৎ অধোভাগ পৃথক্ স্থানভ্রষ্ট, মলিন, রূক্ষ, পরস্পর লগ্ন, আর যে পুণ্ড্র অঙ্গুলী ব্যতীত অন্য কোন বস্তু দ্বারা নির্ম্মিত, পণ্ডিতগণ তাহাকে বিফল বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ৮৪। নাসামূল হইতে আরম্ভ করিয়া

অথোর্দ্ধপুণ্ড্রস্য মধ্যচ্ছিদ্রনিত্যতা।

তত্রৈব।—

নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধপুণ্ড্রং দ্বিজাধমঃ। স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যপোহতি॥ ৮৬॥

অচ্ছিদ্রমূর্দ্ধপুণ্ড্রন্তু যে কুর্ব্বন্তি দ্বিজাধমাঃ। তেষাং ললাটে সততং শুনঃ পাদো ন সংশয়ঃ॥

তস্মাচ্ছিদ্রান্বিতং পুণ্ড্রং দণ্ডাকারং সুশোভনং। বিপ্রাণাং সততং ধার্য্যং স্ত্রীণাঞ্চ শুভদর্শনে॥

হরিমন্দিরলক্ষণং।

নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধপুণ্ড্রং সুশোভনং। মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরং॥

বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণে তু সদাশিবঃ। মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ॥

বায়ুপুরাণে সেবাপরাধে।—

অধৃত্বা চোর্দ্ধপুণ্ড্রঞ্চ হরেঃ পূজাং করোতি যঃ। তির্য্যক্‌পুণ্ড্রধরো যস্তু যজেদ্দেবং জনার্দ্দনং।

অচ্ছিদ্রেণোর্দ্ধপুণ্ড্রেণ ভস্মনা তির্য্যগঙ্কিনা। অধৃত্বা শঙ্খচক্রে চেত্যাদিনা দোষ উক্তঃ॥

ব্যপোহতি নিরস্যতীতি মহাদোষোক্ত্যা নিত্যতা বোধিতা। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ৮৬॥

ললাটদেশের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে। নাসিকার তৃতীয় ভাগই নাসামূল শব্দে অভিহিত। ভ্রূযুগলের মূল হইতে আরম্ভ করিয়া ছিদ্র রচনা করিতে হয়। ৮৫।

অনন্তর উর্দ্ধপুণ্ড্রের মধ্যচ্ছিদ্রের নিত্যতা কথিত হইতেছে।—যে নরাধম ব্রাহ্মণ মধ্যভাগে, ছিদ্র না রাখিয়া উর্দ্ধপুণ্ড্র করে, সে তত্রত্য নারায়ণ ও কমলাকে দূরীভূত করিয়া দেয় সন্দেহ নাই। ৮৬। যে সকল নরাধম ব্রাহ্মণেরা ছিদ্রহীন উর্দ্ধপুণ্ড্র রচনা করে, তাহাদিগের ললাটদেশে নিরন্তর কুক্কুরপদ সংস্থিত থাকে সন্দেহ নাই; সুতরাং হে সৌম্যদর্শনে! ব্রাহ্মণেরা ও স্ত্রীলোকেরা নিরন্তর দণ্ডাকার, ছিদ্রবিশিষ্ট, মনোহর পুণ্ড্র ধারণ করিবে।

হরিমন্দিরলক্ষণ।—যাহা নাসিকা হইতে আরম্ভ করিয়া কেশ পর্য্যন্ত বিস্তৃত, অতীব সুন্দর ও মধ্যে ছিদ্রবিশিষ্ট, সেই উর্দ্ধপুণ্ড্রই হরিমন্দির বলিয়া অভিহিত হয়। উর্দ্ধপুণ্ড্রের বামভাগে ব্রহ্মা, দক্ষিণ পার্শ্বে সদাশিব ও মধ্যস্থলে হরি অধিষ্ঠিত থাকেন, সুতরাং মধ্যস্থল লেপন করা কর্ত্তব্য নহে। বায়ুপুরাণে সেবাপরাধ-প্রসঙ্গে লিখিত আছে যে, যিনি উর্দ্ধপুণ্ড্র ধারণ না করিয়া কিংবা ছিদ্রশূন্য, ভস্মরচিত, কুটিলভাবে অঙ্কিত উর্দ্ধপুণ্ড্র ধারণপূর্ব্বক, অথবা শঙ্খচক্র ধারণ না করিয়া হরির অর্চ্চনা করেন, ইত্যাদি দ্বারা দোষ কথিত হইয়াছে। যজুর্ব্বেদের হিরণ্যকেশীয় শাখাতেও শ্রুতি আছে যে, যাঁহার শরীরে হরিপদচিহ্ন বিরাজমান থাকে, তিনি ভগবানের প্রিয় হন এবং তাঁহাকেই প্রকৃত পুণ্যশীল কহে। যে ব্যক্তি মধ্যস্থলে ছিদ্রবিশিষ্ট পুণ্ড্র ধারণ করেন, তিনি মোক্ষ লাভ করিয়া থাকেন।

তিলকরচনা-বিষয়ে অঙ্গুলীনিয়ম।—স্মৃতিতে লিখিত আছে, অনামা অভীষ্টদাত্রী, মধ্যমা আয়ুর্ব্বৃদ্ধিকরী, অঙ্গুষ্ঠ পুষ্টিসাধক এবং তর্জ্জনী মোক্ষপ্রদাত্রী।

অতঃপর উর্দ্ধপুণ্ড্ররচনার্থ মৃত্তিকা কথিত হইতেছে।—গিরিশিখর, নদীতট, বিল্বমূল,

শ্রুতিশ্চ। যজুর্ব্বেদস্য হিরণ্যকেশীয়শাখায়াং।—

হরেঃ পদাক্রান্তিমাত্মনি ধারয়তি যঃ স পরস্য প্রিয়ো ভবতি স পুণ্যবান্।

মধ্যে চ্ছিদ্রমূর্দ্ধপুণ্ড্রং যো ধারয়তি স মুক্তিভাগ্‌ভবতীতি॥

তিলক-রচনাঙ্গুলি-নিয়মঃ।

স্মৃতিঃ।—অনামিকা কামদোক্তা মধ্যমায়ুষ্করী ভবেৎ। অঙ্গুষ্ঠঃ পুষ্টিদঃ প্রোক্তস্তর্জনী মোক্ষসাধনী॥

অথোর্দ্ধপুণ্ড্রমৃত্তিকাঃ।

পদ্মপুরাণে তত্রৈব।—

পর্ব্বতাগ্রে নদীতীরে বিল্বমূলে জলাশয়ে। সিন্ধুতীরে চ বল্মীকে হরিক্ষেত্রে বিশেষতঃ।

বিষ্ণোঃ স্নানোদকং যত্র প্রবাহয়তি নিত্যশঃ। পুণ্ড্রাণাং ধারণার্থায় গৃহ্ণীয়াত্তত্র মৃত্তিকাং॥

শ্রীরঙ্গে বেঙ্কটাদ্রৌ চ শ্রীকূর্ম্মে দ্বারকে শুভে। প্রয়াগে নারসিংহাদৌ বারাহে তুলসীবনে।

গৃহীত্বা মৃত্তিকাং ভক্ত্যা বিষ্ণুপাদজলৈঃ সহ। ধৃত্বা পুণ্ড্রাণি চাঙ্গেষু বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ॥

তত্রৈব।—যত্তু দিব্যং হরিক্ষেত্রং তস্যৈব মৃদমাহরেৎ॥

তত্র শ্রীগোপীচন্দনমাহাত্ম্যং।

উক্তঞ্চ পাদ্মে শ্রীনারদেন।—

ব্রহ্মঘ্নো বাথ গোঘ্নো বা হৈতুকঃ সর্ব্বপাপকৃৎ। গোপীচন্দনসম্পর্কাৎ পূতো ভবতি তৎক্ষণাৎ॥

গোপীচন্দনখণ্ডন্তু যো দদাতি হি বৈষ্ণবে। কুলমেকোত্তরং তেন সম্ভবেত্তারিতং শতং॥

স্কন্দপুরাণে শ্রীধ্রুবেণ।—

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ। গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ॥ ৮৭॥

দ্বারকে দ্বারকায়াং। বারাহে শূকরক্ষেত্রে॥ ৮৭॥

জলাশয়, সাগরকূল, বল্মীক, বিশেষতঃ হরিক্ষেত্রে এবং যে স্থলে প্রত্যহ বিষ্ণুর স্নানোদক নিপতিত হয়, সেই সেই স্থানের যে কোন স্থল হইতে পুণ্ড্ররচনার্থ মৃত্তিকা লইবে। শ্রীরঙ্গ, বেঙ্কটগিরি, শ্রীকূর্ম্ম, কল্যাণরূপিণী দ্বারকা, প্রয়াগ, নরসিংহতীর্থাদি, বরাহক্ষেত্র, তুলসীকানন, এই সকলের যে কোন স্থল হইতে ভক্তি সহকারে মৃত্তিকা লইয়া নারায়ণের চরণোদক সহ শরীরে পুণ্ড্র ধারণ করিলে হরিসাযুজ্যরূপ মুক্তি প্রাপ্ত হওয়া যায়। ঐ গ্রন্থে আরও লিখিত আছে যে, অত্যুত্তম হরিক্ষেত্র হইতে মৃত্তিকা গ্রহণই কর্ত্তব্য।

তন্মধ্যে গোপীচন্দনমাহাত্ম্য কথিত হইতেছে।—পদ্মপুরাণে নারদোক্তিতে বর্ণিত আছে যে, কি ব্রহ্মহত্যাকারী, কি গোঘাতী, কি কুতর্কী, কি সর্ব্বপাপে পাপী, যে কেহ হউক না, গোপী-চন্দন স্পর্শমাত্র আশু পবিত্রতা লাভ করে। যে ব্যক্তি বৈষ্ণবজনকে একখণ্ড গোপীচন্দন দান করেন, তাঁহার দ্বারা একাধিক শতকুল পরিত্রাণ প্রাপ্ত হয়। স্কন্দপুরাণে ধ্রুবোক্তিতে লিখিত আছে যে, যে ব্যক্তির দেহে শঙ্খ চক্র অঙ্কিত থাকে, শিরোদেশে তুলসীমঞ্জরী শোভা পায় এবং যাহার অঙ্গে গোপীচন্দন সংলিপ্ত থাকে, তাঁহাকে নেত্রগোচর করিলে তাহার আর পাতক-

গোপীমৃত্তুলসীশঙ্খঃ শালগ্রামঃ সচক্রকঃ। গৃহেঽপি যস্য পঞ্চৈতে তস্য পাপভয়ং কুতঃ॥
কাশীখণ্ডে চ শ্রীযমেন।—

শ্রীখণ্ডে ক স আমোদঃ স্বরো বর্ণঃ ক তাদৃশঃ।
তৎ পাবিত্র্যং ক বৈ তীর্থে শ্রীগোপীচন্দনে যথা॥ ৮৮॥

অথ গোপীচন্দনোর্দ্ধপুণ্ড্র মাহাত্ম্যং।

উক্তঞ্চ গরুড়পুরাণে নারদেন।—

যো মৃত্তিকাং দ্বারবতীসমুদ্ভবাং, করে সমাদায় ললাটপট্টকে।
করোতি নিত্যং ত্বথ চোর্দ্ধপুণ্ড্রং, ক্রিয়াফলং কোটিগুণং সদা ভবেৎ॥ ৮৯॥
ক্রিয়াবিহীনং যদি মন্ত্রহীনং, শ্রদ্ধাবিহীনং যদি কালবর্জিতং।
কৃত্বা ললাটে যদি গোপিচন্দনং, প্রাপ্নোতি তৎকর্ম্মফলং সদাক্ষয়ং॥ ৯০॥

গোপীচন্দনসম্ভবং সুরুচিরং পুণ্ড্রং ললাটে দ্বিজো,
নিত্যং ধারয়তে যদি দ্বিজপতে রাত্রৌ দিবা সর্ব্বদা।
যৎ পুণ্যং কুরুজাঙ্গলে রবিগ্রহে মাঘ্যাং প্রয়াগে তথা,
তৎ প্রাপ্নোতি খগেন্দ্র বিষ্ণুসদনে সন্তিষ্ঠতে দেববৎ॥

যস্মিন্ গৃহে তিষ্ঠতি গোপিচন্দনং, ভক্ত্যা ললাটে মনুজো বিভর্ত্তি।
তস্মিন্ গৃহে তিষ্ঠতি সর্ব্বদা হরিঃ, শ্রদ্ধান্বিতঃ কংসনিহা বিহঙ্গম॥ ৯১॥

শালগ্রামঃ শালগ্রামশিলা। সচক্রকঃ দ্বারকাচক্রাঙ্কসহিতঃ॥ ৮৮॥

গোপিচন্দনমিতি হ্রস্বত্বমার্ষং। যদীত্যস্য পূর্ব্বার্দ্ধেনৈব সম্বন্ধঃ। যদ্যপি ক্রিয়াদিহীনং কর্ম্ম স্যাত্তথাপি গোপীচন্দনং ললাটে কৃত্বা তেনোর্দ্ধপুণ্ড্রং নির্ম্মায় তৎফলমক্ষয়ং প্রাপ্নোতীত্যর্থঃ॥৮৯-৯০॥

ভয় কোথায়? ৮৭। গোপীচন্দন, তুলসী, শঙ্খ ও দ্বারকাচক্রোদ্ভব শালগ্রামশিলা এই পঞ্চদ্রব্য যে ব্যক্তির গৃহে বিদ্যমান থাকে, তাঁহার পাতকভয় কোথায়? কাশীখণ্ডেও যমোক্তিতে লিখিত আছে যে, গোপীচন্দনে যে প্রকার সুগন্ধ বিদ্যমান, তাদৃশ মধুগন্ধ চন্দনে কোথায়? তত্তুল্য স্বর ও বর্ণই বা কোথায় এবং তৎসদৃশ পবিত্রতা অন্য তীর্থেই বা কোথায়?। ৮৮।

অনন্তর গোপীচন্দননির্ম্মিত উর্দ্ধপুণ্ড্রের মাহাত্ম্য।—গরুড়পুরাণে নারদ গরুড়কে বলিয়াছিলেন, যিনি হস্তে দ্বারকাসম্ভাত মৃত্তিকা লইয়া প্রত্যহ ললাটদেশে উর্দ্ধপুণ্ড্র রচনা করেন, তৎকৃত যাবতীয় কার্য্যের ফলই সতত কোটিগুণিত হইয়া থাকে। ৮৯। যদি কর্ম্ম ক্রিয়ারহিত, মন্ত্ররহিত, শ্রদ্ধারহিত কিংবা কালবহির্ভূত হয়, তথাপি ললাটফলকে গোপীচন্দন বিদ্যমান থাকিলে সেই কর্ম্মকর্ত্তা সর্ব্বদাই অক্ষয় ফল প্রাপ্ত হইয়া থাকেন। ৯০। হে গরুড়! যদি দ্বিজাতি প্রত্যহ অহোরাত্র নিরন্তর ললাটফলকে গোপীচন্দনকৃত সুন্দর পুণ্ড্র ধারণ করেন, তাহা হইলে কুরুক্ষেত্রে, সূর্য্যোপরাগকালে ও মাঘমাসীয়া পূর্ণিমাতে প্রয়াগধামে যে পুণ্য সঞ্চয় হয়, তিনি সেই পুণ্য লাভ করেন আর হরিধামে দেববৎ অবস্থিতি করিতে পারেন। হে পতগরাজ! যে গৃহে গোপীচন্দন বিরাজিত থাকে এবং যে গৃহে মানব

যো ধারয়েৎ কৃষ্ণপুরীসমুদ্ভবং, সদা পবিত্রাং কলিকিল্বিষাপহাং।
নিত্যং ললাটে হরিমন্ত্রসংযুতাং, যমং ন পশ্যেৎ যদি পাপসংবৃতঃ॥
যস্যান্তকালে খগ গোপিচন্দনং, বাহ্বোর্ললাটে হৃদি মস্তকে চ।
প্রয়াতি লোকং কমলালয়ং প্রভোর্গোবালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ॥ ৯২॥
গ্রহা ন পীড়ন্তি ন রক্ষসাং গণা, যক্ষাঃ পিশাচোরগভূতদানবাঃ।
ললাটপট্টে খগ গোপিচন্দনং, সন্তিষ্ঠতে যস্য হরেঃ প্রসাদতঃ॥

পদ্মপুরাণে শ্রীগৌতমেন।—

অম্বরীষ মহাঘস্য ক্ষয়ার্থে কুরু বীক্ষণং। ললাটে যৈঃ কৃতং নিত্যং গোপীচন্দনপুণ্ড্রকং॥ ৯৩॥

কাশীখণ্ডে চ শ্রীযমেন।—

দূতাঃ শৃণুতঃ যদ্ভালং গোপীচন্দনলাঞ্ছিতং। জ্বলাদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ॥ইতি॥

অথ তস্যোপরি শ্রীমত্তুলসীমূলমৃৎস্নয়া। তত্রৈব বৈষ্ণবৈঃ কার্য্যমূর্দ্ধ্বপুণ্ড্রং মনোহরং॥ ৯৪॥

অথ শ্রীতুলসীমূলমৃত্তিকাপুণ্ড্রমাহাত্ম্যং।

তন্মৃদং গৃহ্য যৈঃ পুণ্ড্রং ললাটে ধারিতং নরৈঃ। প্রমাণকং কৃতং তৈস্তু মোক্ষায় গমনং প্রতি॥৯৫॥

দ্বিজপতে হে শ্রীগরুড়॥ ৯১॥ কৃষ্ণপুরী শ্রীদ্বারকা তৎসমুদ্ভবাং মৃদমিতি শেষঃ॥ ৯২॥ ন পীড়ন্তি ন পীড়য়ন্তি॥ ৯৩॥ ইন্ধনমঙ্গারঃ॥ ৯৪॥

ভক্তিসহকারে ললাটদেশে গোপীচন্দন ধারণ করে, সেই গৃহে কংসনিসূদন হরি শ্রদ্ধাবান্ হইয়া নিরন্তর অধিষ্ঠান করিয়া থাকেন। ৯১। যে ব্যক্তি প্রত্যহ ললাটফলকে কলিকলুষহরা, সদা পবিত্ররূপিণী, হরিমন্ত্রসংযুতা, দ্বারকামৃত্তিকা ধারণ করেন, তিনি পাপকর্ম্মে সংবেষ্টিত থাকিলেও যমকে দর্শন করেন না, অর্থাৎ তাঁহার প্রতি যমরাজের কোন অধিকারই থাকে না। হে পতগ! মরণসময়ে যে ব্যক্তির বাহুদ্বয়ে, ললাটদেশে, বক্ষঃস্থলে ও শিরঃপ্রদেশে গোপীচন্দন বিদ্যমান থাকে, তিনি গোহত্যাকারী, শিশুহন্তা কিংবা ব্রহ্মহত্যাকারী হইলেও কমলালয় হরিধামে প্রস্থান করেন। ৯১। হে বিহগেন্দ্র! যে ব্যক্তির ললাটদেশে গোপীচন্দন বিদ্যমান থাকে, হরি-প্রসাদনিবন্ধন গ্রহ, রক্ষঃ, যক্ষ, ভুজঙ্গ, ভূত, দানব প্রভৃতি তাঁহাকে যন্ত্রণা দিতে সক্ষম হয় না, পদ্মপুরাণে গৌতম অম্বরীষকে বলিয়াছিলেন, হে অম্বরীষ! যে সকল মানব প্রত্যহ ললাট-দেশে গোপীচন্দনকৃত পুণ্ড্র ধারণ করেন, মহাপাপবিনাশার্থ তাঁহাদিগকে নেত্রগোচর কর।৯৩। কাশীখণ্ডে যমরাজ দূতগণের প্রতি বলিয়াছিলেন, হে দূতবৃন্দ! আমার বাক্য অবধান কর, যে ব্যক্তির ললাটফলক গোপীচন্দনে অঙ্কিত, জ্বলন্ত অঙ্গারবৎ সযত্নে তাহাদিগকে দূরে বর্জ্জন করিবে। তৎপরে বৈষ্ণবেরা তুলসীমূলস্থ মৃত্তিকা লইয়া তদ্দ্বারা তদুপরি ঐ স্থলেই সুন্দর ঊর্দ্ধ-পুণ্ড্র রচনা করিবেন। ৯৪।

অনন্তর শ্রীতুলসীমূলস্থ মৃত্তিকানির্ম্মিত ঊর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্য।—যাঁহারা তুলসীমূলস্থ মৃত্তিকা গ্রহণ পূর্ব্বক তদ্দ্বারা ভালদেশে পুণ্ড্র ধারণ করেন, তাঁহারা যে মোক্ষলাভ করিবেন, তাহার

তত্রৈব চ কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসংবাদে।—

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং ললাটে যস্য দৃশ্যতে। দেহং ন স্পৃশতে পাপং ক্রিয়মাণন্তু নারদ॥

গরুড়পুরাণে।—

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং যঃ করোতি দিনে দিনে।
তস্যাবলোকনাৎ পাপং যাতি বর্ষকৃতং নৃণাম্॥ ইতি॥ ৯৬॥

তস্যোপরিষ্টাদ্ভগবন্নির্ম্মাল্যমনুলেপনং। তত্রৈব ধার্য্যমেবং হি ত্রিবিধং তিলকং স্মৃতং॥
ততো নারায়ণীং মুদ্রাং ধারয়েৎ প্রীতয়ে হরেঃ। মৎস্যকূর্ম্মাদিচিহ্নানি চক্রাদীন্যায়ুধানি চ॥

অথ মুদ্রাধারণনিত্যতা।

স্মৃতৌ। অঙ্কিতঃ শঙ্খচক্রাভ্যামুভয়োর্ব্বাহুমূলয়োঃ। সমর্চ্চয়েদ্ধরিং নিত্যং নান্যথা পূজনং ভবেৎ॥

আদিত্যপুরাণে।—

শঙ্খচক্রোর্দ্ধ্বপুণ্ড্রাদিরহিতং ব্রাহ্মণাধমং। গর্দ্দভস্তু সমারোপ্য রাজা রাষ্ট্রাৎ প্রবাসয়েৎ॥

গারুড়ে শ্রীভগবদুক্তৌ।—

সর্ব্বধর্ম্মাধিকারশ্চ শুচীনামেব চোদিতঃ। শুচিত্বঞ্চ বিজানীয়ান্মদীয়ায়ুধধারণাৎ॥

পাদ্মে চোত্তরখণ্ডে।—

শঙ্খচক্রাদিভিশ্চিহ্নৈর্বিপ্রঃ প্রিয়তমৈর্হরেঃ। রহিতঃ সর্ব্বধর্ম্মেভ্যঃ প্রচ্যুতো নরকং ব্রজেৎ॥ ৯৭॥

তন্মৃদং শ্রীতুলসীমূলমৃত্তিকাং তৎপ্রসঙ্গাৎ। গৃহ্য গৃহীত্বা॥ ৯৫॥ অপ্যর্থে তুশব্দঃ। ক্রিয়মাণমপি পাপং কর্ত্তৃ দেহমপি ন স্পৃশতি কুতো মনআদীত্যর্থঃ॥ ৯৬॥

কৃতং গোপীচন্দনাদিনা নির্ম্মিতমঙ্কিতং চক্রং ধর্ত্তুং শীলমস্যেতি তথা সঃ। কিং বক্তব্যং মুদ্রা-

---

প্রমাণ প্রদর্শন করেন। ৯৫। কাশীখণ্ডের কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, হে নারদ! যে ব্যক্তির ললাটদেশে তুলসীমৃত্তিকা-নির্ম্মিত পুণ্ড্র লক্ষিত হয়, পাপ করিলেও সে পাপ তদীয় দেহে প্রবিষ্ট হইতে পারে না। গরুড়পুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি প্রত্যহ তুলসীমূলস্থ মৃত্তিকা দ্বারা পুণ্ড্র রচনা করেন, তাঁহাকে দর্শন করিলে মানবগণের একবর্ষকৃত পাপ বিদূরিত হয়। ৯৬। তাহার উপরিভাগে ভগবানের নির্ম্মাল্যচন্দন ধারণ করিবে। তিলক এই প্রকারে ত্রিবিধ। তৎপরে শ্রীহরির সন্তোষার্থ নারায়ণী মুদ্রা, মীনকূর্ম্মাদি চিহ্ন ও ও চক্রাদি অস্ত্রসমূহ ধারণ করিবে।

অতঃপর মুদ্রাধারণের নিত্যতা। স্মৃতিতে লিখিত আছে যে, বাহুযুগলের মূলে শঙ্খ ও চক্রচিহ্ন অঙ্কিত করত নিত্য হরির অর্চ্চনা করিবে। তাহা না করিলে অর্চ্চনা ফলবতী হইবে না। আদিত্যপুরাণে আছে যে, যে নরাধম বিপ্র শঙ্খ চক্র ও ঊর্দ্ধ্বপুণ্ড্রাদিহীন, নরপতি তাহাকে রাসভোপরি আরোহণ করাইয়া রাজ্য হইতে নিষ্কাশিত করিবেন। গরুড়পুরাণে ভগবানের উক্তিতে আছে যে, সমুদায় ধর্ম্মকর্ম্মে শুচি ব্যক্তিরাই অধিকারী। আমার আয়ুধ ধারণ করিলই শুচিত্ব জন্মে। পদ্মপুরাণে উত্তরখণ্ডে লিখিত আছে যে, ব্রাহ্মণ শ্রীহরির প্রিয়তম শঙ্খ-

শ্রুতৌ চ যজুঃকঠশাখায়াং।—

ধৃতোর্দ্ধ্বপুণ্ড্রঃ কৃতচক্রধারী, বিষ্ণুং পরং ধ্যায়তি যো মহাত্মা।
স্বরেণ মন্ত্রেণ সদা হৃদিস্থিতং, পরাৎপরং যন্মহতো মহান্তং॥

অথর্ব্বণি চ।— এভির্ব্বয়মুরুক্রমস্য চিহ্নৈরঙ্কিতা লোকে সুভগা ভবেম।
তদ্বিষ্ণোঃ পরমং পদং যে গচ্ছন্তি লাঞ্ছিতাঃ॥ ইত্যাদি॥

অতএব ব্রহ্মপুরাণে।—

কৃষ্ণায়ুধাঙ্কিতং দৃষ্ট্বা সম্মানং ন করোতি যঃ। দ্বাদশাব্দার্জ্জিতং পুণ্যং চাফলায়োপগচ্ছতি॥ ৯৮॥

অথ মুদ্রাধারণমাহাত্ম্যং।

স্কান্দে সনৎকুমারমার্কণ্ডেয়সংবাদে।—

যো বিষ্ণুভক্তো বিপ্রেন্দ্র শঙ্খচক্রাদিচিহ্নিতঃ। স যাতি বিষ্ণুলোকং বৈ দাহপ্রলয়বর্জ্জিতং॥

তত্রৈবান্যত্র চ।—

নারায়ণায়ুধৈর্নিত্যং চিহ্নিতং যস্য বিগ্রহং। পাপকোটিপ্রযুক্তস্য তস্য কিং কুরুতে যমঃ॥

শঙ্খোদ্ধারে তু যৎ প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ।
তৎ ফলং লিখিতে শঙ্খে প্রত্যহং দক্ষিণে ভুজে॥

যৎ ফলং পুষ্করে নিত্যং পুণ্ডরীকাক্ষদর্শনে। শঙ্খোপরি কৃতে পদ্মে তৎ ফলং সমবাপ্নুয়াৎ॥

বামে ভুজে গদা যস্য লিখিতা দৃশ্যতে কলৌ। গদাধরো গয়াপুণ্যং প্রত্যহং তস্য যচ্ছতি॥

যচ্চানন্দপুরে প্রোক্তং চক্রস্বামিসমীপতঃ।
গদাধো লিখিতে চক্রে তৎ ফলং কৃষ্ণদর্শনে॥ ৯৯॥

শ্রীভগবদুক্তৌ চ।—

যঃ পুনঃ কলিকালে তু মৎপুরীসম্ভবাং মৃদং। মৎস্যকূর্ম্মাদিকং চিহ্নং গৃহীত্বা কুরুতে নরঃ।
দেহে তস্য প্রবিষ্টোঽহং জানন্তু ত্রিদশোত্তমাঃ।
তস্য মে নান্তরং কিঞ্চিৎ কর্ত্তব্যং শ্রেয় ইচ্ছতা॥ ১০০॥

ধারণস্য নিত্যত্বং তদ্ধারকসম্মাননস্যাপি নিত্যতা ব্রাহ্মবচনেন গম্যতে ইতি লিখতি কৃষ্ণেতি॥ ৯৭-৯৮॥ মৃদং গৃহীত্বা চিহ্নং কুরুতে॥ ৯৯॥ মে ময়া সহ অন্তরং ভেদং ন কর্ত্তব্যং॥ ১০০॥

চক্রাদি-চিহ্ন-বিবর্জ্জিত হইলে নিখিল ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইয়া নিরয়ে পতিত হন। ৯৭। যজুর্ব্বেদীয় কঠশাখাতেও আছে যে, যে মহানুভব ব্যক্তি উর্দ্ধপুণ্ড্র এবং (গোপীচন্দনাদি দ্বারা নির্ম্মিত) চক্রধারী হইয়া মহতের মহৎ সেই হৃদিস্থিত পরাৎপর হরিকে স্বর ও মন্ত্রযোগে ধ্যান করেন, (তিনিই ধন্য)। অথর্ব্ব বেদেও আছে যে, আমরা উরুক্রমের এই সমস্ত চিহ্ন দ্বারা অঙ্কিত হইয়া লোকমধ্যে সৌভাগ্যবান্ হইব। এই সমস্ত চিহ্নে চিহ্নিত ব্যক্তিরাই হরির সেই পরমধামে প্রয়াণ করেন, ইত্যাদি। অতএব ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, কৃষ্ণায়ুধাঙ্কিত মানবকে নেত্র-গোচর পূর্ব্বক যিনি সম্মাননা না করেন, তাঁহার দ্বাদশবর্ষসঞ্চিত পুণ্য নিষ্ফল হয়। ৯৮।

অতঃপর মুদ্রাধারণমাহাত্ম্য।—স্কন্দপুরাণের সনৎকুমারমার্কণ্ডেয়-সংবাদে লিখিত আছে যে,

মমাবতারচিহ্নানি দৃশ্যন্তে যস্য বিগ্রহে। মর্ত্ত্যৈর্মর্ত্ত্যো ন বিজ্ঞেয়ঃ স নূনং মামকী তনূঃ ॥ ১০১ ॥
পাপং সুকৃতরূপন্তু জায়তে তস্য দেহিনঃ। মমায়ুধানি যস্যাঙ্গে লিখিতানি কলৌ যুগে ॥
উভাভ্যামপি চিহ্নাভ্যাং যোঽঙ্কিতো মৎস্যমুদ্রয়া। কূর্ম্ময়াপি স্বকং তেজো নিক্ষিপ্তং তস্য বিগ্রহে ॥

শঙ্খঞ্চ পদ্মঞ্চ গদাং রথাঙ্গং, মৎস্যঞ্চ কূর্ম্মং রচিতং স্বদেহে।
করোতি নিত্যং সুকৃতস্য বৃদ্ধিং, পাপক্ষয়ং জন্মশতার্জ্জিতস্য ॥ ১০২ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

কৃষ্ণশস্ত্রাঙ্ককবচং দুর্ভেদ্যং দেবদানবৈঃ। অদৃশ্যং সর্ব্বভূতানাং শত্রূণাং রক্ষসামপি ॥
লক্ষ্মীঃ সরস্বতী দুর্গা সাবিত্রী হরিবল্লভা। নিত্যং তস্য বসেদ্দেহে যস্য শঙ্খাঙ্কিতা তনূঃ ॥
গঙ্গা গয়া কুরুক্ষেত্রং প্রয়াগঃ পুষ্করাদি চ। নিত্যং তস্য সদা তিষ্ঠেদ্‌যস্য পদ্মাঙ্কিতং বপুঃ ॥
যস্য কৌমোদকীচিহ্নং ভুজে বামে কলিপ্রিয়। প্রত্যহং তত্র দ্রষ্টব্যো গঙ্গাসাগরসঙ্গমঃ ॥
সব্যে করে গদাধস্তাদ্রথাঙ্গং তিষ্ঠতে যদি। কৃষ্ণেন সহিতং তত্র ত্রৈলোক্যং সচরাচরং ॥

মামকী তনূঃ মদবতার ইত্যর্থঃ ॥ ১০১ ॥ নিক্ষিপ্তং ময়া। যঃ স্বদেহে রচিতং করোতি, স সুকৃত-বৃদ্ধ্যাদি করোতীত্যর্থঃ। সমাসস্থস্যাপি পাপশব্দস্য জন্মশতার্জ্জিতস্যেতি বিশেষণমার্ষং ॥ ১০২ ॥

হে দ্বিজসত্তম! যে হরিভক্ত শঙ্খচক্রাদি-চিহ্নিত, তিনি দাহ ও প্রলয়-বিরহিত বিষ্ণুধামে নিশ্চয়ই গমন করেন। ঐ স্কন্দপুরাণের অন্য স্থানেও লিখিত আছে যে, যে ব্যক্তির দেহ নিরন্তর নারায়ণের অস্ত্রসমূহে চিহ্নিত থাকে, তিনি কোটি কোটি পাতকে পাপী হইলেও শমন তাঁহার কি (অনিষ্ট) করিতে সমর্থ হন? কোটিবর্ষ শঙ্খোদ্ধার তীর্থে বাস করায় যে ফল, নিত্য দক্ষিণ বাহুতে শঙ্খ অঙ্কিত করিলেও সেই ফল প্রাপ্ত হওয়া যায়। প্রত্যহ পুষ্করতীর্থে পদ্মপলাশলোচনকে নেত্রগোচর করিলে যে ফল, শঙ্খের উপর পদ্ম লিখিলেও সেই ফল প্রাপ্ত হওয়া যায়। কলি-কালে যে ব্যক্তির বাম বাহুতে গদা দৃষ্ট হয়, গদাধর তাঁহাকে নিত্য গয়াপুণ্য প্রদান করিয়া থাকেন। আনন্দপুরে চক্রস্বামীর নিকটে কৃষ্ণদর্শনে যে ফল উক্ত আছে, গদার নিম্নে চক্র অঙ্কিত করিলেও সেই ফল লাভ করা যায়। ৯৯। শ্রীভগবানের উক্তি আছে যে, কলিযুগে যে ব্যক্তি মদীয় দ্বারবতীপুরীজাত মৃত্তিকা লইয়া মীন-কূর্ম্মাদি চিহ্ন ধারণ করেন, আমি তদীয় দেহে প্রবিষ্ট হইয়া থাকি। যে ব্যক্তি (স্বীয়) কল্যাণকামনা করেন, তিনি কদাচ তাঁহাতে এবং আমাতে ভেদবুদ্ধি করিবেন না। ১০০। যে ব্যক্তির শরীরে মদীয়-অবতার-চিহ্ন সমস্ত দৃষ্ট হয়, মানবগণ তাঁহাকে নরজ্ঞান করিবে না, তিনি নিশ্চয়ই মদীয় অবতারস্বরূপ। ১০১। কলিকালে যে ব্যক্তির দেহে মদীয় আয়ুধচিহ্ন অঙ্কিত থাকে, সেই শরীরীর পাতকপুঞ্জ পুণ্যস্বরূপ হইয়া থাকে। যে ব্যক্তি মৎস্যমুদ্রা ও কূর্ম্মমুদ্রা এই মুদ্রাদ্বয়ে চিহ্নিত হন, তদীয় দেহে মদীয় তেজ বিনিহিত হইয়া থাকে। যে ব্যক্তির নিজ শরীরে শঙ্খ, পদ্ম, গদা, চক্র, মীন ও কূর্ম্ম অঙ্কিত হয়, প্রত্যহ তাহার পুণ্যবৃদ্ধি হইয়া থাকে এবং শতজন্মসঞ্চিত পাপপুঞ্জ বিনাশ পায়। ১০২। ঐ স্কন্দপুরাণের ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে যে, কি দেবগণ ও দানবসকল কেহই শ্রীকৃষ্ণের

ত্রয়োঽগ্নয়স্ত্রয়ো দেবা বিষ্ণোস্ত্রীণি পদানি চ। নিবসন্তি সদা তস্য যস্য দেহে সুদর্শনং॥
কিঞ্চ।—কৃষ্ণায়ুধাঙ্কিতা মুদ্রা যস্য নারায়ণী করে। ঊর্দ্ধলোকাধিকারী চ স জ্ঞেয়স্ত্রিদশাম্পতিঃ॥
কৃষ্ণমুদ্রাপ্রযুক্তস্তু দৈবং পিত্র্যং করোতি যঃ। নিত্যং নৈমিত্তিকং কাম্যং প্রত্যহং চাক্ষয়ং ভবেৎ॥
পীড়য়ন্তি ন বৈ তত্র গ্রহা ঋক্ষাণি রাশয়ঃ। অষ্টাক্ষরা[illegible]তা মুদ্রা যস্য ধাতুময়ী করে॥
বারাহে শ্রীসনৎকুমারোক্তৌ।—
কৃষ্ণায়ুধাঙ্কিতং দেহং গোপীচন্দনমৃৎস্নয়া। প্রয়াগাদিষু তীর্থেষু স গত্বা কিং করিষ্যতি॥
যদা যস্য প্রপশ্যেত দেহং শঙ্খাদিচিহ্নিতং। তদা তস্য জগৎস্বামী তুষ্টো হরতি পাতকং॥
ভবতে যস্য দেহে তু অহোরাত্রং দিনে দিনে। শঙ্খচক্রগদাপদ্মং লিখিতং সোঽচ্যুতঃ স্বয়ং॥১০৩॥
নারায়ণায়ুধৈর্যুক্তং কৃত্বাত্মানং কলৌ যুগে। কুরুতে পুণ্যকর্ম্মাণি মেরুতুল্যানি তানি বৈ॥০
শঙ্খাদিনাঙ্কিতো ভক্ত্যা শ্রাদ্ধং যঃ কুরুতে দ্বিজ। বিধিহীনন্তু সম্পূর্ণং পিতৃণান্তু গয়াসমং॥১০৪॥

ত্রিদশাং ত্রিদশানামিত্যর্থঃ। প্রপশ্যেতেত্যার্ষমাত্মনেপদং। ভবতে ইতি চ॥১০৩॥ আত্মানং

অস্ত্ররূপ বর্ম্ম ভেদ করিতে সমর্থ নহে এবং ভূতগণ ও রাক্ষসেরাও দেখিতে সক্ষম হয় না। যে ব্যক্তির শরীর শঙ্খচিহ্নে অঙ্কিত, গয়া, গঙ্গা, কুরুক্ষেত্র, প্রয়াগ ও পুষ্কর প্রভৃতি তীর্থসমূহ তদীয় দেহে নিরন্তর অবস্থিতি করেন। হে কলহপ্রিয়! যে ব্যক্তির বামবাহুতে গদাচিহ্ন দৃষ্ট হয়, তাহার সেই বাহুতে প্রতিদিন গঙ্গাসাগরসঙ্গম লক্ষিত হইয়া থাকে। বাম করে গদা ও তন্নিম্নে চক্রচিহ্ন থাকিলে চরাচর ত্রিভুবন শ্রীকৃষ্ণ সহ তথায় অধিষ্ঠিত থাকে। যাঁহার শরীরে সুদর্শন-চিহ্ন বিরাজমান থাকে, তাঁহার দেহে সর্ব্বদা অগ্নিত্রয়, দেবত্রয় ও বিষ্ণুর পদত্রয় অবস্থিত থাকেন।* আরও লিখিত আছে যে, যে ব্যক্তির হস্তে শ্রীকৃষ্ণের অস্ত্রাঙ্কিত নারায়ণী মুদ্রা বিরাজমান থাকে, তিনি ঊর্দ্ধলোক লাভে অধিকারী হন, তাঁহাকে ইন্দ্রস্বরূপ জ্ঞান করিবে। কৃষ্ণমুদ্রাসমূহ ধারণ পূর্ব্বক দৈব, পিত্র্য, নিত্য, নৈমিত্তিক বা কাম্য কর্ম্ম করিলে তৎকর্ম্মের ফল অক্ষয় হইয়া থাকে। যে ব্যক্তির হস্তে নারায়ণের অষ্টাক্ষর মন্ত্র দ্বারা অঙ্কিত ধাতুময়ী মুদ্রা বিরাজিত থাকে, গ্রহ নক্ষত্র ও রাশিসমূহ তদীয় কোনরূপ অনিষ্ট সাধনে সমর্থ হয় না। বরাহপুরাণে শ্রীসনৎকুমারবচনে লিখিত আছে যে, যে ব্যক্তির শরীর গোপীচন্দনরূপ অত্যুত্তম মৃত্তিকা দ্বারা অঙ্কিত কৃষ্ণাস্ত্রে চিহ্নিত, প্রয়াগাদি তীর্থ গমনে তাঁহার কি প্রয়োজন? মানবশরীর শঙ্খাদি চিহ্নে চিহ্নিত দেখিবামাত্র জগৎপতি হরি প্রীত হইয়া তদীয় পাপ বিদূরণ করিয়া থাকেন। যে ব্যক্তির শরীরে প্রত্যহ অহোরাত্র শঙ্খ, চক্র, গদা ও পদ্মচিহ্ন বিরাজিত থাকে, তিনি মূর্ত্তিমান্ নারায়ণস্বরূপ।১০৩। কলিকালে নারায়ণায়ুধ-সমূহে শরীর চিহ্নিত করিয়া যে সমস্ত পুণ্য-ক্রিয়ার অনুষ্ঠান করা যায়, তৎফল সুমেরুসদৃশ হইয়া থাকে। হে বিপ্র! শঙ্খাদি চিহ্নে চিহ্নিত হইয়া ভক্তি সহকারে শ্রাদ্ধ করিলে যদি সেই শ্রাদ্ধ বিধিহীন হয়, তথাপি সম্পূর্ণ এবং পিতৃগণ সম্বন্ধে গয়াশ্রাদ্ধসদৃশ

---

* অগ্নিত্রয়—গার্হপত্য, দক্ষিণ ও আহবনীয়। দেবত্রয়—ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। পদত্রয় অর্থাৎ ত্রিবিক্রমের তিন চরণ।

যথাগ্নির্দহতে কাষ্ঠং বায়ুনা প্রেরিতো ভৃশং। তথা দহন্তি পাপানি দৃষ্ট্বা কৃষ্ণায়ুধানি বৈ ॥
ব্রাহ্মে শ্রীব্রহ্মনারদসংবাদে।—
বিষ্ণুনামাঙ্কিতাং মুদ্রামষ্টাক্ষরসমন্বিতাং। শঙ্খায়ুধাদিকৈর্যুক্তাং স্বর্ণরূপ্যময়ীমপি।
ধত্তে ভাগবতো যস্তু কলিকালে বিশেষতঃ। প্রহ্লাদস্য সমো জ্ঞেয়ো নান্যথা কলিবল্লভ ! ॥
কিঞ্চ।—
শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি। তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ১০৫ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতো যস্তু শ্মশানে ম্রিয়তে যদি। প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য নারদ ॥১০৬॥
কৃষ্ণায়ুধৈঃ কলৌ নিত্যং মণ্ডিতং যস্য বিগ্রহং। তত্রাশ্রয়ং প্রকুর্ব্বন্তি বিবুধা বাসবাদয়ঃ ॥ ১০৭॥
যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ। অপরাধ-সহস্রাণি নিত্যং হরতি কেশবঃ ॥
কৃত্বা কাষ্ঠময়ং বিম্বং কৃষ্ণশস্ত্রৈস্তু চিহ্নিতং। যো হ্যঙ্কয়তি চাত্মানং তৎসমো নাস্তি বৈষ্ণবঃ ॥
পাষণ্ডপতিতব্রাত্যৈর্নাস্তিকালাপপাতকৈঃ। ন লিপ্যতে কলিকৃতৈঃ কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ ॥
কিঞ্চ।—
অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী ভবেৎ। শঙ্খপদ্মাদিভির্যুক্তা পূজ্যতেঽসৌ সুরাসুরৈঃ ॥১০৮॥

দেহং ॥ ১০৪ ॥ দহন্তি দহন্তি। পাপানি স্বস্থান্যেষাং বা দহন্তে স্বয়মেব নশ্যন্তীত্যর্থঃ ॥ ১০৫ ॥ যদীতি ন শ্মশানে ম্রিয়ত এব যদি কদাচিন্ম্রিয়ত ইত্যর্থঃ ॥১০৬॥ বিগ্রহমিতি নপুংসকত্বমার্ষং ॥১০৭॥ কাষ্ঠময়মিতি কাষ্ঠেত্যুপলক্ষণং তাম্রাদিধাতুময়মিত্যপি জ্ঞেয়ং স্বর্ণরূপ্যময়ীমপীত্যাদিনা মুদ্রায়া অপি তাদৃশত্বোক্তেঃ। অনেন বচনেন চৈষা মুদ্রা প্রতিবিম্বনীয়েতি কেষাঞ্চিন্মতং নিরস্তং ॥ ১০৮ ॥

হইয়া থাকে। ১০৪। অগ্নি যেমন বায়ু দ্বারা পরিচালিত হইয়া নিরতিশয়রূপে কাষ্ঠ দগ্ধ করে, সেইরূপ কৃষ্ণাস্ত্র-সমূহ দর্শনে নিখিল পাতকই ভস্মীভূত হইয়া যায়। ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে যে, হে কলহপ্রিয় ! যে ভগবদ্ভক্তিপরায়ণ ব্যক্তি বিশেষতঃ কলিকালে হরিনামাঙ্কিতা অষ্টাক্ষরবিশিষ্টা শঙ্খাদি-অস্ত্রযুক্তা স্বর্ণ-রজতময়ী মুদ্রা ধারণ করেন, তাঁহাকে প্রহ্লাদের সদৃশ জ্ঞান করিবে, ইহাতে অন্যথা নাই। আরও লিখিত আছে যে, শঙ্খচিহ্নে চিহ্নিত বিপ্র যাঁহার গৃহে আহার করেন, তথায় স্বয়ং হরি পিতৃগণ সমভিব্যাহারে মিলিত হইয়া তাঁহার সেই অন্ন ভোজন করেন। ১০৫। হে নারদ ! শ্রীকৃষ্ণায়ুধে অঙ্কিত হইয়া শ্মশানে প্রাণ-ত্যাগ করিলেও প্রয়াগমরণে যে গতি উক্ত আছে, সে ব্যক্তি সেই গতি প্রাপ্ত হয়। ১০৬। কলিকালে কৃষ্ণায়ুধ দ্বারা যে ব্যক্তির কলেবর নিরন্তর অলঙ্কৃত থাকে, ইন্দ্রপ্রমুখ দেবতারা তাঁহার সেই দেহকে আশ্রয় করত অবস্থিতি করেন। ১০৭। কৃষ্ণায়ুধ দ্বারা চিহ্নিত হইয়া হরির অর্চ্চনা করিলে কেশব নিরন্তর সেই (অর্চ্চনাকারী) ব্যক্তির সহস্র পাপ দূর করিয়া থাকেন। কৃষ্ণায়ুধাঙ্কিত কাষ্ঠনির্ম্মিত বিম্ব (ছাপা) দ্বারা যে ব্যক্তি স্বীয় কলেবর অলঙ্কৃত করেন, তৎসদৃশ বৈষ্ণব আর নাই। যে ব্যক্তি কৃষ্ণায়ুধচিহ্নে বিভূষিত, তিনি কলিজনিত পাষণ্ডতা, পাতিত্য, ব্রাত্য (সংস্কাররাহিত্য) এবং নাস্তিক সহ সম্ভাষণরূপ পাপে পরিলিপ্ত হন না। আরও

ধৃতা নারায়ণী মুদ্রা প্রহ্লাদেন পুরা কৃতে। বিভীষণেন বলিনা ধ্রুবেণ চ শুকেন চ ॥ ১০৯ ॥
মান্ধাতৃণাম্বরীষেণ মার্কণ্ডপ্রমুখৈর্দ্বিজৈঃ। শঙ্খাদিচিহ্নিতৈঃ শস্ত্রৈর্দেহে কৃত্বা কলিপ্রিয়!।
আরাধ্য কেশবাং প্রাপ্তং সমীহিতফলং মহৎ ॥ ১১০ ॥

কিঞ্চ।—গোপীচন্দনমৃৎস্নায়া লিখিতং যস্য বিগ্রহে। শঙ্খপদ্মাদিচক্রং বা তস্য দেহে বসেদ্ধরিঃ॥
তত্রৈব শ্রীসনৎকুমারোক্তৌ।—

যস্য নারায়ণী মুদ্রা দেহং শঙ্খাদিচিহ্নিতং। ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা।
দ্বাদশাক্ষরমন্ত্রৈস্তু নিযুক্তানি কলেবরে। আয়ুধানি চ বিপ্রস্য মৎসমঃ স চ বৈষ্ণবঃ॥

কিঞ্চ।—যস্য নারায়ণী মুদ্রা দেহে শঙ্খাদিচিহ্নিতা। সর্ব্বাঙ্গং চিহ্নিতং যস্য শস্ত্রৈর্নারায়ণোদ্ভবৈঃ॥
প্রবেশো নাস্তি পাপস্য কবচং তস্য বৈষ্ণবং॥

অন্যত্র চ।—

এভির্ভাগবতৈশ্চিহ্নৈঃ কলিকালে দ্বিজাতয়ঃ। ভবন্তি মর্ত্ত্যলোকে তে শাপানুগ্রহকারকাঃ॥

কৃতে সত্যযুগে নারায়ণাঙ্কিতা প্রহ্লাদেন ধৃতা। পুরেতি ক্বচিৎ পাঠঃ॥ ১০৯॥ মান্ধাতৃণেতি মার্কণ্ডেতি চার্ষং ছন্দোঽনুরোধেন। শস্ত্রৈঃ সহ দেহে কৃত্বা মুদ্রামিতি শেষঃ। আরাধ্য তেনৈব কেশবং সন্তোষ্য। ১১০।

দক্ষিণেঽপি শঙ্খং ধারয়েৎ। যদ্যপি দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনমিত্যাদিবচনেন বামে শঙ্খস্য ধারণমুক্তং, তথাপি শঙ্খোদ্ধারে তু যৎ প্রোক্তমিত্যাদিলিখিতবচনানুসারেণ দক্ষিণেঽপি পুনঃ শঙ্খধারণাদিকং লিখিতং। খড়্গস্য বক্ষসি, সশরচাপস্য চ মূর্দ্ধ্নি ধারণং। ললাটে চ গদা ধার্য্যা মূর্দ্ধ্নি চাপশরস্তথা। নন্দকশ্চৈব হৃন্মধ্যে শঙ্খচক্রে ভুজদ্বয়ে। ইতি সপ্তমুদ্রাধারণং

লিখিত আছে যে, যে ব্যক্তির শঙ্খ-পদ্মাদি-সমন্বিতা অষ্টাক্ষরী ধাতুময়ী মুদ্রা থাকে, দেব দানব সকলেই তাঁহার অর্চ্চনা করিয়া থাকেন। ১০৮। পুরাকালে সত্যযুগে প্রহ্লাদ, তদনন্তর বিভীষণ, বলি, ধ্রুব ও শুকদেব প্রভৃতি সকলেই নারায়ণী মুদ্রা ধারণ করিতেন। ১৭৯। হে কলিপ্রিয় নারদ! মান্ধাতা, অম্বরীষ ও মার্কণ্ডেয়াদি বিপ্রগণ শঙ্খাদি চিহ্ন দ্বারা শরীর অঙ্কিত করত হরিসকাশ হইতে বাঞ্ছিত মহৎ ফল লাভ করিয়াছিলেন। ১১০। আরও লিখিত আছে যে, উৎকৃষ্ট মৃত্তিকা গোপীচন্দন দ্বারা যে ব্যক্তির কলেবরে শঙ্খপদ্মাদি কিংবা চক্র অঙ্কিত থাকে, হরি তাঁহার কলেবরে অধিষ্ঠান করেন। ব্রহ্মপুরাণে সনৎকুমারের উক্তিতে আছে যে, যে বিপ্রের শরীরে নারায়ণী মুদ্রা বিদ্যমান থাকে এবং যাঁহার কলেবর শঙ্খচক্রাদি দ্বারা অঙ্কিত, অথবা আমলকীমালা, তুলসীমালা, ও দ্বাদশাক্ষর মন্ত্র সহ অস্ত্র যাঁহার দেহে অঙ্কিত থাকে, তিনি মৎসদৃশ বৈষ্ণব বলিয়া গণনীয়। আরও, যে ব্যক্তির শরীরে শঙ্খাদি-চিহ্নিতা নারায়ণী মুদ্রা বিরাজ করে এবং যাঁহার সর্ব্বাঙ্গ নারায়ণাস্ত্র দ্বারা চিহ্নিত, তদীয় কলেবরে পাতক প্রবিষ্ট হইতে সক্ষম হয় না, ঐ সকল অস্ত্রচিহ্ন তাঁহার সম্বন্ধে বৈষ্ণব কবচস্বরূপ। অন্যত্রও লিখিত আছে যে, যে সমস্ত ব্রাহ্মণ কলিযুগে ভগবানের এই সকল অস্ত্রচিহ্নে অঙ্কিত থাকেন, তাঁহারা নরলোকে শাপ ও অনুগ্রহের কর্ত্তা।

অথ মুদ্রাধারণবিধিঃ।

চক্রঞ্চ দক্ষিণে বাহৌ শঙ্খং বামেঽপি দক্ষিণে। গদাং বামে গদাধস্তাৎ পুনশ্চক্রঞ্চ ধারয়েৎ।
শঙ্খোপরি তথা পদ্মং পুনঃ পদ্মঞ্চ দক্ষিণে। খড়্গং বক্ষসি চাপঞ্চ সশরং শীর্ষ্ণি ধারয়েৎ॥ ১১১॥
ইতি পঞ্চায়ুধান্যাদৌ ধারয়েদ্বৈষ্ণবো জনঃ। মৎস্যঞ্চ দক্ষিণে হস্তে কূর্ম্মং বামকরে তথা॥ ১১২॥

তথা চোক্তং।—

দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনং।
মৎস্যং পদ্মং চাপরেঽথ শঙ্খং পদ্মং গদাং তথা॥ ইতি॥ ১১৩॥

সাম্প্রদায়িকশিষ্টানামাচারাচ্চ যথারুচি। শঙ্খচক্রাদিচিহ্নানি সর্ব্বেষ্বঙ্গেষু ধারয়েৎ॥
ভক্ত্যা নিজেষ্টদেবস্য ধারয়েল্লক্ষণান্যপি॥ ১১৪॥
চক্রশঙ্খৌ চ ধার্য্যেতে সংমিশ্রাবেব কৈশ্চন॥ ১১৫॥
শ্রীগোপীচন্দনেনৈবং চক্রাদীনি বুধোঽন্বহং।
ধারয়েচ্ছয়নাদৌ তু তপ্তানি কিল তানি হি॥ ১১৬॥

বারাহবচনানুসারেণ লিখিতং। কিন্তু নিজরুচ্যনুসারেণ সর্ব্বাণি সর্ব্বত্রৈব ধারয়েদিত্যগ্রে স্বয়ং লেখ্যমেবেতি দিক্॥ ১১১॥ শঙ্খচক্রে গদা খড়্গশ্চাপশ্চেত্যেতানি পঞ্চায়ুধানি॥ ১১২॥ মৎস্যং পদ্মঞ্চ দক্ষিণে। অথানন্তরম্ অপরে বামে পাণৌ শঙ্খাদিকং বিভৃয়াৎ॥ ১১৩॥ লক্ষণানি বেণু-প্রভৃতীনি। যচ্চ পঞ্চায়ুধেতরভগবচ্চিহ্নানাং ধারণং নিষিদ্ধং, তথা চ পাদ্মোত্তরখণ্ডে—অন্যৈর্ন দাহয়েৎ গাত্রং ব্রাহ্মণো হরিলাঞ্ছনাং। শঙ্খচক্রগদাপদ্মশার্ঙ্গাদৈন্যৈর্হরেরপীতি, তত্তু তপ্তমুদ্রাদি-বিষয়ং॥ ১১৪॥ যদ্যপি নিত্যপার্ষদস্য শ্রীভাগবতপ্রবরস্য শ্রীশঙ্খস্য মুদ্রাধারণে কথঞ্চিদপি দোষো ন ঘটতে, তথাপি তন্নাদস্রস্তপত্নীগর্ভস্য কস্যচিদ্ব্রাহ্মণস্য শাপসত্যতার্থমসুরযোনৌ পাঞ্চ-জন্যসংজ্ঞয়াঽবতীর্ণস্য শঙ্খস্য তস্যাসুরত্বমুদ্ভাব্য কৈশ্চিদ্বৈষ্ণবৈস্তচ্চিহ্নং কেবলং পৃথক্ ধার্য্যতে ইতি তন্মতং লিখতি চক্রশঙ্খৌ চেতি॥১১৫॥ তানি চক্রাদীনি তু তপ্তানি বহ্নৌ বিধিবৎ সন্তপ্য

অনন্তর মুদ্রাধারণবিধি।—গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, দক্ষিণ বাহুতে চক্র, বাম ও দক্ষিণ উভয় বাহুতেই শঙ্খ, বামবাহুতে গদা ও গদার নিম্নে পুনরায় চক্র ধারণ করিতে হয়। শঙ্খোপরিভাগে পদ্ম, পুনর্ব্বার দক্ষিণ বাহুতে পদ্ম, বক্ষে খড়্গ ও শিরোদেশে সশর শরাসন ধারণ করিবে।১১১। বৈষ্ণব ব্যক্তি প্রথমতঃ এই পঞ্চ অস্ত্র ধারণ করিবেন, তদনন্তর দক্ষিণ হস্তে মীন চিহ্ন ও বাম হস্তে কূর্ম্ম ধারণ করিবেন।১১২। অতএব কথিত আছে যে, দ্বিজাতি দক্ষিণ বাহুতে সুদর্শন, মীন ও পদ্ম এবং বাম বাহুতে শঙ্খ, পদ্ম ও গদা ধারণ করিবেন। ১১৩। সাম্প্রদায়িক শিষ্টাচারানুসারে স্বীয় অভিরুচিমতে শঙ্খচক্রাদি চিহ্ন-সমূহ সর্ব্বাঙ্গে ধারণ করিতে হয়। ১১৪। কেহ কেহ শঙ্খ ও চক্র এই দুইটীকে পরস্পর লগ্ন করত ধারণ করিয়া থাকেন। ১৫। * সুধী

---

* নিত্যপার্ষদ ভগবদ্ভক্তপ্রবর শ্রীশঙ্খের মুদ্রা ধারণে কোনরূপেও দোষ ঘটে না সত্য, তথাপি ঐ শঙ্খের ধ্বনিতে কোন দ্বিজপত্নীর গর্ভপাত হইয়াছিল, এই হেতু তৎপতি শঙ্খকে অভিশাপ দেন যে, 'অসুরগৃহে তোমার জন্ম হউক।" শঙ্খ সেই দ্বিজশাপ সত্য করণার্থ পাঞ্চজন্য নাম ধারণ করত শঙ্খরূপে অবতীর্ণ হন। কেহ কেহ ঐ শঙ্খের অসুরত্ব উদ্ভাবন পূর্ব্বক তদীয় চিহ্নকে পৃথক্ করিয়া ধারণ করেন।

অথ চক্রাদীনাং লক্ষণানি।

দ্বাদশারন্তু ষট্‌কোণং বলয়ত্রয়সংযুতং। চক্রং স্যাদ্দক্ষিণাবর্ত্তং শঙ্খশ্চ শ্রীহরেঃ স্মৃতঃ।
গদাপদ্মাদিকং লোকসিদ্ধমেব মতং বুধৈঃ। মুদ্রা বা ভগবন্নাম্নাঙ্কিতা বাষ্টাক্ষরাদিভিঃ॥১১৭॥

অথ মালাদিধারণং।

ততঃ কৃষ্ণার্পিতা মালা ধারয়েত্তুলসীদলৈঃ। পদ্মাক্ষৈস্তুলসীকাষ্ঠৈঃ ফলৈর্ধাত্র্যাশ্চ নির্ম্মিতাঃ।
ধারয়েত্তুলসীকাষ্ঠভূষণানি চ বৈষ্ণবঃ। মস্তকে কর্ণয়োর্বাহ্বোঃ করয়োশ্চ যথারুচি॥

অথ মালাধারণবিধিঃ।

স্কান্দে।— সন্নিবেদ্যৈব হরয়ে তুলসীকাষ্ঠসম্ভবাং।
মালাং পশ্চাৎ স্বয়ং ধত্তে স বৈ ভাগবতোত্তমঃ॥

হরয়ে নার্পয়েদ্যস্তু তুলসীকাষ্ঠসম্ভবাং। মালাং ধত্তে স্বয়ং মূঢ়ঃ স যাতি নরকং ধ্রুবং॥
ক্ষালিতাং পঞ্চগব্যেন মূলমন্ত্রেণ মন্ত্রিতাং। গায়ত্র্যা চাষ্টকৃত্বো বৈ মন্ত্রিতাং ধূপয়েচ্চ তাং।
বিধিবৎ পরয়া ভক্ত্যা সদ্যোজাতেন পূজয়েৎ॥ তুলসীকাষ্ঠসম্ভূতে মালে কৃষ্ণজনপ্রিয়ে।
বিভর্ম্মি ত্বামহং কণ্ঠে কুরু মাং কৃষ্ণবল্লভং॥ যথা ত্বং বল্লভা বিষ্ণোর্নিত্যং বিষ্ণুজনপ্রিয়া।
তথা মাং কুরু দেবেশি নিত্যং বিষ্ণুজনপ্রিয়ং॥ দানে লা ধাতুরুদ্দিষ্টো লাসি মাং হরিবল্লভে।

শয়নদ্বাদশ্যাম্ আদিশব্দাৎ উত্থানাদিদ্বাদশীষু চ ধারয়েৎ। অতোঽত্র নিত্যকর্ম্মলিখনে তদ্বিধ্যাদিকং ন লিখিতমিতি ভাবঃ। কিলেতি তত্র শ্রুতিস্মৃত্যাদিবাক্যপ্রামাণ্যং বোধয়তি॥ ১১৬॥

লোকসিদ্ধমেব যথা লোকে দৃশ্যতে তদাকারমেবেত্যর্থঃ। ভগবন্নাম্না কৃষ্ণরামেত্যাদিনা অষ্টাক্ষরমন্ত্রাদিভির্বাঙ্কিতা। আদিশব্দেন পঞ্চাক্ষরাদি॥ ১১৭॥

ব্যক্তি প্রতিদিন গোপীচন্দন দ্বারা চক্রাদি অস্ত্র-সমূহ অঙ্কিত করিবেন এবং শয়নদ্বাদশী ও উত্থানাদি দ্বাদশীতে ঐ সমস্ত মুদ্রা তপ্ত করত ধারণ করিবেন। ১১৬।

অনন্তর চক্রাদিলক্ষণ।—দ্বাদশ চাকার দ্বাদশসংখ্য পাখী, ছয়টী কোণ ও তিনটী বলয়সমন্বিত হইলে চক্র কহে। এইপ্রকার উক্ত আছে যে, শ্রীহরির শঙ্খ দক্ষিণাবর্ত্ত। লোকে গদা ও পদ্মাদির যেপ্রকার নির্ম্মাণ চলিত আছে, বুধগণ তদনুসারেই গ্রহণ করিবেন। কিংবা মুদ্রা শ্রীহরির রামকৃষ্ণাদি নামসমূহ দ্বারা অথবা অষ্টাক্ষর কিংবা পঞ্চাক্ষরাদি মন্ত্র দ্বারা নির্ম্মিত হয়। ১১৭।

অতঃপর মালাদি ধারণ।—তৎপরে তুলসীপত্র, পদ্মবীজ, তুলসীকাষ্ঠ ও আমলকীফল দ্বারা বিরচিত মালা প্রভৃতি নিবেদন করিয়া অঙ্গে ধারণ করিবে। বৈষ্ণব ব্যক্তি শিরোদেশে, কর্ণদ্বয়ে, বাহুদ্বয়ে ও দুই করে রুচি অনুসারে তুলসীকাষ্ঠের অলঙ্কার ধারণ করিবেন।

অতঃপর মালাধারণবিধি।—যিনি তুলসীকাষ্ঠবিরচিত মালা হরিকে অর্পণপূর্ব্বক পরে নিজে ধারণ করেন, তিনি নিঃসন্দেহ ভগবদ্ভক্তের শ্রেষ্ঠ। যে মূর্খ তুলসীকাষ্ঠময়ী মালা ভগবান্‌কে প্রদান না করিয়া ধারণ করে, সে নিঃসন্দেহ নিরয়ে পতিত হয়। মালা গ্রথিত করত পঞ্চগব্য দ্বারা ধৌত করিবে, তদনন্তর তদুপরি মূলমন্ত্র জপ করিয়া অষ্টধা গায়ত্রী জপ করিবে, পরে ধূম-

ভক্তেভ্যশ্চ সমস্তেভ্যস্তেন মালা নিগদ্যসে॥ এবং সংপ্রার্থ্য বিধিবৎমালাং কৃষ্ণগলেঽর্পিতাং।
ধারয়েদ্বৈষ্ণবো যো বৈ স গচ্ছেদ্বৈষ্ণবং পদং॥ ১১৮॥

অথ মালাধারণনিত্যতা।

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে।—

ধাত্রীফলকৃতাং মালাং কণ্ঠস্থাং যো বহেন্ন হি।
বৈষ্ণবো ন স বিজ্ঞেয়ো বিষ্ণুপূজারতো যদি॥ ১১৯॥

গারুড়ে।—

ধারয়ন্তি ন যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ। নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ॥১২০॥

অতএব স্কান্দে।—

ন জহ্যাৎ তুলসীমালাং ধাত্রীমালাং বিশেষতঃ। মহাপাতকসংহর্ত্রীং ধর্ম্মকামার্থদায়িনীং॥ ১২১॥

অথ মালাধারণমাহাত্ম্যং।

অগস্ত্যসংহিতায়াং।—

নির্ম্মাল্যতুলসীমালাযুক্তো যশ্চার্চ্চয়েদ্ধরিং। যদ্ যৎ করোতি তৎসর্ব্বমনন্তফলদং ভবেৎ॥ ১২২॥

তুলসীদলাদিভির্নির্ম্মিতা মালাঃ কৃষ্ণার্পিতাঃ সতীর্দ্ধারয়েৎ॥ ১১৮॥

যদি যদ্যপি॥ ১১৯॥ হৈতুকা হেতুবাদনিষ্ঠাঃ॥ ১২০॥ ন জহ্যাৎ নিত্যত্বাৎ ধাত্রীমালাঞ্চ। নিত্যত্বেঽপি ফলং দর্শয়তি বিশেষতঃ সম্যক্‌তয়েত্যর্থঃ। যদ্বা বিশেষতো ধাত্রীমালাং ন জহ্যাদিতি তন্নিত্যত্বং নিতরামভিপ্রেতং॥ ১২১॥

স্পর্শ করাইয়া সদ্যোজাত মন্ত্র দ্বারা ভক্তিপূর্ব্বক অর্চ্চনা করিবে। হে মালে! তুলসীকাষ্ঠ দ্বারা তোমার নির্ম্মাণ হইয়াছে, কৃষ্ণভক্তেরা তোমাতে প্রীতি প্রদর্শন করেন, আমি তোমাকে কণ্ঠদেশে ধারণ করিতেছি, আমাকে শ্রীহরির প্রিয়পাত্র কর। হে কৃষ্ণবল্লভে! যেরূপ তুমি কৃষ্ণপ্রিয়া ও কৃষ্ণভক্তেরা তোমাতে নিরন্তর যেরূপ প্রীতি প্রদর্শন করেন, আমাকে সেইরূপ কৃষ্ণভক্তবর্গের প্রিয়পাত্র কর। লাধাতুর প্রয়োগ দানার্থে হয়। হে কৃষ্ণবল্লভে! তুমি আমায় নিখিল ভক্তকে দান করিলে, অতএব তোমাকে মালা শব্দে কীর্ত্তন করা যায়। যে বৈষ্ণব যথাবিধি এই প্রকার প্রার্থনা করিয়া প্রথমত কৃষ্ণের গলে মালা প্রদান করিয়া তৎপরে স্বয়ং ধারণ করেন, বিষ্ণুপদে তাঁহার গতি হইয়া থাকে। ১১৮।

অতঃপর মালাধারণনিত্যতা।—স্কন্দপুরাণের কার্ত্তিকপ্রসঙ্গে লিখিত আছে যে, যে ব্যক্তি কণ্ঠদেশে আমলকফলরচিতা মালা ধারণ না করেন, তিনি শ্রীহরির অর্চ্চনায় নিযুক্ত থাকিলেও বৈষ্ণব বলিয়া পরিগণিত হইতে পারেন না। ১১৯। গরুড়পুরাণে লিখিত আছে যে, যে সমস্ত হেতুবাদপরায়ণ পাপমতি মানব মালা ধারণ না করে, তাহারা হরিকোপানলে দগ্ধীভূত হয় এবং নিরয়মধ্য হইতে আর প্রত্যাবৃত্ত হয় না। ১২০। অতএব স্কন্দপুরাণেও আছে যে, তুলসীমালা বিশেষতঃ আমলকীফলগ্রথিত মালা পরিহার করিতে নাই; উহা মহাপাপ ধ্বংস করে এবং ধর্ম্ম, অর্থ ও কাম প্রদান করিয়া থাকে। ১২১।

অনন্তর মালাধারণমাহাত্ম্য।—অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, যাহা শ্রীহরিকে নিবেদিত

নারদীয়ে।—যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা, যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রাঃ।
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাস্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি॥ ১২৩॥
কিঞ্চ।—　ভুজযুগমপি চিহ্নৈরঙ্কিতং যস্য বিষ্ণোঃ, পরমপুরুষনাম্নাং কীর্ত্তনং যস্য বাচি।
ঋজুতরমপি পুণ্ড্রং মস্তকে যস্য কণ্ঠে, সরসিজমণিমালা যস্য তস্যাস্মি দাসঃ॥ ১২৪॥
বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবদুক্তৌ।—
তুলসীকাষ্ঠমালাঞ্চ কণ্ঠস্থাং বহতে তু যঃ। অপ্যশৌচোঽপ্যনাচারো মামেবৈতি ন সংশয়ঃ॥
স্কান্দে।—
ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা। দৃশ্যতে যস্য দেহে তু স বৈ ভাগবতোত্তমঃ॥ ১২৫॥
তুলসীদলজাং মালাং কণ্ঠস্থাং বহতে তু যঃ। বিষ্ণূত্তীর্ণাং বিশেষেণ স নমস্যো দিবৌকসাং॥
তুলসীদলজা মালা ধাত্রীফলকৃতাপি চ। দদাতি পাপিনাং মুক্তিং কিং পুনর্ব্বিষ্ণুসেবিনাং॥
তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে।—
যঃ পুনস্তুলসীমালাং কৃত্বা কণ্ঠে জনার্দ্দনং। পূজয়েৎ পুণ্যমাপ্নোতি প্রতিপুষ্পং গবাযুতং॥ ১২৬॥
যাবল্লুঠতি কণ্ঠস্থা ধাত্রীমালা নরস্য হি। তাবত্তস্য শরীরে তু প্রীত্যা লুঠতি কেশবঃ।
স্পৃশেচ্চ যানি লোমানি ধাত্রীমালা কলৌ নৃণাং। তাবদ্বর্ষসহস্রাণি বসতে কেশবালয়ে॥

নির্ম্মাল্যং ভগবচ্ছেষস্তদ্রূপা যা তুলসীমালা তয়া যুক্তঃ সন্॥ ১২২॥ লসৎ শ্রীহরিমন্দিরতয়া শোভমানমূর্দ্ধপুণ্ড্রং যেষাং তে॥ ১২৩॥ বিষ্ণোশ্চিহ্নৈঃ। যস্য বাচি নাম্নাং কীর্ত্তনমিত্যত্র দৃষ্টান্তত্বেন জ্ঞেয়ং। এবমন্যত্রাপ্যূহ্যং॥১২৪॥ তুলসীকাষ্ঠসম্ভবা চ॥ ১২৫। গবাযুতং অযুত-

---

হইয়াছে ঈদৃশী তুলসীমালা ধারণ পূর্ব্বক যে ব্যক্তি ভগবানের পূজা করেন এবং অপরাপর যে যে সমস্ত ক্রিয়ার অনুষ্ঠান করেন, তৎসমস্তই অক্ষয়ফলপ্রদ হয়। ১২২। যে সকল ব্যক্তির কণ্ঠদেশে তুলসীমালা ও পদ্মবীজমালা বিদ্যমান থাকে এবং যে সকল ব্যক্তির ভালপ্রদেশে ঊর্দ্ধপুণ্ড্র বিরাজমান দৃষ্ট হয়, আর যে সকল ব্যক্তির বাহুমূলে শঙ্খচক্রচিহ্ন দেদীপ্যমান, সেই সমস্ত বৈষ্ণবেরা আশু জগৎ পবিত্র করিয়া থাকেন। ১২৩। আরও লিখিত আছে যে, যে ব্যক্তির বাহুযুগল হরির অস্ত্রাদি চিহ্নে অঙ্কিত, যে ব্যক্তির বচনাবলীতে পরমপুরুষ হরির নামসমূহ কীর্ত্তিত হয়, যাঁহার শিরোদেশে সরল ঊর্দ্ধপুণ্ড্র বিরাজমান এবং কণ্ঠদেশে পদ্মবীজমালা সুশোভিত, আমি তদীয় দাসস্বরূপ।১২৪। বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবদুক্তিতে আছে যে, যে ব্যক্তি তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা কণ্ঠদেশে বহন করেন, তিনি অপবিত্রই হউন, আর আচারভ্রষ্টই হউন, আমাকে লাভ করিবেন সন্দেহ নাই। স্কন্দপুরাণে আছে যে, যে ব্যক্তির কলেবরে ধাত্রীফলনির্ম্মিতা ও তুলসীকাষ্ঠময়ী মালা দৃষ্ট হয়, তিনি নিঃসন্দেহ ভগবদ্ভক্তব্যক্তিসমূহের মধ্যে শ্রেষ্ঠ। ১২৫। যে ব্যক্তি তুলসীপত্ররঞ্জিতা মালা ধারণ করেন, বিশেষতঃ হরিকে নিবেদন পূর্ব্বক কণ্ঠে বহন করেন, তিনি দেবগণেরও প্রণম্য। যে সকল ব্যক্তি হরি আরাধনা করেন, তাঁহাদিগের কথা কি আর বলিব, তুলসীদলগ্রথিতা ও ধাত্রীফলরচিতা মালা পাতকিগণকেও মুক্তি প্রদান করে।

যাবদ্দিনানি বহতে ধাত্রীমালাং কলৌ নরঃ। তাবদ্‌যুগসহস্রাণি বৈকুণ্ঠে বসতির্ভবেৎ ॥
মালাযুগ্মঞ্চ যো নিত্যং ধাত্রীতুলসিসম্ভবং। বহতে কণ্ঠদেশে চ কল্পকোটিং দিবং বসেৎ ॥১২৭॥
গারুড়ে চ মার্কণ্ডেয়োক্তৌ।—

তুলসীদলজাং মালাং কৃষ্ণোত্তীর্ণাং বহেত্তু যঃ। পত্রে পত্রেঽশ্বমেধানাং দশানাং লভতে ফলং ॥
তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ। ফলং যচ্ছতি দৈত্যারিঃ প্রত্যহং দ্বারকোদ্ভবং ॥
নিবেদ্য বিষ্ণবে মালাং তুলসীকাষ্ঠসম্ভবাং। বহতে যো নরো ভক্ত্যা তস্য বৈ নাস্তি পাতকং।
সদা প্রীতমনাস্তস্য কৃষ্ণো দেবকিনন্দনঃ ॥ তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি নাশৌচং তস্য বিগ্রহে ॥ তুলসীকাষ্ঠসম্ভূতং শিরসো যস্য ভূষণং।
বাহ্বোঃ করে চ মর্ত্ত্যস্য দেহে তস্য সদা হরিঃ ॥ ১২৮ ॥
তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতঃ পুণ্যমাচরেৎ। পিতৃণাং দেবতানাঞ্চ কৃতং কোটিগুণং কলৌ ॥১২৯॥
তুলসীকাষ্ঠমালান্তু প্রেতরাজস্য দূতকাঃ। দৃষ্ট্বা নশ্যন্তি দূরেণ বাতোদ্ধূতং যথা দলং ॥
তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতো ভ্রমতে যদি। দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ ন ভয়ং শস্ত্রজং ক্বচিৎ ॥ ১৩০ ॥

সংখ্যগোদানফলমিত্যর্থঃ ॥ ১২৬ ॥ তুলসিসম্ভবমিতি হ্রস্বত্বমার্ষং ॥ ১২৭ ॥ দ্বারকোদ্ভবং দ্বারকানিবাসজং ফলং তস্মৈ প্রযচ্ছতি ॥ ১২৮ ॥ পুণ্যং পুণ্যকর্ম্ম। পিতৃণাং দেবতানাঞ্চ তৎসম্বন্ধি কর্ম্ম কৃতং কোটিগুণং ভবেৎ। বিশেষতঃ কলৌ ॥১২৯॥ নশ্যন্তি অদৃশ্যা ভবন্তি পলায়ন্তে ইত্যর্থঃ॥১৩০॥

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে আছে যে, যে ব্যক্তি কণ্ঠদেশে তুলসীমালা বহন পূর্ব্বক হরির অর্চ্চনা করেন, তিনি প্রত্যেক কুসুম দান দ্বারা অযুত গোদানের ফল প্রাপ্ত হন।১২৬। আমলকী মালা কণ্ঠদেশে লগ্ন হইয়া যতদিন নরদেহে বিলুণ্ঠিত হয়, হরিও প্রীতিসহকারে তাবৎকাল তদীয় শরীরে লুণ্ঠিত হইতে থাকেন। কলিযুগে আমলক ফলের মালা মানবগণের যতসংখ্য রোম স্পর্শ করে, তাঁহারা তত সহস্রবর্ষ হরিধামে অবস্থিতি করেন। কলিযুগে মানব যতদিন আমলকীফলের মালা বহন করেন, তত সহস্র যুগ বৈকুণ্ঠধামে তাঁহার স্থিতি হয়। যে ব্যক্তি প্রতিদিন কণ্ঠদেশে ধাত্রীমালা ও তুলসীমালা বহন করেন, কোটিকল্পকাল সুরপুরে তাঁহার স্থিতি হয়।১২৭। গরুড়পুরাণে মার্কণ্ডেয়ের উক্তিতে আছে যে, শ্রীকৃষ্ণের কণ্ঠ হইতে অবতারিত তুলসীপত্ররচিতা মালা গলদেশে বহন করিলে, সেই মালায় যতসংখ্য পত্র থাকে, তৎপ্রতিপত্রে সেই ব্যক্তি দশ দশ অশ্বমেধযজ্ঞের ফল লাভ করেন। যে ব্যক্তি প্রতিদিন তুলসীকাষ্ঠময়ী মালা ধারণ করেন, দৈত্যনিসূদন হরি তাঁহাকে দ্বারবতীবাসের ফল দিয়া থাকেন। যে ব্যক্তি তুলসীকাষ্ঠময়ী মালা হরিকে নিবেদন পূর্ব্বক ভক্তিসহকারে ধারণ করেন, তাঁহার কোন পাতকই বিদ্যমান থাকে না, দেবকীতনয় হরি তৎপ্রতি নিরন্তর সন্তুষ্ট থাকেন। তুলসীকাষ্ঠময়ী মালা বহনকারীকে প্রায়শ্চিত্ত করিতে হয় না এবং তদীয় কলেবরে পাতকও বিদ্যমান থাকে না। যে ব্যক্তির শিরোদেশে, অঙ্গে, বাহুযুগলে ও করে তুলসীকাষ্ঠরচিত ভূষণ বিদ্যমান থাকে, হরি নিরন্তর তদীয় শরীরে বিরাজ করেন।১২৮। কলিকালে তুলসীকাষ্ঠরচিত মালায় সমলঙ্কৃত হইয়া পুণ্যক্রিয়া এবং পিতৃলোকের কর্ম্ম

অথ গৃহে সন্ধ্যোপাসনবিধিঃ।

সন্ধ্যোপাস্ত্যাদিকং কর্ম্ম ততঃ কুর্য্যাৎ যথাবিধি। কৃষ্ণপাদোদকেনৈব তত্র দেবাদিতর্পণং॥১৩১॥
শিরসা বিষ্ণুনির্ম্মাল্যং পাদোদেনাপি তর্পণং। পিতৃণাং দেবতানাঞ্চ বৈষ্ণবৈস্ত সমং মতং॥১৩২॥
সন্ধ্যোপাস্তৌ চ বশিষ্ঠবচনং।—

গৃহে ত্বেকগুণা সন্ধ্যা গোষ্ঠে দশগুণা স্মৃতা। শতসাহস্রিকা নদ্যামনন্তা বিষ্ণুসন্নিধৌ॥

অথ শ্রীগুরুপূজা।

পূজয়িষ্যংস্ততঃ কৃষ্ণমাদৌ সন্নিহিতং গুরুং। প্রণম্য পূজয়েদ্ভক্ত্যা দত্বা কিঞ্চিদুপায়নং॥
স্মৃতিমহার্ণবে।— রিক্তপাণির্ন পশ্যেত রাজানং ভিষজং গুরুং।
নোপায়নকরঃ পুত্রং শিষ্যং ভৃত্যং নিরীক্ষয়েৎ॥ ১৩৩॥
কিঞ্চ শ্রীভগবদুক্তৌ।—

প্রথমন্তু গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনং। কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ॥
শ্রীনারদেন চ।—

গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যমগ্রতঃ। স দুর্গতিমবাপ্নোতি পূজনং তস্য নিষ্ফলং॥ ১৩৪॥

পূর্ব্বং বহিস্তীর্থস্নানে সন্ধ্যোপাসনাদিকং লিখিতম্, ইদানীং গৃহবিষয়কং তল্লিখতি সন্ধ্যেতি। তত্র তস্মিন্ কর্ম্মণি॥ ১৩১॥ বিষ্ণুনির্ম্মাল্যং তদ্বহনমিত্যর্থঃ। তদ্দ্বয়ং-সমং তুল্যং মতং॥ ১৩২॥
পশ্যেত পশ্যেৎ। নিরীক্ষয়েৎ স্বার্থে ইণ্ নিরীক্ষেত॥ ১৩৩॥ এবং কিঞ্চিদুপায়নং দত্বে-ত্যত্র প্রমাণবচনং সংগৃহ্যাধুনা সন্নিহিতং সন্তং গুরুমাদৌ পূজয়েদিতি শ্রীভগবদ্বচনাদিনা প্রমাণ-য়তি প্রথমমিতি দ্বাভ্যাং। পূজ্য পূজয়িত্বা॥ ১৩৪॥

ও দৈবকর্ম্ম করিলে তৎফল কোটিগুণিত হয়। ১২৯। যমদূতেরা দূর হইতে তুলসীকাষ্ঠময়ী মালা দর্শনে বায়ুবিতাড়িত-পত্রবৎ পলায়ন করে। তুলসীকাষ্ঠময়ী মালাতে অলঙ্কৃত হইয়া ভ্রমণ করিলে তাহার দুঃস্বপ্ন, দুর্ঘটনা ও শত্রুভয় বিদ্যমান থাকে না। ১৩০।

অতঃপর গৃহে সন্ধ্যোপাসনবিধি।—এই প্রকারে মালাধারণ করিয়া যথাবিধি সন্ধ্যোপাসনাদি ক্রিয়া এবং ঐ ক্রিয়ায় শ্রীহরিচরণামৃত দ্বারা দেবাদির তর্পণ করিবে। ১৩১। শিরোদেশে বিষ্ণু-নির্ম্মাল্য ধারণ এবং বৈষ্ণব-চরণামৃত দ্বারা পিতৃগণের তর্পণ, এই উভয়কে বৈষ্ণবেরা তুল্য-বিধান করিয়াছেন। ১৩২। সন্ধ্যোপাসনবিষয়ে বশিষ্ঠের উক্তি আছে যে, গৃহে সন্ধ্যোপাসনা করিলে একগুণ, গোষ্ঠমধ্যে দশগুণ, নদীতে শতসহস্রগুণ এবং হরিসমীপে করিলে সংখ্যা-তীতগুণ ফলপ্রদ হয়।

অতঃপর গুরুপূজা।—তৎপরে শ্রীহরির অর্চ্চনার্থ উপস্থিত হইয়া নিকটবর্ত্তী গুরুদেবকে কিঞ্চিৎ উপহার অর্পণ করত প্রণাম করিয়া ভক্তিপূর্ব্বক অর্চ্চনা করিবে। স্মৃতিমহার্ণবে লিখিত আছে যে, রাজা, গুরু ও চিকিৎসক, ইহাদের সহিত রিক্তহস্তে সাক্ষাৎ করিতে নাই এবং উপায়নহস্ত হইয়া পুত্র, শিষ্য ও ভৃত্যের সহিত সাক্ষাৎ করিবে না। ১৩৩। আরও আছে,

অথ শ্রীগুরুমাহাত্ম্যং।

শ্রুতিষু।—

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥১৩৫॥

একাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ।—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ। ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥১৩৬॥

শ্রীদশমস্কন্ধে চ।—

নাহমিজ্যাপ্রজাতিভ্যাং তপসোপশমেন চ। তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা ॥১৩৭॥

সপ্তমস্কন্ধে শ্রীনারদোক্তৌ।—

যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ। মর্ত্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্ব্বং কুঞ্জরশৌচবৎ ॥ ১৩৮ ॥

অন্যত্রাপি।—

সাধকস্য গুরৌ ভক্তিং মন্দীকুর্ব্বন্তি দেবতাঃ। যস্মোঽতীত্য ব্রজেদ্বিষ্ণুং শিষ্যো ভক্ত্যা গুরৌ ধ্রুবং ॥

অর্থাঃ পুরুষার্থাঃ ॥ ১৩৫ ॥ নাসূয়েত মা দোষদৃষ্টিং কুর্য্যাৎ ॥ ১৩৬ ॥ ইজ্যা যজ্ঞো গার্হস্থধর্ম্মঃ, প্রজাতিঃ প্রকৃষ্টজন্ম উপনয়নং তেন ব্রহ্মচারিধর্ম্ম উপলক্ষ্যতে তাভ্যাং। তথা তপসা বানপ্রস্থ-ধর্ম্মেণ বা অহং পরমেশ্বরস্তথা ন তুষ্যেয়ং যথা সর্ব্বভূতাত্মাপি গুরুশুশ্রূষয়া ॥ ১৩৭ ॥ গুর্ব্বভক্ত্যা পরমানর্থোক্ত্যা গুরুভক্তিমেব দ্রঢ়য়তি যস্যেতি। সাক্ষাদ্ভূতে। মর্ত্ত্যাসদ্ধীঃ মর্ত্ত্য ইতি অসদ্বুদ্ধিঃ।

ভগবান্ বলিয়াছেন, প্রথমতঃ গুরুদেবের অর্চ্চনা করিয়া পরে আমার পূজা করিলে সিদ্ধি লাভ হয়, অন্যথা পূজা ফলবতী হয় না। নারদও কহিয়াছেন যে, গুরুদেবের সমীপে বিদ্যমান থাকিতে যে ব্যক্তি প্রথমে অপরের পূজা করে, সে দুর্গতি প্রাপ্ত হয় এবং তদীয় পূজাও ফলবতী হয় না। ১৩৪।

অতঃপর গুরুমাহাত্ম্য।—শ্রুতিতে লিখিত আছে যে, দেবতার প্রতি যাহার পরমা ভক্তি আছে এবং দেবতার প্রতি যেরূপ, গুরুদেবের প্রতিও যাহার সেইরূপ ভক্তি, সেই মহাত্মাই মৎ-কথিত পুরুষার্থ বোধগম্য করিতে পারেন। ১৩৫। একাদশ স্কন্ধে ভগবদুক্তিতে লিখিত আছে যে, আমাকেই আচার্য্য বলিয়া জানিবে, কদাচ আচার্য্যের অবমাননা করিবে না; নরজ্ঞানে কদাচ তৎপ্রতি অসূয়া প্রকাশ করিবে না; কারণ গুরুদেব সর্ব্বদেবময়। ১৩৬। দশমস্কন্ধে লিখিত আছে যে, আমি সর্ব্বভূতাত্মা, গুরু-সেবা দ্বারা আমি যেপ্রকার প্রীত হই, গার্হস্থ্য ধর্ম্ম, ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও যত্যাচারেও সেরূপ তুষ্ট হই না। ১৩৭। সপ্তমস্কন্ধে নারদোক্তিতে আছে যে, হে নৃপতে! জ্ঞানরূপদীপপ্রদাতা গুরুদেব সাক্ষাৎ ভগবানের স্বরূপ, সেই গুরুদেবের প্রতি মনুষ্যজ্ঞানরূপ অসদ্বুদ্ধি করিলে সে ব্যক্তির অখিল শাস্ত্রশ্রবণ গজস্নানবৎ বিফল হয়। ১৩৮। অন্যত্রও লিখিত আছে যে, শিষ্য গুরুদেবে অচলা ভক্তি রাখিয়া আমাদিগকে লঙ্ঘন পূর্ব্বক হরিকে লাভ করিবে; এই হেতু অমরগণ সাধকের গুরুর প্রতি ভক্তি মন্দীভূত করিয়া দিয়া থাকেন। মনুস্মৃতিতে লিখিত আছে যে, অজ্ঞানকেই বালক বলা যায়, মন্ত্রদাতাই পিতা শব্দে অভিহিত। বুধগণ বলিয়া থাকেন, অজ্ঞান ব্যক্তি নিঃসন্দেহই বালক এবং মন্ত্র-

মনুস্মৃতৌ।—

অজ্ঞো ভবতি বৈ বালঃ পিতা ভবতি মন্ত্রদঃ। অজ্ঞং হি বালমিত্যাহুঃ পিতেত্যেব তু মন্ত্রদং॥

কিঞ্চ।— গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।

গুরুরেব পরং ব্রহ্ম তস্মাৎ সংপূজয়েৎ সদা॥ ১৩৯॥

বামনকল্পে ব্রহ্মণো বাক্যং।—

যো মন্ত্রঃ স গুরুঃ সাক্ষাৎ যো গুরুঃ স হরিঃ স্মৃতঃ। গুরুর্যস্য ভবেত্তুষ্টস্তস্য তুষ্টো হরিঃ স্বয়ং।

গুরোঃ সমাসনে নৈব ন চৈবোচ্চাসনে বসেৎ॥

বিষ্ণুরহস্যে।—তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন যথাবিধি তথা গুরুং।

অভেদেনার্চ্চয়েদ্যস্তু স মুক্তিফলমাপ্নুয়াৎ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীভাগবতে চ হরিশ্চন্দ্রস্য।—

গুরুশুশ্রূষণং নাম সর্ব্বধর্ম্মোত্তমোত্তমং। তস্মাৎ ধর্ম্মাৎ পরো ধর্ম্মঃ পবিত্রং নৈব বিদ্যতে॥

কামক্রোধাদিকং যদ্যদাত্মনোঽনিষ্টকারণং। এতৎ সর্ব্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ॥

পাদ্মে।—পিতুরাধিক্যভাবেন যেঽর্চ্চয়ন্তি গুরুং সদা। ভবন্ত্যতিথয়ো লোকে ব্রহ্মণস্তে বিশাংবর॥

তত্রৈব দেবহূতিস্তুতৌ।—

ভক্তির্যথা হরৌ মেঽস্তি তদ্বন্নিষ্ঠা গুরৌ যদি। মমাস্তি তেন সত্যেন স্বং দর্শয়তু মে হরিঃ॥

শ্রুতং শাস্ত্রাভ্যাসঃ কুঞ্জরশৌচবৎ ব্যর্থমেবেত্যর্থঃ॥ ১৩৮॥ সংপূজয়েদ্গুরুমেব॥১৩৯॥ গুরব ইতি বহুবচনং গৌরবেণ। যদ্বা প্রসঙ্গাদন্যেষামপি গুরূণাং সংগ্রহার্থং। তে চোক্তাঃ কৌর্ম্মে।—উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠো ভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরঃ স্বতো মাতামহপিতামহৌ। বর্ণজ্যেষ্ঠঃ

দাতাই পিতা সন্দেহ নাই। আরও কথিত আছে, গুরুদেবই ব্রহ্মা, গুরুদেবই বিষ্ণু, গুরুদেবই শিব এবং গুরুদেবই পরব্রহ্ম; সুতরাং নিরন্তর গুরুদেবের অর্চ্চনা করিবে। ১৩৯। বামনকল্পে ব্রহ্মোক্তিতে আছে যে, যাহা মন্ত্র, তাহাই গুরু-স্বরূপ; যিনি গুরু, তিনিই সাক্ষাৎ হরি। যে ব্যক্তির প্রতি গুরুদেব প্রীত থাকেন, স্বয়ং হরিও তৎপ্রতি প্রসন্ন হয়েন। গুরুর সদৃশ আসনে কিংবা তদপেক্ষা উচ্চাসনে সমাসীন হইবে না। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, অতএব যে-প্রকার বিধান আছে, তদনুসারে যে ব্যক্তি সর্ব্বথা সযত্নে গুরুদেবকে হরিসহ অভিন্নবোধে অর্চ্চনা করেন, তিনি মুক্তিফল লাভ করিয়া থাকেন। বিষ্ণুধর্ম্মে ও ভাগবতে হরিশ্চন্দ্রোক্তিতে আছে যে, গুরুসেবাই সর্ব্বোত্তম ধর্ম্ম, তদপেক্ষা উত্তম অথবা পবিত্র ধর্ম্ম আর নাই। গুরুদেবের প্রতি ভক্তি রাখিলে আত্ম-অহিতকর কামক্রোধাদিকেও জয় করিতে পারা যায়। পদ্মপুরাণে লিখিত আছে যে, হে বৈশ্যপ্রবর! যে সকল ব্যক্তি গুরুদেবকে পিতা অপেক্ষাও শ্রেষ্ঠবোধে নিরন্তর অর্চ্চনা করেন, তাঁহারা ব্রহ্মধামের অতিথি হন, অর্থাৎ ব্রহ্মধামে তাঁহাদিগের গতি হইয়া থাকে। ঐ পুরাণেই দেবহূতিস্তবে প্রকাশিত আছে যে, যদ্রূপ হরির প্রতি মদীয় ভক্তি বিদ্যমান আছে, তদ্রূপ নিষ্ঠা গুরুদেবে থাকিলে সেই সত্য দ্বারা হরি আমাকে স্বীয় মূর্ত্তি

আদিত্যপুরাণে।—

অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব জনার্দ্দনঃ। মার্গস্থো বাপ্যমার্গস্থো গুরুরেব সদা গতিঃ॥

অন্যত্র চ।—হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ॥

ব্রহ্মবৈবর্ত্তে।—

অপি ঘ্নন্তঃ শপন্তো বা বিরুদ্ধা অপি যে ক্রুধা। গুরবঃ পূজনীয়াস্তে গৃহং নত্বা নয়েত তান্॥

তৎ শ্লাঘ্যং জন্ম ধন্যং তদ্ দিনং পুণ্যাথ নাড়িকা।

যস্যাং গুরুং প্রণমতে সমুপাস্য তু ভক্তিতঃ॥ ১৪০॥

কিঞ্চ।—উপদেষ্টারমাম্নায়াগতং পরিহরন্তি যে। তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্নোপভুঞ্জতে॥১৪১॥

বোধঃ কলুষিতস্তেন দৌরাত্ম্যং প্রকটীকৃতং। গুরুর্যেন পরিত্যক্তস্তেন ত্যক্তঃ পুরা হরিঃ॥১৪২॥

অন্যত্র চ।—প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্বিপ্রতিপদ্যতে।

স কল্পকোটিং নরকে পচ্যতে পুরুষাধমঃ॥ ১৪৩॥

পিতৃব্যশ্চ সর্ব্বে তে গুরবঃ স্মৃতাঃ। গুরূণামপি সর্ব্বেষাং পূজ্যাঃ পঞ্চ বিশেষতঃ। তেষামাদ্যাস্ত্রয়ঃ শ্রেষ্ঠাস্তেষাং মাতা সুপূজিতা। কিঞ্চ।—যো ভাবয়তি যা সূতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ॥ আত্মনঃ সর্ব্বযত্নেন প্রাণত্যাগেন বা পুনঃ। পূজনীয়া বিশেষেণ পঞ্চৈতে ভূতিমিচ্ছতেতি॥ ১৪০॥ গুরুত্যাগেন পরমানর্থং দর্শয়ন্ গুরুমাহাত্ম্যমেব দ্রঢ়য়তি উপদেষ্টারমিতি ত্রিভিঃ। আম্নায়াগতং কুলক্রমায়াতং বেদবিহিতং বা॥ ১৪১॥ বোধো জ্ঞানং বিদ্যা বা॥ ১৪২॥ গুরুং প্রতিপদ্য গুরুত্বেন স্বীকৃত্য॥ ১৪৩॥

প্রদর্শন করুন্। আদিত্যপুরাণে লিখিত আছে যে, বিদ্যাহীনই হউন্ অথবা বিদ্বান্ই হউন, গুরুদেবই জনার্দ্দনস্বরূপ এবং তিনি স্বপথে থাকুন্ অথবা কুপথগামী হউন্, নিরন্তর গুরুদেবই (একমাত্র) গতি। অন্যত্রও লিখিত আছে যে, হরি কুপিত হইলে গুরুদেব উদ্ধার করেন; কিন্তু গুরুদেব কুপিত হইলে কেহই পরিত্রাতা নাই; সুতরাং সর্ব্বথা যত্ন সহকারে গুরুদেবকে প্রসন্ন করিবে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, আঘাত করুন্ কিংবা অভিশাপ দিউন্ এবং বিরুদ্ধ হউন্ অথবা রুষ্টই হউন্, যাঁহারা গুরুজন, তাঁহাদিগকে অর্চ্চনা পূর্ব্বক প্রণাম করিয়া গৃহে আনয়ন করিবে। *

যাহাতে ভক্তি সহকারে অর্চ্চনা করিয়া গুরুদেবকে প্রণাম করা যায়, সেই জন্মই ধন্য, সেই দিনই সার্থক এবং সেই ঘটিকাই পবিত্র। ১৪০। আরও কথিত আছে, যে সকল ব্যক্তি কুলপরম্পরাগত কিংবা বেদবিহিত গুরুদেবকে বিসর্জ্জন করে, তাহারা কৃতঘ্ন; তাহারা প্রাণত্যাগ করিলে মাংসাশী পশু-পক্ষিগণও তাহাদিগকে ভোজন করে না। ১৪১। যে ব্যক্তি গুরু কর্ত্তৃক পরিত্যক্ত হন, তৎকর্ত্তৃক হরি অগ্রেই পরিত্যক্ত হইয়াছেন। ইহা দ্বারা তদীয় জ্ঞান কলুষিত হয় এবং তাহার দৌরাত্ম্য প্রকটীকৃত হইয়া থাকে। ১৪২। অন্যত্রও লিখিত

---

* অগ্রে মন্ত্রদাতা গুরুর কথা তুলিয়া প্রসঙ্গতঃ অপরাপর গুরুর কথা কহিতেছেন। শাস্ত্রে কথিত আছে যে, বেদাধ্যাপক, পিতা, জ্যেষ্ঠ সহোদর, নৃপতি, শ্বশুর, মাতুল, পুরাণবক্তা, মাতামহ, পিতামহ, বর্ণজ্যেষ্ঠ ও পিতৃব্য ইহাঁরা গুরুপদবাচ্য।

অত্রাপবাদঃ।

পঞ্চরাত্রে।—

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যগ্‌গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্‌গুরোঃ॥ ১৪৪॥

অথ শ্রীগুরুভক্তিফলং।

অগস্ত্যসংহিতায়াং।—

যে গুর্ব্বাজ্ঞাং ন কুর্ব্বন্তি পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ। ন তেষাং নরকক্লেশনিস্তারো মুনিসত্তম॥
যৈঃ শিষ্যৈঃ শশ্বদারাধ্যা গুরবো হ্যবমানিতাঃ। পুত্রমিত্রকলত্রাদিসম্পদ্ভ্যঃ প্রচ্যুতা হি তে॥
অধিক্ষিপ্য গুরুং মোহাৎ পুরুষং প্রবদন্তি যে। শূকরত্বং ভবত্যেব তেষাং জন্মশতেষ্বপি॥
যে গুরুদ্রোহিণো মূঢ়াঃ সততং পাপকারিণঃ। তেষাঞ্চ যাবৎ সুকৃতং দুষ্কৃতং স্যান্ন সংশয়ঃ॥১৪৫॥
অতঃ প্রাগ্‌গুরুমভ্যর্চ্চ্য কৃষ্ণভাবেন বুদ্ধিমান্। ত্র্যবরানসমান্ কুর্য্যাৎ প্রণামান্ দণ্ডপাতবৎ॥

অতএব কৌর্ম্মে শ্রীব্যাসবচনং।—

ব্যত্যস্তপাণিনা কার্য্যমুপসংগ্রহণং গুরোঃ।
সব্যেন সব্যঃ স্প্রষ্টব্যো দক্ষিণেন তু দক্ষিণঃ॥ ইতি॥ ১৪৬॥

মার্গস্থো বাপ্যমার্গস্থ ইত্যনেন উপদেষ্টারমিত্যাদিনা চ কথঞ্চদপি গুরুর্নত্যাজ্য ইতি লিখিতম্‌ অধুনা তত্র মোহাদবৈষ্ণবো গুরুঃ কৃতশ্চেত্তর্হি স পরিত্যাজ্য ইতি প্রসঙ্গাৎ পূর্ব্বত্রাপবাদং লিখতি অবৈষ্ণবেতি। গ্রাহয়েদিতি স্বার্থে ইণ্‌, মন্ত্রং গৃহ্লীয়াদিত্যর্থঃ। যদ্বা,—সাধুজনস্তাদৃশং জনং কৃপয়া মন্ত্রং গ্রাহয়েদিত্যর্থঃ। বৈষ্ণবাৎ প্রায়ো ব্রাহ্মণাদেবেতি জ্ঞেয়ং পূর্ব্বং গুরুলক্ষণে তথা লিখনাৎ॥ ১৪৪॥

শ্রীগুরুভক্তের্দার্ঢ্যায়ৈব তদভক্তানাং দুর্গতিদোষান্ লিখতি যে গুর্ব্বাজ্ঞামিত্যাদিনা। অতএব সততং পাপকারিণো ভবন্তি॥১৪৫॥ ত্রয়োঽবরা অন্ত্যা যেষু তান্ ত্রিভ্যোঽন্যূনানিত্যর্থঃ। অসমান্ অযুগ্মান্। উপসংগ্রহণং শ্রীপদদ্বয়ধারণং। তৎপ্রকারমেবাহ সব্যেনেতি। নিজসব্যপাণিনা

আছে যে, যে ব্যক্তি একবার গুরু বলিয়া স্বীকার করিয়া পুনর্ব্বার সেই গুরুকে পরিহার করে, তাহাকে নরাধম বলিয়া জানিবে; সে কোটিকল্পযাবৎ নিরয়মধ্যে পচ্যমান হয়। ১৪৩।

এই বিষয়ে অপবাদ অর্থাৎ বিশেষ বিধি।—পঞ্চরাত্রে লিখিত আছে যে, অবৈষ্ণব-সকাশে মন্ত্র গ্রহণ করিলে নিরয়গামী হইতে হয়; পুনর্ব্বার যথাবিধি বৈষ্ণব-গুরুসকাশে মন্ত্রগ্রহণ করা তাহার কর্ত্তব্য। ১৪৪।

অতঃপর গুরুভক্তিফল।—অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, হে মুনিপ্রবর! যে সমস্ত পাপী নরাধমেরা গুরুদেবের আদেশ রক্ষা না করে, তাহাদিগের নিরয়যাতনায় পরিত্রাণ নাই। নিরন্তর গুরুগণের আরাধনা করাই শিষ্যের কর্ত্তব্য। গুরুদেবের অবজ্ঞা করিলে শিষ্যদিগের পুত্র, মিত্র, দারা ও সম্পত্তি বিনষ্ট হয়। যে সকল ব্যক্তি অজ্ঞানতা নিবন্ধন গুরুদেবকে ভর্ৎসনা করত তাঁহাকে সামান্য মনুষ্য জ্ঞান করে, শতজন্ম তাহারা শূকরযোনি প্রাপ্ত হয়। নিরন্তর পাপ-

অথ শ্রীগুরুপাদানাং প্রাপ্যাজ্ঞাঞ্চ সাধকঃ। প্রাক্ সংস্কৃতং হরের্গেহং প্রবেক্ষ্যন্ পাদুকে ত্যজেৎ ॥
তথা চাপস্তম্বঃ।—

অগ্ন্যাগারে গবাং গোষ্ঠে দেবব্রাহ্মণসন্নিধৌ।
জপে ভোজনকালে চ পাদুকে পরিবর্জয়েৎ ॥ ইতি ॥ ১৪৭ ॥

ততঃ শ্রীভগবৎপূজামন্দিরস্যাঙ্গনঙ্গতঃ। প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ দ্বিরাচমনমাচরেৎ ॥
তথা চ মার্কণ্ডেয়ে।—

দেবার্চ্চনাদিকার্য্যাণি তথা গুর্ব্বভিবাদনং। কুর্ব্বীত সম্যগাচম্য তদ্বদেব ভুজিক্রিয়াং ইতি ॥১৪৮॥
ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীবৈষ্ণবালঙ্কারো নাম চতুর্থো বিলাসঃ ॥ ৪ ॥

গুরোঃ সব্যপাদ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি ॥ ১৪৬ ॥ শ্রীগুরুপাদানামিতি গৌরবেণ বহুত্বং। সাধকঃ শ্রীভগবদারাধকঃ। প্রবেক্ষ্যন্ প্রবেশং করিষ্যন্ প্রবেশাৎ পূর্ব্বমেবেত্যর্থঃ পরিবর্জয়েদগ্ন্যাগারাদিভ্যো দূরতস্ত্যজেদিত্যর্থঃ ॥ ১৪৭ ॥ সম্যগাচম্যেতি দ্বিরাচমনং বোধয়তি তত্রৈব সম্যক্ত্বাৎ ॥ ১৪৮ ॥

ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাসে চতুর্থো বিলাসঃ ॥ ৪ ॥

কারী যে সমস্ত মূর্খেরা গুরুর দ্রোহাচরণ করে, তাহাদিগের যে কিঞ্চিৎ পুণ্য থাকে, তাহাও নিশ্চয় পাতকরূপে গণনীয় হয়। ১৪৫। সুতরাং সুবুদ্ধি ব্যক্তি শ্রীকৃষ্ণজ্ঞানে সর্ব্বপ্রথমে গুরুদেবের পূজা করিয়া দণ্ডবৎ হইয়া তিনের অন্যূন অযুগ্ম প্রণতি করিবে। কূর্ম্মপুরাণে ব্যাসোক্তিতে আছে যে, ব্যত্যস্তহস্তে (হস্তদ্বয় উল্টাপাল্টা করত) গুরুদেবের চরণকমল স্পর্শ পূর্ব্বক প্রণাম করিবে। বাম হস্তে বাম পদ এবং দক্ষিণ হস্তে দক্ষিণ পদ স্পর্শ করিবে। ১৪৬। তৎপরে সাধক গুরুপদের আদেশ লইয়া সুমার্জ্জিত হরিনিকেতনে প্রবেশের অগ্রে পাদুকা পরিত্যাগ করিবেন। আপস্তম্ব কহিয়াছেন, আহবনীয় বহ্নি যে গৃহে সংরক্ষিত থাকে, সেই গৃহে, গোপ্রচার-স্থলে, দেব-বিপ্র-সন্নিধানে, জপসময়ে এবং ভোজনকালে পাদুকা ত্যাগ করিবে। ১৪৭। তৎপরে শ্রীহরির অর্চ্চনাগৃহের প্রাঙ্গণে গিয়া করচরণ ধৌত করত দুইবার আচমন করিবে। মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে, যথাবিধি আচমনান্তে দেবপূজাদি-ক্রিয়া, গুরুপ্রণাম ও ভোজনকর্ম্ম করিবে। ১৪৮।

ইতি শ্রীবৈষ্ণবালঙ্কার নামক চতুর্থ বিলাস সমাপ্ত।

পঞ্চমবিলাসঃ।

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ। তরেন্নানামতগ্রাহব্যাপ্তং পূজাক্রমার্ণবং॥ ১ ॥
শ্রীমদ্গোপালদেবস্যাষ্টাদশাক্ষরমন্ত্রতঃ। লিখ্যতেঽর্চ্চাবিধির্গূঢ়ঃ ক্রমদীপিকয়েক্ষিতঃ॥
আগমোক্তেন মার্গেণ ভগবান্ ব্রাহ্মণৈরপি। সদৈব পূজ্যোঽতো লেখ্যঃ প্রায় আগমিকো বিধিঃ॥২
তথা চ বিষ্ণুযামলে—
কৃতে শ্রুত্যুক্তমার্গঃ স্যাৎ ত্রেতায়াং স্মৃতিভাবিতঃ। দ্বাপরে তু পুরাণোক্তঃ কলাবাগমসম্ভবঃ॥
অশুদ্ধাঃ শূদ্রকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ। তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনা॥ ৩॥

অথ দ্বারপূজা।

শ্রীকৃষ্ণদ্বারদেবেভ্যো দত্ত্বা পাদ্যাদিকং ততঃ। গন্ধপুষ্পৈরর্চ্চয়েত্তান্ যথাস্থানং যথাক্রমং॥ ৪ ॥
দ্বারাগ্রে সপরীবারান্ ভূপীঠে কৃষ্ণপার্ষদান্। তদগ্রে গরুড়ং দ্বারস্যোর্দ্ধে দ্বারশ্রিয়ং যজেৎ॥

শ্রীচৈতন্যায় নমঃ। বালোঽজ্ঞঃ পক্ষে শিশুঃ। নানাবিধমতান্যেব গ্রাহাস্তৈর্ব্যাপ্তং। পূজায়াঃ ক্রমো বিধিঃ বিধ্যনুক্রমো বা স এবার্ণবস্তং॥ ১॥ অষ্টাদশাক্ষরমন্ত্রেণ যোঽর্চ্চাবিধিঃ পূজাপ্রকারঃ স লিখ্যতে। যদ্যপি দশাক্ষরাদিনাপি পূজাবিধৌ ভেদো নাস্তি তথাপি ন্যাসাদিভেদাপেক্ষয়া তথা লিখিতং। গূঢ়োঽপি ক্রমদীপিকয়া শ্রীকেশবাচার্য্যবিরচিতয়া ঈক্ষিতঃ দর্শিতঃ সন্। অতঃ ক্রমদীপিকোক্তানুসারেণ লেখ্য ইতি ভাবঃ॥ ২॥ তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্ম-নেত্যনেন তৈরপি আগমিকবিধিনৈব পূজা কার্য্যেতি ভাবঃ। তথা চৈকাদশস্কন্ধে।— নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ইতি। তত্র শ্রীধরস্বামিপাদাঃ। নানাতন্ত্রবিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শয়তীতি॥ ৩॥ তান্ শ্রীকৃষ্ণদ্বারদেবান্। প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনাম নমোঽন্তকমিত্যগ্রে লেখ্যত্বাদত্রৈবং প্রয়োগঃ শ্রীকৃষ্ণদ্বারদেবতাভ্যো নমঃ। অনেন মন্ত্রেণ পাদ্যার্ঘ্যাদিকং দত্ত্বা গন্ধাদিভিঃ পুনর্বিশেষেণ পূজয়েদিত্যর্থঃ। এবগ্রেঽপি সপরিবারেভ্যঃ শ্রীকৃষ্ণপার্ষদেভ্যো নম ইত্যাদিপ্রয়োগো দ্রষ্টব্যঃ॥ ৪॥ এবং সামান্যেন সর্ব্বেষামেব পূজা-

---

যাঁহার প্রসাদে অজ্ঞ ব্যক্তিও নানামতরূপ-কুম্ভীরাদি-হিংস্রজীব-সমাকুল পূজাবিধিরূপ সাগর উত্তীর্ণ হইতে পারে, আমি সেই শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভুকে বন্দনা করি। ১। শ্রীমদ্গোপাল-দেবের অষ্টাদশাক্ষর মন্ত্রানুসারে ক্রমদীপিকামতানুযায়ী পূজাবিধি বর্ণিত হইতেছে। বিপ্রগণও নিরন্তর তন্ত্রবিহিত বিধানে অর্চ্চনা করিবেন; সুতরাং প্রায়শঃ তন্ত্রকথিত বিধানানুসারেই পূজাবিধি বর্ণিত হইবে। ২। বিষ্ণুযামলে লিখিত আছে যে, সত্যে বেদবিহিত বিধি, ত্রেতায় স্মার্ত্ত, দ্বাপরে পুরাণোক্ত এবং কলিতে আগমসম্মত বিধিই নির্দ্দিষ্ট। কলিকালোৎপন্ন বিপ্রেরা শূদ্রবৎ অপবিত্র, আগম-কথিত বিধান দ্বারা তাঁহাদিগের শুচিত্ব সম্পাদিত হয়, বেদবিহিত বিধানে শুদ্ধি হয় না। ৩।

অতঃপর দ্বারপূজা।—(গুরুদেবের পূজান্তে; শ্রীকৃষ্ণের দ্বারদেবগণকে পাদ্যাদি দিয়া যথা-স্থলে ও যথানিয়মে গন্ধ পুষ্প দ্বারা তাঁহাদের অর্চ্চনা করিবে। ৪। প্রথমে দ্বারের সম্মুখে ভূপীঠে

প্রাগ্‌দ্বারোভয়পার্শ্বে তু যজেচ্চণ্ডপ্রচণ্ডকৌ। দ্বারে চ দক্ষিণে ধাতৃবিধাতারৌ চ পশ্চিমে।
জয়ঞ্চ বিজয়ঞ্চৈব বলং প্রবলমুত্তরে। দ্বন্দ্বশস্ত্বেবমভ্যর্চ্চ্য দেহল্যাং বাস্তুপুরুষং ॥ ৫ ॥
দ্বারান্তঃপার্শ্বয়োর্গঙ্গাং যমুনাঞ্চ ততোঽর্চ্চয়েৎ। তৎপার্শ্বয়োঃ শঙ্খনিধিং তথা পদ্মনিধিং যজেৎ ॥৬
গণেশং মন্দিরস্যাগ্নিকোণে দুর্গাঞ্চ নৈর্ঋতে। বাণীং বায়ব্য ঐশানে ক্ষেত্রপালং তথার্চ্চয়েৎ ॥৭
দ্বাঃশাখামাশ্রয়ন্ বামাং সঙ্কোচ্যাঙ্গানি দেহলীং। অস্পৃষ্ট্বা প্রবিশেদ্বেশ্ম ন্যস্যন্ প্রাগ্ দক্ষিণং পদং ॥৮
তথা চ সারদাতিলকে।—
কিঞ্চিৎ স্পৃশন্ বামশাখাং দেহলীং লঙ্ঘয়ন্ গুরুঃ। অঙ্গং সঙ্কোচয়ন্নন্তঃ প্রবিশেদ্দক্ষিণাঙ্ঘ্রিণা ॥৯

বিধির্লিখিত ইদানীং যথাস্থানং যথাক্রমমিতি যল্লিখিতং তদেব বিবিচ্য লিখতি দ্বারাগ্র ইতি দ্বাভ্যাং। তত্রাপ্যাদৌ দ্বারস্যাগ্রে যৎ ভূরূপং পীঠং তত্র সমস্তপরিবারান্বিতান্ শ্রীকৃষ্ণপার্ষদান্ যজেৎ পূজয়েৎ। অনন্তরং তস্য দ্বারস্যাগ্রে গরুড়ং। যদ্যপি দ্বারশ্রিয়োঽর্চ্চনং প্রবলার্চ্চনানন্তরমেব ক্রমদীপিকায়ামুক্তং তথাপি ইষ্ট্বেতি ক্ত্বা-প্রত্যয়েন চণ্ডাদিপূজাতঃ পূর্ব্বকাল এবেতি বোধিতং তথৈব সদাচারাৎ। কিঞ্চ দ্বন্দ্বশঃ ইত্যগ্রে লিখনাৎ চণ্ডপ্রচণ্ডাভ্যাং নম ইত্যেবং যুগ্মত্বেন প্রয়োগো জ্ঞেয়ঃ ॥ ৫ ॥ দ্বারস্যান্তঃ অভ্যন্তরে তৎপার্শ্বদ্বয়ে তয়োর্গঙ্গাযমুনয়োঃ পার্শ্বদ্বয়ে ॥ ৬ ॥ আগ্নেয়কোণে গণেশমর্চ্চয়েৎ। তথা চোক্তং ক্রমদীপিকায়াং।—পরিবারাঃ কৃতাঃ সর্ব্বে পুনঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ। দ্বারাগ্রাবলিপীঠেঽর্চ্চ্যাঃ পক্ষীন্দ্রশ্চ তদগ্রতঃ। চণ্ডপ্রচণ্ডৌ প্রাগ্ ধাতৃ-বিধাতারৌ চ দক্ষিণে। জয়শ্চ বিজয়ঃ পশ্চাদ্ বলঃ প্রবল উত্তরে। ঊর্দ্ধে দ্বারশ্রিয়ং চেষ্ট্বা দ্বার্য্যেতান্ যুগ্মশোঽর্চ্চয়েৎ। পূজ্যো বাস্তুপুমাংস্তত্র তত্র দ্বাঃপীঠমধ্যতঃ। দ্বারান্তঃ-পার্শ্বয়োরর্চ্চ্যা গঙ্গা চ যমুনা নদী। কোণেষু বিঘ্নং দুর্গাঞ্চ বাণীং ক্ষেত্রে সমর্চ্চয়েদিতি ॥ ৭ ॥ বামাং স্ববামভাগবর্ত্তিনীং দ্বারশাখাম্ আশ্রয়ন্ ঈষৎ স্পৃশন্। নিজাঙ্গানি সঙ্কোচ্য দেহলীম্ অস্পৃষ্ট্বা ন লঙ্ঘয়িত্বেত্যর্থঃ। দক্ষিণং পদং প্রাক্ আদৌ ন্যস্যন্ দক্ষিণপাদন্যাসক্রমেণেত্যর্থঃ। বেশ্ম শ্রীভগবন্মন্দিরং হরের্গেহং প্রবেক্ষ্যন্নিতি পূর্ব্বলিখনাৎ। প্রবিশেৎ তন্মধ্যং শনৈঃ পূজকো গচ্ছেৎ ॥ ৮ ॥ গুরুরিতি দীক্ষাবিধানোক্তঃ ॥ ৯ ॥

পরিবারসমন্বিত কৃষ্ণপার্ষদগণের, তৎসম্মুখে গরুড়ের ও তৎপরে দ্বারের ঊর্দ্ধভাগে দ্বারলক্ষ্মীর অর্চ্চনা করিবে। বহির্দ্বারের দুই পার্শ্বে চণ্ডের ও প্রচণ্ডের, দ্বারের দক্ষিণদিকে ধাতার ও বিধাতার, পশ্চিমদিকে জয়ের ও বিজয়ের, উত্তরদিকে বলের ও প্রবলের অর্চ্চনা করিবে। এই প্রকারে প্রতি দ্বারে দুই দুই দেবের অর্চ্চনা করিয়া দেহলীতে (দ্বারপুরোবর্ত্তী স্থানে) বাস্তুপুরুষের অর্চ্চনা করিবে। ৫। অনন্তর দ্বারাভ্যন্তরভাগের দুই দিকে গঙ্গার ও যমুনার পূজা করিতে হয়। উহাদিগের পার্শ্বে শঙ্খনিধির ও পদ্মনিধির অর্চ্চনা করিবে। ৬। তৎপরে মন্দিরের অগ্নিকোণে গণপতির, নৈর্ঋতভাগে দুর্গাদেবীর, বায়ুকোণে সরস্বতীর ও ঈশানদিগ্-ভাগে ক্ষেত্রপালের অর্চ্চনা করিবে। ৭। পরে স্বীয় বামদিকস্থ দ্বারশাখা (চৌকাঠসহ লগ্ন ভূমি) কিঞ্চিৎ স্পর্শ পূর্ব্বক অঙ্গ সঙ্কুচিত করিয়া দেহলী স্পর্শ না হয় এরূপ ভাবে প্রথমে দক্ষচরণ বিক্ষেপ করত গৃহে প্রবিষ্ট হইবে। ৮। সারদাতিলকে লিখিত আছে যে, গুরুদেব বামশাখা

অথ গৃহপ্রবেশমাহাত্ম্যং।

হরিভক্তিসুধোদয়ে।—

প্রবিশন্নালয়ং বিষ্ণোরর্চ্চনার্থং সুভক্তিমান্। ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ॥

অথ গৃহান্তঃপূজা।

নৈঋর্তে বাস্তুপুরুষং ব্রহ্মাণমপি পূজয়েৎ। আসনস্থো যজেত্তাংস্তানন্যত্র ভগবদ্গৃহাৎ॥ ১০॥

তত্তৎপূজামন্ত্রশ্চোক্তঃ।—

প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনাম নমোঽন্তকং। পূজামন্ত্রমিদং প্রোক্তং সর্ব্বত্রার্চ্চনকর্ম্মণি॥ ইতি॥ ১১॥

অথ কৃষ্ণাগ্রতস্তিষ্ঠন্ কৃত্বা দিগ্বন্ধনং ক্ষিপেৎ। পুষ্পাক্ষতান্ সমন্তাসু দিক্ষু তন্ত্রোক্তমন্ত্রতঃ॥ ১২॥

অথ পূজার্থাসনং।

ততশ্চাসনমন্ত্রেণাভিমন্ত্র্যাভ্যর্চ্চ্য চাসনং। তস্মিন্নুপবিশেৎ পদ্মাসনেন স্বস্তিকেন বা॥ ১৩॥

ভগবদ্গৃহাৎ দেবালয়াদন্যত্র পরস্মিন্ স্থানে তাংস্তান্ শ্রীকৃষ্ণপার্ষদাদীন্ সর্ব্বান্। আসনস্থঃ আসনে উপবিষ্টঃ সন্নেব পূজয়েৎ যত এব তথাগ্রে লেখ্যং বিঘ্ননিবারণং। পূজারম্ভে দ্বারদেবতা-পূজায়াঃ প্রাগেব ভগবদ্গৃহে তু তিষ্ঠন্নেব তাংস্তান্ পূজয়েদিত্যর্থঃ। ভগবদগ্রেঽন্যপূজার্থাসনা-যোগ্যত্বাৎ। যদ্বা তত্তৎপূজার্থং তত্তদগ্রে গমনেন পুনঃপুনরাসনাসম্ভবাৎ, মুহুরাসনেন কাল-ক্ষেপাচ্চ। অতএব পার্ষ্ণিপ্রহারাদিনা বিঘ্ননিবারণমত্রালিখিত্বা নিশ্চলাসনাবসরেঽগ্রে লিখি-ষ্যতে॥ ১০॥ অত্র প্রায়ো দেবালয়ান্তঃপূজাবিধিলিখনাৎ কেচিচ্চ দ্বারপূজানন্তরং গৃহান্তঃপ্রবে-শাৎ প্রাগেব বিঘ্ননিবারণমিচ্ছন্তি। অত্র সংসম্প্রদায়াচার এব গতিরিতি দিক্। দেবস্য পূজ্যস্য নাম। পূজামন্ত্রমিতি নপুংসকত্বমার্ষং॥ ১১॥ অত্র দিগ্বন্ধনে পুষ্পক্ষেপণে চ উক্তঃ শাস্ত্রে যো মন্ত্রঃ ওঁ শার্ঙ্গায় সশরায় হুং ফট্ নম ইতি তেনেত্যর্থঃ॥ ১২॥

অভ্যর্চ্চ্য ওঁ আধারশক্তয়ে নমঃ ইতি সংপূজ্য। তস্মিন্ আসনে। তত্র পদ্মাসনং সব্যং

(বামভাগের দ্বারের বাজু) কিঞ্চিৎ স্পর্শ করিয়া দেহলী লঙ্ঘন পূর্ব্বক অঙ্গ সঙ্কোচ করত দক্ষিণ চরণ নিক্ষেপ সহকারে ভিতরে প্রবিষ্ট হইবে।

অনন্তর গৃহপ্রবেশ-মাহাত্ম্য।—হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে, পূজার্থ ভক্তিমান্ হইয়া হরিমন্দিরে প্রবেশ করিলে সুধী ব্যক্তিকে আর জননীজঠররূপ কারাগৃহে প্রবিষ্ট হইতে হয় না। ৯।

অনন্তর গৃহান্তঃপূজা।—গৃহের নৈঋর্তদিগ্‌ভাগে বাস্তুপুরুষের ও ব্রহ্মার অর্চ্চনা করিবে। ভগবান্ যে গৃহে অধিষ্ঠিত আছেন, তথা হইতে অন্যত্র আসনোপবিষ্ট হইয়া শ্রীকৃষ্ণের বিশেষ বিশেষ পার্ষদবর্গের অর্চ্চনা করিবে। তাঁহাদের পূজামন্ত্র যথা,—প্রথমতঃ ওঙ্কার, তৎপরে আরাধ্য দেবতার চতুর্থীবিভক্ত্যন্ত নাম, পরে নমঃ শব্দ প্রয়োগ করিবে; তাহা হইলেই "ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" এই মন্ত্র হইল। যাবতীয় পূজাতেই এইপ্রকার পূজামন্ত্র নিরূপিত আছে। ১১। পরে শ্রীহরির সম্মুখে সমাসীন হইয়া দিগ্বন্ধন পূর্ব্বক তন্ত্রবিহিত মন্ত্রপাঠ সহকারে অর্থাৎ "ওঁ শার্ঙ্গায় হুঁ ফট্" এই মন্ত্রে সমন্তাৎ পুষ্প ও অক্ষত নিক্ষেপ করিবে। ১২।

তত্র কৃষ্ণার্চ্চকঃ প্রায়ো দিবসে প্রাঙ্মুখো ভবেৎ। উদঙ্মুখো রজন্যান্তু স্থিরমূর্ত্তিশ্চ সম্মুখঃ॥

তথা চৈকাদশস্কন্ধে।—আসীনঃ প্রাগুদগ্বাচ্চের্ৎ স্থিরায়াস্তথ সম্মুখঃ॥

অথাসনমন্ত্রঃ।

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনাভিমন্ত্রণে বিনিয়োগঃ॥

পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রমাসনং কুরু॥১৪॥

অথাসনানি।

নারদপঞ্চরাত্রে।—

বংশাশ্মদারুধরণীতৃণপল্লবনির্ম্মিতং। বর্জয়েদাসনং বিদ্বান্ দারিদ্র্যব্যাধিদুঃখদং।

কৃষ্ণাজিনং কম্বলংবা নান্যদাসনমিষ্যতে॥ ১৫॥

পাদমুপাদায় দক্ষিণোপরি বিন্যসেৎ। তথৈব দক্ষিণং সব্যস্যোপরিষ্টান্নিধাপয়েৎ। বিষ্টভ্য কট্যুরোগ্রীবা নাসাগ্রন্যস্তলোচনঃ। পদ্মাসনং ভবেদেতৎ সর্ব্বেষামপি পূজিতমিতি। ক্বচিচ্চ। বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তত ইত্যাদি। স্বস্তিকং চোক্তং।—জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ো বিশেদ্যোগী স্বস্তিকং তৎ প্রচক্ষতে॥ ইতি॥ ১৩॥

তত্র আসনে। প্রায় ইতি দিবা প্রাঙ্মুখত্বস্য নক্তং চোদঙ্মুখত্বস্য প্রশস্তত্বাৎ॥

তৃণাসনঞ্চ দর্ভাতিরিক্ততৃণনির্ম্মিতং জ্ঞেয়ং। একাদশস্কন্ধে প্রাগ্‌দর্ভৈঃ কল্পিতাসন ইতি শ্রীভগ-

---

অতঃপর পূজার্থ আসন।—তৎপরে আসনমন্ত্র দ্বারা * আসনের আমন্ত্রণ ও পূজা করিয়া তদুপরি পদ্মাসনে বা স্বস্তিকাসনে উপবিষ্ট হইবে। ১৩। † কৃষ্ণার্চ্চক ব্যক্তি স্থিরমূর্ত্তি ও সম্মুখীন হইয়া দিবাভাগে পূর্ব্বাস্যে ও রাত্রিতে প্রায় উত্তরাস্যে উপবিষ্ট হইবে। একাদশস্কন্ধে লিখিত আছে যে, আসনোপরি সমাসীন হইয়া পূর্ব্বাস্য বা উত্তরাস্য হওত পূজা করিবে, কিন্তু প্রতিমা থাকিলে তাঁহাকে সম্মুখ করিয়া উপবেশন করিবে।

অনন্তর আসনমন্ত্র।—আসন-মন্ত্রের ঋষি মেরুপৃষ্ঠ, সুতল উহার ছন্দঃ, কূর্ম্ম উহার দেবতা এবং আসনাভিমন্ত্রণে প্রয়োগ হয়। হে পৃথ্বি! তুমি অখিল লোক ধারণ করিয়াছ; হে দেবি! তুমি বিষ্ণু কর্ত্তৃক ধৃতা; তুমিও নিরন্তর আমাকে ধারণ কর এবং এই আসনকে পবিত্র কর।১৪।

---

* আসনমন্ত্র যথা—ওঁ আধারশক্তয়ে নমঃ।

† পদ্মাসন—বামপদতল দক্ষিণ উরূপরি এবং দক্ষিণ পদতল বাম উরূপরি প্রযত্ন সহকারে উত্তানভাবে স্থাপন পূর্ব্বক গুরূপদেশ অনুসারে করতলদ্বয় ও উরুদ্বয়মধ্যে ঐরূপ উত্তানভাবে স্থাপন করিবে, এবং দন্তমূলে জিহ্বা বিন্যাস পূর্ব্বক নাসিকার অগ্রভাগে দৃষ্টি স্থাপন করিতে হইবে। এই সময় বক্ষঃস্থল কিঞ্চিৎ উন্নত করিয়া তাহাতে চিবুক স্থাপন পূর্ব্বক ধীরে ধীরে বায়ু আকর্ষণ করিয়া তদ্দ্বারা যথাশক্তি উদর পূর্ণ করিবে। পরে শরীরের অবিরোধে যথাশক্তি কুম্ভক করিয়া পশ্চাৎ ধীরে ধীরে ঐ বায়ু পরিত্যাগ করিবে। ইহাকেই পদ্মাসন কহে। প্রমাণ যথা—

উত্তানৌ চরণৌ কৃত্বা উরুসংস্থৌ প্রযত্নতঃ। উরুমধ্যে তথোত্তানৌ পাণী কৃত্বা তু তাদৃশৌ।

নাসাগ্রে বিন্যসেৎ দৃষ্টিং দন্তমূলঞ্চ জিহ্বয়া। উত্তভ্য চিবুকং বক্ষ উত্থাপ্য পবনং শনৈঃ।

যথাশক্ত্যা সমাকৃষ্য পূরয়েদুদরং শনৈঃ। যথাশক্ত্যা ততঃ পশ্চাৎ রেচয়েদবিরোধতঃ।

ইদং পদ্মাসনং প্রোক্তং সর্ব্বব্যাধিবিনাশনং॥

স্বস্তিকাসন।—উভয় জানুদেশ ও উভয় উরুদেশের মধ্যস্থলে উভয় পদতল স্থাপন পূর্ব্বক সরলশরীর হইয়া সুখে উপবেশন করিবে, ইহারই নাম স্বস্তিকাসন। যথা—

জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। সমকায়ঃ সুখাসীনঃ স্বস্তিকং তৎ প্রচক্ষতে॥

অন্যত্র চ।—

কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্ম কৌষেয়ং বেত্রনির্ম্মিতং। বস্ত্রাজিনং কম্বলংবা কল্পয়েদাসনং মৃদু ॥ ১৬ ॥

অথ বিশেষতঃ আসনদোষগুণৌ।

নারদপঞ্চরাত্রে।—

বংশাদাহুর্দরিদ্রত্বং পাষাণে ব্যাধিসম্ভবং। ধরণ্যাং দুঃখসম্ভূতিং দৌর্ভাগ্যং দারবাসনে।

তৃণাসনে যশোহানিং পল্লবে চিত্তবিভ্রমং। দর্ভাসনে ব্যাধিনাশং কম্বলং দুঃখমোচনং ॥

কিঞ্চ শ্রীভগবদ্গীতাসু।—

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ। নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরং॥ইতি॥১৭॥

যথোক্তমুপবিশ্যাথ সংপ্রদায়ানুসারতঃ। শঙ্খাদিপূজাসম্ভারান্ ন্যস্যেত্তত্তৎপদেষু তান্ ॥ ১৮ ॥

তত্র পাত্রাসাদনং।

স্বস্য বামাগ্রতঃ শঙ্খং সাধারং স্থাপয়েদ্বুধঃ। তত্রৈবার্ঘ্যাদিপাত্রাণি ন্যস্যেচ্চ দ্বারি ভাগশঃ ॥

তুলসীগন্ধপুষ্পাদিভাজনানি চ দক্ষিণে। বামে চ স্থাপয়েৎ পার্শ্বে কলসং পূর্ণমম্ভসা।

দক্ষিণে ঘৃতদীপঞ্চ তৈলদীপঞ্চ বামতঃ। সম্ভারানপরান্ন্যস্যেৎ স্বদৃষ্টিবিষয়ে পদে।

করপ্রক্ষালনার্থঞ্চ পাত্রমেকং স্বপৃষ্ঠতঃ ॥

বহুক্তেঃ ॥১৪॥১৫॥ কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্মেত্যাদিনা আসনাদৌ মতভেদ আশ্রমাদিভেদেন। তত্র বহূনাং যন্মতং তদেব স্বসংপ্রদায়ানুসারেণ গ্রাহ্যমিতি দিক্ ॥ ১৬ ॥

চৈলাজিনকুশোত্তরমিতি প্রথমং প্রাগগ্রকুশাস্তদুপরি কৃষ্ণাজিনং তদুপরি চীরমিত্যর্থঃ ॥ ১৭॥ সম্প্রদায়ানুসারত ইতি বিবিধমতভেদাভিপ্রায়েণ। তত্তৎ-পদেষু তেষাস্তেষামুচিত-স্থানেষু তান্ প্রসিদ্ধান্ অগ্রে লেখ্যান্ বা ॥ ১৮॥

তদেব বিবিচ্য লিখতি স্বস্যেতি সার্দ্ধত্রয়েণ। আধারঃ শঙ্খস্যাশ্রয়স্তৎসহিতং। তত্র স্ববামাগ্রে এব।

অতঃপর বিবিধ আসন।—নারদপঞ্চরাত্রে লিখিত আছে, বংশ, পাষাণ, কাষ্ঠ, মৃত্তিকা, কুশ ব্যতীত অন্য তৃণ এবং পত্ররচিত আসন দারিদ্র্য, ব্যাধি ও দুঃখ প্রদান করে; সুতরাং বিচক্ষণ ব্যক্তি এই সমস্ত আসন বর্জ্জন করিবেন। কৃষ্ণসার মৃগচর্ম্ম এবং কম্বল ব্যতীত অপর আসন গ্রহণ কর্ত্তব্য নহে। ১৫। অন্যত্রও লিখিত আছে, কৃষ্ণসার-মৃগচর্ম্ম, ব্যাঘ্রচর্ম্ম, পট্টবসন, বেত্র কিংবা কম্বল এই সকল দ্রব্য দ্বারা মৃদু আসন নির্ম্মাণ করিবে। ১৬।

অতঃপর ঘণ্টামাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি স্নান ও পূজাক্রিয়াকালে হরির সম্মুখে ঘণ্টাবাদন করেন, তদীয় পুণ্যফল অবধান কর। সেই ব্যক্তি সহস্রকোটি বর্ষ সুরপুরে অবস্থিতি করেন, সেই স্থানে অপ্সরোগণ তদীয় সেবা করিয়া থাকে। ঘণ্টা সর্ব্ববাদ্যময়ী, উহা কেশবের নিরন্তর প্রিয়তমা। ঘণ্টাবাদ্য করিলে কোটি যজ্ঞানুষ্ঠানের পুণ্যসঞ্চার হইয়া থাকে। যিনি বাদিত্রশব্দ, তূর্য্যধ্বনি, সংগীত ও মঙ্গলশব্দ সহকারে হরিকে স্নান করান, তিনি জীবন্মুক্ত হন সন্দেহ নাই। বাদ্যযন্ত্রের অভাব হইলে মনুষ্যগণ নিরন্তর অর্চ্চনাকালে ঘণ্টাবাদন করিবে; কেননা, উহা সর্ব্ব-বাদ্যময়ী। ঘণ্টা সর্ব্ববাদ্যময়ী ও দেবদেব হরির প্রিয়। এই হেতু যত্ন সহকারে ঘণ্টাবাদন করা কর্ত্তব্য। ঘণ্টার রবে দেবদেবেশ্বর হরি শতমন্বন্তর ও সহস্রমন্বন্তর যাবৎ প্রীত থাকেন। বিষ্ণুধর্ম্মোত্তরে ভগবৎ-প্রহ্লাদসংবাদে লিখিত আছে যে, হে দৈত্যপ্রবর! ঘণ্টার মাহাত্ম্যাধিক্য বলি, অবধান কর। হে প্রহ্লাদ! ত্রিলোকীতলে ত্বৎসদৃশ মদ্ভক্ত আর কেহ নাই। হে দৈত্যনন্দন! বৈষ্ণবালয়ে মৎপুরোভাগে সংস্থাপিত মদীয় নামাঙ্কিত ঘণ্টার অর্চ্চনা হইলে আমি তথায় অধিষ্ঠিত থাকি জানিবে। ঘণ্টাতে গরুড়চিহ্ন বা সুদর্শনচিহ্ন

মমাগ্রে প্রত্যহং বৎস প্রত্যেকং লভতে ফলং। মখাযুতং গোঽযুতঞ্চ চান্দ্রায়ণশতোদ্ভবং ॥
বিধিবাহ্যকৃতা পূজা সফলা জায়তে নৃণাং। ঘণ্টানাদেন তুষ্টোঽহং প্রযচ্ছামি স্বকং পদং ॥
নাগারি-চিহ্নিতা ঘণ্টা রথাঙ্গেন সমন্বিতা। বাদনাৎ কুরুতে নাশং জন্ম-মৃত্যুভয়স্য চ ॥৬৫॥
গরুড়েনাঙ্কিতাং ঘণ্টাং দৃষ্ট্বাহং প্রত্যহং সদা। প্রীতিং করোতি দৈতেন্দ্র লক্ষ্মীং প্রাপ্য যথাঽধনঃ ॥
দৃষ্ট্বামৃতং যথা দেবাঃ প্রীতিং কুর্ব্বন্ত্যহর্নিশং। সুপর্ণে চ তথা প্রীতিং ঘণ্টাশিখরসংস্থিতে ॥৬৭॥
স্বকরেণ প্রকুর্ব্বন্তি ঘণ্টানাদং স্বভক্তিতঃ। মদীয়ার্চ্চনকালে তু ফলং কোট্যৈন্দবং কলৌ ॥ ৬৮ ॥

অন্যত্র চ।—

ঘণ্টাদণ্ডস্য শিখরে সচক্রং স্থাপয়েত্তু যঃ। গরুড়ং বৈ প্রিয়ং বিষ্ণোঃ স্থাপিতং ভুবনত্রয়ং ॥
সচক্রঘণ্টানাদন্তু মৃত্যুকালে শৃণোতি যঃ। পাপকোটিযুতস্যাপি নশ্যন্তি যমকিঙ্করাঃ ॥
সর্ব্বে দোষাঃ প্রলীয়ন্তে ঘণ্টানাদে কৃতে হরৌ। দেবতানাং মুনীন্দ্রাণাং পিতৃণামুৎসবো ভবেৎ ॥
অভাবে বৈনতেয়স্য চক্রস্যাপি ন সংশয়ঃ। ঘণ্টানাদেন ভক্তানাং প্রসাদং কুরুতে হরিঃ ॥
গৃহে যস্মিন্ ভবেন্নিত্যং ঘণ্টা নাগারিসংযুতা। ন সর্পাণাং তত্র ভয়ং নাগ্নিবিদ্যুৎসমুদ্ভবং ॥
যস্য ঘণ্টা গৃহে নাস্তি শঙ্খশ্চ পুরতো হরেঃ। কথং ভাগবতং নাম গীয়তে তস্য দেহিনঃ ॥

গোঽযুতং গবাযুতং গবামযুতস্য দানজং ফলমিত্যর্থঃ ॥ ৬৫ ॥ অধনো দরিদ্রঃ যথা লক্ষ্মীং ধন-সম্পত্তিং প্রাপ্য প্রীতিং করোতি তদ্বৎ ॥ ৬৬ ॥ ঘণ্টায়াঃ শিখরমগ্রং তত্র সম্যক্ স্থিতে সতি। প্রীতিং করোমীতি শেষঃ। প্রীয়ে ইতি বা পাঠঃ। সুপর্ণৈমীতি পাঠে এমি প্রাপ্নোমি। পুনঃ সন্ধিরার্ষঃ ॥ ৬৭ ॥ ঐন্দবং চান্দ্রায়ণং তৎ কোটিসমুদ্ভবং ফলমিত্যর্থঃ। দীনারকোটিজমিতি পাঠে

থাকিলে যে ব্যক্তি সেই ঘণ্টা মৎপুরোভাগে স্থাপন করে, আমি তদীয় শরীরে অবস্থিতি করি।৬৪। হে বৎস! যিনি প্রত্যহ ধূপ, নীরাজন, স্নান, অর্চ্চনা ও বিলেপনসময়ে মৎপুরোভাগে গরুড়চিহ্নিত ঘণ্টা বাদন করেন, তিনি প্রতি কর্ম্মে দশসহস্র যজ্ঞের, দশসহস্র ধেনুদানের ও শতচান্দ্রায়ণব্রতের ফল লাভ করেন। যে কোন অর্চ্চনাই হউক না কেন, মানবগণ যদি সম্যক্‌রূপে তাহা সম্পন্ন করিতে না পারে, তবে ঘণ্টাবাদন দ্বারা সমস্তই সুসিদ্ধ হয়, আমি ঐ বাদ্যে প্রীত হইয়া স্বীয় ধাম অর্পণ করিয়া থাকি। গরুড়চিহ্নিত অথবা চক্রচিহ্নিত ঘণ্টা বাদন করিলে জন্মভয় ও মরণভয় বিদূরিত হয়।৬৫। হে দৈত্যপ্রবর! যেরূপ দরিদ্র ব্যক্তি সম্পত্তি প্রাপ্ত হইলে পুলকিত হয়, তদ্রূপ আমি প্রতিদিন গরুড়চিহ্নিত ঘণ্টা দর্শন করিলেই পরিতুষ্ট হইয়া থাকি।৬৬। সুধাদর্শনে যেরূপ সুরগণ দিবানিশি সন্তুষ্ট থাকেন, ঘণ্টার উপরিভাগে গরুড়মূর্ত্তি দেখিলেও আমি তদ্রূপ সন্তোষ প্রাপ্ত হই।৬৭। কলিযুগে আমার অর্চ্চনাকালে ভক্তিসহকারে স্বকরে ঘণ্টাবাদন করিলে কোটি চান্দ্রায়ণের ফল প্রাপ্ত হওয়া যায়।৬৮। অন্যত্রও লিখিত আছে যে, ঘণ্টাদণ্ডের অগ্রদেশে হরির প্রিয়চক্র ও গরুড় সংস্থাপিত হইলে সেই স্থাপনকর্ত্তা দ্বারা ত্রিলোক স্থাপিত হয়। মরণসময়ে যিনি চক্রচিহ্নিত ঘণ্টার ধ্বনি শ্রবণ করেন, কোটি পাপে পাতকী হইলেও শমনদূত তৎসকাশে আগমন না করিয়া পলায়িত হয়। বিষ্ণুর অর্চ্চনায় ঘণ্টাশব্দ করিলে দোষরাশি বিদূরিত হয় এবং দেবতা,

অতো ভগবতঃ প্রীত্যৈ ঘণ্টা শ্রীগরুড়ান্বিতা। সংগৃহ্য বৈষ্ণবৈর্বত্নাচ্চক্রেণোপরিমণ্ডিতা॥

স্নানে শঙ্খাদিবাদ্যন্তু নামসংকীর্ত্তনং হরেঃ। গীতং নৃত্যং পুরাণাদি-পঠনঞ্চ প্রশস্যতে॥ ৬৯॥

স্কন্দপুরাণে।—

স্নানকালে তু কৃষ্ণস্য শঙ্খাদীনান্তু বাদনং। কুরুতে ব্রহ্মলোকে তু বসতে ব্রহ্মবাসরং॥

স্নানকালে তু সংপ্রাপ্তে কৃষ্ণস্যাগ্রে তু নর্ত্তনং। গীতঞ্চৈব পুনাত্যত্র ঋচোক্তং বদনেন হি॥৭০॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

মৃদঙ্গবাদ্যেন যুতং পণবেন সমন্বিতং। অর্চ্চনং বাসুদেবস্য সনৃত্যং মোক্ষদং নৃণাং॥

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ তথা পুস্তকবাচনং। পূজাকালে তু কৃষ্ণস্য সর্ব্বদা কেশবপ্রিয়ং॥

নৃত্যবাদ্যাদ্যভাবে তু কুর্য্যাৎ পুস্তকবাচনং। পূজাকালে ত্বিদং পুত্র সর্ব্বদা প্রীতিদায়কং॥

পুস্তকস্যাপ্যভাবে তু বিষ্ণুনামসহস্রকং। স্তবরাজং মুনিশ্রেষ্ঠ গজেন্দ্রস্য চ মোক্ষণং॥

পূজাকালে তু দেবস্য গীতাস্তোত্রমনুস্মৃতিঃ। পঞ্চস্তবা মহাভাগ মহাপ্রীতিকরা হরেঃ॥

বিহায় গীতবাদ্যানি পূজাকালে সদা হরেঃ। পঠনীয়ং মহাভক্ত্যা বিষ্ণোর্নামসহস্রকং॥৭১॥

দীনারং সুবর্ণমুদ্রাবিশেষঃ তৎকোটিদানজং॥৬৮॥ নশ্যন্তি অদৃশ্যা ভবন্তি পলায়ন্ত ইত্যর্থঃ॥ ৬৯॥

পুনাতীতি নর্ত্তনাদি নর্ত্তৃন্। ঋচোক্তং বদনেন হীতি ঋগ্বেদেন স্বমুখেন সাক্ষাদয়মর্থঃ সাধিত ইত্যর্থঃ। যদ্বা। অত্র পাবনে যৎ ফলং তদৃচৈবোক্তং নান্যস্য বদনে প্রভবতীত্যর্থঃ॥ ৭০॥

অর্চ্চনমিত্যনেন পূজাকালে ত্বিত্যাদিনা চ যদ্যপি পূজায়াং সর্ব্বোপচারেষু সর্ব্বদৈব বাদ্যাদিকং

মুনীন্দ্র ও পিতৃগণের সন্তোষ জন্মে। গরুড়চিহ্নিত ও চক্রচিহ্নিত ঘণ্টার অভাবে অন্য ঘণ্টা বাদন করিলে প্রভু ভক্তের উপরি প্রীত থাকেন সন্দেহ নাই। যে গৃহে নিরন্তর গরুড়চিহ্নে অঙ্কিত ঘণ্টা বিরাজ করে, তথায় সর্পভয় বিদ্যমান থাকে না এবং অগ্নি বা বিদ্যুদ্ভয়েরও সম্ভাবনা নাই। যে ব্যক্তির গৃহে হরির পুরোভাগে শঙ্খ ও ঘণ্টা না থাকে, সেই ব্যক্তিকে কিরূপে ভগবদ্ভক্তিপরায়ণ বলিয়া বর্ণন করা যাইতে পারে? সুতরাং বৈষ্ণববর্গ ভগবানের সন্তোষার্থ গরুড় ও চক্রচিহ্নে অঙ্কিত ঘণ্টা গ্রহণ করিবেন। কেশবের স্নানসময়ে শঙ্খবাদ্য, নামকীর্ত্তন, সংগীত, নৃত্য ও পুরাণাদি পাঠ এই সমস্তের বিশেষ প্রশংসা করা যাইতেছে। ৬৮।

অনন্তর স্নানকালীন বাদ্যাদিমাহাত্ম্য।—স্কন্দপুরাণে লিখিত আছে যে, যিনি শ্রীহরির স্নানসময়ে শঙ্খাদি বাদন করেন, ব্রহ্মার একদিবসপ্রমিত কাল তাঁহার ব্রহ্মপুরে অধিষ্ঠান হয়। ঋগ বেদ স্বমুখে প্রকাশ করিয়াছেন যে, স্নানসময়ে হরির পুরোভাগে নৃত্য ও সংগীত বিশুদ্ধ করে। ৭০। ঐ স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদসংবাদে লিখিত আছে যে, মৃদঙ্গ ও পণববাদ্য সহ নৃত্য করত হরির পূজা করিলে সেই পূজা মানবগণের পক্ষে মুক্তিদায়িনী হয়। শ্রীহরির পূজাসময়ে সংগীত, বাদ্য, নৃত্য ও পুস্তকবাচন এই সমস্ত সর্ব্বদা হরির প্রীতিকর। নৃত্য ও বাদ্যের অভাবে পুস্তক-বাচন কর্ত্তব্য। হে বৎস! অর্চ্চনাকালে উহা নিরন্তর প্রীতিজনক হইয়া থাকে। হে তাপসপ্রবর! শ্রীহরির অর্চ্চনা-সময়ে যদি পুস্তকের অভাব হয়, তাহা হইলে বিষ্ণুর সহস্রনাম, স্তবরাজ, গজেন্দ্রমোক্ষণ, গীতাস্তোত্র ও অনুস্মৃতি এই পাঁচটী স্তব প্রভুর অতীব প্রীতিপদ। হরির

দ্বারকামাহাত্ম্যে।—

স্নানকালে তু কৃষ্ণস্য জয়শব্দং করোতি যঃ। করতাড়নসংযুক্তং গীতং নৃত্যং প্রকুর্ব্বতে॥
উন্মত্তচেষ্টাং কুর্ব্বাণো হসন্ জল্পন্ যথেচ্ছয়া। নোত্তানশায়ী ভবতি মাতুরঙ্কে নরেশ্বর ॥৭২॥

অথ সহস্রনামমাহাত্ম্যং।

তত্রৈব।—স্নানকালে তু দেবস্য পঠেন্নামসহস্রকং।
প্রত্যক্ষরং লভেৎ পুণ্যং কপিলাগোশতোদ্ভবং॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

কৃত্বা নামসহস্রেণ স্তুতিং তস্য মহাত্মনঃ। বিয়োগমাপ্নোতি নরঃ সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

বিষ্ণোর্নামসহস্রন্তু পূজাকালে পঠন্তি যে। বেদানাঞ্চৈব পুণ্যানাং ফলমাপ্নোতি মানবঃ॥
শ্লোকেনৈকেন দেবর্ষে সহস্রনামকস্য যৎ। পঠিতেন ফলং প্রোক্তং ন তৎ ক্রতুশতৈরপি॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎ কৃতং পূজনং হরেঃ। পরিপূর্ণং ভবেৎ সর্ব্বং সহস্রনামকীর্ত্তনাৎ॥

কিঞ্চ।—জ্ঞানাজ্ঞানকৃতং পাপং পঠিত্বা বিষ্ণুসন্নিধৌ।
নাম্নাং সহস্রং বিষ্ণোস্তু প্রজহাতি মহারুজং॥

ব্রহ্মহত্যাদি-পাপানি কামচারকৃতান্যপি। বিলয়ং যান্তি বৈ নূনমন্যপাপে তু কা কথা॥
সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি মনসা চিন্তিতানি চ। যঃ পঠেৎ প্রাতরুত্থায় বিষ্ণোর্নামসহস্রকং॥

বিহিতং তথাপ্যত্র মুখ্যোপচারে স্নানে স্নানকালে ত্বিদ্যাদিবচনসঙ্গত্যা প্রাগ্‌লিখিতং। এবমগ্রেঽপি॥ ৭১॥ মাতুরঙ্কে উত্তানশায়ী ন ভবতি মুক্তো ভবতীত্যর্থঃ॥ ৭২॥

অর্চ্চনাসময়ে গীত ও বাদ্য পরিত্যাগপূর্ব্বক মহতী ভক্তির সহিত নিরন্তর সহস্র নাম কীর্ত্তন করিবে। ৭১। দ্বারকামাহাত্ম্যে লিখিত আছে যে, হে নৃপতে! যিনি শ্রীহরির স্নানসময়ে জয় শব্দ উচ্চারণ করেন, করতালি বাদ্য করিয়া নৃত্যগীত করেন এবং উন্মত্তবৎ যথেচ্ছ হাস্য করেন ও বাক্য উচ্চারণ করেন, তাঁহাকে পুনরায় জননীর অঙ্কে উত্তানশায়ী হইতে হয় না। ৭২।

অনন্তর সহস্রনামমাহাত্ম্য।—ঐ গ্রন্থেই লিখিত আছে যে, শ্রীহরির স্নানসময়ে সহস্রনাম কীর্ত্তন করিলে প্রতি বর্ণে শতসংখ্য কামধেনু দানের ফলপ্রাপ্তি হইয়া থাকে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, মানব সহস্র নাম দ্বারা সেই মহাত্মার স্তুতিবাদ করিলে সর্ব্ববিধ অনর্থ হইতে উদ্ধার পাইতে পারে সন্দেহ নাই। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি অর্চ্চনা-সময়ে হরির নাম কীর্ত্তন করেন, তিনি নিখিল বেদাধ্যয়নের পুণ্য প্রাপ্ত হন। হে দেবর্ষে সহস্রনামের একটীমাত্র শ্লোক অধ্যয়ন করিলে যে ফল হয়, শতযজ্ঞানুষ্ঠানেও তাহা লাভের সম্ভাবনা নাই, এইরূপ প্রসিদ্ধি আছে। শ্রীবিষ্ণুর যে কোন অর্চ্চনা মন্ত্ররহিত বা ক্রিয়ারহিত হয়, সহস্রনাম পাঠ দ্বারা তৎসমস্ত সফল হইয়া থাকে। আরও লিখিত আছে যে, হরির পুরোভাগে বিষ্ণুর সহস্রনাম কীর্ত্তন করিলে জ্ঞানাজ্ঞানকৃত পাতক ও মহারোগ বিদূরিত হইয়া যায়, কামকৃত ব্রহ্মবধাদি পাতকপুঞ্জও নিঃসন্দেহ বিনিষ্ট হয়; সুতরাং অপর পাতকের কথা আর

তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে।—

অধীতাস্তেন বৈ বেদাঃ সুরাঃ সর্ব্বে সমর্চ্চিতাঃ। নাম্নাং সহস্রং যোঽধীতে মুক্তিস্তস্য করে স্থিতা॥
কুর্ব্বন্ পাপসহস্রাণি ভুঞ্জানোঽপি যতস্ততঃ। পঠেন্নামসহস্রন্তু দুর্গন্ধং ন স পশ্যতি॥
মুক্ত্বা নামসহস্রন্তু নান্যো ধর্ম্মোঽস্তি কশ্চন। কলৌ প্রাপ্তে গুড়াকেশ সত্যমেতন্ময়েরিতং॥
যজ্ঞৈর্দানৈস্তপোভিশ্চ স্তবৈঃ প্রীতির্ন মেঽর্জ্জুন। সন্তুষ্টিস্তু ন চান্যেন বিনা নামসহস্রকং॥
স্তবং নামসহস্রাখ্যং যে ন জানন্তি বৈ কলৌ। ভ্রমন্তি তে নরা লোকে সর্ব্বধর্ম্মবহিষ্কৃতাঃ॥
স্তবং নামসহস্রাখ্যং লিখিতং যস্য বেশ্মনি। পূজ্যতে মম সান্নিধ্যে পূজাং গৃহ্লামি তস্য বৈ॥
যস্মিন্নামসহস্রং মে গৃহে তিষ্ঠতি সর্ব্বদা। লিখিতং পাণ্ডবশ্রেষ্ঠ তত্র নো বিশতে কলিঃ॥
তস্মাত্ত্বমপি কৌন্তেয় মদ্ভক্তো মন্মনা ভব। পঠন্নামসহস্রং মে সর্ব্বান্ কামানবাপ্স্যসি॥
অহমারাধিতঃ পূর্ব্বং ব্রহ্মণা লোককর্ত্তৃণা। ততো নামসহস্রং মে প্রাপ্তং লোকহিতং পরং॥
নারদেন ততঃ পূর্ব্বং প্রাপ্তঞ্চ পরমেষ্ঠিনঃ। নারদেন ততঃ প্রোক্তমৃষীণামূর্দ্ধরেতসাং॥
ঋষিভিস্তু মহাবাহো দেবলোকে প্রকাশিতং।
মর্ত্ত্যলোকে মনুষ্যাণাং ব্যাসেন পরিভাষিতং॥ ৭৩॥

মানবঃ প্রাপ্নোতি অন্তে মানবাঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। স্তবং লিখিতমিতি নপুংসকত্বমার্ষং॥ ৭৩॥

কি বলিব? যে ব্যক্তি প্রভাতে গাত্রোত্থান পূর্ব্বক সহস্র নাম কীর্ত্তন করেন, তিনি চিত্তমধ্যে যে সমস্ত কার্য্যের চিন্তা করেন, তাঁহার তত্তৎকার্য্য সুসিদ্ধ হইয়া থাকে। স্কন্দপুরাণে কৃষ্ণার্জ্জুন সংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি সহস্রনাম পাঠ করেন, তিনি নিখিল বেদ অধ্যয়ন করিলেন, সমস্ত দেবতার পূজা করিলেন এবং মোক্ষ তদীয় করগত হইল। নিরন্তর পাপাচারী ও যথেচ্ছ-ভোজনকারী ব্যক্তিও সহস্রনাম পাঠের ফলে নরকদর্শন হইতে মুক্তি পায়। হে অর্জ্জুন! আমি সত্যই কহিতেছি, কলিযুগ উপস্থিত হইলে সহস্রনাম কীর্ত্তন করিবে, অন্য ধর্ম্মের আচরণ না করিলেও ক্ষতি নাই। হে অর্জ্জুন! সহস্রনাম ভিন্ন কি যজ্ঞ, কি দান, কি তপঃ, কি স্তব কিছুতেই আমার প্রীতি বা সন্তুষ্টি সঞ্চার হয় না। কলিযুগে যে সমস্ত মানব সহস্রনাম অপরিজ্ঞাত থাকে, তাহাদিগকে সর্ব্বধর্ম্মবহিষ্কৃত হইয়া সংসারে বিচরণ করিতে হয়। যে ব্যক্তির আলয়ে সহস্রনাম লিখিয়া মৎ-পুরোভাগে অর্চ্চনা করা হয়, আমি তদীয় সেই পূজা গ্রহণ করিয়া থাকি। হে পাণ্ডবসত্তম! যে গৃহে মদীয় সহস্রনাম লিপিবদ্ধ হইয়া নিরন্তর বিরাজিত থাকে, তথায় কলি প্রবিষ্ট হইতে সমর্থ হয় না। অতএব হে কুন্তীসুত! তুমিও মদ্ভক্ত হইয়া আমাতে চিত্ত সন্নিবেশ পূর্ব্বক সহস্রনাম অধ্যয়ন কর, এইরূপ করিলেই তোমার সমস্ত, অভীষ্ট সুসিদ্ধ হইবে। পুরাকালে লোককর্ত্তা বিধি মদীয় উপাসনা করাতেই সর্ব্বজণকল্যাণকর সর্ব্বোত্তম মন্নামসহস্র প্রাপ্ত হইয়াছিলেন। তৎপরে নারদ বিধিসকাশে প্রাপ্ত হইয়া ঊর্দ্ধরেতাঃ তাপসগণের নিকট কীর্ত্তন করেন। হে মহাবাহো! মুনিগণ আবার সুরলোকে প্রকাশ করেন। বেদব্যাস মর্ত্ত্যলোকে মানবগণের নিকট কীর্ত্তন করিয়াছেন। ৭৩। মহাদেব দুষ্কর তপস্যাচরণ করিয়া মদীয় অনুগ্রহে অতীব গুপ্ত এই সহস্র নাম স্তব লাভ করিয়াছিলেন। তিনি

তপসোগ্রেণ মহতা শঙ্করেণ মহাত্মনা। মৎপ্রসাদাদনুপ্রাপ্তং গুহ্যানামুত্তমোত্তমং ॥
দত্তং ভবান্যৈ রুদ্রেণ নাম্নাং মে হি সহস্রকং। বিশ্রুতং ত্রিষু লোকেষু ময়া তে পরিকীর্ত্তিতং ॥
অশেষার্ত্তিহরং পার্থ মম নামসহস্রকং। সদ্যঃ প্রীতিকরং পুণ্যং সুরাণামমৃতং যথা ॥
অষ্টাদশপুরাণানাং সারমেতদ্ধনঞ্জয়। ময়োদ্ধৃত্য সমাখ্যাতং তব নামসহস্রকং ॥
সহস্রনামমাহাত্ম্যং দেবো জানাতি শঙ্করঃ। সহস্রনামমাহাত্ম্যং যঃ পঠেৎ শৃণুয়াদপি ॥
অপরাধসহস্রৈস্তু ন স লিপ্যেৎ কদাচন ॥ ৭৪ ॥

অথ শ্রীভগবদ্গীতামাহাত্ম্যং।

স্কান্দে অবন্তীখণ্ডে শ্রীব্যাসোক্তৌ।—

গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতা ॥
সর্ব্বশাস্ত্রময়ী গীতা সর্ব্বদেবময়ী যতঃ। সর্ব্বধর্ম্মময়ী যস্মাত্তস্মাদেতাং সমভ্যসেৎ।
শালগ্রামশিলাগ্রে তু গীতাধ্যায়ং পঠেত্তু যঃ। মন্বন্তরসহস্রাণি বসতে ব্রহ্মণঃ পুরে।
হত্বা হত্বা জগৎ সর্ব্বং মুষিত্বা সচরাচরং। পাপৈর্ন লিপ্যতে চৈব গীতাধ্যায়ী কথঞ্চন।
তেনেষ্টং ক্রতুভিঃ সর্ব্বৈর্দত্তং তেন গবাযুতং ॥৭৫॥ গীতামভ্যস্যতা নিত্যং তেনাপ্তং পদমব্যয়ং ॥৭৬॥
গীতাধ্যায়ং পঠেদ্যস্তু শ্লোকং শ্লোকার্দ্ধমেব বা। ভবপাপবিনির্ম্মুক্তো যাতি বিষ্ণোঃ পরং পদং ॥৭৭॥

লঘুসহস্রনামমাহাত্ম্যমুক্ত্বা বৃহৎসহস্রনামমাহাত্ম্যং বক্ষ্যন্নাদৌ তৎপ্রবৃত্তিক্রমমাহ তপসেতি দ্বাভ্যাং ॥ ৭৪ ॥

সুগীতা কর্ত্তব্যা শোভনপ্রকারেণ গেয়েত্যর্থঃ ॥ ৭৫ ॥ নিত্যমভ্যস্যতা যেন স্থিতমিতি শেষঃ। যদ্বা। তেন হননাদিকর্ত্রাপি গীতামভ্যস্যতা ইষ্টং দত্তং পরমং পদঞ্চ প্রাপ্তমিত্যর্থঃ ॥ ৭৬ ॥ ভবঃ

ভবানীকে ইহা প্রদান করেন, এই প্রকারে মদীয় সহস্রনাম ত্রিভুবনমধ্যে প্রসিদ্ধ হইয়াছে, আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম। হে অর্জ্জুন! সুধা যেমন সুরগণের, তদ্রূপ মদীয় নাম-সহস্র প্রাণীর অশেষ যন্ত্রণা দূর করে এবং আশু প্রীতিসাধন করিয়া থাকে। হে ধনঞ্জয়! এই সহস্রনাম অষ্টাদশ পুরাণের মধ্যে সার, আমি ইহা উদ্ধৃত করত তোমার নিকট কীর্ত্তন করিলাম, এই সহস্রনামের মাহাত্ম্য মহেশ্বর অবগত আছেন। যে ব্যক্তি সহস্রনামের মাহাত্ম্য অধ্যয়ন ও শ্রবণ করেন, সহস্র অপরাধ করিলেও তিনি সেই সমস্ত পাপে কদাচ লিপ্ত হন না। ৭৪।

অনন্তর ভগবদ্গীতামাহাত্ম্য।—স্কন্দপুরাণে অবন্তীখণ্ডে ব্যাসবাক্যে বর্ণিত আছে যে, যে গীতা সাক্ষাৎ কমলনাভ হরির বদনপদ্ম হইতে বিনিষ্ক্রান্তা হইয়াছেন, তাহা সম্যক্‌রূপে অধ্য-য়ন করিবে; অপরাপর নানাশাস্ত্রে কি আবশ্যক? গীতা সর্ব্বশাস্ত্রময়ী, সর্ব্ববেদময়ী ও সর্ব্বধর্ম্ম-ময়ী; সুতরাং উহা অভ্যাস করা কর্ত্তব্য। যে ব্যক্তি শালগ্রামশিলার পুরোভাগে গীতাধ্যায় অধ্যয়ন করেন, সহস্রমন্বন্তর যাবৎ তিনি ব্রহ্মপুরে নিবসতি করিয়া থাকেন। যদি কেহ পুনঃ পুনঃ সচরাচর বিশ্ব ধ্বংস অথবা চুরি করে, গীতা অধ্যয়ন করিলে সে ব্যক্তিও পাতকে পরিলিপ্ত হয় না; সে সর্ব্বযজ্ঞ ও দশসহস্র গোদানের ফল লাভ করে। ৭৫। যে ব্যক্তি প্রত্যহ গীতা অভ্যাস করেন, তিনি অক্ষয়পদভাগী হন। ৭৬। গীতাধ্যায়ের একটী অথবা অর্দ্ধ শ্লোক

যো নিত্যং বিশ্বরূপাখ্যমধ্যায়ং পঠতি দ্বিজঃ। বিভূতিং দেবদেবস্য তস্য পুণ্যং বদাম্যহং ॥ ৭৮॥
বেদৈরধীতৈর্যৎ পুণ্যং সেতিহাসৈঃ পুরাতনৈঃ। শ্লোকেনৈকেন তৎ পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ॥
আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগত্তৃপ্তিং করোতি সঃ। বিশ্বরূপং সদাধ্যায়ং বিভূতিঞ্চ পঠেত্তু যঃ ॥ ৭৯ ॥
অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ং পঠেত্তু বৈ। দ্বাত্রিংশদপরাধাংস্তু ক্ষমতে তস্য কেশবঃ ॥ ৮০ ॥
লিখিত্বা বৈষ্ণবানাঞ্চ গীতাশাস্ত্রং প্রযচ্ছতি। দিনে দিনে চ যজতে হরিং চাত্র ন সংশয়ঃ ॥
চতুর্ণামেব বেদানাং সারমুদ্ধৃত্য বিষ্ণুনা। ত্রৈলোক্যস্যোপকারায় গীতাশাস্ত্রং প্রকাশিতং ॥ ৮১॥
ভারতামৃতসর্ব্বস্বং বিষ্ণোর্বক্ত্রাদ্বিনিঃসৃতং। গীতা-গঙ্গোদকং পীত্বা পুনর্জন্ম ন বিদ্যতে ॥
ধর্ম্মং চার্থঞ্চ কামঞ্চ মোক্ষঞ্চাপীচ্ছতা সদা। শ্রোতব্যা পঠনীয়া চ গীতা কৃষ্ণমুখোদ্গতা ॥

যো নরঃ পঠতে নিত্যং গীতাশাস্ত্রং দিনে দিনে।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো যাতি বিষ্ণোঃ পরং পদং ॥ ৮২ ॥

অথ পুরাণপাঠাদিমাহাত্ম্যং।

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—
বিচারয়ন্তি যে শাস্ত্রং বেদাভ্যাসরতাশ্চ যে। পুরাণসংহিতাং যে চ শ্রাবয়ন্তি পঠন্তি চ।
ব্যাকুর্ব্বন্তি স্মৃতিং যে চ যে ধর্ম্মপ্রতিবোধকাঃ। বেদান্তেষু নিষণ্ণা যে তৈরিয়ং জগতী ধৃতা।
তত্তদভ্যাসমাহাত্ম্যৈঃ সর্ব্বে তে হতকিল্বিষাঃ। গচ্ছন্তি ব্রহ্মণো লোকং যত্র মোহো ন বিদ্যতে ॥
তত্রৈব শ্রীশিবোমাসংবাদে।—
অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি। পুংসোঽশ্রুতপুরাণস্য ন সম্যগ্গতিদর্শনং।

সংসার এব পাপং তেন বিনির্ম্মুক্তঃ সন্ ॥ ৭৭ ॥ বিভূতিং চাধ্যায়ং ॥ ৭৮ ॥ পুরাতনৈশ্চ পুরাণৈঃ ॥ ৭৯ দ্বাত্রিংশদপরাধান্ বারাহোক্তান্ অগ্রে লেখ্যান্ ॥ ৮০ ॥ বৈষ্ণবানাং. বৈষ্ণবেভ্যঃ ॥৮১॥ গীতৈব গঙ্গোদকং পাপাদিহারিত্বাৎ ভুক্তিমুক্তিপ্রদত্বাচ্চ, তৎ পীত্বা স্থিতস্য প্রসিদ্ধগঙ্গোদকাদ্বিশেষমাহ। ভারতমেবামৃতং বহিরন্তঃশোধনং বেদার্ণবসারত্বাৎ তস্যাপি সর্ব্বস্বং সারভূতমিত্যর্থঃ। যদ্বা। সর্ব্বার্থপ্রকাশকং যদ্ভারতাখ্যং শাস্ত্রং তস্যামৃতং মধুরবস্তুভাগস্তস্য

অধ্যয়ন করিলে সেই ব্যক্তি পাতকরূপ সংসার হইতে উত্তীর্ণ হইয়া হরিধামে প্রস্থিত হয়। যে বিপ্র ভগবদ্গীতার শ্রীহরির বিশ্বরূপনামক একাদশাধ্যায় ও বিভূতিযোগাখ্য দশমাধ্যায় প্রত্যহ অধ্যয়ন করেন, আমি তদীয় পুণ্যের কথা কীর্ত্তন করিতেছি। ৭৮। নিখিল বেদ, ইতিহাস ও পুরাণ অধ্যয়ন করিলে যে পুণ্য হয়, একটীমাত্র শ্লোকেই সেই পুণ্য হইয়া থাকে সন্দেহ নাই। যে ব্যক্তি প্রত্যহ বিশ্বরূপনামক অধ্যায় ও বিভূতিযোগাখ্য অধ্যায় অধ্যয়ন করেন, তিনি আব্রহ্ম স্তম্বপর্য্যন্ত জগতের তৃপ্তি সাধন করিয়া থাকেন। ৭৯। যে ব্যক্তি প্রত্যহ গীতাধ্যায় অধ্যয়ন করেন, হরি তাঁহার দ্বাত্রিংশদ্বিধ অপরাধ ক্ষমা করিয়া থাকেন। ৮০। যে ব্যক্তি গীতাশাস্ত্র লিখিয়া বৈষ্ণবের হস্তে সমর্পণ করেন, দিন দিন তিনি হরিপূজাফল প্রাপ্ত হইয়া থাকেন সংশয় নাই। বিষ্ণু চতুর্ব্বেদের সারাংশ উদ্ধার করত ত্রিভুবনের উপকারার্থ গীতাশাস্ত্র প্রকটন করিয়াছেন। ৮১। ভারতসুধার সার, হরিমুখবিনির্গত গীতারূপ গঙ্গোদক পান করিলে

বেদার্থাদধিকং মন্যে পুরাণার্থঞ্চ ভামিনি। পুরাণমন্যথা কৃত্বা তির্য্যগ্‌যোনিমবাপ্নুয়াৎ॥ ৮৩॥

বৃহন্নারদীয়ে চ।—

পুরাণেষ্বর্থবাদত্বং যে বদন্তি নরাধমাঃ। তৈরর্জ্জিতানি পুণ্যানি তদ্বদেব ভবন্তি বৈ॥ ৮৪॥

পুরাণেষু দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বধর্ম্মপ্রবক্তৃষু। প্রবদন্ত্যর্থবাদত্বং যে তে নরকভাজনাঃ॥ ৮৫॥

অনায়াসেন যঃ পুণ্যানীচ্ছতীহ দ্বিজোত্তমাঃ। শ্রাব্যাণি ভক্ত্যা তেনৈব পুরাণানি ন সংশয়ঃ।

পুরার্জ্জিতানি পাপানি নাশমায়ান্তি তস্য বৈ। পুরাণশ্রবণে বুদ্ধিস্তস্যৈব ভবতি ধ্রুবং॥ ৮৬॥

কিঞ্চ।—

পুরাণে বর্ত্তমানেঽপি পাপপাশেন যন্ত্রিতঃ। অনাদৃত্যান্যগাথাসু সক্তবুদ্ধিঃ প্রবর্ত্ততে॥ ৮৭॥

সর্ব্বস্বং। তত্তু নেদৃশং বাহ্যতীর্থমাত্রত্বাৎ। কিঞ্চ। বিষ্ণোর্ম্মুখাৎ বিশেষেণ প্রীত্যাদিময়েন নিঃসৃতং তত্তু পাদাঙ্গুষ্ঠশৌচাদেবেতি দিক্॥ ৮২॥

ব্যাকুর্ব্বন্তি ব্যাখ্যানং কুর্ব্বন্তি। নিষণ্না নিষ্ণাতাঃ। গতিঃ তত্ত্বং তস্য দর্শনং বিজ্ঞানং সম্যক্ ন ভবতি॥ ৮৩॥ তদ্বদেব অর্থবাদরূপাণি বিফলান্যেব ভবন্তীত্যর্থঃ॥ ৮৪॥ হে দ্বিজশ্রেষ্ঠাঃ॥ ৮৫॥ হে দ্বিজোত্তমাঃ॥ ৮৬॥ পাপপাশেন যন্ত্রিতঃ বশীকৃতো জনঃ পুরাণমনাদৃত্য অন্যগাথাসু প্রাকৃত-

---

পুনর্জ্জন্ম বিদূরিত হয়। প্রত্যহ কৃষ্ণমুখবিনির্গতা গীতা শ্রবণ ও অধ্যয়ন করা ধর্ম্মার্থকামমোক্ষ-কামী ব্যক্তির কর্ত্তব্য। যে ব্যক্তি অনুত্তম গীতাশাস্ত্র অধ্যয়ন করেন, তিনি নিখিল পাতক হইতে পরিমুক্ত হইয়া হরির পরমধামে প্রয়াণ করিয়া থাকেন। ৮২।

অতঃপর পুরাণাধ্যয়নাদির মাহাত্ম্য।—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডলসংবাদে লিখিত আছে যে, যে সকল ব্যক্তি শাস্ত্রের বিচারকারী, যাঁহারা বেদাধ্যয়নে নিযুক্ত থাকেন, যে সকল ব্যক্তি পুরাণসংহিতা অধ্যয়ন ও শ্রবণ করেন, যে সকল ব্যক্তি স্মৃতিশাস্ত্রের ব্যাখ্যা করেন, যে সকল ব্যক্তি ধর্ম্মবিষয়ের উপদেশ দেন আর যে সকল ব্যক্তি বেদান্তে অতীব অনুরাগী, তাঁহাদের দ্বারাই এই জগৎ বিধৃত রহিয়াছে, তাঁহারা যে এই সমস্ত অভ্যাস করেন, তাহারই মাহাত্ম্যে পাতক ধ্বংস হওয়াতে তাঁহারা ব্রহ্মধামে প্রয়াণ করেন, সে স্থানে বুদ্ধিভ্রমের সম্ভব নাই। পদ্ম-পুরাণে শিবোমাসংবাদে লিখিত আছে যে, নিখিল বেদে পারগামী হইয়াছেন এবং নিখিল-শাস্ত্রের মর্ম্ম হৃদয়ঙ্গম করিয়াছেন, এ প্রকার হইলেও যাঁহার শ্রুতিবিবরে পুরাণ প্রবেশ করে নাই, তাঁহার সম্পূর্ণরূপে তত্ত্বজ্ঞানোদয় হয় নাই জানিবে। হে পার্ব্বতি! অনুমান হয়, পুরাণার্থ বেদার্থ হইতেও প্রধান; যে ব্যক্তি পুরাণকে গ্রাহ্য না করে, পশুযোনিতে তাহাকে দেহ ধারণ করিতে হয়। ৮৩। বৃহন্নারদীয় পুরাণে লিখিত আছে যে, যে সমস্ত মানবাধম পুরাণে অর্থ-বাদত্ব প্রকাশ করে, তাঁহাদের আজন্মসঞ্চিত পুণ্য বিফল হইয়া যায়। ৮৪। হে বিপ্রসত্তম-গণ! পুরাণ সর্ব্বধর্ম্মের উপদেষ্টা, যাহারা সেই পুরাণকে কল্পিত ফলশ্রুতিমাত্র বলিয়া বর্ণন করে, তাহারা নিরয়গামী হয়। ৮৫। হে দ্বিজোত্তমগণ! যে ব্যক্তি ইহলোকে অবহেলে পুণ্য অর্জ্জন করিতে বাসনা করেন, তিনি ভক্তিমান্ হইয়া পুরাণসমূহ শ্রবণ করুন্। এই প্রকার করিলে তদীয় পূর্ব্বজন্মসঞ্চিত পাতকপুঞ্জ ধ্বংস হয় এবং পুরাণ শ্রবণ করিতে তদীয় মতি জন্মে

অথ বস্ত্রার্পণং।

স্নানমুদ্রাং প্রদর্শ্যাথ শুদ্ধসূক্ষ্মাঙ্গবাসসা। শনৈঃ সংমার্জ্য গাত্রাণি দিব্যে বস্ত্রে সমর্পয়েৎ॥ ৮৮॥
মধ্যদেশীয়নেপথ্যাদ্যনুসারেণ ভক্তিতঃ। কেহপ্যত্র কঞ্চুকোষ্ণীষাদ্যম্বরাণ্যর্পয়ন্তি চ॥

তথা চ মাৎস্যে।—

তত্তদ্দেশীয়ভূষাঢ্যাং তত্তন্মূর্ত্তিঞ্চ কারয়েৎ॥ ৮৯॥

একাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ।—

অলংকুর্ব্বীত সপ্রেম মদ্ভক্তো মাং যথোচিতং॥ ৯০॥

ভবিষ্যে চ।—

বাসোভিঃ পূজয়েদ্বিষ্ণুং যান্যেবাত্মপ্রিয়াণি তু। তথান্যৈশ্চ শুভৈর্দিব্যৈরর্চ্চয়েচ্চ দুকূলকৈঃ॥
বাসাংসি চ বিচিত্রাণি সারবন্তি শুচীনি চ। ধূপিতানি হরের্দদ্যাৎ বিকেশানি নবানি চ॥ ৯১॥
ভূষয়েদ্বহুভির্বস্ত্রৈর্বিচিত্রৈঃ কঞ্চুকাদিভিঃ। ভোগানন্তরমেবেতি বহূনাং সম্মতং সতাং॥ ৯২॥

গীতবদ্ভজনশ্রবণমাত্রপ্রিয়াসু অপৌরাণিকীষু অসৎকথাসু আসক্তবুদ্ধিঃ সন্ তাস্বেব প্রবর্ত্ততে ইত্যর্থঃ॥ ৮৭॥

শুদ্ধেন সূক্ষ্মেণ চ অঙ্গবাসসা শ্রীমদঙ্গসংমার্জনযোগ্যবস্ত্রেণ। বস্ত্রে পরিধানোত্তরীয়-বাসসী॥ ৮৮॥ অত্র স্নপনানন্তরবস্ত্রার্পণকালে। অপ্যর্থে চকারঃ কঞ্চুকাদ্যম্বরাণ্যপি॥ ৮৯॥ যথো-চিতং যদ্দেশে যাদৃক্ বেশভূষণং তত্র তেনৈবেত্যর্থঃ॥ ৯০॥ সারবন্তি চিরস্থায়ীনি। পরমোত্তমানি বা কৌশেয়াদীনি। বিকেশানি কেশরহিতানি॥ ৯১॥ পরমতং লিখিত্বা নিজমতং লিখতি ভূষয়ে-দিতি। বহূনাং সতামিতি ভোজনসময়ে বস্ত্রদ্বয়স্যৈব স্মৃতিশাস্ত্রেণ বিহিতত্বাৎ তচ্চাগ্রে ব্যক্তং ভাবি॥ ৯২॥

সন্দেহ নাই। ৮৬। আরও লিখিত আছে যে, যে ব্যক্তির বুদ্ধি পাতকপাশে সম্বদ্ধ, সে পুরাণ বিদ্যমানে অন্য কথায় অনুরক্ত হইয়া তাহাতেই নিবিষ্ট হইয়া থাকে। ৮৭।

অনন্তর বস্ত্রার্পণ।—স্নানমুদ্রা প্রদর্শন পূর্ব্বক বিশুদ্ধ, সূক্ষ্ম, অঙ্গবস্ত্র (গাত্রমার্জ্জনী বা গামছা) দ্বারা শনৈঃ শনৈঃ দেহপ্রোঞ্ছন করত অত্যুত্তম পরিধেয় ও উত্তরীয় নিবেদন করিতে হইবে।৮৮। মধ্যপ্রদেশীয় কেশবিন্যাসাদির প্রণালীতে কোন কোন ব্যক্তি এই সময়েই কঞ্চুক ও উষ্ণীষ প্রভৃতি প্রদান করেন। মৎস্যপুরাণে লিখিত আছে যে, বিশেষ বিশেষ ভূষা দ্বারা বিশেষ বিশেষ মূর্ত্তিকে সমলঙ্কৃত করিতে হয়। ৮৯। একাদশস্কন্ধে লিখিত আছে যে, মদীয় ভক্ত প্রেম সহকারে আমাকে যথাযথ বিভূষণে বিভূষিত করিবে। ৯০। ভবিষ্যপুরাণেও বর্ণিত আছে যে, আপনার প্রিয় আবরণীয় বসন অপরাপর বিশুদ্ধ দিব্য বসন এবং পট্টবসন দ্বারা হরির অর্চ্চনা করিতে হয়। নানাপ্রকারবর্ণবিশিষ্ট, বহুদিনস্থায়ী, কেশশূন্য, নূতন দিব্যবস্ত্রসমূহ ধূপিত করত প্রভুকে নিবেদন করিবে। বহুসংখ্যক সাধুর মত এইরূপ যে, ভোগাবসানে কঞ্চুকাদি বিচিত্র নানাবসন দ্বারা অলঙ্কৃত করিতে হয়। ৯২।

অথ শ্রীমদঙ্গমার্জনমাহাত্ম্যং।

দ্বারকামাহাত্ম্যে।—

কৃষ্ণং স্নানার্দ্রগাত্রন্ত বস্ত্রেণ পরিমার্জতি। তস্য লক্ষার্জ্জিতস্যাপি ভবেৎ পাপস্য মার্জ্জনং॥

অথ বস্ত্রার্পণমাহাত্ম্যং।

নারসিংহে।—

বস্ত্রাভ্যামচ্যুতং ভক্ত্যা পরিধাপ্য বিচিত্রিতং। সোমলোকে বসিত্বা তু বিষ্ণুলোকে মহীয়তে॥

স্কান্দে শ্রীশিবোমাসংবাদে।—

বস্ত্রাণি সুপবিত্রাণি সারবন্তি মৃদূনি চ। রূপবন্তি হরের্দত্ত্বা সদশানি নবানি চ॥

যাবদ্বস্ত্রস্য তন্তূনাং পরিমাণং ভবত্যথ। তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

রাঙ্কবস্য প্রদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ। কার্পাসিতং বস্ত্রযুগং যঃ প্রদদ্যাজ্জনার্দ্দনে॥ ৯৩॥

যাবন্তি তস্য তন্তূনি হস্তমাত্রমিতানি তু। তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে।

মহার্ঘ্যতা যথা তস্য সাধুদেশোদ্ভবো যথা। সূক্ষ্মতা চ যথা বিপ্রাস্তথা প্রোক্তং ফলং মহৎ॥ ৯৪॥

কিঞ্চ তত্রৈবান্যত্র।—

শুক্লবস্ত্রপ্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং। মহারজনরক্তেন সৌভাগ্যং মহদশ্নুতে।

তথা কুসুমরক্তেন স্ত্রীণাং বল্লভতাং ব্রজেৎ। নীলীরক্তং বিনা রক্তং শেষরঙ্গৈর্দ্বিজোত্তমাঃ।

দত্ত্বা ভবতি ধর্ম্মাত্মা সর্ব্বব্যাধিবিবর্জিতঃ॥ ৯৫॥

সদশানি দশাসহিতানি। রাঙ্কবং মৃগরোমজং বস্ত্রং তস্য॥ ৯৩॥ তন্তূনীতি নপুংসকত্বমার্ষং। যাবদ্বস্ত্রমিতাস্তন্তবো ভবন্তীত্যর্থঃ॥ ৯৪॥ মহারজনং কুসুম্ভপুষ্পং তেন রক্তেন রঞ্জিতেন বাসসা দত্তেনেতি শেষঃ। নীল্যা রক্তং বস্ত্রং বিনা শেষৈঃ নীলীব্যতিরিক্তৈ রঙ্গৈঃ রক্তং বস্ত্রং দত্ত্বা

অতঃপর শ্রীমূর্ত্তির অঙ্গমার্জ্জন-মাহাত্ম্য।—দ্বারকামাহাত্ম্যে লিখিত আছে যে, যে ব্যক্তি হরির স্নানসিক্ত দেহকে বসন দ্বারা মার্জন করেন, তদীয় লক্ষজন্মসঞ্চিত পাতক বিদূরিত হয়।

অনন্তর বস্ত্রার্পণমাহাত্ম্য।—নৃসিংহপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি পরিধেয় ও উত্তরীয় বসনদ্বয় দ্বারা হরিকে বিচিত্ররূপে অলঙ্কৃত করেন, তিনি চন্দ্রপুরে কিছুদিন অবস্থিতি করত তৎপরে হরিধামে আনন্দভোগ করিয়া থাকেন। স্কন্দপুরাণে শিবোমাসংবাদে লিখিত আছে যে, সুবিশুদ্ধ, বহুদিনস্থায়ি, মৃদু, সুদৃশ্য, দশাসংযুক্ত নববস্ত্র প্রভুকে অর্পণ করিলে বসনের তন্তুর প্রমাণানুসারে তত সহস্রবর্ষ হরিধামে সানন্দে অবস্থিতি করিতে পারে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, মৃগরোম দ্বারা বস্ত্র নির্মাণ পূর্ব্বক অর্পণ করিলে নিখিল কামনা সুসিদ্ধ হয়। যিনি হরিকে কার্পাসবসন প্রদান করেন, সেই বস্ত্রে যত তন্তু বিদ্যমান থাকে, ততবর্ষ তাঁহার হরিধামে সসম্মান বসতি হয়। হে বিপ্রগণ! বসনের মূল্য যত অধিক হইবে, যত পবিত্র দেশে বস্ত্র উৎপন্ন হইবে আর যত সূক্ষ্ম হইবে, ফলেরও তত আধিক্য জানিবে। ৯৩—৯৪। বিষ্ণুধর্ম্মের অন্যত্রও লিখিত আছে যে, শুভ্রবসন অর্পণ করিলে উৎকৃষ্ট সম্পত্তি লাভ হয়, কুসুম্ভকুসুম

কৌশেয়ানি চ বস্ত্রাণি সুমৃদূনি লঘূনি চ। যঃ প্রযচ্ছতি দেবায় সোঽশ্বমেধফলং লভেৎ ॥
রাঙ্কবা মৃগলোম্যাশ্চ কদল্যাশ্চ তথা শুভাঃ। যো দদ্যাদ্দেবদেবায় সোঽশ্বমেধফলং লভেৎ ॥
নানাভক্তিবিচিত্রাণি চীরজানি নবানি চ। দত্ত্বা বাসাংসি শুভ্রাণি রাজসূয়ফলং লভেৎ ॥

দ্বারকামাহাত্ম্যে চ।—

নানাদেশসমুদ্ভূতৈঃ সুবস্ত্রৈশ্চ সুকোমলৈঃ। ধূপয়িত্বা সুভক্ত্যা চ প্রধাপয়তি মাধবং।
মন্বন্তরাণি বসতে তন্তুসংখ্যং হরের্গৃহে ॥ ৯৬ ॥

অথ বস্ত্রার্পণে নিষিদ্ধং।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

নীলীরক্তং তথা জীর্ণং বস্ত্রমন্যধৃতং তথা। দেবদেবায় যো দদ্যাৎ স তু পাপৈর্হি যুজ্যতে ॥

অত্রাপবাদঃ।

তত্রৈব।—আবিকে পট্টবস্ত্রে চ নীলীরাগো ন দুষ্যতি ॥ ৯৭ ॥

অথ যজ্ঞোপবীতং ॥

বস্ত্রস্যার্পণমুদ্রাঞ্চ প্রদর্শ্য পরিধাপ্য তৎ। উপবীতং সমর্প্যাথ তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ ॥ ৯৮ ॥

নীলীরক্তঞ্চ পট্টবস্ত্রাতিরিক্তং জ্ঞেয়ং। নীলীপট্টে ন দুষ্যতীত্যাদিবচনাৎ ॥ ৯৫ ॥ কৌশেয়ানি কোশকারকৃমিকৃত-তন্তুময়ানি। নানাভক্তিবিচিত্রাণি ভাগশো বিচিত্রসূচ্যাদিশিল্পনির্ম্মিতানি। চীরজানি বল্কলোদ্ভবানি ॥ ৯৬—৯৭ ॥

তদ্বস্ত্রং পরিধাপ্য তস্মিন্ উপবীতার্পণে যা মুদ্রা তাং ॥ ৯৮ ॥

দ্বারা রঞ্জিত করিয়া বস্ত্র প্রদান করিলে সৌভাগ্যশালী হওয়া যায় এবং কুঙ্কুম দ্বারা সুরঞ্জিত বস্ত্র হরিকে প্রদান করিলে রমণীপ্রিয় হইতে পারে। হে বিপ্রসত্তমগণ! নীল ও লোহিত ব্যতীত অন্য বর্ণে রঞ্জিত করিয়া বস্ত্র নিবেদন করিলে ধার্ম্মিক ব্যক্তি নিখিল ব্যাধি হইতে মুক্ত হইয়া থাকে। ৯৫। যে ব্যক্তি মৃদু লঘু কৌশেয় বসন হরিকে নিবেদন করেন, তাঁহার অশ্বমেধানুষ্ঠানের ফললাভ হইয়া থাকে। যে ব্যক্তি রঙ্কুরোমগঠিত, মৃগলোমোৎপন্ন এবং কদলী-(মৃগীবিশেষ) রোমজ শুক্ল বসন দেবদেব জনার্দ্দনকে অর্পণ করেন, তাঁহার অশ্বমেধানুষ্ঠানের ফল হইয়া থাকে। বিচিত্রসূচি প্রভৃতি শিল্পঘটিত, বল্কলোৎপন্ন, শুক্ল, নববসন প্রদান করিলেও রাজসূয় যজ্ঞের ফল হয়। দ্বারকামাহাত্ম্যে লিখিত আছে যে, যে ব্যক্তি ভক্তিমান্ হইয়া নানাদেশোৎপন্ন মৃদু সুবস্ত্রসমূহ ধূপ দ্বারা ধূপিত করত কেশবকে পরিধান করাইয়া দেন, সেই বস্ত্রে যতসংখ্যক তন্তু থাকে, তিনি তত মন্বন্তর যাবৎ বিষ্ণুলোকে অবস্থিতি করেন। ৯৬।

অনন্তর বস্ত্রার্পণকার্য্যে নিষিদ্ধ বসন। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, যে ব্যক্তি নীলবর্ণে রঞ্জিত, জীর্ণ ও অন্যকর্ত্তৃক পরিহিত বসন দেবদেব হরিকে অর্পণ করেন, তিনি সকলপ্রকার পাতকে পরিলিপ্ত হইয়া থাকেন।

এতদ্বিষয়ে ব্যবস্থাবিশেষ।—বিষ্ণুধর্ম্মোত্তরেই লিখিত আছে যে, মেষরোমজ বসন অথবা পট্টবসন নীলবর্ণের হইলে দূষণীয় নহে। ৯৭।

অথোপবীতার্পণমাহাত্ম্যং।

ত্রিবিৎ শুক্লঞ্চ পীতঞ্চ পট্টসূত্রাদিনির্ম্মিতং। যজ্ঞোপবীতং গোবিন্দে দত্ত্বা বেদান্তগো ভবেৎ॥

নন্দিপুরাণে।—

যজ্ঞোপবীতদানেন সুরেভ্যো ব্রাহ্মণায় বা। ভবেদ্বিদ্বাংশ্চতুর্ব্বেদী শুদ্ধধীর্নাত্র সংশয়ঃ॥ ৯৯॥

অথ পাদ্যতিলকাচমনানি।

অথ পাদ্যং নিবেদ্যাদাবূর্দ্ধপুণ্ড্রং মনোহরং। নির্ম্মায় ভালে কৃষ্ণস্য দদ্যাদাচমনং ততঃ॥ ১০০॥

অথ ভূষণং।

ততো দেবায় দিব্যানি ভূষণানি নিবেদ্য চ। পরিধাপ্য যথাযুক্তং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ॥ ১০১॥

অথ ভূষণার্পণমাহাত্ম্যং।

স্কান্দে শিবোমাসংবাদে।—

মণিমৌক্তিকসংযুক্তং দত্ত্বাভরণমুত্তমং। স্বশক্ত্যা ভূষণং দত্ত্বা অগ্নিষ্টোমফলং লভেৎ॥ ১০২॥

কিঞ্চ।—গুঞ্জামাত্রং সুবর্ণস্য যো দদ্যাদ্বিষ্ণুমূর্দ্ধনি। ইন্দ্রস্য ভবনে তিষ্ঠেদ্যাবদাহূতসংপ্লবং॥
তস্মাদাভরণং দেবি দাতব্যং বিষ্ণবে সদা। নারায়ণো ভবেৎ প্রীতো ভক্ত্যা পরময়া শুভে॥১০৩

ত্রিবিৎ নবগুণমিত্যর্থঃ। বার্থে চকারৌ। আদিশব্দেন কার্পাসাদি। তথা চ ছন্দোগপরিশিষ্টে। কার্পাস-ক্ষৌম-গোবাল-তৃণবল্ক-তৃণাদিকং। সদা সম্ভবতো ধার্য্যমুপবীতং দ্বিজাতিভিরিতি, বেদান্তগঃ বেদপারঙ্গতো বেদান্তার্থাভিজ্ঞো বা॥ ৯৯॥

অথ যজ্ঞোপবীতার্পণানন্তরং। অত্র পাদ্যনিবেদর্পনং স্নানানন্তরমবশ্যং পাদপ্রক্ষালনস্য তিলকাচমনয়োরপ্যপেক্ষ্যত্বাৎ। অতস্ত্রয়মিদমত্রৈকত্রৈব লিখিতং। মনোহরমিতি শ্যামসুন্দরে শ্রীললাটে সংসৃষ্টসকুঙ্কুমচন্দনেন মধ্যছিদ্রতয়া বিরচনাৎ॥ ১০০॥

যথাযুক্তমিতি যস্মিন্নঙ্গে যথা যৎ পরিধাপয়িতুমুপযুজ্যতে তত্র তথা তৎ পরিধাপ্যেত্যর্থঃ॥১০১

স্বশক্ত্যা নিজসামর্থ্যেন ভূষণমন্যদপি দত্ত্বা। যদ্বা। নিজশক্ত্যনুসারেণ মণ্যাদ্যাভরণব্যতিরিক্ত-

---

অতঃপর যজ্ঞোপবীত।—বস্ত্রার্পণ-মুদ্রা দেখাইয়া বস্ত্র পরিধান করাইয়া তৎপরে যজ্ঞোপবীত নিবেদন পূর্ব্বক তন্মুদ্রা দেখাইতে হইবে। ৯৮।

অনন্তর উপবীতদানমাহাত্ম্য।—নবগুণিত শুভ্র অথবা পীতবর্ণ পট্টসূত্রাদি দ্বারা নির্ম্মিত যজ্ঞোপবীত হরিকে প্রদান করিলে বেদান্তশাস্ত্রের পারগামী হইতে পারে। নন্দিপুরাণে লিখিত আছে যে, দেবতা অথবা দ্বিজাতিগণকে যজ্ঞসূত্র সমর্পণ করিলে সুধী ব্যক্তি চতুর্ব্বেদবেদী ও পবিত্রমতি হইতে পারেন সন্দেহ নাই। ৯৯।

অনন্তর পাদ্য, তিলক ও আচমনীয়।—পরে পাদ্য প্রদান করিয়া মনোরম ঊর্দ্ধপুণ্ড্র শ্রীহরির কপোলে অঙ্কিত করত তৎপরে আচমন প্রদান করিবেন। ১০০।

অনন্তর ভূষণ। তৎপরে হরিকে দিব্য অলঙ্কার-সমূহ প্রদানপূর্ব্বক যথোপযুক্ত স্থলে পরিধান করাইয়া তন্মুদ্রা দেখাইতে হইবে। ১০১।

অনন্তর ভূষণদানমাহাত্ম্য। স্কন্দপুরাণে শিবোমাসংবাদে লিখিত আছে যে, মণি-মৌক্তিক

নন্দিপুরাণে।—

অলঙ্কারন্ত যো দদ্যাদ্বিপ্রায়াথ সুরায় বা। স গচ্ছেদ্বারুণং লোকং নানাভরণভূষিতঃ॥
জাতঃ পৃথিব্যাং কালেন ভবেদ্দ্বীপপতির্নৃপঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

কর্ণাভরণদানেন ভবেচ্ছ্রুতিধরো নরঃ। অশ্বমেধমবাপ্নোতি সৌভাগ্যঞ্চাপি বিন্দতি॥
কর্ণপূরপ্রদানেন শ্রুতিং সর্ব্বত্র বিন্দতি॥ ১০৪॥

মূর্দ্ধাভরণদানেন মূর্দ্ধন্যো ভূতলে ভবেৎ। চতুঃসমুদ্রবলয়াং প্রশাস্তি চ বসুন্ধরাং॥

তত্রৈব তৃতীয়কাণ্ডে।—

বিভূষণপ্রদানেন মূর্দ্ধন্যো ভূতলে ভবেৎ। রম্যাণি রত্নচিত্রাণি সৌবর্ণানি দ্বিজোত্তমাঃ॥
দত্ত্বাভরণজাতানি রাজসূয়ফলং লভেৎ। পাদাঙ্গুলীয়দানেন গুহ্যকাধিপতির্ভবেৎ॥
পাদাভরণদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি॥ ১০৫॥

শ্রোণীসূত্রপ্রদানেন মহীং সাগরমেখলাং। প্রশাস্তি নিহতামিত্রো নাত্র কার্য্যা বিচারণা॥
সৌভাগ্যং মহদাপ্নোতি কিঙ্কিণীং প্রদদদ্ধরেঃ। হস্তাঙ্গুলীয়দানেন পরং সৌভাগ্যমাপ্নুয়াৎ॥
তথৈবাঙ্গদদানেন রাজা ভবতি ভূতলে। কেয়ূরদানাদ্ভবতি শত্রুপক্ষক্ষয়ঙ্করঃ॥
গ্রৈবেয়কাণি দত্ত্বা চ সর্ব্বশাস্ত্রার্থবিদ্ভবেৎ। নার্য্যশ্চ বশগাস্তস্য ভবন্তি দ্বিজপুঙ্গবাঃ॥ ১০৬॥

মপি ভূষণং দত্ত্বা॥১০২॥ আভরণদানাত্মিকয়া পরমভক্ত্যা প্রীতো ভবেদিতি মুখ্যং ফলং। অন্যত্তু সর্ব্বং সকামস্য নান্তরীয়কং জ্ঞেয়ং। এবমন্যত্রাপ্যূহ্যং। অনন্তো ভগবান্ বিষ্ণুস্তস্য কামবিবর্জ্জিতৈঃ। যদেব দীয়তে কিঞ্চিত্তদেবাক্ষয়মুচ্যতে ইত্যাদিবচনাৎ তচ্চাগ্রে লেখ্যমেব॥ ১০৩॥ কর্ণাভরণকর্ণপূরয়োরবান্তরভেদঃ। শ্রুতিং সর্ব্বত্র বিন্দতি দূরতোঽপি সর্ব্বং শৃণোতীত্যর্থঃ॥১০৪॥ পাদাভরণং

সমন্বিত অত্যুৎকৃষ্ট অলঙ্কার কিংবা স্বীয় ক্ষমতানুসারে অন্যবিধ অলঙ্কার প্রদান করিলে অগ্নিষ্টোম নামক যজ্ঞানুষ্ঠানের ফল হইয়া থাকে।১০২। আরও লিখিত আছে যে, যে ব্যক্তি এককৃতিপ্রমাণ কাঞ্চন হরির শিরোদেশে অর্পণ করেন, মহাপ্রলয় যাবৎ ইন্দ্রপুরে তাঁহার বাস হয়। অতএব হে দেবি! নিরন্তর হরিকে বিভূষণ দান করা কর্ত্তব্য। ভূষণদানরূপ পরমা ভক্তিতে হরি পরিতুষ্ট হইয়া থাকেন। ১০৩। নন্দিপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি ব্রাহ্মণ কিংবা দেবতাকে বিভূষণ প্রদান করেন, তিনি নানা অলঙ্কারে অলঙ্কৃত হইয়া বরুণধামে প্রস্থান করিয়া থাকেন এবং কালে ধরাতলে আগমন পূর্ব্বক চক্রবর্ত্তী নৃপতি হন। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, কর্ণভূষণ অর্পণ করিলে শ্রুতিধরত্ব লাভ, অশ্বমেধফল ও সৌভাগ্য প্রাপ্তি হইয়া থাকে। কর্ণ পূর দান করিলে দূরশ্রুতি-শক্তি লাভ করা যায়। ১০৪। মস্তকভূষণ প্রদান করিলে ধরাতলে সর্ব্বপ্রধান এবং চতুঃসমুদ্রপরিবৃতা পৃথিবীর শাসনকর্ত্তা হইতে পারে। বিষ্ণুধর্ম্মে তৃতীয়কাণ্ডে লিখিত আছে যে, উৎকৃষ্ট বিভূষণ অর্পণ করিলে সর্ব্বপ্রাধান্য লাভ হয়। হে বিপ্রসত্তমগণ! মনোরম রত্নখচিত কাঞ্চনময় বিভূষণ সমস্ত প্রদান করিলে রাজসূয়যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া

দত্ত্বা প্রতিসরান্ মুখ্যান্ ভূতৈরভিভূয়তে ॥ ১০৭ ॥

কিঞ্চ তত্রৈব।—

কৃত্রিমঞ্চ প্রদাতব্যং তথৈবাভরণং দ্বিজাঃ। প্রতিরূপকৃতং দত্ত্বা ক্ষিপ্রং পুষ্ট্যা প্রযুজ্যতে ॥১০৮॥

পাদ্মে।— শঙ্খচক্রগদাদীনি পাদাত্তবয়বেষু চ।

সৌবর্ণাভরণং কৃত্বা বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১০৯ ॥

নারসিংহে —সুবর্ণাভরণৈর্দিব্যৈর্হারকেয়ূরকুণ্ডলৈঃ। মুকুটৈঃ কটকাদ্যৈশ্চ যো বিষ্ণুং পূজয়েন্নরঃ ॥

সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ। ইন্দ্রলোকে বসেদ্ধীমান্ যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১১০ ॥

গরুড়পুরাণে—যস্যার্চ্চা তিষ্ঠতে বিষ্ণোর্হেমভূষণভূষিতা। রত্নৈর্মুক্তা-বিশেষেণ অহন্যহনি বাসব ॥

কল্পকোটিসহস্রাণি তস্য বৈ ভুবনে হরেঃ। বাসো ভবতি দেবেন্দ্র কথিতং ব্রহ্মণা মম ॥

যঃ পশ্যতি নরঃ কৃষ্ণং হেমভূষণভূষিতং। সকৃদ্ভক্ত্যা কলৌ শক্র পুনাত্যাসপ্তমং কুলম্ ॥১১১॥

বহুলং ভূষণং ভোগাৎ পশ্চাদেবানুলেপনং। পুষ্পং চেচ্ছন্তি সন্তোঽনুলেপনার্চ্চানুভূষণং ॥

সংপ্রার্থ্যাথ প্রভুং প্রাগ্বৎ নিবেশ্য শুচিপাদুকে। বাদ্যগীতাতপত্রাদ্যৈঃ পূজাস্থানং পুনর্নয়েৎ ॥১১২

নূপুরং ॥ ১০৫ ॥ শ্রোণীসূত্রং কাঞ্চী ॥ ১০৬ ॥ প্রতিসরান্ হস্তসূত্রাণি ॥ ১০৭ ॥ কৃত্রিমং সুবর্ণরসোপস্কৃতং তাম্রাদিনির্ম্মিতং তদেব প্রতিরূপকৃতং ॥ ১০৮ ॥ পাদাত্তবয়বেষু সৌবর্ণাভরণঞ্চ কৃত্বা দত্তেত্যর্থঃ। দত্ত্বেত্যেব বা পাঠঃ ॥ ১০৯ ॥ কটকং বলয়ং ॥ ১১০ ॥ বিষ্ণোরর্চ্চা প্রতিমা যস্য গৃহে

যায়। পাদাঙ্গুরীয় অর্পণ করিলে গুহ্যকাধিপতি হইতে পারে এবং নূপুর অর্পণ করিলে সর্ব্বত্র স্থান প্রাপ্ত হয়। ১০৫। কাঞ্চী প্রদান করিলে নিষ্কণ্টকে সসাগরা ধরণীর শাসনকর্ত্তা হয় সংশয় নাই। জনার্দ্দনকে কিঙ্কিণী অর্পণ করিলে মহাসৌভাগ্যবান্ হয়; করাঙ্গুলীয় অর্পণ করিলে উত্তম সৌভাগ্য প্রাপ্তি হইয়া থাকে। এই প্রকার অঙ্গদ অর্পণ করিলে ধরাধিপতি হয়; কেয়ূর অর্পণ করিলে অরিপক্ষ ধ্বংস করিতে সক্ষম হওয়া যায়। হে দ্বিজসত্তমগণ! গ্রীবালঙ্কার প্রদান করিলে নিখিল শাস্ত্রে জ্ঞান লাভ হয় এবং রমণীগণ তদীয় বশগতা থাকে। ১০৬। কর-সূত্র অর্পণ করিলে ভূতগণ তাঁহাকে আক্রমণ করিতে সমর্থ হয় না ॥ ১০৭ ॥ আরও লিখিত আছে যে, হে দ্বিজসত্তমগণ! কৃত্রিম বিভূষণও (গিল্টী অলঙ্কার) প্রদান করিতে পারে। প্রতিরূপকৃত (তাম্রাদিগঠিত) অলঙ্কার দিলে আশু পুষ্টি প্রাপ্ত হয়। ১০৮। পদ্মপুরাণে লিখিত আছে যে, চরণাদি অবয়বসমূহে শঙ্খ, চক্র, গদা ইত্যাদি বিভূষণ প্রদান করিলে হরিধামে সানন্দে বাস করে। ১০৯। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, যে সুবুদ্ধি ব্যক্তি উত্তম হার, কেয়ূর, কুণ্ডল, মুকুট ও বলয় প্রভৃতি বিভূষণ দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি নিখিল পাতক হইতে মুক্তি প্রাপ্ত হন এবং সর্ব্বালঙ্কারে অলঙ্কৃত হইয়া চতুর্দ্দশ ইন্দ্রপাত যাবৎ ইন্দ্রপুরে নিবসতি করিয়া থাকেন। গরুড়পুরাণে লিখিত আছে যে, হে সুরপতে! যে ব্যক্তি রত্ন ও মুক্তাবিশেষ দ্বারা নির্ম্মিত স্বর্ণালঙ্কার দ্বারা প্রত্যহ হরির অর্চ্চনা করেন, ব্রহ্মা আমাকে বলিয়াছেন যে, সহস্র-কল্পকোটি কাল সেই ব্যক্তি বিষ্ণুলোকে বাস করে। যে ব্যক্তি কলিযুগে স্বর্ণালঙ্কার দ্বারা অলঙ্কৃত হরিকে ভক্তিভরে একবারমাত্র অবলোকন করেন, তাঁহার দ্বারা তদীয় সপ্তকুল পরিত্রাণ প্রাপ্ত

প্রাগ্বদ্দত্ত্বাসনাদীনি গন্ধং তন্মুদ্রয়ার্পয়েৎ। শঙ্খে নিধায় তুলসীদলেনৈবাথ চন্দনং ॥ ১১৩ ॥

অথ গন্ধঃ।

আগমে।— চন্দনাগুরুকর্পূরপঙ্কং গন্ধমিহোচ্যতে ॥ ১১৪ ॥

গারুড়ে।—কস্তূরিকায়া দ্বৌ ভাগৌ চত্বারশ্চন্দনস্য তু। কুঙ্কুমস্য ত্রয়শ্চৈকঃ শশিনঃ স্যাচ্চতুঃসমং। কর্পূরং চন্দনং দর্পঃ কুঙ্কুমঞ্চ চতুঃসমং। সর্ব্বং গন্ধমিতি প্রোক্তং সমস্তসুরবল্লভং ॥ ১১৫ ॥

বারাহে।—কর্পূরং কুঙ্কুমঞ্চৈব বরং তগরমেব চ। রক্তঞ্চ চন্দনঞ্চৈব অগুরুং গুগ্গুলং তথা। এতৈর্বিলেপনং দদ্যাৎ শুভং চারু বিচক্ষণঃ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরাগ্নিপুরাণয়োঃ।—

মৃগদর্পৈশ্চ মুরামাংসী-কর্পূরাগুরুচন্দনৈঃ। তথাগৈন্যশ্চ শুভৈর্দ্রব্যৈরর্চ্চয়েজ্জগতীপতিং ॥

বশিষ্ঠসংহিতায়াং।—

কর্পূরাগুরুমিশ্রেণ চন্দনেনানুলেপয়েৎ। মৃগদর্পং বিশেষেণ অভীষ্টং চক্রপাণিনঃ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

গন্ধেভ্যশ্চন্দনং পুণ্যং চন্দনাদগুরুর্বরঃ। কৃষ্ণাগুরুস্ততঃ শ্রেষ্ঠঃ কুঙ্কুমন্তু ততোঽধিকং ॥

তিষ্ঠতি ॥ ১১১ ॥ এবমধুনাখিলভূষণার্পণমেব লিখিতং তত্র শিষ্টাচারাপেক্ষয়া লিখতি বহুলমিতি। ভগবতো ভোজনানন্তরমেব ভূষণং বহুলং সন্ত ইচ্ছন্তি সমর্পয়িতুং মন্যন্তে। অতোঽধুনা স্বল্পমেবার্প্যমিতি ভাবঃ। তথা অনুলেপনং পুষ্পঞ্চ তদানীমেব বহুলমিচ্ছন্তীতি প্রসঙ্গাদত্র লিখিতং অতএব জ্ঞেয়ং শ্রীভগবতঃ স্নানানন্তরং ভোজনাৎ প্রথমমসঙ্কোচেন সুখভোজনার্থমবশ্যাপেক্ষ্যং মকরকুণ্ডলমৌক্তিকহারাঙ্গদাঙ্গুলীয়কাদিভূষণং কিঞ্চিৎ তথা শ্রীবক্ষোবাহুগ্রীবাদিতিলকমাত্রোপযোগি-কিঞ্চিদনুলেপনং তথা বনমালাবতংসমাত্রং কিঞ্চিৎ পুষ্পঞ্চ নিজরুচ্যার্প্যং ভোজনান্তে চ যথাশোভং তত্তৎ সর্ব্বমেবেতি। কিঞ্চ। তত্র চানুলেপনাদনু পশ্চাদেব ভূষণমিচ্ছন্তি। ভূষণরহিতেষু সৎসু শ্রীমদঙ্গেষু সর্ব্বেষেব সম্যগনুলেপনসিদ্ধেঃ ॥ ১১২ ॥ অথানন্তরং চন্দনং চার্পয়েৎ। তচ্চ শঙ্খে নিধায়ৈব তুলসীদলেনৈব চ। বিলেপয়ন্তী দেবেশং শঙ্খে কৃত্বা তু চন্দনমিতি, তুলসীদললগ্নেন চন্দনেন জনার্দ্দনমিত্যাদিবচনেন ফলবিশেষোক্তেঃ। তচ্চাগ্রে লেখ্যমেব ॥১১৩॥

হয়। ১১১। সাধুবর্গ ভোগান্তে বহুবিভূষণ ও ভূরি পরিমাণে অনুলেপন এবং কুসুম নিবেদনের বিধি দিয়া থাকেন আর অনুলেপনান্তে বিভূষিত করিবারও মত দেন। তৎপরে পূর্ব্ববৎ প্রভুর অনুজ্ঞা প্রার্থনা পূর্ব্বক বিশুদ্ধ পাদুকাদ্বয় নিবেদন করত বাদ্য, গীত ও ছত্রাদি সহ পুনরায় অর্চ্চনাস্থলে লইয়া যাইবে। ১১২। পরে পূর্ব্ববৎ আসনাদি দিয়া গন্ধমুদ্রা দ্বারা গন্ধ নিবেদন করিবে, অনন্তর তুলসীপত্র দ্বারা শঙ্খস্থ চন্দন নিবেদন করিতে হইবে। ১১৩।

অনন্তর গন্ধ।—তন্ত্রে লিখিত আছে যে, চন্দন, অগুরু ও কর্পূরপঙ্ক এস্থলে এই সমস্তের নামই গন্ধ।১১৪। গরুড়পুরাণে লিখিত আছে যে, দুই ভাগ কস্তূরী, চারিভাগ চন্দন, তিনভাগ কুঙ্কুম, একভাগ কর্পূর, এই ভাগক্রমে ঐচারি দ্রব্য একত্র করিলেই তাহাকে গন্ধ বলা যায়। উহা নিখিল দেবগণের প্রিয়। ১৫। বরাহপুরাণে লিখিত আছে যে, কর্পূর, কুঙ্কুম,

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

ন দাতব্যং দ্বিজশ্রেষ্ঠা অতোঽন্যদনুলেপনং। অনুলেপনমুখ্যন্তু চন্দনং পরিকীর্ত্তিতং॥

নারদীয়ে।—

যথা বিষ্ণোঃ সদাভীষ্টং নৈবেদ্যং শালিসম্ভবং। শুকেনোক্তং পুরাণে চ তথা তুলসিচন্দনং॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ।—

সংঘৃষ্য তুলসীকাষ্ঠং যো দদ্যাদ্রামমূর্দ্ধনি। কর্পূরাগুরুকস্তূরীকুঙ্কুমং ন চ তৎসমং॥

অথানুলেপনমাহাত্ম্যং।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে শঙ্খমাহাত্ম্যে।—

বিলেপয়ন্তি দেবেশং শঙ্খে কৃত্বা তু চন্দনং। পরমাত্মা পরাং প্রীতিং করোতি শতবার্ষিকীং॥১১৬

গারুড়ে।—তুলসীদললগ্নেন চন্দনেন জনার্দ্দনং।
বিলেপয়তি যো নিত্যং লভতে বাঞ্ছিতং ফলং॥

নারসিংহে।—কুঙ্কুমাগুরুশ্রীখণ্ডকর্দ্দমৈরচ্যুতাকৃতিং।
বিলিপ্য ভক্ত্যা রাজেন্দ্র কল্পকোটিং বসেদ্দিবি॥

বিষ্ণুধর্ম্মোত্তরাগ্নিপুরাণয়োঃ।—

চন্দনাগুরু-কর্পূর-কুঙ্কুমোশীরপদ্মকৈঃ। অনুলিপ্তো হরির্ভক্ত্যা বরান্ ভোগান্ প্রযচ্ছতি॥১১৭॥

গন্ধমিতি নপুংসকত্বমার্ষং॥ ১১৪॥ শশিনঃ কর্পূরস্যৈকো ভাগঃ। দর্পো মৃগমদঃ॥১১৫॥ শুভং সুখকরং। চারু সুন্দরং। পাঠান্তরং স্পষ্টং॥ ১১৬॥

উত্তম তগরকুসুম, সস্নেহ চন্দন ও গুগ্‌গুলু, সুধী ব্যক্তিরা এই সমস্ত বস্তুর মনোরম শুভ বিলেপন অর্পণ করিবে। বিষ্ণুধর্ম্মোত্তরে ও অগ্নিপুরাণে লিখিত আছে যে, মুরামাংসী, কর্পূর, অগুরু ও চন্দন এবং অপরাপর শুভ সুগন্ধি বস্তুদ্বারা বিশ্বপতির পূজা করিবে। বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, কর্পূর ও অগুরুসমন্বিত চন্দন দ্বারা অনুলেপন প্রদান করিতে হয়। মৃগমদ চক্রপাণি হরির অতীব প্রীতিপ্রদ। স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদসংবাদে লিখিত আছে যে, নিখিল গন্ধ অপেক্ষা চন্দন বিশুদ্ধ, চন্দন হইতে অগুরু, অগুরু হইতে কৃষ্ণাগুরু এবং কৃষ্ণাগুরু হইতে কুঙ্কুম অধিক পবিত্র। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে দ্বিজসত্তমগণ! ইহা ব্যতীত অপর দ্রব্যের অনুলেপন প্রদান করিবে না। চন্দন অনুলেপনদ্রব্যের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া অভিহিত। নারদপুরাণে লিখিত আছে, শুকদেব পুরাণসমূহে কহিয়াছেন যে, যেরূপ শালিতণ্ডুলের নৈবেদ্য হরির প্রীতিকর, তুলসীচন্দনও সেইরূপ। অগস্ত্যসংহিতাতে লিখিত আছে যে, তুলসীকাষ্ঠ ঘর্ষণ পূর্ব্বক যদি শ্রীরামের শিরোদেশে প্রদান করা যায়, কর্পূর, অগুরু, কস্তূরী ও কুঙ্কুমও তৎসদৃশ হয় না।

অতঃপর অনুলেপনমাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে শঙ্খমাহাত্ম্যে লিখিত আছে যে, শঙ্খে চন্দন গ্রহণ পূর্ব্বক দেবদেব জনার্দ্দনের দেহে লেপন করিলে পরমাত্মা শতবর্ষ যাবৎ পরম সন্তোষ অনুভব করিয়া থাকেন। ১১৬। গরুড়পুরাণে লিখিত আছে যে, যিনি প্রত্যহ

কালকেয়ং তুরুষ্কঞ্চ রক্তচন্দনমুত্তমং ॥ ১১৮ ॥ নৃণাং ভবন্তি দত্তানি পুণ্যানি পুরুষোত্তমে॥১১৯॥
বিষ্ণুধর্ম্মোত্তরে।—

চন্দনেনানুলিপ্যৈনং চন্দ্রলোকমবাপ্নুয়াৎ। শারীরৈর্ম্মানসৈর্দুঃখৈস্তথৈব চ বিমুচ্যতে॥
কুঙ্কুমেনানুলিপ্যৈনং সূর্য্যলোকে মহীয়তে। সৌভাগ্যমুত্তমং লোকে তথা প্রাপ্নোতি মানবঃ॥
কর্পূরেণানুলিপ্যৈনং বারুণং লোকমাপ্নুয়াৎ। শারীরৈর্ম্মানসৈর্দুঃখৈস্তথৈব চ বিমুচ্যতে॥
দত্বা মৃগমদং মুখ্যং যশসা চ বিরাজতে। দত্বা জাতীফলক্ষোদং ক্রিয়াসাফল্যমশ্নুতে॥
রম্যেণাগুরুসারেণ অনুলিপ্য জনার্দ্দনং। সৌভাগ্যমতুলং লোকে বলং প্রাপ্নোতি চোত্তমং ॥১২০
তথা বকুলনির্যাসৈরগ্নিষ্টোমফলং লভেৎ। বকুলাগুরুমিশ্রেণ চন্দনেন সুগন্ধিনা।
সমালিপ্য জগন্নাথং পুণ্ডরীকফলং লভেৎ ॥ ১২১ ॥
একীকৃত্য তু সর্ব্বাণি সমালিপ্য জনার্দ্দনং। অশ্বমেধস্য মুখ্যস্য ফলং প্রাপ্নোত্যসংশয়ং॥
যোঽনুলিম্পেত দেবেশং কীর্ত্তিতৈরনুলেপনৈঃ। পার্থিবাণ্যানি যাবন্তি পরমাণূনি তত্র বৈ॥

চিন্তিতং বাঞ্ছিতম্ অকারপ্রশ্লেষেণ চিন্তিতাতীতমপীতি বা। ॥ ১১৭ ॥ কালকেয়ং কালাগুরুঃ। তুরুষ্কং শিহ্লকং। পুরুষোত্তমে দত্তানি সন্তি নৃণাং পুণ্যরূপাণি ভবন্তি ॥১১৯॥ এনং শ্রীকৃষ্ণং ॥১২০॥ পুণ্ডরীকং যজ্ঞবিশেষঃ ॥ ১২১ ॥ তত্রানুলেপনেষু পার্থিবাশ্চন্দনাদিসম্বন্ধিনঃ আদ্যশব্দেন জলাদি-

---

তুলসীদললগ্ন চন্দন লেপন করেন, তাঁহার অভীপ্সিত ফল সিদ্ধ হয়। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, হে রাজসত্তম! ভক্তিসহকারে কুঙ্কুম, অগুরু ও চন্দন দ্বারা শ্রীহরির শ্রীমূর্ত্তি বিলেপন করিলে কোটিকল্পযাবৎ সুরপুরে অবস্থিতি করিতে পারে। বিষ্ণুধর্ম্মোত্তরে ও অগ্নিপুরাণে লিখিত আছে যে, চন্দন, অগুরু, কর্পূর, কুঙ্কুম, উষীরমূল ও পদ্ম দ্বারা ভক্তিভরে শ্রীহরিকে অনুলেপন দিলে প্রভু নানারূপ অত্যুত্তম ভোগ প্রদান করিয়া থাকেন। ১১৭। পুরুষোত্তম হরিকে কৃষ্ণাগুরু, শিহ্লক ও অত্যুত্তম রক্তচন্দন দিলে মানবগণের পুণ্যসঞ্চার হইয়া থাকে। ১১৯। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, ইঁহার অঙ্গে চন্দনানুলেপন দিলে নর চন্দ্রপুরে গমন করে এবং দৈহিক ও মানসিক কষ্ট হইতে পরিত্রাণ পায়। ইঁহাকে কুঙ্কুম দ্বারা মর্দ্দন করিলে সূর্য্যধামে আনন্দ ভোগ করে এবং ইহধামে উত্তম সৌভাগ্য লাভ করিয়া থাকে। প্রভুর অঙ্গে কর্পূর মর্দ্দন করিলে বরুণধাম প্রাপ্ত হয় এবং দৈহিক ও মানসিক কষ্ট হইতে বিমুক্ত হইতে পারে। অত্যুত্তম মৃগমদ প্রদান করিলে কীর্ত্তিমান্ হয় এবং জাতীফলচূর্ণ প্রদান করিলে ক্রিয়া সফল হয়। মনোরম অগুরুচন্দন হরির দেহে লেপন করিলে সংসারে অসীম সৌভাগ্যবান্ ও মহাবল হইতে পারে। ১২০। হরির অঙ্গে বকুলের নির্যাস লেপন করিলে অগ্নিষ্টোমযজ্ঞফল লাভ হয়। জগৎপতির অঙ্গে বকুল ও অগুরুসমন্বিত সুগন্ধপূর্ণ চন্দন বিলেপন করিলে পুণ্ডরীকযজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায়। ১২১। সমস্ত দ্রব্য একত্র করত হরির অঙ্গে মর্দ্দন করিলে মুখ্য অশ্বমেধযজ্ঞফল লাভ হয় সংশয় নাই। যে সমস্ত অনুলেপন বস্তু কীর্ত্তিত হইল, যিনি তৎসমস্ত দ্বারা দেবদেবের অঙ্গলেপন করেন,

তাবদব্দানি লোকেষু কামচারী ভবত্যসৌ। কেশসৌগন্ধ্যজননং কৃত্বা মৃগমদং নরঃ॥
সর্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য ফলমশ্নুতে॥ ১২২॥
যঃ প্রযচ্ছতি গন্ধানি গন্ধযুক্তীকৃতানি চ। গন্ধর্ব্বত্বং ধ্রুবং তস্য সৌভাগ্যঞ্চ তথোত্তমং॥১২৩॥

অথ শ্রীতুলসীকাষ্ঠচন্দনমাহাত্ম্যং।

গারুড়ে শ্রীনারদধুন্ধুমারনৃপসংবাদে।—
যো দদাতি হরের্নিত্যং তুলসীকাষ্ঠচন্দনং। যুগানি বসতে স্বর্গে হ্যনন্তানি নরোত্তমঃ॥
মহাবিষ্ণৌ কলৌ ভক্ত্যা দত্বা তুলসিচন্দনং। যোঽর্চ্চয়েন্মালতীপুষ্পৈর্ন ভূয়ঃ স্তনপো ভবেৎ॥১২৪
তুলসীকাষ্ঠসম্ভূতং চন্দনং যচ্ছতো হরেঃ। নির্দ্দহেৎ পাতকং সর্ব্বং পূর্ব্বজন্মশতৈঃ কৃতং॥
সর্ব্বেষামপি দেবানাং তুলসীকাষ্ঠচন্দনং। পিতৃণাঞ্চ বিশেষেণ সদাভীষ্টং হরের্যথা॥ ১২৫॥
মৃত্যুকালে তু সংপ্রাপ্তে তুলসীতরুচন্দনং। ভবতে যস্য দেহে তু হরির্ভূত্বা হরিং ব্রজেৎ॥১২৬
তাবন্মলয়জং বিষ্ণোর্ভাতি কৃষ্ণাগুরুর্নৃপ। যাবন্ন দৃশ্যতে পুণ্যং তুলসীকাষ্ঠচন্দনং॥
তাবৎ কস্তুরিকামোদঃ কর্পূরস্য সুগন্ধিতা। যাবন্ন দীয়তে বিষ্ণোস্তুলসীকাষ্ঠচন্দনং॥ ১২৭॥

সম্বন্ধিনশ্চ। নপুংসকত্বমার্ষং। লোকেষু চতুর্দ্দশভুবনেষু॥ ১২২॥ গন্ধযুক্তীকৃতানি সুগন্ধি-দ্রব্যযোগেন শোধিতানি॥ ১২৩॥

তুলসিচন্দনং তুলসীকাষ্ঠচন্দনং। হ্রস্বত্বমার্ষং। স্তনপঃ সংসারীত্যর্থঃ॥ ১২৪॥ যচ্ছতো জনস্য পাতকং কর্ম্মভূতং চন্দনমেব কর্ত্তৃ নিঃশেষেণ দহেত॥ ১২৫॥ অস্ত তাবদ্ভগবদর্পণ-মাহাত্ম্যং অন্ত্যদশায়াং তৎস্পর্শেনাপি কৃতার্থতা স্যাৎ ইত্যাহ মৃত্যুকালে ত্বিতি। ভবতে ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। হরির্ভূত্বা সারূপ্যপ্রাপ্ত্যা হরিরিব ভূত্বা ইত্যর্থঃ॥ ১২৬॥ অত্র হেতুত্বেন

পৃথিব্যাদি লোকসমূহে যত পরমাণু আছে, সেই ব্যক্তি ততসংখ্য বর্ষ স্বেচ্ছাচারী হইয়া চতুর্দ্দশ ভুবনে বিচরণ করেন। মৃগমদকস্তুরীযোগে শ্রীমূর্ত্তির কেশপাশের সৌগন্ধ্য বর্দ্ধন করিলে সর্ব্বকামদ যজ্ঞফল প্রাপ্ত হওয়া যায়। ১২২। যিনি সুগন্ধপূর্ণ বস্তুসমূহ দ্বারা শোধন করত উল্লিখিত গন্ধপদার্থসমূহ নিবেদন করেন, নিঃসংশয় তাঁহার গন্ধর্ব্বত্ব লাভ হয় এবং তিনি মহাসৌভাগ্যশালী হইয়া থাকেন। ১২৩।

অনন্তর তুলসীকাষ্ঠচন্দনমাহাত্ম্য।—গরুড়পুরাণে নারদ-ধুন্ধুমারসংবাদে লিখিত আছে, যে নরোত্তম প্রত্যহ জনার্দ্দনকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান করেন, অনন্তযুগ সুরপুরে তাঁহার বাস হয়। যিনি কলিকালে মহাবিষ্ণুকে তুলসীকাষ্ঠচন্দন অর্পণ পূর্ব্বক মালতীকুসুম দ্বারা পূজা করেন, তাঁহাকে পুনরায় আর সংসারবন্ধনে বন্দীভূত হইতে হয় না। ১২৪। শ্রীহরিকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান করিলে সেই চন্দন অর্চ্চকের পূর্ব্বশতজন্মসঞ্চিত পাতক নিঃশেষে দগ্ধ করিয়া ফেলে। তুলসীকাষ্ঠজনিত চন্দন শ্রীহরির ন্যায় অখিল সুরগণের, বিশেষতঃ পিতৃ-গণের নিরন্তর অভীপ্সিত হয়। ১২৫। দেহবিসর্জ্জনকালে যাহার শরীরে তুলসীচন্দন লিপ্ত থাকে, সে ব্যক্তি নিজে হরিসারূপ্য প্রাপ্ত হইয়া হরিকে লাভ করিয়া থাকে। ১২৬। হে নৃপতে! যাবৎ বিশুদ্ধ তুলসীকাষ্ঠচন্দন প্রত্যক্ষ না হয়, তাবৎ চন্দন ও কৃষ্ণাগুরু হরির

কলৌ যচ্ছন্তি যে বিষ্ণৌ তুলসীকাষ্ঠচন্দনং। ধুন্ধুমার ন বৈ মর্ত্ত্যাঃ পুনরায়াস্তি তে ভুবি ॥১২৮॥

যো হি ভাগবতো ভূত্বা কলৌ তুলসিচন্দনং।
নার্পয়তি সদা বিষ্ণোর্ন স ভাগবতো নরঃ ॥১২৯॥

প্রহ্লাদসংহিতায়াং।—

ন তেন সদৃশো লোকে বৈষ্ণবো বিদ্যতে ভুবি। যঃ প্রযচ্ছতি কৃষ্ণায় তুলসীকাষ্ঠচন্দনং।
তুলসীদারুজাতেন চন্দনেন কলৌ নরঃ। বিলিপ্য ভক্তিতো বিষ্ণুং রমতে সন্নিধৌ হরেঃ ॥১৩০॥
তুলসীকাষ্ঠজাতেন চন্দনেন বিলেপনং। যঃ কুর্য্যাদ্বিষ্ণুতোষায় কপিলাগোফলং লভেৎ ॥১৩১॥
তুলসীকাষ্ঠসম্ভূতং চন্দনং যস্তু সেবতে। মৃত্যুকালে বিশেষেণ কৃতপাপোঽপি মুচ্যতে ॥১৩২॥
যো দদাতি পিতৃণান্তু তুলসীকাষ্ঠচন্দনং। তেষাং স কুরুতে তৃপ্তিং শ্রাদ্ধে বৈ শতবার্ষিকীং॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ।—

তুলসীচন্দনাক্তাঙ্গঃ কুরুতে কৃষ্ণপূজনং। পূজনেন দিনৈকেন লভতে শতবার্ষিকীং॥
বিলেপনার্থং কৃষ্ণস্য তুলসীকাষ্ঠচন্দনং। মন্দিরে বসতে যস্য তস্য পুণ্যফলং শৃণু॥

তস্য শ্রীভগবৎপ্রিয়তামাহ তাবদিতি দ্বাভ্যাং। ভাতি শোভতে রোচতে বা ॥ ১২৭ ॥ বিশেষতঃ কলিকালে তদর্পণমাহাত্ম্যমাহ কলাবিতি। ভুবি ন পুনরায়াস্তি মুক্তা ভবন্তি, কিংবা শ্রীবৈকুণ্ঠ-লোক এব বসন্তীত্যর্থঃ। পূর্ব্বং মালতীসহিতস্য ফলমুক্তম্ অধুনা কেবলস্যৈবেতি ভেদঃ ॥১২৮॥ অতো বৈষ্ণবৈঃ কলাববশ্যমেব তদর্প্যমিত্যাহ যো হীতি॥ ১২৯॥ লোক ইতি সপ্তম্যন্তপাঠে ভুবি লাকে ভূর্লোক ইত্যর্থঃ। যদ্বা, ভুবি পৃথিব্যাং চতুর্দ্দশ-সংখ্যলোকেঽপি নাস্তীত্যর্থঃ॥ ১৩৯॥ বিষ্ণোস্তোষার্থং তস্য স্বস্যাপি বা বিলেপনং যঃ কুর্য্যাৎ, স কপিলাগোশতদানফলং লভতে ॥১৩১॥ বিশেষেণ মৃত্যুকালে যঃ সেবতে।

অঙ্গে শোভিত থাকে। যাবৎ হরির অঙ্গে তুলসীকাষ্ঠের চন্দন দৃষ্ট না হয়, তাবৎকালই কস্তূরিকার সৌরভ ও কর্পূরের সৌগন্ধ্য বিরাজ করে। ১২৭। হে ধুন্ধুমার! কলিযুগে যাহারা হরিকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান করে, তাঁহাদিগকে আর ধরাধামে উপস্থিত হইতে হয় না। ১২৮। কলিযুগে যে ব্যক্তি ভগবদ্ভক্ত হইয়া নিরন্তর হরিকে তুলসী-কাষ্ঠচন্দন প্রদান না করে, সে কদাচ ভগবানের ভক্ত হইতে পারে না। ১২৯। প্রহ্লাদসংহিতায় লিখিত আছে যে, যে ব্যক্তি শ্রীহরিকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান করেন, তৎসদৃশ বৈষ্ণব ধরাতলে লোকমধ্যে আর নাই। কলিযুগে হরিদেহে ভক্তিসহকারে তুলসীকাষ্ঠচন্দন লেপন করিলে হরি-সকাশে গমনপূর্ব্বক সুখ-সম্ভোগ করিতে পারে। ১৩০। যে ব্যক্তি বিষ্ণুপ্রীত্যর্থ তুলসীকাষ্ঠচন্দন লেপন করেন, তিনি কামধেনুদানের ফল প্রাপ্ত হন। ১৩১। তুলসীকাষ্ঠচন্দন সেবন করিলে, বিশেষতঃ মরণসময়ে দেহে লেপন করিলে, পাপী হইলেও তাহার মুক্তি লাভ হয়। ১৩২। যিনি শ্রাদ্ধকালে পিতৃগণের উদ্দেশে তুলসীকাষ্ঠচন্দন অর্পণ করেন, তদীয় পিতৃকুল শতবর্ষ যাবৎ সন্তুষ্ট থাকেন। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, দেহ তুলসীকাষ্ঠচন্দনে অনুলিপ্ত করত হরির অর্চ্চনা করিলে একদিবসের

তিলপ্রস্থাষ্টকং দত্ত্বা যৎ পুণ্যং চোত্তরায়ণে। তত্তুল্যং জায়তে পুণ্যং প্রসাদাচ্চক্রপাণিনঃ ॥১৩৩॥

দেয়ং মলয়জাভাবে শীতলত্বাৎ কদম্বজং। যথা কিঞ্চিৎ সুগন্ধিত্বাচ্চন্দনং দেবদারুজং ॥

গারুড়ে।— হরের্মলয়জং শ্রেষ্ঠমভাবে দেবদারুজং ॥ ১৩৪ ॥

অথানুলেপে নিষিদ্ধানি।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

দারিদ্র্যং পদ্মকং কুর্য্যাদস্বাস্থ্যং রক্তচন্দনং। উশীরং চিত্তবিভ্রংশমন্যে কুর্য্যুরুপদ্রবং ॥ ১৩৫ ॥

পদ্মকাদি ন দাতব্যমৈহিকং হীচ্ছতা সুখং। মুখ্যালাভে তু তৎ সর্ব্বং দাতব্যং ভগবৎপরৈঃ ॥

ততো ভগবতঃ কুর্য্যাদনুলেপাদনন্তরং। বিদ্বান্ বিচিত্রৈর্ব্যজনৈশ্চামরৈরপি বীজনং ॥

বীজনমাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

অনুলিপ্য জগন্নাথং তালবৃন্তেন বীজয়েৎ। বায়ুলোকমবাপ্নোতি পুরুষস্তেন কর্ম্মণা ॥

চামরৈর্বীজয়েদ্‌যস্তু দেবদেবং জনার্দ্দনং। তিলপ্রস্থপ্রদানস্য ফলমাপ্নোত্যসংশয়ং ॥ ১৩৭ ॥

বিশেষেণেতি তদানীং পাপান্তরাসম্ভবাদিনা সদ্যোমুক্তিসিদ্ধিঃ। যদ্বা। মৃত্যুকালেঽপি সেবতে, বিশেষেণেত্যস্য পরেণান্বয়ঃ ॥১৩২॥ কিঞ্চ য ইতি শ্রাদ্ধে যো দদাতি॥১৩৩॥ কদম্বজং চন্দনং ॥১৩৪॥

অন্যে দেবদার্ব্বাদয়ঃ উগ্রগন্ধয়ঃ বিহিতেভ্যোঽপরে বা ॥ ১৩৫ ॥ পূর্ব্বং চন্দনাগুরু-কর্পূর-কুঙ্কুমোশীর-পদ্মকৈরিত্যুশীরপদ্মকার্পণং বিহিতম্, অধুনা দারিদ্র্যং পদ্মকং কুর্য্যাদিতি নিষিদ্ধমিত্যেবং বিরোধে লিখতি পদ্মকেতি। পদ্মকাদি ন দাতব্যমিতি যৎ, এবার্থো হি শব্দঃ, তদৈহিকং সুখমিচ্ছতৈব ন দাতব্যমিত্যর্থঃ, ভগবৎপরৈস্তু দাতব্যমেব; কিন্তু মুখ্যানাং চন্দনাদীনামলাভে সতি। যথা পুষ্পাণ্যধিকৃত্যোক্তং পাদ্মে।—বিহিতপ্রতিষিদ্ধৈস্তু বিহিতালাভতোঽর্চ্চয়েদিতি তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। এবমধিকারিভেদাদিনা ন বিরোধ ইতি ভাবঃ ॥ ১৩৬ ॥ বিদ্বানিতি উষ্ণকালে কুর্য্যাৎ শীতলকালে চ নৈবেতি ভাবঃ। তচ্চাগ্রে লেখ্যমেব ॥

বস্ত্রেণ যদ্ব্যজনং তেন বস্ত্রনির্ম্মিতব্যজনেনেত্যর্থঃ। যদ্বা। অথ শব্দো বিকল্পে ব্যজনেন

অর্চ্চনাতেই শতবর্ষকৃত অর্চ্চনার ফল প্রাপ্ত হওয়া যায়। শ্রীহরির অঙ্গলেপনার্থ যাঁহার আলয়ে তুলসীকাষ্ঠের চন্দন বিদ্যমান থাকে, তদীয় পুণ্যফলের বিষয় অবধান কর। উত্তরায়ণসংক্রান্তি-দিবসে অষ্টপ্রস্থপরিমিত তিল প্রদান করিলে যে পুণ্য হয়, চক্রপাণি হরির প্রীতি সঞ্চার হইলে তৎসদৃশ পুণ্য লাভ হইয়া থাকে। ১৩৩। যদি মলয়জ চন্দনের অভাব হয়, তাহা হইলে কদম্বকাষ্ঠজনিত চন্দন দিবে, কেন না, উহা শীতল বলিয়া প্রকীর্ত্তিত। যৎকিঞ্চিৎ সুগন্ধি থাকা হেতু দেবদারুর চন্দনকেও চন্দন বলা যায়। গরুড়পুরাণে লিখিত আছে যে, বিষ্ণুর অর্চ্চনাক্রিয়ায় মলয়জ চন্দনই প্রশংসনীয়, তাহার অভাব হইলে দেবদারুচন্দন গ্রাহ্য। ১৩৪।

অতঃপর অনুলেপনক্রিয়ায় নিষিদ্ধদ্রব্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, পদ্মকাষ্ঠ দারিদ্র্য উৎপাদন করে, রক্তচন্দন স্বাস্থ্যহানিকর, উশীর চিত্তবিভ্রমকর এবং অপরাপর (দেবদারু প্রভৃতি) উগ্রগন্ধবিশিষ্ট বস্তু উপদ্রবকারক।১৩৫। ঐহিক-সুখেচ্ছু ব্যক্তিরা পদ্মাদিকাষ্ঠ অর্পণ

ব্যজনেনাথ বস্ত্রেণ সুভক্ত্যা মাতরিশ্বনা। দেবদেবস্য রাজেন্দ্র কুরুতে তাপবারণং॥
তৎকুলে যমলোকে তু শমতে নারকো দরঃ। বায়ুলোকান্মহীপাল ন চ্যুতির্বিদ্যতে পুনঃ॥
চলচ্চামরবাতেন কৃষ্ণং সন্তোষয়েন্নরঃ॥ ১৩৮॥
তস্যোত্তমাঙ্গং দেবেশ স্তবতে স্বমুখেন বৈ। উষ্ণকালে ত্বিদং জ্ঞেয়ং যৎ সন্তঃ পৌষমাঘয়োঃ॥
শীতলত্বান্মলয়জমপি নৈবার্পয়ন্তি হি॥
তথা চোক্তং।— ন শীতে শীতলং দেয়ং॥ ইতি॥১৩৯॥
ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে স্নাপনিকো নাম ষষ্ঠো বিলাসঃ॥ ৬॥

তালবৃন্তাদিনা বস্ত্রেণ বা ব্যজনরূপেণৈব যো মাতরিশ্বা বাতস্তেন তাপস্য উষ্ণতায়া বারণং যঃ কুর্য্যাৎ। তাপস্য প্রায়ো ঘর্ম্মকালেঽনুলেপনস্য বিশেষতোঽর্পণাৎ। ততশ্চ প্রস্বেদোত্তবাত্তদ্বারণং যুক্তমেব। যমলোকে যো নারকঃ নরকসম্বন্ধী দরো ভয়ং শমতে শাম্যতি॥১৩৭-১৩৮॥ উত্তমং বীজনেনোৎকৃষ্টতাং প্রাপ্তম্ অঙ্গং হস্তং দেহং বা স্তৌতি। ইদম্ অনুলেপনানন্তরং বীজনং। যদ্যস্মাৎ॥ ১৩৯॥

ইতি ষষ্ঠো বিলাসঃ॥ ৬॥

করিবেন না। যদি মুখ্যবস্তুর অভাব হয়, তাহা হইলে ভগবদ্ভক্ত ব্যক্তিরা ঐ সকল নিষিদ্ধ সামগ্রী অর্পণ করিবেন। ১৩৬। সুধী ব্যক্তি অনুলেপনান্তে বিচিত্র ব্যজন ও চামর দ্বারা প্রভুকে বীজন করিবেন।

অনন্তর বীজনমাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হরিকে অনুলেপন প্রদান পূর্ব্বক তালবৃন্তযোগে বীজন করিতে হয়। এই কর্ম্মের ফলে মানব বায়ুলোকে বসতি প্রাপ্ত হয়। চামর দ্বারা দেবদেব হরিকে বীজন করিলে নিঃসন্দেহ একপ্রস্থপরিমিত তিলদানের ফল হইয়া থাকে। ১৩৭। হে নৃপতে! যিনি ভক্তি সহকারে বসন-ব্যজনের অনিলযোগে দেবদেব হরির তাপ দূর করেন, তদীয় বংশে যমলোকের তাপ বিদ্যমান থাকে না। হে নৃপতে! চলিত চামরানিল দ্বারা হরির প্রীতিবিধান করিলে বায়ুলোক হইতে আর সেই বীজনকারীর পতন হয় না। ১৩৮। দেবদেব স্বীয় মুখে তদীয় অত্যুত্তম হস্তের প্রশংসা করিয়া থাকেন। গ্রীষ্মঋতুই এই বীজনে প্রশস্ত; কেন না, সাধুগণ পৌষ ও মাঘমাসে শীতল বলিয়াই চন্দনলেপনে নিষেধ করিয়া থাকেন। সুতরাং উক্ত আছে যে, শীতঋতুতে শীতল দ্রব্য নিবেদনীয় নহে। ১৩৯।

ইতি স্নাপনিক নাম ষষ্ঠ বিলাস সমাপ্ত।

সপ্তমবিলাসঃ।

কুমনাঃ সুমনস্ত্বং হি যাতি যস্য পদাব্জয়োঃ। সুমনোঽর্পণমাত্রেণ তং চৈতন্যপ্রভুং ভজে॥ ১॥
শ্রীমদঙ্গানি তৈর্ভক্ত্যা সমালিপ্যানুলেপনৈঃ। নিবেদ্যোত্তমপুষ্পাণি তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ॥

অথ পুষ্পাণি।

নারসিংহে।— পুষ্পৈররণ্যসম্ভূতৈস্তথা নগরসম্ভবৈঃ।
অপর্য্যুষিতনিশ্ছিদ্রৈঃ প্রোক্ষিতৈর্জন্তুবর্জিতৈঃ।
আত্মারামোদ্ভবৈর্বাপি পূতৈঃ সংপূজয়েদ্ধরিং॥ ২॥

বামনপুরাণে শ্রীপ্রহ্লাদবলিসংবাদে।—
তান্যেব সুপ্রশস্তানি কুসুমানি মহাসুর। যানি স্যুর্বর্ণযুক্তানি রসগন্ধযুতানি চ॥
জাতী শতাঙ্গা সুমনাঃ কুন্দং চারুপুটং তথা। বাণঞ্চ চম্পকাশোকং করবীরঞ্চ যূথিকা॥
পারিভদ্রং পাটলা চ বকুলং গিরিশালিনী। তিলকং জাম্বনজং পীতকং তগরন্তথা॥
এতানি সুপ্রশস্তানি কুসুমান্যচ্যুতার্চ্চনে। সুরভীণি তথান্যানি বর্জয়িত্বা তু কেতকীং॥ ৩॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—
কুঙ্কুমস্য চ পুষ্পাণি বন্ধুজীবস্য চাপ্যথ। চম্পকস্য চ দেয়ানি তথা ভূচম্পকস্য চ॥
পীতযূথিকজান্যেব যানি বৈ নীপজান্যপি। মঞ্জর্য্যঃ সহকারস্য তথা দেয়া জনার্দ্দনে॥
মল্লিকা কুব্জকুসুমমতিমুক্তকমেব চ। সর্ব্বাশ্চ যূথিকাজাত্যো মল্লিকাজাত্য এব চ॥

বিচিত্রপুষ্পপ্রদানপ্রকরণলিখনসৌষ্ঠবায় নিজেষ্টদেবরূপং পরমগুরুবরং শরণং যাতি কুমনা ইতি। সুমনসাং পুষ্পাণামর্পণমাত্রেণ সুমনস্ত্বমিতি শ্লেষেণ পদাব্জয়োঃ পুষ্পবৎ সংসক্ততয়া প্রিয়তমত্বমভিপ্রেতং॥১॥ তৈর্লিখিতৈর্ভক্ত্যা প্রীত্যা অভক্তিচ্ছেদেন বা। তস্য পুষ্পনিবেদনস্য মুদ্রাং।
অপর্য্যুষিতৈর্নিশ্ছিদ্রৈশ্চ অবিদীর্ণদলৈঃ আত্মনঃ আরামঃ উপবনং তদুদ্ভবৈঃ॥ ২॥ শতাঙ্গা শতপত্রিকা, চারুপুটং কর্ণিকারং, বাণং ঝিণ্টীভেদঃ। পারিভদ্রং পলহদেতি প্রসিদ্ধং। গিরিশালিনী শ্বেতকুটজং, জাম্বনজং জবাকুসুমং, পীতকং পিয়লীতি প্রসিদ্ধং। কেতকীমিতি বনকেতকীং॥৩॥

যাঁহার চরণকমলদ্বয়ে পুষ্প প্রদানমাত্রেই কুমনা ব্যক্তিও সুমতি প্রাপ্ত হয়, সেই চৈতন্যদেবকে ভজনা করি। ১। ভক্তিসহকারে পূর্ব্বকথিত অনুলেপনসামগ্রীসমূহদ্বারা প্রভুর শ্রীঅঙ্গ লেপন পূর্ব্বক উৎকৃষ্ট কুসুম নিবেদন করত পুষ্পদানমুদ্রা প্রদর্শন করিবে।

অনন্তর নিষিদ্ধপুষ্প।—সামান্যতঃ বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, শ্মশানতরুজাত অথবা চৈত্যবৃক্ষোৎপন্ন * পুষ্প, ভূপতিত পুষ্প ও কলিকা, দেবদেব জনার্দ্দনকে এ সকল প্রদান করিতে

---

* চৈত্যবৃক্ষ—যাহার তল বাঁধান ও পূজা করা হয়।

নারদীয়ে রাক্ষসীশপথে।—

পারক্যারামজাতৈশ্চ কুসুমৈরর্চ্চয়েৎ সুরান্। তেন পাপেন লিপ্যেয়ং যদ্যেতদনৃতং বদে॥

জ্ঞানমালায়াং।—

কলিকাভিস্তথা নৈব্যাং বিনা চম্পকজৈঃ শুভৈঃ।

শুষ্কৈর্ন পূজয়েদ্বিষ্ণুঃ পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপি॥ ইতি॥ ৪৮

জাতিযূথ্যোস্তথা মল্লীনবমালিকয়োরপি। কলিকাভির্হরের্ভক্তৈঃ সৌরভ্যাৎ কৈশ্চিদিষ্যতে॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

বিষ্ণুরহস্যে।—

ন শুক্লৈঃ পূজয়েদ্বিষ্ণুং কুসুমৈর্ন মহীগতৈঃ। নাবিশীর্ণদলৈঃ ক্লিষ্টৈর্ন চৈবাশুবিকাসিতৈঃ॥৪৯॥

পাদ্মে।—কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ। বর্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনং॥

গন্ধবন্ত্যপবিত্রাণি উগ্রগন্ধীনি বর্জয়েৎ॥ ৫০॥ গন্ধহীনমপি গ্রাহ্যং পবিত্রং যৎ কুশাদিকং॥

বৈহায়সপঞ্চরাত্রে।—

চতুষ্পথ-শিবাবাস-শ্মশানাবনিমধ্যতঃ। সুগন্ধিফলপুষ্পাণি নাদদীতার্চ্চনে হরেঃ॥ ৫১॥

পাঠে হে ধর্ম্মজ্ঞা ইতি তত্রত্যনাং সম্বোধনং॥ ৪৮॥ আশুবিকাসিতৈঃ বলাদ্বিকাসিতৈঃ॥ ৪৯॥ কীটস্য কোষরূপাবাসেন অপবিদ্ধানি দূষিতানি পুষ্পাণি শীর্ণানি পর্য্যুষিতানি চ। যদ্যপি শোভন-মুত্তমং। অপবিত্রাণি চেৎ গন্ধবন্ত্যপি পুষ্পাণি বর্জয়েৎ॥ ৫০॥ চতুষ্পথাদেরবনির্ভূমিস্তন্মধ্যান্ন

নাই। শুভ্রবর্ণ ব্যতীত অন্যবর্ণের পুষ্প প্রদান করিবে না। কণ্টকতরূৎপন্ন পুষ্প শুভ্রবর্ণ ও সুগন্ধপূর্ণ হইলে প্রদান করিতে পারে। যে সমস্ত কণ্টকতরূৎপন্ন পুষ্পদানের বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্ব্যতীত অন্য রক্তবর্ণ পুষ্প দিলে অসৌভাগ্য প্রাপ্ত হইয়া থাকে। তীব্রগন্ধপূর্ণ পুষ্প প্রদান করিলে নিত্যোদ্বিগ্ন থাকিতে হয়। গন্ধবিহীন কুসুম অর্পণ করিলে অতীব অমঙ্গল ঘটে। বিষ্ণুধর্ম্মোত্তরের তৃতীয় কাণ্ডে লিখিত আছে যে, তীব্রগন্ধপূর্ণ বা গন্ধরহিত পুষ্প অনি-বেদ্য। অপরের গৃহোৎপন্ন ও কণ্টকিতরূৎপন্ন পুষ্পও প্রদান করিবে না। ৪৭। হে ধর্ম্মনিষ্ঠ-গণ! রক্তবর্ণ পুষ্প, চৈত্যতরুজাত পুষ্প, অকালোৎপন্ন পুষ্প এবং গন্ধবিহীন পুষ্প প্রদান করিতে নাই। নারদপুরাণে রাক্ষসীর শপথে লিখিত আছে যে, আমি যদি মিথ্যা কহি, তবে অন্য ব্যক্তির উদ্যানজাত পুষ্প দ্বারা দেবতার পূজা করিলে যে পাতক হয়, আমিও যেন সেই পাপে নিমগ্ন হই। জ্ঞানমালায় লিখিত আছে যে, চম্পক ব্যতীত অন্যপুষ্পের কলিকা দ্বারা অর্চ্চনা করিবে না এবং শুষ্ক পত্র, বা শুষ্ক ফুল দ্বারা অর্চ্চনা করিতে নাই। জাতি, যূথী, মল্লিকা ও নবমল্লিকা এই সমস্ত কুসুমের কলিকার গন্ধও অত্যুত্তম; এই হেতু কোন কোন ভগবদ্ভক্ত উহা নিবেদন করিতে মত দিয়া থাকেন। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, শুভ্রবর্ণ পুষ্প ভূপতিত হইলে তদ্দ্বারাও হরির অর্চ্চনা করিবে না। যাহার দল অবিকসিত, যাহা ক্লিষ্ট ও যাহা বল-পূর্ব্বক বিকাসিত, তাদৃশ পুষ্প দ্বারা অর্চ্চনা অকর্ত্তব্য।৪৯। পদ্মপুরাণে লিখিত আছে যে, যাহা কীটকোষোপবিদ্ধ, সুতরাং দূষিত, যাহা শীর্ণ, যাহা পর্য্যুষিত এবং যাহা ঊর্ণনাভ কর্ত্তৃক বাসিত,

ন বিশীর্ণদলৈঃ শ্লিষ্টৈর্নাশুভৈর্নাবিকাসিভিঃ। পূতিগন্ধ্যুগ্রগন্ধীনি অম্লগন্ধানি বর্জয়েৎ॥ ৫২॥
কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ। ভগ্নপত্রঞ্চ ন গ্রাহ্যং কৃমিদুষ্টং ন চাহরেৎ॥
বর্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনং। স্থলস্থং নোদ্ধরেৎ পুষ্পং ছেদয়েজ্জলজং ন তু।
যানি স্পৃষ্টানি চাস্পৃশ্যৈর্লোকাযুক্তৈশ্চ বর্জয়েৎ॥ ৫৩॥

অত্রাপবাদঃ।

জ্ঞানমালায়াং।—

ন পর্য্যুষিতদোষোঽস্তি জলজোৎপলচম্পকে। তুলস্যগস্ত্যবকুলে বিল্বে গঙ্গাজলে তথা॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ।—

ন গৃহে করবীরস্থৈঃ কুসুমৈরর্চ্চয়েদ্ধরিং। পতিতৈর্ম্মুকুলৈর্ম্লানৈঃ শ্বাসৈর্বা জন্তুদূষিতৈঃ।
আঘ্রাতৈরঙ্গসংস্পৃষ্টৈর্দূষিতৈশ্চৈব নার্চ্চয়েৎ॥ ৫৪॥

গৃহ্নীয়াৎ॥ ৫১॥ বিশীর্ণদলাদিভিঃ পুষ্পৈর্ন পূজা কার্য্যেতি শেষঃ। শ্লিষ্টৈঃ অন্যোন্যসংলগ্নৈঃ॥ ৫২॥ নোদ্ধরেৎ মূলতো নোৎপাটয়েৎ। লোকে অযুক্তৈর্নিন্দ্যৈশ্চ স্পৃষ্টানি পুষ্পাণি বর্জয়েৎ॥ ৫৩॥

গৃহে যঃ করবীরঃ শ্বেতপুষ্পো রক্তপুষ্পশ্চ তৎস্থৈস্তদীয়ৈরিত্যর্থঃ। অতএবোক্তং বারাহে।—বন্ধূককরবীরে চ ন গৃহে রোপয়েৎ ক্বচিদিতি। শ্বাসৈর্জন্তুভির্ব্বা দূষিতৈরিত্যর্থঃ। অঙ্গেন স্বীয়-হস্তব্যতিরিক্তেন গাত্রেণ সংস্পৃষ্টৈঃ দূষিতৈশ্চ নিন্দিতৈঃ॥ ৫৪॥

তাদৃশ পুষ্প দ্বারা পূজা করিবে না। অপবিত্র সুগন্ধি কুসুম অথবা তীব্রগন্ধি পুষ্প প্রদানও অকর্ত্তব্য। ৫০। কুশাদি পুষ্প গন্ধহীন, কিন্তু পবিত্র, এই হেতু তৎসমস্ত নিবেদন করিতে পারে। বৈহায়সপঞ্চরাত্রে লিখিত আছে যে, হরিপূজার্থ চতুষ্পথ, মহাদেবের বাসস্থান ও শ্মশানভূমি হইতে সুগন্ধপূর্ণ ফল কুসুম গ্রহণ করিতে নাই। ৫১। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যে সমস্ত কুসুমের দল শীর্ণ, যাহার দল পরস্পর লগ্ন, যাহা অশুদ্ধ অথবা যাহা অবিকসিত, তৎসমস্তদ্বারা অর্চ্চনা করিতে নাই এবং পূতিগন্ধপূর্ণ, তীব্রগন্ধবিশিষ্ট পুষ্পও প্রদান করিবে না। ৫২। কীটকোষোপবিদ্ধ অর্থাৎ যে পুষ্পের অভ্যন্তরে কীটকোষ বিদ্যমান থাকা নিবন্ধন দূষিত হইয়াছে, তাহা আহরণ করিতে নাই। যাহা শীর্ণ, পর্য্যুষিত, ভগ্নপত্র ও কৃমিদুষ্ট, তাহাও গ্রহণ করিবে না। যে পুষ্পের মধ্যে উর্ণনাভ অবস্থিতি করে, তাহা সুদৃশ্য হইলেও পরিত্যাগ করিবে। স্থলজাত পুষ্প সমূলে উৎপাটন করিতে নাই এবং জলজপুষ্প ছেদন করা অকর্ত্তব্য। যে সমস্ত পুষ্পে অস্পৃশ্য বস্তু অথবা লোকবিগর্হিত বস্তু স্পৃষ্ট হইয়াছে, তাহা বর্জ্জন করিবে। ৫৩।

এতদ্বিষয়ের ব্যবস্থাবিশেষ।—জ্ঞানমালায় লিখিত আছে যে, পদ্ম, উৎপল, তুলসী, বক ও বকুলকুসুম এবং বিল্বপত্র ও গঙ্গোদক পর্য্যুষিত হইলেও দোষ হয় না। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, গৃহস্থিত শুভ্র অথবা রক্তকরবীর-তরূৎপন্ন পুষ্প দ্বারা শ্রীহরির অর্চ্চনা করিতে নাই। ভূপতিত, অবিকসিত, ম্লান, শ্বাসদুষ্ট, জন্তুদুষ্ট, আঘ্রাত, অঙ্গসংস্পৃষ্ট অথবা গর্হিত, এই সমস্ত পুষ্প দ্বারাও পূজা করা নিষিদ্ধ। ৫৪।

অথ বিশেষতো নিষিদ্ধানি।

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে।—

ক্রকরস্থ চ পুষ্পাণি তথা ধুস্তূরকস্ত চ। কৃষ্ণঞ্চ কুটজং চার্কং নৈব দেয়ং জনার্দ্দনে॥ ৫৫॥

কিঞ্চান্যত্র।—

নার্কং নোন্মত্তকং ঝিণ্টিং তথৈব গিরিকর্ণিকাং। ন কণ্টকারিকাপুষ্পমচ্যুতায় নিবেদয়েৎ।

কুটজং শাল্মলীপুষ্পং শিরীষঞ্চ জনার্দ্দনে। নিবেদিতং ভয়ঞ্চোগ্রং নিঃস্বত্বঞ্চ প্রযচ্ছতি॥

স্কান্দে তত্রৈব।—

যেঽর্চ্চয়ন্তি ত্রিলোকেশমর্কপুষ্পৈর্জনার্দ্দনং। তেভ্যঃ ক্রুদ্ধো ভয়ং দুঃখং ক্রোধং বিষ্ণুং প্রযচ্ছতি॥

উন্মত্তকেন যে মূঢ়াঃ পূজয়ন্তি ত্রিবিক্রমং। উন্মাদং দারুণং তেভ্যো দদাতি গরুড়ধ্বজঃ॥

কাঞ্চনাবয়বৈঃ পুষ্পৈর্যেঽর্চ্চয়ন্ত্যসুরদ্বিষং। দারিদ্র্যং দুঃখবহুলং তেষাং বিষ্ণুঃ প্রযচ্ছতি॥

গিরিকর্ণিকয়া বিষ্ণুং যেঽর্চ্চয়ন্ত্যবুধা নরাঃ। তেষাং কুলক্ষয়ং ঘোরং কুরুতে মধুসূদনঃ॥ ৫৬॥

অথ পুষ্পগ্রহণকালাদি।

মধ্যাহ্নে স্নানমাচর্য্য কুসুমৈস্তু সমাহৃতৈঃ। নৈব সংপূজয়েদ্বিষ্ণুং যন্নিষিদ্ধানি তান্যপি॥ ৫৭॥

তথা চ স্কান্দে। তত্রৈব।—

স্নানং কৃত্বা তু যৎ কিঞ্চিৎ পুষ্পং গৃহ্ণন্তি বৈ নরাঃ। দেবতাস্তন্ন গৃহ্ণন্তি পিতরঃ খলু বৈ দ্বিজ।

ঋষয়স্তন্ন গৃহ্ণন্তি ভস্মীভবতি কাষ্ঠবৎ॥ ইতি॥ ৫৮॥

ক্রকরস্থ করবীরস্থ॥ ৫৫॥ নিঃসত্ত্বমিতি পাঠে নিঃসত্ত্বতামিত্যর্থঃ॥ ৫৬॥

অপিশব্দঃ পূর্ব্বনিষিদ্ধাপেক্ষয়া সমুচ্চয়ে। তানি মধ্যাহ্নস্নানানন্তরমাহৃতানি কুসুমানি॥ ৫৭॥

অনন্তর বিশেষতঃ নিষিদ্ধ পুষ্প।—বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে লিখিত আছে যে, করবীর, ধুস্তূর, কৃষ্ণবর্ণ কুটজ ও অর্ক এই সমস্ত পুষ্প হরিকে প্রদান করিবে না। ৫৫। অন্যত্রও লিখিত আছে যে, অর্ক, ধুস্তূর, ঝিণ্টী, গিরিকর্ণিকা ও কণ্টকারি পুষ্প হরিকে প্রদান করিতে নাই। কুটজ, শাল্মলী ও শিরীষপুষ্প হরিকে প্রদান করিলে মহাভয় উৎপন্ন হয় এবং নির্ধনত্ব সঞ্চার হইয়া থাকে। স্কন্দপুরাণের উক্ত স্থানেই লিখিত আছে যে, যে সকল ব্যক্তি অর্কপুষ্প দ্বারা ত্রিলোকপতি হরির অর্চ্চনা করেন, হরি কুপিত হইয়া তাহাদিগকে ভয়, কষ্ট ও শাস্তি প্রদান করিয়া থাকেন। সে সমস্ত মূর্খ ধুস্তূর পুষ্প দ্বারা অর্চ্চনা করে, গরুড়ধ্বজ জনার্দ্দন তাহাদিগকে ভীষণ উন্মাদরোগ প্রদান করেন। যে সকল ব্যক্তি কাঞ্চনাকৃতি পুষ্পসমূহ দ্বারা দৈত্যনিসূদন কেশবের অর্চ্চনা করে, হরি তাহাদিগকে বহুতর দারিদ্র্যযন্ত্রণা প্রদান করেন। যাহারা গিরিকর্ণিকা পুষ্প দ্বারা মাধবের অর্চ্চনা করে, হরি ভীষণরূপে তাহাদিগের বংশ নাশ করিয়া থাকেন। ৫৬।

অতঃপর পুষ্পচয়নের কালাদি।—মধ্যাহ্নসময়ে স্নানান্তে আহৃত পুষ্প দ্বারা এবং নিষিদ্ধ পুষ্প দ্বারা হরির অর্চ্চনা করিবে না। ৫৭। স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে যে, হে বিপ্র! স্নানান্তে যে পুষ্প চয়ন করা হয়, সুরগণ, পিতৃগণ ও ঋষিগণ কদাচ তাহা গ্রহণ

কুসুমানামলাভে তু চৌর্য্যাদানং ন দুষ্যতি। দেবতার্থন্তু কুসুমমস্তেয়ং মনুরব্রবীৎ ॥ ৫৯ ॥

তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াং।—

পুষ্পে শাকোদকে কাষ্ঠে তথা মূলে ফলে তৃণে। অদত্তাদানমস্তেয়ং মনুঃ প্রাহ প্রজাপতিঃ ॥৬০॥

গ্রহীতব্যানি পুষ্পাণি দেবার্চ্চনবিধৌ দ্বিজাঃ। নৈকস্মাদেব নিয়তমননুজ্ঞাপ্য কেবলম্॥ইতি ॥৬১॥

বিহিতেষু নিষিদ্ধানাং বিহিতালাভতো মতং ॥ কুসুমানামুপাদানং নিষিদ্ধানাং ন কর্হিচিৎ ॥৬২॥

বিহিতপ্রতিষিদ্ধৈস্তু বিহিতালাভতোঽর্চ্চয়েৎ ॥ ৬৩ ॥

নিষিদ্ধপুষ্পসংগ্রহশ্লোকৌ।

ক্লিষ্টং পর্য্যুষিতঞ্চ ভূমিপতিতং ছিদ্রঞ্চ কীটান্বিতং,যৎ কেশোপহতঞ্চ গন্ধরহিতং যচ্চোগ্রগন্ধান্বিতং।

খল্বিতি সমুচ্চয়ে পিতরশ্চ ন গৃহ্নন্তি। ভস্মীভবতি বিফলং স্যাদিত্যর্থঃ ॥ ৫৮ ॥ ধর্ম্মার্জ্জিতধনক্রীতৈরিত্যাদিবচনৈর্ন্যায়োপার্জ্জিতানি কুসুমানি দেবপূজায়াং বিহিতানি তত্র ধনাদ্যভাবে কিং কর্ত্তব্যং তত্র লিখতি কুসুমানামিতি। চৌর্য্যেণ আদানং গ্রহণং অস্তেয়মিতি চৌর্য্যেণানীতমপি চোরিতং ন ভবতি। অতএবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে।—যথাকথঞ্চিদাহৃত্য কুসুমৈরর্চ্চয়েদ্ধরিমিতি ॥ ৫৯ ॥ অদত্তস্যাপ্যাদানং ॥ ৬০ ॥ কিঞ্চ তত্রৈব বিশেষমাহ গ্রহীতব্যানীতি। এবং ভগবদর্থমেব শাকাদীনামাদানমদুষ্টমিতি জ্ঞেয়ং স্বার্থে তু দোষ এব। তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্রো হ্যন্যথা পতিতো ভবেৎ। ইতি। অতএব তত্রৈব।—তৃণং বা যদি বা শাকং মূলংবা জলমেব বা। পরস্যাপহরন্ জন্তুর্নরকং প্রতিপদ্যত ইতি॥৬১॥ নমু বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে অন্যায়তনজাতানি পুষ্পাণি নিষিদ্ধানি, স্কান্দাদৌ চ কণ্টক্যাদীনি বিহিতানি সন্তি, তথা বামনপুরাণাদৌ বন্ধূকজবাপুষ্পয়োর্নিষেধঃ শ্রূয়তে, তে চাত্র বিষ্ণুধর্ম্মোত্তরাদৌ বিহিতে এব; ইত্যেবমাদিবিরোধে কথং ব্যবহর্ত্তব্যং তত্র লিখতি বিহিতেষ্বিতি। শাস্ত্রৈর্বিহিতেষু কুসুমেষু মধ্যে নিষিদ্ধানাং কুসুমানামুপাদানং গ্রহণং বিহিতানামলাভতো হেতোঃ অলাভে বা সতি মতং বুধৈঃ। বিহিতানাং লাভে সতি চ তানি নিষিদ্ধানি ন গ্রাহ্যাণ্যেব। যানি চ কেবলং সর্ব্বত্র নিষিদ্ধান্যেব তেষাং কদাচিদপ্যুপাদানং ন মতমিত্যর্থঃ॥ ৬২ ॥ বিহিতেষু মধ্যে প্রতিষিদ্ধৈর্নিষিদ্ধৈঃ পুষ্পৈঃ বিহিতানামলাভে সতীত্যর্থঃ। অর্চ্চয়েদ্দেবং ॥ ৬৩ ॥

করেন না, উহা কাষ্ঠবৎ ভস্মীভূত হইয়া যায়। ৫৮। যদি পুষ্প অপ্রাপ্য হয়, তবে চুরি করিয়াও আনিতে পারে, তাহাতে দোষ নাই। মনু বলিয়া গিয়াছেন যে, দেবতার উদ্দেশে পুষ্পচৌর্য্যকে চৌর্য্যমধ্যে গণনা করা যায় না। ৫৯। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে যে, প্রজাপতি মনু কহিয়াছেন, পুষ্প, শাক, জল, কাষ্ঠ, মূল, ফল ও তৃণ এই সকল দ্রব্য কেহ প্রদান না করিলেও যদি আনয়ন করে, তাহাতে চৌর্য্য করা হয় না। ৬০। হে বিপ্রগণ! দেবপূজার্থ না বলিয়া কেবল এক ব্যক্তির উদ্যান হইতে পুষ্প গ্রহণ করিতে নাই। ৬১। শাস্ত্রবিহিত পুষ্প অপ্রাপ্য হইলে নিষিদ্ধ পুষ্পও গ্রহণ করিতে পারে, কিন্তু যে সমস্ত পুষ্প একেবারে নিষিদ্ধ, তাহা গ্রহণযোগ্য নহে। ৬২। বিহিতপুষ্পের অভাবে তন্মধ্যে নিষিদ্ধ পুষ্প দ্বারা অর্চ্চনা করিবে। ৬৩।

হস্তে যদ্বিধৃতং প্রণামসময়ে যদ্বামহস্তে কৃতং, যচ্চান্তর্জলধৌ তমর্চ্চনবিধৌ পুষ্পঞ্চ তদ্বর্জয়েৎ ॥

ভঙ্‌ক্ত্বা যদ্বিটপাদিকং ক্ষিতিরুহং চোৎপাট্য যচ্চাহৃতং,
যচ্চাক্রম্য সমাহৃতং তদখিলং পুষ্পং ভবত্যাসুরং ॥
চৌর্য্যাকৃষ্টমনুক্তিদুষ্টমশুচিস্পৃষ্টং যদপ্রোক্ষিতং,
যচ্চাঘ্রাতমধোঽম্বরে বিনিহতং ক্রীতঞ্চ তদ্বর্জয়েৎ ॥

পত্রাণি চার্পয়েদ্দূর্ব্বাদ্যঙ্কুরানপি ভক্তিতঃ। কিন্তু শ্রীতুলসীপত্রং সর্ব্বত্রৈব বিশেষতঃ ॥

অথ পত্রাণি।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

পুষ্পাভাবেন যো দদ্যাদত্র দূর্ব্বাঙ্কুরানপি। সোঽপি পুণ্যমবাপ্নোতি পুষ্পদানস্য বৈ দ্বিজাঃ ॥
পুষ্পাভাবে হি দেয়ানি পত্রাণ্যপি জনার্দ্দনে। পত্রাভাবে পয়ো দেয়ং তেন পুণ্যমবাপ্নুয়াৎ ॥

নিবেদ্য ভক্ত্যা মধুসূদনায়, দ্রুমচ্ছদং বাপ্যথ সৎপ্রসূনং।
দূর্ব্বাঙ্কুরং বা সলিলং দ্বিজেন্দ্রাঃ, প্রাপ্নোতি তত্তন্মনসা যথেচ্ছতি ॥ ৬৪ ॥

তত্রৈব তৃতীয়কাণ্ডে।—

ভৃঙ্গরাজস্য বিল্বস্য বকপুষ্পস্য চ দ্বিজাঃ। জম্ব্বাম্রবীজপূরাণাং পত্রাণি বিনিবেদয়েৎ ॥
এতেষামপি চৈকস্য পত্রদানং মহাফলং। পত্রাণি সসুগন্ধানি পল্লবানি মৃদূনি চ।

তেন পুণ্যমবাপ্নোতি পুষ্পদানসমুদ্ভবং ॥ ৬৫ ॥

দ্রুমস্য চ্ছদং পত্রং, প্রসূনং পুষ্পং ॥ ৬৪ ॥ তেষাং মধ্যে একস্য কস্যচিৎ পল্লবানি চ নিবেদয়েদিতি

নিষিদ্ধকুসুমাহরণবিষয়ে দুইটী শ্লোক যথা,—শুষ্ক, অথবা দলিত, পর্য্যুষিত, ভূপতিত, ছিদ্রান্বিত, কীটবিশিষ্ট, কেশদুষ্ট, গন্ধহীন, উগ্রগন্ধযুক্ত ও যে পুষ্প করে লইয়া প্রণাম করা হইয়াছে এবং যাহা সলিলমগ্ন করত ধৌত করা হইয়াছে, সেই পুষ্প অর্চ্চনাবিষয়ে বর্জ্জন করিবে। শাখা প্রভৃতি ভগ্ন করিয়া, বৃক্ষ উৎপাটন করিয়া এবং তরুপরি আরূঢ় হইয়া যে পুষ্প আহৃত হয়, তৎসমস্ত অসুরগ্রাহ্য। চৌর্য্যদ্বারা সংগৃহীত, অধিকারীর অজ্ঞাতে আনীত, অপবিত্র দ্রব্যসংস্পৃষ্ট, অপ্রোক্ষিত, আঘ্রাত, অধোবসনে স্থাপিত অথবা ক্রীত পুষ্প পরিবর্জ্জন করিবে। পত্র ও দূর্ব্বাঙ্কুরাদি দ্বারাও ভক্তি সহকারে অর্চ্চনা করিতে হয়; কিন্তু বিশেষতঃ সর্ব্বত্রই তুলসীপত্র দ্বারা অর্চ্চনা করিবে।

অনন্তর পত্রসমূহ।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে বিপ্রগণ! যে ব্যক্তি পুষ্পের অভাবে দূর্ব্বাঙ্কুর সমস্ত নিবেদন করেন, তাঁহারও পুষ্পপ্রদানের ফল-প্রাপ্তি হয়। হরিকে পুষ্পের অভাবে পত্র এবং পত্রাভাবে সলিল প্রদান করিবে, তাহাতেও পুণ্যসঞ্চয় হইয়া থাকে। হে দ্বিজসত্তমগণ! তরুপত্র, উৎকৃষ্টপুষ্প, দূর্ব্বাঙ্কুর কিংবা জল ভক্তি সহকারে একান্তমনে কেশবকে অর্পণ করিলে অভীপ্সিত লাভ করিতে পারে। ৬৪। বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে লিখিত আছে যে, ভৃঙ্গরাজ, বিল্ব, বক, জম্বু, আম্র ও জম্বীরপত্র প্রদান করিবে। এই সকলের মধ্যে একটী তরুর পত্র দিলেও মোক্ষফল প্রাপ্তি হয়। উৎকৃষ্ট-গন্ধবিশিষ্ট পত্র এবং কোমল পল্লব

নারসিংহে।—পত্রাণ্যপি সুপুণ্যানি হরিপ্রীতিকরাণি চ। প্রবক্ষ্যামি নৃপশ্রেষ্ঠ শৃণুষ্ব গদতো মম।
অপামার্গস্তু প্রথমং ভৃঙ্গরাজং ততঃ পরং ॥ ৬৬ ॥
ততস্তমালপত্রঞ্চ ততশ্চ শমিপত্রকং। দূর্ব্বাপত্রং ততঃ শ্রেষ্ঠং ততোহপি কুশপত্রকং ॥
তস্মাদামলকং শ্রেষ্ঠং ততো বিল্বস্য পত্রকং। বিল্বপত্রাদপি হরেস্তুলসীপত্রমুত্তমং ॥
এতেষাঞ্চ যথালব্ধৈঃ পত্রৈর্যশ্চার্চ্চয়েদ্ধরিং। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে ॥
বামনে।—বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ। তমালামলকীপত্রং শস্তং কেশবপূজনে ॥
যেষাং ন সন্তি পুষ্পাণি প্রশস্তান্যর্চ্চনে বিভোঃ। পল্লবান্যপি তেষাং স্যুঃ শস্তান্যর্চ্চাবিধৌ হরেঃ ॥
আগ্নেয়ে।- কেতকীপুষ্পপত্রঞ্চ ভৃঙ্গরাজস্য পত্রকং। তুলসী কালতুলসী সদ্যস্তুষ্টিকরং হরেঃ ॥
বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ। তমালপত্রঞ্চ হরেঃ সদ্যস্তুষ্টিকরং ভবেৎ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—
শমীপত্রৈশ্চ যো দেবং পূজয়ত্যসুরদ্বিষং। যমমার্গো মহাঘোরো নিস্তীর্ণস্তেন নারদ ॥
কুম্ভীপত্রেণ দেবর্ষে যেঽর্চ্চয়ন্তি জনার্দ্দনং। কোটিজন্মার্জ্জিতং পাপং দহতে গরুড়ধ্বজঃ ॥
সকৃদভ্যর্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ। হরির্দদ্যাৎ ফলং তস্মৈ সর্ব্বযজ্ঞৈঃ সুদুর্ল্লভং ॥

পূর্ব্বেণান্বয়ঃ ॥৬৫ ॥ পরং শ্রেষ্ঠং ॥৬৬॥ কেতক্যাঃ পুষ্পস্য পত্রং। ভৃঙ্গরাজ-ভৃঙ্গরজয়োরবান্তরভেদো

সকল হরিকে প্রদান করিলে কুসুমদানজ পুণ্যপ্রাপ্তি হয়। ৬৫। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, হে নৃপবর! হরির সন্তোষজনক, অতি বিশুদ্ধ পত্রসমূহের বিষয় আমি বর্ণন করিব, অবধান কর। প্রথম অপামার্গ, তদনন্তর ভৃঙ্গরাজ। ৬৬। তৎপরে, তমালপত্র, তদনন্তর শমীপত্র, তাহা অপেক্ষাও দূর্ব্বাপত্র প্রধান; আবার দূর্ব্বা হইতে কুশপত্র, কুশপত্র অপেক্ষা আমলকপত্র, আমলকপত্র হইতে বিল্বপত্র শ্রেষ্ঠ। হরিপূজাতে বিল্বপত্র হইতে তুলসীপত্র প্রধান। যে ব্যক্তি এই সমস্তের যথাপ্রাপ্ত পত্রদ্বারা জনার্দ্দনের পূজা করেন, তিনি সর্ব্বপাপ-পরিমুক্ত হইয়া হরিধামে সসম্মানে নিবসতি করিয়া থাকেন। বামনপুরাণে লিখিত আছে যে, বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরজপত্র, তমালপত্র ও আমলকী, এই সমস্ত হরিপূজায় প্রশস্ত। প্রভুর অর্চ্চনোপযুক্ত প্রশস্ত কুসুম যে সকল ব্যক্তির সঞ্চিত নাই, তাঁহারা পল্লব দ্বারা জনার্দ্দনের অর্চ্চনা করিলেও প্রশস্ত ফল লাভ করিবেন। অগ্নিপুরাণে লিখিত আছে যে, কেতকী-ফুলের পত্র, ভৃঙ্গরজপত্র এবং তুলসীপত্র জনার্দ্দনের আশু প্রীতিকর। বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র ও তমালপত্র দ্বারা অর্চ্চনা করিলে জনার্দ্দন আশু প্রীত হইয়া থাকেন। স্কন্দ-পুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, হে দেবর্ষে! যিনি শমীপত্র দ্বারা দৈত্যনিসূদন হরির অর্চ্চনা করেন, ভীষণ শমনমার্গ হইতে তাঁহার নিষ্কৃতি লাভ হয়। হে নারদ! যে সকল ব্যক্তি কুম্ভীপত্র দ্বারা হরির পূজা করেন, গরুড়ধ্বজ জনার্দ্দন তাঁহাদিগের কোটিজন্মসঞ্চিত পাতক বিনাশ করিয়া থাকেন। একবারমাত্র বিল্বপত্র দ্বারা হরির পূজা করিলে হরি তাহাকে সর্ব্ববিধ যজ্ঞানুষ্ঠানজনিত ফল প্রদান করিয়া থাকেন। হে কলহপ্রিয়! যাঁহারা কার্ত্তিক মাসে বিল্বপত্র দ্বারা মহতী ভক্তি পূর্ব্বক হরির অর্চ্চনা করেন, তাঁহাদিগের মোক্ষবিষয় বর্ণন করিয়াছি।

বিল্বপত্রেণ যে দেবং কার্ত্তিকে কলিবর্দ্ধন। পূজয়ন্তি মহাভক্ত্যা মুক্তিস্তেষাং ময়োদিতা॥
মারুকং কেতকীপত্রং তথা দমনকং মুনে। দত্তমাত্রং হরেঃ প্রীতিং করোতি শতবার্ষিকীং॥ ৬৭॥
দমনৈকেন দেবেশং সংপ্রাপ্তে মধুমাধবে। গোসহস্রস্য তু মুনে সংপূজ্য লভতে ফলং॥
দূর্ব্বাঙ্কুরং হরের্যস্তু পূজাকালে প্রযচ্ছতি। পূজাফলং শতগুণং সম্যগাপ্নোতি মানবঃ॥
মঞ্জরীং সহকারস্য কেশবে যদি নারদ। যে যচ্ছন্তি মহাভাগাস্তে কোটিফলভাগিনঃ॥
কিঞ্চ।—শক্ত্যা দূর্ব্বাঙ্কুরৈঃ পুষ্পৈঃ পূজিতো মধুসূদনঃ। দদাতি হি ফলং নূনং যজ্ঞদানাদিদুর্ল্লভং॥
তত্রৈব শ্রীশিবোমাসংবাদে।—
বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ সকৃদ্দেবং প্রপূজ্য বৈ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো মম লোকে স তিষ্ঠতি॥
বিষ্ণুরহস্যে চ।—
সকৃদভ্যর্চ্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ। মুক্তিভাগী নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ॥
বিষ্ণুধর্ম্মে চ।— মরুকো দমনশ্চৈব সদ্যস্তুষ্টিকরো হরেঃ।
কিঞ্চ।— দেয়ান্যূর্দ্ধমুখান্যেব পত্রপুষ্পফলানি হি॥
তথা জ্ঞানমালায়াং।—
পুষ্পং বা যদি বা পত্রং ফলং নেষ্টমধোমুখং। দুঃখদং তৎ সমাখ্যাতং যথোৎপন্নং তথার্পণং॥৬৮॥

জ্ঞেয়ঃ॥ ৬৭॥ দেবেশং অর্চ্চয়ন্তিতি শেষঃ। পাঠান্তরং সুগমং॥ ৬৮॥

শ্রীতুলসীপত্রং সর্ব্বত্রৈব বিশেষতোঽর্পয়েদিতি লিখিতং তত্র তুলস্যর্পণস্য নিত্যতামাদৌ লিখতি তুলসীত্যাদিনা। আর্ষত্বাচ্ছন্দো-ভঙ্গঃ সোঢ়ব্যঃ। এবমগ্রেঽপি। মাধবঃ বৈশাখমাসঃ শ্রীকৃষ্ণো বা

হে ঋষে! মারুকপত্র, কেতকীপত্র ও দমনক পত্র জনার্দ্দনকে অর্পণ করিবামাত্র প্রভু শতবার্ষিকী প্রীতি প্রাপ্ত হইয়া থাকেন। ৬৭। চৈত্র মাসে ও বৈশাখমাসে দমনকপত্র দ্বারা হরির অর্চ্চনা করিলে সহস্রগোদানজ ফল লাভ হইয়া থাকে। গোবিন্দার্চ্চনকালে দূর্ব্বাঙ্কুর অর্পণ করিলে হরি পূজার শতগুণ ফল প্রদান করেন। হে দেবর্ষে! হৃষীকেশকে আম্রমঞ্জরী অর্পণ করিলে সেই সমস্ত সৌভাগ্যবান্ ব্যক্তি কোটিগুণিত ফল প্রাপ্ত হন। আরও লিখিত আছে যে; শক্ত্যনুসারে দূর্ব্বাঙ্কুর দ্বারা হরির অর্চ্চনা করিলে হরি যজ্ঞদানাদি সদনুষ্ঠানজ সুদুরূহ ফলও প্রদান করিয়া থাকেন সন্দেহ নাই। ঐ স্কন্দপুরাণে শিবোমাসংবাদে লিখিত আছে যে, যিনি অখণ্ড বিল্বপত্র দ্বারা একটীবারমাত্র হরির অর্চ্চনা করেন, তিনি নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া মদীয় ধামে অবস্থিতি করিয়া থাকেন। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, বিল্বপত্র দ্বারা একবারমাত্র জনার্দ্দনের অর্চ্চনা করিলে মুক্ত ও নির্ভীক হইয়া হরির অনুচর হইতে পারে। বিষ্ণুধর্ম্মে লিখিত আছে যে, মরুকপত্র ও দমনক পত্র সদ্যঃ গোবিন্দের সন্তোষ বিধান করে। আরও লিখিত আছে যে, ঊর্দ্ধমুখ পত্র, পুষ্প ও ফল গোবিন্দকে অর্পণ করিতে হয়। ঐরূপ জ্ঞানমালাতেও বর্ণিত আছে যে, অধোমুখ পত্র, ফুল কিংবা ফল গোবিন্দের অপ্রীতিকর; ঐ সমস্ত দুঃখপ্রদ বলিয়া অভিহিত; সুতরাং যে ভাবে জন্মে, সেই ভাবেই হরিকে অর্পণ করিবে। ৬৮।

অতঃপর তুলসীপ্রদানের অবশ্যকর্ত্তব্যতা।—পদ্মপুরাণে লিখিত আছে যে, বৈশাখমাসের

অথ শ্রীতুলস্যর্পণনিত্যতা।

পাদ্মে।— তুলসী ন যেষাং হরিপূজনার্থং, সংপদ্যতে মাধবপুণ্যবাসরে।
ধিগ্‌যৌবনং জীবনমর্থসন্ততিং, তেষাং সুখং নেহ চ দৃশ্যতে পরে॥ ৬৯॥

গারুড়ে শ্রীভগবদুক্তৌ।—
তুলসীং প্রাপ্য যো নিত্যং ন করোতি মমার্চ্চনং। তস্যাহং প্রতিগৃহ্ণামি ন পূজাং শতবার্ষিকীং॥

বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজাখ্যানান্তে।—
যদ্‌গৃহে নাস্তি তুলসী শালগ্রামশিলার্চ্চনে। শ্মশানসদৃশং বিদ্যাত্তদ্‌গৃহং শুভবর্জ্জিতং।

অতএবোক্তং।—তুলসীং বিনা যা ক্রিয়তে ন পূজা, স্নানং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং।
ভুক্তং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং, পীতং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং॥

বায়ুপুরাণে চ।—
তুলসীরহিতাং পূজাং ন গৃহ্ণাতি সদা হরিঃ। কাষ্ঠং বা স্পর্শয়েত্তত্র নো চেত্তন্নামতো যজেৎ॥
তুলসীদলমাদায় যোঽন্যং দেবং প্রপূজয়েৎ। ব্রহ্মহা স হি গোঘ্নশ্চ ন এব গুরুতল্পগঃ॥

অতএবোক্তং গারুড়ে নৈবেদ্যপ্রসঙ্গে।—
তুলসীদলসংমিশ্রং হরের্যচ্ছেচ্চ তৎ সদা। ইতি॥ ৭০॥

ভগবদ্দুর্লভায়াস্তু তুলস্যা মহিমাদ্ভুতঃ। সর্ব্বশাস্ত্রেষু বিখ্যাতঃ সংক্ষেপেণেহ লিখ্যতে॥ ৭১॥

তস্য পুণ্যবাসরঃ অক্ষয়তৃতীয়াদিঃ একাদশ্যাদির্বা তস্মিন্নপি। পরে চ পরলোকে সুখং নির্বৃতির্ন দৃশ্যতে শাস্ত্রবিদ্ভিঃ কৈশ্চিদ্বা। যদ্বা। তেষামিতি তৈঃ॥ ৬৯॥ প্রাপ্য আনীয় ইত্যর্থঃ॥ ৭০॥ অদ্ভুতঃ অনির্ব্বচনীয়ঃ অতো বিস্তরেণ লিখিতুমশক্য ইতি ভাবঃ॥ ৭১॥

পুণ্যদিনে (অথবা শ্রীকৃষ্ণের পুণ্যবাসরে) অর্থাৎ অক্ষয়তৃতীয়া কিংবা একাদশ্যাদি তিথিতে যে সকল ব্যক্তি জনার্দ্দনের অর্চ্চনার্থ তুলসী সংগ্রহ না করে, সেই সকল ব্যক্তির যৌবনে, জীবনে ও অর্থোপার্জ্জনে ধিক্। কি ইহকাল কি পরকাল, কোন কালেই তাহাদিগের সুখ লক্ষিত হয় না। ৬৯। গরুড়পুরাণে শ্রীভগবদ্বাক্যে প্রকাশিত আছে যে, যে ব্যক্তি প্রতিদিন তুলসী সংগ্রহ পূর্ব্বক আমার অর্চ্চনা না করে, আমি শতবর্ষ যাবৎ তদীয় পূজা গ্রহণ করি না। বৃহন্নারদীয় পুরাণে যজ্ঞধ্বজের আখ্যানান্তে লিখিত আছে যে, যাহার আলয়ে শালগ্রামশিলা-পূজার্থ তুলসী বিদ্যমান না থাকে, তদীয় গৃহ শ্মশানবৎ অমঙ্গলজনক। সুতরাং কথিত আছে যে, তুলসীবিহীন অর্চ্চনা অর্চ্চনা বলিয়া গণ্য নহে, তুলসীরহিত স্নান স্নান বলিয়া গণনীয় হয় না, তুলসীহীন ভোজন ভোজন নহে এবং তুলসীরহিত পান পান বলিয়া পরিগণিত হয় না। বায়ুপুরাণে লিখিত আছে যে, জনার্দ্দন কদাচ তুলসী ব্যতীত অর্চ্চনা গ্রহণ করেন না, সুতরাং তুলসী অপ্রাপ্য হইলে তৎকাষ্ঠ প্রভুর অঙ্গে স্পর্শ করাইবে। যদি তাহারও অভাব হয়, তবে তুলসী নাম উচ্চাণ পূর্ব্বক জনার্দ্দনের অর্চ্চনা করিবে। যে ব্যক্তি তুলসীপত্র গ্রহণপূর্ব্বক দেবান্তরের অর্চ্চনা করে, সে ব্রহ্মঘাতী, গোঘাতী ও গুরুদারগামীর তুল্য পাপী হয়। অতএব উক্ত আছে যে, তুলসীপত্রসমন্বিত নৈবেদ্য নিয়ত নিবেদন করিবে। ৭০। ভগবদ্দুষ্প্রাপ্যা

অথ তুলসীমাহাত্ম্যং, তত্র স্বতঃ পরমোত্তমতা।

স্কান্দে।—সর্ব্বৌষধিরসেনৈব পুরা হ্যমৃতমন্থনে। সর্ব্বসত্ত্বোপকারায় বিষ্ণুনা তুলসী কৃতা॥

অতএব।—ন বিপ্রসদৃশং পাত্রং ন দানং সুরভীসমং। ন চ গঙ্গাসমং তীর্থং ন পত্রং তুলসীসমং॥

অতএব চ বিষ্ণুরহস্যে।—

অভিন্নপত্রাং হরিতাং হৃদ্যমঞ্জরিসংযুতাং। ক্ষীরোদার্ণবসম্ভূতাং তুলসীং দাপয়েদ্ধরেঃ॥ ৭২॥

শ্রীভগবদ্দুর্লভতা।

নারদীয়ে।—তাবদ্গর্জ্জন্তি পুষ্পাণি মালত্যাদীনি ভূসুর। যাবন্ন প্রাপ্যতে পুণ্যা তুলসী কৃষ্ণবল্লভা॥

বিষ্ণুরহস্যে। কৃষ্ণা বাপ্যথবাঽকৃষ্ণা তুলসী কৃষ্ণবল্লভা। সিতা বাপ্যথবা কৃষ্ণা দ্বাদশী বল্লভা হরেঃ॥

তাবদ্গর্জ্জন্তি রত্নানি কৌস্তুভাদীন্যহর্নিশং। যাবন্ন প্রাপ্যতে কৃষ্ণা তুলসীপত্রমঞ্জরী॥

অগস্ত্যসংহিতায়াং।—

পূর্ব্বমুগ্রতপঃ কৃত্বা বরং বব্রে মনস্বিনী। তুলসী সর্ব্বপুষ্পেভ্যঃ পত্রেভ্যো বল্লভা ততঃ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসংবাদে।—

সর্ব্বাসাং পত্রজাতীনাং তুলসী কেশবপ্রিয়া॥

কিঞ্চ।—সর্ব্বথা সর্ব্বকালেষু তুলসী বিষ্ণুবল্লভা॥ ৭৩॥

ন বিপ্রসদৃশমিত্যাদিত্রয়ং দৃষ্টান্তত্বে সাধ্যসন্নিধৌ সিদ্ধনির্দ্দেশো দৃষ্টান্ত ইতি ন্যায়াৎ। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ৭২॥

গর্জ্জন্তি গর্ব্বং বহন্তীত্যর্থঃ। অকৃষ্ণা কৃষ্ণেতরা হরিদ্বর্ণেত্যর্থঃ। কৃষ্ণেতি তস্যাং প্রীতিবিশেষাৎ পরমস্নিগ্ধত্বেন শ্যামতা প্রাপ্তের্ব্বা॥ ৭৩॥ শালগ্রামাভিধে শ্রীশালগ্রামশিলাসংজ্ঞকে। শ্রীবৃন্দা-

---

শ্রীতুলসীর অনির্ব্বাচ্য মহিমার বিষয় নিখিল শাস্ত্রেই প্রথিত আছে; এখানে সংক্ষেপে সেই বিষয় কিঞ্চিৎ লিপিবদ্ধ হইতেছে। ৭১।

অনন্তর তুলসীমাহাত্ম্য।—স্কন্দপুরাণে স্বতই তুলসীর পরমোত্তমতা বর্ণিত আছে। পুরাকালে অমৃতমন্থনসময়ে জীবকুলের উপকারার্থ হরি সর্ব্বৌষধিরস দ্বারা তুলসীর সৃষ্টি করিয়াছেন। সুতরাং উক্ত আছে যে, দ্বিজাতির তুল্য দানপাত্র নাই, গোদানের সদৃশ দান নাই, গঙ্গার সদৃশ তীর্থ নাই এবং তুলসীপত্রবৎ পত্রও আর দৃষ্ট হয় না। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, অখণ্ডপত্র, হরিদ্বর্ণ, মনোরম মঞ্জরীবিশিষ্ট, ক্ষীরসাগর হইতে সঞ্জাত তুলসী জনার্দ্দনকে অর্পণ করিবে। ৭২।

অতঃপর তুলসীর ভগবদ্দুর্ল্লভতা।—নারদপুরাণে লিখিত আছে যে, হে দ্বিজ! যাবৎ কৃষ্ণপ্রিয়া পবিত্র তুলসী প্রাপ্ত হওয়া না যায়, তাবৎ মালত্যাদি পুষ্প গর্ব্ব প্রকাশ করে। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, কি কৃষ্ণবর্ণ কি হরিদ্বর্ণ সমস্ত তুলসীই গোবিন্দের প্রিয়া এবং কি কৃষ্ণপক্ষীয়া কি শুক্লপক্ষীয়া দ্বিবিধ দ্বাদশী তিথিই প্রভুর পরমবল্লভা। যাবৎ কৃষ্ণবর্ণ তুলসীপত্র ও মঞ্জরী প্রাপ্ত হওয়া না যায়, তাবৎ কৌস্তুভাদি রত্নসমূহ সর্ব্বদা গর্ব্ব প্রদর্শন করে। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, পুরাকালে বুদ্ধিমতী তুলসী কঠোর তপশ্চরণ পূর্ব্বক

তত্রৈবোত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীনারদোক্তৌ। —

তুলসীদলপূজায়া ময়া বক্তুং ন শক্যতে। অত্যন্তবল্লভা সা হি শালগ্রামাভিধে হরৌ॥ ৭৪॥
পাতিব্রত্যেন বৃন্দাসৌ হরিমারাধ্য কর্ম্মণা। পূর্ব্বজন্মন্যসৌ লেভে কৃষ্ণসংযোগমুত্তমং॥

তত্রৈব শ্রীবৃন্দোপাখ্যানান্তে।—

সত্ত্বং প্রীতিকরং বাক্যং কোপস্তস্যাস্ত তামসঃ। ভাবদ্বয়ং হরৌ জাতং যত্তদ্বর্ণদ্বয়ং হ্যভূৎ।
শ্যামাঽপি তুলসী বিষ্ণোঃ প্রিয়া গৌরী বিশেষতঃ॥

দ্বারকামাহাত্ম্যে চ শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে।—

যথা লক্ষ্মীঃ প্রিয়া বিষ্ণোস্তুলসী চ ততোঽধিকা॥

স্কান্দে। – যোগিনাং বিরতৌ বাঞ্ছা কামিনাঞ্চ যথা রতৌ। পুষ্পেষ্বপি চ সর্ব্বেষু তুলস্যাঞ্চ তথা হরেঃ॥
নিরস্য মালতীপুষ্পং মুক্তাপুষ্পং সরোরুহং। গৃহ্লাতি তুলসীং শুষ্কামপি পর্য্যুষিতাং হরিঃ॥

অতএব চতুর্থস্কন্ধে শ্রীধ্রুবং প্রতি শ্রীনারদোপদেশে।—

সলিলৈঃ শুচিভির্মাল্যৈর্ব্বন্যৈর্মূলফলাদিভিঃ। শস্তাঙ্কুরাংশুকৈশ্চার্চ্চেৎ তুলস্যা প্রিয়য়া প্রভোঃ॥ ৭৫॥

ভক্ত্যেব তদ্রূপেণাবতীর্ণত্বাৎ। তদাখ্যায়িকা তত্রৈব বিস্তীর্ণাস্তি॥ ৭৪॥

বন্যৈঃ শস্তৈরঙ্কুরাদিভিরংশুকৈর্ব্বন্যৈর্বল্কলাদিভিঃ প্রিয়য়েতি প্রভোরর্চ্চনে তস্যা আবশ্যকত্বং কিংবা সর্ব্বৈনরপেক্ষ্যেণ তয়ৈব তৎসন্তোষণমভিপ্রেতং॥ ৭৫॥ অলিকুলৈঃ সহ ত্বা ত্বাং বিভ্রং

বর প্রার্থনা করেন, সেই হেতু তিনি যাবতীয় পুষ্প ও পত্র অপেক্ষা গোবিন্দের বল্লভা হইয়াছেন। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম-ব্রাহ্মণসংবাদে লিখিত আছে যে, সকল জাতীয় পত্র অপেক্ষা তুলসী হরির প্রীতিকারী। আরও লিখিত আছে যে, তুলসী সর্ব্বথা ও সর্ব্বসময়ে জনার্দ্দনের বল্লভা। ৭৩। পদ্মপুরাণের উত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে নারদোক্তিতে প্রকাশিত আছে যে, তুলসীপত্র দ্বারা অর্চ্চনা করার মাহাত্ম্যবর্ণনে আমি অক্ষম। ঐ তুলসী শালগ্রামশিলারূপ জনার্দ্দনের অতীব প্রিয়। ৭৪। বৃন্দাদেবী পাতিব্রত্য-জনক ক্রিয়া দ্বারা জনার্দ্দনের উপাসনা করত গতজন্মে তৎসহ উত্তম সহবাস প্রাপ্ত হইয়াছিলেন। উক্ত উত্তরখণ্ডে বৃন্দোপাখ্যানান্তে লিখিত আছে যে, বৃন্দার প্রীতিজনক বচনই সত্ত্ব এবং তদীয় রোষই তমঃ। এই গুণদ্বয়ের সংস্পর্শে হরিতে দুইটী ভাব সঞ্জাত হয়, সেই জন্য তুলসী দ্বিবিধ বর্ণবিশিষ্ট হইয়াছে। তাহার মধ্যে কৃষ্ণবর্ণা তুলসী হরির প্রিয়া হইলেও হরিদ্বর্ণা সমধিক প্রিয়তমা। দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্নসংবাদে লিখিত আছে যে, কমলা যেমন প্রিয়া, তুলসী তদপেক্ষাও সমধিকা। স্কন্দপুরাণে লিখিত আছে যে, যেমন যোগিকুলের বৈরাগ্য বাসনা ও কামিগণের যেরূপ রতিক্রিয়ায় অনুরাগ, তদ্রূপ সকল পুষ্প অপেক্ষা তুলসীর প্রতি কেশবের সমধিক প্রীতি আছে। ভগবান্ কেশব মালতীপুষ্প, মুক্তাপুষ্প ও পদ্ম বিসর্জ্জন করিয়াও পর্য্যুষিত ও শুষ্ক তুলসীপত্র গ্রহণ করিয়া থাকেন। অতএব চতুর্থস্কন্ধে ধ্রুবের প্রতি নারদোপদেশ আছে যে, সলিল, বিশুদ্ধ মাল্য, ফলমূলাদি, প্রশস্ত দূর্ব্বাঙ্কুর, বল্কল ও প্রিয়তমা তুলসীর দ্বারা হরির পূজা করিবে। ৭৫। দশমস্কন্ধে রাসক্রীড়াতে ভগবানের অন্বেষণে লিখিত আছে যে, হে

রাস ক্রীড়ায়াঞ্চ দশমস্কন্ধে শ্রীগোপীনাং ভগবদন্বেষণে।—

কচ্চিত্তুলসি কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে। সহ ত্বালিকুলৈর্বিভ্রদ্দৃষ্টস্তেঽতিপ্রিয়োঽচ্যুতঃ॥ ৭৬॥

অতএব স্কান্দে।—

যৎ ফলং সর্ব্বপুষ্পেষু সর্ব্বপত্রেষু নারদ। তুলসীদলমাত্রেণ প্রাপ্যতে কেশবার্চ্চনে॥ ৭৭॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে তত্রৈব।—

ত্যক্ত্বা তু মালতীপুষ্পং মুক্ত্বা চৈব সরোরুহং। গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা মাধবমর্চ্চয়েৎ॥
তস্য পুণ্যফলং বক্তুমলং শেষোঽপি নো ভবেৎ॥ ৭৮॥

তত্রৈব শ্রীমাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

মণিকাঞ্চনপুষ্পাণি তথা মুক্তাময়ানি চ। তুলসীপত্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীং॥ ৭৯॥

অগস্ত্যসংহিতায়াং।—

নীলোৎপলসহস্রেণ ত্রিসন্ধ্যং যোঽর্চ্চয়েদ্ধরিং। ফলং বর্ষশতেনাপি তদীয়ং নৈব লভ্যতে॥
বিদ্বন্ সর্ব্বেষু পুষ্পেষু পঙ্কজং শ্রেষ্ঠমুচ্যতে। তৎপুষ্পেষ্বপি তন্মাল্যং কোটিকোটিগুণং ভবেৎ।
বিষ্ণোঃ শিরসি বিন্যস্তমেকং শ্রীতুলসীদলং। অনন্তফলদং বিদ্বন্ মন্ত্রোচ্চারণপূর্ব্বকং॥

কিঞ্চ। বর্ণাশ্রমেতরাণাঞ্চ পূজায়াশ্চৈব সাধনং। অপেক্ষিতার্থদং নান্যৎ জগত্যস্তি তপোধন॥ ৮০

দধানঃ॥ ৭৬॥ তৎ প্রাপ্যতে॥ ৭৭॥ অলং সমর্থো ন স্যাৎ॥ ৭৮॥ মুক্তাময়ানি চ পুষ্পাণি তুলসীপত্রস্য শ্রীকৃষ্ণায় কস্মৈচিদ্বান্যস্মৈ যদ্দানং তস্য॥ ৭৯॥ তেনাপি বর্ষশতেনাপি তদীয়ং তুলসী-সম্বন্ধি তৎ-প্রকরণাৎ ফলং নৈব লভ্যতে॥ ৮০॥ পর্য্যুষিতমপি তুলসীপত্রং ন বর্জ্জ্যং।

গোবিন্দচরণপ্রিয়ে মঙ্গলময়ি তুলসি! যিনি তোমার অতীব প্রিয়তম, যিনি তোমাকে অলি-কুলসহ শিরোদেশে ধারণ করেন, সেই হরিকে কি নেত্রগোচর করিয়াছ? হে দেবর্ষে! একটী মাত্র তুলসীপত্র দ্বারা হরির পূজা করিলে যাবতীয় পত্র দ্বারা পূজাজনিত ফল প্রাপ্ত হওয়া যায়। পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে ঐ বিষয়েই লিখিত আছে যে, মালতী ও পদ্ম বর্জ্জন পূর্ব্বক যদি একটীমাত্র তুলসীপত্র লইয়া ভক্তিপূর্ব্বক হরির পূজা করা যায়, তবে তাহাতে যে পুণ্যসঞ্চার হয়, তাহা অনন্তদেবও বর্ণন করিতে সক্ষম হন না। ৭৮। পদ্মপুরাণে মাঘ-মাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডল-সংবাদে লিখিত আছে যে, হরিকে তুলসীপত্র অর্পণ করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, মণি-কাঞ্চনকুসুম ও মুক্তাপুষ্প দিলে তাহার ষোড়শাংশের একাংশও লাভ হয় না। ৭৯। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, যিনি সহস্রসংখ্য নীলোৎপল দ্বারা ত্রিসন্ধ্যা কেশবের পূজা করেন, শতবর্ষ ঐ প্রকার করিলেও তুলসীপত্রদানের ফল প্রাপ্ত হয় না। হে বিদ্বন্! নিখিল পুষ্পমধ্যে পদ্ম প্রধান বলিয়া অভিহিত। ঐ পদ্মকুসুম অপেক্ষা উহা দ্বারা গ্রথিত মালা কোটি কোটি গুণে প্রধান। মন্ত্রপাঠ সহকারে একটীমাত্র তুলসীপত্র হরির শিরোদেশে প্রদত্ত হইলে ঐ পত্র অনন্ত ফল অর্পণ করিয়া থাকে। আরও লিখিত আছে যে, হে তাপস! এই বিশ্বব্রহ্মাণ্ডে বর্ণ, আশ্রম ও অন্যের পক্ষে তুলসী-পত্র ভিন্ন অপরপুষ্পোপহার তদ্রূপ বাঞ্ছিতপ্রদ হয় না। ৮০। অতএব নারদপুরাণে লিখিত

অতএব নারদীয়ে।—

বর্জ্যং পর্য্যুষিতং পুষ্পং বর্জ্যং পর্য্যুষিতং ফলং। ন বর্জ্যং তুলসীপত্রং ন বর্জ্যং জাহ্নবীজলং॥৮১॥

অথ শ্রীভগবদর্পণেন পাপহারিত্বং।

শ্রীমত্তুলস্যার্চ্চয়তে সকৃদ্ধরিং, পত্রৈঃ সুগন্ধৈর্বিমলৈরখণ্ডিতৈঃ।

যস্তস্য পাপং পটসংস্থিতং প্রভুর্নিরীক্ষয়িতা মৃজতে স্বয়ং যমঃ॥ ৮২॥

স্কান্দে। তুলসীদললক্ষেণ যোঽর্চ্চয়েদ্দ্বারকাপ্রিয়ং। জন্মাযুতসহস্রাণাং পাপস্য কুরুতে ক্ষয়ং॥

ব্রাহ্মে। লিঙ্গমভ্যর্চ্চিতং দৃষ্ট্বা প্রতিমাং কেশবস্য চ। তুলসীপত্রনিকরৈর্মুচ্যতে ব্রহ্মহত্যয়া॥৮৩॥

নিত্যমভ্যর্চ্চয়েদ্যো বৈ তুলস্যা হরিমীশ্বরং। মহাপাপানি নশ্যন্তি কিং পুনশ্চোপপাতকং॥

অন্যত্র চ। গুহ্যানি যানি পাপানি অনাখ্যেয়ানি মানবৈঃ। নাশয়েত্তানি তুলসী দত্তা মাধবমূর্দ্ধনি॥

হরেগৃহং যদা যস্তু তুলসীদলবিপ্রুষৈঃ। ত্রিসন্ধ্যং প্রোক্ষয়েদ্ভক্ত্যা মহাপাপৈঃ প্রমুচ্যতে॥৮৪॥

অতএব স্কান্দে অবন্তীখণ্ডে।—

কিং করিষ্যতি সংরুষ্টো যমোঽপি সহ কিঙ্করৈঃ। তুলসীদলেন দেবেশঃ পূজিতো যেন দুঃখহা॥

এতেন শুষ্কং পর্য্যুষিতং যদীতি স্কান্দোক্ত্যা শ্রীতুলসীপত্রচূর্ণমপি সমর্পিতং। এবং বৈষ্ণবানাং তচ্চূর্ণসংগ্রহঃ সমূল এব জ্ঞেয়ঃ॥ ৮১॥

এবং স্বাভাবিকং শ্রীতুলস্যা মাহাত্ম্যং লিখিত্বাধুনা শ্রীমচ্চরণাব্জবিষয়ক-সমর্পণ-মাহাত্ম্যং লিখন্ তত্রাদাবখিলপাপহারিত্বং লিখতি শ্রীমদিত্যাদিনা। প্রভুঃ পাপানাং নিয়ন্তাপি নিরীক্ষ্য মার্জ্জয়তীতি মার্জনস্য সম্যক্ত্বায় নিরীক্ষণং কিংবা গুহ্যত্বাদিতস্ততোঽবলোকনমিতি জ্ঞেয়ং॥ ৮২॥

তুলসীপত্রনিকরৈরভ্যর্চ্চিতাং॥ ৮৩॥ তুলসীদলস্য বিপ্রুষৈর্জলবিন্দুভিঃ॥ ৮৪॥

আছে যে, পর্য্যুষিত কুসুম ও পর্য্যুষিত ফল ত্যাগ করিবে, কিন্তু তুলসীদল ও গঙ্গাবারি পর্য্যুষিত হইলেও তাহা ত্যাগ করিবে না। ৮১।

অনন্তর ভগবদর্পণে তুলসীর পাপনাশনশক্তি।—পদ্মপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি সুগন্ধপূর্ণ, পরিষ্কৃত ও অখণ্ড তুলসীদলদ্বারা একবার মাত্র বিষ্ণুর পূজা করেন, গুপ্তই হউক আর প্রকাশিতই হউক, পাপিগণের নিয়ন্তা স্বয়ং শমন সূক্ষ্মানুসূক্ষ্মরূপে তদীয় পটস্থ নিখিল পাতক নিরীক্ষণ করত ক্ষমা করিয়া থাকেন।৮২। স্কন্দপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি লক্ষ তুলসীপত্র দ্বারা অর্চ্চিত হরির শ্রীমূর্ত্তি নিরীক্ষণ করে, তাহার ব্রহ্মহত্যাজনিত পাতক ধ্বংস হইয়া থাকে। ৮৩। যে ব্যক্তি প্রত্যহ তুলসীপত্র দ্বারা পরমেশ্বর কেশবের পূজা করেন, তদীয় উপপাতকের বিষয় আর কি কহিব, নিখিল মহাপাপও ধ্বংস হইয়া থাকে। অন্যত্রও লিখিত আছে যে, শ্রীহরির শিরোদেশে তুলসী অর্পিত হইলে ঐ তুলসী মানবের অকথ্য গোপনীয় পাতকপুঞ্জও ধ্বংস করিয়া থাকে। যে ব্যক্তি ভক্তিসহকারে তুলসীপত্র-বিনিঃসৃত বারিবিন্দু দ্বারা ত্রিসন্ধ্য হরির গৃহ মার্জ্জনা করেন, তিনি নিখিল মহাপাতক হইতে পরিত্রাণ পাইয়া থাকে। ৮৪। স্কন্দপুরাণে অবন্তীখণ্ডে বর্ণিত আছে যে, যে ব্যক্তি তুলসীদল দ্বারা দুঃখনাশন কৃষ্ণের অর্চ্চনা করেন, শমনরাজ ও তদীয় অনুচরগণ ক্রুদ্ধ হইলেও তাঁহার কিছু অনিষ্ট করিতে সমর্থ

অগস্ত্যসংহিতায়াঞ্চ।—

ন তস্য নরকক্লেশো যোঽর্চ্চয়েত্তুলসীদলৈঃ। পাপিষ্ঠো বাপ্যপাপিষ্ঠঃ সত্যং সত্যং ন সংশয়ঃ॥

অথ বৈরিনাশকত্বং।

পুরা ক্রৌঞ্চবধার্থায় কোমলৈস্তুলসীদলৈঃ। অর্চ্চয়িত্বা হৃষীকেশং স্বামিনা নিহতো রিপুঃ॥৮৫॥

সর্ব্বসম্পৎপ্রদত্বং।

অগস্ত্যসংহিতায়াং।—

মাল্যানি তন্বতে লক্ষ্মীং কুসুমান্তরিতান্যপি। তুলস্যাঃ স্বয়মানীয় নির্ম্মিতানি তপোধন॥

পরমপুণ্যজনকত্বং।

স্কান্দে।—

কৃষ্ণমূর্দ্ধনি বিন্যস্তা তুলসীপত্রমঞ্জরী। সুবর্ণকোটিপুণ্যানাং ফলং যচ্ছত্যতোঽধিকং॥

তীর্থযাত্রাদিভিরহো কালক্ষেপেণ কিং জনাঃ। যেঽর্চ্চয়ন্তি হরের্বিম্বং তুলসীদলকোমলৈঃ॥৮৭॥

অগস্ত্যসংহিতায়াং।—

পুষ্পান্তরৈরন্তরিতং নির্ম্মিতং তুলসীদলৈঃ। মাল্যং মলয়জালিপ্তং দদ্যাৎ শ্রীরামমূর্দ্ধনি॥

কিং তস্য বহুভির্যজ্ঞৈঃ সম্পূর্ণবরদক্ষিণৈঃ। কিন্তীর্থসেবয়া দানৈরুগ্রেণ তপসাঽপি বা॥

বাচং নিয়ম্য চাত্মানং মনো বিষ্ণৌ নিধায় চ। যোঽর্চ্চয়েত্তুলসীমাল্যৈর্যজ্ঞকোটিফলং ভবেৎ॥৮৮

ভবান্ধকূপমগ্নানামেতদুদ্ধারকারণং॥ ৮৯॥

ক্বচিচ্চ তুলসীদলকোমলৈরিতি পাঠঃ অর্থস্তথৈব। স্বামিনা কার্ত্তিকেয়েন॥ ৮৫॥

কুসুমৈরন্তরিতানি মধ্যে মধ্যেঽন্যপুষ্পৈর্গ্রথিতানীত্যর্থঃ। তুলস্যা মাল্যানি সমর্পিতানি সন্তি লক্ষ্মীং সম্পদং তন্বতে বিস্তারয়ন্তীতি জ্ঞেয়ং। পত্রং পুষ্পং ফলঞ্চৈব শ্রীতুলস্যা সমর্পিতমিতি তৎ-সহিতায়াং নিরন্তরপূর্ব্বশ্লোকৈঃ সমর্পণস্য প্রকৃতত্বাৎ। যদ্বা ভগবদর্থং নির্ম্মিতান্যপি লক্ষ্মীং তন্বতে অস্তু তাবৎ সমর্পণাদি। ৮৬॥ বিম্বং শ্রীমূর্ত্তিং॥ ৮৭॥ আত্মানং চ দেহং নিয়ম্য॥ ৮৮॥ এতৎ

হন না। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, পাপাত্মা হউক্ অথবা ধর্ম্মনিষ্ঠই হউক্, যিনি তুলসীদল দ্বারা বিষ্ণুর পূজা করেন, আমি পুনঃ পুনঃ সত্য করিয়া বলিতেছি, তাঁহাকে আর নিরয়যাতনা উপভোগ করিতে হয় না।

অতঃপর তুলসীর অরিনাশনশক্তি।—পুরাকালে ষড়ানন ক্রৌঞ্চবিনাশার্থ কোমল তুলসী-পত্র দ্বারা হরির অর্চ্চনা করিয়া ঐ অরি বিনিপাত করিয়াছিলেন। ৮৫।

তুলসীর সর্ব্বসম্পৎপ্রদত্বশক্তি।— অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, হে তাপস! মধ্যে মধ্যে অন্যপুষ্পদ্বারা গ্রথিতা তুলসীমালা স্বয়ং আহরণ পূর্ব্বক নির্ম্মাণ করিলে সম্পত্তি বৃদ্ধি হইয়া থাকে।

অনন্তর তুলসীর পরমপুণ্যজনকতা।—স্কন্দপুরাণে লিখিত আছে যে, তুলসীর দল ও মঞ্জরী শ্রীহরির শিরোদেশে প্রদত্ত হইলে, উহা কোটিকাঞ্চদানজ পুণ্য অপেক্ষাও সমধিক ফল প্রদান করে। ৮৬। যে সকল ব্যক্তি তুলসীর মৃদু দলসকল দ্বারা কেশবের শ্রীমূর্ত্তির অর্চ্চনা করেন,

গারুড়ে।—যস্যারামোদ্ভবৈঃ পত্রৈস্তুলসীসম্ভবৈর্হরিঃ। পূজ্যতে খগশার্দ্দূল ত্রিদশং পুণ্যমাপ্নুয়াৎ ॥

অন্যত্র চ।—

তুলসীদলমাল্যেন বিষ্ণুপূজাং করোতি যঃ। পত্রে পত্রেঽশ্বমেধানাং দশানাং লভতে ফলং ॥

অতএব বিষ্ণুরহস্যে স্কান্দে চ।—

গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা বিষ্ণুং সমর্চ্চয়েৎ। অর্চ্চিতং তেন সকলং সদেবাসুরমানুষং ॥৯১॥

কিঞ্চ কাশীখণ্ডে।—

শালগ্রামশিলা যেন পূজিতা তুলসীদলৈঃ। স পারিজাতমালাভিঃ পূজ্যতে সুরসদ্মনি ॥

সর্ব্বার্থসাধকত্বং।

স্কান্দে। সমঞ্জরীদলৈর্যুক্তং তুলসীসম্ভবৈঃ ক্ষিতৌ। কুর্ব্বন্তি পূজনং বিষ্ণোস্তে কৃতার্থা কলৌ নরাঃ ॥

অগস্ত্যসংহিতায়াং।—

পত্রং পুষ্পং ফলঞ্চৈব শ্রীতুলস্যাঃ সমর্পিতং। রামায় মুক্তিমার্গস্য দ্যোতকং সর্ব্বসিদ্ধিদং ॥ ৯২ ॥

তুলসীমাল্যৈর্বিষ্ণ্বর্চ্চনং ॥ ৮৯ ॥ ত্রিদশং পুণ্যমিতি স আরামকর্ত্তা ত্রয়োদশং পুণ্যভাগং প্রাপ্নুয়াৎ, পূজকস্তু দ্বাদশ ভাগানিত্যর্থঃ ॥ ৯০ ॥ সদেবাসুরমানুষং জগদিতি শেষঃ। যদ্বা সকলং বিশ্বং ॥ ৯১

সর্ব্বসিদ্ধিদং সর্ব্বার্থসিদ্ধিদায়কং ॥ ৯২ ॥

তীর্থযাত্রাদি দ্বারা তাঁহাদিগের সময়াতিপাতের আর কি প্রয়োজন? অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, মধ্যে মধ্যে পুষ্প প্রদান পূর্ব্বক তুলসীদলসকল দ্বারা মালা নির্ম্মাণ করত তাহাতে চন্দনলেপন পূর্ব্বক শ্রীরামের শিরোদেশে প্রদান করিলে পূর্ণ ও প্রধান দক্ষিণাসমন্বিত বিবিধ যজ্ঞানুষ্ঠানের কি প্রয়োজন, তীর্থপর্য্যটনেই বা কি ফল? যিনি বাক্য সংযম ও শরীর শোধন করত তদ্গতমনে তুলসীমালা দ্বারা হরির পূজা করেন, তাঁহার কোটি যজ্ঞানুষ্ঠানের ফল হইয়া থাকে। ৮৮। তুলসীমালা দ্বারা হরির অর্চ্চনা ভবরূপ-অন্ধকূপমগ্ন জনগণের পরিত্রাণের একমাত্র হেতু। ৮৯। গরুড়পুরাণে লিখিত আছে যে, হে বিহগসত্তম! শ্রীহরি যে ব্যক্তির উপবনজাত তুলসীদল দ্বারা অর্চ্চিত হন, তিনি অর্চ্চকের সঞ্চিত পুণ্যের ত্রয়োদশ অংশের একাংশ প্রাপ্ত হইয়া থাকেন। ৯০। অন্যত্রও লিখিত আছে যে, যিনি তুলসীদলের মালা দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি প্রতি পত্রার্পণে দশ অশ্বমেধানুষ্ঠানের ফল লাভ করিয়া থাকেন। বিষ্ণুরহস্যে ও স্কন্দপুরাণে লিখিত আছে যে, যিনি তুলসীদল সংগ্রহ করত ভক্তি-সহকারে হরির পূজা করেন, তৎকর্ত্তৃক দেবতা, দানব, নর প্রভৃতি সকলেই পূজিত হইয়া থাকেন। ৯১। কাশীখণ্ডেও লিখিত আছে যে, যে ব্যক্তি তুলসীদল দ্বারা শালগ্রামশিলার অর্চ্চনা করেন, তিনি সুরপুরে পারিজাতমালা দ্বারা অর্চ্চিত হইয়া থাকেন।

তুলসীর সর্ব্বার্থসাধনশক্তি।—স্কন্দপুরাণে লিখিত আছে যে, যে সকল ব্যক্তি নরলোকে তুলসীমঞ্জরীর সহিত পত্রদ্বারা হরির অর্চ্চনা করেন, কলিকালে সেই সকল ব্যক্তিই ধন্য। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, যিনি তুলসীদল, কুসুম, ফল শ্রীরামকে প্রদান করেন, তদীয় মোক্ষমার্গ পরিষ্কৃত হয় এবং সেই ব্যক্তি সকল বিষয়ে সিদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন। ৯২।

মুক্তিপ্রদত্বং।

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

তুলসীমঞ্জরীভির্যঃ কুর্য্যাদ্ধরিহরার্চ্চনং। ন স গর্ভগৃহং যাতি মুক্তিভাগী ভবেন্নরঃ॥ ৯৩॥

গারুড়ে।—

তাবদ্ভ্রমতি সংসারে বিমূঢ়ঃ কলিবর্ত্মনি। যাবন্নারাধয়েদ্দেবং তুলসীভিঃ প্রযত্নতঃ॥

তত্রৈব শ্রীভগবদুক্তৌ।—

তুলসীপত্রমাদায় যঃ করোতি মমার্চ্চনং। ন পুনর্যোনিমায়াতি মুক্তিভাগী ভবেন্নরঃ॥ ৯৪॥

অগস্ত্যসংহিতায়াং।—

তুলসীপত্রমাদায় যোঽর্চ্চয়েদ্রামমন্বহং। স যাতি শাশ্বতং ব্রহ্ম পুনরাবৃত্তিদুর্ল্লভং॥

পূজাযোগ্যৈঃ ফলৈঃ পত্রৈঃ পুষ্পৈর্ব্বা যোঽর্চ্চয়েদ্ধরিং।
স মাতুর্গর্ভবাসাদিদুঃখং নৈব লভেৎ ক্বচিৎ॥ ৯৫॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বং।

পাদ্মে তত্রৈব।—

আরোপ্য তুলসীং বৈশ্য সংপূজ্য তদ্দলৈর্হরিং। বসন্তি মোদমানাস্তে যত্র দেবশ্চতুর্ভুজঃ॥

তত্রৈবান্যত্র।—

তুলসী কৃষ্ণগৌরাভা তয়াভ্যর্চ্চ্য জনার্দ্দনং।
নরো যাতি তনুং ত্যক্ত্বা বৈষ্ণবীং শাশ্বতীং গতিং॥ ৯৬॥

গর্ভরূপং গৃহং॥ ৯৩॥ কলির্বর্ত্ম যস্য তস্মিন্ প্রায়ঃ পাপময়ত্বাৎ সংসারস্য॥ ৯৪॥ পুনরাবৃত্তিদুর্ল্লভমিতি অপুনরাবৃত্তিকমিত্যর্থঃ॥ ৯৫॥

অনন্তর তুলসীর মোক্ষপ্রদানত্ব।—পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডলসংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি তুলসীর মঞ্জরী দ্বারা জনার্দ্দনের পূজা করেন, সেই ব্যক্তিকে আর গর্ভাগারে প্রবিষ্ট হইতে হয় না এবং তাঁহার মোক্ষলাভ হইয়া থাকে। ৯৩। গরুড়পুরাণে লিখিত আছে যে, যাবৎ যত্নসহকারে তুলসীদল দ্বারা হরির উপাসনা করা না যায়, তাবৎ মূঢ় ব্যক্তিকে পাতকময় ভবপথে বিচরণ করিতে হইয়া থাকে। গরুড়পুরাণে ভগবানের উক্তি আছে যে, যিনি তুলসীদল গ্রহণপূর্ব্বক মদীয় অর্চ্চনা করেন, তাঁহাকে আর পুনর্ব্বার জন্ম পরিগ্রহ করিতে হয় না, তাঁহার মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে। ৯৪। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, যিনি তুলসীদল গ্রহণপূর্ব্বক প্রতিদিন রামের পূজা করেন, দুর্ল্লভ, নিত্যস্বরূপ ব্রহ্মধামে তাঁহার গতি হয়, তাঁহাকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না। যিনি পূজার উপযুক্ত ফল, পত্র ও কুসুম দ্বারা মাধবের পূজা করেন, তাঁহাকে আর কদাচ জননীজঠরে বাসাদিজন্য যন্ত্রণা ভোগ করিতে হয় না। ৯৫।

অতঃপর তুলসীর বৈকুণ্ঠলোকপ্রাপকত্ব শক্তি।—পদ্মপুরাণে লিখিত আছে যে, হে বৈশ্য! যে সকল ব্যক্তি তুলসী তরু রোপণ পূর্ব্বক তাহার পত্র দ্বারা হরির অর্চ্চনা করেন, তাঁহারা

বিষ্ণুরহস্যে।—

কৃষ্ণং কৃষ্ণতুলস্যা হি যো ভক্ত্যা পূজয়েন্নরঃ। স যাতি ভুবনং শুভ্রং যত্র বিষ্ণুঃ শ্রিয়া সহ ॥৯৭॥

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসংবাদে।—

যোঽর্চ্চয়েদ্ধরিপাদাব্জং তুলসীকোমলচ্ছদৈঃ। ন তস্য পুনরাবৃত্তির্ব্রহ্মলোকাৎ কদাচন ॥ ৯৮ ॥

গারুড়ে। কৃষ্ণার্চ্চনার্থং ভিক্ষুণাং যচ্ছন্তি তুলসীদলং। অন্যেষামপি ভক্তানাং যান্তি তৎ পরমং পদং ॥

অতএব হরিভক্তিসুধোদয়ে বৈষ্ণবং বিপ্রং প্রতি যমদূতানামুক্তৌ।—

সুকৃতী দুষ্কৃতী বাপি তুলস্যা যোঽর্চ্চয়েদ্ধরিং। তস্যান্তে হি বয়ং নেশা বিষ্ণুদূতৈঃ স নীয়তে ॥

অতএবোক্তং স্কান্দে।—

যোঽভ্যস্যেৎ পরমাত্মানং ত্যক্তসর্ব্বৈষণো মুনিঃ। তুলস্যা যোঽর্চ্চয়েদ্বিষ্ণুং জগতঃ সম্মতাবুভৌ॥৯৯॥

শ্রীভগবৎপ্রীণনত্বং।

ব্রাহ্মে।—তুলসীদলগন্ধেন মালতীকুসুমেন চ। কপিলাক্ষীরদানেন সদ্যস্তুষ্যতি কেশবঃ ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে বৃন্দোপাখ্যানান্তে।—

ইত্যেবং বল্লভা বিষ্ণোঃ পূর্ব্বজন্মন্যথাধুনা। প্রীয়তে পূজিতো হ্যস্যা দলৈর্দ্দৈত্যবলান্তকঃ ॥

স্কান্দে চ।—

সুবর্ণমণিপুষ্পৈস্তু প্রীতো ভবতি নাচ্যুতঃ। তুলসীদলভাগেন যথা প্রীয়েত কেশবঃ ॥

গতিং গম্যং স্থানমিত্যর্থঃ ॥ ৯৬ ॥ শুভ্রং নির্ম্মলং ॥ ৯৭ ॥ ব্রহ্ম সচ্চিদানন্দং তৎস্বরূপলোকাৎ বৈকুণ্ঠাৎ। তথা চ তৃতীয়স্কন্ধে ব্রহ্মলোকঃ সনাতন ইতি ॥ ৯৮ ॥ ত্যক্তাঃ সর্ব্বা এষণাঃ পুত্রাদিস্পৃহাত্রয়ং যেন সঃ এষণাস্তিস্রশ্চ শ্রুত্যোক্তাঃ পুত্রৈষণাশ্চ বিত্তৈষণাশ্চ লোকৈষণাশ্চেতি ॥ ৯৯ ॥

চতুর্ভুজ হরি কর্ত্তৃক অধিষ্ঠিত ধামে সুখে অবস্থিতি করিয়া থাকেন। পদ্মপুরাণের অন্যত্রও লিখিত আছে যে, যিনি কৃষ্ণবর্ণ ও গৌরবর্ণবিশিষ্ট তুলসীদল দ্বারা হরির অর্চ্চনা করেন, সেই মানব শরীর বিসর্জ্জনপূর্ব্বক হরিধামে প্রস্থান করিয়া থাকেন। ৯৬। বিষ্ণুরহস্যে লিখিত আছে যে, যিনি কৃষ্ণবর্ণ তুলসী দ্বারা ভক্তি সহকারে হরির অর্চ্চনা করেন, কমলা সহ বিষ্ণু যথায় বিরাজ করেন, সেই বিমলধামে তাঁহার গতি হয়। ৯৭। বৃহন্নারদীয় পুরাণে যমভগীরথ-সংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি মৃদু তুলসীদল দ্বারা বিষ্ণুর চরণকমল পূজা করেন, তাঁহাকে আর কদাচ ব্রহ্মধাম হইতে পুনরাবৃত্তি করিতে হয় না। ৯৮। গরুড়পুরাণে লিখিত আছে, যে সকল ব্যক্তি হরিপূজার্থ ভিক্ষুকাশ্রমী ও অপরাপর ভক্তবর্গকে তুলসীদল অর্পণ করেন, সেই প্রধানধামে তাঁহাদের গতি হয়। হরিভক্তি-সুধোদয়ে হরিভক্তিপরায়ণ দ্বিজের প্রতি শমনদূতের উক্তি যথা,—কি ধর্ম্মনিষ্ঠ, কি অধার্ম্মিক, যিনিই হউন্ না কেন, তুলসী দ্বারা কেশবের পূজা করিলে তাঁহার মরণান্তে আমরা তাঁহাকে স্পর্শ করিতে সমর্থ হই না, তিনি বিষ্ণুদূত কর্ত্তৃক নীত হইয়া থাকেন। স্কন্দপুরাণেও কথিত আছে যে, যে ঋষি নিখিল কামনা (পুত্র-ধন-লোককামনাদি) বিসর্জ্জন পূর্ব্বক পরমাত্মার উপাসনা করেন, আর যিনি তুলসীদল দ্বারা হরির অর্চ্চনা করেন, তাঁহারা উভয়েই সংসারে সমানরূপে নির্দ্দিষ্ট। ৯৯।

অতএব তত্রৈব ব্রহ্মনারদসংবাদে।—

পত্রং পুষ্পং ফলং তোয়ং তুলসীগন্ধবাসিতং। ফলং লক্ষগুণং প্রোক্তং কেশবায় নিবেদিতম্॥
তুলসীগন্ধমিশ্রন্তু যৎ কিঞ্চিৎ কুরুতে হরেঃ। কল্পকোটিসহস্রাণি প্রীতো ভবতি কেশবঃ॥

কিঞ্চ দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে।—

যঃ পুনস্তুলসীপত্রৈঃ কোমলৈর্ম্মঞ্জরীযুতৈঃ। পূজয়েৎ সূত্রবদ্ধৈস্তু কৃষ্ণং দেবকিনন্দনং।
যা গতির্যোগযুক্তানাং যা গতির্যজ্ঞশীলিনাং। যা গতির্দানশীলানাং যা গতিস্তীর্থসেবিনাং।
যা গতির্মাতৃভক্তানাং দ্বাদশীবেধবর্জ্জিনাং। কুর্ব্বতাং জাগরং বিষ্ণোর্নৃত্যতাং গায়তাং ফলং।
বৈষ্ণবানান্তু ভক্তানাং যৎ কলং বেদবাদিনাং। পঠতাং বৈষ্ণবং শাস্ত্রং বৈষ্ণবেভ্যশ্চ যচ্ছতাং।
ফলমেতন্মহীপাল লভতে নাত্র সংশয়ঃ॥

কার্ত্তিকাদৌ ফলবিশেষঃ।

তত্র কার্ত্তিকে গারুড়ে।—

গবামযুতদানেন যৎ ফলং লভতে খগ। তুলসীপত্রকৈকেন তৎ ফলং কার্ত্তিকে স্মৃতং॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

তুলসীদললক্ষেণ কার্ত্তিকে যোঽর্চ্চয়েদ্ধরিং। পত্রে পত্রে মুনিশ্রেষ্ঠ মৌক্তিকং লভতে ফলং॥১০০॥

তত্রৈবাগ্রে।—

তুলসীদলানি পুণ্যানি যে যচ্ছন্তি জনার্দ্দনে। কার্ত্তিকং সকলং বৎস পাপং জন্মাযুতং দহেৎ॥
ইষ্ট্বা ক্রতুশতৈঃ পুণ্যৈর্দত্ত্বা রত্নান্যনেকশঃ। তুলসীদলেন তৎ পুণ্যং কার্ত্তিকে কেশবার্চ্চনাৎ॥

কিঞ্চ।—যঃ পুনস্তুলসীং প্রাপ্য কার্ত্তিকং সকলং মুনে। অর্চ্চয়েদ্দেবদেবেশং স যাতি পরমাং গতিং॥

মৌক্তিকং ফলং মোক্ষং মুক্তেঃ ফলং ভক্তিং বা॥ ১০০॥ তেষাং পাপং দহেৎ নশ্যতি। যো

অতঃপর তুলসীর ভগবৎপ্রীতিজননশক্তি।—ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, তুলসীপত্রের গন্ধ, মালতীকুসুম ও কপিলাদুগ্ধ এই তিন দ্রব্য দ্বারা হরি আশু প্রীত হইয়া থাকেন। পদ্মপুরাণে কর্ত্তিকমাহাত্ম্যে বৃন্দোপাখ্যানান্তে লিখিত আছে যে, পূর্ব্বজন্মে ইনি (তুলসীরূপিণী বৃন্দা) এই প্রকারে হরির প্রিয়তমা হইয়াছিলেন; সুতরাং ইহ জন্মে ইঁহার পত্র দ্বারা অর্চ্চিত হইলে দৈত্যসৈন্যনিসূদন হরি অতীব প্রীত হইয়া থাকেন। স্কন্দপুরাণে বর্ণিত আছে যে, তুলসীদল দ্বারা হরি যে প্রকার সন্তুষ্ট হন, কাঞ্চন ও মণিময় কুসুম দ্বারাও তদ্রূপ প্রীত হন না। স্কন্দপুরাণের ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যদি তুলসীপত্রের গন্ধে সুরভীকৃত পত্র, ফুল, ফল ও সলিল জনার্দ্দনকে প্রদান করা যায়, তাহা হইলে লক্ষগুণ ফল হইয়া থাকে কথিত আছে। তুলসীপত্রের গন্ধবিশিষ্ট যে কোন দ্রব্য কেশবকে অর্পণ করিলে তাহাতেই তিনি সহস্রকোটি কল্প কাল প্রীত থাকেন। দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন সংবাদে লিখিত আছে যে, হে নৃপতে! যে ব্যক্তি সূত্র দ্বারা গ্রথিত মঞ্জরী-সমন্বিত মৃদু তুলসীপত্র দ্বারা দেবকীতনয় হরির অর্চ্চনা করেন, তিনি যোগাভ্যাসকারীর, যজ্ঞানুষ্ঠাতার, দাতার, তীর্থভ্রমণকারীর, জননীভক্তগণের ও দ্বাদশীবেধত্যাগকারিগণের গতি প্রাপ্ত হন এবং হরির উদ্দেশে জাগরণ করত নৃত্যগীত-

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে।—

মঞ্জরীভিঃ সপত্রাভির্মালাভিশ্চাপি কেশবঃ। তুলস্যাঃ কার্ত্তিকে প্রীতো দদাতি পদমব্যয়ং ॥

অথ মাঘে।

স্কান্দে তত্রৈব।—

স্নাত্বা মহানদীতোয়ে কোমলৈস্তুলসীদলৈঃ। যোঽর্চ্চয়েন্মাধবং মাঘে কুলানাং তারয়েচ্ছতং ॥

সুকোমলৈর্দলৈর্যস্তু মঞ্জরীভির্জ্জনার্দ্দনং। অর্চ্চয়েন্মাঘমাসে তু ক্রতুনাং লভতে ফলং ॥ ১০১ ॥

অথ চাতুর্মাস্যে।

স্কান্দে।—

সংপূজ্য তুলসীভক্ত্যা ঘনশ্যামং জনার্দ্দনং। চতুরো বার্ষিকান্ মাসান্ অশ্বমেধাযুতং লভেৎ॥১০২॥

যচ্ছতীতি বা পাঠঃ। ততশ্চ স এবাত্মনোঽন্যস্যাপি পাপং দহেৎ পুণ্যৈরুক্তৈরশ্বমেধাদিভিরিত্যর্থঃ। যৎ প্রাপ্যতে তৎ পুণ্যং স্যাৎ ॥ ১০১ ॥

তুলস্যা ভক্তির্মালাদিরচনা তয়া ॥ ১০২ ॥

কারিগণের যে ফল হয়, হরিভক্তকুলের যে ফল সঞ্চয় হয়, বেদধ্যায়ীর, বৈষ্ণবশাস্ত্রাধ্যায়ী ও বৈষ্ণবগণকে দানকারীর যে ফল হয়, তাঁহারও সেই ফল হইয়া থাকে সংশয় নাই।

কার্ত্তিকাদিমাসে তুলসীর ফলবিশেষ।—কার্ত্তিকমাসের ফল সম্বন্ধে গরুড়পুরাণে লিখিত আছে যে, হে পতগ! অযুতসংখ্য গোদানে যে ফল হয়, কার্ত্তিকমাসে হরিকে একটীমাত্র তুলসী প্রদান করিলে সেই ফল প্রাপ্ত হইতে পারে। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, হে তাপসশ্রেষ্ঠ! কার্ত্তিকমাসে লক্ষসংখ্য তুলসীপত্র দ্বারা হরির অর্চ্চনা করিলে প্রতিপত্রে মোক্ষফলস্বরূপ মুক্তি অথবা ভক্তি প্রাপ্ত হওয়া যায়। ১০০। ঐ পুরাণেরই শেষ অংশে লিখিত আছে যে, হে বৎস! যে সকল ব্যক্তি সমস্ত কার্ত্তিক মাস তুলসীদলসমূহ হরিকে প্রদান করেন, তদীয় অযুত জন্মের পাতক বিনাশ প্রাপ্ত হয়। শত শত বিশুদ্ধ অশ্বমেধের আচরণে এবং বহুসংখ্য রত্ন অর্পণে যে পুণ্যোদয় হয়, কার্ত্তিকমাসে তুলসীদল দ্বারা হরির পূজা করিলে সেই পুণ্য প্রাপ্ত হওয়া যায়। আরও লিখিত আছে যে, হে তাপস! যিনি সমস্ত কার্ত্তিকমাস দেবদেব জনার্দ্দনের উপাসনা করেন, তাঁহার অত্যুত্তমা গতি লাভ হয়। পদ্মপুরাণের কার্ত্তিকমাহাত্ম্যে লিখিত আছে যে, কার্ত্তিকমাসে তুলসীদল সহ মঞ্জরী ও মালা হরিকে প্রদান করিলে তিনি সন্তুষ্ট হইয়া অনশ্বর (নিত্য) পদ অর্পণ করিয়া থাকেন।

অতঃপর মাঘমাসে তুলসীদানের ফল।—স্কন্দপুরাণের ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যিনি মাঘমাসে মহানদীর (জাহ্নবীর) সলিলে স্নান করিয়া মৃদু তুলসীদল দ্বারা হরিকে পূজা করেন, তাঁহার শতকুল পরিত্রাণ প্রাপ্ত হয়। মাঘমাসে সু-মৃদু তুলসীদল ও মঞ্জরী দ্বারা কেশবের অর্চ্চনা করিলে সর্ব্বযজ্ঞের ফল লাভ করা যায়। ১০১।

অতঃপর চাতুর্মাস্যে তুলসীদানফল।—স্কন্দপুরাণে লিখিত আছে যে, তুলসীরচিত মালা প্রভৃতি দ্বারা সংবৎসরের চারিমাসে নীরদশ্যামল কৃষ্ণের পূজা করিলে অযুত অশ্বমেধানুষ্ঠানের ফল হইয়া থাকে। ১০২।

অথ বৈশাখে।

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসংবাদে।—

তুলসী গৌরকৃষ্ণাখ্যা তয়াভ্যর্চ্য মধুদ্বিষং। বিশেষেণ তু বৈশাখে নরো নারায়ণো ভবেৎ॥
মাধবং সকলং মাসং তুলস্যা যোঽর্চ্চয়েন্নরঃ। ত্রিসন্ধ্যং মধুহন্তারং নাস্তি তস্য পুনর্ভবঃ॥ ১০৩॥

অথ তুলসীগ্রহণবিধিঃ।

বায়ুপুরাণে।—

অস্নাত্বা তুলসীং ছিত্ত্বা যঃ পূজাং কুরুতে নরঃ। সোঽপরাধী ভবেৎ সত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ।

তত্রাদৌ মন্ত্রঃ।

স্কান্দে।—

তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া। কেশবার্থে বিচিন্বামি বরদা ভব শোভনে॥ ১০৪॥
ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং। তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি॥

গারুড়ে চ।—মোক্ষৈকহেতো ধরণীপ্রশস্তে, বিষ্ণোঃ সমস্তস্য গুরোঃ প্রিয়েতি।
আরাধনার্থং বরমঞ্জরীকং লুনামি পত্রং তুলসি ক্ষমস্ব॥

ইত্যুক্ত্বা তুলসীং নত্বা চিত্বা দক্ষিণপাণিনা। পত্রাণ্যেকৈকশো ন্যস্যেৎ সংপাত্রে মঞ্জরীরপি॥১০৫॥

নারায়ণ ইব ভবেৎ তৎসারূপ্যপ্রাপ্ত্যা। পুনর্ভবো জন্মলক্ষণঃ সংসারো নাস্তি নিত্যবৈকুণ্ঠবাসাৎ॥ ১০৩॥

বিচিন্বামীত্যার্ষং বিচিনোমি॥ ১০৪॥ একৈকশো দক্ষিণহস্তেন চিত্বা তথৈব সংপাত্রে উত্তমভাজনে অর্পয়েন্নিদধ্যাৎ॥ ১০৫॥

অনন্তর বৈশাখমাসে তুলসীদানের ফল।—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, বিশেষতঃ বৈশাখমাসে গৌরবর্ণ ও কৃষ্ণবর্ণ তুলসী দ্বারা যে ব্যক্তি হৃষীকেশের অর্চ্চনা করেন, তিনি নারায়ণতুল্য হন। যে ব্যক্তি সমগ্র বৈশাখমাস তুলসী দ্বারা ত্রিসন্ধ্যা মধুরিপু হরির অর্চ্চনা করেন, তাঁহাকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না। ১০৩।

অতঃপর তুলসীগ্রহণবিধি।—বায়ুপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি অস্নাত অবস্থায় তুলসী ছেদন করত অর্চ্চনা করেন, তাঁহাকে অপরাধী হইতে হয় সন্দেহ নাই এবং তদীয় যাবতীয় কর্ম্ম বিফল হইয়া থাকে।

এ বিষয়ে প্রথমতঃ মন্ত্র।—স্কন্দপুরাণে লিখিত আছে, হে শোভনে! হে তুলসি! অমৃত হইতে তোমার উৎপত্তি হইয়াছে, তুমি সর্ব্বদাই জনার্দ্দনের প্রিয়া; কেশবের অর্চ্চনার্থ আমি তোমাকে চয়ন করি, তুমি বরদায়িনী হও। ১০৪। হে পবিত্রকলেবরে! হে কলিকলুষহারিণি! ত্বদীয় অঙ্গসমুদ্ভুত পত্র দ্বারা আমি যে প্রকারে জনার্দ্দনের অর্চ্চনা করিতে পারি, তুমি তাহা কর। গরুড়পুরাণেও লিখিত আছে যে, হে তুলসি! তুমি মুক্তির একমাত্র কারণ, ধরাতলে ত্বৎসদৃশ শ্রেষ্ঠ আর কেহই নাই, তুমি চরাচরগুরু ভগবান্ হরির প্রিয়া; অতএব তাঁহার উপাসনার্থ আমি ত্বদীয় সর্ব্বোত্তম মঞ্জরী ও পত্র ছেদন করিতেছি, তুমি (আমাকে) ক্ষমা কর। এই মন্ত্র

তন্মাহাত্ম্যঞ্চ।

স্কান্দে।—মন্ত্রেণানেন যঃ কুর্য্যাদ্গৃহীত্বা তুলসীদলং। পূজনং বাসুদেবস্য লক্ষকোটিফলং লভেৎ॥

কিঞ্চ।—

শালগ্রামশিলার্চ্চার্থং প্রত্যহং তুলসীক্ষিতৌ। তুলসীং যে বিচিন্বন্তি ধন্যাস্তে করপল্লবাঃ॥১০৬॥

সংক্রান্ত্যাদৌ নিষিদ্ধোঽপি তুলস্যবচয়ঃ স্মৃতৌ। পরং শ্রীবিষ্ণুভক্তৈস্তু দ্বাদশ্যামেব নেষ্যতে॥১০৭॥

অথ তুলস্যবচয়নিষেধকালঃ।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

ন ছিন্দ্যাৎ তুলসীং বিপ্রাঃ দ্বাদশ্যাং বৈষ্ণবঃ ক্বচিৎ॥

গারুড়ে।—

ভানুবারং বিনা দূর্ব্বাং তুলসীং দ্বাদশীং বিনা। জীবিতস্যাবিনাশায় ন বিচিন্বীত ধর্ম্মবিৎ॥

পাদ্মে চ শ্রীকৃষ্ণসত্যাসংবাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে।—

দ্বাদশ্যাং তুলসীপত্রং ধাত্রীপত্রঞ্চ কার্ত্তিকে। লুনাতি স নরো গচ্ছেন্নিরয়ানতিগর্হিতান্॥

অতএবোক্তং।—

দেবার্থে তুলসীচ্ছেদো হোমার্থে সমিধাস্তথা। ইন্দুক্ষয়ে ন দুষ্যেত গবার্থে তু তৃণস্য চ॥১০৮॥

ক্ষিতাবিতি পৃথিব্যামেব শ্রীতুলস্যাঃ সত্বাৎ অতঃ ক্ষিতিরপি ধন্যেতি ভাবঃ॥ ১০৬॥ সংক্রান্তৌ পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং রবিবাসরে। তুলসীং যে বিচিন্বন্তীত্যাদিবচনৈঃ স্মৃতিশাস্ত্রে নিষিদ্ধোঽপি পরং কেবলং দ্বাদশ্যামেব তুলস্যা অবচয়ো নেষ্যতে॥ ১০৭॥

জীবিতস্যাবিনাশায়েতি অন্যথা আয়ুঃক্ষয়ঃ স্যাদিত্যর্থঃ। এবং দ্বাদশ্যামেব নিষেধাৎ অমাবস্যাদাবপি তদবচয়ো বিহিত ইতি জ্ঞেয়ং। তদেবাভিব্যঞ্জয়তি দেবার্থ ইতি সমাসান্তঃপ্রবিষ্টেনাপি

উচ্চারণ পূর্ব্বক তুলসীকে প্রণাম করিয়া দক্ষিণ হস্তে এক একটী পত্র ও মঞ্জরী চয়ন করত উৎকৃষ্ট ভাণ্ডে স্থাপন করিবে। ১০৫।

অনন্তর তুলসীচয়নমন্ত্রের মাহাত্ম্য।—স্কন্দপুরাণে লিখিত আছে, যে ব্যক্তি এই মন্ত্র দ্বারা তুলসীপত্র লইয়া জনার্দ্দনের অর্চ্চনা করেন, তাঁহার কোটিলক্ষ ফল লাভ হয়। আরও লিখিত আছে যে, যে সকল ব্যক্তি তুলসীক্ষেত্রে শালগ্রামশিলার পূজার জন্য প্রত্যহ তুলসী চয়ন করেন, সেই সকল ব্যক্তির অঙ্গুলী ধন্য এবং ধরাধামে তুলসীর সদ্ভাব বশতঃ ধরণীও চরিতার্থা হন। ১০৬। স্মৃতিশাস্ত্রে সংক্রান্ত্যাদি * দিনে তুলসী চয়ন করা নিষিদ্ধ থাকিলেও হরিভক্তেরা কেবলমাত্র দ্বাদশীতেই তুলসীচয়ন করিতে ইচ্ছা করেন না। ১০৭।

অতঃপর তুলসীচয়নের নিষিদ্ধ কাল।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে দ্বিজগণ! বৈষ্ণবজন কদাচ দ্বাদশী তিথিতে তুলসী ছেদন করিবেন না। গরুড়পুরাণে লিখিত আছে, ধর্ম্মবিদ্ব্যক্তি যদি পরমায়ুর হ্রাস কামনা না করেন, তবে রবিবাসরে দূর্ব্বা এবং দ্বাদশী তিথিতে তুলসী চয়ন করিবেন না; কারণ, উহা করিলে পরমায়ু হ্রাস প্রাপ্ত হয়। পদ্মপুরাণেও কৃষ্ণ

---

* এখানে সংক্রান্ত্যাদি বলিতে সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও রবিবার বুঝিবে।

এবং কৃত্বা মহাপূজামঙ্গোপাঙ্গাদিকং প্রভোঃ। ক্রমাদ্যথাসম্প্রদায়ং তত্তৎস্থানেষু পূজয়েৎ ॥১০৯॥
মন্ত্রবর্ণপদাদ্যাদৌ তত্তন্ন্যাসপদেষু চ। বেণুঞ্চ মালাং শ্রীবৎসং কৌস্তুভঞ্চ যথাস্পদং ॥ ১১০ ॥
ততশ্চ মূলমন্ত্রেণ ক্ষিপ্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং। প্রার্থ্যানুজ্ঞাং ভগবতোঽর্চ্চয়েদাবৃতিদেবতাঃ ॥ ১১১॥
তাশ্চ প্রত্যেকমাবাহ্য স্নানাদি পরিকল্প্য চ। পূজয়েদ্গন্ধপুষ্পাভ্যাং যথাস্থানং যথাক্রমং ॥১১২॥

অথাবরণপূজা।

কর্ণিকায়াং চতুর্দ্দিক্ষু দ্যোতমানান্ প্রভোঃ সখীন্। বসুদামং সুদামঞ্চ দামঞ্চ কিঙ্কিণিং যজেৎ ॥
ইতি প্রথমাবরণং ॥ ১১৩ ॥

ছেদেন সহাগ্রেঽপ্যন্বয়ঃ ॥ ১০৮॥ অঙ্গানি শ্রীমূর্ত্তৌ মন্ত্রবর্ণাদিন্যাসস্থানানি উপাঙ্গানি বেণ্বাদিচিহ্নচতুষ্কং। আদিশব্দেন শ্রীমূর্ত্তিন্যস্তমন্ত্রপদাক্ষরাণি চ। তেষাং তেষাং বর্ণাদীনাং স্থানেষু ক্রমেণ গন্ধাদিভিঃ পূজয়েৎ ॥ ১০৯ ॥

তদেব বিবিচ্য দর্শয়তি মন্ত্রেতি। তস্য তস্য ন্যাসস্থানেষু যথাস্পদং যথাস্থানং। অয়মর্থঃ। পূর্ব্বং শ্রীমূর্ত্তৌ যস্মিন্নঙ্গে যন্ন্যস্তমস্তি, তস্মিন্ তদেব ক্রমেণ পূজয়েদিতি।—প্রয়োগঃ। শ্রীমস্তকে ওঁ হ্রীং নমঃ। ললাটে ওঁ ক্লীং ইত্যাদিঃ। শ্রীনেত্রদ্বয়ে কেচিদপি পূজাং কুর্ব্বন্তি ওঁ হ্রীং নমঃ ইত্যাদিঃ। অত্র সর্ব্বত্র নিজসম্প্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্যঃ। অতএব লিখিতং যথা সম্প্রদায়মিতি। বেণ্বাদীংশ্চ শ্রীমুখাদৌ পূর্ব্ববৎ পূজয়েৎ। প্রয়োগঃ।—শ্রীমুখবেণবে নম ইত্যাদিঃ ॥ ১১০ ॥ আবৃতিঃ আবরণং তদ্রূপা দেবতাঃ ॥ ১১১ ॥ তা আবরণদেবতাঃ। তাসামেব স্নানাদিকং পরিকল্প্য সম্পাদ্য তাঃ পূজয়েৎ ॥ ১১২ ॥

তদেব বিবিচ্য দর্শয়তি কর্ণিকায়ামিত্যাদিনা উদ্ধয়োরিত্যন্তেন। চতুর্দ্দিক্ষু শ্রীভগবতঃ

সত্যভামা-সংবাদে কার্ত্তিকমাহাত্ম্যে বর্ণিত আছে, যে ব্যক্তি দ্বাদশীতিথিতে তুলসীপত্র ও কার্ত্তিক মাসে আমলকীপত্র ছেদন করে, সে অতি গর্হিত নরকে নিপতিত হয়। অতএব উক্ত হইয়াছে যে, অমাবস্যা তিথিতে দেবতার্থ তুলসীচ্ছেদন, হোমার্থ কাষ্ঠচ্ছেদন এবং গোর জন্য তৃণচ্ছেদন করিলে কোন দোষ নাই। ১০৮। এই প্রকারে ভগবানের মহাপূজা সমাধা পূর্ব্বক তত্তদ্বর্ণাদির স্থলে ক্রমান্বয়ে ও সম্প্রদায়ানুসারে গন্ধাদি দ্বারা অঙ্গ অর্থাৎ শ্রীমূর্ত্তিতে মন্ত্রবর্ণাদির ন্যাসস্থলসমূহ ও উপাঙ্গাদি অর্থাৎ বেণু প্রভৃতি চতুষ্টয় ও শ্রীমূর্ত্তিস্থ মন্ত্রপদ অক্ষর সকল অর্চ্চনা করিবে। ১০৯।

অনন্তর অঙ্গ ও উপাঙ্গপূজা।—অগ্রে তত্তৎন্যাসস্থানে স্থানানুসারে মন্ত্র, বর্ণ, পদ এবং বেণু, মালা, শ্রীবৎস ও কৌস্তুভের অর্চ্চনা করিবে। * তৎপরে মূলমন্ত্রোচ্চারণ পূর্ব্বক বারত্রয় কুসুমাঞ্জলি প্রদান করত ভগবানের অনুমতি লইয়া আবরণদেবতাগণের প্রত্যেকের আবাহন পূর্ব্বক স্নানাদি করাইয়া গন্ধপুষ্প যোগে যথাস্থলে ক্রমান্বয়ে অর্চ্চনা করিতে হইবে। ১১১—১১২।

---

* শ্রীমূর্ত্তির যে অঙ্গে যাহা বিন্যস্ত আছে, তাহাতে যথাক্রমে তাহা অর্চ্চনা করিবে। পূজার প্রয়োগ টীকাতেই বিবৃত আছে অর্থাৎ মস্তকে ওঁ হ্রীং নমঃ ইত্যাদি প্রকারে করিতে হইবে।

তদ্বহিশ্চাগ্নিকোণাদৌ কেশরেষঙ্গদেবতাঃ। হৃদয়াদিযুতাঃ পূজ্যাঃ স্বস্ববর্ণাদিশোভিতাঃ॥

ইতি দ্বিতীয়াবরণং ॥ ১১৪ ॥

ততো বহিশ্চ পূর্ব্বাদিদিগ্‌দলেষষ্টসু প্রভোঃ। মহিষী রুক্মিণী সত্যভামা নাগ্নজিতী ক্রমাৎ॥

সুনন্দা মিত্রবৃন্দা চ সম্পূজ্যাথ সুলক্ষণা। জাম্ববতী সুশীলা চ তত্তদ্রব্যাদি-ভূষিতাঃ॥

ইতি তৃতীয়াবরণং॥ ১১৫ ॥

পূর্ব্বাদ্যষ্টদলাগ্রেষু বসুদেবঞ্চ দেবকীং। শ্রীনন্দং শ্রীযশোদাঞ্চ বলভদ্রং সুভদ্রিকাং।

গোপান্ গোপীশ্চ তদ্ভাবত্রপয়া দূরতঃ স্থিতাঃ। বিচিত্ররূপবেশাদিশোভমানানিমান্ যজেৎ॥

ইতি চতুর্থাবরণং॥

আজ্যং প্রাজ্যং সমিজ্যং নয়নরুচিকরং বাজিকৈলামরীচ-
স্বাদীয়ঃ শাকরাজীপরিকরমমৃতাহারজোষং জুষস্ব॥ ৫১॥

স্পৃশেৎ তদা চতুর্থী। তা অনামিকা-তর্জ্জনী-মধ্যমাঃ কনিষ্ঠাসহিতাশ্চেৎ স্পৃশেত্তদা পঞ্চমীতি। প্রয়োগঃ। ওঁ প্রাণায় স্বাহা। ইত্যঙ্গুষ্ঠকনিষ্ঠিকানামিকাভিরিত্যেবমূহ্যং॥৪৮॥ পঞ্চাঙ্গুল্যগ্রসংলগ্না প্রোত্থিতোর্দ্ধমুখী যদীত্যাদিনা পূর্ব্বমুপচারগণমুদ্রা-মধ্যে লিখিতা নিবেদ্য-মুদ্রা। যদ্বা। করদ্বয়-স্যাঙ্গুষ্ঠদ্বয়েনানামিকাদ্বয়স্পর্শমেব নিবেদ্যমুদ্রা। তাং প্রদর্শয়েৎ। কিং কুর্ব্বন্?—তস্য নিবেদ্যস্য মনুং মন্ত্রং জপন্॥ ৪৯॥ নন্দজঃ ঠকারঃ, অম্বুমনুঃ ঔকারঃ, কস্যচিন্মতে বকারঃ, তেন বিন্দুনা চানুস্বারেণ যুক্তঃ। নতির্নমঃশব্দঃ। পার্শ্বং পকারঃ। রা ইতি স্বরূপনির্দ্দেশঃ। মরুদ্‌যকারঃ। অবাত্মনে ইতি স্বরূপনির্দ্দেশঃ তথা নি চ রুদ্ধেতি চ তচ্চ পদং ঙেযুক্তং রুদ্ধায়েত্যর্থঃ। নিবেদ্যমিতি স্বরূপ-নির্দ্দেশঃ। আত্মভূঃ কারঃ। মাসং লকারঃ তদ্‌যুক্তঃ। পার্শ্বং পকারঃ। অনিলো যকারঃ।

প্রণববিশিষ্ট এবং শেষে চতুর্থী বিভক্তি ও স্বাহাযুক্ত প্রাণাদি মন্ত্র দ্বারা দক্ষিণ করে প্রাণাদি মুদ্রাপঞ্চ প্রদর্শন কর্ত্তব্য। ৪৮। * তৎপরে করদ্বয়ের বৃদ্ধাঙ্গুষ্ঠযুগল দ্বারা স্ব স্ব অনামাযুগল স্পর্শ করত নিবেদ্য দ্রব্যের মন্ত্র জপ পূর্ব্বক নিবেদ্য মুদ্রা দেখাইবে। ৪৯। † নিবেদ্য-মুদ্রার মন্ত্র যথা,—ক্রমদীপিকায় লিখিত আছে, নন্দজ (ঠ), অম্বুমনু (ঔ) ও বিন্দু (ং) ইহাদের সহিত যুক্ (সংযুক্ত) তৎপরে নতি (নমঃ) শব্দ। এই সমস্ত একত্র হইলেই "ঠৌঁ নমঃ" হয়। পার্শ্ব (প), রা, এবং য, এই তিনটীতে "পরায়" হয়। তৎপরে "অবাত্মনে" পরে "নি" এবং রুদ্ধ" এই শব্দদ্বয়ে ঙে (চতুর্থীবিভক্তি) যোগ করিলে "নিরুদ্ধায়" হয়। তৎপরে 'নিবেদ্যং", পরে আত্মভূ (ক), মাস (ল্), তদ্‌যুক্ত প (ল্প), অনিল (য়), এবং আমি। এই সমস্ত একত্র করিলে "ঠৌঁ নমঃ পরায় অবাত্মনেঽনিরুদ্ধায় নিবেদ্যং কল্পয়ামি" এই মন্ত্র হইল। ভগবদ্ভক্তিপরায়ণেরা নিজ অভীষ্ট মন্ত্র নিবেদ্য পদার্থের মন্ত্ররূপে জপ করেন এবং গ্রাসমুদ্রা দেখাইয়া থাকেন। হরিমুখ-পদ্ম হইতে যে তেজ বিনিক্রান্ত হয়, তাঁহারা তদ্রূপ চিন্তা করেন না; ফল কথা, শিষ্টাচারানু-

---

* প্রয়োগ যথা—ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ইত্যাদি।

† করদ্বয়ের অঙ্গুষ্ঠযুগল দ্বারা স্ব স্ব অনামাদ্বয় স্পর্শ করিলেই তাহার নাম নিবেদ্য-মুদ্রা। অথবা পাঁচটী অঙ্গুলীর অগ্রদেশ পরস্পর সংলগ্ন হইয়া ঊর্দ্ধমুখে অবস্থিতি করিলেই তাহাকে নিবেদ্য-মুদ্রা বলা যায়।

কিঞ্চ গরুড়পুরাণে।—

নৈবেদ্যং পরয়া ভক্ত্যা ঘণ্টাদ্যৈর্জয়নিস্বনৈঃ। নীরাজনৈশ্চ হরয়ে দদ্যাদ্দীপাসনং বুধঃ ॥ ৫২ ॥

অথ নৈবেদ্যপাত্রাণি।

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

নৈবেদ্যপাত্রং বক্ষ্যামি কেশবস্য মহাত্মনঃ। হৈরণ্যং রাজতং তাম্রং কাংস্যং মৃন্ময়মেব চ।
পালাশং পদ্মপত্রঞ্চ পাত্রং বিষ্ণোরতিপ্রিয়ং ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—পাত্রাণাস্তু প্রদানেন নরকঞ্চ ন গচ্ছতি ॥

পাত্রপরিমাণং।

দেবীপুরাণে।— ষট্‌ত্রিংশদঙ্গুলং পাত্রমুত্তমং পরিকীর্ত্তিতং।
মধ্যমঞ্চ ত্রিভাগোনং কন্যসং দ্বাদশাঙ্গুলং। বস্বঙ্গুলবিহীনস্তু ন পাত্রং কারয়েৎ ক্বচিৎ ॥ ৫৩ ॥

আমীতি স্বরূপনির্দ্দেশঃ। ঠৌং নমঃ পরায় অবাত্মনেঽনিরুদ্ধায় নিবেদ্যং কল্পয়ামীতি ॥ ৫০ ॥ সিতং শুদ্ধং। ঘারিকা ঘীবরেতি প্রসিদ্ধা। তদাদ্যং শোভনখাদ্যং। আজ্যং ঘৃতং। প্রাজ্যং ঘৃতপ্রচুর-পক্বং। সমিজ্যং পরমোত্তমমিত্যর্থঃ। শ্লোকোঽয়ং যবনিকান্তর্দ্ধানানন্তরং বহিরের পাঠ্য ইতি জ্ঞেয়ং। ক্রমদীপিকোক্তানুসারেণাদৌ তন্মুখ্যমন্ত্রস্য লিখিতত্বাৎ ॥ ৫১ ॥ অন্যঞ্চ নৈবেদ্যার্পণবিধিং লিখতি নৈবেদ্যমিতি। দীপঞ্চান্যমেকং ভোজনকালপর্য্যন্তস্থায়িনং আসনঞ্চ দদ্যাৎ। বুধঃ সদা-চারবিশেষবিদ্বানিত্যর্থঃ ॥ ৫২ ॥

কন্যসং কনিষ্ঠং। বসুভিরষ্টভিরঙ্গুলিভির্বিহীনং অষ্টাঙ্গুলপরিমাণতো ন্যূনমিত্যর্থঃ। ক্বচিদিতি স্নানাদৌ চ সর্ব্বত্র ন কারয়েদিত্যর্থঃ ॥ ৫৩ ॥

সারে প্রফুল্লমনে হরিকে ভোজন করাইয়া থাকেন। ৫০। অন্যত্রও লিখিত আছে, “হে ভগবন্! শাল্যোদন, শিশিরকরতুল্য শ্বেতবর্ণ উৎকৃষ্ট অন্ন, পায়স, পিষ্টক, সূপ, লেহ্য, পেয়, চূষ্য ও শ্বেত সুধাস্বরূপ ফল, ঘারিকাদি (ঘিওর) উৎকৃষ্ট খাদ্য, ঘৃত, নেত্রপ্রীতিকর ঘৃত, এলাচ-মরীচাদি দ্বারা সংস্কৃত সুস্বাদ অত্যুৎকৃষ্ট ঘৃতবহুল পক্বান্ন ও শাকাদি উপকরণ এই সমস্ত সুধাসদৃশ দ্রব্যের আস্বাদজন্য আনন্দ উপভোগ করুন্।” গরুড় পুরাণে লিখিত আছে, সদাচারবিশেষবেত্তা ব্যক্তি ঘণ্টাদি জয়শব্দ ও নীরাজনা করত পরমা ভক্তি সহকারে শ্রীকৃষ্ণকে নৈবেদ্য, ভোজনকালযাবৎ স্থায়ী প্রদীপ ও আসন অর্পণ করিবেন।

অনন্তর নৈবেদ্যপাত্র-সমূহ।—স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, মহাত্মা হরির নৈবেদ্যপাত্রের বিষয় বর্ণন করিব। সুবর্ণপাত্র, রজতপাত্র, তাম্রপাত্র, কাংস্যপাত্র, মৃন্ময় পাত্র, পলাশপত্র ও পদ্মপত্রচরিত পাত্র হরির অতীব প্রীতিকর। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, যিনি কৃষ্ণকে পাত্রসমূহ অর্পণ করেন, তাঁহাকে আর নিরয়ে গমন করিতে হয় না।

অতঃপর পাত্রের পরিমাণ।—দেবীপুরাণে লিখিত আছে যে, ষট্‌ত্রিংশৎ অঙ্গুলীপ্রমাণ পাত্র উত্তম, চতুর্ব্বিংশত্যঙ্গুল মধ্যম এবং দ্বাদশাঙ্গুলপ্রমাণ পাত্র অধম। কদাচ অষ্টাঙ্গুলের ন্যূন পাত্র নির্ম্মাণ করিবে না। ৫৩।

অথ ভোজ্যানি।

একাদশস্কন্ধে।—

গুড়পায়সসর্পীংষি শঙ্কুল্যাপূপমোদকান্। সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ ॥ ৫৪ ॥

কিঞ্চ।—যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ। তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥ ৫৫॥

ষষ্ঠস্কন্ধে।—নৈবেদ্যঞ্চাধিগুণবদ্দদ্যাৎ পুরুষতুষ্টিদং ॥ ৫৬ ॥

বৌধায়নস্মৃতৌ চ।—

নানাবিধান্নপানৈশ্চ ভক্ষ্যণাদ্যৈর্মনোহরৈঃ। নৈবেদ্যং কল্পয়েদ্বিষ্ণোস্তদভাবে চ পায়সং।

কেবলং ঘৃতসংযুক্তং ॥ ৫৭ ॥

বামনপুরাণে।—

হবিষা সংস্কৃতা যে চ যবগোধূমশালয়ঃ। তিলমুদ্গাদয়ো মাষা ব্রীহয়শ্চ প্রিয়া হরেঃ ॥

গারুড়ে।—

অন্নং চতুর্ব্বিধং পুণ্যং গুণাঢ্যঞ্চামৃতোপমং। নিষ্পন্নং স্বগৃহে যদ্বা শ্রদ্ধয়া কল্পয়েদ্ধরেঃ ॥ ৫৮ ॥

ভবিষ্যে।— পুষ্পং ধূপং তথা দীপং নৈবেদ্যং সুমনোহরং।

খণ্ডলড্ডুক-শ্রীবেষ্ট-কাসারাশোকবর্ত্তিকাঃ ॥

গুড়শব্দেন সর্ব্বে ইক্ষুবিকারা গৃহ্যন্তে তেষাং গুড়াত্মকত্বাৎ। শঙ্কুল্যঃ তৈলপক্কবিশেষাঃ। আপূপা মণ্ডকাদীনাং সমূহাঃ। সূপা ব্যঞ্জনানি। সতি বিভবে ইতি শেষঃ। যদ্বা গুড়াপায়সাদি নৈবেদ্যে সতি ॥ ৫৪ ॥ যচ্চাত্মনোঽত্যন্তপ্রিয়মিতি লোকেঽনিষ্টমপি অবিহিতমপি স্বস্য প্রিয়ঞ্চেত্তর্হি দদ্যাদিত্যর্থঃ। অত্র চ বিহিতমেব ন তু নিষিদ্ধমিতি কেচিদাহুঃ অত্যন্তনিষিদ্ধে চ বৈষ্ণবানাং স্বত এবাপ্রবৃত্তেস্তন্ন দেয়মেবেতি কিং তদভিব্যঞ্জনেন ॥৫৫॥ অধিগুণবৎ অধিকগুণসংযুক্তং। যতঃ পুরুষস্য ভগবতঃ তুষ্টিদং। যদ্বা। পুরুষাহারসম্মিতং দদ্যান্ন ততো ন্যূনমিত্যর্থঃ ॥ ৫৬ ॥ কেবলম্ একমেব পায়সং দদ্যাদিত্যর্থঃ। তচ্চ ঘৃতযুক্তমেব অঘৃতঞ্চাসুরং বিদুরিতি স্মৃতেঃ ॥ ৫৭ ॥

অনন্তর ভোজ্য।—একাদশ স্কন্ধে লিখিত আছে, গুড়, পায়স, ঘৃত, শঙ্কুলী, আপূপ,সংযাব, দধি ও সূপ এই সমস্ত বস্তুর নৈবেদ্য সম্পত্ত্যনুসারে অর্পণ করিবে। ৫৪। আরও লিখিত আছে, কিংবা সংসারে যে যে দ্রব্য প্রিয় এবং যে যে দ্রব্য স্বীয় অতীব প্রীতিকর, সেই সমস্ত আমাকে অর্পণ করিলে তাহা অনন্ত ফলের জন্য কল্পিত হইয়া থাকে। ৫৫। ষষ্ঠস্কন্ধে লিখিত আছে, পুরুষের (ভগবানের) প্রীতিকর কিংবা পুরুষের (এক ব্যক্তির) আহার-পরিমিত প্রীতিজনক অধিক-গুণশালী নৈবেদ্য অর্পণ করিবে। ৫৬। বৌধায়নস্মৃতিতেও লিখিত আছে, নানারূপ অন্ন পান ও উত্তম ভক্ষ্যাদি বস্তু দ্বারা হরিকে নৈবেদ্য অর্পণ করিবে। তদভাবে কেবলমাত্র ঘৃত সমন্বিত পায়স নিবেদন করিবে; কেন না, ঘৃতহীন অন্ন অসুরান্ন বলিয়া অভিহিত হইয়া থাকে। ৫৭। বামনপুরাণে লিখিত আছে, যব, গোধূম, ধান্য, তিল, মুগাদি কলায় এবং চণক প্রভৃতি শস্য গব্যঘৃতযুক্ত হইলে বিষ্ণুর প্রীতিজনক হইয়া থাকে। গরুড়-পুরাণে লিখিত আছে, নিজ গৃহে পক্ব, গুণবিশিষ্ট, সুধা সদৃশ ও বিশুদ্ধ এই চারি প্রকার অন্ন শ্রদ্ধা সহকারে বিষ্ণুকে

স্বস্তিকোল্লাসিকাদুগ্ধতিলবেষ্টকিলাটিকাঃ। ফলানি চৈব পক্কানি নাগরঙ্গাদিকানি চ॥
অন্যানি বিধিনা দত্ত্বা ভক্ষ্যাণি বিবিধানি চ। এবমাদীনি চান্যানি দাপয়েদ্ভক্তিতো নৃপ॥ ৫৯॥

বারাহে।— যস্তু ভাগবতো দেবি অন্নাদ্যেন তু প্রীণয়েৎ।
প্রীণিতস্তিষ্ঠতেঽসৌ বৈ বহুজন্মানি মাধবি॥

সর্ব্বব্রীহিময়ং গৃহ্য শুভং সর্ব্বরসান্বিতং। মন্ত্রেণ মে প্রদীয়েত ন কিঞ্চিদপি সংস্পৃশেৎ॥ ৬০॥
ইঙ্গুদীফলবিল্বানি বদরামলকানি চ। খর্জ্জূরাংশ্চাসনাংশ্চৈব মানবাংশ্চ পরূষকান্॥
শালোড়ুম্বরিকাংশ্চৈব তথা প্লক্ষফলানি চ। পৈপ্পলং কণ্টকীয়ঞ্চ তুম্বুরুঞ্চ প্রিয়ঙ্গুকং॥
মরীচং শিংশপাকঞ্চ ভল্লাতকরমর্দ্দকং। দ্রাক্ষাঞ্চ দাড়িমঞ্চৈব পিণ্ডখর্জ্জূরমেব চ॥
সৌবীরং কেলিকঞ্চৈব তথা শুভফলানি চ। পিণ্ডারকফলঞ্চৈব পুন্নাগফলমেব চ॥
শমীঞ্চৈব কবীরঞ্চ খর্জ্জূরকমহাফলং। কুমুদস্য ফলঞ্চৈব বহেড়কফলন্তথা॥

হবিষা গব্যঘৃতেন। ব্রীহয়ঃ যবাদিভ্যোঽন্যে চণকাদয়ঃ॥ ৫৮॥ শ্রীবেষ্টং লজুষীতি প্রসিদ্ধং। কাসারঃ পৈবাকিকাদিঘৃতপক্কান্তর্নিক্ষেপ্যো মধুরপক্কদ্রব্যবিশেষঃ কসেরুরিতি প্রসিদ্ধঃ। আশোকবর্ত্তিকা সেবালড্ডু ইতি প্রসিদ্ধা। একমূর্দ্ধা পিষ্টময়ো রচিতঃ স্বস্তিকো মতঃ। উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা। দুগ্ধবেষ্টঃ তিলবেষ্টশ্চ। তত্র দুগ্ধবেষ্টঃ ক্ষীরবটকঃ পূপিকা বা। তিলবেষ্টঃ অম্বসা ইতি প্রসিদ্ধঃ। কিলাটিকা ক্ষীরসারঃ পটখিরিসেতি প্রসিদ্ধা। অন্যানি চ ফলানি দত্ত্বা পশ্চাদ্ভক্ষ্যাণি দাপয়েৎ ইত্যত্র দদ্যাদিতি বা পাঠঃ॥ ৫৯॥

অন্নাদি ভক্ষ্যপেয়দ্রব্যেণ গৃহ্য গৃহীত্বা॥ ৬০॥ আসনান্ চারবীজানি। মানবান্ নারিকেল-

---

প্রদান করিবে। ৫৮। ভবিষ্যপুরাণে লিখিত আছে, হে নৃপতে! কুসুম, ধূপ, দীপ, মনোরম নৈবেদ্য; খণ্ড, লড্ডুক, শ্রীবেষ্ট (লজুষী), কসেরু, সেবালড্ডু, স্বস্তিক (একমস্তকযুক্তপিষ্টকময় বস্তুভেদ), উল্লাসিকা (লপসী), দুগ্ধবেষ্ট (ক্ষীরের বড়া), তিলবেষ্ট (অম্বসা), কিলাটিকা (ক্ষীরসার) এবং নাগরঙ্গাদি পক্ক ফলসমূহ শ্রদ্ধা পূর্ব্বক অর্পণ করত পরে অপরাপর নানা-প্রকার ভক্ষ্য বস্তু ও অন্যান্য দ্রব্য প্রদান করিবে। ৫৯। বরাহপুরাণে লিখিত আছে, হে মাধবি! হে দেবি! যিনি অন্ন প্রভৃতি ভক্ষ্য বস্তু দ্বারা বৈষ্ণবগণের প্রীতি সম্পাদন করেন এবং সর্ব্বরসবিশিষ্ট শুভপ্রদ শস্যসমূহ গ্রহণ করত মন্ত্র দ্বারা আমাকে অর্পণ করিয়া তাহার কিছুমাত্র স্পর্শ না করেন, বহুজন্মযাবৎ তিনি সুখস্বচ্ছন্দে অবস্থান করিয়া থাকেন। ৬০। ইঙ্গুদীফল, বিল্বফল, বদর, আমলকী, খর্জ্জুর, আসন, নারিকেল, পরূষক, শাল, উড়ুম্বরিক, প্লক্ষফল, পিপ্পলীফল, পনস, তুম্বুরু, প্রিয়ঙ্গু, মরীচ, শিংশপা, ভল্লাতক, করমর্দ্দক, দ্রাক্ষা, দাড়িম্ব, পিণ্ডখর্জ্জুর, সৌবীর, কেলিক, পিণ্ডারকফল, পুন্নাগফল, শমী, কবীর, খর্জ্জুরক, মহাফল, কুমুদফল, বহেরুফল, অজ, কর্কোটক, তালফল, কদম্ব, কৌমুদ, দ্বিবিধ স্থলকঞ্জ, পিণ্ডিকন্দ, বংশনীপ, মধুকন্দ, মাহিষকন্দ, করমর্দ্দককন্দ, নীলোৎপলকন্দ, মৃণাল, পুষ্করফল, শালূকফল এই সকল এবং অপরাপর কন্দমূল ফলের বিষয় যাহা বর্ণন করিয়াছি, তৎসমস্তই আমার ভক্ষ্য। মূলকশাক, চিঞ্চাশাক, কলায়শাক, সর্ষপশাক, বংশকশাক, কলম্বীশাক,

অল্লং কর্কোটকঞ্চৈব তথা তালফলানি চ। কদম্বঃ কৌমুদঞ্চৈব দ্বিবিধং স্থলকগুয়োঃ॥
পিণ্ডিকন্দেতি বিখ্যাতং বংশনীপং ততঃ পরং। মধুকন্দেতি বিখ্যাতং মাহিষং কন্দমেব চ॥
করমর্দ্দককন্দঞ্চ তথা নীলোৎপলস্য চ। মৃণালং পৌষ্করঞ্চৈব শালূকস্য ফলং তথা॥
এতে চান্যে চ বহবঃ কন্দমূলফলানি চ। এতানি চোপযোজ্যানি যে ময়া পরিকল্পিতাঃ॥
মূলকস্য ততঃ শাকং চিঞ্চাশাকং তথৈব চ। শাকঞ্চৈব কলায়স্য সর্ষপস্য তথৈব চ।
বংশকস্য তু শাকঞ্চ শাকমেব কলম্বিকং। আর্দ্রকস্য চ শাকং বৈ পালঙ্কং শাকমেব চ।
অম্বিলোড়কশাকঞ্চ কাশং কৌমারকং তথা। শুক্ষমণ্ডলপত্রঞ্চ দ্বাবেব তরুবানকৌ॥
চরস্য চৈব শাকঞ্চ মধুকোড়ুম্বরং তথা। এতে চান্যে চ বহবঃ শতশোঽথ সহস্রশঃ।
কর্ম্মণ্যাশ্চৈব সর্ব্বে বৈ যে ময়া পরিকীর্ত্তিতাঃ॥
ব্রীহীণাঞ্চ প্রবক্ষ্যামি উপযোগাংশ্চ মাধবি। একচিত্তং সমাধায় তৎ সর্ব্বং শৃণু সুন্দরি॥
ধর্ম্মাধর্ম্মিকরক্তঞ্চ সুগন্ধং রক্তশালিকং। দীর্ঘশূকং মহাশালিং বরকুঙ্কুমপত্রকং॥
গ্রামশালিং সমদ্রাশাং সশ্রীশাং কুশশালিকাং। যবাশ্চ দ্বিবিধা জ্ঞেয়াঃ কর্ম্মণ্যা মম সুন্দরি।
কর্ম্মণ্যাশ্চৈব মুদ্গাশ্চ তিলাঃ কৃষ্ণাঃ কুলত্থকাঃ। গোধূমকং মহামুদ্গামুদ্গাষ্টকমবাটজিং।
কর্ম্মণ্যেতানি চোক্তানি ব্যঞ্জনানি প্রিয়ান্বিতান্।
প্রতিগৃহ্ণাম্যহং হ্যেতান্ সর্ব্বান্ ভাগবতাৎ প্রিয়ান্॥
কিঞ্চ।— যে ময়ৈবোপযোজ্যানি গব্যং দধি পয়ো ঘৃতং॥

স্কান্দে চ ব্রহ্মনারদসংবাদে।—

হবিঃ শাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করং। নৈবেদ্যং দেবদেবায় যাবকং পায়সং তথা॥
নৈবেদ্যানামভাবে তু ফলানি বিনিবেদয়েৎ। ফলানামপ্যভাবে তু তৃণগুল্মৌষধীরপি।
ওষধীনামলাভে তু তোয়ঞ্চ বিনিবেদয়েৎ। তদলাভে তু সর্ব্বত্র মানসং প্রবরং স্মৃতং॥

ফলানি।—পরূষকান্ পরুষা ইতি প্রসিদ্ধান্ এষু পুংস্ত্বমার্ষং। অগ্রে অন্যত্রাপি এবং জ্ঞেয়ং। এবং দেশভেদেন তত্তন্নামপ্রসিদ্ধেরপি ভেদাৎ তত্তদ্ভাষয়া লিখিতানামপি তত্তদ্দ্রব্যাণাং সর্ব্বদেশী-

আর্দ্রকশাক, পালঙ্কশাক, অম্বিলোড়কশাক, কাশ, কৌমারক, শুকমণ্ডলপত্র, দ্বিবিধ বৃক্ষের শুষ্কপত্র, চরশাক, মধুক ও উডুম্বর এই সমস্ত এবং অপরাপর শতসহস্রবিধ শাকাদির বিষয় যাহা বর্ণন করিয়াছি, তৎসমস্তই কর্ম্মের উপযুক্ত। হে সুন্দরি! হে মাধবি! অধুনা ভক্ষ্য ব্রীহিসকলের বিষয় বলিব, তুমি একমনা হইয়া তৎসমস্ত অবধান কর। হে সুন্দরি! ধর্ম্মরক্তশালি, অধর্ম্মরক্তশালি, দীর্ঘশূক, মহাশালি, শ্রেষ্ঠ কুঙ্কুমপত্র, গ্রামশালি, মদ্রশশালি শ্রীশশালি, কুশশালি এবং দ্বিবিধ যব কর্ম্মের উপযুক্ত। মুগ, তিল, কৃষ্ণ কুলত্থকলায়, গোধূম, মহামুগ, মুদ্গাষ্টক এ সমস্তও কর্ম্মের উপযুক্ত। এই সমস্ত দ্রব্য ও যে সমস্ত ব্যঞ্জনের বিষয় কথিত হইয়াছে, তৎসমুদায় প্রিয় দ্রব্যই আমি বৈষ্ণবগণের নিকট হইতে গ্রহণ করিয়া থাকি। আরও লিখিত আছে, গব্য দধি, গব্য দুগ্ধ ও গব্য ঘৃত আমার ভক্ষণের উপযুক্ত। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, অত্যুত্তম ঘৃতশালিতণ্ডুলের অন্ন, ঘৃত ও

স্কান্দে মহেন্দ্রং প্রতি শ্রীনারদবচনং।—

যচ্ছন্তি তুলসীশাকং শৃতং যে মাধবাগ্রতঃ। কল্পান্তং বিষ্ণুলোকে তু বসন্তি পিতৃভিঃ সহ ॥৬১॥

অথ নৈবেদ্যে নিষিদ্ধানি ॥

হারীতস্মৃতৌ।—

নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ভক্ষ্যেষ্বপ্যজা মহিষীক্ষীরং পঞ্চনখা মৎস্যাশ্চ ॥

দ্বারকামাহাত্ম্যে।—

নীলীক্ষেত্রং বাপয়ন্তি মূলকং ভক্ষয়ন্তি যে। নৈবাস্তি নরকোত্তারঃ কল্পকোটিশতৈরপি।

বারাহে।—মাহিষঞ্চাবিকং চাজমযজ্ঞীয়মুদাহৃতং ॥

কিঞ্চ।—মাহিষং বর্জয়েন্মহ্যং ক্ষীরং দধি ঘৃতং যদি ॥ ৬২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে।—

অভক্ষ্যঞ্চাপ্যহৃদ্যঞ্চ নৈবেদ্যং ন নিবেদয়েৎ। কেশকীটাবপন্নঞ্চ তথা চাবিহিতঞ্চ যৎ ॥

মূষিকালাঙ্গুলোপেতমবধূতমবক্ষুতং। উডুম্বরং কপিত্থঞ্চ তথা দন্তশঠঞ্চ যৎ।

এবমাদীনি দেবায় ন দেয়ানি কদাচন ॥ ৬৬ ॥

যানাং দুর্জ্ঞেয়ত্বাৎ তল্লিখনপ্রয়াসেনালং। তত্তদ্দেশবাসিভ্য এবাপেক্ষিত-তত্তদ্বিশেষো জ্ঞেয়ঃ। তথাপ্যত্রাপ্রসিদ্ধং কিঞ্চিৎ শ্রীমথুরাদেশভাষয়া অভিব্যজ্যত ইতি ॥ ৬১ ॥

মাহিষাদিকং দধ্যাদি ॥ ৬২ ॥ লাঙ্গুলো জন্তুবিশেষঃ। অবধূতম্ অবজ্ঞয়া ত্যক্তং। অবক্ষুতং যস্যোপরি ক্ষুতং কৃতং তৎ। দন্তশঠং জম্বীরফলং ॥ ৬৩ ॥

শর্করা-সমন্বিত নৈবেদ্যে এবং যবের পায়স দেবদেব হরিকে প্রদান করিবে। নৈবেদ্য প্রভৃতির অভাব হইলে ফল অর্পণ করিবে। যদি ফলের অভাব হয়, তাহা হইলে তৃণ, গুল্ম ও ওষধি প্রদান করিতে হয়। যদি ওষধির অভাব হয়, তবে কেবলমাত্র জল প্রদান করিবে। জলেরও অভাবে কেবলমাত্র মানসে দ্রব্যাদি প্রদান করিবে। স্কন্দপুরাণে ইন্দ্রের প্রতি নারোদোক্তি আছে যে, যে সকল ব্যক্তি পক্ব তুলসীশাক হরিকে প্রদান করেন, প্রলয়কাল যাবৎ পিতৃগণ সহ বিষ্ণুধামে তাঁহাদিগের বাস হইয়া থাকে। ৬১।

অনন্তর নৈবেদ্যে নিষিদ্ধ দ্রব্য।–হারীতস্মৃতিতে লিখিত আছে যে, অভক্ষ্য বস্তু নৈবেদ্যে অর্পণ করিতে নাই। ভক্ষ্য বস্তুর মধ্যেও অজাদুগ্ধ, মহিষীদুগ্ধ, পঞ্চনখযুক্ত জীব ও মৎস্য অর্পণ করিতে নাই। দ্বারকামাহাত্ম্যে লিখিত আছে, যে সকল ব্যক্তি ক্ষেত্রে নীলীবপন করে এবং যাহারা মূলক ভোজন করে, শতকোটিকল্পেও নিরয় হইতে তাহাদিগের উদ্ধার নাই। বরাহপুরাণে লিখিত আছে যে, মহিষ, মেষ ও অজসম্বন্ধীয় ঘৃত যজ্ঞের অনুপযুক্ত বলিয়া নিরূপিত হইয়াছে। আরও লিখিত আছে যে, যদি কোন ব্যক্তি আমাকে দধি, দুগ্ধ ও ঘৃত প্রদান করে, তবে সে যেন মহিষসম্বন্ধি ঐ সমস্ত দ্রব্য ত্যাগ করে। ৬২। বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে লিখিত আছে যে, অখাদ্য ও স্বাদরহিত নৈবেদ্য অর্পণ করিতে নাই। যাহা নিষিদ্ধ, কেশযুক্ত, কীটসমন্বিত, মূষিক দ্বারা ও লাঙ্গুল (একপ্রকার জন্তু) দ্বারা

অথাভক্ষ্যাণি।

কৌর্ম্মে।—বৃন্তাকং জালিকাশাকং কুসুম্ভাশ্মন্তকং তথা।
পলাণ্ডুং লশুনং শুক্তং নির্য্যাসঞ্চৈব বর্জয়েৎ॥
গৃঞ্জনং কিংশুকঞ্চৈব কুকুণ্ডঞ্চ তথৈব চ। উড়ম্বুরমলাবুঞ্চ জগ্ধ্বা পততি বৈ দ্বিজঃ॥ ৬৪॥

বৈষ্ণবে।—ভুঞ্জীতোদ্ধৃতসারাণি ন কদাচিন্নরেশ্বর।

স্কান্দে। - যো ভক্ষয়তি বৃন্তাকং তস্য দূরতরো হরিঃ।

কিঞ্চান্যত্র। বার্ত্তাকুং বৃহতীঞ্চৈব দগ্ধমন্নং মসূরকং। যস্যোদরে প্রবর্ত্তেত তস্য দূরতরো হরিঃ॥

কিঞ্চ। অলাবুং ভক্ষয়েদ্‌যস্তু দগ্ধমন্নং কলম্বিকাং। স নির্লজ্জঃ কথং ব্রূতে পূজয়ামি জনার্দ্দনং॥

অতএবোক্তং যামলে।—

যত্র মদ্যং তথা মাংসং তথা বৃন্তাকমূলকে। নিবেদয়েন্নৈব তত্র হরেরৈকান্তিকী রতিঃ॥ ৬৫॥

অথ নৈবেদ্যার্পণমাহাত্ম্যং।

স্কান্দে।—নৈবেদ্যানি মনোজ্ঞানি কৃষ্ণস্যাগ্রে নিবেদয়েৎ।
কল্পান্তং তৎপিতৃণান্তু তৃপ্তির্ভবতি শাশ্বতী॥
ফলানি যচ্ছতে যো বৈ সুহৃদ্যানি নরেশ্বর। কল্পান্তং জায়তে তস্য সফলশ্চ মনোরথঃ॥

নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ইতি হারীতস্মৃতৌ। অভক্ষ্যঞ্চাপ্যহৃদ্যঞ্চ ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে চাভক্ষ্যার্পণং নিষিদ্ধমিত্যভক্ষ্যাণি লিখতি বৃন্তাকমিত্যাদিনা। কুসুম্ভশাকম্ অশ্মন্তকঞ্চ শাক-বিশেষং শুক্তং কাঞ্জিকং কুকুণ্ডং ফলবিশেষং॥ ৬৪॥ উদ্ধৃতসারাণি পিণ্যাকাদীনি॥ ৬৫॥

কৃতোচ্ছিষ্ট, অবজ্ঞা সহকারে ত্যক্ত এবং যে দ্রব্যের উপরিভাগে ক্ষুৎ (হাঁচা) হইয়াছে, তাদৃশ দ্রব্য নিবেদন করিবে না। উডুম্বর, কপিত্থ, দন্তশঠ (জম্বীরফল) ইত্যাদি দ্রব্যও দেবোদ্দেশে কদাচ প্রদান করিবে না। ৬৩।

অতঃপর অভক্ষ্য বস্তু।—কূর্ম্মপুরাণে লিখিত আছে, বার্ত্তাকী, জালিকাশাক, কুসুম্ভশাক, অশ্মন্তকশাক, পলাণ্ডু, লশুন, শুক্ত (কাঁজি) ও নির্যাস পরিত্যাজ্য। গৃঞ্জন, কিংশুক, কুকুণ্ড (একপ্রকার ফল), উডুম্বর ও অলাবু এ সমস্ত বস্তু ভক্ষণ করিলে বিপ্রজাতিকে পতিত হইতে হয়। ৬৪। বিষ্ণুপুরাণে লিখিত আছে, হে রাজন্! উদ্ধৃতসার (পিণ্যাক প্রভৃতি) দ্রব্য অভক্ষ্য। স্কন্দপুরাণে লিখিত আছে, শ্রীহরি বৃন্তাকভোজীর বহুদূরে অবস্থিতি করিয়া থাকেন। অন্যত্রও লিখিত আছে, বার্ত্তাকী, বৃহতী, দগ্ধ অন্ন ও মসূর এই সমস্ত দ্রব্য যে ব্যক্তির জঠরগত হয়, শ্রীহরি তাহার দূরে অবস্থিতি করেন। আরও লিখিত আছে, যে ব্যক্তি অলাবু, দগ্ধ অন্ন ও কলম্বীশাক আহার করে, সেই লজ্জাহীনব্যক্তি "আমি হরির অর্চ্চনা করি" এ কথা কিপ্রকারে বদনে উচ্চারণ করিবে? অতএব যামলে উক্ত আছে যে, যে স্থলে সুরা, মাংস, বৃন্তাক ও মূলক নিবেদন করা হয়, তথায় জনার্দ্দনের ঐকান্তিকী প্রীতি থাকে না। ৬৫।

অতঃপর নৈবেদ্যার্পণমাহাত্ম্য।—স্কন্দপুরাণে লিখিত আছে, শ্রীহরির পুরোভাগে মনোহর নৈবেদ্য নিবেদন করিলে কল্পান্ত যাবৎ তদীয় পিতৃগণ অক্ষয় তৃপ্তিলাভ করিয়া থাকেন। হে

নারসিংহে।—হবিঃশাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করং।
নিবেদ্য নরসিংহায় যাবকং পায়সং তথা॥
সমাস্তণ্ডুলসংখ্যায়া যাবত্যস্তাবতীর্নৃপ। বিষ্ণুলোকে মহাভোগান্ ভুঞ্জনাস্তে সবৈষ্ণবাঃ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে।—
অন্নদস্তৃপ্তিমাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি। দত্বা চ সংবিভাগায় তথৈবান্নমতন্দ্রিতঃ॥
ত্রৈলোক্যতর্পিতে পুণ্যং তৎক্ষণাৎ সমবাপ্নুয়াৎ॥ ৬৬॥
অক্ষয়মন্নপানঞ্চ পিতৃভ্যশ্চোপতিষ্ঠতে। ওদনং ব্যঞ্জনোপেতং দত্বা স্বর্গমবাপ্নুয়াৎ॥
পরমান্নং তথা দত্বা তৃপ্তিমাপ্নোতি শাশ্বতীং। বিষ্ণুলোকমবাপ্নোতি কুলমুদ্ধরতে তথা॥
ঘৃতৌদনপ্রদানেন দীর্ঘমায়ুরবাপ্নুয়াৎ। দধ্যোদনপ্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং॥
ক্ষীরৌদনপ্রদানেন দীর্ঘজীবিতমাপ্নুয়াৎ। ইক্ষ্বাকু প্রদানেন পরং সৌভাগ্যমশ্নুতে॥
রত্নানাঞ্চৈব ভাগী স্যাৎ স্বর্গলোকঞ্চ গচ্ছতি। ফাণিতস্য প্রদানেন অগ্ন্যাধানফলং লভেৎ॥
তথা গুড়প্রদানেন কামিতাভীষ্টমাপ্নুয়াৎ॥ ৬৭॥
নিবেদ্যেক্ষুরসং ভক্ত্যা পরং সৌভাগ্যমাপ্নুয়াৎ। সর্ব্বান্ কামানবাপ্নোতি ক্ষৌদ্রং যশ্চ প্রযচ্ছতি॥
তদেব তুহিনোপেতং রাজসূয়মবাপ্নুয়াৎ। বহ্নিষ্টোমমবাপ্নোতি যাবকস্য নিবেদকঃ।
অতিরাত্রমবাপ্নোতি তথাপূপনিবেদকঃ॥ ৬৮॥

সম্যক্ বিভাগো দেবানাং যজ্ঞভাগো যস্মাৎ স সংবিভাগো বিষ্ণুস্তস্মৈ॥ ৬৬॥ অভীপ্সিতান্ কামান্ বাঞ্ছিতানি প্রাপ্নোতীত্যর্থঃ। পাঠান্তরে কামিতম্ অভীষ্টঞ্চ বাঞ্ছাতীতং॥ ৬৭॥ পূর্ব্বং

রাজন্! উত্তম ফলসমূহ নিবেদন করিলে কল্পান্ত যাবৎ সেই ফলদাতার মনোরথ সিদ্ধ হয়। নৃসিংহপুরাণে লিখিত আছে, যে সকল ব্যক্তি নৃসিংহদেবকে উত্তম ঘৃত, সঘৃত সশর্কর শালি-তণ্ডুলের অন্ন ও যবের পায়স নিবেদন করেন, তণ্ডুলের সংখ্যানুসারে ততবর্ষ বৈষ্ণবগণ সহ বিষ্ণুধামে তাঁহাদিগের পরম সুখসম্ভোগ হইয়া থাকে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, অন্নদাতা তৃপ্তি লাভ করিয়া থাকেন এবং তাঁহার স্বর্গলাভ হয়। সতর্ক হইয়া হরিকে অন্ন দান করিলে ত্রিভুবন তৃপ্ত হয় এবং সেই অন্নদাতা আশু তজ্জনিত পুণ্যভাগী হইয়া থাকেন। ৬৬। ব্যঞ্জনযুক্ত অন্ন প্রদান করিলে সুরপুরে গতি হয় এবং তদীয় পিতৃলোক অক্ষয় অন্ন-পানীয় লাভ করেন। পরমান্ন অর্পণ করিলে অক্ষয়া তৃপ্তি লাভ হয়, হরিধামে বাস হয় এবং বংশ উদ্ধার হইয়া থাকে। ঘৃত-সংযুক্ত অন্ন প্রদান করিলে দীর্ঘায়ু লাভ হয়, দধিসংযুক্ত অন্ন দান দ্বারা সমৃদ্ধিসম্পন্ন হইতে পারে, দুগ্ধ-সংযুক্ত অন্ন দান করিলে অতি সৌভাগ্যবান্, রত্নভোগী ও সুরপুরগামী হয়। ফাণিত (বাতাসা) অর্পণ করিলে অগ্ন্যাধানের ফল প্রাপ্ত হইয়া থাকে, আর গুড় প্রদান করিলে মনোরথ সিদ্ধ হয়। ৬৭। যিনি ভক্তিসহকারে ইক্ষুরস অর্পণ করেন, তিনি অতীব সৌভাগ্যবান্ হয়, মধু প্রদান করিলে নিখিল কামনা সুসিদ্ধ হয় এবং হিমযুক্ত ক্ষৌদ্র হইলে রাজসূয়যজ্ঞের ফল হইয়া থাকে। যবের পায়স প্রদান করিলে অগ্নিষ্টোমযজ্ঞের ফল হয় এবং পিষ্টকার্পণ দ্বারা

বৈদলানাঞ্চ ভক্ষ্যাণাং দানাৎ কামানবাপ্নুয়াৎ । দীর্ঘঞ্জীবিতমাপ্নোতি ঘৃতপূরনিবেদকঃ ॥
মোদকানাং প্রদানেন কামানাপ্নোত্যভীপ্সিতান্ ॥ ৬৯ ॥
নানাবিধানাং ভক্ষ্যাণাং দানাৎ স্বর্গমবাপ্নুয়াৎ । ভোজনীয়প্রদানেন তৃপ্তিমাপ্নোত্যনুত্তমাং ॥৭০॥
তথা লেহ্যপ্রদানেন সৌভাগ্যমধিগচ্ছতি । বলবর্ণমবাপ্নোতি চুষ্যাণাঞ্চ নিবেদনে ॥ ৭১ ॥
কুল্মাষোল্লাসিকা-দাতা বহ্ন্যাধেয়ং ফলং লভেৎ । তথা কৃষরদানেন বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥৭২॥
ধানানাং ক্ষৌদ্রযুক্তানাং লাজানাঞ্চ নিবেদকঃ। মুখ্যানাঞ্চৈব শক্তূনাং বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥৭৩॥
বানপ্রস্থাশ্রিতং পুণ্যং লভেচ্ছাকনিবেদকঃ । দত্ত্বা হরীতকঞ্চৈব তদেব ফলমাপ্নুয়াৎ ॥ ৭৪ ॥
দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকস্ত্বভিজায়তে । দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ ॥
সুকুলে লভতে জন্ম কন্দমূলনিবেদকঃ । নীলোৎপলবিদারীণাং তরুটস্য তথা দ্বিজাঃ ॥
কন্দদানাদবাপ্নোতি বানপ্রস্থফলং শুভং । ত্রপুষৈর্ব্বারুকং দত্ত্বা পুণ্ডরীকফলং লভেৎ ॥
কর্কন্ধুবদরে দত্ত্বা তথা পারৈবতং ফলং, পরূষকং তথাম্রঞ্চ পনসং নারিকেলকং ।
ভব্যং মোচং তথা চোচং খর্জ্জুরমথ দাড়িমং । আম্রাতকঞ্চবাক্ষোটফলমানপিয়ালকং ॥

ইক্ষূণামিতি ইক্ষুদণ্ডানাম্ অধুনা ইক্ষূণাং রসমিতি ভেদঃ ॥ ৬৮ ॥ বৈদলানাং মুদ্গচণকাদিসূপানাং ॥ ৬৯ ॥ দন্তৈরবখণ্ড্যাবখণ্ড্য যানি ভক্ষ্যন্তেঽপূপাদীনি তানি ভক্ষ্যাণি । ভোজনীয়ং ভোজ্যং ॥৭০॥ যৎ কেবলং জিহ্বয়া বিলোড্য নিগীর্য্যতে পায়সাদি যচ্চ জিহ্বায়াং নিক্ষিপ্য রসাস্বাদেন নিগীর্য্যতে দ্রবীভূতং গুড়াদি তল্লেহ্যং । যানি দংষ্ট্রাভির্নিষ্পীড্য সারাংশং নিগীর্য্যাবশিষ্টং ত্যজ্যতে যথেক্ষুদণ্ডাদীনি তানি চুষ্যাণি ॥ ৭১ ॥ কুল্মাষাঃ কিঞ্চিৎস্বিন্নমাষাঃ উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা ॥ ৭২ ॥ ধানানাং ভৃষ্টযবানাং ॥ ৭৩ ॥ হরীতকং হরিদ্বর্ণকং শাকং শাকবিশেষং বা ॥ ৭৪ ॥ তরুটং পদ্মবীজং তস্য কন্দো বিসং । ত্রপুষং সুখাশং । ইর্ব্বারুকং কর্কটীফলং । বদরং ক্ষুদ্রবদরং । পারৈবতং তিন্দুকাকৃতিফলং পক্কং সন্ধবনলোহিতং মধুরাম্লঞ্চ কামরূপদেশে

অতি-রাত্রযজ্ঞের ফল হইয়া থাকে । ৬৮ । মুগ-চনক প্রভৃতির সূপ অর্পণ করিলে কামনা সফল হয় । ঘৃতপূর (চন্দ্রপুলী) অর্পণ করিলে দীর্ঘায়ু প্রাপ্ত হইতে পারে এবং মোদক অর্পণ করিলে অভীষ্ট সুসিদ্ধ হয় । ৬৯ । নানারূপ খাদ্য দ্রব্য এবং চর্ব্বণবস্তু অর্পণ করিলে সুরপুরে গতি হয় এবং ভোজ্য দ্রব্য প্রদান করিলে পরমা তৃপ্তি প্রাপ্ত হইয়া থাকে । ৭০ । লেহ্যদ্রব্য অর্পণ করিলে সৌভাগ্যবান্ হয় এবং চুষ্য দ্রব্য প্রদান করিলে শক্তি ও রূপ লাভ করে । ৭১ । কুল্মাষ (ঈষৎ স্বিন্নমাষ), উল্লাসিকা (লপসী) অর্পণ করিলে অগ্ন্যাধানের ফল প্রাপ্ত হওয়া যায় । কৃষর অর্পণ করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল হইয়া থাকে । ৭২ । মধু সংযুক্ত ধান (ভৃষ্ট যব), লাজ এবং শক্তু প্রদান করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয় । ৭৩ । শাক অর্পণ করিলে বানপ্রস্থাশ্রমজন্য পুণ্য লাভ হয় এবং হরীতক শাক অর্পণ করিলেও ঐরূপ ফল প্রাপ্ত হইতে পারে । ৭৪ । মনোহর শাক ও ব্যঞ্জনার্থ উপকরণ অর্পণ করিলে শোক-রহিত হয় । যিনি কন্দমূল অর্পণ করেন, উত্তম সদ্বংশে তাঁহার উদ্ভব হইয়া থাকে । হে বিপ্রগণ ! নীলোৎপল, বিদারি ও পদ্মবীজের কন্দ অর্পণ করিলে বানপ্রস্থাশ্রমের ফল হইতে পারে । ত্রপুষ (সশা) এবং কর্কটী

জম্বু বিল্বামলঞ্চৈব জাত্যং বীণাতকন্তথা। নারঙ্গবীজপূরে চ বাজফন্তফলান্যপি ॥ ৭৫ ॥
এবমাদীনি দিব্যানি যঃ ফলানি প্রযচ্ছতি। তথা কন্দানি মুখ্যানি দেবদেবায় ভক্তিতঃ ॥
ক্রিয়াসাফল্যমাপ্নোতি স্বর্গলোকন্তথৈব চ। প্রাপ্নোতি ফলমারোগ্যং মৃদ্বীকানাং নিবেদকঃ॥
রসান্ মুখ্যানবাপ্নোতি সৌভাগ্যমপি চোত্তমং। আম্রৈরভ্যর্চ্য দেবেশমশ্বমেধফলং লভেৎ ॥
কিঞ্চ।—মোচকং পনসং জম্বু তথান্যৎ কুন্তলীফলং। প্রাচীনামলকং শ্রেষ্ঠং মধুকোড়ুম্বরস্য চ।
যত্নপক্কমপি গ্রাহ্যং কদলীফলমুত্তমং।

হরিভক্তিসুধোদয়ে চ।—
যৎ কিঞ্চিদল্পং নৈবেদ্যং ভক্তভক্তিরসপ্লুতং। প্রতিভোজয়তি শ্রীশস্তদ্দাতৄন্ স্বসুখং দ্রুতম্ ॥ ৭৬ ॥
ততঃ প্রাগ্বদ্বিচিত্রাণি পানকান্যুত্তমানি চ। সুগন্ধি শীতলং স্বচ্ছং জলমর্প্যার্পয়েত্ততঃ ॥ ৭৭ ॥

অথ পানকানি তন্মাহাত্ম্যঞ্চ।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—
পানকানি সুগন্ধীনি শীতলানি বিশেষতঃ। নিবেদ্য দেবদেবায় বাজিমেধমবাপ্নুয়াৎ॥

প্রসিদ্ধং। ভব্যং কর্ম্মরঙ্গফলং। মোচং কদলীফলং। চোচং কাশ্মীরদেশোদ্ভবং গুড়ত্বচফলং নারিকেলফলবিশেষংবা। স্রুবা কাঁঠাল ইতি প্রসিদ্ধা। অক্ষোটঃ সাহুলীতি প্রসিদ্ধঃ। ফলমানঃ বীজপূরভেদঃ। জাত্যং জাতীফলং। বীণাতকং খণ্ডগুজম্ ইতি দ্রব্যগুণটীকায়াং লিখিতং। বাজফলং ক্ষীরিকা ফন্তফলানি গোষ্ঠোড়ুম্বরিকা-ফলানি ॥ ৭৫ ॥ মৃদ্বীকা দ্রাক্ষা। কুন্তলীফলং কারভতীতি প্রসিদ্ধং। প্রাচীনামলকং পাণিপাবেতি প্রসিদ্ধং ॥ ৭৬॥ ততঃ নৈবেদ্যার্পণানন্তরং প্রাগ্বদিতি নৈবেদ্যার্পণবৎ ইত্যর্থঃ। বিচিত্রাণি বিবিধানি ॥ ৭৭ ॥

ফল অর্পণ করিলে পুণ্ডরীক প্রদানের ফল লাভ করা যায়। কর্কন্ধু, বদর, তিন্দুকাকার পারৈবত নামক ফল, পরূষক, আম্র, কাঁঠাল, নারিকেল, কামরাঙ্গা, কদলীফল, গুড়ত্বক্, খর্জ্জুর, দাড়িম্ব, আম্রাতক, স্রুবা, অক্ষোট, ফলমান, পিয়ালক, জম্বু, বিল্ব, আমল, জাত্য, বীণাতক, নারঙ্গ, বীজপূর, বাজফল, ফন্তফল, ঐরূপ অন্যান্য উত্তম ফল, উৎকৃষ্ট উৎকৃষ্ট কন্দ ভক্তি পূর্ব্বক দেবদেব হরিকে প্রদান করিলে দাতার ক্রিয়া সম্পূর্ণ হয় এবং তাঁহার স্বর্গবাস হইয়া থাকে। দ্রাক্ষা অর্পণ করিলে আরোগ্য লাভ হইয়া থাকে, উৎকৃষ্ট রসসমূহ লাভ হয় এবং পরম সৌভাগ্যবান্ ও বৃদ্ধিসম্পন্ন হইতে পারে। যিনি আম্রের দ্বারা দেবদেব হরির পূজা করেন, তিনি অশ্বমেধ যজ্ঞানুষ্ঠানের ফল প্রাপ্ত হন॥ আরও লিখিত আছে যে, মোচা, কাঁঠাল, জম্বু, কুন্তলী ফল, প্রাচীন আমলক, মধুকোড়ুম্বর ফল এই সমস্তই ফলশ্রেষ্ঠ বলিয়া কথিত। উৎকৃষ্ট কদলীফল যত্ন সহকারে পক্ক করিলেও তাহা গ্রাহ্য। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে, ভক্ত-ভক্তি-রসপ্লুত নৈবেদ্য অল্পপরিমাণেও ঈশ্বরে প্রদত্ত হইলে ভগবান্ নৈবেদ্য-দাতৃগণকে আশু সুখ-ভোগ করাইয়া থাকেন। ৭৫—৭৬। নৈবেদ্যদানান্তে নানারূপ উৎকৃষ্ট পানীয় সামগ্রী এবং সুগন্ধপূর্ণ শীতল স্বচ্ছ জল পূর্ব্ববৎ প্রদান করিবে। ৭৭।

অনন্তর পানীয় দ্রব্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে পানীয় দ্রব্যের মাহাত্ম্যসম্বন্ধে লিখিত আছে যে,

ত্বগেলানাগকুসুমকর্পূরসিতসংযুতৈঃ। সিতাক্ষৌদ্রগুড়োপেতৈর্গন্ধবর্ণগুণান্বিতৈঃ॥
বীরপূরকনারঙ্গসহকারসমন্বিতৈঃ। রাজসূয়মবাপ্নোতি পালকৈর্বিনিবেদিতৈঃ॥ ৭৮॥
নিবেদ্য নারিকেলাম্বু বহ্নিষ্টোমফলং লভেৎ। সর্ব্বকামবহা নদ্যো নিত্যং যত্র মনোরমাঃ॥
তত্র পানপ্রদা যান্তি যত্র রামা গুণান্বিতাঃ॥ ইতি॥ ৭৯॥
ইত্থং সমর্প্য নৈবেদ্যং দত্ত্বা জবনিকাং ততঃ। বহির্ভূয় যথাশক্তি জপং সধ্যানমাচরেৎ॥৮০॥

অথ ধ্যানং।

ব্রহ্মেশাদ্যৈঃ পরিত ঋষিভিঃ সুপবিষ্টৈঃ সমেতো, লক্ষ্ম্যা শিঞ্জদ্বলয়করয়া সাদরং বীজ্যমানঃ।
মর্ম্মক্রীড়প্রহসিতমুখো হাসয়ন্ পংক্তিভোক্তৄন্, ভুঙ্ক্তে পাত্রে কনকঘটিতে ষড্রসং শ্রীরমেশঃ॥
একান্তিভিশ্চাত্মকৃতং সবয়স্যস্য গোকুলে। যশোদালাল্যমানস্য ধ্যেয়ং কৃষ্ণস্য ভোজনং॥

অথ হোমঃ।

নিত্যঞ্চাবশ্যকং হোমং কুর্য্যাৎ শক্ত্যনুসারতঃ। হোমাশক্তৌ তু কুর্ব্বীত জপং তস্য চতুর্গুণং॥৮১
কেহপ্যেবং মন্যতেহবশ্যং নিত্যহোমং সদাচরেৎ। পুরশ্চরণহোমস্যাশক্তৌ হি স বিধির্মতঃ॥
পূর্ব্বং দীক্ষাবিধৌ হোমবিধিশ্চ লিখিতঃ কিয়ান্। তদ্বিস্তারশ্চ বিজ্ঞেয়স্তত্তচ্ছাস্ত্রাত্তদিচ্ছুভিঃ॥৮২॥

সিতং দধিবীজপূরকাদিফলরসনির্ম্মিতমিত্যর্থঃ॥ ৭৮॥ নিত্যমিত্যনেন শ্রীবৈকুণ্ঠলোকমভিপ্রৈতি॥ ৭৯॥ জবনিকাং তিরস্করণীং॥ ৮০॥

শক্ত্যনুসারত ইতি শক্তৌ অষ্টোত্তরং সহস্রমশক্তৌ চ শতমিতি জ্ঞেয়ং। তস্য হোমস্য॥৮১॥ কিং মন্যতে তল্লিখতি অবশ্যমিত্যাদিনা। পুরশ্চরণে কর্ম্মণি যো হোমস্তস্মিন্নশক্তাবিব।

সুগন্ধ-বিশিষ্ট, বিশেষতঃ শীতল পানীয় দেবদেবেশ্বর হরিকে অর্পণ করিলে অশ্বমেধযজ্ঞের ফল হইয়া থাকে। দারুচিনি, এলাচী, নাগকুসুম, কর্পূর এবং দধি-বীজ-পূরাদি ফলের রস-যুক্ত, শর্করা মধু-গুড়-সমন্বিত, গন্ধ বর্ণ ও গুণবিশিষ্ট, বীজপূর, নাগরঙ্গ ও সহকার-সমন্বিত পালক (আমতা) নিবেদিত হইলে রাজসূয়ানুষ্ঠানের ফল হইয়া থাকে। ৭৮। নারিকেলোদক অর্পণ নিখিল কামনা পরিপূর্ণ করে এবং গুণবতী রমণীরা যেখানে বিরাজ করে, পানীয়-দাতা সেই স্থানে প্রয়াণ করেন। ৭৯। এই প্রকারে নৈবেদ্য প্রদান পূর্ব্বক যবনিকা হইতে বিনিষ্ক্রান্ত হইয়া শক্ত্যনুসারে ধ্যান ও জপ করিতে হইবে। ৮০।

অনন্তর ধ্যান যথা,—বিরিঞ্চি-হরাদি সুরগণ ও ঋষিরা যাঁহার সমন্তাৎ সমাসীন আছেন, কমলা বলয়শব্দ-সহকৃত কর দ্বারা সাদরে যাঁহাকে বীজন করিতেছেন এবং যিনি পরিহাস-সময়ে সহাস্য-আস্য হইয়া পংক্তিভোজনকারিগণকে হাসাইতেছেন, সেই কমলাপতি কাঞ্চনময় পাত্রে ষড়্‌বিধ রস সেবন করিতেছেন। গোকুলধামে যশোমতী কর্ত্তৃক লালিত বয়স্য-দিগের সহিত শ্রীকৃষ্ণের স্বকৃত ভোজনের বিষয় বৈষ্ণবেরা চিন্তা করিবেন।

অতঃপর হোম।—শক্ত্যনুসারে প্রত্যহ আবশ্যক হোম সাধন করিবে। হোমে অক্ষম হইলে হোমের চারি গুণ জপ কর্ত্তব্য। ৮১। কোন কোন ব্যক্তি এ প্রকার কহিয়া থাকেন যে, প্রত্যহই অবশ্য হোম করা উচিত। কিন্তু পুরশ্চরণসময়ে যে হোমের বিধান আছে,

সমাপ্তিং ভোজনে ধ্যাত্বা দত্ত্বা গাণ্ডূষিকং জলং। অমৃতাপিধানমসি স্বাহেত্যুচ্চারয়েৎ সুধীঃ॥
বিসৃজেদ্দেববক্ত্রে তত্তেজঃ সংহারমুদ্রয়া। নৈকান্তী তেজসঃ কুর্য্যান্নিষ্ক্রান্তিমিব সংক্রমং ॥৮৩॥

অথ বলিদানং।

ততো জবনিকাং বিদ্বানপসার্য্য যথাবিধি। বিষ্বক্সেনায় ভগবন্নৈবেদ্যাংশং নিবেদয়েৎ॥
তথা চ পঞ্চরাত্রে শ্রীনারদবচনং।—

বিষ্বক্সেনায় দাতব্যং নৈবেদ্যং তচ্ছতাংশকং। পাদোদকং প্রসাদঞ্চ লিঙ্গে চণ্ডেশ্বরায় চ ॥৮৪॥

তদ্বিধিঃ।

মুখ্যাদীশানতঃ পাত্রান্নৈবেদ্যাংশং সমুদ্ধরেৎ। সর্ব্বদেবস্বরূপায় পরায় পরমেষ্ঠিনে।
শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্সেনায় তে নমঃ। ইত্যুক্ত্বা শ্রীহরের্ব্বামে তীর্থক্লিন্নং সমর্পয়েৎ॥
শতাংশং বা সহস্রাংশমন্যথা নিষ্ফলং ভবেৎ ॥ ৮৫ ॥
পশ্চাচ্চ বলিরিত্যাদি-শ্লোকাবুচ্চার্য্য বৈষ্ণবঃ। সর্ব্বেভ্যো বৈষ্ণবেভ্যস্তচ্ছতাংশং বিনিবেদয়েৎ॥

স জপচতুর্গুণহোমকরণরূপো বিধিঃ ॥৮২॥ অমৃতাপিধানমসীতি জলগণ্ডূষং দত্ত্বেতি জ্ঞেয়ং ॥৮৩॥

তৎ নৈবেদ্যগ্রহণায় বিনির্গতং যৎ। শতাংশকমিতি নৈবেদ্যস্য শতাংশানামেকমংশমিত্যর্থঃ। এবং সহস্রাংশমপি। লিঙ্গে চেৎ শ্রীশিবপূজা ক্রিয়তে তদা চণ্ডেশ্বরায় তদ্গণাধ্যক্ষায় তন্নৈবেদ্যাদিকং দাতব্যমিত্যর্থঃ। এতচ্চ দৃষ্টান্তত্বেনোদাহরণং জ্ঞেয়ং ॥ ৮৪ ॥

ঈশানত ইতি ঈশানকোণে মণ্ডলিকাং কৃত্বা স্থাপিতত্বাৎ। তীর্থং শ্রীচরণোদকং তেন ক্লিন্নম্ আর্দ্রং॥ ৮৫ ॥ কিঞ্চ পশ্চাচ্চেতি তস্য নৈবেদ্যস্য শতাংশং শতাংশানামেকাংশং সর্ব্বেভ্যো

তাহাতে অক্ষম হইলে উক্ত বিধি জানিবে অর্থাৎ হোম-সংখ্যার চারি গুণ জপ কর্ত্তব্য। ইতিপূর্ব্বে দীক্ষা বিধিতে হোমের বিধান কিঞ্চিৎ বর্ণিত হইয়াছে, সুতরাং কাহারও সে বিষয় অবগত হইতে বাসনা হইলে তৎশাস্ত্র হইতে বিশেষ জ্ঞাত হইতে পারিবেন। ৮২। সুধীব্যক্তি দেবদেবের আহারাবশেষ চিন্তা করত বারি-গণ্ডূষ দান এবং "অমৃতাপিধানমসি স্বাহা" এই মন্ত্র পাঠ করিবেন। অনন্তর সংহারমুদ্রাযোগে শ্রীহরির বদনে (নৈবেদ্য গ্রহণার্থ নিষ্ক্রান্ত) সেই তেজ প্রবেশ করাইবেন। বৈষ্ণবেরা তেজের নিষ্ক্রমণের ন্যায় উহার সঙ্কোচ করিবেন না। ৮৩।

অনন্তর বলিদান।—পরে সুধী ব্যক্তি যবনিকা অপসৃত করিয়া হরির নৈবেদ্যাংশ যথাবিধানে বিষ্বক্‌সেনকে প্রদান করিবেন। এই বিষয়ে পঞ্চরাত্রে নারদোক্তি যথা,—নৈবেদ্যের শত ভাগের একভাগ, চরণোদক ও প্রসাদ বিষ্বক্‌সেনকে অর্পণ করিতে হয়। যদি লিঙ্গে শিবার্চ্চন করা যায়, তবে ঐ নৈবেদ্যাদি চণ্ডেশ্বরকে অর্পণ করিবে। ৮৪।

উহার বিধি কথিত আছে যথা।—শ্রেষ্ঠ পাত্রের ঈশানদিক্ হইতে নৈবেদ্যের অংশ তুলিয়া লইবে এবং "সর্ব্বদেবস্বরূপায় পরায় পরমাত্মনে। শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্‌সেনায় তে নমঃ" এই মন্ত্রে শ্রীপাদোদক দ্বারা সিক্ত উহার শতভাগ বা সহস্রভাগ শ্রীহরির বামদিকে প্রদান করিবে; ইহার অন্যথা হইলে সমস্তই বিফল হয়। ৮৫। তৎপরে বৈষ্ণবজন নিম্নোক্ত শ্লোকদ্বয় পাঠ পূর্ব্বক বৈষ্ণবগণকে উক্ত নৈবেদ্যের শতভাগের একভাগ অর্পণ করিবে। সেই

তৌ চ শ্লোকৌ।—

বলির্বিভীষণো ভীষ্মঃ কপিলো নারদোঽর্জ্জুনঃ। প্রহ্লাদশ্চাম্বরীষশ্চ বসুর্ব্বায়ুসুতঃ শিবঃ॥

বিষক্সেনোদ্ধবাক্রূরাঃ সনকাদ্যাঃ শুকাদয়ঃ। শ্রীকৃষ্ণস্য প্রসাদোঽয়ং সর্ব্বে গৃহ্ণন্তু বৈষ্ণবাঃ॥ ৮৬॥

ইদং যদ্যপি যুজ্যেত দর্পণার্পণতঃ পরং। তথাপি ভক্তবাৎসল্যাৎ কৃষ্ণস্যাত্রাপি সম্ভবেৎ॥ ৮৭॥

অথ বলিদানমাহাত্ম্যং।

নারসিংহে।—ততস্তদন্নশেষেণ পার্ষদেভ্যঃ সমন্ততঃ। পুষ্পাক্ষতৈর্বিমিশ্রেণ বলিং যস্তু প্রযচ্ছতি॥

বলিনা বৈষ্ণবেনাথ তৃপ্তাঃ সন্তো দিবৌকসঃ। শান্তিং তস্য প্রযচ্ছন্তি শ্রিয়মারোগ্যমেব চ॥৮৮॥

অথ জলগণ্ডূষাদ্যর্পণং।

উপলিপ্য ততো ভূমিং পুনর্গাণ্ডূষিকং জলং। দদ্যাত্রিরগ্রে কৃষ্ণস্য ততোঽস্মৈ দন্তশোধনং।

পুনরাচমনং দত্ত্বা শ্রীপাণ্যোঃ শ্রীমুখস্য চ। মার্জ্জনায়াংশুকং দত্ত্বা সর্ব্বাণ্যঙ্গানি মার্জ্জয়েৎ॥

পরিধাপ্যাপরে বস্ত্রে পুনর্দত্ত্বাসনান্তরং। পাদ্যমাচমনীয়ঞ্চ পূর্ব্ববৎ পুনরর্পয়েৎ॥

চন্দনাগুরুচূর্ণাদি প্রদদ্যাৎ করমার্জনং। কর্পূরাদ্যাস্যবাসঞ্চ তাম্বূলং তুলসীমপি॥

বৈষ্ণবেভ্যো নম ইতি বিধিনা নিবেদয়েৎ। অত্র চ বিষক্সেনায় বা বলিপ্রভৃতিভ্যো বা দদ্যাদিত্যেবং বিকল্পং কেচিদিচ্ছন্তি তচ্চাযুক্তমেব অবশ্যং বিষক্সেনায় দেয়ত্বাৎ॥ ৮৬॥ ইদং বৈষ্ণবেভ্যো বলিদানং দর্পণস্য অর্পণম্ অগ্রে লেখ্যং ভগবতে নিবেদনং তস্মাৎ পরমনন্তরমেব যুজ্যতে। অকৃতাচমনস্যোচ্ছিষ্টহস্তস্য শ্রীভগবতো নিবিষ্টত্বাৎ অত্র অস্মিন্ সময়েঽপি ভক্তবাৎসল্যাৎ সম্ভবেৎ অন্যথা তদুচ্ছিষ্টস্যাত্যন্তপরিত্যাগেন তৈস্তবাসন্তোষোৎপত্তেরিতি দিক্॥ ৮৭॥

বৈষ্ণবেন বিষ্ণুসম্বন্ধিনা তদুচ্ছিষ্টমহাপ্রসাদান্নেন দত্তত্বাৎ। দিবৌকসঃ পার্ষদা এব যদ্বাঽন্যেঽপি দেবাঃ॥ ৮৮॥

ভূমিমুপলিপ্যেত তদ্যদ্যপি সদাচারানুসারেণ শ্রীহস্তাদিমার্জনানন্তরমেবোপযুজ্যতে তথাপি ক্রমদীপিকোক্তাপেক্ষয়াত্র লিখিতং। গাণ্ডূষিকং গণ্ডূষার্থং জলং কৃষ্ণস্যাগ্রে পুরতঃ ভগবন্না-

---

দুইটী শ্লোক যথা,—বলি, বিভীষণ, ভীষ্ম, কপিল, নারদ, অর্জ্জুন, প্রহ্লাদ, অম্বরীষ, বসু, বায়ুসুত, শিব, বিষক্সেন, উদ্ধব, অক্রূর, সনকাদি ও শুকাদি বৈষ্ণব-সমূহ শ্রীহরির এই প্রসাদ গ্রহণ করুন্। ৮৬। দর্পণ প্রদানের পরে যদিও বৈষ্ণবগণকে বলি অর্পণ যুক্তিযুক্ত, তথাপি শ্রীহরির ভক্তবর্গের প্রতি বাৎসল্য নিবন্ধন এখানে উহা করণে দোষ নাই। ৮৭।

অনন্তর বলিদানমাহাত্ম্য।—নৃসিংহপুরাণে লিখিত আছে যে, তৎপরে যিনি কুসুম ও অক্ষতসমন্বিত সেই অবশিষ্ট অন্ন দ্বারা পার্ষদবর্গকে বলি অর্পণ করেন, সুরগণ হরি-সম্বন্ধী সেই বলি দ্বারা প্রীত হইয়া তাঁহাকে শান্তি, বিত্ত ও নীরোগতা প্রদান করিয়া থাকেন। ৮৮।

অনন্তর বারিগণ্ডূষাদি প্রদান।—অগ্রে স্থান মার্জ্জন পূর্ব্বক আচমনার্থ শ্রীহরির পুরোভাগে গণ্ডূষপ্রমাণ জল বারত্রয় অর্পণ করিবে। তদনন্তর তাঁহাকে দশন-শোধনার্থ সূক্ষ্ম তৃণাগ্র প্রদান করিবে। তৎপরে কর ও মুখ প্রক্ষালনার্থ পুনরায় আচমনীয় জল অর্পণ করিতে হইবে। অনন্তর বসন দ্বারা সমস্ত অঙ্গ মার্জ্জনা করিয়া দিবে। তৎপরে অপর বস্ত্রদ্বয় ধারণ করাইয়া

অথ মুখবাসাদিমাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে।—

পূগজাতীফলে দত্ত্বা জাতীপত্রং তথৈব চ। লবঙ্গফলককোলমেলাকটফলস্তথা॥

তাম্বূলীনাং কিশলয়ং স্বর্গলোকমবাপ্নুয়াৎ। সৌভাগ্যমতুলং লোকে তথা রূপমনুত্তমং॥

স্কান্দে। তাম্বূলঞ্চ সকর্পূরং সপূগং নরনায়ক। কৃষ্ণায় যচ্ছতি প্রীত্যা তস্য তুষ্টো হরিঃ সদা॥৮৯॥

অথ পুনর্গন্ধার্পণং।

দিব্যং গন্ধং পুনর্দত্ত্বা যথেষ্টমনুলেপনৈঃ। দিব্যৈর্বিচিত্রৈঃ শ্রীকৃষ্ণং ভক্তিচ্ছেদেন লেপয়েৎ।

রম্যাণি চোর্দ্ধপুণ্ড্রাণি সদ্বর্ণেন যথাস্পদং। সুগন্ধিনানুলেপেন কৃষ্ণস্য রচয়েত্তরাং॥

তথা চাগমে ধ্যানপ্রসঙ্গে।—ললাটে হৃদয়ে কুক্ষৌ কণ্ঠে বাহ্বোশ্চ পার্শ্বয়োঃ।

বিরাজতোর্দ্ধপুণ্ড্রেণ সৌবর্ণেন বিভূষিতং॥ ইতি॥ ৯০॥

চামেতি ব্রুবন্ বারত্রয়ং দদ্যাৎ। তদনন্তরম্ অস্মৈ কৃষ্ণায় দন্তশোধনং সূক্ষ্মতৃণবিশেষাগ্রাদিকং দদ্যাৎ। আচমনমিতি আচমনার্থং বারিধারাত্রয়ং পুনর্দত্ত্বেতি জ্ঞেয়ং। করস্য মার্জ্জনং শোধনং গন্ধাপনয়নকরমিত্যর্থঃ। আস্যবাসং মুখবাসং কর্পূরলবঙ্গাদি। তুলসীমপি দদ্যাদিতি ভোজনানন্তরং বিষ্ণোরর্পিতং তুলসীদলমিত্যতোঽগ্রলেখ্যতন্মাহাত্ম্যপ্রতিপাদকপঞ্চরাত্রবচনাৎ॥ ৮৯॥

যথেষ্টং ভগবতঃ স্বস্য বা রুচ্যনুসারেণ। ভক্তিচ্ছেদঃ পত্রভঙ্গ্যাদিনির্ম্মাণপ্রকারবিশেষস্তেন। পূর্ব্বং ভূষণান্তরং গন্ধার্পণং লিখিতং ভোজনাৎ প্রাগনুলেপনস্যাল্পত্বাপেক্ষাতঃ ইদানীঞ্চ সর্ব্বাঙ্গলেপনায় বাহুল্যাপেক্ষয়া ভূষণপরিধানাৎ প্রথমমেব যুক্তমিতি দিক্। সদ্বর্ণেনেতি শ্রীশ্যামসুন্দরোপযুক্তপীতাদ্যুত্তমবর্ণেনেত্যর্থঃ। যথাস্পদমিতি ললাটাদিস্থানেষ্বিত্যর্থঃ। এতচ্চাগ্রে এব ব্যক্তং। রচয়েত্তরাং পরমোৎকৃষ্টপ্রকারেণ বিরচয়েদিত্যর্থঃ। সর্ব্বাঙ্গানুলেপনেঽপি শোভাবিশেষার্থং

পুনরায় ক্রমান্বয়ে আসন ও পাদ্য অর্পণ পূর্ব্বক পুনরায় আচমনার্থ জল দিবে। পরে হস্তমার্জ্জনার্থ (হস্তের গন্ধাদি দূরীকরণার্থ) চন্দন ও অগুরু প্রভৃতি সমর্পণ করিবে এবং বদনে সৌগন্ধের জন্য কর্পূর-লবঙ্গাদি-সমন্বিত তাম্বূল ও তুলসীদল প্রদান করিতে হইবে।

অনন্তর মুখবাসাদি-মাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে লিখিত আছে যে, গুবাক, জাতীফল, জাতীপত্র, লবঙ্গ, কঙ্কোল, এলাচী, কট্‌ফল ও তাম্বূল প্রভুকে নিবেদন করিলে সুরলোকে গতি হয় এবং দাতা অনুপম সৌভাগ্যবান্ ও অতীব রূপবান্ হইতে পারে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, হে নৃপ! যিনি প্রীত চিত্তে কর্পূর ও গুবাকসমন্বিত তাম্বূল শ্রীহরিকে প্রদান করেন, জনার্দ্দন নিরন্তর তৎপ্রতি প্রীত থাকেন। ৮৯।

অনন্তর পুনরায় গন্ধদান।—পুনর্ব্বার উত্তম গন্ধ প্রদান পূর্ব্বক উৎকৃষ্ট উৎকৃষ্ট অনুলেপনসামগ্রী দ্বারা শ্রীহরির সর্ব্বাঙ্গ লেপন করিবে এবং প্রভুর কিংবা আপনার রুচি অনুসারে নানারূপে তিলকভঙ্গি রচনা করিয়া দিবে। এতদ্ব্যতীত উৎকৃষ্টবর্ণ-যুক্ত সুগন্ধপূর্ণ অনুলেপন দ্রব্য দ্বারা শ্রীহরির যথোপযুক্ত স্থলে মনোরম ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিয়া দিতে হইবে। আগমে ধ্যান-

দিব্যানি কঞ্চুকোষ্ণীষকাঞ্চ্যাদীনি পরাণ্যপি। বস্ত্রাণি স্ববিচিত্রাণি শ্রীকৃষ্ণং পরিধাপয়েৎ।
ততো দিব্যকিরীটাদিভূষণানি যথারুচি। বিচিত্রদিব্যমাল্যানি পরিধাপ্য বিভূষয়েৎ॥ ৯১॥

অথ মহারাজোপচারার্পণং।

ততশ্চ চামরচ্ছত্রপাদুকাদীন্ পরানপি। মহারাজোপচারাংশ্চ দত্ত্বাদর্শং প্রদর্শয়েৎ॥ ৯২॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

যথাদেশং যথাকালং রাজলিঙ্গং সুরালয়ে। দত্ত্বা ভবতি রাজৈব নাত্র কার্য্যা বিচারণা॥

তত্র চামরমাহাত্ম্যং।

তথা চামরদানেন শ্রীমান্ ভবতি ভূতলে। মুচ্যতে চ তথা পাপৈঃ স্বর্গলোকঞ্চ গচ্ছতি॥

ছত্রস্য মাহাত্ম্যং।

তত্রৈব।—ছত্রং বহুশলাকঞ্চ ঝল্লরীবস্ত্রসংযুতং। দিব্যবস্ত্রৈশ্চ সংযুক্তং হেমদণ্ডসমন্বিতং।
যঃ প্রযচ্ছতি কৃষ্ণস্য ছত্রলক্ষযুতৈর্বৃতঃ। প্রার্থ্যতে সোঽমরৈঃ সর্ব্বৈঃ ক্রীড়তে পিতৃভিঃ সহ॥

তত্রৈবান্যত্র।— রাজা ভবতি লোকেঽস্মিন্ ছত্রং দত্ত্বা দ্বিজোত্তমাঃ।
নাপ্নোতি রিপুজং দুঃখং সংগ্রামে রিপুজিদ্ভবেৎ॥ ৯৩॥

হৃদয়াদিস্থানে উর্দ্ধপুণ্ড্রবিরচনমিতি জ্ঞেয়ং॥ ৯০॥ সৌবর্ণেন শোভনবর্ণবতেত্যর্থঃ। যদ্যপ্যে-তৎ পুনর্গন্ধাদ্যর্পণেন পূজনং গীতবাদ্যানন্তরমেব তান্ত্রিকাণাং সম্মতং, তথা চ ক্রমদীপিকায়াং তাম্বূলমপ্যভিসমর্প্য সুবাদ্যনৃত্যগীতৈঃ স্তুতপ্রমভিপূজয়তাৎ পুরৈব। গন্ধাদিভিঃ সপরিবারমিতি, তথাপি গীতনৃত্যাদ্যর্থং দিব্যানুলেপবস্ত্রালঙ্করণাদিনা মহারাজবিভূতিভিশ্চ বিশিষ্টস্যৈব সভায়ামাগমনং লৌকিকব্যবহারানুসারেণ সমুপযুক্তং। শক্তৌ চ সত্যাং পুনরপি গন্ধাদিনা পূজয়েদিতি চাগ্রে লেখ্যমেবেতি দিক্॥ ৯ ॥

চামরাদীন্ উপচারান্ পরানন্যান্ ধ্বজপতাকাদীন্। আদর্শং দর্পণং॥ ৯২॥

প্রসঙ্গে ঐ সকল স্থলের বিষয় লিখিত আছে যথা,—ললাট, হৃদয়, কুক্ষি, কণ্ঠ, বাহুযুগল এবং পার্শ্বযুগলে শোভমান মনোহর বর্ণবিশিষ্ট উর্দ্ধপুণ্ড্রে তিনি সমলঙ্কৃত হইয়াছেন। ৯০।

অত্যুত্তম কঞ্চুক, উষ্ণীষ, কাঞ্চী ইত্যাদি অলঙ্কার এবং নানারূপ মনোরম বসন শ্রীহরিকে পরিধান করাইবে। তৎপরে উৎকৃষ্ট কিরীটাদি বিভূষণ ও নানাপ্রকার মনোহর মাল্য পরি-ধান করাইয়া বসন ভূষণ দ্বারা সুশোভিত করিবে। ৯১।

অনন্তর মহারাজযোগ্য উপচার প্রদান।—তৎপরে চামর, ছত্র, পাদুকা ইত্যাদি মহারা-জোচিত উপকরণ এবং অপরাপর ধ্বজ-পতাকাদি অর্পণ পূর্ব্বক দর্পণ প্রদর্শন করিবে।৯২। বিষ্ণু-ধর্ম্মোত্তরে লিখিত আছে যে, দেশকালানুসারে দেবমন্দিরে নৃপচিহ্ন অর্পণ করিলে রাজা হইতে পারে, এ বিষয়ে কিছুমাত্র বিচারণা করিবে না।

অতঃপর চামরমাহাত্ম্য।—উক্ত গ্রন্থের ঐ স্থানেই লিখিত আছে যে, চামর অর্পণ করিলে ধরাধামে শ্রীমান্ হয়, পাতক হইতে বিমুক্ত হইয়া থাকে এবং সুরপুরে গমন করে।

ছত্রমাহাত্ম্য।—উক্ত স্থানেই লিখিত আছে যে, বহুশলাকাযুক্ত, ঝল্লরী (ঝালর) ও দিব্যবসন-

উপানৎসম্প্রদানেন বিমানমধিরোহতি। যথেষ্টং তেন লোকেষু বিচরত্যমরপ্রভঃ॥ ৯৪॥

ধ্বজস্থ মাহাত্ম্যং।

তত্রৈব।—

লোকেষু ধ্বজভূতঃ স্যাদ্দত্ত্বা বিষ্ণোর্ব্বরং ধ্বজং। শক্রলোকমবাপ্নোতি বহূনব্দগণান্নরঃ॥

কিঞ্চ।—যুক্তং পীতপতাকাভির্নিবেশ্য গরুড়ধ্বজং। কেশবায় দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বলোকে মহীয়তে॥

যৎ প্রাসাদে ধ্বজারোপমাহাত্ম্যং লিখিতং পুরা। তদত্রাপ্যখিলং জ্ঞেয়ং তত্রাত্রত্যমিদং তথা॥

কিঞ্চ ভবিষ্যে।—

বিষ্ণোর্ধ্বজে তু সৌবর্ণং দণ্ডং কুর্য্যাদ্বিচক্ষণঃ। পতাকা চাপি পীতা স্যাৎ গরুড়স্য সমীপগা॥

ব্যজনস্য মাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মোত্তরে।— তালবৃন্তপ্রদানেন নির্বৃতিং প্রাপ্নুয়াৎ পরাং।

বিতানস্য মাহাত্ম্যং।

তত্রৈব।—

বিতানকপ্রদানেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। পরাং নির্বৃতিমাপ্নোতি যত্র যত্রাভিজায়তে॥ ৯৫॥

ঝল্লরীবস্ত্রং সূচিকর্ম্মাদিবিনির্ম্মিতবিলম্বমানাঙ্গবিশেষস্তদযুক্তং॥ ৯৩॥ পাদুকায়া মাহাত্ম্যঞ্চ পূর্ব্বং শ্রীমুখপ্রক্ষালনানন্তরং তৎসমর্পণে লিখিতমেবাস্তি॥ ৯৪॥

ধ্বজভূতঃ সর্ব্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ। গরুড়ধ্বজং গরুড়াকারধ্বজং। কৃত্রিমগরুড়যুক্তং বা ধ্বজং। তন্মাহাত্ম্যং তত্র ধ্বজার্পণেঽপি সর্ব্বং জ্ঞেয়ং, তথা অত্রত্যং ধ্বজার্পণসম্বন্ধি ইদং লিখিতঞ্চ মাহাত্ম্যং তত্র ধ্বজারোপণে জ্ঞেয়ং, দ্বয়োঃ সাম্যাদিত্যর্থঃ॥ ৯৫॥

বিশিষ্ট স্বর্ণদণ্ড ছত্র হরিকে অর্পণ করিলে দাতা লক্ষ ছত্রে পরিবেষ্টিত হইয়া সুরগণের প্রার্থনীয় হন এবং পিতৃগণের সহিত ক্রীড়া করিয়া থাকেন। ঐ স্থানের অন্যত্র ও লিখিত আছে যে, হে দ্বিজগণ! ছত্র অর্পণ করিলে ইহলোকে নৃপতিত্ব লাভ করে, অরিকৃত ক্লেশ প্রাপ্ত হইতে হয় না এবং সমরে বিপক্ষকুল জয় করিতে সমর্থ হয়। ৯৩। পাদুকা অর্পণ করিলে বিমানারোহণ পূর্ব্বক সুরগণের ন্যায় প্রভাবান্ হইয়া ইচ্ছানুসারে তত্তল্লোকে বিচরণ করিতে পারে। ৯৪।

অতঃপর ধ্বজমাহাত্ম্য।—ঐ স্থানেই লিখিত আছে যে, যে ব্যক্তি শ্রীহরিকে উৎকৃষ্ট ধ্বজা অর্পণ করেন, সমাজে তিনি ধ্বজবৎ সর্ব্বপ্রধান হইয়া থাকেন এবং বহু বর্ষ যাবৎ ইন্দ্রপুরে অবস্থিতি করেন। আরও লিখিত আছে যে, হে দ্বিজসত্তমগণ! পীতবর্ণপতাকাবিশিষ্ট গরুড়াকার ধ্বজা হরিকে অর্পণ করিলে সর্ব্বলোকে পূজিত হইয়া থাকে। ইতিপূর্ব্বে প্রাসাদোপরি যে ধ্বজারোপণ-মাহাত্ম্য বর্ণিত হইয়াছে, এস্থানেও ধ্বজা দান করিলে তদ্রূপ নিখিল ফল লাভ হইয়া থাকে বুঝিবে। ভবিষ্যপুরাণে আরও লিখিত আছে যে, সুধী ব্যক্তি হরিকে প্রদানার্থ স্বর্ণ দ্বারা ধ্বজদণ্ড প্রস্তুত করিবেন। পতাকাও পীতবর্ণ এবং গরুড়ের সন্নিহিত হইবে।

ব্যজনমাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, তালবৃন্ত হরিকে অর্পণ করিলে পরম সুখ প্রাপ্ত হওয়া যায়।

খড়্গাদীনাং মাহাত্ম্যং।

দত্ত্বা নিস্ত্রিংশকান্ মুখ্যান্ শত্রুভির্নাভিভূয়তে। দত্ত্বা তদ্বন্ধনং মুখ্যমগ্ন্যাধেয়ফলং লভেৎ॥ ৯৬॥
কিঞ্চ।—পতদ্গ্রহং তথা দত্ত্বা শুভদস্তভিজায়তে। পাদপীঠপ্রদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি॥
দর্পণস্ত প্রদানেন রূপবান্ দর্পবান্ ভবেৎ। মার্জ্জয়িত্বা তথা তঞ্চ সুভগস্তভিজায়তে॥ ৯৭॥
যৎকিঞ্চিদ্দেবদেবায় দত্ত্বাভক্তিসমন্বিতঃ। তদেবাক্ষয়মাপ্নোতি স্বর্গলোকং স গচ্ছতি॥

কিঞ্চ বামনপুরাণে শ্রীবলিং প্রতি শ্রীপ্রহ্লাদোক্তৌ।—

শ্রদ্দধানৈর্ভক্তিপরৈর্যান্যুদ্দিশ্য জনার্দ্দনং। বলিদানানি দীয়ন্তে অক্ষয়াণি বিদুর্ব্বুধাঃ॥ ৯৮॥
অত্রাপি কেচিদিচ্ছন্তি দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং। পূর্ব্বোক্তা দশশঙ্খাদ্যা মুদ্রাঃ সংদর্শয়েদিতি॥ ৯৯॥

অথ গীতবাদ্যনৃত্যানি।

ততো বিচিত্রৈর্ললিতৈঃ কারিতৈর্ব্বা স্বয়ংকৃতৈঃ।
গীতৈর্বাদ্যৈশ্চ নৃত্যৈশ্চ শ্রীকৃষ্ণং পরিতোষয়েৎ॥ ১০০॥

মুখ্যান্ শ্রেষ্ঠান্। তেষাং বন্ধনং কোষং॥ ৯৬॥ তং দর্পণং মার্জয়িত্বা নির্ম্মলীকৃত্য॥ ৯৭॥ এবং বিবিধং সকামস্যাবান্তরফলং লিখিত্বা মুখ্যফলং লিখতি শ্রদ্দধানৈরিতি। দানানি দেয়ানি অক্ষয়াণি অক্ষয্যফলানি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকাণীত্যর্থঃ॥ ৯৮॥ অত্র অস্মিন্ সময়েঽপি॥ ৯৯॥
ললিতৈর্মনোহরৈঃ কারিতৈর্নর্ত্তক্যাদিদ্বারা স্বয়মেব কৃতৈর্ব্বা॥ ১০০॥

বিতান (চন্দ্রাতপ) মাহাত্ম্য।—উক্ত গ্রন্থের ঐ স্থানেই লিখিত আছে যে, শ্রীহরিকে চন্দ্রাতপ অর্পণ করিলে নিখিল পাতক হইতে পরিমুক্ত হয় এবং চন্দ্রাতপদাতা যে যে স্থলে জন্ম পরিগ্রহ করেন, সেই সেই স্থলেই পরম সুখ প্রাপ্ত হইয়া থাকেন।

খড়্গাদিমাহাত্ম্য।-যে ব্যক্তি হরিকে উত্তম খড়্গাদি অর্পণ করেন, তিনি বিপক্ষ কর্ত্তৃক বিজিত হন না। অত্যুত্তম অসিকোষ অর্পণ করিলে অগ্ন্যাধ্যানের ফল প্রাপ্ত হওয়া যায়। ৯৬। আরও লিখিত আছে যে, পতদ্গ্রহ (পিকদানী) অর্পণ করিলে উহা শুভকর হইয়া থাকে; পাদপীঠ প্রদান করিলে সর্ব্বত্র জয় লাভ হয়; দর্পণ অর্পণ করিলে রূপবান্ ও দর্পশীল হইয়া থাকে এবং দর্পণ মার্জ্জন পূর্ব্বক নিবেদন করিলে সৌভাগ্যবান্ হইতে পারে। ৯৭। ভক্তি পূর্ব্বক দেবদেব হরিকে যে কোন দ্রব্য অর্পণ করা যায়, তাহাই অক্ষয় হইয়া থাকে এবং তৎসমস্তদ্রব্যদাতা সুরলোকে প্রয়াণ করেন। বামনপুরাণে বলির প্রতি প্রহ্লাদোক্তি আছে যে, শ্রদ্ধাবান্ হইয়া ভক্তি সহকারে বিষ্ণুর উদ্দেশে যে সমস্ত বলিদান সমর্পিত হয়, সুধীগণ তৎসমস্ত অক্ষয় বলিয়া নিরূপণ করিয়াছেন। ৯৮। কোন কোন ব্যক্তি এই প্রকার ইচ্ছা করিয়া থাকেন যে, এই কালেও প্রথমতঃ বারত্রয় কুসুমাঞ্জলি প্রদান পূর্ব্বক পরে পূর্ব্বকথিত শঙ্খাদি মুদ্রাদশক দেখাইবে। ৯৯।

অনন্তর গীত, বাদ্য ও নৃত্য।—তৎপরে নিজকৃত অথবা অপর দ্বারা কারিত মনোরঞ্জন নানারূপ গীত, বাদ্য ও নৃত্য দ্বারা শ্রীহরিকে সন্তুষ্ট করিবে।

অথ তত্র নিষিদ্ধং।

নৃত্যাদি কুর্ব্বতো ভক্তান্নোপবিশিষ্টোঽবলোকয়েৎ।
ন চ তির্য্যগ্‌ব্রজেত্তত্র তৈঃ সহান্তরয়ন্ প্রভুং॥ ১০২॥

তথা চোক্তং।—

নৃত্যন্তং বৈষ্ণবং হর্ষাদাসীনো যস্ত পশ্যতি। খঞ্জো ভবতি রাজেন্দ্র সোঽয়ং জন্মনি জন্মনি॥১০২॥

কিঞ্চ।— নৃত্যতাং গায়তাং মধ্যে ভক্তানাং কেশবস্য চ।
তানৃতে যস্তিরো যাতি তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি॥ ১০৩॥

অথ গীতাদিমাহাত্ম্যং।

সামান্যতো নারসিংহে।—

গীতবাদ্যাদিকং নাট্যং শঙ্খতূর্য্যাদিনিস্বনং। যঃ কারয়তি বিষ্ণোস্তু সন্ধ্যায়াং মন্দিরে নরঃ॥
সর্ব্বকালে বিশেষেণ কামগঃ কামরূপবান্॥ ১০৪॥

সুসংগীতবিদগ্ধৈশ্চ সেব্যমানোঽপ্সরোগণৈঃ। মহার্হেণ বিমানেন বিচিত্রেণ বিরাজতা।
স্বর্গাৎ স্বর্গমনুপ্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে॥ ১০৫॥

স্কান্দে বিষ্ণুনারদসংবাদে।—গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ নাট্যং বিষ্ণুকথাং মুনে।
যঃ করোতি স পুণ্যাত্মা ত্রৈলোক্যোপরি সংস্থিতঃ ১০৬॥

উপবিষ্টঃ সন্নাবলোকয়েৎ। তত্র নৃত্যাদৌ তেষাং ভগবতশ্চ মধ্যে তির্য্যগ্‌ব্রজনেনাচ্ছাদনাত্তৈঃ সহ প্রভুং ভগবন্তম্ অন্তরয়ন্ বিচ্ছেদয়ন্ ন তির্য্যগ্‌ব্রজেচ্চেত্যর্থঃ। ১০১॥ হর্ষাৎ প্রেমানন্দেন নৃত্যন্তং। খঞ্জঃ শতং কাণে চ খঞ্জে চেতি ন্যায়েনাসংখ্যদোষদুষ্টো ভবতীত্যর্থঃ॥ ১০২॥ তান্ নৃত্যদ্‌গায়দ্ভক্তান্ ঋতে বিনা তেষাং নৃত্যাদিপরতয়া তদ্দোষানাপত্তেঃ॥ ১০৩॥
কারয়তীতি স্বার্থে ইণ্। অন্যেনাপি কারয়তীতি বা॥ ১০৪॥ স্বর্গাৎ স্বর্গমিতি বিলস্বর্গাৎ ভৌমস্বর্গং ভৌমস্বর্গাৎ দিব্যস্বর্গং, ততো মহর্ল্লোকাদিকং ব্রজন্ ক্রমেণ তত্র তত্র স্বেচ্ছয়া সুখ-

---

অতঃপর ঐ সমস্ত বিষয়ে নিষিদ্ধ।—ভক্তবর্গ যখন নৃত্যগীতাদি করেন, তখন কেহ উপবিষ্ট হইয়া দর্শন করিবেন না এবং নৃত্যাদিকারী ভক্তকুল ও প্রভুকে অন্তরাল করত তন্মধ্য দিয়া বক্র ভাবেও গমন করিতে নাই। ১০১। এই বিষয়ে উক্ত আছে যে, প্রেমপুলকে নৃত্যকারী বৈষ্ণবজনকে উপবেশন পূর্ব্বক দেখিলে জন্মে জন্মে খঞ্জ হইয়া দেহ ধারণ করিতে হইয়া থাকে।১০২। আরও লিখিত আছে যে, ভক্তবর্গ ভিন্ন অন্য কোন ব্যক্তি হরি ও তাঁহার ভক্তকুলের মধ্যদেশ আচ্ছাদন করিলে, তাহার তির্য্যগ্‌যোনি লাভ হয়। ১০৩।

অনন্তর গীতাদির মাহাত্ম্য।—প্রথমতঃ সামান্যতঃ নৃসিংহপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি সর্ব্বদা, বিশেষতঃ সন্ধ্যা-সময়ে হরি-মন্দিরে গীত-বাদ্যাদি, নাট্য ও শঙ্খতূর্য্যাদির বাদন করেন, অথবা অপরের দ্বারা বাদন করাইয়া থাকেন, তিনি যথেচ্ছগামী ও স্বেচ্ছারূপী হইতে পারেন। ১০৫। তিনি গীতনিপুণ অপ্সরোবর্গ কর্ত্তৃক পরিবেসিত ও মহার্ঘ্য বিচিত্র দেবযানে আরোহণ পূর্ব্বক বিলস্বর্গ হইতে ভূমিস্বর্গ, ভূমিস্বর্গ হইতে দিব্যস্বর্গ ও তৎপরে দিব্যস্বর্গ

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসংবাদে।—

দেবতায়তনে যস্তু ভক্তিযুক্তঃ প্রনৃত্যতি। গীতানি গায়ত্যথ বা তৎফলং শৃণু ভূপতে॥

গন্ধর্ব্বরাজতাং গানৈর্নৃত্যাদ্রুদ্রগণেশতাং। প্রাপ্নোত্যষ্টকুলৈর্মুক্তস্ততঃ স্যান্মোক্ষভাঙ্ নরঃ॥১০৭॥

লৈঙ্গে শ্রীমার্কণ্ডেয়াম্বরীষসংবাদে।—

বিষ্ণুক্ষেত্রে তু যো বিদ্বান্ কারয়েদ্ভক্তিসংযুতঃ। গাননৃত্যাদিকঞ্চৈব বিষ্ণ্বাখ্যাঞ্চ কথাং তথা॥

জাতিং স্মৃতিঞ্চ মেধাঞ্চ তথৈব পরমাং স্থিতিং। প্রাপ্নোতি বিষ্ণুসালোক্যং সত্যমেতন্নরাধিপ॥

অন্যত্র চ শ্রীভগবদুক্তৌ।—বিসৃজ্য লজ্জাং যোঽধীতে গায়তে নৃত্যতেঽপি চ।
কুলকোটিসমাযুক্তো লভতে মামকং পদং॥ ১০৮॥

অতএবোক্তং।— ভারতে নৃত্যগীতে তু কুর্য্যাৎ স্বাভাবিকেঽপি বা।
স্বাভাবিকেন ভগবান্ প্রীণাতীত্যাহ শৌনকঃ॥ ১০৯॥

অতএব নারদীয়ে।—

বিষ্ণোর্গীতঞ্চ নৃত্যঞ্চ নটনঞ্চ বিশেষতঃ। ব্রহ্মন্ ব্রাহ্মণজাতীনাং কর্ত্তব্যং নিত্যকর্ম্মবৎ॥ ১১০॥

ভোগান্ ভুক্তে্বত্যর্থঃ॥ ১০৫॥ নাট্যমভিনয়াদি। যদ্বা। দেশীয়মার্গভেদেন নাট্যনৃত্যয়োর্ভেদঃ। এবমগ্রেঽপি। ত্রৈলোক্যং ব্রহ্মলোকপর্য্যন্তং তদুপরি বৈকুণ্ঠলোকে সম্যক্‌স্থিতো ভবতি॥১০৬॥ মোক্ষঃ সংসারদুঃখান্মুক্তিঃ। মোক্ষয়তীতি শ্রীভগবান্ বা তং ভজতি প্রাপ্নোতীতি তথা সঃ॥১০৭॥ বিষ্ণ্বাখ্যাং বৈষ্ণবীমিত্যর্থঃ। যদ্বা। বিষ্ণুনা সহ তৎকথায়া অভেদাভিপ্রায়েণ বিষ্ণ্বাখ্যামিত্যুক্তং। যদ্বা। বিষ্ণোরাখ্যা নামমাত্রমপি যস্যাং তামপি। পরমামিত্যস্য সর্ব্বৈরেবান্বয়ঃ। পরমাং জাতিং জন্মান্তরে ইহৈব বা সাধূনাং পূজ্যত্বেন। স্থিতিং নিষ্ঠাং ভগবদ্ভজনাদৌ॥ ১০৮॥ ভারতে ভরতমুনিপ্রণীতে নিজস্বভাবসিদ্ধে অপি বা সন্ধিরার্ষঃ। স্বাভাবিকেনাপি নৃত্যগীতেন॥ ১০৯॥

হইতে হরিধামে প্রয়াণ করত সসম্মানে বসতি করেন। ১০৫। স্কন্দপুরাণে বিষ্ণুনারদসংবাদে লিখিত আছে যে, হে ঋষে! যে পুণ্যশীল ব্যক্তি হরিকথা অবলম্বন পূর্ব্বক গীত, বাদ্য, নৃত্য ও নাট্য করেন, তিনি ত্রিলোকের উপরিস্থিত বৈকুণ্ঠধামে গমন করত বিরাজিত থাকেন'।১০৬। বৃহন্নারদীয় পুরাণে যমভগীরথসংবাদে লিখিত আছে যে,হে নৃপতে! যিনি ভক্তিমান্ হইয়া দেবায়তনে নৃত্য কিংবা সংগীত করেন, তাহার ফল অবধান করুন্, সেই ব্যক্তি সংগীত দ্বারা গন্ধর্ব্বাধিপতিত্ব প্রাপ্ত হন, নৃত্য দ্বারা রুদ্রগণের অধীশ্বরত্ব প্রাপ্ত হইয়া থাকেন এবং তৎপরে অষ্টকুল সহ ভবসংসার হইতে পরিত্রাণ লাভ করেন। ১০৭। লিঙ্গপুরাণে শ্রীমার্কণ্ডেয়াম্বরীষসংবাদে লিখিত আছে যে, হে রাজন্! যে সুধী ব্যক্তি ভক্তিমান্ হইয়া হরিমন্দিরে হরিকথা-বিষয়ক নৃত্য-গীতাদি করেন, তিনি উত্তম জাতি, স্মৃতি, মেধা ও স্থিতি (ভগবদ্ভক্তগণের প্রতি নিষ্ঠা) প্রাপ্ত হইয়া থাকেন এবং নিঃসংশয় হরিসহ সালোক্য প্রাপ্ত হন। অন্যত্রও ভগবানের উক্তি আছে যে, যিনি লজ্জা ত্যাগ করিয়া মৎসন্নিধানে অধ্যয়ন, সংগীত, কিংবা নৃত্য করেন, মদীয় ধামে তিনি কোটি কুল সহ বসতি প্রাপ্ত হইয়া থাকেন। ১০৮। অতএব উক্ত আছে যে, ভরতমুনিপ্রণীত বা স্বাভাবিক নৃত্যগীত করিবে। স্বাভাবিক নৃত্যগীত দ্বারা হরি

কিন্তু স্মৃতৌ।—

গীতনৃত্যানি কুর্ব্বীত দ্বিজদেবাদি তুষ্টয়ে। ন জীবনায় যুঞ্জীত বিপ্রঃ পাপভিয়া কচিৎ॥ ইতি॥

এবং কৃষ্ণপ্রীণনত্বাদ্গীতাদের্নিত্যতা পরা। সংসিদ্ধৈরবিশেষেণ জ্ঞেয়া সা হরিবাসরে॥ ১১১॥

তথা চোক্তং।— কেশবাগ্রে নৃত্যগীতং ন করোতি হরের্দ্দিনে।

বহ্নিনা কিং ন দগ্ধোঽসৌ গতঃ কিং ন রসাতলং॥ ১১২॥

অথ বিশেষতো গীতস্য মাহাত্ম্যং।

দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কেণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে।—

কৃষ্ণং সন্তোষয়েদ্যস্তু সুগীতৈর্ম্মধুরস্বনৈঃ। সর্ব্ববেদফলং তস্য জায়তে নাত্র সংশয়ঃ॥ ১১৩॥

স্কান্দে শ্রীমহাদেবোক্তৌ।—

শ্রুতিকোটিসমং জপ্যং জপকোটিসমং হবিঃ। হবিঃকোটিসমং গেয়ং গেয়ং গেয়সমং বিদুঃ॥১১৪॥

কাশীখণ্ডে বিষ্ণুদূতশিবশর্ম্মসংবাদে।—

যদি গীতং কচিদ্গীতং শ্রীমদ্ধরিহরাঙ্কিতং। মোক্ষস্তু তৎফলং প্রাহুঃ সান্নিধ্যমথবা তয়োঃ॥১১৫॥

বিষ্ণোঃ বিষ্ণ্বর্থমিত্যর্থঃ। নটনম্ অভিনয়নং। যদ্বা। নাটয়তি নর্ত্তয়তীতি নটনং বাদ্যং॥ ১১০॥ কচিৎ কদাচিদপি জীবনায় নিজবৃত্ত্যর্থং ন যুঞ্জীত ন কুর্য্যাৎ। তত্র হেতুঃ পাপাদ্ভিয়া তথা সতি পাপং স্যাদিত্যর্থঃ। অধুনা গীতনৃত্যাদি-নিত্যত্বং লিখতি এবমিতি। পরা পরমা মহোৎসব-দিনেষু চাত্যন্তনিত্যমেব তদিতি লিখত্যবিশেষেণেতি॥১১১॥ হরের্দ্দিনে একাদশ্যাদাবপি॥১১২॥

বেদানাং সামবেদোঽস্মীতি ভগবদ্বিভূতিত্বেন তস্য শ্রৈষ্ঠ্যাৎ সুস্বরগানময়ত্বেন ভগবত্তোষণাদ্বা তস্য পাঠাদিনা সর্ব্বতোঽধিকং ফলং তজ্জায়তে॥ ১১৩॥ হবির্নৈবেদ্যং। গেয়সমং নিরুপম-মিত্যর্থঃ॥ ১১৪॥ মোক্ষস্য তুচ্ছত্বেন পক্ষান্তরমাহ সান্নিধ্যমিতি। তয়োঃ শ্রীহরিহরয়োঃ॥ ১১৫॥

প্রীত হইয়া থাকেন, শৌনক মুনি এইরূপ বলিয়া গিয়াছেন। ১০৯। এই হেতু নারদপুরাণে কথিত আছে যে, হে ব্রহ্মন্! হরির উদ্দেশে নৃত্য, গীত ও অভিনয়াদি দ্বিজাতিগণের নিত্য-ক্রিয়াবৎ অবশ্য কর্ত্তব্য। ১১০। স্মৃতিতেও লিখিত আছে, দেব-ব্রাহ্মণের প্রীত্যর্থ দ্বিজাতিরা নৃত্য গীত করিবেন, কিন্তু জীবিকার্থ কদাচ করিবেন না, জীবিকার্থ নৃত্যগীতাদি করিলে পাপে নিমগ্ন হইতে হয়। এই প্রকারে শ্রীহরির সন্তোষজনক বলিয়া সিদ্ধপুরুষগণ সংগীতাদির নিত্যতা, বিশেষতঃ একাদশীতে অধিক নিত্যতার বিষয় বর্ণন করিয়াছেন। অতএব উক্ত আছে যে, যিনি একাদশ্যাদি দিনে হরির পুরোভাগে নৃত্যগীত না করেন, তাঁহাকে কি বহ্নি দ্বারা দগ্ধ হইতে হয় না? কিংবা তিনি কি পাতালে গমন করেন না? ১১২।

অনন্তর বিশেষ প্রকারে গীতের বিষয়।—দ্বারকা-মাহাত্ম্যে মার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন-সংবাদে লিখিত আছে যে, যিনি সুস্বরে মধুর সংগীত দ্বারা শ্রীহরির সন্তোষ সাধন করেন, তিনি নিঃসন্দেহ নিখিল বেদাধ্যয়নের ফল প্রাপ্ত হন। ১১৩। স্কন্দপুরাণে শ্রীশিবোক্তি আছে যে, জপ দ্বারা কোটি শ্রুতির ফল প্রাপ্ত হওয়া যায়, নৈবেদ্য দানে কোটি জপের ফল সুসিদ্ধ হয়, সংগীত কোটি নৈবেদ্য দানের সদৃশ এবং গান গানের সদৃশ অর্থাৎ অত্যুৎকৃষ্ট

বিষ্ণুধর্ম্মে শ্রীভগবদুক্তৌ।—

রাগেণাকৃষ্যতে চেতো গান্ধর্ব্বাভিমুখং যদি। ময়ি বুদ্ধিং সমাস্থায় গায়েথা মম সংকথাঃ॥ ১১৬॥

হরিভক্তিসুধোদয়ে।—

যো গায়তীশমনিশং ভুবি ভক্ত উচ্চৈঃ, স দ্রাক্ সমস্তজনপাপভিদেঽলমেকঃ॥
দীপেষ্বসৎস্বপি নহু প্রতিগেহমন্তর্ধ্বান্তং কিমত্র বিলসত্যমলে হ্যনাথে॥ ১১৭॥
যদানন্দকলং গায়ন্ ভক্তঃ পুণ্যাশ্রু বর্ষতি। তৎ সর্ব্বতীর্থসলিলস্নানং স্বমলশোধনং॥ ১১৮॥

বারাহে।—

ব্রাহ্মণো বাসুদেবার্থং গায়মানোঽনিশং পরং। সম্যক্ তালপ্রয়োগেণ সন্নিপাতেন বা পুনঃ॥
নব বর্ষসহস্রাণি নব বর্ষশতানি চ। কুবেরভবনং গত্বা মোদতে বৈ যদৃচ্ছয়া।
কুবেরভবনাদ্ভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ। ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ॥ ১১৯॥

রাগেণ মল্লারাগাদিনা। যদ্বা। বিষয়প্রীত্যা যদ্যাকৃষ্যতে। ততশ্চ গান্ধর্ব্বাভিমুখং গীতোৎসুকং যদি স্যাৎ। যদ্বা। গান্ধর্ব্বাভিমুখং যদা স্যাত্তদা ময়ি বুদ্ধিং সমাস্থায় মনো নিবেশ্য। যদ্বা। ইমাঃ কৃষ্ণস্য গাথা ইত্যেতাবন্মাত্রং মনসি কৃত্বা। সতীঃ উত্তমাঃ রাসক্রীড়াদ্যাশ্রয়াঃ কথাঃ। যদ্বা। মম যে সন্তঃ তেষাং কথা গায়েথাঃ। তেনৈবাখিলান্তরাগোঽপযাস্যতীতি ভাবঃ। যদ্বা। পরম-ভাগ্যোদিতেন তেনৈব সর্ব্বং সেৎস্যতীতি ।১১৬॥ দ্রাক্ সদ্য এব সমস্তজনানাং পাপস্য ভিদে নাশনায় এক এব অলং সমর্থঃ, তদেবার্থান্তরোপন্যাসেন দ্রঢ়য়তি দীপেষ্বিতি॥ ১১৭॥ আনন্দেন কলো মধুরাস্ফুটধ্বনির্যথা স্যাত্তথা গায়ন্ সন্ যৎ পুণ্যরূপং অশ্রু প্রেমাশ্রু বর্ষতি। স্বানামপি মলশোধনং॥ ১১৮॥ সন্নিপাতেন বিবিধরাগাদিসমুচ্চয়েন। নহু কথং ততোঽপি ভ্রংশঃ সম্ভবেৎ সত্যং। স্বেচ্ছয়ৈব পরিত্যজ্যান্যত্র গচ্ছতীত্যাহ। স্বচ্ছন্দেন গমনমালয়শ্চ নিবাসস্থানং যস্য

বলিয়া নির্দ্দিষ্ট। ১১৪। কাশীখণ্ডে বিষ্ণুদূত ও শিবশর্ম্মার সংবাদে লিখিত আছে যে, যদি কোন স্থলে হরিহরবিষয়ক সংগীত হয়, তাহা হইলে তৎফল মোক্ষ কিংবা হরিহর-সমীপে অবস্থান বলিয়া নির্দ্দিষ্ট আছে। ১১৫। বিষ্ণুধর্ম্মে শ্রীভগবানের উক্তি যথা,—যদি তদীয় চিত্ত মল্লরাগাদি রাগে সমাকৃষ্ট হইয়া সংগীত করিবার জন্য উৎকণ্ঠিত হয়, তবে আমাতে চিত্ত প্রণিধান করত সংকথা (রাসলীলাদি বিষয়ক কথা কিংবা সাধুজনের কথা) অবলম্বন পূর্ব্বক গান করিবে। ১১৬। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে যে, যে ভক্ত ধরাতলে নিরন্তর উচ্চৈঃস্বরে ঈশ্বরবিষয়ক সংগীত করেন, তিনি নিখিল লোকের পাতকবিদূরণার্থ সক্ষম হইয়া থাকেন। দীপালোকের অভাব হইলেও যদি আকাশতলে বিমল ভাস্কর সমুদিত থাকেন, তাহা হইলে গৃহের মধ্যে কি তিমিররাশি বিদ্যমান থাকে ? ১১৮। ভক্তজন পুলকে গদ্গদচিত্ত হইয়া সংগীত করিতে করিতে যে প্রেমধারা বর্ষণ করেন, তাহা স্বীয় পাতকহারক এবং নিখিল তীর্থবারিতে স্নানসদৃশ ফলদায়ক। ১১৮। বরাহপুরাণে লিখিত আছে, হে সুন্দরি ! যদি দ্বিজাতি সম্যক্ তাল প্রয়োগ ও নানারূপ রাগাদি দ্বারা জনার্দ্দনের উদ্দেশে নিরন্তর গান করেন, তাহা হইলে তিনি কুবেরালয়ে গমন পূর্ব্বক নবসহস্র ও নবশতবর্ষ স্বেচ্ছাচারে বিচরণ করিয়া থাকেন। তদনন্তর

নারায়ণানাং বিধিনা গানং শ্রেষ্ঠতমং স্মৃতং। গানেনারাধিতো বিষ্ণুঃ স্বকীর্ত্তিজ্ঞানবর্চ্চসা।
দদাতি তুষ্টঃ স্থানং স্বং যথাস্মৈ কৌশিকায় বৈ॥ ১২০॥

কিঞ্চ।— এষ বো মুনিশার্দ্দূলাঃ প্রোক্তো গীতক্রমো মুনেঃ।
ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরং॥ ১২১॥

হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকো ভবেৎ। কর্ম্মণা মনসা বাচা বাসুদেবপরায়ণঃ।
গায়ন্ নৃত্যংস্তমাপ্নোতি তস্মাদ্গেয়ং পরং বিদুঃ॥ ১২২॥

প্রথমস্কন্ধে শ্রীনারদোক্তৌ।—

প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ। আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি॥ ১২৩॥

সঃ। নমু তর্হি কা গতিস্তস্য স্যাত্তত্রাহ। মম কর্ম্মপরায়ণঃ সন্ ফলং তদনুরূপং। যদ্বা। পরমফলত্বেন বিখ্যাতং শ্রীবৈকুণ্ঠং। যদ্বা। মৎসেবাপরত্বং ফলং প্রাপ্নোতি॥ ১১৯॥ নারায়ণানাং নারায়ণারাধনকর্ম্মণাং। যদ্বা। নারং জীবসমূহঃ তদাশ্রয়ভূতানাং কর্ম্মণাং মধ্যে ইত্যর্থঃ। জ্ঞানস্য বর্চ্চঃ প্রভাবো যস্মাত্তেন। যদ্বা। স্বস্য কীর্ত্তিজ্ঞানবর্চ্চোভিঃ সহিতং দ্বন্দ্বৈক্যং। কৌশিকায়েত্যত্র তত্রৈবাখ্যায়িকেয়ং। কৌশিকনামা বিপ্রো ভগবদ্গীত-প্রভাবেণ সশিষ্যঃ সসেবকো গীতশ্রোতৃভিঃ সহিতো বৈকুণ্ঠলোকং গতো ভগবতা বহুসংমানিত ইতি॥ ১২০॥ এষ ইত্যাদিঃ সূতোক্তিঃ। মুনেঃ শ্রীনারদস্য গীতশিক্ষাক্রমঃ তদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা। যথা,—দ্বারকায়াং রুক্মিণীসত্যভামাদের্দাসীভ্যোঽসৌ যত্নাদ্গানবিদ্যামশিক্ষতেতি॥ ১২১॥ রুদ্রাদপি গানেন অধিকো বিশিষ্টো ভবেদিতি॥ ১২২॥ স্বস্য ভগবতো বীর্য্যাণি অদ্ভুতচরিতানি পূতনামোক্ষাদীনি। তীর্থং গঙ্গাদি পাদাৎ চরণাব্জশৌচোদকাৎ যস্য সঃ শ্রীকৃষ্ণঃ। কিঞ্চ প্রিয়ং শ্রবঃ কীর্ত্তির্যস্য সঃ অত আহূতঃ ইব আদরেণ নিমন্ত্রিত ইব। যদ্বা। বলাদাকৃষ্যানীত ইব। এবং পূর্ব্বং চিত্তাদন্তর্হিতে ধ্যানাদিপ্রযত্নেন যো ময়া পুনর্হৃদি দ্রষ্টুং ন শক্তঃ সোঽয়ং গানাৎ স্বয়মেব সদ্যঃ সাক্ষাদিব চিত্তে দৃশ্যতে ইতি ধ্যানাদপি তদ্বীর্য্য-

নিজ ইচ্ছানুসারে তৎস্থান হইতে পরিভ্রষ্ট হইয়া যথা তথা গমন ও অবস্থিতি করেন এবং মৎপ্রতি ভক্তিনিষ্ঠ হইলে যে ফল হয়, তাহা লাভ করিয়া থাকেন। ১১৯। জনার্দ্দনের কর্ম্ম সকলের মধ্যে কিংবা জীবকুলের অনুষ্ঠেয় কর্ম্মের মধ্যে বিধাতা সংগীতকেই শ্রেষ্ঠতম বলিয়া নিরূপণ করিয়াছেন। যে ব্যক্তি সংগীত দ্বারা হরির উপাসনা করেন, তদীয় কীর্ত্তি, জ্ঞান ও প্রভাব সংবর্দ্ধিত হয় এবং দেবদেব সন্তুষ্ট হইয়া তাঁহাকে কৌশিক বিপ্রের ন্যায় নিজ স্থান অর্পণ করিয়া থাকেন ।১২০।* আরও লিখিত আছে, হে তাপসপ্রবর! তোমাদিগের নিকট দেবর্ষির গীতশিক্ষার ক্রম বর্ণন করিয়াছি। দ্বিজাতি নিরন্তর কৃষ্ণবিষয়ক সংগীত করিলে সালোক্য মুক্তি প্রাপ্ত হইয়া থাকেন এবং সংগীতবিষয়ে রুদ্রদেব অপেক্ষাও অধিকতর দক্ষতা প্রাপ্ত হন। কায়মনোবাক্যে ভগবন্নিষ্ঠ হইয়া গীত ও নৃত্য করিলে হরিকে লাভ করিতে পারে, এই জন্য গীতই প্রধান বলিয়া

* এইরূপ আখ্যায়িকা আছে যে, কৌশিকনামা কোন বিপ্র শ্রীহরিবিষয়ক সংগীত করিয়া তৎফলে শিষ্য পরিচারক ও গীত-শ্রোতৃগণের সহিত বৈকুণ্ঠলোকে গমন করেন এবং তথায় হরি কর্ত্তৃক সাদরে গৃহীত হইয়াছিলেন।

দ্বাদশস্কন্ধে শ্রীসূতোক্তৌ ;—

মৃষা গিরস্তা হ্যসতীরসংকথা, ন কথ্যতে যদ্ভগবানধোক্ষজঃ।
তদেব সত্যং তদুহৈব মঙ্গলং, তদেব পুণ্যং ভগবদ্গুণোদয়ং।
তদেব রম্যং রুচিরং নবং নবং, তদেব শশ্বন্মনসো মহোৎসবং।
তদেব শোকার্ণবশোষণং নৃণাং, যদুত্তমঃশ্লোকযশোঽনুগীয়তে॥ ১২৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

দত্বা চ গীতং ধর্ম্মজ্ঞা গন্ধর্ব্বৈঃ সহ মোদতে। স্বয়ং গীতেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ॥
পাদ্মে শ্রীকৃষ্ণসত্যভামাসংবাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীপৃথুনারদসংবাদে শ্রীভগবদুক্তৌ।—
নাহং বসামি বৈকুণ্ঠে ন যোগিহৃদয়ে রবৌ। মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ॥
তেষাং পূজাদিকং গন্ধপাদ্যাদ্যৈঃ ক্রিয়তে নরৈঃ।
তেন প্রীতিং পরাং যামি ন তথা মৎপ্রপূজনাৎ॥ ১২৫ ॥

গানস্য মাহাত্ম্যং সূচিতং॥ ১২৩॥ অসতীঃ অসত্যঃ দুষ্টা ইত্যর্থঃ। যতঃ অসতামেব কথাস্তাঃ। যৎ যাসু। কিং তর্হি সত্যমুত্তমাদিকঞ্চ তদাহ উত্তমশ্লোকস্য শ্রীকৃষ্ণস্য যশোঽনুগীয়ত ইতি যৎ তদেব সত্যং। উহ হর্ষে প্রসিদ্ধৌ বা। ভগবদ্গুণানামৈশ্বর্য্যাদীনামুদয়ঃ গায়কে শ্রোতৃপ্রভৃতিষু চ প্রকাশো যস্মাত্তৎ। রম্যং জগৎ-সন্তোষদং। রুচিরং শ্রবণরুচিকরং যতো নবং নবং প্রতিক্ষণনূতনমিত্যর্থঃ। মহানুৎসবো যস্মাৎ তৎ॥ ১২৪॥ তেষাং মদ্ভক্তানাং। আদিশব্দাদনুগমনাদি। আদ্যশব্দাৎ পুষ্পাস্তস্তবনাদীনি॥ ১২৫ ॥ কর্ম্মণি ভগবদারাধনলক্ষণে। ঔপয়িকত্বেন তদ্যোগ্যত্বাৎ।

বর্ণিত হইয়াছে। ১২১—১২২। ভাগবতের প্রথমস্কন্ধে নারদোক্তি আছে যে, যাঁহার পদকমল হইতে গঙ্গাদি তীর্থসমূহের উৎপত্তি হইয়াছে, যাঁহার কীর্ত্তি অতীব প্রিয়, সেই শ্রীকৃষ্ণের লীলাগানকালে তিনি যেন আহূতবৎ হইয়া আশু মদীয় হৃদয়মন্দিরে দর্শন প্রদান করেন। * ভাগবতের দ্বাদশস্কন্ধে শ্রীসূতের বাক্যে প্রকাশিত আছে যে, হরিসংকীর্ত্তনই মহাফল বলিয়া থাকিত, তদ্ভিন্ন সকলই বৃথা প্রলাপমাত্র, ইহাই সবিস্তার বর্ণন পূর্ব্বক কহিলেন, যে কথায় দেবদেব হরির প্রসঙ্গ নাই, সে সমস্ত বাণী অসতী ও মিথ্যাভূতা, কিন্তু যাহাতে ভগবদ্গুণের প্রসঙ্গ বিদ্যমান আছে, তাহাই সত্য তাহাই কল্যাণকর এবং তাহাই পুণ্যপ্রদ। যাহাতে উত্তমশ্লোক শ্রীহরির যশোগান সবিস্তর বর্ণিত আছে তাহাই রমণীয় তাহই মনোহর, তাহাই ক্ষণে ক্ষণে নব নব বলিয়া অনুমিত, তাহাই সর্ব্বদা চিত্তের মহোৎসবস্বরূপ এবং তাহাই মানবকুলের শোক সাগরশোষক। ১২৪। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে ধর্ম্মনিষ্ঠগণ! যে ব্যক্তি পরকৃত সংগীত দ্বারা দেবদেবের উপাসনা করেন, তিনি গন্ধর্ব্বকুলের সহিত ক্রীড়া করিয়া থাকেন এবং যিনি নিজরচিত সংগীত দ্বারা হরির উপাসনা করেন, তিনি হরির অনুচর হন। পদ্মপুরাণে শ্রীকৃষ্ণসত্যভামাসংবাদ সম্বন্ধীয় কার্ত্তিকমাহাত্ম্যে এবং নারদপৃথুসংবাদে

---

* ধ্যানাদি দ্বারা হরির সাক্ষাৎলাভ দুরূহ; কিন্তু সংগীত দ্বারা অনায়াসে তাঁহার দর্শন প্রাপ্ত হওয়া যায়, এই জন্যই ভগবন্মাহাত্ম্য গানের মহিমা ধ্যানাপেক্ষাও অধিক।

অতএবোক্তং।— কর্ম্মণ্যৌপয়িকত্বেন ব্রাহ্মণোঽস্য ইতি স্মৃতঃ।
কারিকায়ামতঃ প্রোক্তং বিপ্রো গীতৈ রমেদিতি ॥ ১২৬ ॥

অথ নৃত্যস্য মাহাত্ম্যং।

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব।—
যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্বহু সুভক্তিতঃ। স নির্দ্দহতি পাপানি জন্মান্তরশতেষ্বপি ॥ ১২৭ ॥

হরিভক্তিসুধোদয়ে।—বহুধোৎসার্য্যতে হর্ষাৎ বিষ্ণুভক্তস্য নৃত্যতঃ।
পদ্ভ্যাং ভূমের্দ্দিশোঽক্ষিভ্যাং দোর্ভ্যাং বা মঙ্গলং দিবঃ ॥ ১২৮ ॥

বারাহে।—যশ্চ নৃত্যতি সুশ্রোণি পুরাণোক্তং সমাসতঃ। ত্রিংশদ্বর্ষসহস্রাণি ত্রিংশদ্বর্ষশতানি চ।
পুষ্করদ্বীপমাসাদ্য মোদতে বৈ যদৃচ্ছয়া। পুষ্করাচ্চ পরিভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ।
ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—
নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ং। স্বয়ং নৃত্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥১২৯॥

অস্যঃ দাস ইতি স্মৃতঃ শাস্ত্রৈঃ স্মৃতিকৃদ্ভির্ব্বা। কারিকায়াম্ উপনিষদ্ভাগবিশেষে শ্লোকনিবদ্ধশ্রুত্যাদিগ্রন্থে বা ॥ ১২৬ ॥

ভাবৈঃ শৃঙ্গারাদিরসৈঃ বিবিধচেষ্টাভির্ব্বা। বহু যথা স্যাৎ তথা। জন্মান্তরশতেষু কৃতানি করিষ্যমাণান্যপি পাপানি ॥ ১২৭ ॥ নৃত্যতো বিষ্ণুভক্তস্য পাদাদিভিঃ ক্রমাদ্ভূম্যাদেরমঙ্গলমুৎসার্য্যতে বিনশ্যেত ইত্যর্থঃ ॥ ১২৮ ॥ পুরাণোক্তং ভরতাদিপুরাতনমুন্যুক্তং যথা স্যাৎ তচ্ছাস্ত্রানুসারেণেত্যর্থঃ। সমাসতঃ সংক্ষেপেণাপি যো নৃত্যতি। যদ্বা। সমাসতঃ পুরাণোক্তং তস্য

ভগবানের উক্তিতে আছে যে, হে দেবর্ষে! আমি বৈকুণ্ঠধামে কিংবা যোগিগণের হৃদয়মন্দিরে অথবা ভাস্করমণ্ডলেও অবস্থিতি করি না, কিন্তু মদীয় ভক্তকুল যে স্থানে গান করেন, আমি তথায় অধিষ্ঠান করি। মানবগণ গন্ধপাদ্যাদি দ্বারা সেই ভক্তবর্গের অর্চ্চনা করিলে আমি যেমন সন্তুষ্ট হই, মদীয় উপাসনা করিলে সেরূপ প্রীতি লাভ করি না। ১২৫। এই হেতু উক্ত আছে যে, আরাধনা-কর্ম্মে দ্বিজাতিই উপযুক্ত বলিয়া শাস্ত্রকারগণ তাঁহাকে বিষ্ণুদাস বলিয়া গিয়াছেন। এই হেতু কারিকায় (উপনিষদের অংশভেদে কিংবা ছন্দোবদ্ধ শ্রুত্যাদি শাস্ত্রে) কথিত হইয়াছে যে, দ্বিজাতি ভগবদ্বিষয়ক সংগীত দ্বারা পুলকিত হইবেন। ১২৬।

অনন্তর নৃত্যমাহাত্ম্য।—দ্বারকামাহাত্ম্যের উক্ত স্থানেই লিখিত আছে যে, যিনি প্রফুল্লমনে পরম ভক্তি সহকারে সযত্নে সমধিক নৃত্য করেন, তদীয় শত শত জন্মের পাতক ভস্মীভূত হয়। ১২৭। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে, হর্ষ নিবন্ধন নৃত্যকারী হরিপরায়ণ ব্যক্তির চরণ দ্বারা ধরণীর, নেত্র দ্বারা দিঙ্মণ্ডলের এবং বাহু দ্বারা সুরধামের অমঙ্গল বিনষ্ট হইয়া থাকে। ১২৮। বরাহপুরাণে লিখিত আছে যে, হে সুশ্রোণি! যিনি ভরতাদি ঋষি প্রণীত শাস্ত্রানুসারে অল্পপরিমাণেও নৃত্য করেন, তিনি পুষ্কর দ্বীপে গমন পূর্ব্বক ত্রিংশৎ সহস্র ও ত্রিংশৎ শত বর্ষ পর্য্যন্ত যথেচ্ছ বিচরণ করিয়া থাকেন। তদনন্তর ইচ্ছানুসারে সেই

অন্যত্র শ্রীনারদোক্তৌ।—

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং। উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ॥ ১৩০॥

অথ বাদ্যস্য মাহাত্ম্যং।

সঙ্গীতশাস্ত্রে।—

বীণাবাদনতত্ত্বজ্ঞঃ শ্রুতি-জাতি-বিশারদঃ। তালজ্ঞশ্চাপ্রয়াসেন মোক্ষমার্গং নিযচ্ছতি॥১৩১॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

বাদ্যং দত্ত্বা তথা বিপ্রঃ শক্রলোকমবাপ্নুয়াৎ। স্বয়ং বাদ্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ।

বাদ্যানামপি দেবস্য তন্ত্রীবাদ্যং সদা প্রিয়ং। তেন সংপূজ্য বরদং গাণপত্যমবাপ্নুয়াৎ॥

অথ শক্তৌ পুনঃ পূজা।

শক্তশ্চেৎ সপরীবারং কৃষ্ণং গন্ধাদিভিঃ পুনঃ। পঞ্চোপচারৈর্ম্মূলেন সংপূজ্যার্ঘ্যং সমর্পয়েৎ॥১৩২॥

ফলমিতি শেষঃ। তদেবাহ ত্রিংশদিত্যাদিনা। অন্তর্লিখিতার্থমেব॥ ১২৯॥ শরীরস্থাঃ স্বস্য সর্ব্বেষামপি বা॥ ১৩০॥

শ্রুতয়ঃ ষট্‌ত্রিংশদ্ভেদাঃ, জাতয়ঃ সপ্তস্বরাঃ মেঘনাদবসন্তাদিরাগালাপভেদা বা তত্তদভিজ্ঞঃ। মোক্ষো মার্গো উপায়ভূতো যস্মিন্ ভগবতি বৈকুণ্ঠলোকে বা তং নিযচ্ছতি বশীকরোতি। অন্যেভ্যোঽপি নিতরাং যচ্ছতি দদাতীতি বা॥ ১৩১॥

সপরিবারং পূর্ব্বলিখিতাবরণসহিতং। সপরিবারায় কৃষ্ণায় নম ইত্যুচ্চার্য্য মূলমন্ত্রেণ গন্ধাদিভিঃ পঞ্চভিরুপচারৈঃ পুনঃ সম্যক্ পূজয়িত্বা সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহেতি অর্ঘ্যং নিবেদয়েদিত্যর্থঃ॥ ১৩২॥

স্থান হইতে ভ্রষ্ট হইয়া যথা তথা গমন ও অবস্থান করেন এবং মৎপ্রতি ভক্তিনিষ্ঠ হইলে যে ফল হয়, তাহাই লাভ করেন। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, অপরকৃত নৃত্য দ্বারা প্রভুর উপাসনা করিলে রুদ্রলোক লাভ হয় সন্দেহ নাই। নিজে নৃত্য করত দেবদেবের উপাসনা করিলে হরির অনুচর হইতে পারে। ১২৯। অন্যত্রও নারদোক্তি আছে যে, যে সকল ব্যক্তি কমলাপতির পুরোভাগে করতালি দিতে দিতে পুনঃ পুনঃ নৃত্য করেন, তাঁহাদিগের দেহস্থিত পাতকরূপ বিহঙ্গগণ উড্ডীন হইয়া পলায়ন করিয়া থাকে। ১৩০।

অতঃপর বাদ্যবিষয়।—সংগীত শাস্ত্রে লিখিত আছে, যে ব্যক্তি বীণাবাদনে দক্ষ, শ্রুতিবিষয়ে ও জাতিবিষয়ে পারদর্শী এবং তালপ্রয়োগে নিপুণ, তিনিই মুক্তির উপায়স্বরূপ হরিকে অবহেলে বশীভূত করিতে পারেন। ১৩১। * বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, দ্বিজাতি অন্যকৃত বাদ্য দ্বারা হরির উপাসনা করিলে ইন্দ্রলোক লাভ করিতে পারেন এবং নিজে বাদ্য বাদন করত আরাধনা করিলে হরির অনুচর হইয়া থাকেন। যাবদীয় বাদ্যের মধ্যে তন্ত্রীবাদ্য দ্বারা বরপ্রদ হরির উপাসনা করিলে গণপতি-লোক লাভ হয়।

---

* শ্রুতি—বাদ্যের এক অঙ্গ; উহা ষট্‌ত্রিংশৎপ্রকার। জাতি—সপ্তস্বর কিংবা মেঘনাদ ও বসন্তাদি রাগের আলাপ বিশেষ।

অথ নীরাজনং।

ততশ্চ মূলমন্ত্রেণ দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং। মহানীরাজনং কুর্য্যান্মহাবাদ্যজয়স্বনৈঃ।
প্রজ্বালয়েত্তদর্থঞ্চ কর্পূরেণ ঘৃতেন বা। আরাত্রিকং শুভে পাত্রে বিষমানেকবর্ত্তিকং ॥ ১৩৩ ॥

অথ নীরাজনমাহাত্ম্যং।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

বহুবর্ত্তিসমাযুক্তং জ্বলন্তং কেশবোপরি। কুর্য্যাদারাত্রিকং যস্তু কল্পকোটিং বসেদ্দিবি।
কর্পূরেণ তু যঃ কুর্য্যাৎ ভক্ত্যা কেশবমূর্দ্ধনি। আরাত্রিকং মুনিশ্রেষ্ঠ প্রবিশেদ্বিষ্ণুমব্যয়ং ॥১৩৪॥

তত্রৈবান্যত্র।—

দীপ্তিমন্তং সকর্পূরং করোত্যারাত্রিকং নৃপ। কৃষ্ণস্য বসতে লোকে সপ্ত কল্পানি মানবঃ ॥১৩৫॥

তত্রৈব শ্রীশিবোমাসংবাদে। -

মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎ কৃতং পূজনং হরেঃ। সর্ব্বং সম্পূর্ণতামেতি কৃতে নীরাজনে শিবে ॥১৩৬॥

তদর্থং মহানীরাজননিমিত্তং। আরাত্রিকং দীপং। শুভে উত্তমে স্বুবর্ণাদিনির্ম্মিতে বিস্তীর্ণে পাত্রে। বিষমা অযুগ্মা অনেকাশ্চ বদ্ধা বর্ত্তিকা বর্ত্ত্যো যস্মিন্ তং ॥ ১৩৩ ॥

কেশবোপরীতি কেশবমূর্দ্ধনীতি চ প্রায়ঃ শ্রীমস্তকনির্ম্মঞ্ছনং বোধয়তি। প্রবিশেদিতি অত্যন্ত-সন্নিকৃষ্টো ভূত্বা তিষ্ঠেদিত্যর্থঃ। ন ব্যয়ো ভক্তানাং যস্মাদিতি মোক্ষো নিরস্ত এব ॥ ১৩৪ ॥ সপ্ত কল্পানীতি অসংখ্যত্বে তাৎপর্য্যং। অথবা শ্বেতদ্বীপাদৌ বৈকুণ্ঠলোকে তাবৎকালং স্থিত্বা পশ্চাৎ পরমোৎসাহেন তাদৃশভক্তিপ্রচারণায় স্বেচ্ছয়া অবতরণাভিপ্রায়েণোক্তং ॥ ১৩৫ ॥ শিবে হে

অনন্তর সামর্থ্যসত্ত্বে পুনঃ পূজা।—সক্ষম হইলে মূলমন্ত্র দ্বারা গন্ধাদি পঞ্চোপচারে পুনরায় সপরিবার হরির অর্চ্চনা করিয়া অর্ঘ্য প্রদান করিবে। ১৩২। *

অতঃপর নীরাজন।—তৎপরে মূলমন্ত্র পাঠ করত বারত্রয় পুষ্পাঞ্জলি দিয়া মহাবাদ্য ও জয়ধ্বনি-সহকারে মহানীরাজন করিতে হইবে এবং ঐ নীরাজনার্থ কাঞ্চনাদিময় উৎকৃষ্ট পাত্রে কর্পূর বা ঘৃত দ্বারা অযুগ্ম ও বহুবর্ত্তিসমন্বিত দীপ প্রজ্বালিত করিবে। ১৩৩।

অনন্তর নীরাজনমাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, যিনি বহু-বর্ত্তিযুক্ত জ্বলন্ত দীপ দ্বারা হরির শিরোদেশে আরাত্রিক করেন, কোটিকল্প কাল যাবৎ সুরপুরে তাঁহার বাস হয়। হে তাপসপ্রবর! যে ব্যক্তি কর্পূর দ্বারা ভক্তিপূর্ব্বক হরির শিরোদেশে নীরা-জন করেন, তিনি হরির অক্ষয় সান্নিধ্য প্রাপ্ত হইয়া থাকেন। ১৩৪। ঐ পুরাণের অন্যত্রও লিখিত আছে, যে ব্যক্তি প্রজ্বলিত কর্পূর সমন্বিত দীপ দ্বারা নীরাজন করেন, সপ্তকল্প যাবৎ কৃষ্ণপুরে তাঁহার বাস হয়। ঐ স্থানেই শিবোমাসংবাদে লিখিত আছে যে, হে দেবি! দেব-দেবের নীরাজন করিলে, কি মন্ত্রবর্জ্জিত, কি ক্রিয়াবর্জ্জিত, যে কোন পূজা করা হইয়াছে,

---

* প্রয়োগ যথা—"সপরিবারায় কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র পাঠ করত মূলমন্ত্রে পঞ্চোপচারে পুনরায় অর্চ্চনা করিয়া, "সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহা" বলিয়া অর্ঘ্য দিবে।

হরিভক্তিসুধোদয়ে।—কৃত্বা নীরাজনং বিষ্ণোর্দীপাবল্যা সুদৃশ্যয়া।
তমোবিকারং জয়তি জিতে তস্মিংশ্চ কো ভবঃ॥ ১৩৭॥

অন্যত্র চ।— কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ।
দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখম্॥ ইতি॥ ১৩৮॥

যচ্চ দীপস্য মাহাত্ম্যং পূর্ব্বং লিখিতমস্তি তৎ। দ্রষ্টব্যং সর্ব্বমত্রাপি প্রায়েণাভেদতোঽনয়োঃ॥১৩৯॥

অতঃ সাদরমুত্থায় মহানীরাজনন্ত্বিদং। দ্রষ্টব্যং দীপবৎ সর্ব্বৈর্বন্দ্যমারাত্রিকঞ্চ যৎ॥ ১৪০॥

তদুক্তং শ্রীপুলস্ত্যেন বিষ্ণুধর্ম্মে।—

ধূপং চারাত্রিকং পশ্যেৎ করাভ্যাঞ্চ প্রবন্দতে। কুলকোটিং সমুদ্ধৃত্য যাতি বিষ্ণোঃ পরং পদং॥

মূলাগমে চ।—

নীরাজনঞ্চ যঃ পশ্যেদ্দেবদেবস্য চক্রিণঃ। সপ্ত জন্মানি বিপ্রঃ স্যাদন্তে চ পরমং পদং॥

অথ শঙ্খাদিবাদনমাহাত্ম্যং।

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসংবাদে।—

কেশবায়তনে রাজন্ কুর্ব্বন্ শঙ্খরবং নরঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো ব্রহ্মণা সহ মোদতে॥

করশব্দং প্রকুর্ব্বন্তি কেশবায়তনেষু যে। তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা বিমানেশা যুগদ্বয়ং॥১৪১॥

পার্ব্বতি॥ ১৩৬। তমস্তমোগুণঃ অজ্ঞানং বা সত্ত্বাবরকত্বাৎ, তস্য বিকারং কামক্রোধাদিকং দ্বিতীয়পক্ষে দেহাভিমানাদিকং। তস্মিন্ তমোবিকারে। ভবঃ সংসারঃ কঃ স্যাৎ অপি তু ন কশ্চিদপি, স্বতএব জিতো ভবতীত্যর্থঃ॥ ১৩৭॥ কোটয়ঃ কোটীঃ যা কোটয়স্তা ইতি বা। সারাত্রিকং দীপসহিতং দীপালোকেনাধিকং শোভমানমিত্যর্থঃ॥১৩৮॥ অত্র নীরাজনেঽপি তৎ সর্ব্বং মাহাত্ম্যং দ্রষ্টব্যং মন্তব্যং জ্ঞেয়ং। তত্র হেতুঃ অনয়োঃ ধূপানন্তরস্য দীপস্য এতন্নীরাজনদীপস্য চেতি দ্বয়োরভেদাৎ। প্রায়েণেতি স্বমতে বর্ত্ত্যাদিভেদাৎ॥ ১৩৯॥ অতোঽস্মান্মাহাত্ম্যবিশেষাৎ॥ ১৪০॥

তাহাই ফলবতী হয়। ১৩৬। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে, মনোহরদৃশ্য দীপরাজি দ্বারা হরির নীরাজন করিলে তমোবিকার (কামক্রোধাদি) কিংবা অজ্ঞানবিকার (অভিমানাদি) বিদূরিত হয় এবং উহা দূরীভূত হইলে আর ভবধামে দেহ ধারণ করিতে হয় না। ১৩৭। অন্যত্রও লিখিত আছে, নীরাজনসময়ে দীপালোকে সমধিক বিরাজিত হরির বদন দর্শনমাত্র কোটি কোটি ব্রহ্মবধপাপ ও কোটি কোটি অগম্যা-গমন-পাতক ভস্মীভূত হইয়া থাকে। ১৩৮। ধূপানন্তর সমর্পিত দীপ ও নীরাজনদীপ এই দুইটীর অভেদ নিবন্ধন পূর্ব্বে দীপের যে সমস্ত মাহাত্ম্য বর্ণিত হইয়াছে, এখানেও প্রায় তৎসমস্ত অবগত হইবে। ১৩৯। অতএব সকলে সাদরে সমুত্থিত হইয়া এই মহানীরাজনদীপকেও নীরাজনদীপবৎ দর্শন ও নমস্কার করিবে।১৪০। বিষ্ণুধর্ম্মোত্তরে পুলস্ত্য কর্ত্তৃক এই বিষয়ে কথিত হইয়াছে যে, ধূপ এবং নীরাজনদীপ দর্শন ও হস্ত দ্বারা প্রণতি করিলে কোটিসংখ্য কুল পরিত্রাণ প্রাপ্ত হয় এবং হরির পরমপদপ্রাপ্তি হইয়া থাকে। মূলাগমেও লিখিত আছে যে, যে ব্যক্তি দেবদেব চক্রধরের নীরাজন

তালাদিকাংস্যনিনদং কুর্ব্বন্ বিষ্ণুগৃহে নরঃ। যৎ ফলং লভতে রাজন্ শৃণুষ গদতো মম॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিমানশতসঙ্কুলঃ। গীয়মানশ্চ গন্ধর্ব্বৈর্বিষ্ণুনা সহ মোদতে॥
ভেরীমৃদঙ্গপটহনিশানাদ্যৈশ্চ ডিণ্ডিমৈঃ। সন্তর্প্য দেবদেবশং যৎ ফলং লভতে শৃণু॥
দেবস্ত্রীশতসংযুক্তঃ সর্ব্বকামসমন্বিতঃ। স্বর্গলোকমনুপ্রাপ্য মোদতে পঞ্চকল্পকম্॥ ১৪২ ॥

অথ সজলশঙ্খনীরাজনং।

ততশ্চ সজলং শঙ্খং ভগবন্মস্তকোপরি। ত্রির্ভ্রাময়িত্বা কুর্ব্বীত পুনর্নীরাজনং প্রভোঃ॥১৪৩॥

তন্মাহাত্ম্যঞ্চ।

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব।—শঙ্খে কৃত্বা তু পানীয়ং ভ্রামিতং কেশবোপরি।
সন্নিধৌ বসতে বিষ্ণোঃ কল্পান্তং ক্ষীরসাগরে॥ ১৪৪ ॥

নীরাজনদ্বয়ং চৈতত্তাম্বূলস্যার্পণাৎ পরং। কেচিদিচ্ছন্তি কেচিচ্চ দর্পণার্পণতঃ পরং॥

বিমানানামীশাঃ স্বামিনো ভবন্তি ॥১৪১॥ নিশানো বাদিত্রবিশেষঃ ॥ ১৪২ ॥
জলপূর্ণশঙ্খেন পুনর্নীরাজনং লিখতি ততশ্চেতি ॥ ১৪৩ ॥
যেন ভ্রামিতং স বসতে বসতি॥ ১৪৪ ॥ আরাত্রিকং নীরাজনপাত্রং নিঃস্নেহং ঘৃতাদি-

---

অবলোকন করেন, সপ্তজন্ম যাবৎ তিনি দ্বিজকুলে উৎপন্ন হইয়া অন্তিমে পরম পদ প্রাপ্ত হয়েন।

অনন্তর শঙ্খাদি-বাদন-মাহাত্ম্য।—বৃহন্নারদীয় পুরাণে যম-ভগীরথ-সংবাদে লিখিত আছে যে, হে নরপতে! যে ব্যক্তি হরিমন্দিরে শঙ্খবাদন করেন, তিনি নিখিল পাতক হইতে বিমুক্ত হইয়া ব্রহ্মধামে গমন করিয়া থাকেন। যে সকল ব্যক্তি কেশব-মন্দিরে করতালির ধ্বনি করেন, তিনি পাতকপুঞ্জ হইতে সমুত্তীর্ণ হইয়া দ্বিযুগযাবৎ বিমানের অধীশ্বরত্ব প্রাপ্ত হন।১৪১। হে নৃপতে! হরিমন্দিরে তালাদি কাংস্য-শব্দ করিলে মানব যে ফল প্রাপ্ত হন, আমি তাহা বর্ণন করিতেছি, অবধান করুন্। সেই বাদক ব্যক্তি পাতকরাশি হইতে সমুত্তীর্ণ হইয়া শত শত বিমানে আরোহণ পূর্ব্বক বিষ্ণু সহ সুখানুভব করেন এবং গন্ধর্ব্বেরা তাঁহার কীর্ত্তি গান করিয়া থাকে। ভেরী, মৃদঙ্গ, পটহ, নিশান, ডিণ্ডিম ইত্যাদি বাদ্যযন্ত্র দ্বারা দেবদেব হরিকে প্রীত করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, তাহা অবধান করুন্। সেই বাদক ব্যক্তি শত শত দেবনারীগণ কর্ত্তৃক পরিবেষ্টিত ও সর্ব্বকামযুক্ত হইয়া সুরধামে প্রস্থান করেন এবং পঞ্চ কল্প-প্রমিত কাল সেই স্থানে বিহার করিয়া থাকেন। ১৪২।

অতঃপর সজল শঙ্খদ্বারা নীরাজন।—তৎপরে সলিল-পূরিত শঙ্খ ভগবানের শিরোদেশে বারত্রয় ভ্রামিত করিয়া পুনরায় প্রভুর নীরাজন সম্পাদন করিবে। ১৪৩। দ্বারকামাহাত্ম্যে উক্ত স্থানেই উহার মাহাত্ম্য উক্ত হইয়াছে। যিনি জলপূরিত শঙ্খ হরির শিরোদেশে ভ্রামিত করেন, কল্পান্তকাল যাবৎ তিনি ক্ষীরসমুদ্রে হরিসমীপে অবস্থিতি করিয়া থাকেন। ১৪৪। কোন কোন ব্যক্তি তাম্বূল প্রদানান্তে, কোন কোন ব্যক্তি বা দর্পণ দানান্তে এই দ্বিবিধ নীরা-জন ইচ্ছা করিয়া থাকেন। এই বিষয়ে পঞ্চরাত্রে কথিত আছে যে, পুনরাচমন, কর-মার্জন

তথাচ পঞ্চরাত্রে।—

পুনরাচমনং দদ্যাৎ করোদ্বর্ত্তনমেব চ। সকর্পূরঞ্চ তাম্বূলং কুর্য্যান্নীরাজনং তথা॥

সমর্প্য মুকুটাদীনি ভূষণানি বিচক্ষণঃ। আদর্শয়েত্তথাদর্শং প্রকল্প্য চ্ছত্রচামরে॥

গারুড়ে চ।—

অথ ভুক্তবতে দত্বা জলৈঃ কর্পূরবাসিতৈঃ। আচমনঞ্চ তাম্বূলং চন্দনৈঃ করমার্জ্জনং॥

পুষ্পাঞ্জলিং ততঃ কৃত্বা ভক্ত্যাদর্শং প্রদর্শয়েৎ। নীরাজনং পুনঃ কার্য্যং কর্পূরং বিভবে সতি॥

অতএব বায়ুপুরাণে।—

আরাত্রিকন্তু নিঃস্নেহং নিঃস্নেহয়তি দেবতাং। অতঃ সংশময়িত্বৈব পুনঃ পূজনমাচরেৎ॥

অতএব দ্বারকামাহাত্ম্যে তত্রৈব।—কৃত্বা পূজাদিকং সর্ব্বং জলন্তং কৃষ্ণমূর্দ্ধনি।

আরাত্রিকং প্রকুর্ব্বাণো মোদতে কৃষ্ণসন্নিধৌ॥ ১৪৫॥

কেচিন্নীরাজনাৎ পশ্চাদিচ্ছন্তি প্রণতিং ততঃ।

প্রদক্ষিণং ততঃ স্তোত্রং গীতনৃত্যাদিকং ততঃ॥ ১৪৬॥

এবং ভাগবতাঃ স্বস্বসম্প্রদায়ানুসারতঃ। প্রবর্ত্তন্তে প্রভোর্ভক্ত্যা সর্ব্বং হি শোভনং॥

ততো নিক্ষিপ্য দেবস্যোপরি পুষ্পাঞ্জলিত্রয়ং।

বিচিত্রৈর্ম্মধুরৈঃ স্তোত্রৈঃ স্তুতিং কুর্ব্বীত ভক্তিমান্॥ ১৪৭॥

রহিতং। নিঃস্নেহাং দয়ারহিতাং। সংশময়িত্বা সংশমষ্য নির্ব্বাপ্যেত্যর্থঃ। যশ্চ পূর্ব্বং দীপনির্ব্বাপণদোষ উক্তঃ স দীপবিষয়ক এব, ন তু নীরাজনবিষয়কো জ্ঞেয়ঃ॥ ১৪.॥ প্রণতিং বন্দনং। ততঃ প্রণতেঃ পশ্চাৎ প্রদক্ষিণমিচ্ছন্তি। এবমগ্রেঽপি॥ ১৪৬॥ নন্থ পরস্পরং সংবাদাভাবেনানির্দ্ধারদোষঃ স্যাত্তত্র লিখতি ভক্ত্যেতি॥ ১৪৭॥

কর্পূরযুক্ত তাম্বূল অর্পণ পূর্ব্বক নীরাজন সম্পাদন করিবে। সুধী ব্যক্তি মুকুটাদি অলঙ্কার, ছত্র ও চামর প্রদান পূর্ব্বক দর্পণ প্রদর্শন করিবেন। গরুড়পুরাণে লিখিত আছে যে, ভোজনশেষে অগ্রে আচমনার্থ কর্পূরযুক্ত সলিল, তদনন্তর তাম্বূল, তৎপরে হস্ত-মার্জ্জনার্থ চন্দন প্রদান পূর্ব্বক কুসুমাঞ্জলি প্রদান করিবে। পরে ভক্তিসহকারে দর্পণ প্রদর্শন করিবে। সক্ষম হইলে তৎপরে কর্পূর দ্বারা পুনরায় নীরাজন করিতে হয়। অতএব বায়ুপুরাণে উক্ত আছে যে, নীরাজনপাত্র স্নেহরহিত হইলে দেবতাকে স্নেহহীন করিয়া দেয়, এইজন্ত উহা নির্ব্বাপিত না করিয়া পুনরায় অর্চ্চনা আরম্ভ করিবে। * এই হেতু দ্বারকামাহাত্ম্যে ঐ বিষয় উক্ত আছে যে, যিনি অর্চ্চনা-লিখিত কার্য্য সাধন পূর্ব্বক প্রজ্বলিত দীপপংক্তি দ্বারা শ্রীহরির শিরোদেশে নীরাজন করেন, তিনি শ্রীহরি-সন্নিধানে সুখ উপভোগ করিয়া থাকেন। ১৪৫। কোন কোন ব্যক্তি নীরাজনান্তে প্রণতি, তৎপরে প্রদক্ষিণ, তদনন্তর স্তুতি এবং পরিশেষে নৃত্যাদি অভিলাষ করিয়া থাকেন। ১৪৬। বৈষ্ণবেরা এইরূপে নিজ নিজ

---

* ইতিপূর্ব্বে দীপনির্ব্বাণের যে সকল দোষ বর্ণিত হইয়াছে, তাহা নীরাজনবিষয়ক নহে, উহা দীপ সম্বন্ধেই বুঝিতে হইবে।

মহাভারতে।—

আরিরাধয়িষুঃ কৃষ্ণং বাচং জিগদিষামি যাং। তয়া ব্যাসসমাসিন্যা প্রীয়তাং মধুসূদনঃ॥ ১৪৮॥

আরম্ভে চ স্তবেরেতং শ্লোকং স্তুতিপরঃ পঠেৎ। সত্যাং তস্যাং সমাপ্তৌ চ শ্লোকং সঙ্কীর্ত্তয়েদিমং॥

ইতি বিদ্যাতপোযোনিরযোনির্বিষ্ণুরীরিতঃ।
বাগ্‌যজ্ঞেনার্চ্চিতো দেবঃ প্রীয়তাং মে জনার্দ্দনঃ॥ ১৪৯॥

অথ স্তোত্রাণি।

পূর্ব্বতাপনীয়শ্রুতিষু।—

ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে। বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ॥
নমো বিজ্ঞানরূপায় পরমানন্দরূপিণে। কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমো নমঃ॥
নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে। নমঃ কমলনাভায় কমলাপতয়ে নমঃ॥
বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে। রমামানসহংসায় গোবিন্দায় নমো নমঃ॥
কংসবংশবিনাশায় কেশিচানূরঘাতিনে। বৃষভধ্বজবন্দ্যায় পার্থসারথয়ে নমঃ॥
বেণুবাদনশীলায় গোপালায়াহিমর্দ্দিনে। কালিন্দীকূললোলায় লোলকুণ্ডলবল্‌গবে॥
বল্লবীনয়নাম্ভোজমালিনে নৃত্যশালিনে। নমঃ প্রণতপালায় শ্রীকৃষ্ণায় নমো নমঃ॥
নমঃ পাপপ্রণাশায় গোবর্দ্ধনধরায় চ। পূতনাজীবিতান্তায় তৃণাবর্ত্তাসুহারিণে॥ ১৫০॥

কৃষ্ণমারিরাধয়িষুরারাধয়িতুমিচ্ছন্ জিগদিষামি গদিতুমিচ্ছামি। ব্যাসো বিস্তারঃ সমাসঃ সংক্ষেপস্তদ্‌যুক্তয়া তয়া বাচা॥ ১৪৮॥ এতম্ আরিরাধয়িষুরিত্যাদিকং। তস্যাঃ স্তবেঃ সমাপ্তৌ সত্যাং। ইমম্ ইতি বিদ্যেত্যাদিকং॥ ১৪৯॥

লোলাভ্যাং কুণ্ডলাভ্যাং বল্লবে সুন্দরায়। বল্লবীনাং নয়নান্যেবাম্ভোজানি তেষাং পঙ্‌ক্তী-

---

সম্প্রদায়ানুসারে ভক্তি পূর্ব্বক প্রভুর অর্চ্চনাদি করিবেন; কেন না, ভক্তি সহকারে যে কোন কর্ম্ম কৃত হয়, তৎসমস্তই সফল হইয়া থাকে। তৎপরে ভক্তিমান্ হইয়া শ্রীহরির, শিরোদেশে বারত্রয় অঞ্জলি প্রদান পূর্ব্বক বিচিত্র ও মধুর স্তুতি দ্বারা স্তব করিবেন। ১৪৭।

অনন্তর স্তুতি-বিধান।—মহাভারতে লিখিত আছে যে, শ্রীহরিকে উপাসনা করিতে বাসনা করিয়া যে সমস্ত বচন বলিতে ইচ্ছা করিতেছি, সংক্ষিপ্ত ও বিস্তৃত সেই সমস্ত বচন দ্বারা মধুরিপু প্রসন্ন হউন্। ২৪৮। স্তবকারী ব্যক্তি স্তবারম্ভে পূর্ব্বকথিত "আরিরাধয়িষুঃ" প্রভৃতি শ্লোক ও স্তুতি পরিসমাপ্ত হইলে পশ্চাৎ-কথিত "ইতি বিদ্যা" শ্লোক উচ্চারণ করিবেন। বিদ্যা ও তপস্যার যোনিস্বরূপ (হেতু), অযোনিজ, বাক্য ও যজ্ঞ দ্বারা পূজিত হরি মৎপ্রতি প্রসন্ন হউন্। ১৪৯।

অনন্তর স্তুতি-সমূহ।—পূর্ব্বতাপনীয় শ্রুতিতে লিখিত আছে যে, জগতের সৃষ্টি-স্থিতি-লয়-কারণ, বিশ্বেশ্বর, বিশ্বরূপ গোবিন্দকে নমস্কার করি। যিনি জ্ঞান ও পরমানন্দস্বরূপ, সেই গোপীনাথ গোবিন্দ কৃষ্ণকে প্রণাম করি। পদ্মলোচন, পদ্মমাল্যধারী, পদ্মনাভ পদ্মানাথকে নম-

নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধিবৈরিণে। অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নমঃ॥
প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর। আধিব্যাধিভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো॥
শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজনমনোহর। সংসারসাগরে মগ্নং মামুদ্ধর জগদ্গুরো॥
কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দ্দন। গোবিন্দ পরমানন্দ মাং সমুদ্ধর মাধব॥ ১৫১॥

বিশেষতঃ কলিকালে স্তোত্রাণি।

একাদশস্কন্ধে।—ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং, তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং, বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং॥ ১৫২॥

র্লীলাস্তদ্বতে তাভিঃ সদা পরময়া শক্ত্যা দৃশ্যমানায়েত্যর্থঃ॥১৫০॥ নিষ্কলায় পরিপূর্ণায় নির্ম্মায়ায়েতি বা। অশুদ্ধিবৈরিণে পরমপাবনায়েত্যর্থঃ॥ ১৫১॥

বিশেষতঃ একাদশস্কন্ধোক্তশ্লোকদ্বয়েন কলিকালে স্তুয়াদিতি শিষ্টাচারাল্লিখতি ধ্যেয়মিতি। হে প্রণতপাল হে মহাপুরুষ তে তব চরণারবিন্দং বন্দে। কথম্ভূতং ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং। সদেতি সর্ব্বত্র সংবধ্যতে। ধ্যেয়ত্বে হেতবঃ ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারঃ তং হন্তীতি তথা তৎ। কিঞ্চ। অভীষ্টদোহং মনোরথপূরকং। কিঞ্চ। তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরমপাবনং। কিঞ্চ। শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতং। ননু তৌ কৃতার্থাবেব কিমর্থং তাভ্যাং নুতং তত্রাহ।—শরণ্যম্ আশ্রয়ণাযোগ্যং সুখবিশেষার্থমিতি ভাবঃ। যদ্বা পরমেশ্বরত্বেনাবশ্যসেব্যত্বাৎ তন্মাহাত্ম্যবিশেষে-ণাকর্ষণদ্বা। ননু ব্রহ্মাদিস্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যাৎ। ন। ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তিহন্তারং। ন কেবলমাগন্তুকমার্ত্তিমাত্রং হন্তি ভবাব্ধিপোতং সংসারার্ণবতারকঞ্চ। যদ্বা। শিববিরিঞ্চিনুতমিতি পরমৈশ্বর্য্যমুক্তং শরণ্যমিতি চ শরণাগতবাৎসল্যমুক্তং ভক্তানাং সদা

স্কার। যাঁহার শিরোদেশ ময়ূরবর্হে বিরাজিত, যিনি অকুণ্ঠ বুদ্ধিমান্ এবং কমলার মানস-সরসীর হংসস্বরূপ, সেই গোবিন্দকে প্রণাম করি। কংসকুলবিনাশকারী, কেশি ও চাণূর নিসূদন, শিবের বন্দনীয় এবং ধনঞ্জয়ের সারথিকে নমস্কার। যিনি বেণুবাদনে নিরত, গোপালক, কালিয়-দমন, যমুনা-কূলে নিরত, চপলকুণ্ডল দ্বারা বিরাজিত, গোপীগণের লোচন-কমলের মালাধারী, নৃত্যপরায়ণ এবং প্রণত জনগণের প্রতিপালক, সেই কৃষ্ণকে প্রণাম। যিনি পাপনাশন, গোবর্দ্ধনধারী, পূতনা ও তৃণাবর্ত্তের জীবন-বিনাশক, তাঁহাকে নমস্কার। ১৫০। যিনি পরিপূর্ণ, নির্ম্মোহ, শুদ্ধ, পরম পবিত্র, অদ্বয় সকলের বন্দনীয়, সেই শ্রীকৃষ্ণকে নমস্কার করি। হে পরমানন্দস্বরূপ পরমেশ! আপনি প্রসন্ন হউন্; হে প্রভো! মনঃপীড়া ও ব্যাধিরূপ সর্প আমাকে দংশন করিয়াছে, আপনি আমাকে তাহা হইতে পরিত্রাণ করুন্। হে রুক্মিণীনাথ! হে গোপীজন-চিত্ত-হারিন্! হে জগদ্গুরো! হে কৃষ্ণ! আমি ভব-সাগরে নিমগ্ন হইয়াছি, আমাকে পরিত্রাণ করুন্। হে কেশব! হে দুঃখনাশন! হে নারায়ণ! হে জনার্দ্দন! হে গোবিন্দ! হে পরমানন্দ! হে মাধব! আমাকে পরিত্রাণ করুন্। ১৫১।

বিশেষতঃ কলিযুগে স্তুতি।—ভাগবতের একাদশ স্কন্ধে লিখিত আছে, হে প্রণত-জনরক্ষক! হে মহাপুরুষ! ভবদীয় যে পাদপদ্ম ধ্যানযোগ্য, ইন্দ্রিয়জন্য ও কুটুম্বাদিজন্য পরাভব-নাশক,

ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং, ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ১৫৩ ॥

সন্দ্বিত্বমাহ। ভৃত্যানামার্ত্তিং বিরহদুঃখং সাক্ষাৎকারাদিনা হন্তীতি। কিঞ্চ। প্রণতান্ স্বস্বভক্তান্ বরদানাদিনা পালয়ন্তীতি প্রণতপালা ইন্দ্রাদয়ো দেবাস্তেষামপি ভবাব্ধিপোতং। অথবা পরিভবঘ্ন-মভীষ্টদোহমিতি বিশেষণাভ্যাং কামিনাং সর্ব্বদুঃখনাশকত্বং কামপরিপূরকত্বং চোক্তং। তীর্থা-স্পদমিতি মুমুক্ষূণাং মুক্তিপ্রদত্বং। শিববিরিঞ্চিনুতমিতি মুক্তানামপি স্তুত্যত্বেন সুখবিশেষাত্মকত্ব পরমাকর্ষকত্বঞ্চ। শরণ্যং পরমাশ্রয়মিতি দাসানাং সর্ব্বপুরুষার্থময়ত্বং। কিংবা শরণং বৈকুণ্ঠধাম ভগবানেব বা তৎপ্রদমিত্যর্থঃ। ইতি পরমপদপ্রদত্বং। ভৃত্যানাং রুক্মিণীপ্রভৃতীনাং ভার্য্যাণাং বিরহার্ত্তিঘ্নমিতি পরমপ্রেমবিষয়ত্বং। প্রণতান্ বৈষ্ণবান্ পালয়ন্তি অন্নাদিদানেন পুষ্ণন্তি দুষ্টজনাদিভ্যো বা রক্ষন্তীতি প্রণতপালাঃ। যদ্বা। প্রণতা বৈষ্ণবা এব পালাঃ পালকা যেষাং জনানাং তেষাং বৈষ্ণবসেবকানাং ভবাব্ধিপোতং ভক্তিপ্রদানেনানায়াসতো বৈকুণ্ঠলোক-প্রাপণাৎ সংসারদুঃখপরম্পরাহারকমিতি নিজদাসানুদাসানামপি সর্ব্বদুঃখক্ষপণাদিকং ॥ ১৫২ ॥ ইদানীং স্বয়মাপ্তকামত্বান্নৈরপেক্ষ্যং ভক্তার্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি ত্যক্ত্বেতি। হে ধর্ম্মিষ্ঠ সদাচারপ্রবর্ত্তক। হে মহাপুরুষ পুরুষোত্তম। অন্যৈর্দুস্ত্যজা যা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীরযোধ্যাসাম্রাজ্যবিভূতিস্তাং ত্যক্ত্বা যত্তে চরণারবিন্দম্ অরণ্যং দণ্ডকবনাদিকমগাৎ। কিং রাজ্যবৈকল্যদর্শনেন? ন হি আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা কেকয়ীং প্রতি তদীয়বচন-সত্যতাপ্রতিপালনায়েত্যর্থঃ। এবং ধর্ম্মিষ্ঠত্বমুক্ত্বা মহাপুরুষত্বং দর্শয়ন্ ভক্তজনবশ্যতামাহ। দয়িতয়া শ্রীসীতয়া ঈপ্সিতং মায়ামৃগং মায়য়া স্বর্ণময়াকারহরিণং যদন্বধাবত্তদ্বন্দে। যদ্বা কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণমিতি তত্রৈব প্রাগুক্তেঃ কলৌ শ্রীকৃষ্ণস্য পরমপূজ্যত্বাৎ তদীয়লীলাবর্ণনেন তমেব স্তৌতি। রাজ্যলক্ষ্মীং শ্রীমথুরাসম্পত্তিং। অবিবক্ষিতত্বাদসন্ধিঃ। ধর্ম্মিষ্ঠস্য পূর্ব্বজন্মনি একাগ্রতয়া কৃতভগবদারাধনলক্ষণধর্ম্মস্য আর্য্যস্য শ্রীবসুদেবস্য। যদ্বা। ধর্ম্মিষ্ঠয়োরার্য্যয়োঃ শ্রীবসুদেবদেবক্যোর্বচসা তত্র অয়ন্ত্বসত্য ইত্যাদিনা বসুদেবস্য, জন্ম তে ময্যসাবিত্যাদিনা দেবক্যাঃ। অরণ্যং বৃহদ্বনাদিকং। যদ্বা। ধর্ম্মিষ্ঠে ভক্তিলক্ষণধর্ম্মনিষ্ঠে শ্রীনন্দগোপরাজে যদরণ্যং ব্রজভূমিলক্ষণং তৎ। এবং সত্যপি মহাপুরুষত্বেনৈব সদাচারপ্রবর্ত্তকত্বং ভক্তজনাধী-নত্বঞ্চ জ্ঞেয়ং। পরমদুর্লভতামাহ। মায়য়া লক্ষ্ম্যা অপি মৃগ্যত ইতি মৃগং। যদ্বা। ভক্তজনাধী-নত্বমেবাহ। মায়য়া লক্ষ্ম্যা মৃগং ক্রীড়ামৃগবৎ পরাধীনমিত্যর্থঃ। অরণ্যগমনে নিগূঢ়হেত্বন্তরং। দয়িতয়া শ্রীরাধয়া ঈপ্সিতং পূর্ব্বস্মিন্নিহাপি জন্মনি বিবিধারাধনেন প্রাপ্তুমিষ্টং। অতএব

অভীষ্টসাধক, গঙ্গাদি তীর্থের আশ্রয়, শিববিরিঞ্চি কর্ত্তৃক সংস্তুত, আশ্রয়যোগ্য, ভক্তবর্গের দুঃখ-হারক এবং ভবসমুদ্রের পরিত্রাণকারক, আমি সেই চরণারবিন্দ বন্দনা করি। ১৫২। হে ধার্ম্মিকপ্রবর মহাপুরুষ! অপরের পক্ষে ত্যাগ করা দুরূহ এবং সুরগণেরও অভীপ্সিত রাজ্য-লক্ষ্মী বিসর্জ্জন পূর্ব্বক আপনি পিতৃবচনে বনে প্রস্থান করিয়াছিলেন এবং স্বীয় প্রিয়তমা জানকীর প্রীতি উৎপাদনার্থ মায়ামৃগাভিমুখে প্রধাবিত হইয়াছিলেন, অতএব ভবদীয় পাদপদ্ম বন্দনা

বৈদিকানীদৃশান্যে ন কৃষ্ণে পৌরাণিকান্যপি। তান্ত্রিকাণি চ শস্তানি স্তোত্রাণ্যপি নবান্যপি॥

বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায়াং।—

অভ্রষ্টলক্ষণৈঃ কৃত্বা স্বয়ং বিরচিতাক্ষরৈঃ। স্তবং ব্রাহ্মণশার্দ্দূলাস্তস্মাৎ কামানবাপ্নুয়াৎ॥১৫৪॥

স্তুতিমাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মে।—

সর্ব্বদেবেষু যৎ পুণ্যং সর্ব্বদেবেষু যৎ ফলং। নরস্তৎ ফলমাপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনং॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

ন বিত্তদাননিচয়ৈর্ব্বহুভির্ম্মধুসূদনঃ। তথা তোষমবাপ্নোতি যথা স্তোত্রৈর্দ্বিজোত্তমাঃ॥

নারসিংহে।—

স্তোত্রৈর্জপৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ॥

হরিভক্তিসুধোদয়ে।—

স্তবন্নমেয়মাহাত্ম্যং ভক্তিগ্রথিতরম্যবাক্। ভবেদ্ব্রহ্মাদিদুর্ল্লভ্য-প্রভুকারুণ্যভাজনং॥ ১৫৫॥

যথা নরস্য স্তবতো বালকস্যেব তুষ্যতি। মুগ্ধবাক্যৈর্ন হি তথা বিবুধানাং জগৎপিতা॥১৫৬॥

অবলং প্রভুরীপ্সিতোন্নতিং কৃতযত্নং স্বযশঃস্তবে ঘৃণী। স্বয়মুদ্ধরতি স্তনার্থিনং পদলগ্নং জননীব বালকং

অন্বধাবচ্চারণ্যামেব। গোপালনাদিক্রীড়য়া সর্ব্বতো ধাবন্নিব পরিবভ্রামেত্যর্থঃ॥ ১৫৩॥ ঈদৃশানি এতাদৃশশ্রীগোকুললীলামৃতময়ানি বৈদিকানি কৃষ্ণস্তোত্রাণি শস্তানি ভবন্তি। যদ্বা। কৃষ্ণে শস্তানি তৎসুখকরাণীত্যর্থঃ। অভিনবানি আধুনিক-কবিনিবদ্ধানি॥ ১৫৪॥

ভক্ত্যা প্রেম্ণা গ্রথিতাঃ ক্রমেণ নিবদ্ধাঃ অতএব রম্যা বাগ্ যস্য সঃ। ব্রহ্মাদিদুর্ল্লভ্যং যৎ প্রভোর্ভগবতঃ কারুণ্যং তস্য ভাজনং বিষয়ঃ॥১৫৫॥ বিবুধানাং দেবানাং বিদুষামপি বা॥১৫৬॥

করি। ১৫৩। এইরূপ বেদকথিত, পুরাণলিখিত, তন্ত্রোক্ত এবং নবীন কবিকুল-প্রণীত স্তব শ্রীহরির সন্তোষ সাধনে প্রশস্ত। বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায় লিখিত আছে যে, হে বিপ্রসত্তমগণ! যাহার লক্ষণ ভ্রষ্ট হয় নাই, ঈদৃশ স্বয়ংপ্রণীত বর্ণাবলী দ্বারা প্রভুর স্তুতি করিলে তিনি, নিখিল কামনা পরিপূর্ণ করিয়া দেন। ১৫৪।

অনন্তর স্তবমাহাত্ম্য।—বিষ্ণুধর্ম্মে লিখিত আছে যে, নিখিল দেবতার উপাসনা করিলে যে পুণ্য সঞ্চার হয় এবং নিখিল বেদাধ্যয়ন দ্বারা যে ফল হইয়া থাকে, দেবপ্রবর জনার্দ্দনের স্তুতি করিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে বিপ্রসত্তম! হরি স্তুতি দ্বারা যে প্রকার প্রীত হইয়া থাকেন, ভূরি ভূরি অর্থ দিলেও তদ্রূপ পরিতুষ্ট হন না। নৃসিংহপুরাণে লিখিত আছে যে, যে ব্যক্তি স্তুতি ও জপ দ্বারা শ্রীহরির পুরোভাগে স্তব করেন, তিনি পাতক হইতে সমুত্তীর্ণ হইয়া হরিধাম লাভ করিয়া থাকেন। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে যে, যিনি ভক্তি সহকারে বিরচিত মনোহর স্তব দ্বারা ভগবানের অসীম মাহাত্ম্য বর্ণন করেন, বিরিঞ্চি প্রভৃতি সুরগণ প্রভুর যে অনুগ্রহ লাভে বঞ্চিত হন, তিনি সেই অনুগ্রহের পাত্র হয়েন। ১৫৫। বালকবৎ স্তুতিকারী মানবদিগের মুগ্ধ বচনে জগৎপিতা যে প্রকার সন্তুষ্ট হয়েন, জ্ঞানিকুলের

স্কান্দে অমৃতসারোদ্ধারে। —

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা। নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং॥

তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীব্রহ্মনারদসংবাদে।—

স্তোত্রাণাং পরমং স্তোত্রং বিষ্ণোর্নামসহস্রকং। হিত্বা স্তোত্রসহস্রাণি পঠনীয়ং মহামুনে। তেনৈকেন মুনিশ্রেষ্ঠ পঠিতেন সদা হরিঃ। প্রীতিমায়াতি দেবেশো যুগকোটিশতানি চ॥ ১৫৭॥

স্নানে যৎ স্তোত্রমাহাত্ম্যং লিখিতং লেখ্যমগ্রতঃ।
যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যং সর্ব্বং জ্ঞেয়মিহাপি তৎ॥১৫৮॥

তন্নিত্যতা।

বিষ্ণুধর্ম্মে।— নূনং তৎ কণ্ঠশালূকমথবা প্রতিজিহ্বিকা।
রোগো বান্যো ন সা জিহ্বা যা ন স্তৌতি হরেগুর্ণান্॥ ১৫৯॥

অথ বন্দনং।

প্রণমেদথ সাষ্টাঙ্গং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ। পঠেৎ প্রতিপ্রণামঞ্চ প্রসীদ ভগবন্নিতি॥

তদুক্তমেকাদশে শ্রীভগবতা।—

স্তবৈরুচ্চাবচৈঃস্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি। স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ॥ ১৬০॥

অবলম্ অশক্তং॥ ১৫৭॥ যদ্যপি স্নপনে সহস্রনামমাহাত্ম্যং লিখিতমস্তি তথাপি স্তোত্রেষু মধ্যে সহস্রনাম-স্তোত্রস্য পরমশ্রৈষ্ঠ্যাপেক্ষয়া পুনরত্রোল্লিখিতং॥ যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যমগ্রতো লেখ্যং তৎ সর্ব্বম্ ইহ স্তুতিমাহাত্ম্যেঽপি জ্ঞেয়ং সর্ব্বেষামেবৈষাং কীর্ত্তনরূপত্বাৎ॥১৫৮॥

কণ্ঠশালূকং গলরোগবিশেষঃ॥ ১৫৯॥

বচনেও তদ্রূপ প্রীতি লাভ করেন না। ১৫৬। মাতা যেমন স্তনপানেচ্ছু চরণলগ্ন শিশুকে উত্তোলন পূর্ব্বক স্বয়ং গ্রহণ করেন, সেইরূপ দয়াবান্ প্রভু সযত্নে স্তুতিকারী অক্ষম ব্যক্তিকে বাঞ্ছিত উন্নতি প্রদান পূর্ব্বক আশ্রয় প্রদান করিয়া থাকেন। স্কন্দপুরাণে অমৃতসরোদ্ধারে বর্ণিত আছে যে, যে সকল ব্যক্তির রসনা শ্রীহরির স্তুতিরূপ রত্নরাজিতে সুশোভিত হয়, তাঁহারা সিদ্ধ, ঋষি ও সুরগণের বন্দনীয় হইয়া থাকেন। উক্ত পুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, হে মহর্ষে! স্তুতি সকলের মধ্যে সহস্রস্তব পরিহার পূর্ব্বক বিষ্ণুর সহস্রনামরূপ উত্তম স্তুতি পাঠ করিবে। হে মুনিপ্রবর! সেই একমাত্র সহস্র-নাম স্তুতি নিরন্তর অধ্যয়ন করিলে দেবদেব হরি শত কোটি যুগ কাল সন্তুষ্ট থাকেন। ১৫৭। স্নানপ্রকরণে যে স্তুতিমাহাত্ম্য বর্ণিত হইয়াছে এবং পরে যে কীর্ত্তনমাহাত্ম্য বর্ণিত হইবে, তৎসমস্ত মাহাত্ম্য এই স্তুতিপ্রকরণেও পরিজ্ঞাত হইবে। ১৫৮।

অনন্তর স্তোত্রের নিত্যতা।—বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত আছে যে, যে রসনা হরিগুণ বর্ণন না করে, তাহা কণ্ঠশালূক (গলরোগ) বিশেষ, কিংবা প্রতিজিহ্বা (আলজিহ্বা) অথবা অন্য প্রকার পীড়া। ১৫৯।

অতঃপর বন্দন।—পরে সাষ্টাঙ্গ প্রণতি ও তন্মুদ্রা দেখাইবে এবং প্রতি প্রণতিতেই "হে

অথ প্রণামবিধিঃ।

তত্রৈব।—

শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাঞ্চ পরস্পরং। প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ ॥১৬১॥

কিঞ্চাগমে।—

দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা। মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ ॥১৬২॥
জানুভ্যাঞ্চৈব বাহুভ্যাং শিরসা বচসা ধিয়া। পঞ্চাঙ্গকঃ প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ ॥ ১৬৩ ॥
গরুড়ং দক্ষিণে কৃত্বা কুর্য্যাত্তৎপৃষ্ঠতো বুধঃ। অবশ্যঞ্চ প্রণামাংস্ত্রীন্ শক্তশ্চেদধিকানপি ॥১৬৪॥

প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্লৌকিকভাষানিবদ্ধৈরিতি বা ॥ ১৬০ ॥

বাহুভ্যাং দক্ষিণোত্তরাভ্যাং পরস্পরং মম দক্ষিণোত্তরপাদৌ গৃহীত্বা। যদ্বা। পরস্পরং নিবদ্ধাভ্যাং। কৃতাপরাধ ইব প্রপন্নং পাহীত্যাদি বিজ্ঞাপ্য প্রণমেদিত্যর্থঃ ॥ ১৬১ ॥ প্রণামেঽষ্টাঙ্গানি দর্শয়তি পদ্ভ্যামিতি। পাদাদিভিঃ প্রণামঃ ক্রমেণ তত্তদঙ্গৈর্ভূম্যবষ্টম্ভনেন তৎসংস্পর্শনাৎ। দৃশা প্রণামঃ চক্ষুরীষন্নিমীলনাৎ। মনসা শিরো মৎপাদয়োঃ কৃত্বা ইত্যাদি ধ্যানেন। বচসা চ ভগবন্ প্রসীদেত্যাদিরূপেণোহঃ ॥ ১৬২ ॥ ইমৌ অষ্টাঙ্গপঞ্চাঙ্গপ্রণামৌ ॥ ১৬৩ ॥ গরুড়ং ভগবদভিমুখে বর্ত্তমানং দক্ষিণে কৃত্বেতি ভগবতঃ পুরোভাগে পৃষ্ঠদেশে বামেঽত্যন্তনিকটে চ প্রণামনিষেধাৎ। তথা চাগ্রে লেখ্যম্ অগ্রে পৃষ্ঠে বামভাগ ইত্যাদি। ত্রীন্ প্রণামানবশ্যং কুর্য্যাৎ। যচ্চ নমস্কারেণ চৈকেনেত্যাদিকমগ্রে লেখ্যং তচ্চ মাহাত্ম্যপরতয়ৈব ন তু বিধেয়ত্বেন। যথা একপ্রদক্ষিণায়া নিষিদ্ধত্বেঽপি প্রদক্ষিণেন চৈকেনেত্যাদিকং মাহাত্ম্যপরমেব সঙ্গচ্ছতে অন্যথাতিবিরোধাৎ। শক্তশ্চেদ্ভবতি তর্হি ততোঽধিকান্ ষড়াদীন্ অষ্টচত্বারিংশদন্তান্,

---

ভগবন্! মৎপ্রতি প্রসন্ন হউন্” ইহা পাঠ করিতে হইবে। ভাগবতের একাদশস্কন্ধে লিখিত আছে যে, পৌরাণিক ও আধুনিক নানারূপ স্তুতি পাঠ পূর্ব্বক “হে ভগবন্! আপনি প্রীত হউন্” বলিয়া দণ্ডবৎ নিপতিত হইয়া বন্দনা করিতে হয়। ১৬০।

অনন্তর প্রণামবিধি।—ঐ একাদশ স্কন্ধেই লিখিত আছে যে, বাহুযুগল দ্বারা মদীয় পদদ্বয় ধারণ করত শিরোদেশ অবনত করিয়া “হে ঈশ! আমি মৃত্যুর আক্রমণরূপ সমুদ্র হইতে ত্রস্ত ও আপনার আশ্রিত, আমাকে পরিত্রাণ করুন্” এই বলিয়া প্রণাম করিবে। ১৬১। আগমেও লিখিত আছে যে, বাহুযুগল, চরণযুগল, জানুযুগল, বক্ষঃ, শিরোদেশ, দৃষ্টি, মন ও বচন এই অষ্টাঙ্গ দ্বারা প্রণতি অষ্টাঙ্গ শব্দে নির্দ্দিষ্ট হইয়াছে। ১৬২। * জানুযুগল, বাহুযুগল, শিরোদেশ, বচন ও বুদ্ধি এই পঞ্চাঙ্গ দ্বারা প্রণতিকে পঞ্চাঙ্গ শব্দে নিরূপণ করা হয়। অর্চ্চনাবিষয়ে এই পঞ্চাঙ্গ ও অষ্টাঙ্গ প্রণতিই প্রশস্ত।১৬৩। সুধী ব্যক্তি প্রণতিসময়ে ভগবানের পুরোভাগস্থ গরুড়কে দক্ষিণ দিকে রাখিয়া তৎপৃষ্ঠে (বামদিকে) প্রণতি করিবে অর্থাৎ দেবদেবের

---

* নেত্রের ঈষৎ নিমীলন দৃষ্টিগত প্রণতি। বাহু দ্বারা দেবদেবের পদ ধারণ করত অবনত শিরে প্রণত হইয়া আছি, এইরূপ ধ্যানের নাম মানসিক প্রণতি। এবং “হে ভগবন্! প্রীত হউন্” ইত্যাদি বাক্য উচ্চারণ পূর্ব্বক স্তুতিকেই বাক্যগত প্রণতি কহে।

তথা চ নারদপঞ্চরাত্রে।—

সন্ধিং বীক্ষ্য হরিং চাদ্যং গুরূন্ স্বগুরুমেব চ। দ্বিচতুর্ব্বিংশদথবা চতুর্বিংশত্তদর্দ্ধকং।
নমেত্তদর্দ্ধমথবা তদর্দ্ধং সর্ব্বথা নমেৎ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

দেবার্চ্চাদর্শনাদেব প্রণমেন্মধুসূদনং। স্থানাপেক্ষা ন কর্ত্তব্যা দৃষ্ট্বার্চ্চাং দ্বিজসত্তমাঃ।
দেবার্চ্চাদৃষ্টিপূতং হি শুচি সর্ব্বং প্রকীর্ত্তিতং॥ ১৬৫॥

অথ নমস্কারমাহাত্ম্যং।

নারসিংহে।—

নমস্কারঃ স্মৃতো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ। নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ॥১৬৬॥

স্কান্দে।—

দণ্ডপ্রণামং কুরুতে বিষ্ণবে ভক্তিভাবিতঃ। রেণুসংখ্যং বসেৎ স্বর্গে মন্বন্তরশতং নরঃ॥১৬৭॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

প্রণম্য দণ্ডবদ্ ভূমৌ নমস্কারেণ যোঽর্চ্চয়েৎ। স যাং গতিমবাপ্নোতি ন তাং ক্রতুশতৈরপি॥
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ॥

ততোপ্যঽধিকান্ অষ্টোত্তরশতাদীন্ কুর্য্যাৎ॥ ১৬৪॥ সন্ধিং ভোজনশয়নাদ্যবসরং। বীক্ষ্য আলোচ্য। তদ্ব্যতিরিক্তকালে ইত্যর্থঃ। লোকে সদাচারানুসারতঃ। আদ্যং হরিং শ্রীকৃষ্ণং। গুরবশ্চোক্তাঃ কৌর্ম্মে।—যো ভাবয়তি যা সূতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ। ইতি তান্। দ্বিচতুর্বিংশদিতি অষ্টচত্বারিংশদিত্যর্থঃ॥ ১৬৫॥
সর্ব্বেষু যজ্ঞেষু মধ্যে নমস্কারঃ উত্তমো যজ্ঞঃ দেবতারাধনং স্মৃতঃ স্মৃতিকৃদ্ভিঃ॥ ১৬৬॥ রেণুসংখ্যমিতি দণ্ডপ্রণামাচরণে যাবন্তো রেণবো গাত্রৈঃ সংস্পৃশ্যন্তে তাবৎসংখ্যং তেষাং প্রত্যেকং মন্বন্তরশতং বসেদিত্যর্থঃ। এবমসংখ্যত্বে তাৎপর্য্যং। স্বর্গে উর্দ্ধলোকে বসেদিতি

অতি সন্নিধানে প্রণতি করিতে নাই। প্রণাম বারত্রয় কর্ত্তব্য, কিন্তু সক্ষম হইলে তাহা অপেক্ষা অধিকবার করিলেও ক্ষতি নাই। ১৬৪। নারদপঞ্চরাত্রে এই বিষয় উক্ত হইয়াছে যে, শয়নাহারাদি ব্যতিরিক্ত সময়ে অগ্রে হরিকে, তৎপরে গুরুবর্গকে (পিতা, মাতা, বিদ্যাদাতা, জ্যেষ্ঠ সহোদর ও পতিকে) এবং স্বীয় গুরুদেবকে অষ্টচত্বারিংশদ্বার কিংবা ষট্ত্রিংশদ্বার অথবা অষ্টাদশধা কিংবা নবধা প্রণতি করিবে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে দ্বিজসত্তমগণ! দেবপ্রতিমা দর্শন করিলেই শ্রীহরিকে প্রণাম করিবে, স্থানের অপেক্ষা করিবে না। দেবমূর্ত্তি দর্শনান্তে যে কোন দ্রব্য দর্শন করা যায়, তৎসমস্তই পবিত্র বলিয়া বর্ণিত হইয়াছে। ১৬৫।

অনন্তর নমস্কার-মাহাত্ম্য।—নৃসিংহপুরাণে লিখিত আছে যে, নমস্কার যজ্ঞস্বরূপ এবং নিখিল যজ্ঞের মধ্যে প্রধান। একমাত্র নমস্কার দ্বারা মানব বিশুদ্ধ হইয়া হরিকে লাভ করে। ১৬৬। স্কন্দপুরাণে লিখিত আছে, যিনি ভক্তি সহকারে দণ্ডবৎ হরিকে প্রণাম

তত্রৈব শ্রীশিবোমাসংবাদে।—

ভূমিমাপীড্য জানুভ্যাং শির আরোপ্য বৈ ভুবি। প্রণমেদ্যো হি দেবেশং সোঽশ্বমেধফলং লভেৎ॥

তত্রৈবান্যত্র।—

তীর্থকোটিসহস্রাণি তীর্থকোটিশতানি চ। নারায়ণপ্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীং॥

শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বনে। শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি॥ ১৬৮॥

রেণুমণ্ডিতগাত্রস্য কণা দেহে ভবন্তি যৎ। তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে॥ ১৬৯॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

অভিবাদ্য জগন্নাথং কৃতার্থশ্চ তথা ভবেৎ। নমস্কারক্রিয়া তস্য সর্ব্বপাপপ্রণাশিনী॥

জানুভ্যাঞ্চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ। কৃত্বা প্রণামং দেবস্য সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥

বৈকুণ্ঠপ্রাপ্তৌ কস্যচিৎ ক্রমগত্যপেক্ষয়া॥ ১৬৭॥ নমস্কারমাত্রেণ যোঽর্চ্চয়েৎ প্রণামরূপমর্চ্চনং যঃ কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৬৮॥ কণা রেণুপরিমাণবঃ। যদিত্যব্যয়ং যাবন্ত ইত্যর্থঃ। কলা যে ইতি পাঠেঽপি স এবার্থঃ॥ ১৬৯॥ সহ তেন পুনর্নোত্তিষ্ঠতি কদাচিদপি পশ্চাত্তস্য পাতকং

করেন, প্রণতিসময়ে যতসংখ্য ধূলি তাঁহার দেহে সংলগ্ন হয়, তত শত মন্বন্তর তিনি সুরপুরে বাস করিয়া থাকেন। ১৬৭। ঐ পুরাণেই ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, ভূতলে দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক যিনি নমস্কাররূপ পূজা করেন, তাঁহার যেরূপ ফল হয়, শত যজ্ঞানুষ্ঠানেও সেরূপ ফল লাভ করিতে পারা যায় না। একমাত্র নমস্কার দ্বারাই মানব বিশুদ্ধ হইয়া শ্রীহরিকে লাভ করে। উক্ত পুরাণের শিবোমাসংবাদে লিখিত আছে, ভূতলে জানুযুগল নিপীড়ন পূর্ব্বক এবং মস্তক স্থাপন করত যিনি দেবদেব ভগবান্‌কে প্রণতি করেন, তাঁহার অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়। উক্ত পুরাণের অন্যত্র লিখিত আছে যে, নারায়ণকে নমস্কার করিলে যে পুণ্য হইয়া থাকে, সহস্র কোটি তীর্থে তাহার ষোড়শাংশেরও একাংশ হয় না। শঠতা সহকারে শার্ঙ্গধন্বা হরিকে প্রণাম করিলেও শত জন্মার্জ্জিত পাপপুঞ্জ আশু ধ্বংস হইয়া থাকে। ১৬৮। প্রণতি সময়ে ধূলিধূসরিত-কলেবরে যতসংখ্য ধূলিকণা সংলগ্ন হয়, তত সহস্র-বর্ষ হরিধামে সম্মানিত হইয়া বাস করিতে পারে। ১৬৯। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, যিনি জগৎপতিকে নমস্কার করেন, তিনি কৃতার্থ হয়েন এবং তদীয় নিখিল পাতক বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। বিচক্ষণ ব্যক্তি জানু-যুগল, করদ্বয় ও শিরোদেশ দ্বারা ভগবান্‌কে প্রণতি করিলে নিখিল কামনা লাভ করিতে পারেন। বিষ্ণুপুরাণে লিখিত আছে, অনাদি, অনন্ত, দৈত্যদানব-নিসূদন ভগবান্‌কে প্রত্যহ নমস্কার করিলে আর যম-দর্শন করিতে হয় না। হে বিপ্রগণ! যাঁহারা জগন্নাথ নারায়ণকে নিরন্তর নমস্কার করেন, তাঁহাদিগকে আর হরিধাম হইতে অন্য লোকে গমন করিতে হয় না। নারদপুরাণে লিখিত আছে যে, শ্রীকৃষ্ণকে একবারমাত্র প্রণতি করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, দশসংখ্য অশ্বমেধ যজ্ঞের অবভৃথস্নানেও সেরূপ ফল হয় না। দশাশ্ব-মেধকারীকে পুনর্ব্বার দেহ পরিগ্রহ করিতে হয়, কিন্তু কৃষ্ণপ্রণামকারী আর পুনর্জ্জন্ম গ্রহণ

বিষ্ণুপুরাণে।—

অনাদিনিধনং দেবং দৈত্যদানবদারণং। যে নমন্তি নরা নিত্যং ন হি পশ্যন্তি তে যমং॥

যে জনা জগতাং নাথং নিত্যং নারায়ণং দ্বিজাঃ। নমন্তি ন হি তে বিষ্ণোঃ স্থানাদন্যত্র গামিনঃ॥

নারদীয়ে।— একোঽপি কৃষ্ণস্য কৃতঃ প্রণামো, দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।

দশাশ্বমেধী পুনরেতি জন্ম, কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥

হরিভক্তিসুধোদয়ে।—বিষ্ণোর্দণ্ডপ্রণামার্থং ভক্তেন পততা ভুবি।

পাতিতং পাতকং কৃৎস্নং নোত্তিষ্ঠতি পুনঃ সহ॥ ১৭০॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

তপস্তপ্ত্বা নরো ঘোরমরণ্যে নিয়তেন্দ্রিয়ঃ। যৎ ফলং সমবাপ্নোতি তন্নত্বা গরুড়ধ্বজং॥

কৃত্বাপি বহুশঃ পাপং নরো মোহসমন্বিতঃ। ন যাতি নরকং নত্বা সর্ব্বপাপহরং হরিং॥

তত্রৈব বেদনিধিস্তুতৌ।—অপি পাপং দুরাচারং নরং তৎ প্রণতং হরেঃ।

নেক্ষন্তে কিঙ্করা যাম্যা উলূকাস্তপনং যথা॥ ১৭১॥

বিষ্ণুপুরাণে শ্রীযমস্য নিজভটানুশাসনে।—

হরিমমরগণার্চ্চিতাঙ্ঘ্রিপদ্মং প্রণমতি যঃ পরমার্থতো হি মর্ত্যঃ।

তমপগত-সমস্ত-পাপবন্ধং ব্রজ পরিহৃত্য যথাগ্নিমাজ্যসিক্তং॥ ১৭২॥

ব্রহ্মবৈবর্ত্তে।—শরণাগতরক্ষণোদ্যতং হরিমীশং প্রণমন্তি যে নরাঃ।

ন পতন্তি ভবাম্বুধৌ স্ফুটং পতিতানুদ্ধরতি স্ম তানসৌ॥ ১৭৩॥

ন স্যাদিত্যর্থঃ॥ ১৭০॥ নেক্ষন্তে ঈক্ষিতুমপি ন শক্নুবন্তীত্যর্থঃ॥ ১৭১॥ পরমার্থতঃ তত্ত্বতঃ অতএবাপগত-সমস্তপাপবন্ধং॥ ১৭২॥ পূর্ব্বং পশ্চাদ্বা কথঞ্চিদ্ভবাম্বুধৌ পতিতানপি

করেন না। হরিভক্তি-সুধোদয়ে লিখিত আছে যে, শ্রীহরিকে দণ্ডবৎ প্রণতিকালে ভক্ত জন যখন ভূতলে নিপতিত হন, তখন, তদীয় নিখিল পাতকও পাতিত হয়; উত্থানসময়ে তিনি আর পাতক সহ সমুত্থিত হন না অর্থাৎ আর তাঁহার পাতক বিদ্যমান থাকে না। ১৭০। পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডল-সংবাদে লিখিত আছে, মানব ইন্দ্রিয়-নিগ্রহ করত বনে সতত দুশ্চর তপস্যানুষ্ঠান করিয়া যে ফল লাভ করে, গরুড়ধ্বজ জনার্দ্দনকে প্রণতি করিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। যে ব্যক্তি অসংখ্য অসংখ্য পাপ করিয়া অজ্ঞানে মুগ্ধ থাকে, সর্ব্বপাপনাশন হরিকে নমস্কার করিলে আর তাহাকে নিরয়গামী হইতে হয় না। ঐ পুরাণেই বেদনিধিস্তুতিতে লিখিত আছে, পাতকী ও দুরাচার ব্যক্তি হরিকে প্রণাম করিলে, পেচকগণ যেমন ভাস্করাভিমুখে দৃষ্টিসঞ্চালনে সমর্থ হয় না, তদ্রূপ যমকিঙ্করেরাও সেই পাতকীর প্রতি নেত্রপাত করিতে সক্ষম হয় না। ১৭১। বিষ্ণুপুরাণে দূতগণের প্রতি যমের উপদেশসময়ে বর্ণিত আছে যে, সুরগণও যাঁহার পাদপদ্ম পূজা করেন, সেই শ্রীহরিকে যে ব্যক্তি ভক্তি সহকারে প্রণাম করে, তাহার নিখিল পাতক বিদূরিত হয়, সুতরাং হোমাগ্নিবৎ বিশুদ্ধ সেই মানবকে পরিহার পূর্ব্বক তোমরা অন্যত্র প্রস্থান করিও। ১৭২।

অষ্টমস্কন্ধে চ বলিবাক্যে।—অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।
যল্লোকপালৈস্ত্বদনুগ্রহোঽমরৈরলব্ধপূর্ব্বোঽপসদেঽসুরেঽর্পিতঃ॥ ১৭৪॥

অতএব নারায়ণব্যূহস্তবে।—
অহো ভাগ্যমহো ভাগ্যমহো ভাগ্যং নৃণামিদং। যেষাং হরিপদাব্জাগ্রে শিরো ন্যস্তং যথা তথা॥

কিঞ্চ নারসিংহে শ্রীযমোক্তৌ।—
তস্য বৈ নারসিংহস্য বিষ্ণোরমিততেজসঃ। প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ॥

ভবিষ্যোত্তরে চ জলধেনুপ্রসঙ্গে।—
বিষ্ণোর্দেবজগদ্ধাতুর্জনার্দ্দনজগৎপতেঃ। প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ॥ ১৭৬॥

সতঃ তান্ প্রণামকর্ত্তৄন্ অসৌ হরিরুদ্ধরতি স্ম উদ্ধবার। যদ্বা। স্ম হেতৌ পতিতান্ ভ্রষ্টানপি তান্ নরানসাবুদ্ধরতি যতঃ তৎ কিং বক্তব্যং তৎপ্রণামকারিণো ন পতন্তীত্যর্থঃ॥ ১৭৩॥ অহো ভগবন্ ত্বৎপ্রণামস্য মহিমা। যদর্থং কৃতঃ সমুদ্যম এব প্রপন্নানাং ত্বদেকনিষ্ঠভক্তানাং যোঽর্থস্তস্য বিধৌ অভক্তেঽপি ময়ি তস্য সম্পাদনে সমাহিতঃ অপ্রমত্তঃ স্থিতঃ, কুতঃ যৎ যেনোদ্যমেন লোকপালৈরমরৈঃ সত্ত্বপ্রধানৈরপ্যলব্ধপূর্ব্বস্ত্বদনুগ্রহঃ অপসদে নীচে রাক্ষসে ময্যর্পিতঃ। অয়ং ভাবঃ। পরমেশ্বরায় তুভ্যমহং বরাকস্ত্রিলোকীং দত্তবানিত্যেতদাস্তাং প্রণামোঽপি ন সম্যক্ কৃতঃ।কিন্তু তদর্থমুদ্যমমাত্রং কৃতং তেন চ কর্ম্ম তপো-দানাদি-কোটিভিরপ্যলভ্যস্ত্বদনুগ্রহঃ সম্পাদিতঃ অহো তৎপ্রণামপ্রভাবাশ্চর্য্যত্বমিতি॥ ১৭৪॥ যথা তথা যেন কেনাপি প্রকারেণেত্যর্থঃ॥ ১৭৫॥ তেষাং তেভ্যোঽপি নমো নমঃ ভক্ত্যা বীপ্সা॥ ১৭৬॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে যে, যাঁহারা শরণাগত-পালক ঈশ্বর হরিকে প্রণতি করেন, তাঁহাদিগকে ভবসাগরে নিপতিত হইতে হয় না, কিংবা যদি পরে নিপতিত হইবার আশঙ্কা থাকে, তবে হরি তাঁহাদিগকে পরিত্রাণ করেন। ১৭৩। ভাগবতের অষ্টমস্কন্ধে বলি-বাক্যে প্রকাশিত আছে, হে ভগবন্! শরণাগত ভক্তকুলের ন্যায় সতর্ক হইয়া আমি আপনাকে প্রণামার্থ কেবল মাত্র উদ্যোগ করিয়াছি, কিন্তু বস্তুতঃ আমি প্রণত হই নাই, তথাপি আপনি এই হীন দানবের প্রতি যে প্রকার অনুগ্রহ দেখাইয়াছেন, এরূপ অনুগ্রহ পূর্ব্বে লোকপাল সুরগণও প্রাপ্ত হন নাই। ১৭৪। অতএব নারায়ণব্যূহস্তবে উক্ত আছে যে, যে সমস্ত ব্যক্তির শিরোদেশ কোন প্রকারে হরিচরণ-কমলের অগ্রে সমর্পিত থাকে, অহো! তাহাদিগের কি সৌভাগ্য! ১৭৫। নৃসিংহপুরাণে শ্রীযমোক্তি আছে, যাঁহারা অসীমতেজাঃ নৃসিংহরূপী সেই হরিকে বন্দনা করেন, তাঁহাদিগকে পুনঃ পুনঃ নমস্কার। ভবিষ্যপুরাণে উত্তর ভাগে জলধেনুপ্রসঙ্গে লিখিত আছে যে, যাঁহারা জগদ্ধাতা জনার্দ্দন বিশ্বনাথ হরিকে প্রণাম করেন, সেই সকল ব্যক্তিকেও পুনঃ পুনঃ নমস্কার করি। ১৭৬।

অথ প্রণামনিত্যতা।

বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে।—

সকৃদ্বা ন নমেদ্যস্তু বিষ্ণবে শর্ম্মকারিণে। শবোপমং বিজানীয়াৎ কদাচিদপি নালপেৎ॥ ১৭৭॥

কিঞ্চ পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে।—

পশ্যন্তো ভগবদ্দ্বারং নামশস্ত্রপরিচ্ছদং। অকৃত্বা তৎপ্রণামাদি যান্তি তে নরকৌকসঃ॥ ১৭৮॥

অথ নমস্কারে নিষিদ্ধানি।

বিষ্ণুস্মৃতৌ।—

জন্মপ্রভৃতি যৎ কিঞ্চিৎ পুমান্ বৈ ধর্ম্মমাচরেৎ। সর্ব্বং তন্নিষ্ফলং যাতি একহস্তাভিবাদনাৎ॥

বারাহে। বস্ত্রপ্রাবৃতদেহস্তু যো নরঃ প্রণমেত মাং। শ্বিত্রী স জায়তে মূর্খঃ সপ্ত জন্মানি ভামিনি॥

কিঞ্চান্যত্র।—

অগ্রে পৃষ্ঠে তথা বামে সমীপে গর্ভমন্দিরে। জপহোমনমস্কারান্ন কুর্য্যাৎ কেশবালয়ে॥ ১৭৯॥

অপি চ।—

সকৃদ্ভূমৌ নিপতিতো ন শক্তঃ প্রণমেন্মুহুঃ। উত্থায়োত্থায় কর্ত্তব্যং দণ্ডবৎ প্রণিপাতনং॥ ১৮০॥

অপ্যর্থে বা-শব্দঃ। নালপেৎ তং ন সম্ভাষেত নাস্তিকত্বাপত্তেঃ॥ ১৭৭॥ নাম শ্রীকৃষ্ণাদি, শস্ত্রং সুদর্শনাদি, তাভ্যাং শোভিতমিত্যর্থঃ। ইতি ভগবদালয়লক্ষণমুক্তং। তস্য ভগবতঃ প্রণামং, আদিশব্দেন দর্শনাদি অকৃত্বা যে যান্তি॥ ১৭৮॥

অগ্রাদিকং ভগবত এব জ্ঞেয়ং। তত্র ন কুর্য্যাৎ। কেশবালয় ইতি আলয়ব্যতিরিক্ত-স্থানে তু কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৭৯॥ শক্তশ্চেত্তর্হি ভূমৌ সকৃন্নিপতিতঃ সন্ শিরশ্চালনাদিমাত্রেণ মুহুর্ন প্রণমেৎ। নতু তর্হি কথং প্রণমেত্তদাহ উত্থায়েতি॥ ১৮০॥

অনন্তর প্রণামের নিত্যতা।—বৃহন্নারদীয় পুরাণে লুব্ধকের উপাখ্যানারম্ভে লিখিত আছে, যে ব্যক্তি কল্যাণকর হরিকে একবারমাত্রও বন্দনা না করে, সে শব সদৃশ, তৎসহ কদাচ আলাপ করিবে না। ১৭৭। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে লিখিত আছে, যে সকল ব্যক্তি ভগবান্ জনার্দ্দনকে প্রণতি ও দর্শনাদি না করত, শ্রীকৃষ্ণ প্রভৃতি নাম ও সুদর্শন প্রভৃতি অস্ত্র দ্বারা বিরাজমান দেবনিকেতন কেবল নিরীক্ষণ করিয়াই প্রস্থান করে, নরকে তাহাদিগের বাস হয়।

অতঃপর নমস্কারে নিষিদ্ধ।—বিষ্ণুস্মৃতিতে লিখিত আছে, একহস্তে প্রভুকে অভিবাদন করিলে আজন্মসঞ্চিত যাবতীয় ধর্ম্মাচরণ বিফল হইয়া যায়। বরাহপুরাণে লিখিত আছে, হে ভাবিনি! কেহ সর্ব্বাঙ্গ বসনাবৃত করিয়া আমাকে বন্দনা করিলে তাহাকে সপ্তজন্ম যাবৎ শ্বেতকুষ্ঠী ও মূর্খ হইতে হয়। অন্যত্র আরও লিখিত আছে, হরিনিকেতনে, প্রভুর পুরোভাগে, পৃষ্ঠদেশে, বামপার্শ্বে, নিকটে এবং মন্দিরাভ্যন্তরে জপ, হোম ও বন্দনা করিতে নাই। ১৭৯। আরও লিখিত আছে, সক্ষম হইলে একবারমাত্র ভূতলে নিপতিত হইয়া পুনঃ পুনঃ প্রণতি করিবে না, প্রতিবার গাত্রোত্থান পূর্ব্বক দণ্ডবৎ প্রণাম করিবে। ১৮০।

অথ প্রদক্ষিণা।

ততঃ প্রদক্ষিণাং কুর্য্যাৎ ভক্ত্যা ভগবতো হরেঃ। নামানি কীর্ত্তয়ন্ শক্তৌ তাঞ্চ সাষ্টাঙ্গবন্দনাং॥

প্রদক্ষিণাসংখ্যা।

নারসিংহে।—

একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দদ্যাদ্বিনায়কে। চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে ত্বর্দ্ধপ্রদক্ষিণাং॥১৮১॥

অথ প্রদক্ষিণমাহাত্ম্যং।

বারাহে।—

প্রদক্ষিণাং যে কুর্ব্বন্তি ভক্তিযুক্তেন চেতসা। ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিং॥১৮২॥

যস্ত্রিঃ প্রদক্ষিণং কুর্য্যাৎ সাষ্টাঙ্গকপ্রণামকং। দশাশ্বমেধস্য ফলং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।

বিষ্ণোর্বিমানং যঃ কুর্য্যাৎ সকৃদ্ভক্ত্যা প্রদক্ষিণং। অশ্বমেধসহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ॥১৮৩॥

তত্রৈব চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে।—

চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং। ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য তত্তীর্থগমনাধিকম্॥১৮৪॥

তত্রৈবান্যত্র।—

প্রদক্ষিণন্তু যঃ কুর্য্যাৎ হরিং ভক্ত্যা সমন্বিতঃ। হংসযুক্তবিমানেন বিষ্ণুলোকং স গচ্ছতি॥

শক্তৌ সত্যাঞ্চ তাং প্রদক্ষিণাম্ অষ্টাঙ্গেন বন্দনেন প্রণামেন সংহিতাং কুর্য্যাৎ॥ ১৮১॥

পুণ্যমত্র ভক্তিলক্ষণং তৎকৃতাং ভক্তানামিত্যর্থঃ॥ ১৮২॥ বিমানমিব বিমানং প্রাসাদং রথং বা॥ ১৮৩॥ ক্রান্তং পরিক্রান্তং ভ্রমী প্রদক্ষিণা। তীর্থগমনাধিকং॥ ১৮৪॥ সপ্তদ্বীপবত্যাঃ

অতঃপর প্রদক্ষিণা।—তৎপরে ভক্তি সহকারে ভগবান্ বিষ্ণুকে প্রদক্ষিণ ও তাঁহার নাম সংকীর্ত্তন করিবে এবং সক্ষম হইলে সাষ্টাঙ্গে প্রণতি করত প্রদক্ষিণ করিবে।

অনন্তর প্রদক্ষিণসংখ্যা।—নৃসিংহপুরাণে লিখিত আছে, চণ্ডী দেবীকে একবার, প্রভাকরকে সপ্তবার, গণপতিকে তিনবার, হরিকে চারিবার এবং মহাদেবকে অর্দ্ধবার প্রদক্ষিণ করিবে *। ১৮১।

অতঃপর প্রদক্ষিণ-মাহাত্ম্য।—বরাহপুরাণে লিখিত আছে, যে সকল ব্যক্তি ভক্তিপূত মনে হরিকে প্রদক্ষিণ করেন, তাঁহাদিগকে শমনপুরে গমন করিতে হয় না, তাঁহারা ভক্তজনের গতি লাভ করেন। ১৮২। সাষ্টাঙ্গ প্রণতি পূর্ব্বক ভগবান্‌কে বারত্রয় প্রদক্ষিণ করিলে দশাশ্বমেধের ফল হয় সন্দেহ নাই। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, যিনি ভক্তি সহকারে একবারমাত্র হরিমন্দির কিংবা রথ প্রদক্ষিণ করেন, তাঁহার দশ শত অশ্বমেধানুষ্ঠানের ফললাভ হইয়া থাকে।১৮৩। ঐ স্থানে চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে লিখিত আছে, হে দ্বিজসত্তম! ভগবান্‌কে বারচতুষ্টয় প্রদক্ষিণ করিলে চরাচর নিখিল বিশ্ব প্রদক্ষিণ করা হয় এবং তদ্দ্বারা তীর্থা-

---

* শিবপ্রদক্ষিণে মন্ত্রী অর্দ্ধচন্দ্রক্রমেণ তু। সব্যাসব্যক্রমেণৈব সোমসূত্রং ন লঙ্ঘয়েৎ।

শিব প্রদক্ষিণ করিতে হইলে অর্দ্ধচন্দ্রাকারে প্রদক্ষিণ করিতে হয়। অর্থাৎ বামদিক্ হইতে দক্ষিণ দিকে গমন করিবে কিন্তু সোমসূত্র লঙ্ঘন করিবে না। (সোমসূত্র=জলনিঃসরণ পথ)।

নারসিংহে।—

প্রদক্ষিণেন চৈকেন দেবদেবস্য মন্দিরে। কৃতেন যৎ ফলং নৃণাং তচ্ছৃণুষ্ব নৃপাত্মজ।

পৃথ্বীপ্রদক্ষিণফলং যত্তৎ প্রাপ্য হরিং ব্রজেৎ॥

অন্যত্র চ।—এবং কৃত্বা তু কৃষ্ণস্য যঃ কুর্য্যাদ্দ্বিঃপ্রদক্ষিণং। সপ্তদ্বীপবতীপুণ্যং লভতে তু পদে পদে।

পঠন্নামসহস্রস্তু নামান্যেবাথ কেবলং॥

হরিভক্তি-সুধোদয়ে।—

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ। তদেবাবর্ত্তনং তস্য পুনর্নাবর্ত্ততে ভবে॥ ১৮৫॥

বৃহন্নারদীয়ে যমভগীরথসংবাদে।—

প্রদক্ষিণত্রয়ং কুর্য্যাৎ যো বিষ্ণোর্মনুজেশ্বর। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দেবেন্দ্রত্বং সমশ্নুতে॥

তত্রৈব প্রদক্ষিণমাহাত্ম্যে সুধর্ম্মোপাখ্যানারম্ভে।—

ভক্ত্যা কুর্ব্বন্তি যে বিষ্ণোঃ প্রদক্ষিণচতুষ্টয়ং।

তেঽপি যান্তি পরং স্থানং সর্ব্বলোকাত্তমোত্তমম্॥ ১৮৬॥

তৎ খ্যাতং যৎ সুধর্ম্মস্য পূর্ব্বস্মিন্ গৃধ্রজন্মনি।

কৃষ্ণপ্রদক্ষিণাভ্যাসান্মহাসিদ্ধিরভূদিতি॥ ১৮৭॥

পৃথিব্যাঃ পুণ্যং দানেন প্রদক্ষিণীকরণেন বা যৎ ফলং তদিত্যর্থঃ। অথেতি অথবা। আবর্ত্ততে পরিভ্রমতি॥ ১৮৫॥ অপি নিশ্চয়ে পূর্ব্বোক্তসমুচ্চয়ে বা। প্রয়ান্তীতি বা পাঠঃ॥১৮৬॥ তৎ খ্যাতং বৃহন্নারদীয়তঃ প্রসিদ্ধমেব। অতস্তদ্বিশেষলিখনেনালমিতি ভাবঃ। কিং তদিতি লিখতি যৎ সুধর্ম্ম-

---

গমন হইতেও সমধিক ফল হইয়া থাকে। ১৮৪। উক্ত গ্রন্থের অন্যত্রও লিখিত আছে, যিনি ভক্তিমান্ হইয়া জনার্দ্দনকে প্রদক্ষিণ করেন, তিনি হংসযানে আরোহণ পূর্ব্বক হরিধামে প্রস্থিত হন। নৃসিংহপুরাণে লিখিত আছে, হে রাজকুমার! নরগণ দেবসত্তম হরির মন্দির একবার মাত্র প্রদক্ষিণ করিলে যে ফললাভ করেন, তাহা অবধান করুন্। সেই সকল ব্যক্তি বসুমতী প্রদক্ষিণের ফল প্রাপ্ত হন এবং ভগবান্ হরিকে লাভ করিয়া থাকেন। অন্যত্রও লিখিত আছে, যে ব্যক্তি এইরূপে হরিকে দুইবার প্রদক্ষিণ করেন এবং সহস্রনাম কিংবা প্রভুর নাম মাত্র সংকীর্ত্তন করেন, পদে পদে তাঁহার সপ্তদ্বীপা বসুন্ধরা প্রদক্ষিণের কিংবা দানের ফল লাভ হইয়া থাকে। হরিভক্তিসুধোদয়ে লিখিত আছে, হরিকে একবার প্রদক্ষিণ করিয়া পুনরায় প্রদক্ষিণ করিলে আর সংসারে পুনরাবৃত্তি করিতে হয় না।১৮৫। বৃহন্নারদীয় পুরাণে যমভগীরথ-সংবাদে লিখিত আছে, হে নৃপতে! যিনি হরিকে তিনবার প্রদক্ষিণ করেন, নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া ইন্দ্রত্ব লাভ করেন। ঐ গ্রন্থে প্রদক্ষিণমাহাত্ম্যে সুধর্ম্মোপাখ্যানারম্ভে লিখিত আছে, যে সকল ব্যক্তি ভক্তি সহকারে হরিকে চারিবার প্রদক্ষিণ করেন, ভাস্করধামের উত্তম স্থান হইতেও উত্তম স্থানে তাঁহার গতি হয়। ১৮৬। পূর্ব্বতন গৃধ্রজন্মে শ্রীহরিকে প্রদক্ষিণ করায় সুধর্ম্মের যে মহাসিদ্ধি প্রাপ্তি হইয়াছিল, তাহা বৃহন্নারদীয় পুরাণে প্রথিত আছে। ১৮৭।

অথ প্রদক্ষিণায়াং নিষিদ্ধং।

বিষ্ণুস্মৃতৌ।—

একহস্তপ্রণামশ্চ একা চৈব প্রদক্ষিণা। অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতং॥

কিঞ্চ।— কৃষ্ণস্য পুরতো নৈব সূর্য্যস্যৈব প্রদক্ষিণাং।
কুর্য্যাদ্ভ্রমরিকারূপাং বৈমুখ্যাপাদনীং প্রভৌ॥

তথা চোক্তং।— প্রদক্ষিণং ন কর্ত্তব্যং বিমুখত্বাচ্চ কারণাৎ॥ ১৮৯॥

অথ কর্ম্মাদ্যর্পণং।

ততঃ শ্রীকৃষ্ণপাদাব্জে দাস্যেনৈব সমর্পয়েৎ। ত্রিভির্মন্ত্রৈঃ স্বকর্ম্মাণি সর্ব্বাণ্যাত্মানমপ্যথ॥১৯০॥

মন্ত্রাশ্চ।

ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা কর্ম্মণা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎ সর্ব্বং শ্রীকৃষ্ণার্পণং ভবতু স্বাহা। মাং মদীয়ঞ্চ সকলং হরয়ে সমর্পয়ামীতি। ওঁ তৎসদিতি॥ ১৯১॥

অথ তত্র কর্ম্মার্পণং।

বৃহন্নারদীয়ে।— বিরাগী চেৎ কর্ম্মফলে ন কিঞ্চিদপি কারয়েৎ।
অর্পয়েৎ স্বকৃতং কর্ম্ম প্রীয়তামিতি মে হরিঃ॥ ১৯২॥

স্যেতি। তদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা॥ ১৮৭॥ অকালে ভোজনাদিসময়ে॥১৮৮॥ ভ্রমরিকা আবর্ত্তবদ্ভ্রমণং তদ্রূপাং প্রদক্ষিণাং নৈব কুর্য্যাৎ। তত্র হেতুঃ। প্রভৌ ভগবতি বৈমুখ্যং পৃষ্ঠদানং তস্য আপাদনীং কারিণীং॥ ১৮৯॥

দাস্যেনৈব ব্রহ্মার্পণাদিরূপেণ। অথানন্তরং আত্মানমপি তথৈব সমর্পয়েৎ॥ ১৯০॥

মনসা যৎ স্মৃতং বাচা যদুক্তং হস্তাদিভিঃ কর্ম্মণা যৎ কৃতমিতি সম্বন্ধঃ। তত্র শিশ্না শিশ্নেন॥ ১৯১॥

অতঃপর প্রদক্ষিণ ক্রিয়ায় নিষিদ্ধ।—বিষ্ণুস্মৃতিতে লিখিত আছে, একহস্তে প্রণতি, বারৈক প্রদক্ষিণ এবং অসময়ে (ভোজনাদিকালে) হরিকে দর্শন করিলে পূর্ব্বসঞ্চিত পুণ্য বিনাশ প্রাপ্ত হয়। ১৮৮। আরও লিখিত আছে, শ্রীকৃষ্ণের পুরোভাগে মণ্ডলাকারে ভাস্করদেবকে প্রদক্ষিণ করিতে নাই। ঐ প্রকার করিলে ভগবানের অভিমুখে পশ্চাদ্দেশ স্থাপিত হইয়া থাকে। এই বিষয়ে উক্ত আছে যে, বৈমুখ্যরূপ কারণ নিবন্ধন প্রদক্ষিণ নিষিদ্ধ। ১৮৯।

অনন্তর কর্ম্মাদি সমর্পণ।—তৎপরে মন্ত্রত্রয় দ্বারা নিজ কর্ম্ম সকল দাসত্বভাবে হরির চরণকমলে সমর্পণ করিবে। তৎপরে আত্মার্পণও কর্ত্তব্য। ১৯০।

উক্ত মন্ত্রত্রয়।—আমি প্রাণ, বুদ্ধি, ও শরীর ধর্ম্মের অধিকারে ইতিপূর্ব্বে জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তিকালে চিত্তে যাহা স্মরণ করিয়াছি, বাক্যে যাহা প্রকাশ করিয়াছি এবং কর্ম্ম (শারীরিক ব্যাপার), কর, চরণ, জঠর ও শিশ্ন দ্বারা যাহা করিয়াছি, তৎসমস্ত শ্রীহরিকে সমর্পিত হউক্। আপনাকে এবং আমার নিখিল দ্রব্য শ্রীহরিকে প্রদান করিতেছি। সেই ব্রহ্মবিষ্ণুশিবাত্মক নিত্যস্বরূপ। ১৯১।

অতএব কূর্ম্মপুরাণে।—

প্রীণাতু ভগবানীশঃ কর্ম্মণানেন শাশ্বতঃ। করোতি সততং বুদ্ধ্যা ব্রহ্মার্পণমিদং পরং।
যদ্বা ফলানাং সংন্যাসং প্রকুর্য্যাৎ পরমেশ্বরে। কর্ম্মণামেতদপ্যাহুর্ব্রহ্মার্পণমনুত্তমং ॥ ১৯৩ ॥

অথ কর্ম্মার্পণবিধিঃ।

দক্ষেণ পাণিনার্ঘ্যস্থং গৃহীত্বা চুলুকোদকং। নিধায় কৃষ্ণপাদাব্জসমীপে প্রার্থয়েদিদং ॥
পাদত্রয়ক্রমাক্রান্ত ত্রৈলোক্যেশ্বর কেশব। ত্বৎপ্রসাদাদিদং তোয়ং পাদ্যং তেঽস্তু জনার্দ্দন ॥

অথ কর্ম্মার্পণমাহাত্ম্যং।

বৃহন্নারদীয়ে।—

পরলোকফলপ্রেপ্সুঃ কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ। হরের্নিবেদয়েত্তানি তৎ সর্ব্বং ত্বক্ষয়ং ভবেৎ।
অতএব নারায়ণব্যূহস্তবে।—কৃষ্ণার্পিতফলাঃ কৃষ্ণং স্বধর্ম্মেণ যজন্তি যে।
বিষ্ণুভক্ত্যর্থিনো ধন্যাস্তেভ্যোঽপীহ নমো নমঃ ॥ ১৯৪ ॥

অথ স্বার্পণবিধিঃ।

অহং ভগবতোঽংশোঽস্মি সদা দাসোঽস্মি সর্ব্বথা।
তৎ কৃপাপেক্ষকো নিত্যমিত্যাত্মানং সমর্পয়েৎ ॥ ১৯৫ ॥

হরির্মে প্রীয়তামিত্যেবং সমর্পয়েৎ ॥১৯২॥ প্রীণাত্বিতি বুদ্ধ্যা করোতি যৎ। পরং শ্রেষ্ঠং নাহং কর্ত্তা সর্ব্বমেতৎ ব্রহ্মৈব কুরুতে তথা হ্যত্র তদ্ব্রহ্মার্পণং প্রোক্তমিত্যাদিনা তত্রৈবোক্তপ্রকারদর্শনাৎ। সংন্যাসং সমর্পণং কর্ম্মণাংবা সংন্যাসং ॥ ১৯৩ ॥

দক্ষেণ দক্ষিণেন। অর্ঘ্যস্থং অর্ঘ্যপাত্রবর্ত্তি চুলুকমাত্রোদকং ॥ ১৯৪ ॥

অতঃপর তাঁহাতে কর্ম্মসমর্পণ।—বৃহন্নারদীয়পুরাণে লিখিত আছে, কর্ম্মফলে বিরাগী হইলে কিছুই করিবে না। ভগবান্ মৎপ্রতি প্রীত হউন্, এই বলিয়া স্বকৃত কর্ম্ম সমর্পণ করিতে হইবে। ১৯২। কূর্ম্মপুরাণে উক্ত আছে, নিত্যস্বরূপ ভগবান্ পরেশ্বর মদীয় এই কর্ম্ম দ্বারা প্রীত হউন্, যদি এইরূপ জ্ঞান করিয়া কিছু অনুষ্ঠান করা যায়, তৎসমস্তই শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ জানিবে। * কিংবা কর্ম্মের যাবতীয় ফল পরমেশ্বরে অর্পণ করিলেও তাহাকে শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ কহে। ১৯৩।

অনন্তর কর্ম্মার্পণবিধি।—দক্ষিণ করে অর্ঘ্যভাণ্ডস্থ এক চুলুক জল গ্রহণ পূর্ব্বক হরির চরণকমল সন্নিধানে স্থাপন করত প্রার্থনা করিবে যে, হে ত্রিবিক্রম! হে ত্রিভুবনাধিপতে! হে কেশব! হে জনার্দ্দন! ভবদীয় অনুগ্রহে এই জল আপনার চরণোদক হউক্।

তৎপরে কর্ম্মার্পণমাহাত্ম্য।—বৃহন্নারদীয় পুরাণে লিখিত আছে যে, যিনি পরলোকে ফললাভ বাসনায় সতর্ক হইয়া ক্রিয়ানুষ্ঠান করেন, আর তৎসমস্ত কর্ম্ম হরিকে অর্পণ করেন, তাঁহার সেই সমস্ত কর্ম্ম অক্ষয় হইয়া থাকে। অতএব নারায়ণব্যূহস্তবে উক্ত আছে, যে সকল ব্যক্তি হরিভক্তিনিষ্ঠ হইয়া শ্রীহরিকে কর্ম্মফল অর্পণ করত নিজ নিজ ধর্ম্মানুসারে তাঁহার পূজা করেন, সেই সকল ব্যক্তি ধন্যবাদের পাত্র, সুতরাং পুনঃ পুনঃ তাঁহাদিগকে নমস্কার করি। ১৯৪।

---

* অর্থাৎ ব্রহ্ম দ্বারাই সমস্ত অনুষ্ঠিত হইতেছে, আমি কিছুই করি না, এরূপ জ্ঞানের নাম ব্রহ্মার্পণ।

তথা চোক্তং শ্রীশঙ্করাচার্য্যপাদৈঃ।—

সত্যপি ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বং।
সামুদ্রো হি তরঙ্গঃ ক্বচন সমুদ্রো ন তারঙ্গঃ॥ ১৯৬॥

অথাত্মার্পণমাহাত্ম্যং।

সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদোক্তৌ।

ধর্ম্মার্থকাম ইতি যোঽভিহিতস্ত্রিবর্গ ঈক্ষা ত্রয়ী নয়দমৌ বিবিধা চ বার্ত্তা।
মন্যে তদেতদখিলং নিগমস্য সত্যং স্বাত্মার্পণং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ॥ ১৯৭॥

একাদশে শ্রীভগবদুদ্ধবসংবাদে।—

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥ ১৯৮॥

অংশোঽস্মি ইত্যনেন নিত্যমুক্তশুদ্ধস্বভাবত্বাদিকং, অতঃ সদা দাসোঽস্মীতি নিত্যদাস্যং চাভিপ্রেতং। এবং সর্ব্বপ্রকারেণ যদ্বা তথাপি সর্ব্বথা যা তস্য ভগবতঃ কৃপা তস্যা অপেক্ষকঃ তদেকপ্রার্থক ইতি প্রেমপরতা সূচিতা। ইতি এবমেবাত্মানং সম্যগর্পয়েৎ নিবেদয়েৎ। ন ত্বৈক্যেনেত্যর্থঃ॥ ১৯৫॥ তচ্চ মায়াবাদ্যাচার্য্যোক্ত্যাপি সংবাদয়তি সত্যপীতি ভেদস্য মায়াকৃতসংসারিত্বাদেরপগমে বৃত্তেঽপি। আত্মতত্ত্বজ্ঞানে সত্যপীত্যর্থঃ। তবাহং দাসোস্মীত্যর্থঃ ন তু মামকীনস্ত্বং। অংশেনাংশিনো ব্যাপকত্বাসম্ভবাৎ। তথা সতি সাম্যাপত্তেঃ। এবং ভেদাভেদসিদ্ধান্তোক্তমভেদেঽপি ভেদং দৃষ্টান্তেন সাধয়তি সামুদ্র ইতি। তরঙ্গস্য জলময়ত্বাদিনা সমুদ্রাদভিন্নত্বেঽপি অংশতয়া পরিচ্ছিন্নত্বাদিনা ততো ভিন্ন এবেতি দিক্। এতচ্চ শ্রীভাগবতামৃতটীকায়াং বিস্তরেণ বিবৃতমেবাস্তি॥ ১৯৬॥

ধর্ম্মোঽর্থঃ কামশ্চেতি যস্ত্রিবর্গঃ। তদর্থঞ্চ যে ঈক্ষাদ্যা অভিহিতাঃ। ঈক্ষা আত্মবিদ্যা, ত্রয়ী ধর্ম্মবিদ্যা, নয়স্তর্কঃ, দমো দণ্ডনীতিঃ, বিবিধা চ বার্ত্তা জীবিকা, তদেতৎ সর্ব্বং নিগমস্য বেদস্যার্থজাতং স্বসুহৃদঃ স্বান্তর্যামিনো নিজপ্রিয়তমস্য বা পরমস্য পুরুষোত্তমস্য শ্রীকৃষ্ণস্য স্বাত্মার্পণং স্বাত্মনি অর্পণং সংযোজনং। যদ্বা স্বাত্মনঃ স্বকীয়দেহস্য মনসো বা কিংবা জীবাত্মনস্তস্মিন্নর্প্যতেঽনেনেত্যর্পণং তৎ সাধনঞ্চেত্তর্হি সত্যং মন্যে সত্যপরত্বাৎ। অন্যথা তু তৎ সর্ব্বমসত্যমেব।

অতঃপর আত্মসমর্পণবিধি।—আমি প্রভুর অংশস্বরূপ এবং নিরন্তর সকল প্রকারে তদীয় কিঙ্কর; আমি সর্ব্বদা তাঁহার কৃপাপ্রার্থী, এই প্রকারে আত্মসমর্পণ করিতে হয়। ১৯৫। এই বিষয়ে শঙ্করাচার্য্যের উক্তি আছে যে, হে নাথ! ব্রহ্ম ও অবিদ্যায় ভেদজ্ঞান নাই বটে, তথাপি আমি তোমা হইতে ভিন্ন; কিন্তু তুমি আমা হইতে পৃথক্ নহ; কেন না, সাগরতরঙ্গ সলিলময় হইলেও তরঙ্গ শব্দে অভিহিত হয়, কদাচ তাহাকে সাগর বলিয়া অভিহিত করা যায় না। ১৯৬।

তদনন্তর আত্মার্পণমাহাত্ম্য।—ভাগবতের সপ্তমস্কন্ধে প্রহ্লাদোক্তি আছে যে, ধর্ম্মার্থকামরূপ ত্রিবর্গসাধনার্থ যে ঈক্ষা (আত্মজ্ঞান) ত্রয়ী (ধর্ম্মজ্ঞান) নয় (তর্ক) দম (দণ্ডনীতি)

অথ জপঃ।

জপস্য পুরতঃ কৃত্বা প্রাণায়ামত্রয়ং বুধঃ। মন্ত্রার্থস্মৃতিপূর্ব্বঞ্চ জপেদষ্টোত্তরং শতম্।
মূলং লেখ্যেন বিধিনা সদৈব জপমালয়া ॥ ১৯৯ ॥
শক্তোঽষ্টাধিকসাহস্রং জপেত্তং চার্পয়ন্ জপম্। প্রাণায়ামাংশ্চ কৃত্বা ত্রীন্ দদ্যাৎ কৃষ্ণকরে জলম্॥

তত্র চায়ং মন্ত্রঃ।

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাত্বয়ি স্থিতে॥ ২০০ ॥
জপপ্রকারো যোঽপেক্ষ্যো মালাদিনিয়মাত্মকঃ। পুরশ্চর্য্যাপ্রসঙ্গে তু স বিলেখিষ্যতেঽগ্রতঃ॥২০১॥

অথবা তদেতদখিলং নিগমস্য ত্রৈগুণ্যবিষয়স্য প্রতিপাদ্যং মন্যে। সত্যং পুনর্নিস্ত্রৈগুণ্যলক্ষণং পরমস্য পুংসঃ স্বাত্মার্পণমেবেত্যর্থঃ। তথাচ শ্রীভগবদ্গীতাসু। ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতি ॥ ১৯৭ ॥ মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা সন্ নিবেদিতাত্মা ভবতি তদাসৌ মে বিচিকীর্ষিতঃ প্রেমভক্ত্যাদিপ্রদানেন বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি। তথা চ অমৃতত্বং সংসার-ধ্বংসেন মরণাতীতত্বং পরমানন্দরসং বা যদ্বা মমাধরামৃতং গোপ্যত্বেন স্পষ্টং তদনুক্তিঃ। অবিরতপানেন তত্র সংলগ্নত্বাৎ অভেদবিবক্ষায়াং ত্বপ্রত্যয়ঃ। প্রতিপদ্যমানঃ প্রাপ্নুবন্ ময়া সহ আত্মভূয়ায় অত্যন্তসংযোগায় কল্পতে যোগ্যঃ সমর্থো বা ভবতি। বৈ ধ্রুবম্ ॥ ১৯৮ ॥

মন্ত্রস্যার্থঃ অভিধেয়ং তস্য স্মৃতিরনুসন্ধানং তৎপূর্ব্বকং মূলং নিজমন্ত্রং। লেখ্যেন অগ্রে পুর-শ্চরণপ্রকরণে লিখিষ্যমাণেন বিধিনা। তত্র চ সর্ব্বদা জপমালয়ৈব অষ্টোত্তরশতবারান্ জপেৎ। অর্থশ্চ পূর্ব্বতাপনীয়াদ্যুক্তানুসারেণ জ্ঞেয়ঃ। তথাচ ক্রমদীপিকায়াং। স্বাহেতি স্বাত্মানন্দময়া-মীতি স্বতেজসে তস্মৈ ইতি তথা। অথবা ব্রজযুবতীনাং দয়িতায় জুহোমি। শক্তশ্চেদষ্টাধিক-সহস্রবারান্ সংজপেৎ। তঞ্চ জপং সমর্পয়ন্ ॥

শ্রীভগবতি স্থিতে সাক্ষাদ্বর্ত্তমানে সতি। যদ্বা ত্বয়ি স্থিতঃ ত্বন্নিষ্ঠো যো জনস্তস্মিন্ যা সিদ্ধিঃ সা মে ভবতু ॥ ২০০ ॥ আদিশব্দাৎ অঙ্গুল্যাদি বাগাদি চ। সোঽগ্রে লেখিষ্যতে। অতএব জ্ঞেয়

ও বার্ত্তার (জীবিকার) বিষয় উক্ত হইয়াছে, তৎসমস্ত বেদেরই প্রতিপাদ্য বলিয়া অনুমিত এবং অন্তর্যামী পুরুষপ্রবর হরিতে যে আত্মার্পণ, তাহাই সত্য বলিয়া অনুমিত হইয়া থাকে। ১৯৭। একাদশস্কন্ধে ভগবদুদ্ধবসংবাদে লিখিত আছে, মানব নিখিল কর্ম্ম বিসর্জ্জন করত যদি আমাতে আত্মসমর্পণ করে এবং আমার প্রীতিজনক কর্ম্ম করিতে বাসনা করে, তাহা হইলে অমরত্ব প্রাপ্ত হইয়া মৎসহ একত্র হইতে সক্ষম হয়। ১৯৮।

অতঃপর জপ।– সুধী ব্যক্তি জপ করিবার অগ্রে বারত্রয় প্রাণায়াম করিয়া মন্ত্রার্থ স্মরণ করিবেন এবং পশ্চাল্লিখিত বিধানে জপ মালাতেই অষ্টাধিক শত বার মূলমন্ত্র জপ করিবেন। ১৯৯। আর সক্ষম হইলে অষ্টাধিক সহস্রবার জপ করিতে হইবে। জপাবসানে বারত্রয় প্রাণায়াম পূর্ব্বক শ্রীকৃষ্ণের করে জল দিতে হয়।

উহার মন্ত্র যথা,—হে দেব! আপনি গুহ্য এবং অতীব গুহ্য বিষয়েরও রক্ষাকর্ত্তা, মৎকৃত জপ গ্রহণ করুন্। আপনার প্রতি নিষ্ঠাবান্ ব্যক্তিরা যে সিদ্ধি প্রাপ্ত হন, ভবদীয় অনুগ্রহে

অর্পিতং তঞ্চ সঞ্চিন্ত্য স্বীকৃতং প্রভুণাখিলম্। পুনঃ স্তুত্বা যথাশক্তি প্রণম্য প্রার্থয়েদিদম্ ॥২০২॥

অথ প্রার্থনম্।

আগমে।—

মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন। যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে॥

কিঞ্চ।—

যদ্দত্তং ভক্তিমাত্রেণ পত্রং পুষ্পং ফলং জলম্। আবেদিতং নিবেদ্যন্তু তদ্‌গৃহাণানুকম্পয়া॥

বিধিহীনং মন্ত্রহীনং যৎকিঞ্চিদুপপাদিতম্। ক্রিয়ামন্ত্রবিহীনং বা তৎ সর্ব্বং ক্ষন্তুমর্হসি॥

কিঞ্চ।—

অজ্ঞানাদথবা জ্ঞানাদশুভং যন্ময়া কৃতম্। ক্ষন্তুমর্হসি তৎ সর্ব্বং দাস্যেনৈব গৃহাণ মাম্॥ ২০৩॥

স্থিতিঃ সেবা গতির্যাত্রা স্মৃতিশ্চিন্তা স্তুতির্ব্বচঃ। ভূয়াৎ সর্ব্বাত্মনা বিষ্ণো মদীয়ং ত্বয়ি চেষ্টিতম্ ॥২০৪॥

অপি চ।-

কৃষ্ণ রাম মুকুন্দ বামন বাসুদেব জগদ্‌গুরো। মৎস্য কচ্ছপ নারসিংহ বরাহ রাঘব পাহি মাম্॥

দেব-দানব-নারদাদি-বন্দ্য দয়ানিধে। দেবকীসুত দেহি মে তব পাদভক্তিমচলাম্॥

শ্রীবিষ্ণুপুরাণে।—

নাথ যোনিসহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহম্। তেষু তেষ্বচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ি॥ ২০৫॥

ইতি ভাবঃ॥ ২০১॥ ভগবত্যর্পিতং তঞ্চ জপমখিলং প্রভুণা ভগবতা স্বীকৃতমিতি সঞ্চিন্ত্য ॥২০২॥

আবেদিতং সমর্পিতম্॥ ২০৩॥ যত্রাপি কথঞ্চিন্মম স্থিতিরর্দ্ধাবস্থানং তব সেবারূপা ভবত্বিত্যর্থঃ। এবমন্যদপূহ্যম্। ইত্থং সর্ব্বাত্মনা মদীয়ং চেষ্টিতং ত্বয়ি ভূয়াৎ তদ্ভক্তিরূপং ভবত্বিত্যর্থঃ॥২০৪॥

যেন আমার সেই সিদ্ধি লাভ হয়। ২০০। মালার নিয়ম প্রভৃতি সংবলিত জপের বিশেষ ভেদ পরে পুরশ্চরণ প্রকরণে লিখিত হইবে। ২০১। ভগবানে অর্পিত হইলে সেই সকল জপ যেন তিনি গ্রহণ করিলেন, এই প্রকার ভাবনা করিবে এবং শক্ত্যনুসারে স্তুতি ও প্রণতি করত এই (বক্ষ্যমাণ) প্রার্থনা করিবে। ২০১।

অনন্তর প্রার্থনা।—তন্ত্রে লিখিত আছে, হে দেব! হে জনার্দ্দন! মন্ত্ররহিত ক্রিয়ারহিত ও ভক্তিরহিত হইয়া আমি যে অর্চ্চনা করিয়াছি, তৎসমস্ত পরিপূর্ণ হউক্। আরও লিখিত আছে, ভক্তি পূর্ব্বক যে সকল পত্র, ফুল, ফল ও সলিল সমর্পিত হইয়াছে, উৎসর্গীকৃত সেই সমস্ত দ্রব্য আপনি কৃপা করিয়া গ্রহণ করুন। বিধিরহিত ও মন্ত্ররহিত কিংবা ক্রিয়া ও মন্ত্রবর্জ্জিত যে কোন কর্ম্ম নিষ্পাদিত হইয়াছে, তৎসমস্ত আপনি ক্ষমা করুন্। আরও লিখিত আছে, অজ্ঞান নিবন্ধনই হউক আর জ্ঞাননিবন্ধনই হউক, আমি যে যে অশুভ কর্ম্ম করিয়াছি, তৎসমস্ত আপনি ক্ষমা করুন এবং আমাকে কিঙ্করভাবে গ্রহণ করুন। ২০৩ ॥ হে বিষ্ণো! আমার স্থিতি, সেবা, গতি, যাত্রা, স্মৃতি, চিন্তা, স্তুতি ও বাক্য প্রভৃতি মদীয় নিখিল চেষ্টা যেন আপনার উদ্দেশেই সমাহিত হয়। ২০৪। আরও লিখিত আছে, হে কৃষ্ণ! হে রাম! হে

যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী। ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্মাপসর্পতু॥

পাণ্ডবগীতায়াম্।—

কীটেষু পক্ষিষু মৃগেষু সরীসৃপেষু রক্ষঃ-পিশাচ-মনুজেষ্বপি যত্র তত্র।

জাতস্য মে ভবতু কেশব তে প্রসাদাৎ ত্বয্যেব ভক্তিরতুলাঽব্যভিচারিণী চ॥

পাদ্মে।—

যুবতীনাং যথা যূনি যূনাঞ্চ যুবতৌ যথা। মনোঽভিরমতে তদ্বন্মনো মে রমতাং ত্বয়ি॥২০৬॥

অথাপরাধক্ষমাপণম্।

ততোঽপরাধান্ শ্রীকৃষ্ণং ক্ষমাশীলং ক্ষমাপয়েৎ।

সকাকু কীর্ত্তয়ন্ শ্লোকানুত্তমান্ সাম্প্রদায়িকান্॥

তথাহি।—অপরাধসহস্রাণি ক্রিয়ন্তেঽহর্নিশং ময়া। দাসোঽহমিতি মাং মত্বা ক্ষমস্ব মধুসূদন॥

কিঞ্চ।—

প্রতিজ্ঞা তব গোবিন্দ ন মে ভক্তঃ প্রণশ্যতি। ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহম্॥২০৭॥

অচ্যুতা অব্যভিচারিণী॥২০৫॥ যা যাদৃশী প্রীতিরবিবেকানাং বিষয়াসক্তানাং বিষয়েষু অনপায়িনী অব্যবচ্ছিন্না ভবতি, সা তাদৃশী প্রীতিঃ ত্বামনুস্মরতঃ সতো মে হৃদয়াৎ নাপসর্পতু নাপযাতু সদা ত্বৎস্মরণে সংপদ্যতামিত্যর্থঃ। যদ্বা হে মাপ হে লক্ষ্মীপতে সা বিষয়ে প্রীতিস্ত্বামনুস্মরতো মে হৃদয়াৎ সর্পতু নির্গচ্ছতু। তৎপ্রীতৌ সত্যাং ত্বদনুস্মরণাসিদ্ধেরিত্যর্থঃ। যদ্বা হৃৎ অয়ন্তে স্বভাবতঃ প্রাপ্নুবন্তীতি হৃদয়াঃ বিষয়াঃ গৃহপুত্রাদয়ো বা তান্ কদাচিৎ কালান্তরে স্মরতোঽপি মে সা প্রীতিস্ত্বামনু লক্ষ্যীকৃত্য অনপায়িনী সতী সর্পতু প্রসরতু। অবিবেকানামপি কদাচিৎ বিষয়েষু প্রীতেরপায়ং কুণ্ঠতাং চাশঙ্ক্যোক্তম্ অনপায়িনীতি॥ ২০৬॥

নন্বু তবাপরাধাঃ ক্ষম্যা ন ভবন্তীতি চেত্তত্র লিখতি প্রতিজ্ঞেতি। অন্যথা অপরাধাচরণানন্তরমেব প্রাণান্ ত্যক্ষ্যামীতি ভাবঃ॥ ২০৭॥

মুকুন্দ!. হে বামন! হে বাসুদেব! হে জগদ্গুরো! হে মৎস্য! হে কূর্ম্ম! নৃসিংহ! হে বরাহ! আমাকে রক্ষা করুন্। হে দেব-দৈত্য-নারদাদির পূজনীয়! হে করুণানিধে! হে দেবকীসুত! ভবদীয় পাদপদ্মে আমার অচলা ভক্তি দান করুন্। বিষ্ণুপুরাণে লিখিত আছে, হে নাথ! হে অচ্যুত! আমি সহস্রযোনির মধ্যে যে যে স্থলে দেহ ধারণ করিব, তত্তৎ জন্মে যেন আপনাতে মদীয় অচলা ভক্তি বিদ্যমান থাকে। ২০৫। বিষয়ানুরাগী ব্যক্তিগণের প্রীতি কেবলমাত্র বিষয়েই আসক্ত থাকে, কিন্তু আপনাকে স্মরণ পূর্ব্বক মদীয় অন্তরে যে প্রীতির সঞ্চার হইল, ইহা যেন আমার মন হইতে কদাচ অপসৃত না হয়। পাণ্ডবগীতায় লিখিত আছে, হে কেশব! কীট, বিহগ, মৃগ, সরীসৃপ, রক্ষঃ, পিশাচ ও নর এই সমস্তের মধ্যে আমি যে কোন যোনিতে উৎপন্ন হই, ভবদীয় কৃপায় সেই জন্মেই যেন আপনার প্রতি মদীয় দৃঢ় অটল ভক্তি বিদ্যমান থাকে। পদ্মপুরাণে লিখিত আছে, যে প্রকার যুবাতে যুবতীর এবং যুবতীতে যুবকের চিত্ত পরস্পর আসক্ত হয়, তদ্রূপ যেন মদীয় চিত্ত আপনাতে গমন পূর্ব্বক একান্ত অনুরক্ত থাকে।২০৬।

অথাপরাধাঃ।

আগমে।—

যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্গৃহে। দেবোৎসবাদ্যসেবা চ অপ্রণামস্তদগ্রতঃ॥
উচ্ছিষ্টে বাঽথবাঽশৌচে ভগবদ্দর্শনাদিকম্। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণম্॥
পাদপ্রসারণং চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনম্। শয়নং ভক্ষণং বাপি মিথ্যাভাষণমেব চ॥
উচ্চৈর্ভাষা মিথো জল্পো রোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণম্॥
কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। অশ্লীলভাষণং চৈব অধোবায়ুবিমোক্ষণম্॥
শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণম্। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণম্॥
বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনম্॥
গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা।
অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ॥২০৮॥

বারাহে।—

দ্বাত্রিংশদপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে ময়া। বৈষ্ণবেন সদা তে তু বর্জ্জনীয়া প্রযত্নতঃ॥

অগ্র ইত্যনুবর্ত্তত এব বায়ুবিমোক্ষণমিত্যন্তম্। তথা পৃষ্ঠীকৃত্যাসনমিত্যত্র পরেষামভিবাদনমিত্যত্রাপি জ্ঞেয়ম্। গুরৌ মৌনং স্তুত্যাদ্যকরণম্॥ ২০৮॥ একমপরাধং বিজানীয়াদিতি

অতঃপর অপরাধ-ক্ষমা প্রার্থনা।—তৎপরে সম্প্রদায়-বিশুদ্ধ উত্তম শ্লোকসমূহ কাতর স্বরে উচ্চারণ পূর্ব্বক ক্ষমাশীল শ্রীহরির সকাশে ক্ষমা প্রার্থনা করিবে। এই বিষয়ে কথিত হইয়াছে যে, হে মধুসূদন! আমি দিবানিশি যে সহস্র দোষ করিতেছি, আমাকে কিঙ্কর জ্ঞানে তৎসমস্ত ক্ষমা করুন্। আরও লিখিত আছে, হে গোবিন্দ! আপনার এই প্রতিজ্ঞা আছে, মদ্ভক্ত কদাচ বিনাশ প্রাপ্ত হয় না, আমি ইহা স্মরণ পূর্ব্বক জীবন ধারণ করিতেছি। ২০৭।

অনন্তর অপরাধ-সমূহ।—বচনে লিখিত আছে, (১) যানারূঢ় হইয়া কিংবা চরণে পাদুকা ধারণ পূর্ব্বক ভগবন্মন্দিরে গমন, (২) দেবোৎসব প্রভৃতি অদর্শন, (৩) দেবতাদির পুরোভাগে প্রণতি না করা, (৪) উচ্ছিষ্ট কিংবা অশৌচাবস্থায় ভগবদ্দর্শন প্রভৃতি, (৫) এককরে প্রণতি, (৬) ভগবানের পুরোভাগে প্রদক্ষিণ, (৭) তদগ্রে পাদ বিস্তার, (৮) পর্য্যঙ্ক বন্ধন, (৯) শয়ন, (১০) ভোজন, (১১) মিথ্যা কথন, (১২) উচ্চবাক্য প্রয়োগ, (১৩) পরস্পর গল্প, (১৪) ক্রন্দন, (১৫) বিরোধ, (১৬) নিগ্রহ, (১৭) অনুগ্রহ, (১৮) মানবের প্রতি নিষ্ঠুরবাক্যোচ্চারণ, (১৯) কম্বল আবরণ, (২০) পরাপবাদ, (২১) পরস্তুতি, (২২) অশ্লীল ভাষণ, (২৩) অধোবায়ু নিঃসরণ, (২৪) শক্তি বিদ্যমানে গৌণোপচার, (২৫) অনিবেদিত দ্রব্য ভোজন (২৬), যে কালে যে ফল জন্মে তৎসমস্ত অপ্রদান, (২৭) যে বস্তুর অগ্রাংশ অন্যে লইয়াছে তাদৃশ দ্রব্যের অবশিষ্ট অর্পণ, (২৮) ভগবানের দিকে পৃষ্ঠ রাখিয়া উপবেশন, (২৯) ভগবানের পুরোভাগে অপরকে অভিবাদন, (৩০) গুরুকে স্তবাদি না

যে বৈ ন বর্জ্জয়ন্ত্যেতান্ অপরাধান্ ময়োদিতান্। সর্ব্বধর্ম্মপরিভ্রষ্টাঃ পচ্যন্তে নরকে চিরম্॥
রাজান্নভক্ষণঞ্চৈকমাপদ্যপি ভয়াবহম্। ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ পরং সুকৃতনাশনঃ॥ ২০৯॥
তথৈব বিধিমুল্লঙ্ঘ্য সহসা স্পর্শনং হরেঃ। দ্বারোদ্ঘাটো বিনা বাদ্যং ক্রোড়মাংসনিবেদনম্॥২১০॥
পাদুকাভ্যাং তথা বিষ্ণোর্মন্দিরায়োপসর্পণম্। কুক্কুরোচ্ছিষ্টকলনং মৌনভঙ্গোঽচ্যুতার্চ্চনে॥
তথা পূজনকালে চ বিড়ুৎসর্গায় সর্পণম্। শ্রাদ্ধাদিকমকৃত্বা চ নবান্নস্য চ ভক্ষণম্॥
অদত্ত্বা গন্ধমাল্যাদি ধূপনং মধুঘাতিনঃ। অকর্ম্মণ্যপ্রসূনেন পূজনঞ্চ হরেস্তথা।
অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা। স্পৃষ্ট্বা রজস্বলাং দীপং তথা মৃতকমেব চ॥
রক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটম্। পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতম্॥
ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণভুক্। ভক্ষয়িত্বা ক্রোড়মাংসং পিণ্যাকং জালপাদকম্॥
তথা কুসুম্ভশাকঞ্চ তৈলাভ্যঙ্গং বিধায় চ। হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্মকরণং পাতকাবহম্॥ ২১১॥
কিঞ্চ তত্রৈব।—
মম শাস্ত্রং বহিষ্কৃত্য অস্মাকং যঃ প্রপদ্যতে। মুক্ত্বা চ মম শাস্ত্রাণি শাস্ত্রমন্যৎ প্রভাষতে॥ ২১২॥
মদ্যপস্তু সমাসাদ্য প্রবিশেদ্ভবনং মম॥২১৩॥ যো মে কুসুম্ভশাকেন প্রাপণং কুরুতে নরঃ।

শেষঃ। একং কেবলমিতি বা॥ ২০৯॥ বিধিমুল্লঙ্ঘ্য আচমনাদিকমকৃত্বেত্যর্থঃ॥ ২১০॥ কলনং স্পর্শনম্॥ ২১১॥ মম শাস্ত্রং মদুক্তং পঞ্চরাত্রাদি যদ্বা ভক্তিপ্রধানং বহিষ্কৃত্য অনাদৃত্য।

করা, (৩১) নিজমুখে আত্মপ্রশংসা এবং (৩২) দেবনিন্দা, হরিসকাশে এই দ্বাত্রিংশদ্বিধ অপরাধ বর্ণিত হইয়াছে। ২০৮। বরাহপুরাণে লিখিত আছে, ধরণি! আমি যে দ্বাত্রিংশদ্বিধ অপরাধ বর্ণন করিলাম, বৈষ্ণব জন সযত্নে নিরন্তর তৎসমস্ত ত্যাগ করিবেন। যে সকল ব্যক্তি মৎকথিত এই সমস্ত অপরাধ ত্যাগ না করে, তাহারা সর্ব্বধর্ম্মভ্রষ্ট হইয়া চিরদিন নিরয়ে অবস্থিতি করে। বিপদ্ সময়েও রাজান্ন আহার করিলে একটি বিষম অপরাধ হয়। আর অন্ধকারময় আগারে ভগবান্‌কে স্পর্শ করিলে পুণ্য ধ্বংস পায় সন্দেহ নাই। ২০৯। বিধি অতিক্রম করত হরিকে স্পর্শন, বাদ্য ব্যতীত হরিমন্দিরের দ্বার উদ্ঘাটন, শূকরমাংস অর্পণ, পাদুকাপদে দেবমন্দিরে প্রবেশ, কুক্কুরের উচ্ছিষ্ট স্পর্শ, হরিপূজায় মৌনব্রত ভঙ্গ, অর্চ্চনা সময়ে মলবিসর্জ্জনার্থ গমন, শ্রাদ্ধাদি না করিয়া নবান্ন আহার, গন্ধমাল্যাদি ও ধূপন ব্যতীত এবং অপ্রশস্ত কুসুমে শ্রীহরির অর্চ্চনা; দশন-ধাবন না করিয়া, সম্ভোগান্তে, রজস্বলা নারী স্পর্শ করিয়া, দীপ ও মৃত শব স্পর্শ করিয়া, লোহিতবর্ণ, নীলবর্ণ, অধৌত, পরকীয় ও মলিন বসন ধারণ করিয়া, শব দর্শন করিয়া অধোবায়ু বিসর্জ্জন করিয়া, রোষ করিয়া, শ্মশানে গিয়া, অজীর্ণভোজী হইয়া, শূকরমাংস পিণ্যাক হংস ও কুসুম্ভশাক ভোজন করিয়া আর সর্ব্বাঙ্গে তৈল মাখিয়া হরিকে স্পর্শ এবং তদীয় কর্ম্ম করণ, এই সমস্ত করিলে অতীব পাপ সঞ্চার হইয়া থাকে। ২১০-২১১। উক্ত গ্রন্থে আরও লিখিত আছে যে, যিনি মৎকথিত পঞ্চরাত্রাদি শাস্ত্র কিংবা ভক্তিপ্রধান গ্রন্থ অনাদর পূর্ব্বক আমাদিগকে উপাসনা করে, মদীয় শাস্ত্রসমূহ ত্যাগ করত অপর শাস্ত্রকে শাস্ত্র বলিয়া গণনা করে, সুরাপায়ীর সঙ্গ করত মদীয় নিকেতনে প্রবেশ করে, যে ব্যক্তি কুসুম্ভশাক

অপিচ।—

মম দৃষ্টেরভিমুখং তাম্বূলং চর্ব্বয়েত্তু যঃ। কুরুবকপলাশস্থৈঃ পুষ্পৈঃ কুর্য্যান্মমার্চ্চনম্॥
মমার্চ্চামাসুরে কালে যঃ করোতি বিমূঢ়ধীঃ। পীঠাসনোপবিষ্টো যঃ পূজয়েদ্বা নিরাসনঃ।
বামহস্তেন মাং ধৃত্বা স্নাপয়েদ্বা বিমূঢ়ধীঃ। পূজা পর্য্যুষিতৈঃ পুষ্পৈঃ ষ্ঠীবনং গর্ব্বকল্পনম্॥ ২১৪॥
তির্য্যক্‌পুণ্ড্রধরো ভূত্বা যঃ করোতি মমার্চ্চনম্। যাচিতৈঃ পত্রপুষ্পাদ্যৈর্যঃ করোতি মমার্চ্চনম্॥
অপ্রক্ষালিতপাদো যঃ প্রবিশেন্মম মন্দিরম্। অবৈষ্ণবস্য পক্বান্নং যো মহ্যং বিনিবেদয়েৎ॥
অবৈষ্ণবেষু পশ্যৎসু মম পূজাং করোতি যঃ। অপূজয়িত্বা বিঘ্নেশং সম্ভাষ্য চ কপালিনম্॥২১৫॥
নরঃ পূজান্তু যঃ কুর্য্যাৎ স্নপনঞ্চ নখাম্ভসা। অমৌনী ঘর্ম্মলিপ্তাঙ্গো মম পূজাং করোতি যঃ॥২১৬॥
জ্ঞেয়াঃ পরেঽপি বহবোঽপরাধাঃ সদসম্মতৈঃ। আচারৈঃ শাস্ত্রবিহিতনিষিদ্ধাতিক্রমাদিভিঃ।
তত্রাপি সর্ব্বথা কৃষ্ণনির্ম্মাল্যন্তু ন লঙ্ঘয়েৎ॥

তথাচ নারসিংহে শান্তনুং প্রতি নারদবাক্যম্।—

অতঃ পরন্তু নির্ম্মাল্যং ন লঙ্ঘয় মহীপতে। নরসিংহস্য দেবস্য তথান্যেষাং দিবৌকসাম্।
কৃষ্ণস্য পরিতোষেপ্সুর্ন তচ্ছপথমাচরেৎ। নানাদেবস্য নির্ম্মাল্যমুপযুঞ্জীত ন ক্বচিৎ॥

তথা বিষ্ণুধর্ম্মোত্তরে।—

আপদ্যপি চ কষ্টায়াং দেবেশশপথং নরঃ। ন করোতি হি যো ব্রহ্মংস্তস্য তুষ্যতি কেশবঃ॥
ন ধারয়তি নির্ম্মাল্যমন্যদেবধৃতন্তু যঃ। ভুঙ্‌ক্তে ন চান্যনৈবেদ্যং তস্য তুষ্যতি কেশবঃ॥

অস্মাকম্ অস্মান্। ভবনং সমাসাদ্য প্রাপ্য বিশেৎ। যদ্বা সমাসাদ্যেতি ভূত্বা ইত্যর্থঃ। মণ্ডপমিতি দ্বিতীয়ান্তপাঠো বা। ততশ্চ সমাসাদ্য সমাগম্য স্পৃষ্ট্বেত্যর্থঃ॥২১৩॥ প্রাপণং নৈবেদ্যম্। ষ্ঠীবনং গর্ব্বকল্পনঞ্চেতি দ্বয়ং ভগবদালয়ে জ্ঞেয়ম্॥ ২১৪॥ যাচিতৈঃ যাচিত্বা গৃহীতৈঃ শক্তৌ সত্যামিতি শেষঃ॥ ২১৫॥ নখাম্ভসা নখস্পৃষ্টজলেন॥ ২১৬॥ ন কেবলমেতাবন্ত এব অন্যেঽপি সন্তীতি

সহকারে আমাকে নৈবেদ্য প্রদান করে, তাহারা অপরাধী হইয়া থাকে। আরও লিখিত আছে যে, যে ব্যক্তি মদীয় দৃষ্টির পুরোভাগে তাম্বূল চর্ব্বণ করে, কুরুবক ও পলাশ কুসুম দ্বারা আমার পূজা করে, মূঢ়মতি যে ব্যক্তি আসুরিক সময়ে মদীয় অর্চ্চনা করে, যে পীঠাসনে কিংবা নিরাসনে আমার অর্চ্চনা করে, যে মূর্খ আমাকে বামকরে ধরিয়া স্নান করায়, যে ব্যক্তি পর্য্যুষিত কুসুমে আমার অর্চ্চনা করে, যে ব্যক্তি আমার মন্দিরে নিষ্ঠীবন ত্যাগ করে, যে ব্যক্তি গর্ব্ব প্রকাশ করে, যে ব্যক্তি কুটিলভাবে ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করত আমার অর্চ্চনা করে, সামর্থ্য থাকি-তেও যে অপরের নিকট হইতে প্রার্থনা করিয়া পত্র পুষ্পাদি গ্রহণ করত আমার পূজা করে, যে ব্যক্তি চরণ ধৌত না করিয়া মন্নিকেতনে প্রবিষ্ট হয়, যে ব্যক্তি বৈষ্ণব ব্যতীত অপরের পক্বান্ন আমাকে প্রদান করে, যে ব্যক্তি অবৈষ্ণব ব্যক্তির পুরোভাগে আমার অর্চ্চনা করে, যে ব্যক্তি গণপতির অর্চ্চনা না করিয়া এবং কপালধারীর সহিত কথোপকথন করিয়া পূজা করে, যে ব্যক্তি নখস্পৃষ্ট জল দ্বারা আমাকে স্নান করাইয়া মৌনভঙ্গ করিয়া ও স্বেদাক্তদেহ হইয়া অর্চ্চনা করে, তাহারা সকলেই অপরাধী হইয়া থাকে। ২১২—২১৬। এতদ্ভিন্ন সাধুদিগের অসম্মত আচার ও

অথাপরাধশমনম্।

সংবৎসরস্য মধ্যে চ তীর্থে শৌকরকে মম। কৃতোপবাসঃ স্নানেন গঙ্গায়াং শুদ্ধিমাপ্নুয়াৎ॥
মথুরায়াং তথাপ্যেবং সাপরাধঃ শুচির্ভবেৎ॥ অনয়োস্তীর্থয়োরন্তে যঃ সেবেৎ সুকৃতী নরঃ।
সহস্রজন্মজনিতানপরাধান্ জহাতি সঃ॥

স্কান্দে।—

অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ন্তু সংপঠেৎ। দ্বাত্রিংশদপরাধৈস্তু অহন্যহনি মুচ্যতে॥

তত্র কার্ত্তিকমাহাত্ম্যে।—

তুলস্যা কুরুতে যস্তু শালগ্রামশিলার্চ্চনম্। দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশবঃ॥

তত্রৈবান্যত্র।—

দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেৎ তুলসীস্তবম্। দ্বাত্রিংশদপরাধানি ক্ষমতে তস্য কেশবঃ॥
যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ। অপরাধসহস্রাণি নিত্যং হরতি কেশবঃ॥২১৭॥

লিখতি জ্ঞেয়া ইতি। সতাং বৈষ্ণবানামসম্মতৈরাচারৈঃ কৃত্বা হেতুভির্ব্বা। তানেব লিখতি শাস্ত্রেতি। শাস্ত্রেণ বিহিতং নিষিদ্ধঞ্চ যৎ তদতিক্রমাদিভিঃ। আদিশব্দেন নিজসম্প্রদায়াচারা-তিক্রমাদয়ঃ॥ ২১৭॥

শাস্ত্র-কথিত এবং নিষিদ্ধ আচার লঙ্ঘন করিলেও অপরাধী হইতে হয়। শ্রীহরির নির্ম্মাল্যে কদাচ অশ্রদ্ধা করিতে নাই। এই বিষয়ে নৃসিংহপুরাণে শান্তনুর প্রতি নারদোক্তি আছে যে, হে নৃপতে! অতঃপর নৃসিংহদেবের ও অপরাপর দেবতার নির্ম্মাল্যে অবহেলা করিও না। যে ব্যক্তি শ্রীহরিকে প্রসন্ন করিতে বাসনা করেন, তিনি কদাচ তদীয় শপথ করিবেন না এবং কোন কালেও নানাদেবের নৈবেদ্য সেবন করিবেন না। বিষ্ণুধর্ম্মোত্তরেও লিখিত আছে যে,হে ব্রহ্মন্! আপৎসময়ে অথবা কষ্ট সমুপাগত হইলেও যিনি প্রভুর শপথ না করেন, হরি তৎপ্রতি পরিতুষ্ট থাকেন। যে ব্যক্তি অন্য দেবতাধৃত নির্ম্মাল্য ধারণ না করে আর অপর দেবতার নৈবেদ্য সেবন না করে, তৎপ্রতি হরি প্রীত থাকেন।

অতঃপর অপরাধ শমন।—সংবৎর মধ্যে শৌকরতীর্থে অনাহারে থাকিয়া জাহ্নবী-সলিলে স্নান করিলে পবিত্রতা লাভ হয়। ঐপ্রকার মথুরাপুরীতে করিলেও অপরাধী পবিত্র হইতে পারে। এই উভয় তীর্থের সন্নিধানে থাকিয়া যিনি জনার্দ্দনের সেবা করেন, তিনিই যথার্থ পুণ্যবান্, তদীয় সহস্রজন্মার্জ্জিত অপরাধ বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। স্কন্দপুরাণে লিখিত আছে, যে ব্যক্তি প্রত্যহ গীতাধ্যায় অধ্যয়ন করেন, তিনি দিন দিন দ্বাত্রিংশদ্বিধ অপরাধ হইতে মুক্তি লাভ করিয়া থাকেন। ঐ পুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে লিখিত আছে, যিনি তুলসী দ্বারা শালগ্রাম পূজা করেন, হরি তদীয় দ্বাত্রিংশদ্বিধ অপরাধ ক্ষমা করিয়া থাকেন। ঐ পুরাণের অন্যত্রও লিখিত আছে, যে ব্যক্তি দ্বাদশী তিথিতে জাগরণ পূর্ব্বক তুলসী-স্তব অধ্যয়ন করেন, হরি তদীয় দ্বাত্রিংশদ্বিধ অপরাধ ক্ষমা করেন। যে ব্যক্তি কৃষ্ণশস্ত্রে চিহ্নিত হইয়া জনার্দ্দনের অর্চ্চনা করেন, প্রভু নিরন্তর তদীয় সহস্র অপরাধ ক্ষমা করিয়া থাকেন। ২১৭।

অথ শেষগ্রহণম্ ।

ততো ভগবতা দত্তং মন্যমানো দয়ালুনা। মহাপ্রসাদ ইত্যুক্ত্বা শেষং শিরসি ধারয়েৎ ॥ ২১৮॥

অথ নির্মাল্যধারণনিত্যতা।

পাদ্মে শ্রীগৌতমাম্বরীষসংবাদে। –

অম্বরীষ হরেৰ্লগ্নং নীরং পুষ্পং বিলেপনম্। ভক্ত্যা ন ধত্তে শিরসা শ্বপচাদধিকো হি সঃ ॥

অথ শ্রীভগবন্নির্ম্মাল্যমাহাত্ম্যম্ ।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

কৃষ্ণোত্তীর্ণস্তু নির্ম্মাল্যং যস্যাঙ্গং স্পৃশতে মুনে। সর্ব্বরোগৈস্তথা পাপৈর্মুক্তো ভবতি নারদ ॥
বিষ্ণোর্নির্ম্মাল্যশেষেণ যো গাত্রং পরিমার্জ্জয়েৎ। দুরিতানি বিনশ্যন্তি ব্যাধয়ো যান্তি খণ্ডশঃ ॥
মুখে শিরসি দেহে তু বিষ্ণূত্তীর্ণান্তু যো বহেৎ।
তুলসীং মুনিশার্দ্দূল ন তস্য স্পৃশতে কলিঃ ॥ ২১৯ ॥

কিঞ্চ।—বিষ্ণুমূর্ত্তিস্থিতং পুণ্যং শিরসা যো বহেন্নরঃ। অপর্য্যুষিতপাপস্তু যাবদ্যুগচতুষ্টয়ম্ ॥
কিং করিষ্যতি সুস্নাতো গঙ্গায়াং ভূসুরোত্তম। যো বহেৎ শিরসা নিত্যং তুলসীং বিষ্ণুসেবিতাম্ ॥
বিষ্ণুপাদাব্জসংলগ্নামহোরাত্রোষিতাং শুভাম্। তুলসীং ধারয়েদ্যো বৈ তস্য পুণ্যমনন্তকম্ ॥২২০॥
অহোরাত্রং শিরে যস্য তুলসী বিষ্ণুসেবিতা। ন স লিপ্যতি পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥২২১ ॥

শেষং নির্ম্মাল্যম্ ॥ ২১৮ ॥

নির্ম্মাল্যম্ অনুলেপনাদি ॥২১৯॥ পুণ্যং শ্রীতুলস্যাদি। অপর্য্যুষিতপাপঃ সদ্যঃসংক্ষীণপাপঃ॥২২০॥

অতঃপর নির্ম্মাল্য গ্রহণ।—তৎপরে যেন প্রভু কৃপা করত দান করিলেন, এই প্রকার চিন্তা করিয়া "মহাপ্রসাদ" এই কথা উচ্চারণ পূর্ব্বক শিরোদেশে নির্ম্মাল্য ধারণ করিবেন।

অনন্তর নির্ম্মাল্য ধারণের অবশ্য কর্ত্তব্যতা।—পদ্মপুরাণে গৌতমাম্বরীষ সংবাদে লিখিত আছে, হে অম্বরীষ! হরি-অঙ্গলগ্ন সলিল, কুসুম ও চন্দন ভক্তি সহকারে শিরোদেশে ধারণ না করিলে তাহাকে চণ্ডালাপেক্ষাও অধম জানিবে।

অতঃপর ভগবন্নির্ম্মাল্য-মাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে,হে দেবর্ষে! যাহার অঙ্গে কৃষ্ণাঙ্গ হইতে অবতারিত নির্ম্মাল্য স্পৃষ্ট হয়, সেই ব্যক্তি নিখিল রোগ ও নিখিল পাতক হইতে বিমুক্ত হইয়া থাকেন। যে ব্যক্তি বিষ্ণুনির্ম্মাল্যের শেষ দ্বারা দেহ মার্জ্জন করেন, তদীয় নিখিল পাতক ধ্বংস হয় এবং ব্যাধিসমূহ খণ্ড খণ্ড হইয়া যায়। যাহার বদনে, শীর্ষে ও শরীরে হরি-অঙ্গ হইতে অবতারিত তুলসী ধৃত থাকে, হে তাপসপ্রবর! কলি তাঁহাকে স্পর্শ করিতে সমর্থ হয় না। ২১৯। যিনি হরি অঙ্গলগ্ন পবিত্র নির্ম্মাল্য শিরোদেশে ধারণ করেন, তদীয় চতুর্যুগকৃত পাতক আশু বিলয় প্রাপ্ত হইয়া থাকে। হে বিপ্রপ্রবর! যিনি হরির নির্ম্মাল্য তুলসী প্রত্যহ শিরোদেশে ধারণ করেন, তাঁহাকে আর জাহ্নবী-সলিলে যথাবিধি স্নান করিতে হয় না। হরির চরণকমলে দিবানিশি সংস্থিত বিশুদ্ধ তুলসী ধারণ করিলে পুণ্যের পরিসীমা থাকে না। ২২০। যাহার শিরোদেশে হরিভুক্তা তুলসী

কিঞ্চ।—

বিষ্ণোঃ শিরঃপরিভ্রষ্টাং ভক্ত্যা যস্তুলসীং বহেৎ। সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি মনসা চিন্তিতানি চ॥

অপি চ।— প্রমার্জ্জয়তি যো দেহং তুলস্যা বৈষ্ণবো নরঃ।
সর্ব্বতীর্থময়ং দেহং তৎক্ষণাৎ দ্বিজ জায়তে॥ ২২২॥

গারুড়ে।—হরেমূর্ত্ত্যবশেষন্তু তুলসীকাষ্ঠচন্দনম্। নির্ম্মাল্যন্তু বহেদ্যস্তু কোটিতীর্থফলং লভেৎ॥

নারদপঞ্চরাত্রে।—

ভোজনানন্তরং বিষ্ণোরর্পিতং তুলসীদলম্। তৎক্ষণাৎ পাপনির্ম্মোকশ্চান্দ্রায়ণশতাধিকঃ॥২২৩॥

কিঞ্চান্যত্র।—

কৌতুকং শৃণু মে দেবি বিষ্ণোর্নির্ম্মাল্যবহ্নিনা। তাপিতং নাশমায়াতি ব্রহ্মহত্যাদিপাতকম্॥

একাদশস্কন্ধে শ্রীভগবন্তং প্রত্যুদ্ধবোক্তৌ।—

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি॥

অতএব স্কান্দে শ্রীযমস্য দূতানুশাসনে।—পাদোদকরতা যে চ হরের্নির্ম্মাল্যধারকাঃ।
বিষ্ণুভক্তিরতা যে বৈ তে তু ত্যাজ্যাঃ সুদূরতঃ॥

বিসর্জ্জনন্তু চেৎ কার্য্যং বিসৃজ্যাবরণানি তৎ। দেবে তন্মুদ্রয়া প্রার্থ্য দেবং হৃদি বিসর্জ্জয়েৎ॥

তথা চোক্তম্।—

পূজিতোঽসি ময়া ভক্ত্যা ভগবন্ কমলাপতে। সলক্ষ্মীকো মম স্বান্তং বিশ বিশ্রান্তিহেতবে॥
প্রার্থ্যৈবং পাদুকে দত্ত্বা সাঙ্গমুদ্বাসয়েদ্ধরিম্। প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ কৃত্বা মুদ্রাং বিসর্জ্জনীম্॥২২৪॥

শিরে শিরসি। ন লিপ্যতি ন লিপ্যতে॥ ২২১॥ বৈষ্ণব ইত্যনেন শ্রীভগবন্নির্ম্মাল্যতুলস্যেতি বোধ্যম্॥ ২২২॥ পাপান্নির্ম্মোকঃ নিঃশেষেণ মুক্তিশ্চান্দ্রায়ণশতাদপ্যধিকঃ ইতি সবাসনাশেষ-পাপসঞ্চয়ক্ষপণাৎ॥ ২২৩॥ নির্ম্মাল্যং প্রসাদতুলস্যাদি তদেব বহ্নিস্তেন তাপিতং দগ্ধং সৎ॥২২৪॥

ভক্তি সহকারে ধৃত হয়, তাঁহার যাবতীয় অভীষ্ট সিদ্ধ হইয়া থাকে। আরও লিখিত আছে, যে বৈষ্ণব শরীরে হরিনির্ম্মল্য তুলসী ঘর্ষণ করেন, হে দ্বিজ! আশু তদীয় গাত্র সর্ব্বতীর্থময় হয়। ২২২। গরুড়পুরাণে লিখিত আছে, বিষ্ণুর দেহলগ্ন তুলসীকাষ্ঠ, চন্দনের অবশেষ ও নির্ম্মাল্য ধারণ করিলে কোটিতীর্থফল প্রাপ্ত হওয়া যায়। নারদপঞ্চরাত্রে লিখিত আছে, হরির প্রসাদ হইলে তদনন্তর যদি তুলসীদল নিজ অঙ্গে প্রদান করা যায়, তবে আশু পাতক হইতে মুক্তিলাভ হয় এবং শত চন্দ্রায়ণাপেক্ষাও সমধিক ফল হইয়া থাকে। ২২৩। অন্যত্রও লিখিত আছে, হে দেবি! কৌতুকের কথা অবধান কর, ব্রহ্মবধাদি যে কোন পাপই হউক,বিষ্ণুনির্ম্মাল্যরূপ বহ্নিতে ভস্মীভূত হইয়া বিনষ্ট হয়। ভাগবতের একাদশ স্কন্ধে ভগবানের প্রতি উদ্ধবোক্তি আছে যে, তুমি যে মাল্য, চন্দন, বসন, ভূষণ উপভোগ করত পরিহার কর, সেই সমস্ত ধারণ ও ত্বদীয় উচ্ছিষ্ট সেবন করিয়াই আমরা ত্বদীয় মায়া-জয়ে সক্ষম হইব। স্কন্দ-পুরাণে দূতের প্রতি যমোপদেশ আছে যে, যে সকল ব্যক্তি হরির চরণোদকে আসক্ত, যেসকল ব্যক্তি কেশবনির্ম্মাল্য ধারণ করেন এবং যাঁহারা হরিভক্তিতে নিতান্ত অনুরক্ত, সেই সকল

অথ পূজাবিধিবিবেকঃ।

অয়ং পূজাবিধির্মন্ত্রসিদ্ধ্যর্থস্য জপস্য হি। অঙ্গং ভক্তেস্তু তন্নিষ্ঠৈর্ন্যাসাদীনন্তরেষ্যতে ॥ ২২৫ ॥
তত্র দেবালয়ে পূজা নিত্যত্বেন মহাপ্রভোঃ। কাম্যত্বেনাপি গেহে তু প্রায়ো নিত্যতয়া মতা ॥২২৬॥

এবং ক্রমদীপিকাদ্যুক্তানুসারেণ প্রায়ঃ কামপরাণাং পূজাবিধিং লিখিত্বা ইদানীং শ্রীভগবদ্ভক্তিপরাণাং পূজাবিধিং তত্রৈব বিভজ্য দর্শয়তি অয়মিতি। পঞ্চমাদি-বিলাসচতুষ্টয়েন লিখিতোঽয়ং পূজাবিধিঃ শ্রীভগবদর্চ্চনপ্রকারঃ জপস্য অঙ্গং ক্রমদীপিকাদ্যভিপ্রেতস্য তত্তৎকামেন জপস্যৈব তত্র প্রাধান্যাৎ। কথম্ভূতস্য ?—মন্ত্রস্য সিদ্ধিঃ সাধনং সৈব অর্থঃ প্রয়োজনং যস্য তস্য। অতস্তত্তৎফলার্থং জপেন মন্ত্রসাধনস্যৈব বিধেয়ত্বাৎ মন্ত্রাদীনাং শ্রীভগবতা সহাভেদাপাদনার্থং তত্তন্ন্যাসাদিকমিতি ভাবঃ। ভক্তের্নববিধায়াস্তু অঙ্গং যঃ পূজাবিধিঃ স চ ন্যাসাদীন্ প্রকারান্ অন্তরা বিনৈব ভক্তিনিষ্ঠৈরিষ্যতে। আদিশব্দেন আবাহনাদি কতিপয়মুদ্রাদি চ। ভক্তিপরৈঃ সাক্ষাদ্ভগবদ্বুদ্ধ্যা শ্রীমূর্ত্ত্যাদিপূজনে ন্যাসাদ্যযোগাদিত্যেষা দিক্ ॥ ২২৫ ॥ ভক্ত্যঙ্গপূজাবিধৌ চ দেবালয়-নিজগৃহভেদেন কথঞ্চিদ্ভেদমপি পরং দর্শয়তি তত্রেতি। তস্মিন্ ভক্ত্যঙ্গ-পূজা বিধৌ যা দেবালয়ে নিজগৃহাৎ পৃথক্ত্বেন কেবলং ভগবদর্থং স্বয়ং নির্ম্মিতে মন্দিরে পূর্ব্বসিদ্ধে বা দেবকুলাদৌ মহাপ্রভোঃ শ্রীভগবতঃ শ্রীকৃষ্ণস্য পূজা, সা তদুপাসকানাং নিত্যত্বেন কাম্যত্বেনাপি মতা ভক্তিনিষ্ঠৈঃ। একাদশীব্রতাদিবদিত্যত্র দৃষ্টান্তো দ্রষ্টব্যঃ। মহাপ্রভোরিতি নিত্যত্বে কাম্যত্বে চ হেতুরুন্নেয়ঃ, তস্যৈবাপূজনে মহাদোষশ্রবণাৎ পূজনে চাশেষবাঞ্ছিতবাঞ্ছাতীতফলসিদ্ধেশ্চ। তৎসর্ব্বমগ্রে তৎপ্রকরেণ ব্যক্তং ভাবি। গেহে নিজগৃহে চ যা পূজা সা প্রায়ো নিত্যত্বেনৈব মতা। এবং দেবালয়ে পূজায়া নিত্যতয়াবশ্যকর্ত্তব্যত্বাদকরণে প্রত্যবায়ঃ। সম্পাদনঞ্চ তস্যাঃ কেবলং কর্ত্তব্যত্বেন শ্রীভগবৎপ্রীত্যুদ্দেশেন বা। কাম্যতয়া চ তত্তৎফলাপেক্ষয়া যথাবিধি-শ্রেষ্ঠ-প্রেষ্ঠ-দ্রব্য-সমর্পণাদি কালানতিক্রমণমপরাধবর্জনাদিকঞ্চ জ্ঞেয়ম্। গৃহে চ নিত্যত্বেন কেবলমকরণে প্রত্যবায়পরিহারাৎ ফলানুসন্ধানাভাবাচ্চ নিজনিয়মপরিপালনানুসারেণ স্বগৃহসিদ্ধদ্রব্যার্পণাদিকমেবেতি। যদ্যপি অগ্নিহোত্রাদৌ নিত্যকর্ম্মণ্যপি সামান্যতো ব্রহ্মলোকাদিপ্রাপ্তিঃ ফলং যথা শ্রূয়তে, তথাত্রাপি পরমপদপ্রাপ্তিঃ ফলমস্ত্যেব, তথাপি সেবৈকৈস্তচ্চানণুসন্ধেয়ম্। কেবলং

ব্যক্তির সমীপবর্ত্তী হইয়া গমন করিও না। বিসর্জ্জন করিতে হইলে আবরণ-সমূহ ত্যাগ করাইয়া বিসর্জ্জনী মুদ্রা দ্বারা প্রার্থনা করত দেবতাকে স্বীয় হৃদয়ে বিসর্জ্জন করিতে হইবে। এই বিষয়ে উক্ত আছে যে, হে ভগবন্! হে কমলাকান্ত! আমি ভক্তি সহকারে দেবী কমলার সহিত ত্বদীয় অর্চ্চনা করিলাম, অধুনা বিশ্রামার্থ মদীয় অন্তরে প্রবিষ্ট হউন্। এইপ্রকার প্রার্থনা পূর্ব্বক পাদুকা নিবেদন করত প্রাণায়াম, ষড়ঙ্গ ন্যাস ও বিসর্জ্জনী মুদ্রা করিয়া অঙ্গ সহিত হরিকে বিসর্জ্জন করিতে হইবে। ২২৪।

অনন্তর পূজা-বিধি-নিরূপণ।—এই পর্য্যন্ত যে সমস্ত পূজার বিধান বর্ণন করিলাম, এ সকল মন্ত্রসিদ্ধ্যর্থ কর্ত্তব্য, ইহা জপাঙ্গ। ভক্তগণ যে পূজা ভক্তির অঙ্গ কহেন, ন্যাসাদি ব্যতীতও সে পূজা হইতে পারে। ২২৫। ভক্তিপূজন-স্থলে দেবমন্দিরে পূজা উপাসকগণের পক্ষে নিত্যও হয়,

সেবাদিনিয়মো দেবালয়ে দেবস্য চেষ্যতে। প্রায়ঃ স্বগেহে স্বচ্ছন্দসেবা স্বব্রতরক্ষয়া ॥ ২২৭ ॥

কিঞ্চ বিষ্ণুধর্ম্মোত্তরে।—

ঘৃতেন স্নপিতং দেবং চন্দনেনানুলেপয়েৎ। সিতজাত্যাশ্চ কুসুমৈঃ পূজয়েত্তদনন্তরম্ ॥

শ্বেতেন বস্ত্রযুগ্মেন তথা মুক্তাফলৈঃ শুভৈঃ। মুখ্যকর্পূরধূপেন পয়সা পায়সেন চ।

পদ্মসূত্রস্য বর্ত্ত্যা চ ঘৃতধূপেন চাপ্যথ। পূজয়েৎ সর্ব্বথা যত্নাৎ সর্ব্বকামপ্রদার্চ্চনাম্।

কর্ত্তব্যত্বেনৈব কার্য্যমিত্যুক্তম্। প্রায় ইত্যনেন দেবালয়বদ্গৃহেঽপি কস্যচিৎ কদাচিৎ কেনচিৎ কামেনাপি পূজা সম্মতেতি ॥ ২২৬ ॥

তদেবাভিব্যঞ্জয়ন্ তত্তৎ ভেদফলং লিখতি সেবাদীতি। দেবস্য ভগবতঃ সেবায়াঃ ভক্তিবিশেষেণ পূজায়াঃ নিয়মঃ যস্মিন্ কালে যেন দ্রব্যেণ যথা যেন কর্ত্রা কার্য্যতাদিরূপঃ। তথা, যদ্যৎ প্রিয়তমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ ইত্যাদিবচনানুসারেণ তত্তদ্দ্রব্যার্পণরূপশ্চ। তথা কেবলং শ্রীভগবদুদ্দেশেনৈব যথাকালং নিত্যনিয়মিতভোগার্পণাদিরূপশ্চ। আদিশব্দাৎ অগ্রে পৃষ্ঠে বামভাগে ইত্যাদিবচনানুসারেণ যস্মিন্ স্থানে যথা নমস্কার্য্যমিতি প্রণামনিয়মঃ। তথা যত্র ভোজনাদিকমুপযুজ্যতে তত্রৈব তৎ কর্ত্তব্যমিত্যাদি-প্রকারকো বারাহাদ্যুক্ত-দেবালয়-বিষয়কাপরাধপরিহারাদিনিয়মশ্চেষ্যতে ভক্তিনিষ্ঠৈঃ। অন্যথা সম্যক্‌ফলাসিদ্ধেঃ। অতো ব্রতদিনেঽপ্যন্যদিনবদ্ভোগসমর্পণং সম্মতং স্যাৎ। এবং কেচিদ্দ্বাদশ্যাং দিবাপি ভগবতঃ স্বাপনমিচ্ছন্তি। নিজগৃহে তু স্বচ্ছন্দেন নিজেচ্ছয়া বেষ্যতে। যদা যত্র যেন দ্রব্যেণ যথা সেবা কর্ত্তুং শক্যতে তদা তত্র তেন তথা কার্য্যা, ন তু কাল-দেশ-দ্রব্যাদি-নিয়মেনেত্যর্থঃ। গৃহস্থানামবশ্যকৃত্য-কুটুম্বভরণাদিব্যাপারপরতয়া নিজভৃত্যাতিথ্যাদ্যপেক্ষয়া চ তত্তন্নিয়মাসিদ্ধেঃ। অতো নিজপরিবারবৈষ্ণবাভ্যাগতাদ্যপেক্ষয়া ভগবদর্প্যভোগস্য কদাচিদ্বহুলতাল্পতা চ স্যাৎ। তত্র চ স্বস্য আত্মনো যদ্ব্রতং নিয়মঃ বৈষ্ণবত্বেন নিত্যং বৃন্তাক-মসূরাদিবর্জনং দশম্যাদৌ ক্ষারাদিবর্জনং চাতুর্মাস্যাদৌ শাকাদি-কলিঙ্গাদিবর্জনঞ্চ তথা দ্বাদশ্যনতিক্রমণাদিকঞ্চ তস্য রক্ষয়া তৎ-পরিপালনানুসারেণেত্যর্থঃ। অতো ব্রতদিনে কেচিদন্নঞ্চ ন সমর্পয়ন্তি। এবং যদা যান্যেবাত্মোপভোগযোগ্যানি, তদা তান্যেব ভগবতে সমর্প্যাণীতি ভাবঃ। যদি বা ভক্তিবিশেষতঃ কদাচিত্তানি সমর্প্যেরন্, তদা নিজব্রতাপেক্ষয়া স্বয়ং নোপযোক্তব্যানি কস্মৈচিদ্বৈষ্ণবায় দেয়ানি জলে বার্প্যাণি। একান্তিভিশ্চ ভাববিশেষেণ চেত্তানি স্বয়মুপযুজ্যেরন্। ততশ্চ তেষাং ব্রতাদাবনধিকারান্ন কোঽপি দোষো ঘটেতেত্যগ্রে লেখ্যমেব। প্রায় ইত্যনেন চ দেবালয় ইব ভক্তিবিশেষেণ কস্যচিৎ কদাচিৎ কশ্চিৎ সেবা-নিয়মোঽভিপ্রেতঃ। এতচ্চ লৌকিকেন সেবা-শব্দেনাপি লৌকিকবন্ধুবৎ শ্রীভগবতি সূচিতেন ভাববিশেষেণানুমতমেব। যদ্যপি স্বব্রতরক্ষয়েত্যত্রাপি প্রায়ঃশব্দসম্বন্ধে কৃতে

কাম্যও হয়; কিন্তু স্বীয় গৃহে অর্চ্চনা তাঁহাদিগের পক্ষে নিত্য বিধেয়।২২৬। দেবমন্দিরে অর্চ্চনা করিতে হইলেই সেবা প্রভৃতির নিয়ম রক্ষা করিতে হয়; আপন গৃহে স্বীয় ইচ্ছানুসারে অর্চ্চনা করিতে পারিবেন, কেবল স্বীয় ব্রতভঙ্গ না হইলেই হইল। ২২৭। বিষ্ণুধর্ম্মোত্তরেও লিখিত আছে, হরিকে ঘৃত দ্বারা স্নান করাইয়া চন্দনানুলেপন প্রদান করিবে। তৎপরে শ্বেতজাতি-

কুষ্ণেমাং মুচ্যতে রোগী রোগাৎ শীঘ্রমসংশয়ম্। দুঃখার্ত্তো মুচ্যতে দুঃখাৎ বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ॥
রাজগ্রস্তশ্চ মুচ্যেত তথা রাজভয়ান্নরঃ। ক্ষেমেণ গচ্ছেদধ্বানং সর্ব্বানর্থবিবর্জ্জিতঃ॥ ২২৮॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাতরর্চ্চাসমাপনো নামাষ্টমো বিলাসঃ॥ ৮॥

কদাচিৎ কস্যচিৎ ভক্তিবিশেষেণ নিজব্রতানাদরশ্চাপদ্যতে, তথাপি কৃষ্ণস্তস্য পরাঙ্মুখ ইত্যাদি-বচনাৎ কার্ত্তিকাদিব্রতাকরণে মহাদোষশ্রবণাৎ বৈষ্ণবৈঃ স্বব্রতং পরিপালায়েবেতি তথা ন ব্যাখ্যেয়ম্। কিঞ্চ, যদ্যপি গৃহেঽপি পূজাপরাধবর্জ্জনাদিকমপেক্ষ্যতে, তথাপি উচ্চৈর্ভাষা মিথোজল্প ইত্যাদ্যপরাধানাং প্রায়ো গৃহে বর্জ্জনস্যাশক্যত্বাৎ তত্তন্নিয়মো ন সম্ভবেদিতি জ্ঞেয়ম্। ইত্থং চৈককালং দ্বিকালং বেত্যাদি-বচনাৎ এককালমপি পূজা। তথা নিজগৃহপ্রদেশে সমাবেশেন যত্র কুত্রাপি ভগবতে নমস্কারঃ শ্রীভগবৎ পুরতো ভোজনঞ্চোপপদ্যতে। এবমন্যদপ্যূহ্যম্। এবমেব সর্ব্বমবিরুদ্ধমনবদ্যঞ্চ স্যাৎ। অন্যথা দ্বাত্রিংশদপরাধেষু ভগবদগ্রতো ভোজননিষেধস্য নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রিতমিত্যাদৌ মুরারেঃ পুরতো ভোজনে মহাগুণতয়া বিধানস্য চেত্যাদের্বহুল-বিরোধাপত্তেরিত্যেষা দিক্॥ ২২৭—২২৮॥

ইতি শ্রীহরিভক্তিবিলাসটীকায়াং দিগ্‌দর্শিন্যাম্ অষ্টমো বিলাসঃ॥ ৮॥

কুসুম দ্বারা অর্চ্চনা করিবে। অনন্তর শুভ্র পরিধেয় ও উত্তরীয়, শুভ্র মুক্তাফল, উত্তম কর্পূর, ধূপ, দুগ্ধ, পায়স, কমলসূত্রের বর্ত্তি এবং ঘৃতসমন্বিত ধূপ দ্বারাও ভক্তিসহকারে পূজা করিবেন, এই পূজা নিখিল কামনা সিদ্ধ করে। এই অর্চ্চনা দ্বারা রোগী রোগ হইতে আশু পরিত্রাণ পায় সন্দেহ নাই। যে ব্যক্তি দুঃখে নিমগ্ন হইয়াছেন, এই পূজাপ্রসাদে তদীয় দুঃখ মোচন হয় এবং বন্দীর বন্ধন-মুক্তি হইয়া থাকে। ইহার প্রসাদে অপরাধী জন রাজভয় হইতে মুক্তি লাভ করে এবং পথিক জন কোন বিপদ্‌গ্রস্ত না হইয়া সুখে পথে গমন করিয়া থাকে। ২২৮।

ইতি প্রাতঃপূজা-সমাপন নামক অষ্টম বিলাস সমাপ্ত।৮।

নবমবিলাসঃ।

স প্রসীদতু চৈতন্যদেবো যস্য প্রসাদতঃ। মহাপ্রসাদজাতার্হঃ সদ্যঃ স্যাদধমোঽপ্যয়ম্॥ ১॥

অথ শঙ্খোদকং তচ্চ কৃষ্ণদৃষ্টিসুধোক্ষিতম্। বৈষ্ণবেভ্যঃ প্রদায়াভিবন্দ্য মূর্দ্ধনি ধারয়েৎ॥ ২॥

শঙ্খোদকমাহাত্ম্যম্।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

শঙ্খোদকং হরের্ভক্তির্নির্ম্মাল্যং পাদয়োর্জলম্। চন্দনং ধূপশেষন্তু ব্রহ্মহত্যাপহারকম্॥ ৩॥

অধুনা মহাপ্রসাদপ্রকরণং লিখন্ পরমগুরু-শ্রীভগবৎ প্রসাদং প্রার্থয়তে স ইতি। মহাপ্রসাদো নাম ভগবদুচ্ছিষ্টাদি তস্য জাতং সমুচ্চয়ঃ তদ্‌যোগ্যঃ স্যাৎ। এবমেতল্লিখনে পরমাযোগ্যস্যাপ্যাত্মনো ভগবৎ-প্রসাদেনৈব যোগ্যতা সম্ভাবিতেতি পূর্ব্ববদূহ্যম্। এবমগ্রেঽপি বোদ্ধব্যম্॥ ১॥ তচ্চেতি যৎ পূর্ব্বং পূজোপকরণাদ্যভ্যুক্ষণানন্তরং পুনর্ভৃতজলে শ্রীভগবদগ্রতো ন্যস্তে শঙ্খে স্থিতং পশ্চাচ্চ তেন শঙ্খেন ত্রির্ভ্রামণতো ভগবন্নীরাজনমনুষ্ঠিতং তদা তৎস্থজলস্যাপি নীরাজনেন সৌভাগ্যং জাতমস্তি তদিত্যর্থঃ। অতএব পূর্ব্বং ভগবদগ্রতো ন্যস্তত্বাৎ কৃষ্ণস্য দৃষ্টিরূপয়া সুধয়া উক্ষিতং সিক্তং চেতি মহাসৌভাগ্যজাতং দর্শিতম্। যদি চ শঙ্খান্তরেণ সদ্যোজলভৃতেন ভগবন্নীরাজনমেব দ্রষ্টব্যং, তথাপি তচ্ছঙ্খজলস্য নীরাজনেন ভগবদ্দৃষ্টিগোচরতাবাপ্ত্যা কিংবা নীরাজনানন্তরং স্তবনবন্দনাদ্যর্থমবশ্যং ভগবদগ্রতো ধার্য্যত্বেন তদ্দৃষ্টি-সুধোক্ষিতত্বং সম্পদ্যত এব। এবঞ্চ পূর্ব্বস্থাপিতেনৈব শঙ্খেন ক্ষীরাদিস্নপনং বোদ্ধব্যম্, অন্যথা শঙ্খবাহুল্যাপত্তেঃ। ততশ্চ স্নাপনানন্তরং তস্য রিক্তত্বাৎ তথা নীরাজনশঙ্খস্য জলগ্রহণাচ্চ পুনরগ্রে লেখ্যং ভগবদগ্রতঃ শঙ্খস্থাপনং যুক্তমেব। ন চ বক্তব্যমিদং পূর্ব্বং শঙ্খঃ স্থাপিতোঽস্ত্যেব ক্ষীরস্নপনাদিকং নীরাজনঞ্চ শঙ্খান্তরেণৈবেতি পুনঃ শঙ্খস্থাপনেনালমিতি, যতঃ শিষ্টাচারানুসারেণ বিষ্ণুভক্তিচন্দ্রোদয়াদৌ গ্রন্থে শ্রীনৃসিংহারণ্যাদিভিঃ প্রামাণিকবর্গৈর্লিখিতং পূজাসমাপ্তৌ পুষ্পাদিনা পূজা-পূর্ব্বকং শঙ্খস্য বিশেষতঃ স্থাপনমপেক্ষ্যত এব। পূর্ব্বন্তু পূজোপকরণাদ্যভ্যুক্ষণোপক্ষীণজলঃ শঙ্খঃ পূজারম্ভে মঙ্গলার্থং কেবলং জলেনাপূর্য্য স্থাপিত আসীদিতি বিশেষঃ॥ ২॥

যাঁহার কৃপায় আমি অধম হইয়াও সদ্যঃ প্রসাদ পাইবার উপযুক্ত পাত্র হইতে পারি, সেই প্রথিত শ্রীচৈতন্য প্রভু মৎপ্রতি প্রসন্ন হউন। ১। অতঃপর যে শঙ্খস্থ সলিলে শ্রীহরির দৃষ্টিরূপ সুধা নিপতিত হইয়াছে, প্রথমতঃ সেই জল বৈষ্ণবগণকে প্রদান করত তদনন্তর নমস্কার করিয়া আপনার শিরোদেশে ধারণ করিবে। ২।

অতঃপর শঙ্খজল-মাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, গোবিন্দের অর্চ্চনাশেষ শঙ্খজল, নববিধ ভক্তি (শ্রবণ কীর্ত্তনাদি), হরির নির্ম্মাল্য, বিষ্ণুপাদোদক এবং

তত্রৈব শঙ্খমাহাত্ম্যে।—

শঙ্খস্থিতন্তু যত্তোয়ং ভ্রামিতং কেশবোপরি। বন্দতে শিরসা নিত্যং গঙ্গাস্নানেন তস্য কিম্॥ ৪॥
ন দাহো ন ক্লমো নার্ত্তির্নরকাগ্নিভয়ং ন হি। যস্য শঙ্খোদকং মূর্দ্ধ্নি কৃষ্ণদৃষ্ট্যাবলোকিতম্॥
ন গ্রহা ন চ কুষ্মাণ্ডাঃ পিশাচোরগরাক্ষসাঃ। দৃষ্ট্বা শঙ্খোদকং মূর্দ্ধ্নি বিদ্রবন্তি দিশো দশ॥ ৫॥
কৃষ্ণমূর্দ্ধ্নি ভ্রামিতন্তু জলং তচ্ছঙ্খসংস্থিতম্। কৃত্বা মূর্দ্ধন্যবাপ্নোতি মুক্তিং বিষ্ণোঃ প্রসাদতঃ॥
ভ্রাময়িত্বা হরের্মূর্দ্ধ্নি মন্দিরং শঙ্খবারিণা। প্রোক্ষয়েদ্বৈষ্ণবো যস্য নাশুভং তদ্গৃহে ভবেৎ॥ ৬
নীরাজনজলং যত্র যত্র পাদোদকং হরেঃ। তিষ্ঠতে মুনিশার্দ্দূল বর্দ্ধন্তে তত্র সম্পদঃ॥

তত্রৈবাগ্রে।—

নীরাজনজলং বিষ্ণোর্যস্য গাত্রাণি সংস্পৃশেৎ। যজ্ঞাবভৃথলক্ষাণাং স্নানজং লভতে ফলম্॥

তত্রৈব শ্রীশিবোক্তৌ।—

পাদোদকেন দেবস্য হত্যাযুতসমন্বিতঃ। শুধ্যতে নাত্র সন্দেহস্তথা শঙ্খোদকেন হি॥

বৃহদ্বিষ্ণুপুরাণে চ।—

তীর্থাধিকং যজ্ঞশতাচ্চ পাবনং জলং সদা কেশবদৃষ্টিসংস্থিতম্।
ছিনত্তি পাপং তুলসীবিমিশ্রিতং বিশেষতশ্চক্রশিলাবিনির্ম্মিতম্॥ ৭॥

ভক্তিঃ শ্রবণকীর্ত্তনাদিনববিধা॥ ৩॥ যো বন্দতে তস্য॥ ৪॥ যস্য মূর্দ্ধ্নি বর্ত্ততে। গ্রহাদয়ঃ মূর্দ্ধ্নি স্থিতং শঙ্খোদকং দৃষ্ট্বা ন কিঞ্চিৎ কর্ত্তুং শক্নুবন্তি প্রত্যুত বিদ্রবন্তি পলায়ন্ত ইত্যর্থঃ॥ ৫—৬॥ চক্রশিলাবিনির্ম্মিতং ভগবচ্চরণামৃতমিত্যর্থঃ॥ ৭॥

শ্রীহরির উপযুক্ত চন্দন ও ধূপ, এই সমস্ত দ্বারা ব্রহ্মহত্যা পাপ বিদূরিত হয়। ৩। ঐ গ্রন্থেই শঙ্খমাহাত্ম্যবর্ণনে লিখিত আছে যে, যে জল শঙ্খস্থ করিয়া বিষ্ণুশিরে ভ্রামিত হইয়াছে, যিনি প্রত্যহ মস্তকোপরি সেই জল ধারণ করেন, জাহ্নবী-সলিলে তাঁহার স্নানে আর কি আবশ্যক? । ৪। শঙ্খস্থিত যে জলের উপরিভাগে শ্রীহরির দৃষ্টি পড়িয়াছে, যে ব্যক্তির মস্তকে সেই জল বিদ্যমান থাকে, তদীয় যন্ত্রণা, গ্লানি, শোক অথবা নরকভীতি কিছুই বিদ্যমান থাকে না। মস্তকোপরি শঙ্খবারি দর্শন করিলে গ্রহ, কুষ্মাণ্ড, পিশাচ, ভুজঙ্গ, রাক্ষস সকলেই ভীত হইয়া দশ দিকে পলাইয়া যায়। ৫। হরিশীর্ষোপরি যে শঙ্খস্থ বারি ভ্রামিত হইয়াছে, তাহা মস্তকে ধারণ করিলে হরির প্রসাদে মুক্তি লাভ হইয়া থাকে। যে বৈষ্ণব জন শঙ্খস্থ সলিল বিষ্ণুশীর্ষোপরি ভ্রামিত করত তজ্জল দ্বারা স্বীয় গৃহ প্রোক্ষিত করেন, তাঁহার সেই গৃহে অশুভ বিদ্যমান থাকে না। ৬। আরও লিখিত আছে যে, হে তাপসপ্রবর! যেখানে হরির নীরাজনবারি ও চরণোদক সংস্থিত থাকে, তথায় সর্ব্বপ্রকার সম্পদ্ পরিবর্দ্ধিত হয়। ঐ স্থানের কিঞ্চিৎ পরে লিখিত আছে, হরির নীরাজনবারি যে ব্যক্তির অঙ্গ স্পর্শ করে, তাঁহার লক্ষ যজ্ঞের অবভৃথ-স্নানজন্য ফললাভ হয়। ঐ স্থানেই শিবোক্তি আছে যে, অযুত হত্যাজন্য পাপে লিপ্ত হইলেও হরিচরণোদক ও নীরাজনবারি স্পর্শ মাত্র পবিত্র হইতে পারে সন্দেহ নাই। বৃহদ্বিষ্ণুপুরাণে লিখিত আছে, হরিদৃষ্টিপ্রাপ্ত তুলসীসমন্বিত বারি, বিশেষতঃ শালগ্রামশিলোদক সর্ব্বদাই সর্ব্ব-

অথ তীর্থধারণম্।

কৃষ্ণপাদাব্জতীর্থঞ্চ বৈষ্ণবেভ্যঃ প্রদায় হি। স্বয়ং ভক্ত্যাভিবন্দ্যাদৌ পীত্বা শিরসি ধারয়েৎ॥
তস্য মন্ত্রবিধিশ্চ প্রাক্ প্রাতঃস্নানপ্রসঙ্গতঃ। লিখিতো হ্যধুনা পানে বিশেষো লিখ্যতে কিয়ান্॥৮॥
স চোক্তঃ।—

ওঁ চরণং পবিত্রং বিততং পুরাণং যেন পূতস্তরতি দুষ্কৃতানি।
তেন পবিত্রেণ শুদ্ধেন পূতা অপি পাপ্মানমরাতিং তরেম॥
লোকস্য দ্বারমার্চ্চয়ং পবিত্রং জ্যোতিষ্মৎ বিভ্রাজমানং মহস্ত-
দমৃতস্য ধারা বহুধা দোহমানং চরণং লোকে সুধিতাং দধাতু॥ ইতি॥ ৯॥

ইমং মন্ত্রং সমুচ্চার্য্য সর্ব্বদুষ্টগ্রহাপহম্। প্রাশ্নীয়াৎ প্রোক্ষয়েদ্দেহং পুত্রমিত্রপরিগ্রহম্॥
কিঞ্চ।—
বিষ্ণোঃ পাদোদকং পীতং কোটিহত্যাঘনাশনম্। তদেবাষ্টগুণং পাপং ভূমৌ বিন্দুনিপাতনাৎ॥ ১০

অথ চরণোদকপানমাহাত্ম্যম্।

পাদ্মে গৌতমাম্বরীষসংবাদে।—
হরেঃ স্নানাবশেষন্তু জলং যস্যোদরে স্থিতম্। অম্বরীষ প্রণম্যোচ্চৈঃ পাদপাংশুঃ প্রগৃহ্যতাম্॥

বিধির্ধারণপ্রকারশ্চ। কিয়ান্ সংক্ষিপ্তো বিধিবিশেষো লিখ্যতে॥ ৮॥ চরণং চরণারবিন্দং তদুদকমিত্যর্থঃ। অরাতিং সংসারলক্ষণম্। সুধিতাং সুধাবদাদরণীয়তামিত্যর্থঃ॥ ৯॥ তত্তস্মাৎ পানোক্তপুণ্যাদষ্টগুণমিত্যর্থঃ॥ ১০॥

তীর্থবারি হইতেও সমধিক বিশুদ্ধ, শতযজ্ঞ অপেক্ষাও শুদ্ধিকর এবং উহা দ্বারা পাতক দূরীভূত হয়। ৭।

অনন্তর পাদোদক ধারণ।—শ্রীহরির চরণকমলোদক সর্ব্বপ্রথমে বৈষ্ণবদিগকে অর্পণ করিতে হয়। তদনন্তর নমস্কার করিয়া অগ্রে কিঞ্চিৎ পান করত শীর্ষোপরি ধারণ করিবে। ইতিপূর্ব্বে প্রাতঃস্নান-প্রসঙ্গে উক্তবিষয়ক মন্ত্রবিধি বর্ণিত হইয়াছে; অধুনা এস্থলে পানবিষয়ক কতিপয় বিশেষ বিবৃত হইতেছে। ৮। উক্ত মন্ত্র যথা,—"ওঁ চরণং পবিত্রং" ইত্যাদি; অর্থাৎ "চরণোদক পবিত্র, প্রথিত ও পুরাতন (পুরাকাল হইতেই বিদিত); লোক সকল ঐ পবিত্র পাদোদক দ্বারা পবিত্রতা লাভ করিয়া পাতক হইতে সমুত্তীর্ণ হয় এবং ঐ চরণামৃত স্পর্শে আমরা পূত হইয়া পাপপূর্ণ সংসার হইতে পরিত্রাণ প্রাপ্ত হইয়া থাকি। ঐ চরণোদক স্বর্গের দ্বারস্বরূপ, জ্যোতির্বিশিষ্ট, সমুজ্জ্বল ও পূজনীয়; আমি সেই চরণোদকের পূজা করিলাম। এই সুধাধারাস্বরূপ চরণামৃত পুনঃ পুনঃ বিগলিত হইয়া অবনীমণ্ডলে পীযূষবৎ আদরণীয় হউন্।৯।" এই মন্ত্র যাবতীয় দুষ্ট গ্রহ বিদূরণ করে; এই মন্ত্র পাঠ পূর্ব্বক চরণামৃত পান করিয়া স্বীয় দেহে ও পুত্র কলত্রাদির অঙ্গে প্রোক্ষণ করিবে। আরও লিখিত আছে যে, হরির চরণামৃত পান দ্বারা কোটিসংখ্য হত্যাজনিত পাতক ধ্বংস হইয়া থাকে। সেই পাদোদক বিন্দুমাত্র ভূপতিত হইলে অষ্টগুণিত পাতকসঞ্চার হয়। ১০।

তত্রৈব দেবদূতবিকুণ্ডল-সংবাদে।—

যে পিবন্তি নরা নিত্যং শালগ্রামশিলাজলম্। পঞ্চগব্যসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনম্॥
কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনম্। নিত্যং যদি পিবেৎ পুণ্যং শালগ্রামশিলাজলম্॥
শালগ্রামশিলাতোয়ং যঃ পিবেদ্বিন্দুনা সমম্। মাতুঃ স্তন্যং পুনর্নৈব স পিবেদ্ভক্তিভাঙ্ নরঃ॥

কিঞ্চ।—

দহন্তি নরকান্ সর্ব্বান্ গর্ভবাসঞ্চ দারুণম্। পীতং যৈস্তু সদা নিত্যং শালগ্রামশিলাজলম্॥

তত্রৈব শ্রীযমধূম্রকেতু-সংবাদে।—

শালগ্রামশিলাতোয়ং বিন্দুমাত্রন্তু যঃ পিবেৎ। সর্ব্বপাপৈঃ প্রমুচ্যেত মুক্তিমার্গে কৃতোদ্যমঃ॥

তত্রৈব পুলস্ত্যভগীরথসংবাদে।—

পাদোদকস্য মাহাত্ম্যং ভগীরথ বদামি তে। পাবনং সর্ব্বতীর্থেভ্যো হত্যাকোটিবিনাশকম্॥
ধৃতে শিরসি পীতে চ সর্ব্বাস্তুষ্যন্তি দেবতাঃ। প্রায়শ্চিত্তন্তু পাপানাং কলৌ পাদোদকং হরেঃ॥

কিঞ্চ।—

ত্রিভিঃ সারস্বতং তোয়ং সপ্তাহেন তু নার্ম্মদম্। সদ্যঃ পুনাতি গাঙ্গেয়ং দর্শনাদেব যামুনম্॥
পুনন্ত্যেতানি তোয়ানি স্নানদর্শনকীর্ত্তনৈঃ। পুনাতি স্মরণাদেব কলৌ পাদোদকং হরেঃ॥
অর্চ্চিতৈঃ কোটিভির্লিঙ্গৈর্নিত্যং যৎ ক্রিয়তে ফলম্। তৎ ফলং শতসাহস্রং পীতে পাদোদকে হরেঃ॥
অশুচির্বা দুরাচারো মহাপাতকসংযুতঃ। স্পৃষ্ট্বা পাদোদকং বিষ্ণোঃ সদা শুধ্যতি মানবঃ॥
পাপকোটিযুতো যস্তু মৃত্যুকালে শিরোমুখে। দেহে পাদোদকং তস্য ন প্রয়াতি যমালয়ম্॥ ১১॥

ন দানং ন হবির্যেষাং স্বাধ্যায়ো ন সুরার্চ্চনম্।
তেঽপি পাদোদকং পীত্বা প্রয়ান্তি পরমাং গতিম্॥ ১২॥

তস্য শিরসি মুখে চ পাদোদকং চেত্তর্হি স ন প্রয়াতীত্যর্থঃ॥ ১১॥ হবিঃশব্দেন হোমাদ্যপ-

---

অতঃপর পাদোদকপান-মাহাত্ম্য বিবৃত হইতেছে।—পদ্মপুরাণে গৌতমাম্বরীষসংবাদে লিখিত আছে যে, হে অম্বরীষ! শ্রীবিষ্ণুর স্নানাবশেষোদক যে ব্যক্তির উদরগত হয়, তুমি সাষ্টাঙ্গ প্রণতি-পুরঃসর তদীয় চরণধূলি গ্রহণ করিও। উক্ত পুরাণের দেবদূতবিকুণ্ডলসংবাদে লিখিত আছে যে, প্রত্যহ শালগ্রামশিলোদক পান করিলে আর সহস্রবার পঞ্চগব্য পানের প্রয়োজন কি? প্রতিদিন পবিত্র শালগ্রামশিলোদক পান করিলে সহস্রকোটি তীর্থ সেবনে কি আবশ্যক? ভক্তি-মান্ হইয়া বিন্দুপ্রমাণ শালগ্রামোদক পান করিলে আর সে ব্যক্তিকে পুনরায় মাতৃস্তন্য পান করিতে হয় না অর্থাৎ তাহার গর্ভবাসজনিত ক্লেশ বিদূরিত হয়। আরও লিখিত আছে যে, প্রত্যহ শালগ্রামশিলোদকপায়িগণ কর্তৃক নিখিল নিরয়যাতনা ও কঠোর জঠরযন্ত্রণা ভস্মীভূত হয়। উক্ত পুরাণের যমধূম্রকেতু-সংবাদে লিখিত আছে যে, বিন্দুপ্রমাণ শালগ্রামোদক পানের ফলেই নিখিল কিল্বিষ হইতে পরিত্রাণ পাইতে পারে এবং সেই ব্যক্তি মোক্ষপথের পথিক হইতে সমু-দ্যত হয়। উক্ত গ্রন্থের পুলস্ত্য-ভগীরথ সংবাদে পুলস্ত্যের উক্তি আছে যে, হে ভগীরথ! নিখিল তীর্থ হইতেও পাবন, হত্যাকোটি-হারক পাদোদক-মাহাত্ম্য তৎসকাশে বর্ণন করিতেছি। হরি-

কার্ত্তিকে কার্ত্তিকী যোগে কিং করিষ্যতি পুষ্করে। নিত্যং চ পুষ্করং তস্য যস্য পাদোদকং হরেঃ ॥
বিশাখা-ঋক্ষ-সংযুক্তা বৈশাখী কিং করিষ্যতি। পিণ্ডারকে মহাতীর্থে উজ্জয়িন্যাং ভগীরথ ॥
মাঘমাসে প্রয়াগে তু স্নানং বৈ কিং করিষ্যতি। প্রয়াগঃ সততং তস্য যস্য পাদোদকং হরেঃ ॥
প্রবোধবাসরে প্রাপ্তে মথুরায়াঞ্চ তস্য কিম্। নিত্যঞ্চ যামুনং স্নানং যস্য পাদোদকং হরেঃ ॥
কাশ্যামুত্তরবাহিন্যাং গঙ্গায়ান্তু মৃতস্য কিম্। যস্য পাদোদকং বিষ্ণোর্মুখে চৈবাবতিষ্ঠতে ॥
কিঞ্চ।—
হিত্বা পাদোদকং বিষ্ণোর্যোঽন্যতীর্থানি গচ্ছতি। অনর্ঘং রত্নমুৎসৃজ্য লোষ্ট্রং বাঞ্ছতি দুর্মতিঃ ॥
কুরুক্ষেত্র-সমো দেশো বিন্দুঃ পাদোদকং মতঃ ॥ ১৩ ॥
পতেদ্যত্রাক্ষয়ং পুণ্যং নিত্যং ভবতি তদ্গৃহে। গয়াপিণ্ডসমং পুণ্যং পুত্রাণামপি জায়তে ॥
পাদোদকেন দেবস্য যে কুর্য্যুঃ পিতৃতর্পণম্। নাসুরাণাং ভয়ং তস্য প্রেতজন্যং ন রাক্ষসম্ ॥

লক্ষ্যতে ॥ ১২ ॥ যস্য পাদোদকং সেব্যং স্যাদিতি শেষঃ। স দেশো মতঃ সদ্ভিঃ। বিন্দুঃ বিন্দু-

পাদোদক শীর্ষোপরি ধৃত হইলে অথবা পীত হইলে অখিল দেবতার সন্তোষ সাধিত হয়। (এক-মাত্র) হরিচরণোদকই কলিকালে পাপ-সমূহের প্রায়শ্চিত্ত-স্বরূপ। আরও লিখিত আছে যে, তিন দিনে সরস্বতী-সলিল, সপ্তাহে নর্ম্মদার জল, পক্ষে জাহ্নবীজল এবং দর্শনমাত্র যামুনজল পবিত্রতা বিধান করে; পরন্তু ঐ সমস্ত জল দর্শন, স্নান ও কীর্ত্তন দ্বারাই পবিত্রতাসম্পাদক হইয়া থাকে; কিন্তু কলিকালে কেবলমাত্র স্মরণ দ্বারাই হরিচরণামৃত পবিত্র করিয়া থাকেন। হরিচরণোদক পান করিলে প্রত্যহ কোটিশিবলিঙ্গার্চ্চনা অপেক্ষাও শতসহস্রগুণ ফল লাভ হয়। হরিচরণোদক স্পর্শমাত্রই কি অশুচি, কি দুরাচারবান্, কি মহাপাপী, সকলেই পবিত্রতা লাভ করে। মরণকালে মস্তকে, বদনে ও অঙ্গে হরিচরণোদক স্পৃষ্ট হইলে কোটিপাপে পাপীকেও আর শমনপুরে প্রয়াণ করিতে হয় না। ১১। যে সকল ব্যক্তি কর্ত্তৃক কোনকালেও দান, হোম, বেদাধ্যয়ন অথবা দেবপূজা অনুষ্ঠিত হয় নাই, হরিচরণোদক-পানের ফলে তাহাদিগেরও পরমা গতি লাভ হইয়া থাকে। ১২। হরিপাদোদকপায়ীর প্রত্যহই পুষ্কর-স্নান সাধিত হয়; সুতরাং তাহার পক্ষে কৃত্তিকানক্ষত্রান্বিতা কার্ত্তিকী পূর্ণিমায় আর পুষ্করস্নানের আবশ্যক কি? হে ভগী-রথ! বিশাখান্বিতা বৈশাখী পূর্ণিমাতে উজ্জয়িনীস্থ পিণ্ডারক মহাতীর্থে তাঁহার স্নান করি-য়াই বা কি সমধিক ফল হইবে? প্রত্যহ হরিপাদোদকপায়ীর প্রয়াগ স্নান সাধিত হইয়া থাকে; সুতরাং মাঘমাসে প্রয়াগ-ক্ষেত্রে স্নান করিয়া তাঁহার কি অধিকতর পুণ্যের প্রত্যাশা আছে? নিত্যপাদোদকপায়ীর পক্ষে প্রত্যহই যমুনাস্নান সাধিত হয়, সুতরাং উত্থানদ্বাদশী-দিবসে মথুরাপুরে যমুনা-স্নানে তাঁহার আর কি আবশ্যক? হরিচরণামৃত বদনবিবরে বিরা-জিত থাকিলে আসন্নকালে তাঁহার আর বারাণসীধামে উত্তরবাহিনী-সুরধুনী-তীরে জীবন বিসর্জ্জনে কি প্রয়োজন? আরও লিখিত আছে যে, যে মূঢ় হ[illegible]মৃত পরিহার পূর্ব্বক তীর্থান্তরে গমন করে, সে অমূল্যরত্নত্যাগী [illegible]ভিলাষী স[illegible] নাই। বিন্দু-পরিমিত চরণামৃত সজ্জনসকাশে কুরুক্ষেত্রসদৃশ অনুমিত হইয়া থাকে। ১৩। প্রত্যহ যে গৃহে

ন রোগস্য ভয়ঞ্চৈব নাস্তি বিঘ্নকৃতাং ভয়ম্। ন দুষ্টা নৈব ঘোরাক্ষাঃ শ্বাপদোত্থভয়ং ন হি॥
গ্রহাঃ পীড়াং ন কুর্ব্বন্তি চৌরা নশ্যন্তি দারুণাঃ। কিন্তস্য তীর্থগমনে দেবর্ষীণাঞ্চ দর্শনে॥
যস্য পাদোদকং মূর্দ্ধ্নি শালগ্রামশিলোদ্ভবম্। প্রীতো ভবতি মার্ত্তণ্ডঃ প্রীতো ভবতি কেশবঃ।
ব্রহ্মা ভবতি সুপ্রীতো প্রীতো ভবতি শঙ্করঃ॥
পাদোদকস্য মাহাত্ম্যং যঃ পঠেৎ কেশবাগ্রতঃ। স যাতি পরমং স্থানং যত্র দেবো জনার্দ্দনঃ॥

ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীব্রহ্মনারদ-সংবাদে।—

প্রায়শ্চিত্তং যদি প্রাপ্তং কৃচ্ছ্রং বা ত্বঘমর্ষণম্।
সোঽপি পাদোদকং পীত্বা শুদ্ধিং প্রাপ্নোতি তৎক্ষণাৎ॥

অশৌচং নৈব বিদ্যেত সূতকে মৃতকেঽপি চ। যেষাং পাদোদকং মূর্দ্ধ্নি প্রাশনং যে চ কুর্ব্বতে॥
অন্তকালেঽপি যস্যেহ দীয়তে পাদয়োর্জ্জলম্। সোঽপি সদ্গতিমাপ্নোতি সদাচারৈর্ব্বহিষ্কৃতঃ॥১৪॥
অপেয়ং পিবতে যস্তু ভুঙ্‌ক্তে যশ্চাপ্যভোজনম্। অগম্যাগমনা যে বৈ পাপাচারাশ্চ যে নরাঃ।
তেঽপি পূজ্যা ভবন্ত্যাশু সদ্যঃ পাদাম্বুসেবনাৎ॥

কিঞ্চ।— অপবিত্রং যদন্নং স্যাৎ পানীয়ঞ্চাপি পাপিনাম্।
ভুক্ত্বা পীত্বা বিশুদ্ধঃ স্যাৎ পীত্বা পাদোদকং হরেঃ॥ ১৫॥

তপ্তকৃচ্ছ্রাৎ পঞ্চগব্যান্মহাকৃচ্ছ্রাদ্বিশিষ্যতে। চান্দ্রায়ণাৎ পারকৃচ্ছ্রাৎ পরাকাদপি সুব্রত।
কায়শুদ্ধির্ভবত্যাশু পীত্বা পাদোদকং হরেঃ॥ ১৬॥

মাত্রম্॥ ১৩॥ সদাচারৈর্ব্বহিষ্কৃতোঽপি চেৎ॥ ১৪॥ অভোজনম্ অভক্ষ্যম্॥ ১৫॥ তপ্তকৃচ্ছ্র-

---

হরিচরণামৃত নিপতিত হয়, তথায় অক্ষয় পুণ্যের সঞ্চার হয় এবং পুত্রসকলের গয়াধামে পিণ্ড-প্রদানের ফল হয়। হরিপাদোদক দ্বারা পিতৃতর্পণ করিলে অসুরভয়, প্রেতভয়, রাক্ষসভয়, পীড়াভয়, বিঘ্নভয়, দারুণ রক্ষোভয় ও হিংস্রজন্তুভয় বিদ্যমান থাকে না। অধিক কি, গ্রহ-কুল কোনরূপ বিঘ্ন সম্পাদনে সমর্থ হয় না এবং দারুণ চৌরভয়ও বিদূরিত হইয়া যায়। শীর্ষোপরি শালগ্রামোদক বিরাজিত থাকিলে আর তীর্থগমনে কি আবশ্যক এবং দেবঋষি-দর্শনেই বা কি ফল? সূর্য্য, বিষ্ণু, ব্রহ্মা ও শিব তৎপ্রতি সর্ব্বদা প্রীত থাকেন। শ্রীহরির পুরোভাগে পাদোদকমাহাত্ম্য পাঠ করিলে দেবদেব-জনার্দ্দনাধিষ্ঠিত পরমধামে সেই পাঠকের গতি হয়। ব্রহ্মাণ্ডপুরাণে ব্রহ্মনারদ সংবাদে লিখিত আছে যে, প্রায়শ্চিত্তের প্রয়োজন অথবা অঘ-মর্ষণ মন্ত্র জপ করিবার আবশ্যক হইলে হরিপাদোদক পান দ্বারাই আশু পবিত্রতা লাভ হইয়া থাকে। শীর্ষোপরি চরণোদক বিরাজিত থাকিলে অথবা উহা সেবন করিলে জননাশৌচে ও মৃতাশৌচে লিপ্ত হইতে হয় না। পাপাত্মা ব্যক্তিকে চিরদিন হরিপাদোদক প্রদান করিলে অথবা অন্তিমসময়ে দান করিলেও তাহার শুভ-গতি-প্রাপ্তি হইয়া থাকে। ১৪। হরিপাদোদক ভক্ষণ দ্বারা অপেয়পায়ী, অভোজ্যভোজী, অগম্যাগামী ও সর্ব্বদা পাপস্বভাব ব্যক্তিও আশু বন্দনীয় হইয়া থাকে। আরও লিখিত আছে যে, হরিচরণামৃতপানের ফলে অভক্ষ্যভোজী ও অপেয়পায়ী পাপী পবিত্রতা লাভ করে; উহা পঞ্চগব্য, তপ্তকৃচ্ছ্র, মহাকৃচ্ছ্র,

অগুরুং কুঙ্কুমঞ্চাপি কর্পূরঞ্চানুলেপনম্। বিষ্ণুপাদাম্বু-সংলগ্নং তদ্বৈ পাবনপাবনম্॥
দৃষ্টিপূতন্তু যত্তোয়ং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা। তদ্বৈ পাপহরং পুত্র কিং পুনঃ পাদয়োর্জলম্॥
এতদর্থমহং পুত্র শিরসা বিষ্ণুতৎপরঃ। ধারয়ামি পিবাম্যস্য মাহাত্ম্যং বিদিতং মম॥ ১৭॥
প্রিয়ত্বমগ্রজঃ পুত্রস্ত্বদর্থং গদিতং ময়া। রহস্যং মে ত্বনর্হস্য ন বক্তব্যং কদাচন॥ ১৮॥
ধারয়স্ব সদা মূর্দ্ধ্নি প্রাশনং কুরু নিত্যশঃ। জন্মমৃত্যু-জরা-দুঃখৈর্মোক্ষং যাস্যসি পুত্রক॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

সদ্যঃ ফলপ্রদং পুণ্যং সর্ব্বপাপবিনাশনম্। সর্ব্বমঙ্গলমঙ্গল্যং সর্ব্বদুঃখবিনাশনম্।
দুঃস্বপ্ননাশনং পুণ্যং বিষ্ণুপাদোদকং শুভং। সর্ব্বোপদ্রবহন্তারং সর্ব্বব্যাধিবিনাশনং॥ ১৯॥
সর্ব্বোৎপাত-প্রশমনং সর্ব্বপাপনিবারণম্। সর্ব্বকল্যাণসুখদং সর্ব্বকামফলপ্রদম্।
সর্ব্বসিদ্ধিপ্রদং ধন্যং সর্ব্বধর্ম্মবিবর্দ্ধনম্। সর্ব্বশত্রুপ্রশমনং সর্ব্বভোগপ্রদায়কম্।
সর্ব্বতীর্থস্য ফলদং মূর্দ্ধ্নি পাদাম্বুধারণম্। প্রয়াগস্য প্রভাসস্য পুষ্করস্য চ সেবনে।
পৃথূদকস্য তীর্থস্য আচান্তো লভতে ফলম্॥ ২০॥

চক্রতীর্থে ফলং যাদৃক্ তাদৃক্ পাদাম্বুধারণাৎ। সরস্বত্যাং গয়ায়াঞ্চ গত্বা যৎ প্রাপ্নুয়াৎ ফলম্।
তৎ ফলং লভতে শ্রেষ্ঠং মূর্দ্ধ্নি পাদাম্বুধারণাৎ॥

মহাকৃচ্ছ্রাদিকং নাম ব্রতবিশেষঃ॥ ১৬॥ বিষ্ণুনা কর্ত্রা দৃষ্ট্যা কৃত্বা পূতং পাবিতমিত্যর্থঃ। যদ্বা বিষ্ণুনা বিষ্ণোরিত্যর্থঃ॥১৭॥ অনর্হস্য অযোগ্যস্য অবৈষ্ণবস্যেত্যর্থঃ তং প্রতি ন বক্তব্যম্॥ ১৮॥ হন্তারমিত্যার্ষং হন্তৃ॥ ১৯॥ সেবনে যৎ ফলং তৎ। আচান্তঃ কৃতপাদোদকাচমনঃ॥ ২০॥

চান্দ্রায়ণ, পারকৃচ্ছ্র ও পরাকব্রত প্রভৃতি সমস্ত হইতেও শ্রেষ্ঠ। ১৬। হরিচরণোদকের সহিত সংমিশ্রিত-অগুরু, কুঙ্কুম, কর্পূর ও চন্দনাদি অনুলেপনসামগ্রী, পবিত্র দ্রব্যকেও পবিত্র করিয়া থাকে। হে বৎস! ভগবান্ হরিকর্ত্তৃক নিরীক্ষিত জল যখন বিশুদ্ধ হইয়া পাতকহারী হয়, তখন সে স্থলে হরিচরণামৃতের মাহাত্ম্য আর অধিক কি বর্ণন করিব? হে পুত্র! এই কারণেই আমি হরিভক্তিপরায়ণ হইয়া চরণামৃত ধারণ ও সেবন করিতেছি; আমি ইহার মাহাত্ম্য বিদিত আছি। ১৭। প্রিয়তম! জ্যেষ্ঠপুত্র বলিয়া ত্বৎসকাশে এই গুপ্ত কথা প্রকাশ করিলাম। অপাত্রসমীপে কদাচ ইহা প্রকাশ করিও না। ১৮। হে বৎস! প্রত্যহ হরিচরণোদক ধারণ ও পান করিলে জরা, মরণ ও দুঃখরাশি হইতে পরিত্রাণ প্রাপ্ত হইবে। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হরিচরণামৃত পবিত্র, আশুফলপ্রদ, সর্ব্বপাপনাশক, সর্ব্বমঙ্গলের মঙ্গলস্বরূপ, সর্ব্বদুঃখসংহারক, দুঃস্বপ্ননাশক, সর্ব্বোপদ্রবশান্তিকর ও সর্ব্বব্যাধিনাশক। ১৯। হরিচরণামৃত শীর্ষোপরি ধৃত হইলে উহা উৎপাতশান্তিকর, সর্ব্বদুঃখনাশক, সর্ব্বপ্রকার কল্যাণকর, সুখ বিধায়ক, সর্ব্বকামপ্রদ, সর্ব্বসিদ্ধিকর, যশঃপ্রদ, সর্ব্বধর্ম্মবর্দ্ধক, সর্ব্বশত্রুনাশক, সর্ব্বভোগপ্রদ, ও সর্ব্বতীর্থফলদ হইয়া থাকে। হরিচরণামৃত পান করিলে প্রয়াগ, প্রভাস, পুষ্কর ও পৃথূদক তীর্থের জলপানজনিত ফল প্রাপ্ত হওয়া যায়। ২০। হরিপাদোদক শিরোপরি ধৃত হইলে চক্রতীর্থফল লাভ হইয়া থাকে এবং সরস্বতীতীর্থে ও গয়াক্ষেত্রে গমন করিলে যে ফল হয়,

স্কান্দে।—

পাদোদকস্য মাহাত্ম্যং দেবো জানাতি শঙ্করঃ। বিষ্ণুপাদচ্যুতা গঙ্গা শিরসা যেন ধারিতা॥
স্থানং নৈবাস্তি পাপস্য দেহিনাং দেহমধ্যতঃ॥ ২১॥

সবাহ্যাভ্যন্তরং যস্য ব্যাপ্তং পাদোদকেন বৈ। পাদোদং বিষ্ণুনৈবেদ্যমুদরে যস্য তিষ্ঠতি।
নাশ্রয়ং লভতে পাপং স্বয়মেব বিনশ্যতি। মহাপাপগ্রহগ্রস্তো ব্যাপ্তো রোগশতৈর্যদি॥ ২২॥
হরেঃ পাদোদকং পীত্বা মুচ্যতে নাত্র সংশয়ঃ। শিরসা তিষ্ঠতে যেষাং নিত্যং পাদোদকং হরেঃ॥
কিং করিষ্যন্তি তে লোকে তীর্থকোটিমনোরথৈঃ। অয়মেব পরো ধর্ম্ম ইদমেব পরন্তপঃ।
ইদমেব পরং তীর্থং বিষ্ণুপাদাম্বু যৎ পিবেৎ॥

তত্রৈব শ্রীশিবোমাসংবাদে।

বিলয়ং যান্তি পাপানি পীতে পাদোদকে হরেঃ। কিং পুনর্বিষ্ণুপাদোদং শালগ্রামশিলাচ্যুতম্।
বিশেষেণ হরেৎ পাপং ব্রহ্মহত্যাদিকং প্রিয়ে। পীতে পাদোদকে বিষ্ণোর্যদি প্রাণৈর্বিমুচ্যতে।
হত্বা যমভটান্ সর্ব্বান্ বৈষ্ণবং লোকমাপ্নুয়াৎ॥

তত্রৈব শ্রীশিবকার্ত্তিকেয়সংবাদে শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যে।—

ছিন্নস্তেন মহাসেন গর্ভবাসঃ সুদারুণঃ। পীতং যেন সদা বিষ্ণোঃ শালগ্রামশিলাজলম্॥
যে পিবন্তি নরা নিত্যং শালগ্রামশিলাজলম্। পঞ্চগব্যসহস্রৈস্তু প্রাশিতৈঃ কিং প্রয়োজনম্॥
প্রায়শ্চিত্তে সমুৎপন্নে কিং দানৈঃ কিমুপোষণৈঃ। চান্দ্রায়ণৈশ্চ তীর্থৈশ্চ পীত্বা পাদোদকং শুচি॥

দেহিনাং মধ্যে তস্যৈকস্য দেহমধ্যে পাপস্য স্থানং নৈবাস্তি। দেহিনঃ ইতি বা পাঠঃ॥ ২১॥ বাহ্যং মস্তকাদি তেন সহিতমাভ্যন্তরং জঠরান্তর্নাড্যাদি। তত্র বাহ্যং মস্তকাদৌ ধারণেন, আভ্যন্তরঞ্চ পানেন ব্যাপ্তমিত্যর্থঃ॥ ২২॥ হরেঃ প্রতিমারূপস্যেত্যর্থঃ। কিং পুনরিতি

মধূদকং ফলং মূলমেধাংস্যভয়দক্ষিণা। অভ্যুদ্যতানি ত্বেতানি গ্রাহ্যাণ্যপি নিকৃষ্টতঃ॥
খলক্ষেত্রগতং ধান্যং কূপবাপীষু যজ্জলং। অগ্রাহ্যাদপি তদ্গ্রাহ্যং যচ্চ গোষ্ঠগতং পয়ঃ॥
পানীয়ং পায়সং ভক্ষ্যং ঘৃতং লবণমেব চ। হস্তদত্তং ন গৃহ্নীয়াৎ তুল্যং গোমাংসভক্ষণৈঃ॥

মনুস্মৃতৌ।—

সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে। প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্ত্বন্যগোচরঃ॥
আয়সেনৈব পাত্রেণ যদন্নমুপনীয়তে। ভোক্তা তদ্বিট্সমং ভুঙ্ক্তে দাতা চ নরকং ব্রজেৎ॥
গোরক্ষকান্ বাণিজকান্ তথা কারুকশীলিনঃ।
প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥ ৭৭॥

কৌর্ম্মে চ তত্রৈব।—

তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্র হ্যন্যথা পতিতো ভবেৎ॥
তিলমুদ্গযবাদীনাং মুষ্টির্গ্রাহ্যা পথি স্থিতৈঃ। ক্ষুধার্ত্তৈর্নান্যথা বিপ্রা ধর্ম্মবিদ্ভিরিতি স্থিতিঃ॥
বৈষ্ণবানাং হি ভোক্তব্যং প্রার্থ্যান্নং বৈষ্ণবৈঃ সদা। অবৈষ্ণবানামন্নন্তু পরিবর্জ্জ্যমমেধ্যবৎ॥৭৮॥

বিভাগিনঃ॥ ৭৬॥ বিপ্রেভ্যোঽপি সর্ব্বেভ্যঃ শুক্লবৃত্তির্ন সিধ্যতীত্যভিপ্রেত্য লিখতি গোরক্ষকানিতি। কারুকশীলিনঃ কটাদিকারিণঃ॥৭৭॥ এবং ব্রাহ্মণস্য শুক্লবৃত্তৌ শূদ্রাণাং সর্ব্বেষামেবান্নবর্জ্জনে প্রাপ্তে অপবাদং দর্শয়ন্ বৈষ্ণবানাঞ্চ শুক্লবৃত্তিমভিব্যঞ্জয়ন্ অবৈষ্ণবত্বেঽপি বিপ্রাণা-

---

তৈলপক্ব দ্রব্য, দুগ্ধ, পিণ্যাক (খৈল) ও তৈল গ্রহণ করিতে পারেন। অঙ্গিরা বলিয়াছেন, শূদ্রসকাশ হইতে দুগ্ধ, তৈল, পিণ্যাক, পিষ্টক ও দুগ্ধ দ্বারা প্রস্তুত দ্রব্য গ্রহণ পূর্ব্বক ভক্ষণ করিতে পারেন। অত্রিস্মৃতিতে লিখিত আছে, স্বীয় কন্যার দ্রব্য ভক্ষণ করিলে পৃথিবীর যাবতীয় মল সেবন করা হয় এবং রাজভবনে ভোজন করিলে বিষ্ঠার কীট হইয়া দেহ ধারণ করিতে হয়। অন্যত্রও লিখিত আছে, শূদ্রজাতির মধ্যে নাপিত, গোপালক, কুলমিত্র, অর্দ্ধসীরী * এই সকলের অন্ন সেবন করিতে পারে যে ব্যক্তি আত্মপ্রদান করে, তাহার অন্ন ভোজ্য। ৭৬। হীনজাতির সকাশ হইতে যদি মধু, জল, ফল, মূল, কাষ্ঠ ও অভয় দান এই সকল অযাচিতভাবে উপস্থিত হয়, তবে গ্রহণ করিতে পারে। অগ্রাহ্য জাতির নিকট হইতে খামার-ক্ষেত্রস্থ ধান্য, কূপজল, দীর্ঘিকাজল ও গোষ্ঠস্থ দুগ্ধ গ্রাহ্য। জল, পায়স, ভক্ষ্য, ঘৃত ও লবণ এই সমস্ত দ্রব্য হস্তপ্রদত্ত হইলে অগ্রাহ্য, যদি উহা গ্রহণ করা যায়, তাহা হইলে গোমাংস সেবনের সদৃশ হয়। মনুস্মৃতিতে লিখিত আছে, লবণের মধ্যে সাগরজাত লবণ ও সৈন্ধব উত্তম; এই দ্বিবিধ লবণ স্বয়ং গ্রহণ করিতে হয়, অন্যগোচরে অগ্রাহ্য। লৌহপাত্রে আনীত অন্ন সেবন করিলে বিষ্ঠার কৃমিভোজন করা হয় এবং দাতা নিরয়গামী হইয়া থাকে। দ্বিজাতি হইয়া যাহারা গোপালক, ব্যবসায়ী, কটাদি-প্রস্তুতকারী, ভৃত্য ও বৃদ্ধিজীবী, তাহাদিগের প্রতি শূদ্রবৎ আচরণ করিতে হয়। ৭৭।

কূর্ম্মপুরাণের পূর্ব্বোক্ত স্থলেই লিখিত আছে, হে দ্বিজ! বুদ্ধিমান্ লোক কেবলমাত্র

---

* অর্দ্ধসীরী—ধনাদির বিভাগকারী।

তথা চ পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

প্রার্থয়েদ্বৈষ্ণবাদন্নং প্রযত্নেন বিচক্ষণঃ। সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং তদভাবে জলং পিবেৎ ॥

নারদীয়ে।—মহাপাতকসংযুক্তো ব্রজেদ্বৈষ্ণবমন্দিরং। যাচয়েদন্নমমৃতং তদভাবে জলং পিবেৎ ॥

বিষ্ণুস্মৃতৌ।—

শ্রোত্রিয়ান্নং বৈষ্ণবান্নং হুতশেষঞ্চ যদ্ধবিঃ। আ নখাৎ শোধয়েৎপাপং তুষাগ্নিঃ কনকং যথা ॥৭৯॥

স্কান্দে মার্কণ্ডেয়ভগীরথসংবাদে।—

শুদ্ধং ভাগবতস্যান্নং শুদ্ধং ভাগীরথীজলং। শুদ্ধং বিষ্ণুপরং চিত্তং শুদ্ধমেকাদশীব্রতং ॥

অবৈষ্ণবগৃহে ভুক্ত্বা পীত্বা বা জ্ঞানতোঽপি বা। শুদ্ধিশ্চান্দ্রায়ণে প্রোক্তা ইষ্টাপূর্ত্তং বৃথা সদা ॥

শ্রীপ্রহ্লাদবাক্যে চ।--

কেশবার্চ্চা গৃহে যস্য ন তিষ্ঠতি মহীপতে। তস্যান্নং নৈব ভোক্তব্যমভক্ষ্যেণ সমং স্মৃতং ॥ ৮০ ॥

কেচিদ্বৃত্ত্যনপেক্ষস্য জপশ্রদ্ধাবতঃ প্রভৌ। বিশ্বস্তস্যাদিশন্ত্যস্মিন্ কালেঽপি কৃতিনো জপং ॥৮১॥

মপ্যন্নং বৈষ্ণবৈর্বর্জনীয়মিত্যভিপ্রেত্য লিখতি বৈষ্ণবানামিতি। হি নির্দ্ধারে প্রার্থ্যাপি। অমেধ্যং পুরীষাদি তদ্বৎ ॥ ৭৮ ॥ শ্রোত্রিয়ান্নমিতি হুতশেষং হবিরিতি চ দৃষ্টান্তত্রয়াত্র জ্ঞেয়ং ॥ ৭৯ ॥ শুদ্ধমিতি সূতকাদৌ নিষিদ্ধমপি শুদ্ধমেবেত্যর্থঃ। তথা চ বিষ্ণুস্মৃতৌ—শিববিষ্ণ্বর্চ্চনে দীক্ষা যস্য চাগ্নিপরিগ্রহঃ। ব্রহ্মচারি-যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকমিতি। তত্র দৃষ্টান্তাঃ। অশুচি-সংসর্গাদিনাপি যথা গঙ্গাজলং শুদ্ধমেবেত্যাদয়ঃ। তদুক্তং।-- অপি চাণ্ডালভাণ্ডস্থং তজ্জলং পাবনং মহদিত্যাদি ॥ ৮০ ॥ বৃত্তৌ বৃত্তিসম্পাদনে অনপেক্ষস্য আসক্তিরহিতস্য যতঃ প্রভৌ

ধর্ম্মার্থই প্রকাশ্যভাবে তৃণ, কাষ্ঠ, ফল ও কুসুম হরণ করিবেন, অন্যথা পতিত হইতে হয়। হে দ্বিজগণ! ধর্ম্মশাস্ত্রবিশারদগণের এইপ্রকার মর্য্যাদা নির্দ্দিষ্ট আছে যে, যদি পথিক ব্যক্তি ক্ষুধার্ত্ত হয়, তাহা হইলে মুগ, তিল, যব ইত্যাদি শস্যের মুষ্টি গ্রহণ করিতে পারে; এতদ্ভিন্ন অন্য অবস্থায় পারে না। বৈষ্ণবেরা যাচ্ঞা করিয়া বৈষ্ণবের অন্নই সেবন করেন। বৈষ্ণব ব্যতীত অন্য বিপ্রের অন্নও অপবিত্রবৎ পরিত্যাজ্য। ৭৮। পদ্মপুরাণের দেবদূত-বিকুণ্ডল-সংবাদে লিখিত আছে, বুদ্ধিমান্ ব্যক্তি নিখিল পাতক হইতে বিশুদ্ধি-লাভার্থ সযত্নে বৈষ্ণব-সকাশে অন্ন প্রার্থনা করিবেন, কিন্তু তদভাবে কেবলমাত্র জলপান করিবে। বিষ্ণুস্মৃতিতে লিখিত আছে যে, তুষানল যেমন কাঞ্চনের শুদ্ধি সম্পাদন করে, তদ্রূপ শ্রোত্রিয় ব্যক্তির অন্ন, বৈষ্ণবের অন্ন ও হোমাবশিষ্ট হবিঃ, নখ হইতে দেহের নিখিল পাতক সংশোধন করিয়া দেয়। ৭৯। স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথসংবাদে লিখিত আছে, যাহারা ভগবদ্ভক্তিপরায়ণ, তাহাদের অন্ন বিশুদ্ধ, গঙ্গোদক পবিত্র, হরিতৎপর ব্যক্তির চিত্ত পবিত্র এবং একাদশীব্রত পবিত্র। অজ্ঞানেও অবৈষ্ণবালয়ে অন্নভোজন বা সলিলাদি পান করিলে চান্দ্রায়ণ দ্বারা শুদ্ধি-লাভ করিবে; নতুবা তদীয় ইষ্টকর্ম্ম ও পূর্ত্তকর্ম্মাদি সকলই নিষ্ফল হইয়া যায়। শ্রীপ্রহ্লা-দোক্তি আছে যে, হে নৃপতে! যে ব্যক্তির গৃহে শ্রীহরিমূর্ত্তি বিরাজিত নাই, তদীয় অন্ন ভোজন নিষিদ্ধ, কারণ উহা অভক্ষ্যসদৃশ বলা হইয়াছে। ৮০। জপসম্বন্ধে শ্রদ্ধাবান্ কোন

অথ মাধ্যাহ্নিককৃত্যানি।

মধ্যাহ্নে স্নানতঃ পূর্ব্বং পুষ্পাদ্যাহৃত্য বা স্বয়ং। ভৃত্যাদিনা বা সম্পাদ্য কুর্য্যান্মাধ্যাহ্নিকীঃ ক্রিয়াঃ॥
স্নানাশক্তৌ চ মধ্যাহ্নে স্নানমাচর্য্য মান্ত্রিকং। যথোক্তং ভগবৎপূজাং শক্তশ্চেৎ প্রাগ্বদাচরেৎ॥৮২

অথ বৈষ্ণববৈশ্বদেবাদিবিধিঃ।

ততঃ কৃষ্ণার্পিতেনৈব শুদ্ধেনান্নেন বৈষ্ণবঃ। বৈশ্বদেবাদিকং দৈবং কর্ম্ম পৈত্রঞ্চ সাধয়েৎ ॥

তদুক্তং।—

ষষ্ঠে দিনবিভাগে তু কুর্য্যাৎ পঞ্চ মহামখান্। দৈবো হোমেন যজ্ঞঃ স্যাৎ ভৌতস্ত বলিদানতঃ।
পৈত্রো বিপ্রান্নদানেন পৈত্রেণ বলিনাথবা। কিঞ্চিদন্নপ্রদানাদ্বা তর্পণাদ্বা চতুর্ব্বিধঃ।
নৃযজ্ঞোঽতিথিসৎকারাৎ হন্তকারেণ চাম্বুনা। ব্রহ্মযজ্ঞো বেদজপাৎ পুরাণপঠনেন বা॥

ভগবতি বিশ্বস্তস্য ভগবান্ জগতাং বৃত্তিদঃ কিং‌ৎপ্রয়াসেনেতি বিশ্বাসং গতস্য। যতঃ কৃতিনঃ অভিজ্ঞস্য অতো জপে শ্রদ্ধা প্রীতিস্তদ্বতঃ। অস্মিন্ অধ্যয়নাধ্যাপন-বৃত্তি-সম্পাদনসম্বন্ধিনি কালেঽপি জপমেবাদিশন্তি। কেচিৎ কৃতিন ইতি বা॥ ৮১॥ প্রাগ্বৎ যথা প্রাতঃকৃত্যং তথেত্যর্থঃ॥ ৮২॥ ভৌতো ভূতসম্বন্ধী যজ্ঞঃ। পৈত্রশ্চ যজ্ঞশ্চতুর্ব্বিধঃ। চতুর্বিধত্বমেবাহ বিপ্রেতি। অত্র চ বিশেষঃ কৌর্ম্মে।—দেবযজ্ঞং ভূতযজ্ঞং পিতৃযজ্ঞং তথৈব চ। মানুষ্যং ব্রহ্মযজ্ঞঞ্চ পঞ্চ যজ্ঞান্ প্রচক্ষতে। যদি স্যাৎ তর্পণাদর্ব্বাক্ ব্রহ্মযজ্ঞঃ কৃতো ন হি। কৃত্বা মানুষ্যযজ্ঞং বৈ

কোন বিচক্ষণ ব্যক্তি দেবদেবের প্রতি বিশ্বস্তমনা হইয়া (ভগবান্ অখিল সংসারের বৃত্তিদাতা, সুতরাং জীবিকার্থ প্রয়াস নিষ্ফল) এই জ্ঞানে অধ্যয়ন, অধ্যাপন ও বৃত্তিসম্পাদন-সময়েও জপোপদেশ প্রদান করিয়া থাকেন। ৮১।

অতঃপর মধ্যাহ্নকালসম্বন্ধি-ক্রিয়া-সমূহ বিবৃত হইতেছে।—মধ্যাহ্নসময়ে স্নানের অগ্রে নিজে কুসুমাদি সংগ্রহ করত মধ্যাহ্নক্রিয়া করিবে অথবা ভৃত্যাদি দ্বারা পুষ্পাদি আহরণ করাইয়া মধ্যাহ্নকার্য্য সম্পাদন করিতে পারে। যদি মধ্যাহ্নস্নানে অসমর্থ হয়, তাহা হইলে মন্ত্রস্নান করত পূর্ব্বোক্তমতে প্রভুর অর্চ্চনা করিবে; সক্ষম হইলে প্রাতঃকৃত্যানুসারে অনুষ্ঠান করিতে হয়। ৮২।

অনন্তর বৈষ্ণবগণের বৈশ্বদেবাদিবিধি কথিত হইতেছে।—পরে বৈষ্ণবজন শ্রীহরির উদ্দেশে নিবেদিত বিশুদ্ধ অন্ন দ্বারা বৈশ্বদেবাদি দৈব ও পৈত্র ক্রিয়া সম্পাদন করিবেন। এই বিষয়ে উক্ত আছে যে, পঞ্চ মহাযজ্ঞ অর্থাৎ দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, পিতৃযজ্ঞ, নরযজ্ঞ ও ব্রহ্মযজ্ঞ, এই সমস্ত দিবসের ষষ্ঠভাগে সম্পাদন করিতে হয়। দৈবযজ্ঞ হোম দ্বারা, ভূতযজ্ঞ বলিদান দ্বারা, এবং বিপ্রজাতিকে অন্নদান দ্বারা বা পিতৃসম্বন্ধি-বলিদান দ্বারা অথবা কিঞ্চিৎ অন্নদান বা তর্পণ দ্বারা পিতৃযজ্ঞ সম্পাদন করিবে। অতিথিসেবা দ্বারা কিংবা পানীয়শালা দ্বারা অথবা জল দ্বারা নরযজ্ঞ আর বেদাধ্যয়ন দ্বারা বা পুরাণাধ্যয়ন দ্বারা ব্রহ্মযজ্ঞ সম্পাদন করিবে।

অতঃপর পঞ্চযজ্ঞের নিত্যতা বর্ণিত হইতেছে।—কূর্ম্মপুরাণে লিখিত আছে যে, হে দ্বিজ-

তন্নিত্যতা।

কৌর্ম্মে।— অকৃত্বা চ দ্বিজঃ পঞ্চ মহাযজ্ঞান্ দ্বিজোত্তমাঃ।
ভুঞ্জীত চেৎ সুমূঢ়াত্মা তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥ ৮৩ ॥

অথ বৈষ্ণবশ্রাদ্ধবিধিঃ।

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ। তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভাগবতো নরঃ ॥৮৪॥

যচ্চ স্মৃতৌ।—

গৃহাগ্নিশিশুদেবানাং যতীনাং ব্রহ্মচারিণাম্।
পিতৃপাকো ন দাতব্যো যাবৎ পিণ্ডান্ন নির্ব্বপেৎ ॥ ইতি ॥ ৮৫ ॥

ঈদৃক্ সামান্যবচনং বিশেষবচনব্রজৈঃ। শ্রুতিস্মৃতিপুরাণাদিবর্ত্তিভির্বাধ্যতে ধ্রুবম্ ॥ ৮৬ ॥

তথা চ পাদ্মে।—

বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরম্। পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে ॥৮৭॥

মোক্ষধর্ম্মে নারদোক্তৌ।—

সাত্বতং বিধিমাস্থায় প্রাক্ সূর্য্যমুখনিঃসৃতম্। পূজয়ামাস দেবেশং তচ্ছেষেণ পিতামহান্ ॥ ৮৮ ॥

ততঃ স্বাধ্যায়মাচরেৎ। কুশপুঞ্জে সমাসীনঃ কুশপাণিঃ সমাহিতঃ। শালাগ্নৌ লৌকিকে বাথ জলে ভূম্যামথাপি বা। বৈশ্বদেবশ্চ কর্ত্তব্যো দেবযজ্ঞঃ স বৈ স্মৃতঃ ইত্যাদি ॥ ৮৩ ॥

তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনৈব। যতো ভাগবতঃ ভগবদ্ভক্তঃ ॥ ৮৪ ॥ তত্র নিষেধবাক্যমুল্লিখিন্ বহুতরবচনৈস্তদ্বাধয়িত্বা ভগবদর্পিতান্নাদিনৈব শ্রাদ্ধবিধানং সাধয়তি গৃহাগ্নীত্যাদিনা অপ্রকল্পিতা ইত্যন্তেন ॥ ৮৫ ॥ ঈদৃক্ গৃহাগ্নীতিশ্লোকসদৃশং ॥ ৮৬ ॥ বিশেষবচনান্যেব দর্শয়তি বিষ্ণোরিতি ॥ ৮৭ ॥ সাত্বতমিতি সাত্বতা বৈষ্ণবাস্তৎসম্বন্ধিনমিত্যর্থঃ। দেবেশং শ্রীভগবন্তং। তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনেত্যর্থঃ। ন চাত্র বক্তব্যং যদন্নাদিকং ভোজনপাত্রেষু নিধায়ান্নসংস্কারাদ্যর্পণবিধিনা ভগবতেঽর্পিতং তস্য যদবশিষ্টং রন্ধনপাত্রাদাবস্তি তেনেতি, বিষ্ণোর্নি-

---

সত্তমগণ! পঞ্চ মহাযজ্ঞের অনুষ্ঠান না করিয়া আহার করিলে সেই মূঢ়মতির পশুযোনি প্রাপ্তি হয়। ৮৩।

অনন্তর বৈষ্ণবগণের শ্রাদ্ধবিধি লিখিত হইতেছে।—ভগবন্নিষ্ঠ ব্যক্তি শ্রাদ্ধদিনে প্রথমতঃ ভগবান্‌কে অন্ন প্রদান পূর্ব্বক সেই নিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধানুষ্ঠান করিবেন। ৮৪। স্মৃতিতে উক্ত আছে যে, যাবৎকাল পিণ্ড প্রদান করা না হয়, তাবৎকাল পিত্রর্থে কৃতপাক অন্ন গৃহাগ্নি (শালাগ্নি), শিশু, দেবতা, যতি ও ব্রহ্মচারিগণকে অর্পণ করা নিষিদ্ধ। ৮৫। এই গৃহাগ্নি প্রভৃতি সামান্যবচন শ্রুতি-স্মৃতি-পুরাণ প্রভৃতির বিশেষবচন সকল দ্বারা নিঃসন্দেহ বাধা পাইয়া থাকে। ৮৬। পদ্মপুরাণে ঐ বিষয়ে লিখিত আছে যে, হরির নিবেদিত অন্ন দ্বারা অপরাপর সুরগণের পূজা করা বিধেয়; আর পিতৃদিগকে সেই হরিনিবেদিত অন্ন অর্পণ করিবে। তাহা হইলে উহা অক্ষয় ফলার্থ কল্পিত হইয়া থাকে। ৮৭। মোক্ষধর্ম্মে নারদোক্তি আছে যে, সূর্য্যোক্ত বৈষ্ণববিধি আশ্রয় পূর্ব্বক অগ্রে শ্রীভগবানের পূজা করিয়া অবশিষ্ট অন্ন দ্বারা

ব্রহ্মাণ্ডপুরাণে।—যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং, দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাম্।
তেনৈব পিণ্ডাংস্তুলসীবিমিশ্রানাকল্পকোটিং পিতরঃ সুতৃপ্তাঃ ॥ ৮৯ ॥
স্কান্দে শ্রীশিবোক্তৌ।—দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্য যদ্বিষ্ণোর্ব্বিনিবেদিতম্।
তানুদ্দিশ্য ততঃ কুর্য্যাৎ প্রদানং তস্য চৈব হি ॥ ৯০ ॥
প্রয়ান্তি তৃপ্তিমতুলাং সোদকেন তু তেন বৈ। মুকুন্দগাত্রলগ্নেন ব্রাহ্মণানাং বিলেপনম্।
চন্দনেন তু পিণ্ডানাং কর্ত্তব্যং পিতৃতৃপ্তয়ে। দেবানাঞ্চ পিতৃণাঞ্চ জায়তে তৃপ্তিরক্ষয়া।
এবং কৃতে মহীপাল মা ভবেৎ সংশয়ঃ ক্বচিৎ ॥ ৯১ ॥

বেদিতান্নেনেতি পাদ্মোক্তেঃ। ন চ তদপ্যবশিষ্টমেবেতি শঙ্কনীয়ং যতঃ সংস্কারাদিবিধিনা ভগবতোঽগ্রে যৎ সমর্প্যতে, তদেব নিবেদিতমিত্যুপপদ্যতে ইতি। অতস্তস্যৈব ভগবদ্ভুক্তোচ্ছিষ্টস্য ভক্ত্যা শেষ ইত্যাদ্যুক্তিঃ। অন্যথা গৃহভাণ্ডাদৌ স্থিতস্য ঘৃতখণ্ডাদিদ্রব্যস্য কিঞ্চিদর্পণাত্তত্রাপি শেষত্বব্যাপ্ত্যা নিবেদিতত্বপ্রসঙ্গঃ স্যাৎ। তচ্চাযুক্তং। তত্রতত্রস্থিতস্য দ্রব্যস্য সর্ব্বস্যৈব উচ্ছিষ্টত্বেন পুনর্ভগবতেঽর্পণাযোগাদিতি দিক্। এবঞ্চ ভগবদুচ্ছিষ্টস্য পরমভক্ত্যা মহাপ্রসাদতয়া গ্রহণে স্বিষ্টকৃতো যজ্ঞাবশিষ্টদ্রব্যকরণকহোম ইব দত্তাপহারদোষপ্রসঙ্গশ্চ ন স্যাৎ। অন্যথা শ্রীচরণামৃতপানেঽনুলেপতুলস্যাদিনির্ম্মাল্যগ্রহণেঽপি সর্ব্বত্রৈব দত্তাপহারদোষব্যাপ্তিঃ স্যাৎ; ন চ সা যুক্তা, যতঃ তত্তদ্‌গ্রহণে মহাফলপ্রতিপাদকানি তত্র তত্র বচনানি শতশঃ সন্তি, তেষু চ কানিচিৎ শ্রীচরণামৃতপানাদিপ্রসঙ্গে পূর্ব্বে লিখিতানি। অত্র চ লিখিতং বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি। লেখ্যান্যপি দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্যেতি মুকুন্দগাত্রলগ্নেনেতি সর্ব্বপ্রযত্নেনেত্যাদীনি। শ্রুতিশ্চ। একএব নারায়ণ ইত্যাদিঃ। এতচ্চাগ্রে লেখ্যৈঃ পত্রং পুষ্পং ফলং তোয়মিত্যাদিভিরনর্পিতোপভোগনিষেধবচনৈঃ। তথা অম্বরীষ নবং বস্ত্রমিত্যাদিভিস্তদুপভোগবিধিবচনৈরপি নিতরাং দ্রঢ়য়িতব্যং। বিশেষতশ্চাত্র মহতাং বহুনাং শিষ্টানামাচার এব পরমং প্রমাণমিতি। ভগবন্মায়াহতানাং ভগবৎপ্রসাদবঞ্চিতানাং দুষ্টবুদ্ধীনাং সর্ব্বথোপেক্ষৈবোপযুক্তেতি সর্ব্বেষাং সাধূনাং মতং ॥ ৮৮ ॥ অধুনা পিতৃভ্যোঽপি ভগবদুচ্ছিষ্ট-মহা প্রসাদদানে বহুলবচনানি প্রমাণয়ন্ আদৌ তত্র নিত্যশ্রাদ্ধাদিবিষয়মেব তৎ ন চ পার্ব্বণাদিপরমিতি কেষাঞ্চিদজ্ঞানাং মতং নিরস্যতি যঃ শ্রাদ্ধেতি। হরের্ভুক্তঞ্চ তৎ অতএব শেষঞ্চ॥৮৯॥ তস্য বিষ্ণুনিবেদিতস্যৈব প্রদানং তান্ দেবাদীন্ উদ্দিশ্য কুর্য্যাৎ ॥ ৯০ ॥ ক্বচিদিতি ভগবদুচ্ছিষ্টদানেন গৌণ্যাপত্ত্যা পিত্রাদিতৃপ্তিঃ স্যান্ন বেতি দত্তাপহারদোষঃ স্যান্ন বেত্যাদৌ কুত্রাপি সংশয়ঃ শঙ্কাপি ন ভবেদিত্যর্থঃ ॥ ৯১ ॥

পিতামহগণের পূজা করিবে।৮৮। ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে, শ্রাদ্ধসময়ে ভক্তি সহকারে ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদ ও তদ্‌যোগে তুলসী-সমন্বিত পিণ্ড পিতৃদিগকে বা সুরগণকে অর্পণ করিলে তদীয় পিতৃগণ কোটিকল্প যাবৎ সম্যক্ তৃপ্তি লাভ করেন।৮৯। স্কন্দপুরাণে শিবোক্তি আছে, সুরগণের উদ্দেশে ও পিতৃগণের উদ্দেশে হরিকে নিবেদিত দ্রব্য তত্তদ্দেবতা ও তত্তৎ পিতৃগণের উদ্দেশেই অর্পণ করিবে।৯০। যদি পিণ্ড অর্পণকালে বিষ্ণু-নিবেদিত সলিল মিশ্রিত করিয়া দেওয়া

তত্রৈব শ্রীপুরুষোত্তমখণ্ডে।—

অন্নাদ্যং শ্রাদ্ধকালে তু পতিতাদ্যৈর্নিরীক্ষিতম্। তুলসীদলমিশ্রেণ সলিলেনাভিষিঞ্চয়েৎ।
তদন্নং শুদ্ধতামেতি বিষ্ণোর্নৈবেদ্যমিশ্রিতম্। বিষ্ণোর্নৈবেদ্যশেষন্তু তস্মাদ্দেয়ং দ্বিজন্মনাম্।
পিণ্ডে চৈব বিশেষেণ পিতৃণাং তৃপ্তিমিচ্ছতা॥ ৯২॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

পিতৃনুদ্দিশ্য যৈঃ পূজা কেশবস্য কৃতা নরৈঃ। ত্যক্ত্বা তে নারকীং পীড়াং মুক্তিং যান্তি মহামুনে॥
ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ। যে কুর্ব্বন্তি হরের্নিত্যং পিত্রর্থং পূজনং মুনে॥
কিং দত্তৈর্ব্বহুভিঃ পিণ্ডৈর্গয়াশ্রাদ্ধাদিভির্মুনে। যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্রর্থঞ্চ দিনে দিনে॥
যমুদ্দিশ্য হরেঃ পূজা ক্রিয়তে মুনিপুঙ্গব। উদ্ধৃত্য নরকাবাসাত্তং নয়েৎ পরমং পদং॥
যো দদাতি হরেঃ স্থানং পিতৃনুদ্দিশ্য নারদ। কর্ত্তব্যং হি পিতৃণাং যত্তৎ কৃতং তেন ভো দ্বিজ॥

শ্রুতৌ চ।— এক এব নারায়ণ আসীৎ ন ব্রহ্মা নেমে দ্যাবা-পৃথিব্যৌ সর্ব্বে দেবাঃ
সর্ব্বে পিতরঃ সর্ব্বে মনুষ্যাঃ বিষ্ণুনা অশিতমশ্নন্তি বিষ্ণুনাঘ্রাতং জিঘ্রন্তি
বিষ্ণুনা পীতং পিবন্তি তস্মাদ্বিদ্বাংসো বিষ্ণূপহৃতং ভক্ষয়েয়ুঃ॥ ইতি॥ ৯৩॥

অভিষিঞ্চয়েৎ অভিষেচয়েৎ স্বার্থে ইণ্॥ ৯২॥ ন চ বক্তব্যমিদং অন্যোদ্দেশেন ভগবতে অন্নাদি-সমর্পণং গৌণ্যাপত্ত্যা ভগবৎপ্রীতিবিশেষাসাধনাৎ ফলবিশেষজনকং ন স্যাদিতি যতো নিজ-পিত্রাদিহিতার্থং কৃতং পূজনং ভগবতঃ পরমপ্রীণনমেবেতি। পরম-ফল-সম্পাদকমেব স্যাদিতি লিখতি পিতৃনুদ্দিশ্যেত্যাদিনা। এবঞ্চ পিত্রাদ্যর্থং ভগবৎপূজায়াং পশ্চাৎ কৃতায়াং ভগবন্নিবেদি-তেনৈব স্বতঃশ্রাদ্ধাদি-সম্পত্ত্যা তন্মহাগুণসিদ্ধের্মুক্ত্যাদি-মহাফলমুপপদ্যত এবেতি ভাবঃ। যদ্বা শ্রাদ্ধাগ্রহপরিত্যাগেন পিত্রর্থং ভক্তিবিশেষেণ ভগবৎপূজয়া স্বত এব ফলবিশেষঃ সিধ্যেৎ। এব-মেব, যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখা ইত্যাদিন্যায়াৎ পিত্রাদীনাঞ্চ পরম-তৃপ্তিঃ সিধ্যতি। ন তু কেবলনিজশ্রাদ্ধদানেন তেষামপি ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদাপেক্ষয়েতি

যায়, তাহা হইলে উহা পিতৃগণের অতুল প্রীতি সাধন করে। হরি-অঙ্গলগ্ন চন্দন দ্বারা বিপ্র-গণের বিলেপন-কার্য্য সম্পাদন করা কর্ত্তব্য এবং পিতৃগণের তৃপ্ত্যর্থ উহারই দ্বারা পিণ্ড-লেপন করিবে। হে নরপতে! এইরূপ করিলে নিঃসন্দেহ সুরগণের ও পিতৃদিগের অক্ষয়া প্রীতি লাভ হয়। ৯১। উক্ত পুরাণের পুরুষোত্তমখণ্ডে লিখিত আছে, পতিত জন কর্ত্তৃক শ্রাদ্ধকালীন অন্নাদি দৃষ্ট হইলে তৎশোধনার্থ তুলসী-সমন্বিত সলিল দ্বারা সেচন করিবে এবং বিষ্ণুনৈবেদ্য সহ মিলিত হইলেও উক্ত অন্ন বিশুদ্ধ হয়। সুতরাং বিষ্ণুর নৈবেদ্যাবশেষ ব্রাহ্মণগণকে প্রদান করিবে আর সম্যক্‌প্রকারে পিতৃগণের প্রীতিসাধনের বাসনা হইলে পিণ্ডে হরির নৈবেদ্যাব-শেষ অর্পণ করিবে। ৯২। উক্ত পুরাণের ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, হে তাপসপ্রবর! পিতৃগণকে উদ্দেশ পূর্ব্বক জনার্দ্দনের অর্চ্চনা করিলে মানবগণ নারকী যন্ত্রণা হইতে পরিত্রাণ পাইয়া মোক্ষ লাভ করে। হে ঋষে! সংসারে বিশেষতঃ কলিযুগে যে সমস্ত ব্যক্তি পিতৃগণের জন্য প্রত্যহ কেশবের অর্চ্চনা করেন, তাঁহারাই ধন্য। হে ঋষে! যে সকল ব্যক্তি পিতৃগণের

অতএবোক্তং শ্রীভগবতা বিষ্ণুধর্ম্মে।—

প্রাণেভ্যো জুহুয়াদন্নং মন্নিবেদিতমুত্তমং। তৃপ্যন্তি সর্ব্বদা প্রাণা মন্নিবেদিতভক্ষণাৎ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন প্রদেয়ং মন্নিবেদিতং। মমাপি হৃদয়স্থস্য পিতৄণাঞ্চ বিশেষতঃ॥ ৯৪॥

কিঞ্চ তত্রৈবান্যত্র।—ভক্ষ্যং ভোজ্যঞ্চ যৎকিঞ্চিদনিবেদ্যাগ্র-ভোক্তরি।
ন দেয়ং পিতৃদেবেভ্যঃ প্রায়শ্চিত্তী যতো ভবেৎ॥ ৯৫॥

সর্গাদৌ কথিতো দেবৈরগ্রভুগ্ ভগবান্ হরিঃ। যজ্ঞভাগভুজো দেবাস্ততস্তেন প্রকল্পিতাঃ॥৯৬॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজনমাহাত্ম্যং।

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথসংবাদে।—

যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বা তু বৈষ্ণবং। বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ॥
সিক্থমাত্রন্তু যদ্ভুঙ্‌ক্তে জলং গণ্ডূষমাত্রকং। তদন্নং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমং॥

দিক্॥ ৯৩॥ মমেত্যাদি ষষ্ঠী চতুর্থ্যর্থে। হৃদয়স্থস্য পরমাত্মরূপস্যেত্যর্থঃ। এবং ভগবতে নিবেদ্যৈব পিত্রাদিভ্যো দেয়মিত্যুপপাদিতং॥ ৯৪॥ অধুনা কদাচিদপ্যনিবেদিতং দাতব্যমিতি লিখতি ভক্ষ্যমিতি। ভক্ষ্য-ভোজ্যয়োশ্চর্ব্ব্যাচর্ব্ব্যত্বেন ভেদঃ। যৎকিঞ্চিদপি। অগ্রভোক্তরি পরমেশ্বরে। যতঃ অনিবেদিতদানাৎ প্রায়শ্চিত্তী পাতকী ভবেৎ॥৯৫॥ তদেবোপপাদয়তি সর্গাদাবিতি। অগ্রভুজে ভগবতেঽদত্তে ভুক্তে সতি চৌর্য্যেণেব দেবাদীনামপি পাপং স্যাদিতি ভাবঃ॥ ৯৬॥

উদ্দেশে প্রতিদিন ভক্তি সহকারে জনার্দ্দনের অর্চ্চনা করেন, গয়াশ্রাদ্ধাদি বহু বহু পিণ্ড দান করিয়া আর তাঁহাদের কি প্রয়োজন? হে ঋষিবর! যাহার উদ্দেশে জনার্দ্দনের অর্চ্চনা অনুষ্ঠিত হয়, তাহাকে নিরয়াবাস হইতে পরিত্রাণ করিয়া পরমপদে স্থাপন করা হইয়া থাকে। হে দেবর্ষে! যে ব্যক্তি পিতৃগণের উদ্দেশ করত জনার্দ্দনকে স্নান প্রদান করেন, পিতৃগণের উদ্দেশে যত কিছু কর্ত্তব্য অনুষ্ঠিত হইতে পারে, তৎসমস্তই তদ্দ্বারা আচরিত হইয়াছে। শ্রুতিতেও উক্ত আছে, কেবলমাত্র নারায়ণ বিদ্যমান ছিলেন, ব্রহ্মা ছিলেন না, দ্যাবা-পৃথিবীও তৎকালে ছিল না। সুরগণ, পিতৃগণ ও যাবতীয় মানব হরির ভুক্তান্ন আহার করেন, হরির আঘ্রাত দ্রব্য আঘ্রাণ করেন, এবং হরির পীত বস্তু পান করেন, সুতরাং সুধীগণ হরি-নিবেদিত বস্তু সমস্ত আহার করিবেন। ৯৩। এই হেতু ভগবান্ বিষ্ণুধর্ম্মে বলিয়া গিয়াছেন, মদুদ্দেশে নিবেদিত উত্তমান্ন প্রাণসমূহে আহুতিপ্রদান করিবে, মদুদ্দেশে নিবেদিত দ্রব্য ভোজনে নিরন্তর প্রাণাদি বায়ুসমূহ প্রীতি লাভ করে। অতএব যত্ন সহকারে প্রত্যেকের হৃদয়াধিষ্ঠিত পরমাত্মরূপ আমাকে, অধিকন্তু পিতৃবর্গকে মদুদ্দেশে নিবেদিত অন্ন অর্পণ করিবে। ৯৪। বিষ্ণুধর্ম্মের স্থানান্তরেও লিখিত আছে, প্রথমতঃ অগ্রভুক্ ভগবানে কিছু ভক্ষ্য না দিয়া পিতৃগণের উদ্দেশে দিতে নাই; কারণ, অনিবেদিত দ্রব্য অর্পণ করিলে প্রায়শ্চিত্ত করিতে হয়। ৯৫। সৃষ্টির প্রথমে হরিই অগ্রভুক্ বলিয়া সুরগণ কর্ত্তৃক কীর্ত্তিত হইয়া থাকেন, তৎপরে তিনিই অমরবর্গকে যজ্ঞাংশভোক্তা রূপে নির্দ্দেশ করেন। ৯৬।

অনন্তর শ্রাদ্ধে বৈষ্ণবভোজনমাহাত্ম্য-বিষয়ে লিখিত হইতেছে।—স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মবচনং।—

শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি। তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ॥ ৯৭॥

স্মৃতিশ্চ।—

সুরাভাণ্ডস্থপীযূষং যথা নশ্যতি তৎক্ষণাৎ। চক্রাঙ্করহিতং শ্রাদ্ধং তথা শাতাতপোঽব্রবীৎ॥

কিঞ্চ বিষ্ণুরহস্যে।—

নিবেশয়েন্নরো মোহাদন্যপঙ্‌ক্তৌ হরেঃ প্রিয়ং। স পতেন্নিরয়ে ঘোরে পঙ্‌ক্তিভেদী নরাধমঃ॥৯৮

অথ শ্রীভগবদর্পণে নিষিদ্ধং।

নিবেদিতং যদন্যস্মৈ তদুচ্ছিষ্টং হি কথ্যতে। অতঃ কথঞ্চিদপি তন্ন শ্রীভগবতেঽর্পয়েৎ॥

তথা চৈকাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ।—

অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতং॥ ৯৯

নারদীয়ে।—

পিতৃশেষন্তু যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে। রেতোদাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিনঃ॥ ১০০॥

শঙ্খাঙ্কিততনুঃ বৈষ্ণব ইত্যর্থঃ॥৯৭॥ চক্রেণ অঙ্কশ্চিহ্নং যস্মিন্ বৈষ্ণবে তেন রহিতং। এবং শ্রাদ্ধে অবশ্যং বৈষ্ণবভোজনাৎ বৈষ্ণবস্য চ ভগবন্নিবেদিতভোজননির্দ্ধারাৎ ভগবন্নিবেদিতেনৈব শ্রাদ্ধাদিকমিতি প্রসিদ্ধং। অন্যেষামবৈষ্ণবানাং পঙ্‌ক্তৌ॥ ৯৮॥

অন্যস্মৈ নিবেদিতং মহ্যং নোপযুঞ্জ্যাৎ ন সমর্পয়েৎ॥ ৯৯॥ রেতোদাঃ রেত এব উদম্ উদকং

ভগীরথসংবাদে বর্ণিত আছে, বিদ্যাহীন বৈষ্ণবকে মূঢ়বোধে বেদবিদ্‌গণকে শ্রাদ্ধ প্রদান করিলে বিপ্রকৃত সেই শ্রাদ্ধ রাক্ষস কর্ত্তৃক গৃহীত হয়। বৈষ্ণব ব্যক্তি শ্রাদ্ধে গ্রাস-পরিমিত অন্ন ভোজন করিলে এবং গণ্ডূষপ্রমাণ জল পান করিলেই সেই অন্ন সুমেরুসদৃশ হয় এবং সেই জল সমুদ্রতুল্য হইয়া থাকে। ব্রহ্মপুরাণে ব্রহ্মার উক্তিতে প্রকাশ আছে যে, শঙ্খচিহ্নে বিভূষিতাঙ্গ বিপ্র যে ব্যক্তির গৃহে ভোজন করেন, হরি স্বয়ং পিতৃগণ সহ সেই গৃহে তদন্ন সেবন করিয়া থাকেন। ৯৭। স্মৃতিতে লিখিত আছে যে, শাতাতপ বলিয়াছেন, অমৃত সুরা-পাত্রস্থ হইলে যেরূপ আশু ক্রিয়ার অনুপযুক্ত হইয়া উঠে, বৈষ্ণবহীন শ্রাদ্ধও সেইরূপ তৎক্ষণাৎ বিনষ্ট (কর্ম্মের অনুপযুক্ত) হয়। বিষ্ণুরহস্যে লিখিত আছে, প্রমাদবশে বৈষ্ণব জনকে অবৈ-ষ্ণবগণের পংক্তিতে প্রবেশিত করিলে সেই পংক্তিভেদী অধমকে দারুণ নিরয়ে নিমগ্ন হইতে হয়। ৯৮।

অতঃপর ভগবদর্পণ-বিষয়ে নিষিদ্ধ বিবৃত হইতেছে।—অপরের উদ্দেশে নিবেদিত দ্রব্য উচ্ছিষ্ট বলিয়া অভিহিত; সুতরাং কদাচ তাহা ভগবান্‌কে প্রদান করিবে না। একাদশস্কন্ধে ভগবানের উক্তি আছে, অন্যোদ্দেশে নিবেদিত দীপের আলোকেও মদীয় কর্ম্মের অনুষ্ঠান নিষিদ্ধ অর্থাৎ যে দ্রব্য অন্য দেবতার উদ্দেশে প্রদত্ত হইয়াছে, তাহা আমাকে প্রদান করিবে না। ৯৯। নারদপুরাণে লিখিত আছে, হরির উদ্দেশে পিতৃশেষদ্রব্য অর্পণ করিলে দাতার

শ্রীবিষ্ণুধর্ম্মে।—

হরিশেষং হবির্দদ্যাৎ পিতৃণামক্ষয়ং ভবেৎ। ন পুনঃ পিতৃশেষন্তু হরের্ব্রহ্মাদি-সদ্গুরোঃ॥

অন্যত্র চ।—

দক্ষাদয়শ্চ পিতরো ভৃত্যা ইন্দ্রাদয়ঃ সুরাঃ। অতস্তদ্ভুক্তশেষন্তু বিষ্ণোর্নৈব নিবেদয়েৎ॥ ইতি॥১০১॥

এবমাবশ্যকং কৃত্বা বৈষ্ণবেভ্যো বিভজ্য চ। শ্রীমন্মহাপ্রসাদান্নং ভুঞ্জীত সহ বন্ধুভিঃ॥ ১০২॥

তথা চ প্রহ্লাদপঞ্চরাত্রে।—

স্বভাবস্থৈঃ কর্ম্মজড়ান্ বঞ্চয়ন্ দ্রবিণাদিভিঃ। হরের্নৈবেদ্যসম্ভারান্ বৈষ্ণবেভ্যঃ সমর্পয়েৎ॥১০৩॥

অতএব বৈষ্ণবতন্ত্রে।—

হরের্নিবেদিতং কিঞ্চিন্ন দদ্যাৎ কর্হিচিদ্বুধঃ। অভক্তেভ্যঃ সশল্যেভ্যো যদ্দদন্নিরয়ে ব্রজেৎ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ।—

অবৈষ্ণবে দেবধৃতং নির্ম্মাল্যং ন প্রযচ্ছতি। নৈবেদ্যং বা মহাভাগ
তস্য তুষ্যতি কেশবঃ॥ ইতি॥ ১০৪॥

কথঞ্চিদপি নাশ্নীয়াদকৃত্বা কৃষ্ণপূজনং। ন চাসমর্প্য গোবিন্দে কিঞ্চিদ্ভুঞ্জীত বৈষ্ণবঃ॥

অথ পূজাব্যতিরিক্ত-ভোজনদোষাঃ।

শ্রীকূর্ম্মপুরাণে।—

অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ। শ্বানবিষ্ঠা সমং চান্নং নীরঞ্চ সুরয়া সমং॥১০৫॥

পেয়ং যেষাং তথাভূতাঃ। বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ॥ ১০০॥ হবিঃ পরমান্নং পিতৃণাং পিতৃভ্যো দদ্যাৎ। যতস্তৎ অক্ষয়ম্ অক্ষয্যফলং ভবেদিত্যর্থঃ। হরেঃ হরয়ে ন দদ্যাৎ। তত্র হেতুঃ ব্রহ্মেতি॥ ১০১॥ শ্রীমতো ভগবতঃ। যদ্বা শ্রীমদ্ভগবন্নিবেদিতত্বেন পরমশোভাযুক্তং তদুচ্ছিষ্টত্বেন চ মহাপ্রসাদরূপমন্নং॥ ১০২॥ স্বভাবস্থৈঃ স্বতএব বর্ত্তমানৈঃ অনিবেদিতৈরিত্যর্থঃ॥ ১০৩॥ সশলেভ্যো বিদ্বোপবাসিভ্যঃ কর্ম্মজড়েভ্য ইত্যর্থঃ॥ ১০৪॥

পিতৃগণকে রেতঃপান পূর্ব্বক যন্ত্রণা পাইতে হয়। ১০০। বিষ্ণুধর্ম্মে লিখিত আছে, যে পরমান্ন হরির উদ্দেশে প্রদত্ত হইয়াছে, তাহা পিতৃগণকে প্রদান করিলে অক্ষয় হয়, কিন্তু পিতৃগণের উদ্দেশে যাহা অর্পিত হইয়াছে, তাহা কদাচ হরিকে দিবে না; কারণ শ্রীহরি বিরিঞ্চ্যাদি সুরগণেরও সদ্গুরু বলিয়া অভিহিত। স্থানান্তরেও কথিত আছে, কি দক্ষ প্রভৃতি পিতৃবর্গ, কি দেবেন্দ্রপ্রমুখ অমরগণ, সকলেই শ্রীহরির কিঙ্কর; সুতরাং উহাঁদিগের ভুক্তাবশেষ হরির উদ্দেশে অর্পণ করিতে নাই। ১০১। এইরূপে আবশ্যকীয় ক্রিয়া সমাধান্তে বৈষ্ণবগণকে বিভাগ করিয়া দিয়া বন্ধুবান্ধবগণে পরিবেষ্টিত হওত মহাপ্রসাদ সেবন করিবে। ১০২। প্রহ্লাদ-পঞ্চরাত্রে লিখিত আছে, যাহারা কর্ম্মজড় অর্থাৎ বৈষ্ণব নহে, তাহাদিগকে অনিবেদিত দ্রব্য দান কিংবা অর্থাদি দ্বারা বঞ্চনা করত বৈষ্ণবদিগকে শ্রীহরির নৈবেদ্য প্রদান করিবে। ১০৩। বৈষ্ণবতন্ত্রেও লিখিত আছে, বিদ্ধোপবাসী কর্ম্মজড় অবৈষ্ণবগণকে শ্রীহরির নৈবেদ্যবিশেষের কিয়দংশ প্রদান

কিঞ্চ।—

যো মোহাদথবালস্যাদকৃত্বা দেবতার্চ্চনং। ভুঙ্‌ক্তে স যাতি নরকং শূকরেষ্বিহ জায়তে॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

এককালং দ্বিকালংবা ত্রিকালং পূজয়েদ্ধরিং। অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ॥১০৬॥

নারদীয়ে চ।—

প্রাতর্ম্মধ্যন্দিনং সায়ং বিষ্ণুপূজা স্মৃতা বুধৈঃ। অশক্তো বিস্তরেণৈব প্রাতঃ সম্পূজ্য কেশবং॥
মধ্যাহ্নে চৈব সায়ঞ্চ পুষ্পাঞ্জলিমপি ক্ষিপেৎ। মধ্যাহ্নে বা বিস্তরেণ সংক্ষেপেণাথ বা হরিং।
সংভোজ্য ভোজনং কুর্য্যাদন্যথা নরকং ব্রজেৎ॥

অথানর্পিত-ভোগনিষেধঃ।

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

ন ত্বেবাপূজ্য ভুঞ্জীত ভগবন্তং জনার্দ্দনং। ন তৎ স্বয়ং সমশ্নীয়াৎ যদ্বিষ্ণৌ ন নিবেদয়েৎ॥

শৌবানেতি বক্তব্যে শ্বানেত্যার্ষং। কচিচ্চ শুন ইতি পাঠঃ॥১০৫॥ অপূজ্য অপূজয়িত্বা॥১০৬॥

করাও সুধী ব্যক্তির কদাচ কর্ত্তব্য নহে; তাহাদিগকে দিলে তাহার নরকগতি হয়। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, হে মহাভাগ! দেবধৃত নির্ম্মাল্য কিংবা দেব নৈবেদ্য অবৈষ্ণব-ব্যক্তিকে অর্পণ না করিলে হরি তৎপ্রতি প্রীত থাকেন। ১০৪। কৃষ্ণার্চ্চনা না করিয়া ভোজন করা কদাচ বৈষ্ণবের কর্ত্তব্য নহে এবং অগ্রে হরিকে নিবেদন না করিয়াও কোন দ্রব্য কিয়দংশ প্রমাণেও স্বয়ং ভোগ করিতে নাই।

অনন্তর পূজা ব্যতিরেকে ভোজন-দোষ কথিত হইতেছে।—কূর্ম্মপুরাণে লিখিত আছে, হরির পূজা না করিয়া আহার করিলে সেই সমস্ত ধর্ম্মভ্রষ্ট ব্যক্তির অন্ন কুক্কুরের পুরীষসদৃশ হয় এবং জল মদ্যতুল্য হইয়া থাকে। ১০৫। আরও লিখিত আছে, প্রমাদবশে কিংবা আলস্যবশে হরির অর্চ্চনা না করিয়া আহার করিলে নিরয়গামী হইতে হয় এবং ভূলোকে শূকর-যোনিতে দেহ ধারণ করিতে হইয়া থাকে, বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, এককাল কিংবা দ্বিকাল অথবা ত্রিকাল গোবিন্দের অর্চ্চনা করা মানবের কর্ত্তব্য, হরির অর্চ্চনা না করিয়া আহার করিলে নিরয়ে পতিত হইতে হয়। ১০৬। নারদপুরাণে কথিত আছে, প্রভাতে, মধ্যাহ্নে ও সায়ংসময়ে এই তিনবার হরির অর্চ্চনা করা বিধেয় বলিয়া সুধীগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে। বাহুল্যরূপে অর্চ্চনায় অক্ষম হইলে কেবলমাত্র প্রভাতে পূজা করত মধ্যাহ্নকালে ও সায়ংসময়ে পুষ্পাঞ্জলি দিলেই পূজা সাধিত হয়। কিংবা মধ্যাহ্নসময়ে শ্রীহরিকে বিস্তররূপে বা সংক্ষেপে ভোজন করাইয়া স্বয়ং ভোজন করিবে, ইহার বিপরীত হইলে নিরয়গামী হইতে হয়।

অতঃপর অনর্পিত-ভোগনিষেধ বিবৃত হইতেছে অর্থাৎ যাহা ঈশ্বরে অর্পিত হয় নাই, এরূপ দ্রব্য ভোগ যে নিষিদ্ধ, তাহাই বিবৃত হইতেছে।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, পরমেশ্বর হরির অর্চ্চনা না করিয়া আহার করিতে নাই এবং যে বস্তু হরির উদ্দেশে প্রদত্ত

ব্রহ্মাণ্ডপুরাণে।—
পত্রং পুষ্পং ফলং তোয়মন্নপানাদ্যমৌষধং। অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতং॥ ১০৭॥
অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ। তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদা॥১০৮॥
পাদ্মে গৌতমাম্বরীষসংবাদে।—

অম্বরীষ গৃহে পক্বং যদভীষ্টং সদাত্মনঃ। অনিবেদ্য হরের্ভুঞ্জন্ সপ্তকল্পানি নারকী॥

তত্রৈবোত্তরখণ্ডে শিবোমাসংবাদে।—

অবৈষ্ণবানামন্নঞ্চ পতিতানাং তথৈব চ। অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংসসদৃশং ভবেৎ॥

বিষ্ণুস্মৃতৌ।—

অনিবেদ্য তু যো ভুঙ্‌ক্তে হরয়ে পরমাত্মনে। মজ্জন্তি পিতরস্তস্য নরকে শাশ্বতীঃ সমাঃ॥

অতএব গৌতমাম্বরীষসংবাদে এব।—

অম্বরীষ নবং বস্ত্রং ফলমন্নং রসাদিকং। কৃত্বা বিষ্ণূপভুক্তন্তু সদা সেব্যং হি বৈষ্ণবৈঃ॥

বিষ্ণুধর্ম্মাগ্নিপুরাণয়োঃ।—

গন্ধান্নবরভক্ষ্যাংশ্চ স্রজো বাসাংসি ভূষণং। দত্ত্বা তু দেবদেবায় তচ্ছেষাণ্যুপভুঞ্জতে॥১০৯॥

গারুড়ে।— পাদোদকং পিবেন্নিত্যং নৈবেদ্যং ভক্ষয়েদ্ধরেঃ।
শেষাশ্চ মস্তকে ধার্য্যা ইতি বেদানুশাসনং॥ ১১০॥

আহারায় নিজোপভোগায়॥ ১০৭॥ বিষ্ণোরুপভোগ্যং কৃত্বা যথাবিধ্যর্পণাদিনা তং ভোজয়িত্বেত্যর্থঃ॥ ১০৮॥ গন্ধান্ অন্নানি বরভক্ষ্যাংশ্চ মোদকাদীন্ উপভুঞ্জতে সাধব ইতি

হয় নাই, তাহাও নিজে ভোজন করা অনুচিত। ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে, পত্র, ফুল, ফল, জল, অন্নপানাদি, ঔষধ এবং যে দ্রব্য আপনার উপভোগার্থ স্থিরীকৃত হয়, বিনা নিবেদনে তাহা ভোজন করা অকর্ত্তব্য। ১০৭। অনিবেদিত দ্রব্য উপভোগ করিলে বিনা প্রায়শ্চিত্তে মানবের শুদ্ধিলাভ হয় না; সুতরাং সর্ব্বদাই যাবতীয় বস্তু হরিকে নিবেদন পূর্ব্বক ভোজন করিবে। ১০৮। পদ্মপুরাণে গৌতমাম্বরীষসংবাদে লিখিত আছে, হে অম্বরীষ! আত্মবাঞ্ছিত যে কোন বস্তু গৃহে সতত পক্ব হয়, জনার্দ্দনের উদ্দেশে তাহা না দিয়া ভোজন করিলে সপ্তকল্প নিরয়যাতনা প্রাপ্ত হইয়া থাকে। উক্ত পুরাণের উত্তর-খণ্ডে শিবোমা-সংবাদে লিখিত আছে, অবৈষ্ণব ব্যক্তির অন্ন, পতিতের অন্ন এবং হরির উদ্দেশে অনিবেদিত অন্ন কুক্কুরমাংসের তুল্য। বিষ্ণুস্মৃতিতে উক্ত আছে, পরমাত্মা জনার্দ্দনকে না দিয়া আহার করিলে পিতৃকুল অসীম কাল যাবৎ নিরয়ে পচ্যমান হয়। এই হেতুই গৌতমাম্বরীষ-সংবাদে লিখিত আছে, হে অম্বরীষ! নব বসন, ফল, অন্ন ও রসাদি যাবতীয় বস্তু হরিকে দিয়া অবশেষ ভোগ করাই সাধুগণের বাঞ্ছনীয়। ১০৯। গরুড়পুরাণে লিখিত আছে যে, প্রত্যহ হরিপাদোদক পান করিবে, প্রত্যহ হরি-নৈবেদ্য সেবন করিবে এবং প্রত্যহ শিরোদেশে তুলস্যাদি ধারণ করিবে, বেদে এইরূপ আদেশ

ষষ্ঠস্কন্ধে পুংসবনব্রতপ্রসঙ্গে।—

উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ। অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামার্থসিদ্ধয়ে॥ ১১১॥

অষ্টমস্কন্ধে চ পয়োব্রতপ্রসঙ্গে। - নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাৎ ভুঞ্জীত বা স্বয়ং॥ ১১২॥

গৌতমীয়তন্ত্রে।—

শুদ্ধোপচারসম্ভারৈর্নিত্যশো হরিমর্চ্চয়েৎ। নিবেদ্য কৃষ্ণায় বিধিবদন্নং ভুঞ্জীত তৎ স্বয়ং।

অথবা সাত্বতে দদ্যাদ্‌যদি লভ্যেত ভক্তিতঃ॥

শরৎপ্রদীপে চ।—

ভক্তক্ষণক্ষণো দেবঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি। স্বভোজ্যস্যার্পণং দানং ফলমিন্দ্রাদি-দুর্ল্লভং॥১১৩॥

সদাচারো দর্শিতঃ॥ ১০৯॥ শেষাশ্চ তুলস্যাদয়ঃ॥ ১১০॥ দেবং ভগবন্তং স্বে ধাম্নি স্বহৃদয়ে অগ্রতঃ প্রাক্ উদ্বাস্য বিসর্জ্য॥ ১১১॥ তদ্ভক্তায় বৈষ্ণবায়॥ ১১২॥ এবমনর্পিতোপভোগ-দোষজাতং দর্শয়িত্বা তেন চ নিবেদিতস্যৈবোপভোগং বিলিখ্যাধুনা তদেব দ্রঢ়য়ন্ ভগবদর্পিতস্য গ্রহণেঽপি দত্তাপহারদোষো ন প্রসজ্যেতেতি ভগবৎবাৎসল্যভরতো ন্যায়ান্তরেণ সাধয়তি ভক্তেতি। ভক্তস্য ক্ষণঃ অবসর এব উৎসব এব বা ক্ষণো যস্য। স্ববেশ্মনি স্থিতেন যা স্মৃতিঃ সৈব সেবা। স্বভোজ্যস্য নিজভক্ষ্যস্যৈবার্পণং যত্তদেব তস্মৈ দানং। এবং সুসেব্যত্বং ভক্তবাৎসল্যঞ্চোক্তং। তৎফলঞ্চ ইন্দ্রাদিদুর্ল্লভং স্যাৎ শ্রীবৈকুণ্ঠ-লোকপ্রাপ্তেঃ। এবঞ্চার্পণদানয়োর্ভেদোঽপ্যভিহিতঃ; যতো নৃপাদিভ্যঃ সুদাসাদিভিরিব ভগবতো ভৃত্যৈর্দ্রব্যাণামর্পণমেব ক্রিয়তে ন তু দানং তস্যৈব সর্ব্বদ্রব্যাদিস্বামিত্বেন তেষাং তত্র স্বত্বাভাবাৎ। ততো ভগবতে যদ্দীয়তে তদর্পণমিত্যুচ্যতে ন তু দানমিতি। অতএব পাদ্যাদ্যুপচারং, কল্পয়ামীত্যেব সৎসম্প্রদায়প্রয়োগঃ। এবঞ্চ দদ্যাৎ পুংরূপতুষ্টিদমিত্যাদৌ দানশব্দস্যার্পণমেবার্থোঽবগন্তব্যঃ। ন চ শঙ্কনীয়ং স্বত্বাভাবে পিত্রাদিভ্যঃ কথং তদ্দানং ঘটতামিতি, মহাপ্রসাদতয়া স্বীকৃতেষু তেষু স্বত্বোৎপত্তেঃ শ্রাদ্ধাদিবিধিবলেন তৎকল্পনাদ্বা। ন চ বক্তব্যম্ উচ্ছিষ্টদ্রব্যদানেন শ্রাদ্ধাদৌ গৌণ্যাপত্তিরিতি ভগবদর্পণেন দ্রব্যসংস্কার-বিশেষসম্পত্ত্যা ফলবিশেষজনকত্বেন পরমমুখ্যতাপত্তেঃ। এতচ্চ পূর্ব্বং সূচিতমেব তৎফলঞ্চ লিখিতং। ইত্থঞ্চ, তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদেত্যাদৌ ওদনঃ পক্ত্বা ভুঞ্জাত ইত্যাদিবৎ

নিরূপিত আছে। ১১০। ভাগবতের ষষ্ঠস্কন্ধে পুংসনব্রত-প্রসঙ্গে লিখিত আছে, অনন্তর দেবদেবকে তদীয় স্বধামে নিবসতির জন্য বিসর্জ্জন পূর্ব্বক আত্মশুদ্ধ্যর্থ ও নিখিল কামসমৃদ্ধ্যর্থ অগ্রে প্রভুকে নিবেদিত দ্রব্যের কিয়দংশ সেবন করিবে ১১২। ভাগবতের অষ্টমস্কন্ধে পয়োব্রতপ্রসঙ্গে লিখিত আছে, তৎপরে প্রভুর উদ্দেশে অর্পিত বস্তুসমূহ ভগবদ্ভক্তিপরায়ণ জনগণকে ভোজন করাইবে কিংবা নিজে ভোজন করিবে। ১১২। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে, প্রত্যহই বিশুদ্ধ উপচারসমূহে জনার্দ্দনের পূজা করিতে হয়। বিধানে শ্রীহরির উদ্দেশে অন্ন প্রদান পূর্ব্বক সেই নিবেদিতান্ন নিজে ভোজন করিবে, অথবা বৈষ্ণবপ্রাপ্তি ঘটিলে ভক্তিমান্ হইয়া তাঁহাকেই প্রদান করিবে। শরৎপ্রদীপে লিখিত আছে, ভক্তবর্গের

অথ নৈবেদ্যভক্ষণবিধিঃ।

দৃষ্ট্বা মহাপ্রসাদান্নং তৎ প্রাঙ্‌নত্বাভিমন্ত্রয়েৎ। স্বেষ্টনাম্না ততো মূলমনুনা বারসপ্তকং ॥ ১১৪॥
ধর্ম্মরাজাদিভাগঞ্চাপাস্য শ্রীচরণামৃতং। তুলসীঞ্চাত্র নিক্ষিপ্য শ্লোকান্ সংকীর্ত্তয়েদিমান্ ॥১১৫॥
যস্যোচ্ছিষ্টং হি বাঞ্ছন্তি ব্রহ্মাদ্যা ঋষয়োঽমলাঃ। সিদ্ধাদ্যাশ্চ হরেস্তস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ ॥
কিঞ্চ।—যস্য নাম্না বিনশ্যন্তি মহাপাতকরাশয়ঃ। তস্য শ্রীকৃষ্ণদেবস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ ॥
উচ্ছিষ্টভোজিনস্তস্য বয়মদ্ভুতকর্ম্মণঃ। যো বাল্যলীলয়া তাংস্তান্ পূতনাদীনপাতয়ৎ ॥
একাদশস্কন্ধে।—
ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্ট-ভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি ॥ ১১৬॥
ততোঽমৃতোপস্তরণমসীত্যুক্ত্বা যথাবিধি। পঞ্চ প্রাণাহুতীঃ কৃত্বা ভুঞ্জীত পুরতঃ প্রভোঃ ॥১১৭॥

এককর্ম্মত্বেন যন্নিবেদ্যতে তদেব ভুঞ্জীতেত্যর্থো নিতরাং সিদ্ধঃ, ন ত্বন্যৎ নিবেদ্য অন্যদ্ভুঞ্জীতেতি পৃথক্‌কর্ম্মান্তরকল্পনদোষাপত্তেঃ, অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতমিত্যাদিনা বিরোধাচ্চ। অতএব তত্ত্ববিদঃ সাধবঃ পক্কান্নাদিকমশেষমেব ভগবদগ্রে নীত্বা পরিবেষ্য বিধিবদর্পয়ন্তি। যচ্চ বাহুল্যেন পরিবেষণাদ্যশক্ত্যা রন্ধন-পাত্রাদৌ তিষ্ঠেৎ, তদপি শঙ্খোদক-তুলসীদল-নিক্ষেপণাদিনা বিনিবেদিততামাপাদয়তীতি দিক্ ॥ ১১৩ ॥

প্রাক্ প্রথমং নত্বা অভিবন্দ্য তদন্নং গায়ত্র্যা অভিমন্ত্রয়েৎ। ততস্তদনন্তরং মূলমন্ত্রেণ সপ্ত বারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ১১৪ ॥ আদিশব্দেন পিত্রাদয়ঃ। অপাস্য তদন্নাদপনীয় শ্রীচরণামৃতং ভগবৎপাদোদকং। অত্র মন্ত্রে ॥ ১১৫ ॥ তাংস্তান্ অনির্ব্বাচ্যবলপরাক্রমাদিযুক্তান্। যেন লীলা-বরাহেণ হিরণ্যাক্ষো নিপাতিত ইত্যেতৎ পদ্যার্দ্ধং পঠন্তি, তচ্চ নিজেষ্টদেবলীলানুসারেণেতি জ্ঞেয়ং ॥ ১১৬ ॥ প্রভোর্ভগবতঃ পুরতোঽগ্রে ভুঞ্জীত, যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেরিতি স্কান্দোক্তেঃ। যচ্চ বারাহে শয়নং ভোজনঞ্চাগ্র ইত্যাদ্যপরাধেষূক্তং তদপি বহির্দেবালয়ে শ্রীমূর্ত্তিপূজাবিষয়ং, ন তু স্বগৃহে শালগ্রামশিলাপূজাবিষয়মিতি বিবেচনীয়ং। এতচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ১১৭ ॥

উৎসবই শ্রীহরির উৎসবস্বরূপ, স্বীয় গৃহে থাকিয়া হরিস্মরণই শ্রীহরিসেবা এবং স্বীয় ভক্ষ্য বস্তুর অর্পণই শ্রীহরিকে দান বলিয়া অভিহিত। এই সকলের ফল দেবেন্দ্র-প্রমুখ সুরগণের পক্ষেও দুর্লভ। ১১৩।

অতঃপর নৈবেদ্যসেবনবিধি কথিত হইতেছে।—প্রথমে শ্রীমন্মহাপ্রসাদান্ন দৃষ্টিগোচর পূর্ব্বক বন্দনা করিয়া গায়ত্রী পাঠ দ্বারা তাহা অভিমন্ত্রিত করত মূলমন্ত্রে সপ্তধা অভিমন্ত্রিত করিবে। ১১৪। পরে উক্ত মহাপ্রসাদান্ন হইতে ধর্ম্মরাজ প্রভৃতির অংশ অপসারিত করত তুলসীপত্র ও চরণোদক তাহাতে প্রক্ষেপ করিবে; তৎপরে বক্ষ্যমাণ শ্লোকসমূহ উচ্চারণ করিতে হয়। ১১৫। যথা,—ব্রহ্মা প্রভৃতি নিষ্পাপ ঋষিবর্গ ও সিদ্ধসংঘ যাঁহার উচ্ছিষ্টাহারী, আমাকে সেই গোবিন্দের উচ্ছিষ্টভোজী জানিবে। যাঁহার নামোচ্চারণ দ্বারা পুঞ্জীকৃত মহাপাপের বিলয় হয়, আমাদিগকে সেই শ্রীহরির উচ্ছিষ্টভোজী জানিবে। বাল্যলীলাকালে যাঁহার হস্তে পূতনাদি

তত্র চ বিশেষঃ।

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগরসংবাদে।—প্রশস্তরত্নপাণিস্তু ভুঞ্জীত প্রযতো গৃহী ॥ ১১৮ ॥
পুণ্যগন্ধধরঃ শস্তমাল্যধারী নরেশ্বর। নৈকবস্ত্রধরোঽথার্দ্রপাণিপাদো নরাধিপ ॥
বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্‌মুখঃ। প্রাঙ্মুখোদঙ্মুখো বাপি ন চৈবান্যমুখো নরঃ ॥১১৯॥
দত্ত্বা তু ভক্তং শিষ্যেভ্যঃ ক্ষুধিতেভ্যস্তথা গৃহী। প্রশস্তশুদ্ধপাত্রেষু ভুঞ্জীতাকুপিতো নৃপ ॥ ১২০ ॥
নাসন্দীসংস্থিতে পাত্রে নাদেশে চ নরেশ্বর। নাকালে নাতিসংকীর্ণে দত্ত্বাগ্রঞ্চ নরোঽগ্নয়ে ॥
নাশেষং পুরুষোঽশ্নীয়াদন্যত্র জগতীপতে ॥ ১২১ ॥
মধ্বম্বুদধি-সর্পিভ্যঃ শক্তুভ্যশ্চ বিবেকবান্। অশ্নীয়াৎ তন্ময়ো ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসং ॥ ১২২ ॥

গৃহীতি পূর্ব্বং সর্ব্বত্র গৃহস্থকৃত্যলিখনাদত্রাপি যুক্তমেব তৎ, দ্রব্যসমর্পণাদিযোগ্যত্বেন পূজা-বিধৌ তস্যৈব প্রাধান্যাৎ। ভগবদর্থত্যক্তপরিগ্রহস্য চ বিরক্তস্য যথালাভং ভগবন্তং পূজয়তো ন তাদৃশো বিধিনিষেধাবকাশঃ কল্প্যত ইতি শ্রীভাগবতাদিশাস্ত্র-প্রসিদ্ধমেব কিঞ্চিৎ প্রাক্ লিখিত-মগ্রে চ লেখ্যমিতি ॥ ১১৮ ॥ প্রাঙ্‌মুখ উদঙ্‌মুখো বা ভুঞ্জীত ॥ ১১৯ ॥ প্রশস্তং ভগবন্নিবেদনাৎ ॥১২০॥ আসন্দী দারুময়ত্রিপদী। অদেশে অযোগ্যস্থানে। অকালে সন্ধ্যাদিসময়ে। আকাশ ইতি পাঠে অনাবৃতে। অগ্রমন্নং দত্ত্বা পরিশিষ্টস্যান্নস্য কিঞ্চিদগ্নৌ ক্ষিপ্ত্বা ॥ ১২১ ॥ তন্ময়ো ভূত্বাঽন্নে

বিনাশ প্রাপ্ত হইয়াছে, আমাদিগকে সেই বিচিত্রকর্ম্মা হরির উচ্ছিষ্টভোজী বলিয়া জানিবে। একাদশস্কন্ধে লিখিত আছে, আমাদিগকে ত্বদীয় কিঙ্কর বলিয়া জানিবে, আমরা ত্বদুদ্দেশে নিবেদিত মাল্য, চন্দন, বসন ও বিভূষণাদিতে সমলঙ্কৃত হইয়া ত্বদীয় উচ্ছিষ্ট সেবন পূর্ব্বক তোমার মায়াকে জয় করিব। ১১৬। তৎপরে বিধানে অমৃতোপস্তরণমসি মন্ত্র পাঠ করিয়া বায়ুপঞ্চকের উদ্দেশে আহুতি দিবে এবং দেবদেবের পুরোভাগে আহার করিবে। ১১৭।

উক্ত-বিষয়ক বিশেষবিধি ব্যক্ত হইতেছে।—বিষ্ণুপুরাণে ঔর্ব্ব সগরসংবাদে লিখিত আছে, প্রশস্তরত্নপাণি হইয়া বিশুদ্ধভাবে আহার করাই গৃহীর বিধেয়। ১১৮। হে মনুজেশ্বর! আহার-কালে অঙ্গে পবিত্র গন্ধ লেপন করিতে হয়, গলদেশে মাল্যধারণ করিতে হয় এবং আর্দ্রহস্ত, আর্দ্রচরণ, পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া প্রফুল্লমুখে সন্তুষ্টমনে আহার করিবে। একবস্ত্রে আহার নিষিদ্ধ। অগ্ন্যাদি কোণাভিমুখে বসিয়া আহার করিবে না; এবং পূর্ব্বমুখ ও উত্তরমুখ হইয়া আহার করিবে, অপরদিকে মুখ করিয়াও আহার করিতে নাই। ১১৯। হে রাজন্! শিষ্য ও ক্ষুধার্ত্তগণকে অন্ন দিয়া রোষশূন্যহৃদয়ে বিশুদ্ধ প্রশস্ত পাত্রে আহার করাই গৃহীর উচিত।১২০। হে নৃপতে! কাষ্ঠনির্ম্মিত ত্রিপদীর উপরিভাগে আহারীয় পাত্র স্থাপন পূর্ব্বক আহার করিতে নাই, অযোগ্য স্থলেও আহার করিবে না, অসময়ে (সন্ধ্যাদিকালেও) আহার অনুচিত এবং অতীব সংকীর্ণ স্থলেও ভোজন নিষিদ্ধ। নিবেদিতাবশিষ্ট অন্নের কিয়দংশ অগ্নিমধ্যে ফেলিয়া দিয়া আহার করিতে হয়; পরন্তু পাত্রে কিয়দংশ রাখিয়া ভোজন করিবে, একেবারে নিঃশেষে ভোজন করিতে নাই। ১২১। মধু, জল, দধি, ঘৃত ও শক্তু ইত্যাদি দ্রব্যের ভাল মন্দ বিবেচনা করিয়া অন্নোপরি মনোভিনিবেশ পূর্ব্বক অগ্রে মধুর-

লবণাম্লে তথা মধ্যে কটুতিক্তাদিকাংস্ততঃ। প্রাগ্দ্রবং পুরুষোঽশ্নীয়াৎ মধ্যে চ কঠিনাশনং॥
অন্তে পুনর্দ্রবাশী তু বলারোগ্যে ন মুঞ্চতি। পঞ্চগ্রাসং মহামৌনং প্রাণাদ্যাপ্যায়নায় তৎ॥
ভুক্ত্বা সম্যগথাচম্য প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা। যথাবৎ পুনরাচামেৎ পাণী প্রক্ষাল্য মূলতঃ॥
স্বস্থঃ প্রশান্তচিত্তশ্চ কৃতাসনপরিগ্রহঃ। অভীষ্টদেবতানাঞ্চ কুর্ব্বীত স্মরণং নরঃ॥

অগস্তিরগ্নির্ব্বড়বানলশ্চ, ভুক্তং মযান্নং জরয়ন্ত্বশেষং।
সুখঞ্চ মে তৎ পরিণামসম্ভবং, যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে॥
বিষ্ণুঃ সমস্তেন্দ্রিয়-দেহদেহি-প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।
সত্যেন তেনান্নমশেষমেতদারোগ্যদং মে পরিণামমেতু॥

ইত্যুচ্চার্য্য স্বহস্তেন পরিমৃজ্য তথোদরং। অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ॥
কৌর্ম্মে ব্যাসগীতায়াং।—
প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত সূর্য্যাভিমুখমেব বা। আসীনঃ স্বাসনে সিদ্ধে ভূম্যাং পাদৌ নিধায় চ।
আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্ক্তে যশস্যং দক্ষিণামুখঃ। শ্রিয়ং প্রত্যঙ্মুখো ভুঙ্ক্তে ঋতং ভুঙ্ক্তে উদঙ্মুখঃ॥
পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ ভূমৌ পাত্রং নিধায় চ। উপবাসেন তত্তুল্যং মনুরাহ প্রজাপতিঃ॥
উপলিপ্তে শুচৌ দেশে পাদৌ প্রক্ষাল্য বৈ করৌ। আচম্যার্দ্রাননোঽক্রোধঃ পঞ্চার্দ্রো ভোজনঞ্চরেৎ॥
মহাব্যাহৃতিভিস্ত্বন্নং পরিবার্য্যোদকেন তু। অমৃতোপস্তরণমসীত্যপোশানক্রিয়াং চরেৎ॥
স্বাহাপ্রণবসংযুক্তং প্রাণায়েত্যাহুতিং ততঃ। অপানায় ততো হুত্বা ব্যানায় তদনন্তরং॥
উদানায় ততঃ কুর্য্যাৎ সমানায়েতি পঞ্চমীং। বিজ্ঞায় তত্ত্বমেতেষাং জুহুয়াদাত্মনি দ্বিজাঃ॥
শেষমন্নং যথাকামং ভুঞ্জীত ব্যঞ্জনৈর্যুতং। ধ্যাত্বা তন্মনসা দেবমাত্মানং বৈ প্রজাপতিং॥

অমৃতাপিধানমসীত্যুপরিষ্টাদপঃ পিবেৎ॥

দত্তচিত্তঃ সন্॥১২২॥ প্রত্যঙ্মুখঃ সন্ চেদ্ভুঙ্ক্তে তদা শ্রিয়মেব ভুঙ্ক্তে সর্ব্বসম্পদং লভত ইত্যর্থঃ।

রস আহার করিবে। ১২২। আহারের মধ্যভাগে লবণ ও অম্লরস সেবনীয় এবং কটুতিক্তাদি অন্তে ভোজন করিবে। সর্ব্বাগ্রে দ্রবপদার্থ, মধ্যে কঠিনবস্তু ও শেষে পুনর্ব্বার দ্রবপদার্থ সেবন করিলে বল ও আরোগ্যের হ্রাস হয় না। আহারের প্রারম্ভে পূর্ব্বাস্যে বা উত্তরাস্যে বসিয়া আচমন পূর্ব্বক মৌনভাবে প্রাণাদির তৃপ্ত্যর্থ সর্ব্বপ্রথমে পঞ্চ গ্রাস আহার করিবে, পরে বিধানে ভোজন করত পুনরাচমন করিবে। তৎপরে দুই হাতের আমূল ধৌত করিয়া স্বস্থ ও প্রশান্তমনে আসনোপরি সমাসীন হওত অভীষ্টদেবগণকে স্মরণ করিবে। পরে বক্ষ্যমাণ দুইটী মন্ত্র পাঠ করিতে হয়, যথা—অগস্তি, অগ্নি ও বড়বাগ্নি ইঁহারা মদীয় ভুক্তান্ন নিঃশেষে জীর্ণ করুন, উঁহারা আহারের পরিপাকজন্য সুখবিধান করুন্ এবং মদীয় দেহ নীরোগ হউক্। যেরূপ পরাৎপর শ্রীবিষ্ণু নিখিল ইন্দ্রিয়, শরীর ও শরীরীর শ্রেষ্ঠ, সেই সত্য দ্বারা এই সকল অন্ন মৎসম্বন্ধে আরোগ্যজনক হইয়া পরিণাম লাভ করুক্। এই মন্ত্রদ্বয় পাঠ করত স্বীয় কর দ্বারা জঠরদেশ মার্জ্জনা পূর্ব্বক নিরলস হইয়া পরিশ্রমরহিত কর্ম্মের অনুষ্ঠান করিবে। কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় লিখিত আছে, পূর্ব্বাস্য বা সূর্য্যাভিমুখ হইয়া নিজসিদ্ধাসনে উপবেশন করত ধরাতলে চরণদ্বয়

কিঞ্চ তত্রৈব।—

যদ্ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যচ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ। সোপানৎকশ্চ যদ্ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরং॥
নার্দ্ধরাত্রে ন মধ্যাহ্নে নাজীর্ণে নার্দ্রবস্ত্রধৃক্। ন চ ভিন্নাসনগতো ন যানে সংস্থিতোঽপি বা॥
ন ভিন্নভাজনে চৈব ন ভূম্যাং ন চ পাণিষু। অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যং চাতিভোজনং।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জয়েৎ॥

কিঞ্চ।—ন বামহস্তেনোদ্ধৃত্য পিবেদ্বক্ত্রেণ বা জলং।

বিষ্ণুস্মৃতৌ।—

পিবতঃ পততে তোয়ং ভাজনে মুখনির্গতং। অভোজ্যং তদ্ভবেদন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ॥

মার্কণ্ডেয়ে।—

ভুঞ্জীতান্নঞ্চ তচ্চিত্তো হ্যন্তর্জানু সদা নরঃ। উপঘাতাদৃতে দোষান্নান্নস্যোদীরয়েদ্বুধঃ॥ ১২৩॥

ঋতং সত্যং বাঞ্ছিতং প্রাপ্নোতীত্যর্থঃ। আত্মনি জুহুয়াৎ আত্মনা সহৈষামৈক্যং ভাবয়েদিত্যর্থঃ।

স্থাপন পূর্ব্বক অন্নাদি ভোজন করিতে হয়। পূর্ব্বাস্য হইয়া আহার করিলে পরমায়ু বর্দ্ধিত হয়, দক্ষিণাস্য হইয়া ভোজন করিলে যশোলাভ, পশ্চিমাস্য হইয়া আহার করিলে নিখিল সম্পত্তি-প্রাপ্তি ও উত্তরাস্য হইয়া আহার করিলে অভিলষিত প্রাপ্তি হইয়া থাকে। ভূতলে পাত্র স্থাপন পূর্ব্বক পঞ্চার্দ্র হইয়া (হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ প্রক্ষালন করিয়া) আহার করিলে উহা অনশনসদৃশ হইয়া থাকে, সেই আহারে কোনরূপ রোগের আশঙ্কা থাকে না। গোময়োপলিপ্ত বিশুদ্ধ স্থলে, করদ্বয় ও চরণযুগল ধৌত করিয়া, আচমন সহকারে সিক্তমুখ হইয়া এবং রোষ পরিবর্জ্জন পূর্ব্বক আহার করা কর্ত্তব্য। মহাব্যাহৃতি (ভূর্ভুবঃস্বঃ) পাঠ করত সলিলধারা দ্বারা অন্নকে পরিবেষ্টন পূর্ব্বক "অমৃতোপস্তরণমসি" এই মন্ত্র পাঠ করত আচমন করিতে হইবে। তদনন্তর স্বাহা-প্রণবসমন্বিত প্রাণায় বলিয়া হোম করিবে অর্থাৎ ওঁ প্রাণায় স্বাহা এই বলিয়া আহুতি প্রদান করিবে, তৎপরে যথাক্রমে অপান, ব্যান, উদান ও সমান এই পঞ্চপ্রাণের আহুতি দিতে হয়। হে বিপ্রগণ! এই সমস্ত বিষয়ে বিদিততত্ত্ব হইয়া আপনাতে আহুতি প্রদান করিতে হয়। তদনন্তর যদৃচ্ছাবশে অবশেষ অন্ন ব্যঞ্জনসহকারে আহার করিবে। তৎপরে তদ্গতমনা হইয়া আপনাকে প্রজাপতি দেবতারূপে চিন্তন করত আহারাবশেষে "অমৃতাপিধানমসি স্বাহা" বলিয়া আচমন করিবে। উক্ত গ্রন্থের ঐ স্থলে আরও লিখিত আছে যে, শিরোদেশে উষ্ণীষ বন্ধন পূর্ব্বক আহার, অগ্নি প্রভৃতি কোণাভি-মুখ হইয়া আহার এবং চর্ম্মপাদুকাযুক্তপদ হইয়া আহার আসুরিক আহার বলিয়া পরিগণিত। অর্দ্ধরাত্রকালে, মধ্যাহ্নসময়ে, অজীর্ণাবস্থায়, আর্দ্রবসন ধারণ পূর্ব্বক, ভগ্নাসনে বসিয়া, যানারোহণ পূর্ব্বক, ভগ্ন-ভাণ্ডে, মৃত্তিকায় ও হস্তে করিয়া আহার করিতে নাই। অতিভোজন রোগের কারণ, পরমায়ুঃক্ষয়কর, স্বর্গলাভের প্রতিকূল, পাপকর ও লোকবিগর্হিত, সুতরাং অতিভোজন পরিত্যাজ্য। আরও লিখিত আছে, বামকরে পাত্র উঠাইয়া বদন দ্বারা জলপান নিষিদ্ধ। বিষ্ণুস্মৃতিতে লিখিত আছে, জলপানসময়ে মুখ হইতে জল বিগলিত হইয়া ভোজন-

অন্যত্র চ।—

হস্তাদৃতেঽম্বুনান্তেনানশ্নন্ পাত্রাদৃতে পিবেৎ। দক্ষিণন্তু পরিত্যজ্য বামে নীরং নিধাপয়েৎ।
অভোজ্যং তদ্ভবেদন্নং পানীয়ঞ্চ সুরাসমং ॥১২৪॥ তৃপ্তো দদ্যাদ্ধি তদন্নং শেষং দুর্গতভৃপ্তয়ে ॥১২৫॥
সম্যগাচম্য দক্ষাজ্ঘ্র্যঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ। ততঃ সংস্মৃত্য সংতুষ্টঃ পুষ্টিদামিষ্টদেবতাং।
সন্নিকৃষ্টৈর্বৃতঃ শিষ্টৈর্জপেদন্নপতের্মনূন্। অন্নপতেঽন্নস্য নো ধেহীত্যাদি ॥ ১২৬ ॥
ভক্ষয়েদথ তাম্বূলং প্রসাদং বল্লবীপ্রভোঃ। শিষ্টৈরিষ্টৈর্জপেদ্দিব্যং ভগবন্নামমঙ্গলং ॥ ১২৭ ॥

অথ নৈবেদ্য-মাহাত্ম্যং।

বারাহে।—

যো মমৈবার্চ্চনং কৃত্বা তত্র প্রাপণমুত্তমং। শেষমন্নং সমশ্নাতি ততঃ সৌখ্যতরং নু কিং ॥১২৮॥

স্কান্দে।—

তবোপহারং ভুক্ত্বা যঃ সেবতে যজ্ঞপূরুষং। সেবিতং তেন নিয়তং পুরোডাশো মহাধিয়া ॥১২৯॥
কিঞ্চ তত্রৈব।—শঙ্খোদকং তীর্থবরাদ্বরিষ্ঠং, পাদোদকং তীর্থগণাদ্গরিষ্ঠং।
নৈবেদ্যশেষং ক্রতুকোটিপুণ্যং, নির্ম্মাল্যশেষং ব্রতদানতুল্যং ॥

তৎ ততঃ ভোজনানন্তরমিত্যর্থঃ ॥ ১২৩॥ অশ্নন্ ভুঞ্জানঃ সন্ হস্তাদৃতে পাণিং বিনা কেবলং মুখেন জলং ন পিবেৎ। তথা পাত্রং বিনা করাদিনা ন পিবেদিত্যর্থঃ। অন্যথা অভোজ্যাদিকং স্যাদিত্যর্থঃ ॥ ১২৪ ॥ তৃপ্তঃ সমাপ্তভোজনঃ সন্ ॥ ১২৫ ॥ অঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ। মন্ত্রঃ অঙ্গুষ্ঠেতি ॥১২৬॥ বল্লবীপ্রভোঃ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য প্রসাদমিতি তন্নিবেদিতমিত্যর্থঃ ॥১২৭॥
প্রাপণমুপহারং তদেবাহ শেষমন্নমিতি ॥ ১২৮ ॥ পুরোডাশঃ যজ্ঞশেষদ্রব্যং ॥ ১২৯ ॥ বিষ্ণো-

---

পাত্রে পড়িলে তত্রস্থ অন্ন অভোজ্য; উহা আহার করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিয়া বিশুদ্ধ হইতে হয়। মার্কণ্ডেয়পুরাণে লিখিত আছে, জানুদেশ মধ্যে স্থাপন পূর্ব্বক অন্নগতচিত্ত হইয়া আহার করা কর্ত্তব্য। বায়স-মার্জ্জারাদির উচ্ছিষ্ট ভিন্ন অন্ন সম্বন্ধে অপর কোন প্রকার দোষ পণ্ডিতলোকে কীর্ত্তন করিবেন না। ১২৩। অন্যত্রও লিখিত আছে, হস্ত দ্বারা না ধরিয়া কেবলমাত্র মুখসাহায্যে জল পান করা নিষিদ্ধ এবং জলপাত্র ব্যতীত কেবলমাত্র হাতে করিয়া জল পান করিতে নাই। দক্ষিণ দিক্ পরিহার পূর্ব্বক বামভাগে জল রাখিলে সেই জল মদিরা সদৃশ এবং অন্ন অখাদ্য হয় ॥ ১২৪। দুর্গত জনের তৃপ্ত্যর্থ ভোজনাবসানে ভোজনাবশেষ অন্ন সমর্পণ করিবে। ১২৫। সম্যক্ প্রকারে আচমন পূর্ব্বক দক্ষিণপদের অঙ্গুষ্ঠে জল দিবে; তৎপরে পুষ্টিপ্রদা ইষ্টদেবতার স্মরণ পূর্ব্বক প্রীতিলাভ করিতে হয়। তদনন্তর সন্নিহিত শিষ্টজনগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া "অন্নপতে অন্নস্য" ইত্যাদি অন্নপতি-মন্ত্র জপ করিতে হইবে। ১২৬। তৎপরে শ্রীহরির প্রসাদীকৃত তাম্বূল সেবন পূর্ব্বক অভিমত শিষ্টজন সমভিব্যাহারে বসিয়া প্রভুর কল্যাণময় অত্যুত্তম নাম জপ করিবে। ১২৭।

অনন্তর নৈবেদ্য-মাহাত্ম্য লিখিত হইতেছে।—বরাহপুরাণে লিখিত আছে, মদীয় পূজা সাধন পূর্ব্বক আমার উদ্দেশে উৎকৃষ্ট উপহার দিয়া শেষ অন্ন আহার করিলে তদপেক্ষা সুখ

নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রং, বিশেষতঃ পাদজলেন সিক্তং।
যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ, প্রাপ্নোতি যজ্ঞাযুত-কোটিপুণ্যং ॥ ১৩০ ॥
ষড়্‌ভির্মাসোপবাসৈস্তু যৎ ফলং পরিকীর্ত্তিতং।
বিষ্ণোর্নৈবেদ্যশেষে যৎ ফলং তদ্ভুঞ্জতাং কলৌ ॥ ১৩১ ॥

কিঞ্চ তত্র শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যে।—

ভক্ত্যা ভুনক্তি নৈবেদ্যং শালগ্রামশিলার্পিতং। কোটিং মখস্য লভতে ফলং শত-সহস্রশঃ ॥১৩২
ব্রহ্মচারি-গৃহস্থৈশ্চ বানপ্রস্থৈশ্চ ভিক্ষুভিঃ। ভোক্তব্যং বিষ্ণুনৈবেদ্যং নাত্র কার্য্যা বিচারণা ॥
ভুক্ত্বান্যদেবনৈবেদ্যং দ্বিজশ্চান্দ্রায়ণঞ্চরেৎ। ভুক্ত্বা কেশবনৈবেদ্যং যজ্ঞকোটিফলং লভেৎ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

অগ্নিষ্টোমসহস্রৈস্তু বাজপেয়শতৈরপি। তৎ ফলং প্রাপ্যতে নূনং বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ ॥
হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ। পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ ॥১৩৩

নৈবেদ্যশেষং পাদজলেন বিমিশ্রিতং সহেতি বা। ক্বচিদ্বিষ্ণোরিত্যত্র সিক্তমিতি বা পাঠঃ ॥১৩০॥ ভুঞ্জতাং বিষ্ণুনৈবেদ্যশেষেণাপি তৎ ফলং ॥ ১৩১ ॥ ভুনক্তি ভুঙ্‌ক্তে। মখস্য কোটিং লভতে স যজ্ঞকোটিং কৃতবানিত্যর্থঃ। তস্য চ কিং ফলমিত্যপেক্ষায়ামাহ ফলমিতি। শতসহস্রশঃ অনন্তমিত্যর্থঃ। যদ্বা শতসহস্রশো যা যজ্ঞকোটিস্তদ্রূপং ফলং লভতে ॥ ১৩২ ॥ অচ্যুতঃ অচ্যুততুল্য

আর কি হইতে পারে ? ১২৮। স্কন্দপুরাণে লিখিত আছে, আপনার উপহার আহার পূর্ব্বক যজ্ঞ-পুরুষের আরাধনা করিলে সেই মহামতি কর্ত্তৃক সর্ব্বদা যজ্ঞাবশিষ্ট বস্তু সেবিত হইয়া থাকে। ১২৯। আরও লিখিত আছে, শঙ্খোদক তীর্থোত্তম হইতেও প্রধান, পাদোদক সর্ব্বতীর্থ হইতে শ্রেষ্ঠ, নৈবেদ্যাবশেষ যজ্ঞকোটিজন্য পুণ্যস্বরূপ এবং নির্ম্মাল্যাবশেষ ব্রতের ও দানের সমান। বিষ্ণু-নিবেদিত নৈবেদ্যাবশেষ তুলসী-সমন্বিত ও বিশেষতঃ পাদোদকে অভিষিক্ত করিয়া প্রত্যহ জনার্দ্দনের-পুরোভাগে আহার করিলে দশসহস্র কোটি যজ্ঞের পুণ্য লাভ করিতে পারে। ১৩০। কলিযুগে বিষ্ণু-নিবেদিত নৈবেদ্যাবশেষ আহার করিলে ষণ্মাস অনশনজনিত ফল প্রাপ্ত হওয়া যায়। ১৩১। উক্ত পুরাণের শালগ্রামশিলা-মাহাত্ম্যে লিখিত আছে, শালগ্রামশিলায় দত্ত নৈবেদ্যাবশেষ আহার করিলে শত সহস্র কোটি যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায়। ১৩২। কি ব্রহ্মচারী, কি গৃহী, কি বানপ্রস্থ, কি ভিক্ষু, যে কোন আশ্রমীই হউক না কেন, বিষ্ণু নৈবেদ্য ভোজন করিতে কোনরূপ বিচার করিবে না। বিপ্রবংশোদ্ভূত হইয়া বিষ্ণুনৈবেদ্য সেবন করিলে কোটিযজ্ঞের ফললাভ হইয়া থাকে, কিন্তু দেবতান্তরের নৈবেদ্য আহার করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিয়া বিশুদ্ধ হইতে হয়। উক্ত পুরাণের ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে যে, অগ্নিষ্টোম-সহস্র ও অশ্বমেধ-শত অনুষ্ঠানে যে ফল সঞ্চিত হয়, শ্রীহরির নৈবেদ্যশেষ আহার করিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। শ্রীহরির রূপ যে ব্যক্তির হৃদয়ে বিরাজমান, বদনে কৃষ্ণনাম বিরাজিত, বিষ্ণু-নৈবেদ্য জঠরে এবং শিরোদেশে

কিঞ্চ।—　　পাবনং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং।
অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ॥
কোটিযজ্ঞৈস্তু যৎ পুণ্যং মাসোপোষণকোটিভিঃ।
তৎ ফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ॥

তুলস্যাশ্চ রজো জুষ্টং নৈবেদ্যস্য চ ভক্ষণং। নির্ম্মাল্যঞ্চ ধৃতং যেন মহাপাতকনাশনং॥

বৃহদ্বিষ্ণুপুরাণে।—

নৈবেদ্যং জগদীশস্য অন্নপানাদিকঞ্চ যৎ। ভক্ষ্যাভক্ষ্যবিচারশ্চ নাস্তি তদ্ভক্ষণে দ্বিজাঃ॥
ব্রহ্মবন্নির্বিকারং হি যথা বিষ্ণুস্তথৈব তৎ। বিকারং যে প্রকুর্ব্বন্তি ভক্ষণে তদ্দ্বিজাতয়ঃ।
কুষ্ঠব্যাধিসমাযুক্তাঃ পুত্রদারবিবর্জিতাঃ। নিরয়ং যান্তি তে বিপ্রা যস্মান্নাবর্ত্ততে পুনঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

নবমন্নং ফলং পুষ্পং নিবেদ্য মধুসূদনে। পশ্চাদ্ভুঙ্‌ক্তে স্বয়ং যশ্চ তস্য তুষ্যতি কেশবঃ॥

ব্রহ্মাণ্ডপুরাণে।—

মুকুন্দাশনশেষন্তু যো হি ভুঙ্‌ক্তে দিনে দিনে। সিক্‌থে সিক্‌থে ভবেৎ পুণ্যং চান্দ্রায়ণশতাধিকং॥

অন্যত্রাপি।—　　একাদশীসহস্রৈস্তু মাসোপোষণকোটিভিঃ।
তৎ ফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ॥ ইতি॥ ১৩৪॥

ইত্যর্থঃ সারূপ্যাদিপ্রাপ্ত্যা। যদ্বা ভক্তিমার্গান্নিজেষ্টাদ্বা চ্যুতো ন ভবতীত্যর্থঃ॥১৩৩॥ একাদশী-সহস্রৈরিত্যনেন তদ্ব্রতগণাদপি ভগবন্নৈবেদ্যভক্ষণস্য মাহাত্ম্যমধিকমুক্তং। যচ্চাগ্রে ভাগবত-লক্ষণে লেখ্যং স্কান্দবচনম্—প্রাণাত্যয়ে ন চাশ্নন্তি দিনং প্রাপ্য হরের্নরা ইতি, তচ্চ ভগবন্মহাপ্রসাদব্যতিরিক্তপরমিতি জ্ঞেয়ং। ন চ বক্তব্যং বৈষ্ণবানামনিবেদিতভক্ষণং সদা নিষিদ্ধমেবেতি, যতস্তদ্বচনং ন বৈষ্ণববিষয়ং; কিন্তু প্রাণাত্যয়েঽপি সতি যে নাশ্নন্তি তে ভাগবতা ইতি সামান্যোক্তেঃ। যদ্বা ভগবদ্ভক্তিরেব তদ্ব্রতমিতি বুদ্ধ্যা ভগবৎপ্রীত্যপেক্ষয়া

চরণোদক ও নির্ম্মাল্য বিরাজমান, তাঁহাকে হরির সদৃশ জানিবে। ১৩৩। আরও লিখিত আছে, সুরগণ, সিদ্ধবর্গ ও ঋষিসমূহ শ্রীহরির নৈবেদ্যকে বিশুদ্ধ বলিয়া কীর্ত্তন করেন এবং বলিয়া থাকেন যে, দেবতান্তরের নৈবেদ্য আহার করিলে চান্দ্রায়ণের অনুষ্ঠান করিতে হয়। বিষ্ণু-নৈবেদ্য সেবন করিলে কোটিযজ্ঞানুষ্ঠানজনিত ও কোটি-মাসোপবাস-জন্য ফল হইয়া থাকে। তুলসীরজোযুক্ত নৈবেদ্য-সেবন ও নির্ম্মাল্য ধারণ করিলে মহাপাপ বিদূরিত হইয়া যায়। বৃহদ্বিষ্ণুপুরাণে লিখিত আছে, হে বিপ্রগণ! শ্রীহরির নৈবেদ্য ও অন্ন-পানাদি যে কোন বস্তুই হউক্ না কেন, তাহা আহার করিতে কোনরূপ খাদ্যাখাদ্যবিচার করিবে না। হে দ্বিজগণ! শ্রীহরির নৈবেদ্য ব্রহ্মবৎ নির্ব্বিকার, উহা বিষ্ণুর অনুরূপ; বিষ্ণু-নৈবেদ্য-সেবন-বিষয়ে যাহার বিকারোদয় হয়, তাহাকে কুষ্ঠরোগী ও পুত্র-কলত্রহীন হইয়া নিরয়গামী হইতে হয়, সেই নিরয় হইতে আর তাহাকে সংসারে পুনরাগমন করিতে হয় না। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত

ততো যথোক্তমাচম্য তাম্বূলাদি বিভজ্য চ। মহাপ্রসাদং দাস্তেন গৃহ্লীয়াৎ প্রয়তঃ স্বয়ং॥ ১৩৫॥
তথা চ নবমস্কন্ধে শ্রীমদম্বরীষচরিতে।—

কামন্তু দাস্তে ন তু কামকাম্যয়া যথোত্তমশ্লোকজনাশ্রয়া রতিঃ॥
নৈবেদ্যভক্ষণে যচ্চ নির্ম্মাল্যগ্রহণে চ যৎ।
মাহাত্ম্যমাদৌ লিখিতং জ্ঞেয়ং সর্ব্বমিহাপি তৎ॥ ১৩৬॥

॥*॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে মহাপ্রসাদো নাম নবমো বিলাসঃ॥৯॥*॥

তত্র মহাপ্রাসাদান্নভক্ষণেনাপি ন দোষঃ কোঽপি প্রসজ্যেতেতি কেষাঞ্চিৎ সতাং মতং। ততশ্চৈতদ্বচনম্ নৈবেদ্যমাহাত্ম্যপরমেব ন তু স্বব্রতনিষেধকমিতি মন্তব্যং। যদ্বা নিজ-বিশ্বাসবিশেষেণ ভগবদধরামৃতমহাপ্রসাদবুদ্ধ্যা তদন্নাত্যুপভোগো ভক্তিরূপাদপ্যেকাদশীব্রতা-দেকান্তিনাং পরমফলত্বেনোপাদেয় ইতি যুক্তমেবোক্তং একাদশীসহস্রৈরিতি॥ ৩৪॥ মহা-প্রসাদরূপং তাম্বূলাদি। আদিশব্দেন স্রক্‌চন্দনাদি। আচম্য প্রয়তঃ সন্ দাস্তেন নিমিত্তেন গৃহ্লীয়াৎ উপযুঞ্জ্যাৎ॥ ১৩৫॥ কামং স্রক্‌চন্দনাদিভোগং চকারেতি পূর্ব্বশ্লোকস্থেনান্বয়ঃ। দাস্তে নিমিত্তে ন তু ভোগেচ্ছয়া। তত্রাপ্যুত্তমশ্লোকজনা বৈষ্ণবাস্তদ্বিষয়া রতিঃ প্রীতি-র্যথা স্যাত্তথা চকারেতি ভগবদ্ভক্ত-বিষয়ক-ভক্তেঃ পরমোপাদেয়ত্বমগ্রে লেখ্যং সূচিতং॥ ১৩৬॥

॥*॥ ইতি নবমবিলাসটীকা॥*॥

আছে, গোবিন্দের উদ্দেশে নূতন অন্ন, ফল ও পুষ্প নিবেদন পূর্ব্বক শেষে নিজে আহার করিলে হরি তৎপ্রতি প্রীত হইয়া থাকেন। ব্রহ্মাণ্ডপুরাণে বর্ণিত আছে, প্রতিদিন শ্রীহরির নৈবেদ্যাবশেষ সেবন করিলে প্রতিগ্রাসে চান্দ্রায়ণশত অপেক্ষাও পুণ্যলাভ হইয়া থাকে। অন্যত্রও লিখিত আছে, বিষ্ণু-নৈবেদ্য সেবনমাত্র সহস্রসংখ্য একাদশীব্রতের ও কোটিসংখ্য মাসোপবাসব্রতের ফল প্রাপ্ত হইতে পারে। ১৩৪। তৎপরে বিধানে আচমন করিয়া তাম্বূল প্রভৃতি নিবেদন করিবে এবং পবিত্র হইয়া স্বয়ং দাস্যার্থ মহাপ্রসাদ তাম্বূলাদি গ্রহণ করিবে। ১৩৫। ভাগবতের নবমস্কন্ধে শ্রীমদম্বরীষ-চরিতে লিখিত আছে, তিনি স্রক্‌চন্দনাদি-বিষয়-ভোগকে ভগবজ্জনাবলম্বিনী রতি যদ্রূপে হয়, তদ্রূপ করত প্রভু-দাস্যে তৎপর করিতেন, পরন্তু তাহা বিষয়বাসনায় নহে, ভগবৎ-প্রসাদ-স্বীকারার্থমাত্র। এস্থলেও পূর্ব্বকথিত নৈবেদ্য-সেবনজ ও নির্ম্মাল্যগ্রহণজ মাহাত্ম্য অবগত হইতে হইবে। ১৩৬।

মহাপ্রসাদ নামক নবম বিলাস সমাপ্ত।

দশমবিলাসঃ।

শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপেভ্যো নমো নমঃ। কথঞ্চিদাশ্রয়াদ্যেষাং শ্বাপি তদ্গন্ধভাগ্‌ভবেৎ ॥ ১ ॥
অথ শ্রীকৃষ্ণভক্তানাং সভাং সবিনয়ং শুভাং। গচ্ছেদ্বৈষ্ণবচিহ্নাঢ্যং পাতুং কৃষ্ণকথাসুধাং ॥ ২ ॥
তথাচ স্মৃতিঃ।— ইতিহাসপুরাণাভ্যাং ষষ্ঠ-সপ্তমকৌ নয়েৎ ॥ ৩ ॥

শ্রীচৈতন্যপদাম্ভোজরসিকেভ্যো নমো নমঃ। বহুধা যততেঽজ্ঞোঽয়ং যেষাং প্রীতিচিকীর্ষয়া ॥ অথ শ্রীভগবন্মহাপ্রসাদসেবনানন্তরং সৎসঙ্গসেবাং লিখন্ তৎসুসিদ্ধয়ে সতঃ প্রণমতি শ্রীকৃষ্ণেতি। শ্রীকৃষ্ণস্য চরণাম্ভোজয়োর্মধু ভক্তিরসং পিবন্তীতি তথা তেভ্যঃ শ্রীভগবদ্ভক্তেভ্য ইত্যর্থঃ। নমো নম ইতি বীপ্সা ভক্তিবিশেষেণ। অপীত্যস্য পূর্ব্বত্রাপি সম্বন্ধঃ। যেষাং শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপানাং কেনচিদপি প্রকারেণ য আশ্রয়ঃ শরণাগতিঃ তস্মাদপি শ্বা তত্তুল্যঃ পরমনীচজনোঽপীত্যর্থঃ, তস্য তস্য শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুনঃ, তেষাং বা শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপানাং গন্ধং ভজতি প্রাপ্নোতীতি তাদৃশো ভবেৎ। শ্বাপীত্যনেন চ যথা কমলমধুপানমত্তস্য ভ্রমতো ভ্রমরস্য কথঞ্চিৎ সম্বন্ধাৎ তন্মুখনির্গলন্মধুগন্ধেন কুক্কুরোঽপ্যামোদিতো ভবেদিত্যত্র দৃষ্টান্ত উহ্যঃ। অতস্তল্লক্ষণাদিলিখনরূপসজ্জনাশ্রয়াৎ সৎসঙ্গাখ্যভক্তিবিলাসস্য লিখনমযোগ্যাদপি মত্তঃ সুখং সম্যক্ ঘটেতেতি ভাবঃ ॥ ১ ॥ অথ মহাপ্রসাদাদিগ্রহণানন্তরম্। শুভাং নির্দ্দোষাং সর্ব্বসদ্‌গুণাঢ্যাং চেতার্থঃ। সবিনয়ং যথা স্যাত্তথা গচ্ছেৎ। কিমর্থম্? কৃষ্ণস্য কথৈব সুধা তাং পাতুম্। যদ্যপি ন বোধয়তি মাং যোগ ইত্যাদিনাঽগ্রতো লেখ্যেন বচনজাতেন সতাং সঙ্গতিমাত্রস্যাপি পরমোপাদেয়ত্বমুক্তং তথাপি ভগবৎকথামৃতরসপানমেব পরমোপাদেয়মিতি কিংবা তস্মিন্ মহন্মুখরিতামধুভিচ্চরিত্র-পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তীত্যাদিন্যায়েন সৎসঙ্গতো ভগবৎকথাসুধাপানং স্বতএব সম্পদ্যত ইতি তৎ-স্বভাবানুভাবমাত্রমত্র লিখিতমিতি দিক্। কথম্ভূতঃ বৈষ্ণবানাং চিহ্নৈঃ হরিমন্দির-তিলক-মালা-মুদ্রাদিভিরাঢ্যঃ যুক্তঃ সন্। অন্যথা বৈষ্ণবাজ্ঞানেন প্রত্যুত্থানাদ্যকরণাৎ সভাসদাং তেষামপরাধাপত্ত্যা তস্যাপ্যপরাধাপত্তেঃ ॥ ২ ॥

ভগবৎপূজানন্তরং মধ্যাহ্নে সৎসঙ্গ ইতি কেষাঞ্চিন্মতং নিরস্যন্ ভোজনানন্তরমেব সৎসঙ্গ ইতি স্বমতং দ্রঢ়য়ন্ স্মৃতিবচনং প্রমাণয়তি ইতিহাসেতি। ইতিহাসো ভারতাদিঃ। ষষ্ঠ-সপ্তমৌ

কোনরূপে যাঁহাদের আশ্রয় গ্রহণ করিলে সারমেয়সদৃশ অতি হীনজনও শ্রীকৃষ্ণপাদপদ্মের গন্ধভাগী হয়, কৃষ্ণপাদপদ্মের ভ্রমরসদৃশ সেই সমস্ত ভক্তকুলকে পুনঃ পুনঃ নমস্কার করি। ১। মহাপ্রসাদ প্রভৃতি গ্রহণান্তে হরিমন্দির-তিলক, মাল্য ও মুদ্রাদি বৈষ্ণবচিহ্নে বিভূষিত হইয়া হরিকথা-সুধা-পান করিবার জন্য বিনয় সহকারে হরিভক্তগণের সভায় গমন করিবে। ২। উক্ত বিষয়ে স্মৃত্যুক্তি আছে যে, মহাভারত প্রভৃতি ইতিহাস ও পুরাণ দ্বারা অষ্ট অংশে অংশীভূত দিবসের ষষ্ঠ সপ্তম ভাগ যাপন করিবে। ৩।

অথ শ্রীভগবদ্ভক্তানাং লক্ষণানি।

সামান্যতঃ লৈঙ্গে।—বিষ্ণুরেব হি যস্যৈষ দেবতা বৈষ্ণবঃ স্মৃতঃ ॥ ৪ ॥

অত্র বিশেষঃ।

ব্রত-কর্ম্ম-গুণ-জ্ঞান-ভোগজন্মাদিমৎস্বপি। শৈবেষ্বপি চ কৃষ্ণস্য ভক্তাঃ সন্তি তথা তথা ॥৫॥

তত্র ব্রতিষু মধ্যে ভগবদ্ভক্তিহেতুব্রতপরতা ভগবদ্ভক্তলক্ষণং ॥

তথা স্কান্দে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথসংবাদে।—

দশমীশেষ-সংযুক্তং দিনং বৈষ্ণববল্লভং। নোপাসতে মহীপাল তে বৈ ভাগবতা নরাঃ ॥ ৬ ॥

প্রাণাত্যয়ে ন চাশ্নন্তি দিনং প্রাপ্য হরের্নরাঃ। কুর্ব্বন্তি জাগরং রাত্রৌ সদা ভাগবতা হি তে ॥৭॥

উপোষ্য দ্বাদশীং শুদ্ধাং রাত্রৌ জাগরণান্বিতাং। অল্পাস্তু সাধয়েদ্যস্তু স বৈ ভাগবতো নরঃ ॥

অষ্টধাবিভক্তদিনভাগৌ নয়েৎ। পঞ্চমভাগে গৃহস্থস্য ভোজনবিধানাৎ ॥ ৩ ॥ বিষ্ণুভক্ত-মেব লক্ষয়তি বিষ্ণুরেবেতি। দেবতা ইষ্টদেবত্বেন পূজ্য ইত্যর্থঃ। এষ বৈষ্ণবঃ বিষ্ণুভক্তঃ স্মৃতঃ ॥ ৪ ॥

অর্চ্চনায় পরাঙ্মুখ, তাঁহাকে প্রাকৃত কহে অর্থাৎ তিনি পর্য্যায়ক্রমে ভক্তির উত্তমাধিকারিত্ব প্রাপ্ত হন। প্রেমবান্ হইয়া ভক্ত ব্যক্তিকে যে পূজা করা যায়, তাহাই প্রেমবোধক। অতঃ-পরবন্দনাদি যে সকল ভক্তি-লক্ষণ বিবৃত হইবে, সেই সমস্ত লক্ষণবান্ হইলেই ভগবদ্ভক্ত বলা-যায়। এইরূপে যে সমস্ত ব্রতপরতাবধি মহাভাগবত-লক্ষণ যাবৎ ভগবদ্ভক্ত-লক্ষণ বিবৃত হই-য়াছে, তাহার মধ্যে কিয়দংশ গৌণ ও কিয়দংশ মুখ্য বলিয়া জ্ঞাতব্য। ৬০। ঐ সমস্ত লক্ষণে লক্ষিত বহুজন সুদুর্লভ; কারণ, চিন্তামণি প্রভৃতি অমূল্য রত্ন, সকল স্থানে প্রাপ্ত হওয়া যায় না। ৬১। নারদীয়পুরাণে মোক্ষধর্ম্মে প্রকাশিত আছে যে, ভগবান্ মধুসূদন যে জায়মান ব্যক্তির প্রতি নেত্রপাত করেন, তিনি সাত্ত্বিক বলিয়া অভিহিত, সেই পুরুষই মুক্তিফল ভক্তির জন্ম স্থিরনিশ্চয় হইয়া থাকেন। ৬২। এইরূপে সংক্ষেপ-বর্ণিত লক্ষণ

সৌপর্ণে শ্রীশক্রোক্তৌ।— অথ ভগবদ্ভক্তানাং মাহাত্ম্যম্।

কলৌ ভাগবতং নাম যস্য পুংসঃ প্রজায়তে। জননী পুত্রিণী তেন পিতৃণাস্তু ধুরন্ধরঃ॥ ৬৪॥

কলৌ ভাগবতং নাম দুর্লভং নৈব লভ্যতে। ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং মম॥ ৬৫॥

যস্য ভাগবতং চিহ্নং দৃশ্যতে তু হরির্মুনে। গীয়তে চ কলৌ দেবা জ্ঞেয়াস্তে নাস্তি সংশয়ঃ॥ ৬৬॥

শ্রীমার্কণ্ডেয়োক্তৌ।—

সমীপে তিষ্ঠতে যস্য হ্যন্তকালেঽপি বৈষ্ণবঃ। গচ্ছতে পরমং স্থানং যদ্যপি ব্রহ্মহা ভবেৎ॥৬৭॥

নারদীয়ে শ্রীবামদেবরুক্মাঙ্গদসংবাদে।—

শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ। বিষ্ণুভক্তিবিহীনো যো যতিশ্চ শ্বপচাধিকঃ॥৬৮॥

স্কান্দে রেবাখণ্ডে শ্রীব্রহ্মোক্তৌ।—

ইন্দ্রো মহেশ্বরো ব্রহ্মা পরং ব্রহ্ম তদৈব হি। শ্বপচোঽপি ভবত্যেব যদা তুষ্টোঽসি কেশব॥

শ্বপচাদপি কষ্টত্বং ব্রহ্মেশানাদয়ঃ সুরাঃ। তদৈবাঽচ্যুত যান্ত্যেতে যদৈব ত্বং পরাঙ্মুখঃ॥ ৬৯॥

ভাগবতং নাম বৈষ্ণব ইতি নাম। যদ্বা শ্রীকৃষ্ণদাসেত্যাদিসংজ্ঞাপি। তথাপি দীক্ষয়ৈব তাদৃশনামোৎপত্ত্যা ভগবদ্ভক্তত্বং সিদ্ধমেব। যদ্বা নামমাত্রেণ তাদৃশমাহাত্ম্যং কিং পুনরাচারাদি-নেত্যর্থঃ। এবমন্যদপৃহ্যং॥ ৬৪॥ গুরুণা শ্রীবৃহস্পতিনা॥ ৬৫॥ চিহ্নং তপ্তমুদ্রাদিলক্ষণং হরি-গীয়তে চ যৈঃ তে কলৌ দেবা জ্ঞেয়াঃ। কলাবিত্যস্য পূর্ব্বেণ বান্বয়ঃ॥ ৬৬॥ গচ্ছতে গচ্ছতি॥ ৬৭॥ দ্বিজাৎ বিপ্রাদপ্যধিক উত্তমঃ। শ্বপচাদপ্যধিকঃ পরমনিকৃষ্ট ইত্যর্থঃ। অধম ইত্যেব বা পাঠঃ॥৬৮॥ যদা তুষ্টোঽসি তদৈব শ্বপচোঽপি ইন্দ্রাদির্ভবতি। তত্র পরব্রহ্মেতি

দ্বারা বৈষ্ণবমাহাত্ম্যও জ্ঞাতব্য। অধুনা সংক্ষেপে অপর কতিপয় বৈষ্ণবমাহাত্ম্য কীর্ত্তিত হইতেছে। ৬৩।

অনন্তর ভগবদ্ভক্তমাহাত্ম্য বিবৃত হইতেছে। গরুড়পুরাণে ইন্দ্রোক্তি আছে যে, কলি-কালে বৈষ্ণব নামে প্রসিদ্ধ হইলে সেই পুরুষ দ্বারা জননী পুত্রবতী হন ও সেই পুরুষ পিতৃদিগের ভারবাহী হইয়া থাকেন। ৬৪। কলিযুগে বৈষ্ণব নাম দুষ্প্রাপ্য, কদাচই প্রাপ্ত হওয়া যায় না, বৈষ্ণব নাম রুদ্রপদ অপেক্ষাও উত্তম, বৃহস্পতি মৎসকাশে ইহা কীর্ত্তন করিয়াছেন। ৬৫। হে ঋষে! কলিকালে যে ব্যক্তি তপ্তমুদ্রাদি চিহ্নে চিহ্নিত, আর যাঁহাদিগের মুখে হরিনাম কীর্ত্তিত হয়, তাঁহারা নিঃসন্দেহ দেবতাসদৃশ। ৬৬। মার্কণ্ডেয়োক্তি আছে যে, মরণসময়ে বৈষ্ণবজন সন্নিহিত থাকিলে ব্রহ্মঘাতী পাপীও পরম পদ লাভ করে। ৬৭। নারদীয়পুরাণে বামদেব-রুক্মাঙ্গদসংবাদে লিখিত আছে, হে নৃপতে! বৈষ্ণব হইলে শ্বপচ ব্যক্তিও দ্বিজাতি হইতে শ্রেষ্ঠ এবং হরিভক্তি-বর্জ্জিত হইলে যতি ব্যক্তিও শ্বপচাপেক্ষা হীন বলিয়া গণনীয়। ৬৮। স্কন্দপুরাণে রেবাখণ্ডে ব্রহ্মোক্তি আছে, হে মাধব! তুমি প্রীত হইলে শ্বপচ ব্যক্তিও ইন্দ্র, মহাদেব, বিধি ও পরব্রহ্মস্বরূপ হয় এবং তুমি বিমুখ হইলে হরবিরিঞ্চ্যাদি সুরবর্গও শ্বপচ

স কর্ত্তা সর্ব্বধর্ম্মাণাং ভক্তো যস্তব কেশব। স কর্ত্তা সর্ব্বপাপানাং যো ন ভক্তস্তবাচ্যুত ॥৭০॥

ধর্ম্মো ভবত্যধর্ম্মোঽপি কৃতো ভক্তৈস্তবাচ্যুত।
পাপং ভবতি ধর্ম্মোঽপি তবাভক্তৈঃ কৃতো হরে ॥ ৭১ ॥

নিঃশেষধর্ম্মকর্ত্তা বাপ্যভক্তো নরকে হরে। সদা তিষ্ঠতি ভক্তস্তে ব্রহ্মহাপি বিশুধ্যতি ॥ ৭২॥

নিশ্চলা ত্বয়ি ভক্তির্যা সৈব মুক্তির্জনার্দ্দন। মুক্তা এব হি ভক্তাস্তে তব বিষ্ণো যতো হরে॥৭৩॥

তত্রৈব দুর্ব্বাসোনারদসংবাদে।—

নূনং ভাগবতা লোকে লোকরক্ষা-বিশারদাঃ। ব্রজন্তি বিষ্ণুনাদিষ্টা হৃদিস্থেন মহামুনে ॥

ভগবানেব সর্ব্বত্র ভূতানাং কৃপয়া হরিঃ। রক্ষণায় চরঁল্লোকান্ ভক্তরূপেণ নারদ ॥ ৭৪ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

যস্তু বিষ্ণুপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ। স্বগৃহেঽপি বসন্ যাতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥

মুক্তস্তন্ময়ো বেত্যর্থঃ ॥৬৯। ন চ্যুতঃ কথঞ্চিদপি ন ভ্রষ্টো ভবতি ভক্তো যস্মাদিতি তৎসম্বোধনং হে অচ্যুতেতি। তথা চোক্তং। ন চ্যবন্তেঽপি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলো লোকে স এক ইত্যাদি। এতচ্চাগ্রে লেখ্যমেব ॥৭০॥ তব ভক্তৈঃ কৃতঃ অধর্ম্মঃ কদাচিত্তীর্থাদাবধিক-প্রতিগ্রহাদিনা পাপমপি ধর্ম্ম এব ভবতি ভক্ত্যা ত্বদর্থমেব কৃতত্বাৎ। তবাভক্তৈঃ কৃতো ধর্ম্মো যোগাদিরপি পাপমেব ভবতি ত্বদনাদরাৎ। তদুক্তং। অরির্মিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ। প্রসন্নে পুণ্ডরীকাক্ষে বিপরীতে বিপর্য্যয়ঃ ॥ ইতি ॥ ৭১ ॥ নরকে সদা তিষ্ঠতি অভক্ত্যা ভগবদনাদরেণ নাস্তিকত্বাপত্তেঃ। তথা চোক্তমেকাদশস্কন্ধে। য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরং। ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধ ইতি ॥ ৭২ ॥ দেহান্তে বিমুচ্যত ইতি কিং বক্তব্যং ত্বয়ি ভক্তিনিষ্ঠয়া তস্মিন্নেব দেহে মুক্ত এবাসাবিত্যাশয়েনাহ নিশ্চলেতি। জনার্দ্দন হে জন্মলক্ষণসংসারনাশক! বিষ্ণো হে অপরিচ্ছিন্ন! হরে হে সংসার-দুঃখহরেতি সম্বোধনত্রয়েণ তব ভক্তের্ভক্তানাঞ্চ তাদৃশত্বং যুক্তমেবেতি দ্যোত্যতে ॥ ৭৩ ॥

অপেক্ষা হীন হয়েন। ৬৯। হে অচ্যুত! ত্বদ্ভক্ত জনই সর্ব্বধর্ম্মকর্ত্তা এবং তোমার প্রতি অভক্তিমান্ হইলেই তাহাকে সর্ব্বপাপে পাপী বলিয়া জানিবে। ৭০। হে অচ্যুত! হে হরে! ত্বদ্ভক্তগণ কর্ত্তৃক অনুষ্ঠিত অধর্ম্মও ধর্ম্ম এবং তোমার অভক্তগণ কর্ত্তৃক আচরিত ধর্ম্মও অধর্ম্ম বলিয়া পরিগণিত হয়। ৭১। হে হরে! তোমার প্রতি অভক্তিমান্ নরকে অবস্থিতি করে এবং তোমার প্রতি ভক্তিমান্ হইলে ব্রহ্মঘাতীও পবিত্র হয়। ৭২। হে জনার্দ্দন! হে বিষ্ণো! হে হরে! ত্বৎপ্রতি অচলা ভক্তিই মুক্তি বলিয়া কীর্ত্তিত; সুতরাং ত্বদ্ভক্ত-গণই মুক্ত সন্দেহ নাই। ৭৩। স্কন্দপুরাণের বেরাখণ্ডে দুর্ব্বাসা-নারদ-সংবাদে লিখিত আছে, হে মহর্ষে! লোকরক্ষাবিশারদ ভগবদ্ভক্তেরা হৃদয়াধিষ্ঠিত হরির আজ্ঞানুসারে সংসারে বিচরণ করিয়া থাকেন। হে দেবর্ষে! ভূতগণের রক্ষার্থ কৃপাপরবশ হইয়া ভগবান্ জনার্দ্দনই ভক্তরূপে অখিললোকে পরিভ্রমণ করেন। ৭৪। ঐ পুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, নিত্য দৃঢ়ভক্তিমান্, হরিপরায়ণ, জিতেন্দ্রিয় ব্যক্তি

অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ করোতি বৈ। নাসৌ তৎফলমাপ্নোতি তদ্ভক্তৈর্যদবাপ্যতে॥
তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযমভটসংবাদে।—

সর্ব্বত্র বৈষ্ণবাঃ পূজ্যাঃ স্বর্গে মর্ত্তে রসাতলে। দেবতানাং মনুষ্যাণাং তথৈবোরগরক্ষসাম্॥
যেষাং স্মরণমাত্রেণ পাপলক্ষশতানি চ। দহ্যন্তে নাত্র সন্দেহো বৈষ্ণবানাং মহাত্মনাম্॥৭৫॥
যেষাং পাদরজেনৈব প্রাপ্যতে জাহ্নবীজলম্। নার্ম্মদং যামুনং চৈব কিং পুনঃ পাদয়োর্জ্জলম্॥৭৬॥
যেষাং বাক্যজলৌঘেন বিনা গঙ্গাজলৈরপি। বিনা তীর্থসহস্রেণ স্নাতো ভবতি মানবঃ॥
তত্রৈব চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে।—

তাবৎ ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ। যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে॥
স এব জ্ঞানবাঁল্লোকে যোগিনাং প্রথমো হি সঃ। মহাক্রতুনামাহর্ত্তা হরিভক্তিযুতো হি যঃ॥৭৭॥
কাশীখণ্ডে ধ্রুবচরিতে।—

ন চ্যবন্তে হি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে স একঃ সর্ব্বগোঽব্যয়ঃ।
ন তস্মাদ্ভগবদ্ভক্তাৎ ভেতব্যং কেনচিৎ ক্বচিৎ নিয়তং বিষ্ণুভক্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ॥

ব্রজন্তীত্যাদৌ গচ্ছন্তি ভ্রমন্তীতি॥ ৭৪॥ নিত্যং বিষ্ণুপরত্বে হেতুঃ দৃঢ়া নিশ্চলা ভক্তির্যস্যেতি, অতএব জিতেন্দ্রিয়ঃ। যেষাং বৈষ্ণবানাম্ অতএব মহাত্মনাং স্মরণমাত্রেণ॥ ৭৫॥

পাদস্য রজেন রজসৈব। নার্ম্মদং যামুনঞ্চ জলং প্রাপ্যতে। কিং পুনস্তেষাং পাদয়োর্জ্জলং তন্মহিমা কিং পুনর্ব্বক্তব্য ইত্যর্থঃ। অস্য পানসম্ভবেন রজসঃ সকাশান্মাহাত্ম্যাপেক্ষয়া কিং পুনরিতি ন্যায়োক্তিঃ॥ ৭৬॥ বাক্যমুপদেশরূপং ভগবৎকথাকীর্ত্তনাদিরূপং বা

নিজগৃহে থাকিয়াও হরির প্রথিত পরমধামে প্রয়াণ করেন। দশলক্ষ অশ্বমেধকারীও হরিভক্তগণলভ্য ফল লাভ করিতে পারে না। ঐ পুরাণের অমৃতসারোদ্ধারে যম-যমদূতসংবাদে লিখিত আছে, হরিভক্তগণ কি স্বর্গ, কি মর্ত্ত, কি পাতাল, সর্ব্বত্রই দেবতা, মানব, পন্নগ ও রাক্ষসকুলের বন্দনীয় হয়েন। বৈষ্ণবগণের স্মরণমাত্র নিঃসন্দেহ শতলক্ষ পাপ ভস্মীভূত হয়। ৭৫। যাঁহাদের পদরেণুতে জাহ্নবী, নর্ম্মদা ও যমুনার জল লাভ করা যায়, যাঁহাদের উপদেশ কিংবা হরিসঙ্কীর্ত্তনরূপ বারি দ্বারা মানবগণ অসংখ্য অসংখ্য তীর্থ ও গঙ্গোদক বিনাও স্নাত হয়, তাঁহাদিগের পদামৃতের মাহাত্ম্য আর কি বর্ণন করিব? উক্ত পুরাণেই চাতুর্ম্মাস্য-মাহাত্ম্যে বর্ণিত আছে, যাবৎ বংশে ভক্তিমান্ সন্তানের উৎপত্তি না হয়, ততদিনই পিতৃকুল পিণ্ডলুব্ধ হইয়া সংসারে বিচরণ করেন। সংসারে হরিভক্তিমান্ পুরুষই জ্ঞানী, যোগিশ্রেষ্ঠ ও সর্ব্বযজ্ঞের আহর্ত্তা বলিয়া কীর্ত্তিত। ৭৬—৭৭। কাশীখণ্ডে ধ্রুবচরিতে লিখিত আছে, মহাপ্রলয়রূপ আপদেও হরিভক্তগণের বিচ্যুতি নাই, এই জন্যই হরি অখিল সংসারে অচ্যুত, সর্ব্বগামী ও অব্যয়শব্দে কীর্ত্তিত হইয়া থাকেন; সুতরাং হরিভক্ত হইতে কোনরূপে কদাচ ভীতির আশঙ্কা নাই। বিষ্ণুভক্ত ব্যক্তি কদাচই অন্যকে তাপ প্রদান করেন না। স্কন্দপুরাণের ঐ স্থানের কিঞ্চিৎ পূর্ব্বে লিখিত আছে, হরিভক্তিমান্ হইলে কি বিপ্র, কি ক্ষত্রিয়, কি বৈশ্য, কি শূদ্র, কি অন্ত্যজ, কোন জাতিই হউক্ না, সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ

তত্রৈবাগ্রে।—

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা যদি বেতরঃ। বিষ্ণুভক্তিসমাযুক্তো জ্ঞেয়ঃ সর্ব্বোত্তমোত্তমঃ॥৭৮॥

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ। গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ॥ ৭৯॥

মহাভারতে রাজধর্ম্মে।—

ঈশ্বরং সর্ব্বভূতানাং জগতঃ প্রভবাপ্যয়ং। ভক্তা নারায়ণং দেবং দুর্গাণ্যতিতরন্তি তে॥ ৮০॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনম্। কীর্ত্তনাত্তস্য পাপানি নাশমায়ান্ত্যশেষতঃ॥

তত্রৈব।— যস্যাপ্যনন্তে জগতামধীশে, ভক্তিঃ পরা যাদব-দেবদেবে।

তস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ, পাত্রং ত্রিলোকে পুরুষপ্রবীর॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীপ্রহ্লাদ-বলিসংবাদে।—

নিত্যং যে প্রাতরুত্থায় বৈষ্ণবানান্তু কীর্ত্তনম্। কুর্ব্বন্তি তে ভাগবতাঃ কৃষ্ণতুল্যাঃ কলৌ বলে॥

হরিভক্তিসুধোদয়ে।—

স্বদর্শন-স্পর্শন-পূজনৈঃ কৃতী, তমাংসি বিষ্ণুপ্রতিমেব বৈষ্ণবঃ।

ধুন্বন্ বসত্যত্র জনস্য যন্ন তৎ, স্বার্থং পরং লোকহিতায় দীপবৎ॥ ৮১॥

ইতিহাসসমুচ্চয়ে শ্রীলোমশবাক্যে।—

যে ভজন্তি জগদ্যোনিং বাসুদেবং সনাতনম্। ন তেভ্যো বিদ্যতে তীর্থমধিকং রাজসত্তম॥৮২॥

তদেব জলৌঘঃ পয়ঃপূরঃ তেনৈব॥ ৭৭॥ প্রলয়াপদি অপি॥ ৭৮॥ তুলসীমঞ্জরীধরঃ। শিরসেত্যত্র তুলসীতি বা পাঠঃ। তত্তদা॥ ৭৯॥ ভক্তা অভজন্। দুর্গাণি দুস্তরবিবিধদুঃখানি॥ ৮০॥ বিষ্ণুপ্রতিমেব স্বদর্শনাদিভির্জনস্য সর্ব্বলোকস্য তমাংসি পাপানি অজ্ঞানানি বা ধুন্বন্ নাশয়ন্। অত্র লোকে বৈষ্ণবো যদ্বসতি তৎ স্বার্থং ন কিন্তু পরং কেবলং লোকহিতায়ৈব। অত্র দৃষ্টান্তঃ যথা

হইয়া থাকে। ৭৮। শঙ্খচক্রচিহ্নে চিহ্নিত-তনু, মস্তকে তুলসী-মঞ্জরীধারী ও গোপীচন্দনাক্তাঙ্গ মহাত্মাকে দেখিলে আর পাতকাশঙ্কা কোথায়? ৭৯। মহাভারতের রাজধর্ম্মে লিখিত আছে, যে সকল ব্যক্তি সর্ব্বভূতেশ্বর, জগদুৎপত্তিলয়কারী হরির আরাধনা করেন, তাঁহারা বিবিধ দুস্পার দুঃখ হইতে পরিত্রাণ প্রাপ্ত হন। ৮০। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, নিদ্রা হইতে গাত্রোত্থান পূর্ব্বক মধুসূদন-নাম কীর্ত্তন করিলে আশু নিঃশেষে পাতকপুঞ্জ বিদূরিত হয়। ঐ গ্রন্থে আরও লিখিত আছে, হে পুরুষপ্রবর! যে ব্যক্তি অনন্ত, জগদীশ্বর, যাদব, দেবদেব হরির প্রতি ভক্তিমান্, ত্রিভুবনে তদপেক্ষা অপর আর উৎকৃষ্ট পাত্র নাই। দ্বারকা-মাহাত্ম্যে প্রহ্লাদবলি-সংবাদে লিখিত আছে, হে বলে! যাঁহারা প্রতিদিন প্রভাতে গাত্রোত্থান পূর্ব্বক বৈষ্ণবনাম কীর্ত্তন করেন, কলিকালে তাঁহারাই ভাগবত বলিয়া কীর্ত্তিত এবং শ্রীহরির সদৃশ। হরিভক্তি-সুধোদয়ে বর্ণিত আছে, পুণ্যশীল বৈষ্ণব ব্যক্তি হরিপ্রতিমাবৎ দর্শন, স্পর্শন ও অর্চ্চন দ্বারা লোকের অজ্ঞান বিদূরণ পূর্ব্বক যে সংসারে অবস্থিতি করেন, তাহা কেবল দীপবৎ পরহিতার্থ জানিবে, নিজের জন্য নহে। ৮১। ইতিহাসসমুচ্চয়ে লোমশোক্তি আছে যে, হে নৃপতিপ্রবর! যে সকল

যত্র ভাগবতাঃ স্নানং কুর্ব্বন্তি বিমলাশয়াঃ। তত্তীর্থমধিকং বিদ্ধি সর্ব্বপাপবিশোধনম্ ॥ ৮৩ ॥
যত্র রাগাদিরহিতা বাসুদেবপরায়ণাঃ। তত্র সন্নিহিতো বিষ্ণুর্নৃপতে নাত্র সংশয়ঃ ॥
ন গন্ধৈর্ন তথা তোয়ৈর্ন পুষ্পৈশ্চ মনোহরৈঃ। সান্নিধ্যং কুরুতে দেবো যত্র সন্তি ন বৈষ্ণবাঃ ॥
বলিভিশ্চোপবাসৈশ্চ নৃত্যগীতাদিভিস্তথা। নিত্যমারাধ্যমানোঽপি তত্র বিষ্ণুর্ন তৃপ্যতি ॥ ৮৪ ॥
তস্মাদেতে মহাভাগা বৈষ্ণবা বীতকল্মষাঃ। পুনন্তি সকলাঁল্লোকাংস্তত্তীর্থমধিকং ততঃ ॥ ৮৫ ॥
শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা। বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবং ॥৮৬॥
তস্মাদ্বিষ্ণুপ্রসাদায় বৈষ্ণবান্ পরিতোষয়েৎ। প্রসাদসুমুখো বিষ্ণুস্তেনৈব স্যান্ন সংশয়ঃ ॥ ৮৭ ॥

তত্রৈব শ্রীনারদপুণ্ডরীকসংবাদে।—

যে নৃশংসা দুরাত্মানঃ পাপাচাররতাঃ সদা। তেঽপি যান্তি পরং ধাম নারায়ণপরাশ্রয়াঃ ॥ ৮৮ ॥
লিপ্যন্তে ন চ পাপেন বৈষ্ণবা বিষ্ণুতৎপরাঃ। পুনন্তি সকলাঁল্লোকান্ সহস্রাংশুরিবোদিতঃ ॥
জন্মান্তরসহস্রেষু যস্য স্যাদ্বুদ্ধিরীদৃশী। দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বাঁল্লোকান্ সমুদ্ধরেৎ ॥
স যাতি বিষ্ণুসালোক্যং পুরুষো নাত্র সংশয়ঃ। কিং পুনস্তদ্গতপ্রাণাঃ পুরুষাঃ সংযতেন্দ্রিয়াঃ ॥

কিঞ্চ।—

স্মৃতঃ সম্ভাষিতো বাপি পূজিতো বা দ্বিজোত্তমাঃ। পুনাতি ভগবদ্ভক্তশ্চাণ্ডালোঽপি যদৃচ্ছয়া ॥৮৯

দীপ ইতি ॥ ৮১ ॥ ততোঽধিকং শ্রেষ্ঠং ॥ ৮২ ॥ অধিকং সর্ব্বতঃ শ্রেষ্ঠং বিদ্ধি। কুতঃ সর্ব্বেষামেব পাপানাং বিশেষেণ বাসনোন্মূলনেন শোধনং ॥ ৮৩ ॥ বলিভিঃ উপহারৈঃ। যত্র বৈষ্ণবা ন সন্তি, তত্র ন তৃপ্যতি ন তুষ্যতি ॥ ৮৪ ॥ তস্মাদেত এব লোকান্ পুনন্তি। ততস্তস্মাদ্ধেতোঃ। তদিত্যব্যয়ং ত ইত্যর্থঃ। যদ্বা তীর্থবিশেষণত্বান্নপুংসকত্বং। বৈষ্ণবা এব পরমং তীর্থমিত্যর্থঃ ॥ ৮৫ ॥ জাতিসামান্যাৎ নীচজাতিরয়মিতি। যদ্বা যথান্যঃ শূদ্রস্তথায়মপীত্যাদি প্রকারেণ সমানজাতিতয়া যো বীক্ষতে ॥ ৮৬ ॥ তেন বৈষ্ণবপরিতোষণেনৈব ॥ ৮৭ ॥ নারায়ণ এব পরঃ পরম আশ্রয়ো

ব্যক্তি জগৎকারণ সনাতন হরিকে আরাধনা করেন, তাঁহারাই প্রধান তীর্থস্বরূপ, তাঁহাদিগের অপেক্ষা আর তীর্থশ্রেষ্ঠ বিদ্যমান নাই। ৮২। বিমলমতি ভগবদ্ভক্তেরা যথায় স্নান করেন, সেই স্থান সর্ব্বাপেক্ষা তীর্থশ্রেষ্ঠ বলিয়া জানিবে; কেননা, উহাতে নিখিল পাপের সম্যক্‌শুদ্ধি হয়। ৮৩। হে নৃপ! রাগাদি-বিহীন হরিপরায়ণ বৈষ্ণবগণ কর্ত্তৃক অধিকৃত স্থলে হরি নিরন্ত বিরাজিত থাকেন সন্দেহ নাই। যথায় বৈষ্ণবগণের অধিষ্ঠান নাই, তথায় গন্ধ, বারি ও মনোরম কুসুম দ্বারা পূজিত হইলেও হরি অবস্থিতি করেন না। বৈষ্ণবগণ কর্ত্তৃক অনধিষ্ঠিত স্থলে উপহার, অনশন ও নৃত্যগীতাদি দ্বারা আরাধ্যমান হইলেও হরির প্রীতিলাভ হয় না।৮৪। এই হেতু এই সমস্ত পাপহীন মহাভাগ বৈষ্ণবেরা অখিল লোক পবিত্র করেন; সুতরাং তাঁহারাই পরমতীর্থস্বরূপ।৮৫। শূদ্র, চণ্ডাল বা শ্বপচ হইলেও বৈষ্ণবব্যক্তিকে সামান্যজাতি জ্ঞানে নীচ বলিয়া দর্শন করিবে না। বৈষ্ণবজনকে সামান্যজাতিরূপে দর্শন করিলে নিরয়ে গমন করিতে হয় সন্দেহ নাই।৮৬। এই হেতু হরির প্রীতি-সাধনার্থ বৈষ্ণবগণের তুষ্টি বিধান করিবে, তাহা হইলেই নিঃসন্দেহ হরি প্রসন্নমুখ হইবেন। ৮৭। ঐ গ্রন্থেই নারদ-পুণ্ডরীক-সংবাদে লিখিত আছে,

শ্রীব্যাসবাক্যে।—

জন্মান্তরসহস্রেষু বিষ্ণুভক্তো ন লিপ্যতে। যস্য সন্দর্শনাদেব ভস্মীভবতি পাতকম্॥ ৯০॥

শ্রীভগবদ্বাক্যে।— ন মে প্রিয়শ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।

তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হ্যহম্॥৯১॥

ইতিহাসসমুচ্চয়ে ব্রহ্মবাক্যে।—

সভর্ত্তৃকা বা বিধবা বিষ্ণুভক্তিং করোতি যা। সমুদ্ধরতি চাত্মানং কুলমেকোত্তরং শতম্॥

দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদবলিসংবাদে।—

সংকীর্ণযোনয়ঃ পূতা যে ভক্তা মধুসূদনে। ম্লেচ্ছতুল্যাঃ কুলীনাস্তে যে ন ভক্তা জনার্দ্দনে॥

আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে।—

বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় মা ভজস্বান্যদেবতাঃ। পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সর্ব্বদেবমিদং জগৎ।

মদ্ভক্তো দুর্ল্লভো যস্য স এব মম দুর্ল্লভঃ॥ ৯২॥

যেষাং তে। যদ্বা নারায়ণপরা বৈষ্ণবাস্তদাশ্রয়া অপি সন্তঃ॥ ৮৮॥ যদৃচ্ছয়া যথাকথঞ্চিদপীত্যর্থঃ, অস্য স্মৃতঃ ইত্যাদিনান্বয়ঃ॥ ৮৯॥ ন লিপ্যতে প্রমাদাদিনা কথঞ্চিৎ কৃতৈরপি পাপৈঃ। অন্যেষামপি পাতকং সর্ব্বং ভস্মীভবতি সমূলং বিনশ্যতি। ৯০॥ চতুর্ব্বেদী বেদচতুষ্টয়াভ্যাসযুক্তোঽপি বিপ্রো ন মদ্ভক্তশ্চেৎ তর্হি ন মে প্রিয়ঃ। শ্বপচোঽপি মদ্ভক্তশ্চেন্মম প্রিয় ইত্যর্থঃ। তস্মৈ

হরিপরায়ণ বৈষ্ণবগণের আশ্রয় গ্রহণ করিলে ক্রূর, দুরাত্মা ও নিত্য পাপাচারী ব্যক্তিরাও পরম ধাম বৈকুণ্ঠে প্রয়াণ করে। ৮৮। হরিপরায়ণ বৈষ্ণবেরা কদাচ পাতকে লিপ্ত হন না, তাঁহারা ভাস্করবৎ সমুদিত হইয়া অখিল লোক পবিত্র করিয়া থাকেন। "জন্মসহস্রান্তে আমি হরির দাস" এইরূপ মতি জন্মিলে সেই ব্যক্তি নিখিল লোক উদ্ধার করেন এবং নিঃসন্দেহ তাঁহার হরিসালোক্য লাভ হয়; আর হরিগতপ্রাণ জিতেন্দ্রিয় ব্যক্তির কথা বাহুল্যমাত্র। আরও লিখিত আছে, হে দ্বিজসত্তমগণ! হরিভক্ত ব্যক্তি চণ্ডাল হইলেও তাহাকে স্মরণ, তৎসহ সম্ভাষণ ও তাঁহার অর্চ্চনা করিলে পবিত্রতা লাভ করা যায়। ৮৯। ব্যাসের উক্তি আছে যে, জন্মসহস্রের মধ্যে কথঞ্চিৎ প্রমাদনিবন্ধন পাতক অনুষ্ঠিত হইলেও বিষ্ণুভক্ত তাহাতে লিপ্ত হন না, এমন কি তাঁহাকে দেখিবামাত্র অপর ব্যক্তিগণের পাতকপুঞ্জও দগ্ধ হয়। ৯০। ভগবানের উক্তি আছে যে, মদ্ভক্তিপরায়ণ না হইলে চতুর্ব্বেদসম্পন্ন ব্যক্তিও মৎপ্রিয় হইতে পারে না; ভক্তিমান্ হইলে শ্বপচব্যক্তিও আমার প্রিয় হয়। তদ্রূপ শ্বপচকেই দান করিবে, তৎসকাশ হইতে গ্রহণ করিবে, সেই শ্বপচ মৎসদৃশ পূজনীয়। ৯১। ইতিহাসসমুচ্চয়ে ব্রহ্মোক্তি আছে, হরিভক্তিমতী হইলে কি সধবা কি বিধবা স্বীয় শতকুল পরিত্রাণ করিতে পারে। দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদবলি-সংবাদে লিখিত আছে, হরিভক্তিপরায়ণ হইলে বর্ণসঙ্করজাতিও পরমপবিত্র হয়; কিন্তু হরিভক্তিমান্ না হইলে কুলীন ব্যক্তিও ম্লেচ্ছসদৃশ হইয়া থাকে, আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে লিখিত আছে, হে পার্থ! একবার হরির আরাধনা কর, দেবতান্তরের উপাসনার আবশ্যক নাই; বৈষ্ণবেরা নিখিল সুরগণের সহিত এই জগৎ পবিত্র

তৎপরো দুর্ল্লভো নাস্তি সত্যং সত্যং ধনঞ্জয়। জগতাং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্।
সর্ব্বত্র গুরবো ভক্তা বয়ঞ্চ গুরবো যথা। অস্মাকং বান্ধবা ভক্তা ভক্তানাং বান্ধবা বয়ম্॥
অস্মাকং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্। মদ্ভক্তা যত্র গচ্ছন্তি তত্র গচ্ছামি পার্থিব॥
ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ। যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্ততমা মতাঃ। যে কেচিৎ প্রাণিনো ভক্তা মদর্থে ত্যক্তবান্ধবাঃ।
তেষামহং পরিক্রীতো নান্যক্রীতো ধনঞ্জয়॥ ৯৩॥
এষাং ভক্ষ্যং সুনির্ণীতং শ্রূয়তাং নিশ্চিতং মম। উচ্ছিষ্টমবশিষ্টঞ্চ ভক্তানাং ভোজনদ্বয়ম্॥৯৪॥
নামযুক্তজনাঃ কেচিজ্জাত্যন্তরসমন্বিতাঃ। কুর্ব্বন্তি মে যথা প্রীতিং ন তথা বেদপারগাঃ॥
বৃহন্নারদীয়ে মার্কণ্ডেয়ং প্রতি শ্রীভগবদুক্তৌ।—
বিষ্ণুর্ভক্তকুটুম্বীতি বদন্তি বিবুধাঃ সদা। তদেব পালয়িষ্যামি মজ্জনো নানৃতং বদেৎ॥৯৫॥
মম জন্ম কুলে যস্য তৎ কুলং মোক্ষগামি বৈ। ময়ি তুষ্টে মুনিশ্রেষ্ঠ কিমসাধ্যং বদস্ব মে॥৯৬॥

তাদৃশশ্বপচায়ৈব॥ ৯১॥ কুলং কুলানি চ। দুর্লভো বল্লভঃ॥ ৯২॥ তেষামহং পরিক্রীতস্তৈঃ পরিক্রীতঃ॥ ৯৩॥ সুনির্ণীতং নিশ্চিতমিতি। বাক্যভেদাদপৌনরুক্ত্যং। অবশিষ্টং পুরস্তাদানীতং পাকপাত্রাদৌ স্থিতং॥ ৯৪॥ ভক্ত এব কুটুম্বং তদ্বানিতি। যদ্বা ভক্তৈঃ কৃত্বা কুটুম্বীতি। তদেব পালয়িষ্যামীতি যথা স্বকুটুম্বমকৃত্যেনাপি পরিপাল্যতে তথা নিজভক্তো ময়া পরিপাল্য

করেন। যাহার সম্বন্ধে আমার ভক্ত প্রিয়, মৎসম্বন্ধেও সেই ব্যক্তি দুর্ল্লভ (প্রিয়)। ৯২। হে অর্জ্জুন! আমি পুনঃ পুনঃ সত্য কহিতেছি, অতঃপর আর কি দুর্ল্লভ হইতে পারে? ভক্তেরা নিখিল জগতের গুরু আর আমি ভক্তজনের গুরু। যেরূপ আমি অখিলের গুরু, ভক্তেরাও তদ্রূপ। ভক্তেরা মদীয় বান্ধব, আমি ভক্তকুলের বান্ধব; ভক্তেরা মদীয় গুরু এবং আমি ভক্তকুলের গুরু। হে ধনঞ্জয়! ভক্তেরা যথায় গমন করেন, আমিও তথায় গমন করি। মুক্তিগণ শ্রুতিগণ-সমভিব্যাহারে ভক্তকুলের অনুসরণ করিয়া থাকেন। হে অর্জ্জুন! যাহারা আমার ভক্ত, তাহারা প্রকৃত ভক্ত বলিয়া গণনীয় নহে; মদীয় ভক্তগণের ভক্তেরাই মদীয় সর্ব্বোত্তম ভক্ত বলিয়া পরিকীর্ত্তিত। হে পার্থ! যাহারা মদ্ভক্তিমান্ হইয়া মদর্থে বন্ধু-বান্ধব বিসর্জ্জন দিয়াছে, আমি সেই সকল জীবের নিকটে ক্রীত আছি; আমাকে ক্রয় করিতে অপর কাহারও সাধ্য নাই। ৯৩। যে সমস্ত ভক্ষ্য উক্ত ভক্তগণের পক্ষে নির্দ্দিষ্ট আছে, তাহা বলিতেছি, অবধান কর। ভক্তসম্বন্ধে দ্বিবিধ ভোজন নির্ণীত;—উচ্ছিষ্ট ও অবশিষ্ট। নিবেদিত দ্রব্যকে উচ্ছিষ্ট কহে আর অগ্রাংশ দিয়া যাহা পাকপাত্রে থাকে, তাহাকেই অবশিষ্ট বলা যায়। ৯৪। জাত্যন্তরযুক্ত নীচ জন মন্নামবিশিষ্ট হইলে তাহার দ্বারা আমার যেরূপ প্রীতি সাধিত হয়, বেদবিচক্ষণ বিপ্র দ্বারাও তদ্রূপ সন্তোষ সাধন হয় না। বৃহন্নারদীয় পুরাণে মার্কণ্ডেয়ের প্রতি শ্রীহরির উক্তি আছে যে, সুরগণ নিরন্তর এইরূপ কীর্ত্তন করেন যে, হরি ভক্তজন-কুটুম্বী, উহাই আমি রক্ষা করিব, মদ্ভক্ত কদাচ মিথ্যাভাষী হন না। ৯৫। হে ব্রহ্মন্! আমি যে বংশে অবতীর্ণ হই,

ময়ি ভক্তিপরো যস্ত মদ্‌যাজী মৎকথাপরঃ। মদ্ধ্যানী স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাম্॥
মদর্থং কর্ম্ম কুর্ব্বাণো মৎপ্রণামপরো নরঃ। মন্মনাঃ স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাম্॥ ৯৭॥
অহমেব দ্বিজশ্রেষ্ঠ নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ। ভগবদ্ভক্তরূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বদা॥ ৯৮॥

তত্রৈবাদিতিমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ।—

বিপ্রাঃ শৃণুধ্বং মাহাত্ম্যং হরিভক্তিরতাত্মনাম্। হরিধ্যানপরাণাস্তু কঃ সমর্থঃ প্রবাধিতুম্॥৯৯॥
হরিভক্তিপরো যত্র তত্র ব্রহ্মা হরিঃ শিবঃ। তত্র দেবাশ্চ সিদ্ধাদ্যা নিত্যং তিষ্ঠন্তি সত্তমাঃ॥১০০
নিমিষং নিমিষার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি সত্তমাঃ। তত্রৈব সর্ব্বশ্রেয়াংসি তত্তীর্থং তত্তপোবনম্॥

তত্রৈবাদিতিং প্রতি শ্রীভগবদুত্তরে।—

রাগদ্বেষবিহীনা যে মৎভক্তা মৎপরায়ণাঃ। বদন্তি সততং তে মাং গতাসূয়া অদাম্ভিকাঃ।
পরাপকারবিমুখা মদ্ভক্তার্চ্চনতৎপরাঃ। মৎকথাশ্রবণাসক্তা বহন্তি সততং হি মাম্॥ ১০১॥

তত্রৈব ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতোক্তৌ।—

যতীনাং বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈঃ। ঈক্ষিতা অপি গচ্ছন্তি পাপিনোঽপি পরাং গতিম্॥১০২

ইত্যর্থঃ॥ ৯৫॥ যস্য কুলে মজ্জন্ম তস্য কুলং। যস্যেত্যত্র যস্মিন্নিতি বা পাঠঃ॥ ৯৬॥ অচ্যুতরূপতাং মৎসারূপ্যমিত্যর্থঃ। যদ্বা ন চ্যুতং কথঞ্চিৎ কদাচিদপি ন নিজস্বভাবাদ্‌ভ্রষ্টং রূপং যেষাং বৈকুণ্ঠবাসিনাং তদ্ভাবমিত্যর্থঃ॥ ৯৭॥ ভগবদ্ভক্তা মদ্ভক্তাঃ। যদ্বা ভগবন্ত ঐশ্বর্য্যাদিগুণযুক্তাঃ। যদ্বা পরমগৌরবেণ ভগবচ্ছব্দপ্রয়োগঃ। ভগবন্তো যে মদ্ভক্তাস্তদ্রূপেণ॥ ৯৮॥ প্রবাধিতুং কথঞ্চিৎ পাপাদৌ জাতেঽপি কাঞ্চিদপি বাধাং বিঘ্নং বা কর্ত্তুং॥ ৯৯॥ দেবাঃ ইন্দ্রাদ্যাঃ। হে সত্তমাঃ! যদ্বা সিদ্ধাদ্যাঃ সত্তমাঃ পরমসাধবঃ। যদ্বা সত্তমাঃ শ্রীনারদাদয়শ্চ তত্রৈব নিত্যং তিষ্ঠন্তি॥ ১০০॥ সত্তমা হরিভক্তা যত্র॥ ১০১॥ অপিশব্দস্য সর্ব্বত্রা-

---

সেই বংশ মোক্ষভাগী হয়। হে তাপসপ্রবর! আমি প্রীত হইলে আর কি সাধ্যাতীত হইতে পারে বল। ৯৬। মদ্ভক্তিপরায়ণ, মৎপূজক, মৎকথানুরাগী, মদ্ধ্যায়ী, মৎকর্ম্মকারী, মৎপ্রণামপর ও আমাতে চিত্তসমর্পণকারী ব্যক্তি স্বীয় নিখিল বংশকে হরিসারূপ্য প্রদান করে। ৯৭। হে বিপ্রসত্তম! আমি সর্ব্বদাই প্রচ্ছন্নদেহে মদ্ভক্তরূপে নিরন্তর অখিল লোক রক্ষা করি। ৯৮। উক্ত পুরাণে অদিতিমাহাত্ম্যে সূতোক্তি আছে, হে দ্বিজগণ! হরিভক্তের মাহাত্ম্য অবধান কর, বিষ্ণুচিন্তকগণের কোনরূপে পাতকাদির সঞ্চার হইলেও কে ব্যাঘাত প্রদানে সক্ষম হইতে পারে? ৯৯। হে সাধুসত্তমগণ! ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, সুরগণ ও সিদ্ধবর্গ হরিভক্ত কর্ত্তৃক অধিষ্ঠিত স্থানে সর্ব্বদা নিবসতি করিয়া থাকেন। ১০০। বিষ্ণুভক্ত ব্যক্তিরা নিমেষকাল অথবা নিমেষার্দ্ধকাল যে স্থানে থাকেন, নিখিল মঙ্গলই তথায় সংস্থিত এবং সেই স্থানই তীর্থস্বরূপ ও তপোবনস্বরূপ বলিয়া গণনীয়। ঐ পুরাণে অদিতির প্রতি ভগবানের বাক্যে প্রকাশ যে, মৎপরায়ণ, রাগদ্বেষরহিত ভক্তেরা নিরন্তর অসূয়া ও দম্ভ বিসর্জ্জন করত আমার গুণাদি কীর্ত্তন করিয়া থাকেন। যে সকল ব্যক্তি কদাচ পরের অনিষ্ট সাধন না করেন, মদ্ভক্তকুলের অর্চ্চনায় নিরত থাকেন আর যে সকল ব্যক্তি মৎকথাশ্রবণে অনুরাগী, তাঁহারাই নিরন্তর

তত্রৈব শ্রীভগবত্তোষপ্রকারপ্রশ্নোত্তরে।—

রিপবস্তং ন হিংসন্তি ন বাধন্তে গ্রহাশ্চ তম্। রাক্ষসাশ্চ ন খাদন্তি নরং বিষ্ণুপরায়ণম্॥

ভক্তির্দৃঢ়া ভবেদ্যস্য দেবদেবে জনার্দ্দনে। শ্রেয়াংসি তস্য সিধ্যন্তি ভক্তিমন্তোঽধিকাস্ততঃ॥

তত্রৈবাগ্রে।—

অদ্যাপি চ মুনিশ্রেষ্ঠা ব্রহ্মাদ্যা অপি দেবতাঃ। প্রভাবং ন বিজানন্তি বিষ্ণুভক্তিরতাত্মনাম্ ॥১০৩

কিঞ্চ।—

ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থা দ্বিজোত্তমাঃ। হরিভক্তিপরাণাং বৈ সম্পদ্যন্তে ন সংশয়ঃ॥ ১০৪॥

তত্রৈব লুব্ধকোপাখ্যানস্যাদৌ।—

যে বিষ্ণুনিরতাঃ শান্তা লোকানুগ্রহতৎপরাঃ। সর্ব্বভূতদয়াযুক্তা বিষ্ণুরূপাঃ প্রকীর্ত্তিতাঃ॥১০৫॥

বিষ্ণুভক্তিবিহীনা যে চাণ্ডালাঃ পরিকীর্ত্তিতাঃ। চাণ্ডালা অপি বৈ শ্রেষ্ঠা হরিভক্তিপরায়ণাঃ॥

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যাদৌ শ্রীসূতবাক্যম্।—

হরিভক্তিরসাস্বাদমুদিতা যে নরোত্তমাঃ। নমস্করোম্যহং তেষাং তৎসঙ্গী মুক্তিভাগ্‌যতঃ॥

হরিভক্তিপরা যে চ হরিনামপরায়ণাঃ। দুর্বৃত্তা বা সুবৃত্তা বা তেষাং নিত্যং নমো নমঃ॥১০৬॥

সুষঙ্গঃ। যতীনামপি বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈরপি॥ ১০২॥ ন হিংসন্তি হিংসাং কর্ত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ। যদ্বা কুলক্রমাগতবৈরবন্তোঽপি ন দ্বিষন্তি পরমপ্রীতিবিষয়ত্বাৎ। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ১০৩॥ হে দ্বিজোত্তমাঃ॥ ১০৪॥ বিষ্ণুনিরতা ইত্যস্য লক্ষণানি শান্তা ইত্যাদিবিশেষণানি ত্রীণি। তত্রানুগ্রহশব্দেনোপকারঃ দয়াশব্দেন তৎকারণং স্নেহো জ্ঞেয়ঃ। যদ্বা লোকানুগ্রহঃ লোককর্ত্তৃকস্ববিষয়কোঽনুগ্রহস্তৎপরাস্তদেকাপেক্ষকা ইত্যর্থঃ। সর্ব্বভূতেষু দয়াযুক্তাশ্চ। বিষ্ণুরূপা বিষ্ণুতুল্যা ইত্যর্থঃ॥১০৫॥ তেষাং তেভ্যো নমস্করোমি, যতঃ তেষাং সঙ্গ্যপি মুক্তিভাক্ জীবন্মুক্ত এবেত্যর্থঃ। অতস্তেষাং বাহ্যাচারো ন কদাপি বিচার্য্যঃ,

---

আমাকে বহন করিয়া থাকেন। ১০১। ঐ পুরাণেই ধ্বজারোপণমাহাত্ম্যে বিষ্ণুদূতের উক্তি আছে যে, সন্ন্যাসী ও হরিভক্তের পরিচর্য্যাকারীরা যে ব্যক্তির প্রতি নেত্রপাত করেন, পাতকী হইলেও তাহারা পরমা গতি লাভ করে। ১০২। ঐ গ্রন্থেই ভগবত্তোষপ্রকার-প্রশ্নোত্তরে লিখিত আছে, শত্রুগণ হরিপরায়ণ ব্যক্তিকে হিংসা করিতে সক্ষম হয় না, গ্রহকুল কষ্ট প্রদান করিতে পারে না, রাক্ষসেরাও তাঁহাকে গ্রাস করিতে সমর্থ নহে। দেবদেব কেশবে অচলা ভক্তি থাকিলেই নিখিল কল্যাণ সিদ্ধ হয়, কেন না, ভক্তিপরায়ণ ব্যক্তিই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ঐ গ্রন্থের উক্ত স্থানের কিঞ্চিদগ্রেই লিখিত আছে, হে ঋষিপ্রবরগণ! বিরিঞ্চিপ্রমুখ সুরগণও অদ্যাপি হরিভক্তগণের মাহাত্ম্য অবগত হইতে পারেন নাই। ১০৩। আরও লিখিত আছে, হে বিপ্রসত্তমগণ! বিষ্ণুভক্তগণেরই ধর্ম্মার্থ-কাম-মোক্ষাখ্য পুরুষার্থ সিদ্ধ হয় সন্দেহ নাই। ১০৪। উক্ত গ্রন্থের লুব্ধকোপাখ্যানের প্রথমে লিখিত আছে, হরির প্রতি অনুরাগী, শান্ত, লোকের প্রতি অনুগ্রহবান্ ও সর্ব্বভূতে দয়াশীল ব্যক্তিরাই হরির স্বরূপ বলিয়া পরিকীর্ত্তিত। ১০৫। হরিভক্তিবর্জ্জিত হইলে তাহাকে চণ্ডাল কহে। বিষ্ণুভক্তিনিষ্ঠ হইলে চণ্ডালও সর্ব্বাপেক্ষা

অহো ভাগ্যমহো ভাগ্যং বিষ্ণুভক্তিরতাত্মনাম্। যস্মান্মুক্তিঃ করস্থৈব যোগিনামপি দুর্ল্লভা ॥১০৭॥
তত্রৈব কলিপ্রসঙ্গে।—
ঘোরে কলিযুগে প্রাপ্তে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতে। বাসুদেবপরা মর্ত্ত্যাঃ কৃতার্থা নাত্র সংশয়ঃ॥
অত্যন্তদুর্ল্লভা প্রোক্তা হরিভক্তিঃ কলৌ যুগে। হরিভক্তিরতানাং বৈ পাপবন্ধো ন জায়তে॥
বেদবাদরতাঃ সর্ব্বে তথা তীর্থনিষেবিণঃ। হরিভক্তিরতৈঃ সার্দ্ধং কলাং নার্হন্তি ষোড়শীম্॥
অতএবোক্তং দেবৈস্তত্রৈব ভারতবর্ষপ্রসঙ্গে।—
হরিকীর্ত্তনশীলো বা তদ্ভক্তানাং প্রিয়োঽপি বা। শুশ্রূষুর্ব্বাপি মহতাং স বন্দ্যোঽস্মাভিরুত্তমঃ॥
পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্মসংবাদে।—
দর্শনধ্যানসংস্পর্শৈর্ম্মৎস্যকূর্ম্মবিহঙ্গমাঃ। পুষ্ণন্তি স্বান্যপত্যানি তথাহমপি পদ্মজ॥ ১১০॥
মুহূর্ত্তেনাপি সংহর্ত্তুং শক্তো যদ্যপি দানবান্। মদ্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাঃ ক্রিয়াঃ॥১১১

সর্ব্বথা সম্মান এব কার্য্য ইত্যাশয়েনাহ দুর্বৃত্তা বেতি॥ ১০৬॥ যস্মাদন্যস্যাপি তেষাং প্রসাদা-ন্মুক্তিঃ করস্থা স্বাধীনৈব। যেষামিতি পাঠেঽপি তথৈবার্থঃ। যদ্বা স্বাশ্রিতেভ্যো মুমুক্ষুভ্যো দাতুং করনিহিতেত্যর্থঃ॥ ১০৭॥ পাপরূপো বন্ধঃ যদ্বা পাপেন কথঞ্চিৎ কৃতেনাপি বন্ধঃ॥ ১০৮॥ যতঃ স এবোত্তমঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠঃ॥১০৯॥ পদ্মজ হে ব্রহ্মন্! যথা মৎস্যাদয়ো দর্শনাদিভিঃ ক্রমেণ স্বান্যপত্যানি পুষ্ণন্তি, তথাহমপি দর্শনাদিভিঃ সমুচিতৈরেব সর্ব্বৈঃ স্বভক্তান্ পুষ্ণামীত্যর্থঃ॥১১০॥ ইত্থং মম সর্ব্বং রূপলীলাদিবৈভবং ভক্তোৎসবার্থমেবেত্যাহ মুহূর্ত্তেনাপীতি॥ ১১১॥

প্রধান বলিয়া গণ্য হয়। ঐ গ্রন্থে যজ্ঞধ্বজোপাখ্যানের প্রথমে সূতোক্তি আছে যে, যে সমস্ত মানবশ্রেষ্ঠ বিষ্ণুভক্তিরূপ রসের আস্বাদনে প্রফুল্ল, তাঁহাদিগকে প্রণাম করি; কারণ, তাঁহা-দিগের সহবাসেও মোক্ষপ্রাপ্ত হওয়া যায়। হরিভক্তিপরায়ণ ও হরিনামনিরত ব্যক্তিরা দুর্ব্বৃত্তই হউক, আর সুবৃত্তই হউক, তাঁহাদিগকে সর্ব্বদা পুনঃ পুনঃ প্রণাম করি। ১০৬। অহো হরিভক্তদিগের কি সৌভাগ্য কি সৌভাগ্য! কারণ, তাঁহাদিগের অনুগ্রহে অপরেরও যোগিজন-দুর্ল্লভ মোক্ষ করগত হয়। ১০৭। ঐ গ্রন্থেই কলিপ্রসঙ্গে বর্ণিত আছে যে, সর্ব্বধর্ম্মবিহীন ঘোর কলিকাল সমাগত হইলে যাঁহারা হরিপরায়ণ হয়েন, নিশ্চয় তাঁহারাই কৃতার্থ হইবেন। ঐ কলিকালে হরিভক্তি অতীব দুরাপ; হরিভক্তিনিষ্ঠগণের পাতকরূপ বন্ধনের আশা নাই। ১০৮। বেদবাদপরায়ণ ও নিখিল তীর্থ-সেবকগণও হরিভক্তগণের ষোড়শাংশের একাং-শের সমান নহে। ঐ গ্রন্থেই ভারতবর্ষপ্রসঙ্গে সুরগণ কর্ত্তৃক বর্ণিত হইয়াছে যে, হরিকীর্ত্তন-পরায়ণ অথবা হরিভক্তগণের প্রিয় অথবা মহজ্জনের সেবা-নিরত ব্যক্তিই উত্তম ও আমাদিগের পূজ্য। ১০৯। পদ্মপুরাণে ভগবৎ-ব্রহ্ম-সংবাদে লিখিত আছে যে, হে ব্রহ্মন্! যেরূপ মীন, কূর্ম্ম ও বিহগগণ দর্শন, ধ্যান ও স্পর্শ দ্বারা নিজ নিজ সন্তানদিগকে পোষণ করে, তদ্রূপ আমিও দর্শনাদি দ্বারা নিজ ভক্তকুলকে পোষণ করি। ১১০। আমি মুহূর্ত্তমধ্যে দানবকুল বিনাশে সক্ষম হইলেও ভক্তবর্গের আমোদার্থে নানারূপ কর্ম্মের অনুষ্ঠান করি।১১১।

তত্রৈব মাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

ন যমং যমলোকং ন ন দূতান্ ঘোরদর্শনান্। পশ্যন্তি বৈষ্ণবা নূনং সত্যং সত্যং ময়োদিতম্॥
শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্। বৈষ্ণবো বর্ণবাহ্যোঽপি পুনাতি ভুবনত্রয়ম্॥
ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা মতাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে॥
বিষ্ণুভক্তস্য যে দাসা বৈষ্ণবান্নভুজশ্চ যে। তেঽপি ক্রতুভুজাং বৈশ্য গতিং যান্তি নিরাকুলাঃ॥

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে পঞ্চপুরুষাণামুক্তৌ।—

ভব্যানি ভূতানি জনার্দ্দনস্য, পরোপকারায় চরন্তি বিশ্বম্॥

তথা।—　সন্তঃ প্রতিষ্ঠা দীনানাং দৈবাদুদ্ভূতপাপ্মনাম্।
আর্ত্তানামার্ত্তিহন্তারো দর্শনাদেব সাধবঃ॥ ১১২॥

তত্রৈবোত্তরখণ্ডে শিবপার্ব্বতীসংবাদে।—

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে। বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণঃ॥ ১১৩॥
ন দাস্যং বৈ পরেশস্য বন্ধনং পরিকীর্ত্তিতম্। সর্ব্ববন্ধননির্মুক্তা হরিদাসা নিরাময়াঃ॥১১৪॥

ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমীব্রতমাহাত্ম্যে শ্রীচিত্রগুপ্তোক্তৌ।—

দর্শনস্পর্শনালাপসহবাসাদিভিঃ ক্ষণাৎ। ভক্তাঃ পুনন্তি কৃষ্ণস্য সাক্ষাদপি চ পুক্কশম্।

দৈবাৎ পূর্ব্বতুষ্কর্ম্মবশাৎ অকস্মাদ্বা উদ্ভূতং যৎ পাপং তদ্বতাং। পাঠান্তরেঽপি স এবার্থঃ। অতএব দীনানাং জনানাং সন্ত এব প্রতিষ্ঠা আশ্রয়ঃ। যদ্বা সাক্ষাৎ প্রতিষ্ঠারূপা এব, যথা প্রতিমাদীনাং প্রতিষ্ঠয়ৈব শোধনং পূজ্যত্বাদিকঞ্চ সম্পদ্যতে তথা সদ্ভ্য এব তেষাং তদিত্যর্থঃ॥১১২॥ কর্ম্মণা বধ্যতে সম্বধ্যতে ইতি কর্ম্মবন্ধনং। অনুচরত্বং দাস্যং। হি যতঃ॥ ১১৩॥ বন্ধনং সংসারবন্ধাপাদকং। নিরাময়া নির্দ্দোষাঃ॥ ১৪॥ তং ভগবন্তং জানাতীতি তজ্জ্ঞঃ। দিবসমেক-

---

ঐ পুরাণের মাঘমাহাত্ম্যে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে লিখিত আছে, আমি পুনঃ পুনঃ সত্য করিয়া নিঃসন্দেহ বলিতেছি, বৈষ্ণবেরা যম অথবা শমনপুরী বা ঘোরদর্শন যমদূতগণকে দর্শন করেন না। বিষ্ণুভক্তিরহিত দ্বিজাতিকে শ্বপাকসদৃশও দর্শন করিবে না। বৈষ্ণব ব্যক্তি অন্ত্যজজাতি হইলেও ত্রিলোক পবিত্র করেন। ভগবদ্ভক্তিপরায়ণ ব্যক্তিরা কদাচ শূদ্র বলিয়া কথিত নহে, তাঁহাদিগকে ভাগবত বলিয়া কীর্ত্তন করা যায়। কেশবের প্রতি ভক্তি না থাকিলে যে কোন জাতিই হউক না কেন, তাহারাই শূদ্র বলিয়া গণনীয়। হে বৈশ্য! হরিভক্তের দাস ও বৈষ্ণবান্ন-সেবীরা নিরাকুল হইয়া যজ্ঞভুক্‌দিগের গতি লাভ করেন। ঐ পুরাণে বৈশাখমাহাত্ম্যে পঞ্চপুরুষগণের উক্তিতে প্রকাশিত আছে যে, হরিভক্তগণ পরোপকারার্থই সংসারে পরিক্রমণ করিয়া থাকেন, যাহারা পূর্ব্বকৃত-কুকার্য্য-জনিত পাতকে পাতকী, সাধুরাই সেই সকল দীনজনের একমাত্র আশ্রয়। সাধুজনের দর্শনে তৎক্ষণাৎ পীড়িতগণের পীড়া বিদূরিত হয়। ১১২। উক্ত পুরাণের উত্তরখণ্ডে শিবোমা-সংবাদে লিখিত আছে, বৈষ্ণবগণকে কর্ম্মবন্ধন-জনিত জন্ম পরিগ্রহ করিতে হয় না; হরিদাস্যই সুধীগণ কর্ত্তৃক মোক্ষ বলিয়া পরিকীর্ত্তিত। ১১৩। পরমেশ্বর হরির দাস্য কদাচ ভববন্ধনের

ত্যক্তসর্ব্বকুলাচারো মহাপাতকবানপি। বিষ্ণোর্ভক্তং সমাশ্রিত্য নরো নার্হতি যাতনাম্ ॥

বাশিষ্ঠে।— যস্মিন্ দেশে মরৌ তজ্জ্ঞো নাস্তি সজ্জনপাদপঃ।
সফলঃ শীতলচ্ছায়ো ন তত্র দিবসং বসেৎ॥ ১১৫ ॥

সদা সন্তোঽভিগন্তব্যা যদ্যপ্যুপদিশন্তি ন। যা হি স্বৈরকথাস্তেষামুপদেশা ভবন্তি তে॥১১৬॥

গারুড়ে।—

সত্রযাজিসহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ। সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে॥

বৈষ্ণবানাং সহস্রেভ্য একান্ত্যেকো বিশিষ্যতে। একান্তিনস্তু পুরুষা গচ্ছন্তি পরমং পদম্॥১১৭॥

শ্রীভগবদ্গীতাসু।—

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্। সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ॥১১৮॥

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি। কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি॥১১৯

দিনমপি॥ ১১৫॥ তেষাং যাঃ স্বৈরকথাঃ অন্যোন্যং স্বচ্ছন্দবার্ত্তাস্তা অপি। তে তব; ত এব বা, উপদেশবিশেষণত্বেন পুংস্ত্বম্, উপদেশা ভবিষ্যন্তি। ১১৬—১১৭॥ মদ্ভক্তেরবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়ন্নাহ অপীতি। অত্যন্তং দুরাচারোঽপি নরো যদি পৃথক্ত্বেন দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং শ্রীদেবকীনন্দনং ভজতি মদ্ভজনে মতিং কুর্য্যাদিত্যর্থঃ, তর্হি সাধুঃ শ্রেষ্ঠ এব মন্তব্যঃ। যতোঽসৌ সম্যগ্ব্যবসিতঃ শোভনমধ্যবসায়ং কৃতবান্॥ ১১৮॥ ননু কথং সমীচীনাধ্যবসায়মাত্রেণ সাধুর্মন্তব্যঃ তত্রাহ ক্ষিপ্রমিতি। দুরাচারোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তো ধর্ম্মস্বরূপো বা প্রাপ্নোতি ভবতি। যদ্বা ভগবদ্ভক্তিলক্ষণস্য ধর্ম্মস্য আত্মা প্রবর্ত্তকো ভবতি। ততশ্চ শশ্বচ্ছান্তিং শাশ্বতীমুপরমশান্তিং পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি। কুতর্ককর্কশবাদিনো নৈবং মন্যেরন্নিতি শোকব্যাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি। হে কৌন্তেয়! পটহকোলাহলাদি-মহাঘোষ-পূর্ব্বকং বিবদমানানাং সভাং গত্বা বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতি-

---

উৎপাদক হইতে পারে না। কলুষহীন হরিদাসগণ বন্ধন হইতেই পরিমুক্ত। ১১৪। ব্রহ্মাণ্ড-পুরাণে জন্মাষ্টমী-মাহাত্ম্যে চিত্রগুপ্তোক্তিতে লিখিত আছে, শ্রীহরির ভক্তেরা দর্শন, স্পর্শন, আলাপ ও সহবাসাদি দ্বারা আশু সাক্ষাৎ চণ্ডালেরও পবিত্রতা সাধন করেন। হরিভক্তের আশ্রয় গ্রহণ করিলে নিখিল-কুলাচার-ত্যাগী ও অখিলপাপে পাপীকেও যন্ত্রণা ভোগ করিতে হয় না। বাশিষ্ঠে লিখিত আছে, যে মরু-প্রদেশে ভগবত্তত্ত্ববিশারদ, সফল শীতলচ্ছায়া-বিশিষ্ট সজ্জন-তরু বিরাজিত নাই, তথায় একদিনও নিবসতি করিবে না। ১১৫। নিরন্তর সাধুগণ-সকাশে গমন করাই উচিত। তাঁহারা উপদেশ প্রদান না করিলেও তাঁহাদিগের স্বচ্ছন্দ কথোপকথনই উপদেশস্বরূপ হয়। ১১৬। গরুড়পুরাণে লিখিত আছে, একজন সর্ব্ববেদান্ত-বিশারদ ব্যক্তি সহস্রসংখ্য যাজ্ঞিক অপেক্ষা শ্রেষ্ঠ, একজন হরিভক্ত কোটি বেদান্তবিদ্ অপেক্ষা শ্রেষ্ঠ এবং একজন একান্তী বৈষ্ণব বৈষ্ণব-সহস্র হইতেও গরীয়ান্। একান্তী বৈষ্ণবেরাই পরম পদ লাভ করেন। ১১৭। শ্রীমদ্ভগবদ্গীতায় লিখিত আছে, অনন্যভক্ত হইয়া আমার আরাধনা করিলে সুদুরাচারবান্ ব্যক্তিও সমুচিত অধ্যবসায়বান্ সাধু বলিয়া মাননীয় হইতে

মাং হি পার্থব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্।
কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্ত্যা রাজর্ষয়স্তথা॥ ১২০॥

কিঞ্চ তত্রৈব।—

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥১২১

শ্রীভাগবতস্য প্রথমস্কন্ধে শ্রীপরীক্ষিত উক্তৌ।—

যেষাং সংস্মরণাৎ পুংসঃ সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ। কিং পুনর্দর্শনস্পর্শপাদশৌচাসনাদিভিঃ॥

তৃতীয়স্কন্ধে শ্রীবিদুরস্য।—

শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য, নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।
তত্তদ্‌গুণানুশ্রবণং মুকুন্দপাদারবিন্দং হৃদয়েষু যেষাম্॥ ১২২॥

জানীহি প্রতিজ্ঞাং কুরু, কথং? মে পরমেশ্বরস্য, যদ্বা মে পরমেশ্বরভক্তস্যাপি ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি, অপি তু কৃতার্থ এব ভবতীতি। ততশ্চ তে প্রৌঢ়িবাদবিজৃম্ভবিধ্বংসিতকুতর্কাঃ সদ্যো নিঃসংশয়ং ত্বামেব গুরুত্বেনাশ্রয়েরন্॥ ১১৯॥ আচারভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রম্। যতো মদ্ভক্তির্যথাকথঞ্চিৎ মদাশ্রয়াপি বা দুষ্কুলানপ্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুঃ নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো ভবেয়ুঃ, যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ, স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চাধ্যয়নাদিরহিতাঃ, তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য। যদ্বা বিধিত্যাগাদিনা বিরূপতয়া অপকর্ষেণাপি যথাকথঞ্চিদাশ্রয়মাত্রং কৃত্বাপি পরাং গতিং বৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং যান্তি লভন্তে। হি নিশ্চিতং। যদৈবং তদা সজ্জাতয়ঃ সৎকুলাঃ সদাচারশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ কিমিতি। পুণ্যাঃ সুকৃতিনো ব্রাহ্মণাঃ। তথা রাজানশ্চৈতে ঋষয়শ্চ এবম্ভূতাঃ ভক্তাঃ সন্তঃ পরাং গতিং যান্তীতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ॥ ১২০॥ যুক্ততমঃ সর্ব্বযোগিশ্রেষ্ঠ ইত্যর্থঃ॥ ১২১॥ যেষাং ভবাদৃশাং সংস্মরণাদপি সংশব্দস্তস্যৈব স্বতঃ সম্যক্ত্বাভিপ্রায়েণ ঈষদর্থে বা। পুংসামিতি অবিশেষেণাখিলজনানামেবেত্যর্থঃ। আদিশব্দেন সম্ভাষণাদীনি। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য শাস্ত্রাভ্যাসস্য অয়মেব অর্থঃ ফলম্। নিশ্চিতম্ অঞ্জসা সুখেন ঈড়িতঃ স্তুতস্তমেবাহ মুকুন্দপাদারবিন্দং যেষাং হৃদয়েষ্বস্তি তেষাং গুণানুসরণমিতি। অঞ্জসেত্যস্যাত্রৈবান্বয়ঃ॥ ১২২॥

পারেন। তিনিই আশু ধর্ম্মশীল হন ও নিত্য শান্তিভাগী হইয়া থাকেন। হে অর্জ্জুন! মদ্ভক্তের কদাচ বিনাশ নাই, ইহা নিশ্চয় অবগত হইবে। ১১৮। ১১৯। হে অর্জ্জুন! আমার শরণ গ্রহণ করিলে নীচজাতি হউক, নারী হউক, অথবা বৈশ্য শূদ্র যে কেহ হউক, দিব্যগতি প্রাপ্ত হয়; সুতরাং উহাতে পুণ্যজন্মা দ্বিজাতি বা ক্ষত্রকুলজ ভক্তের পক্ষে আর কি সন্দেহ হইতে পারে? ১২০। উক্ত গীতায় আরও লিখিত আছে যে, যোগিকুলমধ্যে যিনি আমাতে অন্তরাত্মা স্থাপন পূর্ব্বক শ্রদ্ধাসহকারে আমারই উপাসনা করেন, সকল যোগী অপেক্ষা তিনিই মৎসকাশে প্রধান। ১২১। ভাগবতের প্রথম স্কন্ধে পরীক্ষিতের বাক্যে প্রকাশ আছে যে,

দেবহূতিং প্রতি কপিলদেবস্য।—

ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে, নংক্ষ্যন্তি নো মেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ, সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টম্॥ ১২৩॥

চতুর্থে শ্রীধ্রুবস্য।—

যা নির্বৃতিস্তনুভৃতাং তব পাদপদ্ম-ধ্যানাদ্ভবজ্জনকথাশ্রবণেন বা স্যাৎ।
সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূৎ, কিন্বন্তকাসিলুলিতাৎ পততাং বিমানাৎ॥ ১২৪॥

হে শান্তরূপে! কদাচিদপি ন নংক্ষ্যন্তি ভোগহীনা ন ভবন্তি। তত্র হেতুঃ। অনিমিষো মে হেতিঃ মদীয়ং কালচক্রং ন লেঢ়ি ন তান্ গ্রসতি। যদ্বা জিহ্বাগ্রেণাপি ন স্পৃশতি। তত্রৈব হেতুর্যেষামিতি। সুত ইব স্নেহবিষয়ঃ। সখেব বিশ্বাসাস্পদং। গুরুরিবোপদেষ্টা। সুহৃদিব হিতকারী। ইষ্টং দৈবতমিব পূজ্যং। এবং সর্ব্বভাবেন যে মাং ভজন্তি, তান্ মদীয়ং কালচক্রং ন গ্রসতীত্যর্থঃ। যদ্বা ন নংক্ষ্যন্তি বিচিত্রবিষয়াদিভোগেঽপি নিজমার্গান্ন ভ্রশ্যন্তীত্যর্থঃ। যদ্বা মমাদৃশ্যা ন ভবন্তি। অতঃ কালচক্রং জিহ্বয়া লেঢ়ুং কথঞ্চিৎ স্প্রষ্টুং ন শক্নোতীত্যর্থঃ। চকারোঽত্র বিকল্পে তেষামেকতরত্বেনৈব সর্ব্বসিদ্ধেঃ। যদ্বা যেষাং সাক্ষাৎ প্রিয়াদিরূপোঽপ্যহং ভবামি। তত্র প্রিয়ঃ উপকারাদিনা প্রীতিবিষয়ঃ। আত্মা স্বভাবত এব প্রিয়ঃ। সুহৃদঃ সর্ব্বজ্ঞাতয়ঃ সম্বন্ধিনশ্চ। ইষ্টং দৈবতং। আত্মপ্রদো নাথঃ। এষাং দুর্ঘটত্বং যথোত্তরমূহ্যং যথা প্রিয়ো ভর্ত্তা দণ্ডকারণ্যবাসিমুনীনাং গোপীজনানাঞ্চ আত্মা স্বয়মেবাহং। এবমত্র ভক্তমাহাত্ম্যবর্ণনরসেন ক্রমো নাপেক্ষিতঃ॥ ১২৩॥ তনুভৃতামবিশেষেণ সর্ব্বেষামেব জীবানাং। অপ্যর্থে বাশব্দঃ, ভবজ্জনানাং কথায়াঃ শ্রবণেনাপি। যদ্বা

ভগবন্! আপনাদিগকে স্মরণ করিলে সদ্যঃ মানবের গৃহ পবিত্র হয়; সুতরাং দর্শন, স্পর্শন, চরণক্ষালন ও উপবেশনাদি দ্বারা যে পবিত্র হইবে, ইহাতে বিচিত্র কি? তৃতীয়স্কন্ধে বিদুরের কথায় প্রকাশ আছে, হে ঋষে! যে সকল ব্যক্তির হৃদয়াভ্যন্তরে ভগবান্ মাধবের চরণকমল বিরাজিত, তাঁহাদিগের গুণানুশ্রুতিই পুরুষগণের চিরশ্রমার্জ্জিত শ্রবণাদির অর্থ এবং সুধীগণ কর্ত্তৃক তাহারই সম্যক্ স্তব কীর্ত্তিত হইয়া থাকে। ১২২। তৃতীয়স্কন্ধে দেবহূতির প্রতি কপিলোক্তি আছে যে, হে শান্তরূপে! মদ্ভক্তিযোগ নিবন্ধন মানব মুক্ত হইয়া বৈকুণ্ঠে অবস্থান পূর্ব্বক নানারূপ ভোগ্য লাভ করে; ইহাতে এরূপ বিবেচনা করিও না যে, স্বর্গাদির ন্যায়, কালে বৈকুণ্ঠবাসী ভোক্তা ও ভোগ্য দ্রব্যেরও বিনাশ হইবে। যাহারা আমার একান্তাশ্রয়ী, তাহাদিগের কদাচ ভোগ্য-দ্রব্যেরও ক্ষয় নাই, মদীয় অনিমিষ কালচক্রও তাহাদিগকে গ্রাস করিতে সমর্থ নহে; বস্তুতঃ আমি যাহাদের আত্মবৎ প্রিয়, সুতবৎ স্নেহপাত্র, সখিবৎ বিশ্বাসাস্পদ, গুরুবৎ উপদেষ্টা, সুহৃদ্বৎ হিতকারী ও ইষ্টদেবসদৃশ পূজ্য, আমার চক্র সেই সকল ব্যক্তিকে কি কদাচ গ্রাস করিতে সক্ষম হয়? ১২৩। চতুর্থস্কন্ধে শ্রীধ্রুবোক্তি আছে, হে নাথ! ভবদীয় চরণারবিন্দ চিন্তন বা মুক্তব্যক্তির বাক্য শ্রবণে শরীরিগণের যে নির্বৃতিপ্রাপ্তি হয়, আত্মানন্দস্বরূপ ব্রহ্মসাক্ষাৎকারেও সে সুখের আশা নাই, সুতরাং উহাতে যাহারা শমনরাজের

শ্রীরুদ্রস্য ।—স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্, বিরিঞ্চিতামেতি ততঃ পরং হি মাম্ ।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং, পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ১২৫ ॥

পঞ্চমে শ্রীজড়ভরতস্য ।—
রহূগণৈতৎ তপসা ন যাতি, নে চেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা ।
ন চ্ছন্দসা নাপি জলাগ্নিসূর্য্যৈর্ব্বিনা মহৎপাদরজোঽভিষেকাৎ ॥ ১২৬ ॥

ষষ্ঠে শ্রীপরীক্ষিতঃ ।—
রজোভিঃ সমসংখ্যাতাঃ পার্থিবৈরিহ জন্তবঃ । তেষাং যে কেচনেহন্তে শ্রেয়ো বৈ মনুজাদয়ঃ ॥
প্রায়ো মুমুক্ষবস্তেষাং কেচনৈব দ্বিজোত্তম । মুমুক্ষূণাং সহস্রেষু কশ্চিন্মুচ্যেত সিধ্যতি ॥ ১২৭ ॥

বিকল্প এব । ততশ্চ পাদপদ্মধ্যানেন সহ বৈষ্ণবকথাশ্রবণস্য সাম্যতো মাহাত্ম্যবিশেষ উক্তো ভবতি । স্বমহিমনি নিজানন্দরূপে । যদ্বা স্বঃ অসাধারণঃ অন্যানন্দাদ্যপেক্ষয়া বিশিষ্টো মহিমা যস্য তস্মিন্নপি মা ভূৎ ন ভবেদিত্যর্থঃ । অন্তকস্য অসিনা কালেন লুলিতাৎ খণ্ডিতাৎ বিমানাৎ পততাং সা নাস্তীতি কিমু বক্তব্যং ॥ ১২৪ ॥ স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভির্জন্মভির্বিরিঞ্চিতাং প্রাপ্নোতি । ততোঽপি পুণ্যাতিশয়েন মামেতি । ভাগবতস্তু অথ দেহান্তে ভাগবতত্বানন্তরং বা অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি । যথাহং রুদ্রো ভূত্বা আধিকারিকবদ্বর্ত্তমানঃ । বিবুধা দেবাশ্চ আধিকারিকাঃ । কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যোষ্যন্তি । যদ্বা কলাত্যয়ে প্রকৃত্যতিক্রমে ॥ ১২৫ ॥ হে রহূগণ ! এতৎ শ্রীবাসুদেবরূপং যস্তু তপসা পুরুষো ন যাতি । ইজ্যয়া বৈদিককর্ম্মণা । নির্বপণাৎ অন্নাদিসংবিভাগেন । গৃহাদ্বা তন্নিমিত্তপরোপকারেণ । ছন্দসা বেদাভ্যাসেন । জলাগ্ন্যাদিভিরুপাসিতৈরপি । অভিষেকশব্দেন মহৎপাদরজসঃ সর্ব্বতীর্থময়ত্বং সূচ্যতে ॥ ১২৬ ॥ পার্থিবৈ রজোভিঃ পরমাণুভিঃ সমাঃ সংখ্যাতা অনন্তা ইত্যর্থঃ জন্তবো জীবাঃ তেষাং মধ্যে যে কেচন কতিপয়ে শ্রেয়ো ধর্ম্মমীহন্তে কুর্ব্বন্তি ॥ ১২৭ ॥ মুচ্যতে গৃহাদিসঙ্গান্মুচ্যতে । সিধ্যতি তত্ত্বং জানাতি । যদ্বা

কালরূপ খড়্গ দ্বারা ছেদিত বিমান হইতে নিপতিত হইতেছে, তাহাদের বিষয় আর কি বলিব ? ১২৪ । চতুর্থস্কন্ধে রুদ্রোক্তি আছে যে, অনেকজন্মান্তে স্বধর্ম্মপরায়ণ ব্যক্তির ব্রহ্মত্ব লাভ হইয়া থাকে, তৎপরে সে আমাকে লাভ করে ; কিন্তু দেহাবসানেই ভগবদ্ভক্তের প্রপঞ্চা-তীত বৈষ্ণবপদ-প্রাপ্তি হইয়া থাকে । ইহার দৃষ্টান্ত এই যে, আমি এবং সুরগণ সকলেই অধি-কৃতবৎ বিদ্যমান আছি, কিন্তু আমাদিগের অধিকারের অবসানে লিঙ্গদেহ ভগ্ন হইলে সকলেই প্রপঞ্চাতীত পদ লাভ করিব । ১২৫ । পঞ্চম স্কন্ধে জড়ভরতোক্তি আছে, হে রহূগণ ! মহা-পুরুষগণের পদরেণুর অভিষেক দ্বারাই এইরূপ জ্ঞান প্রাপ্ত হওয়া যায় ; তদ্ভিন্ন কি তপ, কি বৈদিক ক্রিয়া, কি অন্নাদিভাগ, কি গৃহি-ধর্ম্মার্থ পরোপকার, কি বেদাধ্যয়ন, কি জল-বহ্নি-সূর্য্যোপাসনা, কিছু দ্বারাই লাভ করা যায় না । ১২৬ । ষষ্ঠস্কন্ধে পরীক্ষিদুক্তি আছে যে, হে ব্রহ্মন্ ! এই বসুধাতলে ধরণীস্থ পরমাণুর সদৃশ অনন্ত জীব বিদ্যমান আছে ; কিন্তু তন্মধ্যে কতিপয় জনমাত্র স্বধর্ম্মানুষ্ঠানে তৎপর । ১২৭ । হে বিপ্রসত্তম ! ঐ সকল মনুষ্যের মধ্যে সকল-

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ। সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥ ১২৯ ॥

শ্রীশিবস্য।—

নারায়ণপরাঃ সর্ব্বে ন কুতশ্চ ন বিভ্যতি। স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনঃ ॥ ১৩০ ॥

সপ্তমে শ্রীপ্রহ্লাদস্য।—

নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ।
মহীয়সাং পাদরজোভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥ ১৩১ ॥

মুচ্যেত সংসারান্মুক্তো ভবেৎ। তস্মিন্নপি কশ্চিদেব সিধ্যতি স্বস্বরূপানুভবরূপমানন্দাংশং প্রাপ্নোতি। এবং মুক্তেঃ সকাশাৎ সিদ্ধের্ব্বিশেষঃ সিদ্ধঃ। যদ্বা মুচ্যেত জীবন্মুক্তো ভবেৎ। সিধ্যতি ভগবতি পরমানন্দসমুদ্রে লীয়তে। এবং জীবন্মুক্তত্বে স্বরূপানুভবরূপানন্দাংশমাত্রানুভবাৎ সিদ্ধত্বে চানন্দবিশেষানুভবেন পূর্ব্বতোঽস্য শ্রৈষ্ঠ্যং সিদ্ধমেব। ভগবল্লয়ত্বেঽপি পৃথক্‌স্থিত্যভিপ্রায়েণোত্তরশ্লোকে সিদ্ধানামিতি বহুত্বং। এতচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে সম্যক্ নিরূপিতমেবাস্তি ॥ ১২৮ ॥ মুক্তানামপি সিদ্ধানামপি কোটিষ্বপি মধ্যে সুদুর্ল্লভঃ পরমদুষ্প্রাপ্যঃ। এবং পরমদৌর্ল্লভ্যেনাস্যাত্যন্তশ্রেষ্ঠতমত্বমুক্তং। প্রশান্তাত্মেতি স্বরূপমাত্রনির্দ্দেশঃ। তস্যৈব মুখ্যতমত্বং সংপূর্ণপ্রশান্তত্বাৎ। হে মহামুনে ইতি এতচ্চ ত্বমেব সম্যগ্‌জানাসি নান্যঃ। যদ্বা ত্বমেবৈকঃ এতাদৃশঃ নান্য ইতি ভাবঃ। ॥ ১২৯ ॥ কুতশ্চন কস্মাচ্চিদপি দেবাদেঃ শাপাদের্বা- সকাশান্ন ভয়ং প্রাপ্নুবন্তি। যতঃ স্বর্গাদিষ্বপি তুল্যোঽর্থঃ প্রয়োজনমিতি দ্রষ্টুং শীলং যেষাং তে তথা ন চান্যৎ কিমপি বাঞ্ছন্ত্যপীতি ভাবঃ ॥ ১৩০ ॥ নিষ্কিঞ্চনানাং নিরস্তবিষয়াভিমানানাং ভগবৎ-প্রীত্যা ত্যক্তাশেষপরিগ্রহাণাং বা অতএব মহত্তমানাং পাদরজোভিষেকং যাবন্ন বৃণীত প্রীত্যা ন ভজেৎ, তাবৎ শ্রুতিবাক্যাদিনা জ্ঞাতমপি এষাং দুরাশয়ানাং মতিঃ উরুক্রমস্য ভগবতঃ শ্রীকৃষ্ণস্যাংঘ্রিং ন স্পৃশতি ন প্রাপ্নোতি। অসম্ভাবনাদিভির্ব্বিহন্যত ইত্যর্থঃ। অনর্থস্য সংসার-স্যাপগমো যস্যা অঙ্ঘ্রিস্পর্শিন্যা মতেরর্থঃ প্রয়োজনং মহদনুগ্রহাভাবান্ন তত্ত্বনিশ্চয়ঃ নাপি মোক্ষ-

---

কেও মুক্তিকামী দৃষ্ট হয় না, অত্যল্প ব্যক্তিই মুমুক্ষু হইয়া থাকে। আবার ঐপ্রকার মুমুক্ষুর মধ্যে সকলেই যে সিদ্ধি লাভ করেন, তাহাও নহে; সহস্র মুমুক্ষুর মধ্যে কখনও কোন এক জনকে গৃহাদি-সঙ্গ-ত্যাগীও হইতে দেখা যায়। ১২৮। ঐপ্রকার কোটিসংখ্য মুক্ত ও তত্ত্ববিদের মধ্যে হরিপরায়ণ ও প্রশান্তাত্মা ব্যক্তি দুষ্প্রাপ্য। ১২৯। ষষ্ঠস্কন্ধে পার্ব্বতীর প্রতি শিববাক্যে প্রকাশ আছে যে, হে প্রিয়ে! কোন জীব হইতেই হরিপরায়ণের ভীতি সঞ্জাত হয় না। তাঁহারা কি স্বর্গ, কি মোক্ষ, কি নিরয় এই তিনেই সমান প্রয়োজন নিরীক্ষণ করেন।১৩০। সপ্তমস্কন্ধে পিতার প্রতি প্রহ্লাদের উক্তি আছে যে, হে তাত! একমাত্র হরিই সর্ব্বজীবে গূঢ় ভাবে অবস্থিত, তিনি সর্ব্বব্যাপী ও সর্ব্বজীবের অন্তর্যামী এ কথা সত্য বটে, তথাপি বিষয়াভি-মান-রহিত মহাপুরুষগণের চরণরেণু দ্বারা যতক্ষণ অভিষেক না হয়, ততদিন বেদবাণী দ্বারা ঐ-প্রকার হরিকে বিদিত হইলেও গৃহানুরাগিগণের মতি তচ্চরণ-লাভে সমর্থ হয় না, বরং অস-ম্ভাবনাদি দ্বারা ব্যাঘাত প্রাপ্ত হয়। ফল কথা, ঐরূপ ভগবৎ-পাদপদ্ম লাভ করিলেই সংসার

কিঞ্চ।—বিপ্রাদ্দ্বিষড়্‌গুণযুতাদরবিন্দনাভ-পাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠম্।
মন্যে তদর্পিতমনোবচনেহিতার্থং প্রাণং পুনাতি স্বকুলং ন তু ভূরিমানঃ॥ ১৩২॥

অষ্টমে শ্রীগজেন্দ্রস্তু :—
একান্তিনো যস্য ন কিঞ্চনার্থং, বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্নাঃ।
অত্যদ্ভুতং যচ্চরিতং সুমঙ্গলং গায়ন্ত আনন্দসমুদ্রমগ্নাঃ॥ ১৩৩॥

স্তেষামিত্যর্থঃ। যদ্বা অনর্থস্য অর্থতয়া ভাসমানস্য বিচারেণানর্থরূপস্য। যদ্বা বেদান্তাদৌ ন বিদ্যতেঽর্থো যস্মাৎ তস্য মোক্ষস্যাপগমো যস্য পাদরজোভিষেকস্যার্থঃ। ভগবদ্ভক্তকৃপা-বিশেষমন্তরেণ ন মোক্ষেচ্ছানিবৃত্তিঃ ন চ তাং বিনা মতের্ভগবচ্চরণারবিন্দস্পর্শনমপীতি॥১৩১॥ মন্যে ধনাভিজনরূপতপঃশ্রুতৌজস্তেজঃ-প্রভাববলপৌরুষবুদ্ধিযোগাঃ ইতি পূর্ব্বোক্তা যে ধনাদয়ঃ দ্বিষট্ দ্বাদশগুণাস্তৈর্যুক্তাদ্বিপ্রাদপি শ্বপচং বরিষ্ঠং মন্যে। যদ্বা উদ্যমপর্ব্বণি সনৎসুজাতোক্তা দ্বাদশ ধর্ম্মাদয়ো গুণাঃ দ্রষ্টব্যাঃ। তথাহি।—ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চ, অমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষাঽনসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতিঃ শ্রুতঞ্চ, ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্যেতি। কথম্ভূতাৎ বিপ্রাৎ? অরবিন্দনাভস্য পাদারবিন্দতো বিমুখাৎ। কথম্ভূতং শ্বপচং?—তস্মিন্ অরবিন্দনাভপাদারবিন্দে অর্পিতা মনআদয়ো যেন তং। ঈহিতং কর্ম্ম। বরিষ্ঠত্বে হেতুঃ সঃ এবম্ভূতঃ শ্বপচঃ স্বং কুলং পুনাতি। ভূরির্মানো গর্ব্বো যস্য স তু বিপ্র আত্মানমপি ন পুনাতি কুতঃ কুলং। যতো ভক্তিহীনস্যৈতে গুণা গর্ব্বায়ৈব ভবন্তি, অতো হীন ইতি ভাবঃ। যদ্বা তাদৃশাৎ বিপ্রাৎ শ্বপচমেবাহং মন্যে আদ্রিয়ে। ভগবদ্বিমুখত্বেন বিপ্রস্য শ্বপচতোঽপ্যধমত্বং। শ্বপচস্য চ জাত্যাদিস্বভাবেন ভগবজ্জ্ঞানাদ্যসম্ভবাৎ কেবলং ভগবত্যাভিমুখ্যাভাবো ন তু বৈমুখ্যম্ অতস্তস্মাদপ্যয়মেব সাধুঃ। অতএব তং মন্যে ইতি। তদর্পিতমনোবচনেহিতার্থপ্রাণং সন্তং বরিষ্ঠং সর্ব্বোৎকৃষ্টং মন্যে। তত্র হেতুঃ পুনাতীতি। যদ্বা। আদিতো বিপ্রস্য সন্ধ্যোপাসনাদৌ স্বত এব নিত্যং ভগবদাভিমুখ্যমস্ত্যেব। পশ্চাচ্চাধ্যয়নাদিনা তাদৃশদ্বাদশগুণাঃ সম্পন্নাঃ। অতোঽধুনাভিমুখ্যবিশেষস্তাবদ্দূরেঽস্তু অথচ অহমেব সত্যং পরং ব্রহ্ম নারায়ণঃ মত্তোঽন্যচ্চ দৃষ্টশ্রুতং সর্ব্বং মন্মায়াকল্পিতং মধ্যধ্যস্তমেবেত্যাদি-মিথ্যাভিমানেন ভগবৎপাদারবিন্দাৎ বৈমুখ্যং গতাদিতি। অন্যৎ সমানং॥১৩২॥ ভগবৎপ্রপন্না যে একান্তিনঃ। ভগবদ্ভক্তেষু মধ্যে যে একান্তভক্তা ইত্যর্থঃ। যদ্বা ভগবদ্ভিব্রহ্মাদিভিমুক্তৈর্ব্বা

দূরীভূত হইয়া থাকে।১৩১। আরও লিখিত আছে, প্রহ্লাদ বলিলেন, হে প্রভো! আমার অনুমান হয়, যাহার মন, বাক্য, কর্ম্ম, অর্থ ও প্রাণ হরিতেই সমর্পিত, তাদৃশ চণ্ডালও, পদ্মনাভ ভগবানের পাদপদ্ম-পরাঙ্মুখ দ্বাদশ-গুণালঙ্কৃত দ্বিজাতি অপেক্ষা শ্রেষ্ঠ; কেন না, তাদৃশ চণ্ডাল দ্বারা বংশ পবিত্র হয়, কিন্তু বহুগর্ব্বী উক্ত দ্বিজাতি স্বীয় আত্মাকেও পবিত্র করিতে সমর্থ নহেন, সুতরাং বংশ পবিত্র কিরূপে করিবেন? বস্তুতঃ অভক্তের গুণ আত্মশুদ্ধ্যর্থ নহে, উহা কেবল গর্ব্বের জন্য; সুতরাং সে ব্যক্তি চণ্ডাল হইতেও নিকৃষ্ট।১৩২। অষ্টমস্কন্ধে গজেন্দ্রোক্তি আছে যে, আমি ভক্তিসুখ বিদিত নহি, এই হেতু এতাবন্মাত্রেরই প্রার্থী হইলাম। যে সকল ব্যক্তি তাঁহার একান্ত ভক্ত মুক্তজনের সেবা করত নিষ্কাম হইয়াছেন; সুতরাং কেবলমাত্র

নবমে শ্রীভগবতঃ।—

অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ। সাধুভির্গ্রস্তহৃদয়ো ভক্তৈর্ভক্তজনপ্রিয়ঃ॥ ১৩৪॥
নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনা। শ্রিয়ং চাত্যন্তিকীং ব্রহ্মন্ যেষাং গতিরহং পরা॥১৩৫॥
যে দারাগারপুত্রাপ্তান্ প্রাণান্ বিত্তমিমং পরম্। হিত্বা মাং শরণং যাতাঃ কথং তাংস্ত্যক্তুমুৎসহে॥১৩৬
ময়ি নির্ব্বদ্ধহৃদয়াঃ সাধবঃ সমদর্শিনঃ। বশে কুর্ব্বন্তি মাং ভক্ত্যা সৎস্ত্রিয়ঃ সৎপতিং যথা॥ ১৩৭॥
সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ং ত্বহম্। মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি॥ ১৩৮॥

তত্রৈব শ্রীদুর্ব্বাসসঃ।—

দুষ্করঃ কো নু সাধূনাং দুস্ত্যজো বা মহাত্মনাম্। যৈঃ সংগৃহীতো ভগবান্ সাত্বতামৃষভো হরিঃ॥১৩৯

প্রপন্না আশ্রিতা অতএব তে তস্য ভগবতশ্চরিতং গায়ন্তঃ সন্তস্তত এব আনন্দরসসমুদ্রমগ্নাঃ সন্তঃ যস্য অর্থম্ ঐশ্বর্য্যাদিকং, যদ্বা যস্যেতি যস্মাৎ কঞ্চনার্থং মোক্ষাদিকং শ্রীবৈকুণ্ঠলোকমপি ন বাঞ্ছন্তি। কুতঃ সুমঙ্গলং পরমসুখাত্মকং অত্যদ্ভুতঞ্চ অনির্ব্বচনীয়মাহাত্ম্যমিতি। এবমেকান্তিনাং মাহাত্ম্যং লক্ষণঞ্চোক্তং॥ ১৩৩॥ কথন্তুতৈঃ সাধুভির্ভক্তৈঃ ন তু কর্ম্মাদিপরৈঃ। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ১৩৪॥ নাশাসে ন স্পৃহয়ামি নাপেক্ষে বা। আত্যন্তিকীং মদেকনিষ্ঠাং॥ ১৩৫॥ দারাদীন্ বিত্তঞ্চ ধনং নৃণামিতি ভগবদুক্তেঃ। ইমং পরঞ্চ লোকং হিত্বা উপেক্ষ্য॥ ১৩৬॥ ময়ি নির্ব্বদ্ধহৃদয়ত্বাদেব সমদর্শিনঃ। স্বর্গনরকাদিষু তুল্যদৃষ্টয়ঃ। তদুক্তমেব শ্রীরুদ্রেণ। স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিন ইতি॥ ১৩৭॥ অতঃ মম হৃদয়ম্ অন্তরঙ্গং সারবস্তু বা। অহঞ্চ তেভ্যোঽন্যং মনাগপি ন জানে। এবং তৈর্মম হৃদয়াক্রমণাৎ তেষামধীন এবাহং ন স্বতন্ত্র ইতি ভাবঃ॥ ১৩৮॥ সাত্বতাং সাত্বতানাং ঋষভঃ শ্রীদেবকীনন্দনঃ ভগবান্ পরমস্বতন্ত্রোঽপি হরির্যথাকথঞ্চিৎ স্মৃতোঽপি সংসারদুঃখাপহারকঃ যৈঃ সংগৃহীতঃ ভক্ত্যা বশীকৃতস্তেষাং সাধূনাম্ অতএব মহাত্মনাং কোঽর্থো দুষ্করঃ দুস্ত্যজো বা অতো ব্রহ্মাদিদুষ্করমৎপ্রাণরক্ষণাদিকং মন্মহাপরাধ-

---

বিচিত্র কল্যাণময় চরিতগান দ্বারা সুখসাগরে নিমগ্ন, তাঁহারা কিছুরই অভিলাষী নহেন। ১৩৩। নবমস্কন্ধে বৈকুণ্ঠনাথের বাক্যে প্রকাশ যে, হে বিপ্র! আমি অস্বতন্ত্রের সদৃশ; কেন না, আমি ভক্তের অধীন। ভক্তই আমার একমাত্র প্রিয়, এই হেতু সাধু ভক্তগণ কর্ত্তৃকই মদীয় হৃদয় অধিকৃত হইয়াছে। ১৩৪। হে তাপসপ্রবর! আমিই যাঁহাদের পরমা গতি, সেই সাধুগণ ব্যতীত স্বীয় আত্মা বা আত্যন্তিকী শ্রীও আমার প্রিয় নহে। ১৩৫। বস্তুতঃ যাঁহারা পুত্র, ভার্য্যা, গৃহ, স্বজন, ধন, প্রাণ, ইহলোক, পরলোক সমস্ত বিসর্জ্জন পূর্ব্বক আমারই শরণ গ্রহণ করিয়াছেন, আমি কিরূপে তাঁহাদিগকে পরিত্যাগ করি? ১৩৬। অহো! সতী নারী যেমন সৎ-পতিকে বশীভূত করে, তদ্রূপ সর্ব্বত্র সমদর্শী সাধুগণ মৎপ্রতি নিজ নিজ হৃদয় বন্ধন পূর্ব্বক আমাকে বশীভূত করিয়াছেন। ১৩৭। যাঁহারা আমাতে নিজ নিজ হৃদয় সমর্পণ করেন, আমি তাঁহাদিগের হৃদয় জানি। আমাকে ভিন্ন তাঁহারা অপর কাহাকেও জানেন না এবং আমিও তাঁহাদিগকে ভিন্ন অন্য কাহাকেও জানি না। ১৩৮। নবমস্কন্ধে দুর্ব্বসার বাক্য আছে যে, যাঁহারা সাত্বতনাথ ভগবান্ মাধবের সংগ্রহকর্ত্তা, সেই সমস্ত মহাত্মা সাধুর দুষ্কর কি আছে? এবং তাঁহা-

যন্নামশ্রুতিমাত্রেণ পুমান্ ভবতি নির্ম্মলঃ। তস্য তীর্থপদঃ কিংবা দাসানামবশিষ্যতে ॥ ১৪০ ॥

দশমে দেবস্তুতৌ।—

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥ ১৪১ ॥

শ্রীবাদরায়ণেঃ।—

নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ। জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ ॥ ১৪২

ক্ষমাদিকঞ্চ যুক্তমেবেতি ভাবঃ ॥ ১৩৯ ॥ নির্ম্মলঃ অবিদ্যাসম্বন্ধমলরহিতঃ মুক্ত ইত্যর্থঃ। দাসানাং সেবাপরাণাং সর্ব্বথা ভক্তিপরাণাং বা ॥ ১৪০ ॥ মাধব হে শ্রীমধুবংশসমুদ্রচন্দ্র! ত্বর্থে তথাশব্দঃ। যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনঃ ইত্যাদিনোক্তেভ্যোঽভক্তেভ্যো ভিন্নক্রমাপেক্ষয়া তাবকাস্তুদীয়াস্তু ক্বচিৎ কদাচিদপি মার্গাৎ সাধনাদপি ন ভ্রশ্যন্তি ন স্খলন্তি কিমুত প্রাপ্তপরমপদাৎ। যদ্বা। মৃগ্যতে ইতি মার্গং শ্রীমচ্চরণারবিন্দযুগলং তস্মাদপি ন ভ্রশ্যন্তি কিমুত ভক্তিমার্গাৎ। কুতঃ ত্বয়ি বদ্ধং দৃঢ়তয়া যোজিতং সৌহৃদং প্রেম যৈস্তে। অত্র বদ্ধশব্দেনেদং সূচ্যতে। যথা দৃঢ়রজ্জ্বা মহাবৃক্ষে দৃঢ়ং বদ্ধা নৌর্নদীবেগাদিনা স্বস্থানাচ্চালয়িতুং ন শক্যেত, তথা প্রেমবিশেষেণ ভগবচ্চরণাব্জনিবদ্ধাত্মনামাপৎস্বপি কথঞ্চিৎ নিজসাধ্যসাধনতঃ স্খলনং ন স্যাদিতি। তথেত্যস্য বদ্ধসৌহৃদা ইত্যনেন বা সম্বন্ধঃ। তেনানির্ব্বচনীয়প্রকারেণেত্যর্থঃ অতএব বিনায়কা বিঘ্নহেতবস্তেষামনীকানি স্তোমাঃ সৈন্যানি বা তানি পান্তি যে তন্মুখ্যাস্তেষাং মূর্দ্ধসু বিচরন্তি বিঘ্নান্ জয়ন্তীত্যর্থঃ। যতঃ ত্বয়া অভিতো গুপ্তা রক্ষিতাঃ অতএব নির্ভয়াঃ কুতশ্চিদপি শঙ্কারহিতাঃ সন্তঃ। অত্র চ মূর্দ্ধসু বিচরন্তীত্যনেনৈবং সূচ্যতে। অত্যুচ্চপদারোহণার্থং যথা নিঃশ্রেণিকাপেক্ষ্যতে তথা ভাগবতানাং ভগবৎপদারোহণার্থং বিঘ্না এব নিঃশ্রেণিকা ভবেয়ুঃ। বিঘ্নেষু জাতেষু ভগবৎস্মরণাদভিনিবেশবিশেষোৎপত্তেঃ বিঘ্নজয়ে চ ভগবদ্বাৎসল্যবিশেষানুসন্ধানাদিনা ভক্তিবিশেষসম্পত্তেশ্চেতি দিক্। তাবকা মার্গান্ন ভ্রশ্যন্তি, ত্বয়ি বদ্ধসৌহৃদাস্তু ত্বয়াভিগুপ্তা মূর্দ্ধসু বিচরন্তীতি বাক্যদ্বয়ং। অস্মাকমুপরি বিচরন্তি, হে বিনায়কানীকপ গরুড়স্তোমপতে। অন্যৎ সমানং ॥ ৪১ ॥ গোপিকাসুতোঽয়ং ভগবান্ শ্রীদামোদরঃ দেহিনাং দেহাভিমানিনাং জ্ঞানিনাঞ্চ নিবৃত্তাভিমানিনাম্ অতএব আত্মভূতানাম্ স্বরূপং প্রাপ্তানামাত্মারামাণামিত্যর্থঃ। অতএব ন সুখাপঃ ন সুলভঃ। যদ্বা ভক্তিমতাং বিশেষণং আত্মভূতানামিতি। আত্মস্বরূপাণাং

দিগের দুঃসাধ্যই বা কি আছে? ১৩৯। যাঁহার নাম শ্রবণমাত্র মানব নির্ম্মলতা প্রাপ্ত হয়, তীর্থপাদ সেই প্রভুর কিঙ্করগণের সম্বন্ধে কোন্ কার্য্য অবশেষ থাকিতে পারে? ১৪০। দশমস্কন্ধে দেবস্তুতিতে লিখিত আছে, বিরিঞ্চ্যাদি সুরগণ বলিলেন, হে কেশব! যাঁহারা ত্বদীয় ভক্ত, তোমাতেই যাঁহাদের সৌহার্দ্দ বদ্ধ আছে, তাঁহারা তাদৃশ দুর্গতি প্রাপ্ত হন না। সেই সকল ব্যক্তি আপনাকর্ত্তৃক সংরক্ষিত হইয়া অভীক অন্তরে বিঘ্নকরাধিপগণের শিরোদেশে বিচরণ করেন। কিংবা উঁহাদের শিরোদেশকে সোপান-স্বরূপ করিয়া শ্রীবৈকুণ্ঠে সমারূঢ় হন। ১৪১। শ্রীশুকদেবের উক্তি আছে যে, হে নৃপ! ভক্তিনিষ্ঠ ব্যক্তির পক্ষে গোপিকা-

তত্রৈব শ্রীভগবতঃ।—

সাধুনাং সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাং। দর্শনান্নো ভবেদ্বন্ধঃ পুংসোঽক্ষ্‌ণোঃ সবিতুর্যথা॥১৪৩॥

কিঞ্চ।—ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ। তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ॥১৪৪

অপি চ।—নাগ্নির্ন সূর্য্যো ন চ চন্দ্রতারকা, ন ভূর্জ্জলং খং শ্বসনোঽথ বাঙ্মনঃ।

উপাসিতা ভেদকৃতো হরন্ত্যঘং, বিপশ্চিতো ঘ্নন্তি মুহূর্ত্তসেবয়া॥ ১৪৫॥

যস্যাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে স্বধীঃ কলত্রাদিষু ভৌম ইজ্যধীঃ।

যত্তীর্থবুদ্ধিঃ সলিলে ন কর্হিচিজ্জনেষ্বভিজ্ঞেষু স এব গোখরঃ॥ ১৪৬॥

ভগবতঃ পরমপ্রিয়তমানামিত্যর্থঃ। অতএব সুখাপঃ॥ ১৪২॥ সাধূনাং স্বধর্ম্মবর্ত্তিনাং সমচিত্তানাং আত্মবিদাং সুতরাং মৎকৃতাত্মনাং। এষাং কৃপাতিরেকাৎ সুতরামিত্যুক্তং। যদ্বা সাধূনামেব বিশেষণদ্বয়ং সমচিত্তানামিতি মৎকৃতাত্মনামিতি চ। দর্শনাদপি পুংসঃ সর্ব্বস্যৈব পুংমাত্রস্য সংসারবন্ধঃ সুতরাং ন ভবেৎ স্বয়মেব সমূলং বিনশ্যতীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ সবিতুর্দ্দর্শনাদক্ষ্ণোর্যথা তমোবন্ধো ন ভবেদিতি॥ ১৪৩॥ তীর্থেভ্যো দেবেভ্যোঽপি সাধব এব শ্রেষ্ঠা ইত্যাহ ন হীতি। অম্ময়ানি তীর্থানি মৃন্ময়াঃ শিলাময়াশ্চ দেবা ন ভবন্তীতি ন, অপি তু ভবন্ত্যেব। তথাপি সাধূনাং তেষাং চ মহদন্তরমিত্যাহ তে পুনন্তীতি। অতঃ সাধব এব মহাতীর্থানি পরমদেবতাশ্চ। অতএব নিত্যং সেব্যা ইতি ভাবঃ। তদুক্তং তত্রৈব।—ভবদ্বিধা মহাভাগাঃ সংনিষেব্যা অর্হত্তমাঃ। শ্রেয়স্কামৈর্নৃভির্নিত্যং দেবাঃ স্বার্থা ন সাধবঃ ইতি॥ ১৪৪॥ বাঙ্মনসয়োরপ্যুপাসনাবিষয়ত্বং, যো বাচং ব্রহ্মেত্যুপাস্তে যো মনো ব্রহ্মেত্যুপাস্তে ইতি শ্রুতেঃ। অঘং পাপং তন্মূলমজ্ঞানংবা ন হরন্তি। কুতঃ ভেদকৃতঃ ভেদকর্ত্তারঃ। যদ্বা ভগবতা সহ বিচ্ছেদকারকাঃ। পৃথক্ পৃথক্ তত্তদুপাসনেন ভগবৎ-পরতাহান্যাপাদনাৎ। বিপশ্চিতঃ ভগবদ্ভক্তাস্তু তদেকপরতাপাদকাঃ। যদ্বা বিপশ্চিতঃ অদ্বৈতদর্শিনোঽপি ভেদকৃতঃ সত্যপি 'ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বমিত্যাদ্যুক্তভেদ-ন্যায়েন জীবতত্ত্বাৎ ভগবত্তত্ত্বস্য ভেদকর্ত্তারঃ বৈষ্ণবসিদ্ধান্ততত্ত্বাভিজ্ঞাঃ পরমভাগবতা যে ইত্যর্থঃ। তে মুহূর্ত্তমাত্রসেবয়ৈবাঘং ঘ্নন্তীতি॥ ১৪৫॥ অতঃ সাধব এবাত্মাদিরূপাঃ। তাংস্তু

ঘটিলেই আমি ভবদীয় গুণকথাসুধাপানে মত্ত হইয়া বিনা যত্নে এই ভীষণ সংসার-সমুদ্র পার হইতে সমর্থ হইব; বিপুল মহাঘোর বিপদ্ থাকিলেও উহা আমার পক্ষে দুষ্পার হইবে না। ২১৯। প্রচেতাদিগের প্রতি শিবের উপদেশ আছে যে, হে প্রভো! আমার প্রতি তোমার এই অনুগ্রহ হউক্ যে, ত্বদীয় কীর্ত্তিগান ও গঙ্গা এই উভয়ে অন্তর্বহিস্নান দ্বারা যাঁহাদিগের পাতক বিধূত হইয়াছে, যাঁহারা দয়ালু, রাগাদিবিহীন ও আর্জ্জবাদি-গুণসম্পন্ন, সেই সকল সাধু-শীলগণের সহিত আমাদিগের সমাগমলাভ হউক্। ২২০। প্রচেতোগণ কর্তৃকও উক্ত হইয়াছে যে, হে প্রভো! আমরা ভবদীয় মায়াস্পৃষ্ট হইয়া যতদিন কর্ম্মবশে এই সংসারে বিচরণ করিব, তাবৎ যেন প্রতিজন্মে ত্বৎ-সঙ্গিগণের সমাগম লাভ হয়। ২২১। সপ্তমস্কন্ধে প্রহ্লাদোক্তি আছে, হে প্রভো! ভোগাবসানে দেহিগণের অদৃষ্টে যাহা যাহা ঘটে, তাহা আমার বিশেষরূপেই জানা আছে; সুতরাং আয়ুঃ, শ্রী, বিভব, বিরিঞ্চির ভোগ যাবৎ ইন্দ্রিয়-ভোগ্য বিষয় অথবা

অথাসৎসঙ্গদোষাঃ।

অসদ্ভিঃ সহ সঙ্গস্তু ন কর্ত্তব্যঃ কদাচন। যস্মাৎ সর্ব্বার্থহানিঃ স্যাদধঃপাতশ্চ জায়তে ॥ ২২৩ ॥

শ্রীকাত্যায়নবাক্যে।—

বরং হুতবহজ্বালাপঞ্জরান্তর্ব্ব্যবস্থিতিঃ। ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসম্ ॥ ২২৪ ॥

পাদ্মে উত্তরখণ্ডে শ্রীউমামহেশ্বরসংবাদে।—

অবৈষ্ণবাস্তু যে বিপ্রাশ্চাণ্ডালাদধমাঃ স্মৃতাঃ। তেষাং সম্ভাষণং স্পর্শং সোমপানাদি বর্জ্জয়েৎ ॥২২৫॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতিসংবাদে।—

সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা। শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাৎ যাতি সংক্ষয়ম্।
তেষ্বশান্তেষু মূঢ়েষু যোষিৎক্রীড়ামৃগেষু চ। সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু খণ্ডিতাত্মস্বসাধুষু ॥ ২২৬ ॥

তান্ অণিমাদীনপি। যদ্বা কালাত্মনা অবিলুলিতান্ অস্পৃষ্টান্ অর্থান্ সালোক্যসারূপ্যসামীপ্য-সাযুজ্যলক্ষণানপি নেচ্ছামি। তর্হি কিমিচ্ছসীত্যত আহ উপনয়েতি। পরমফলরূপস্তদ্ভক্তসঙ্গমো যত্র কুত্রাপি ভূয়াৎ, তত্র মম স্থানাদ্যাগ্রহো নাস্তীতি ভাবঃ ॥ ২২২ ॥ এবং সৎসঙ্গসেবনমুপপাদ তস্যৈব দার্ঢ্যায়াসৎসঙ্গবর্জ্জনং লিখতি অসদ্ভিরিতি। সর্ব্বেষামৈহিকানামামুষ্মিকাণাঞ্চ অর্থানাং সাধনানাং সাধ্যানাঞ্চ হানিঃ ক্ষয়ঃ স্যাৎ। ন চ তাবদেব কিন্তু অধঃপাতঃ নরকাদিভোগশ্চ জায়তে ॥ ২২৩ ॥ বিশেষেণ অবস্থিতির্নিবাসঃ। শৌরিঃ শ্রীকৃষ্ণস্তস্য চিন্তায়া অপি বিমুখো যো জনস্তেন সংবাসঃ সহবাস এব বৈশসং পীড়া তু নৈব সোঢ়ব্যমিত্যর্থঃ, লোকদ্বয়ে স্বকুলস্যাপ্যনর্থাবহত্বাৎ ॥ ২২৪ ॥ কথঞ্চিৎ সম্ভাষণে সত্যপি স্পর্শং বর্জ্জয়েৎ। কথঞ্চিৎ স্পর্শে সত্যপি সোমপানং বর্জ্জয়ে-দিত্যর্থঃ। আদিশব্দেন সহবাসান্ন-ভক্ষণাদি ॥২২৫॥ শমোঽন্তঃকরণোপরতিঃ, দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ, ভগঃ ভাগ্যং। যোষিতাং ক্রীড়ামৃগবদধীনেষু। খণ্ডিতাত্মসু দেহাত্মবুদ্ধিষু অস্থিরচিত্তেষ্বিতি বা

অণিমাদি সিদ্ধি, কিছুতেই আমার বাসনা নাই; কেননা, স্পষ্টই লক্ষিত হইতেছে যে, আপনি স্বয়ং মহাবিক্রমবান্ কালরূপী হইয়া ঐ সমস্তেরও বিনাশ সাধন করিতেছেন; অতএব এইমাত্র ভিক্ষা করি যে, ভবদীয় নিজকিঙ্করগণ-পার্শ্বে আমাকে লইয়া যাউন্। ২২২। অনন্তর অসৎসঙ্গের দোষ কথিত হইতেছে।—কদাচ অসৎ-সঙ্গ করিবে না, কারণ তদ্দ্বারা অর্থ-ক্ষয় ও অধঃপতন হয়। ২২৩। কাত্যায়নের উক্তি আছে, বহ্নিশিখারূপ পিঞ্জরাভ্যন্তরে বাস করাও শ্রেয়ঃ, তথাপি যেন হরিচিন্তনে পরাঙ্মুখ ব্যক্তির সঙ্গরূপ ক্লেশ ভোগ করিতে না হয়। ২২৪। পদ্মপুরাণের উত্তরখণ্ডে উমামহেশ্বর-সংবাদে লিখিত আছে, অবৈষ্ণব দ্বিজাতির সহিত সম্ভাষণ, তাঁহাদিগকে স্পর্শন ও তাঁহাদিগের সহিত একত্রে সোমপানাদি করিবে না; কারণ, তাঁহারা চণ্ডাল হইতেও নিকৃষ্ট। ২২৫। তৃতীয়স্কন্ধে কপিলদেবহূতি-সংবাদে লিখিত আছে, হে জননি! অসৎ-সমাগম যার পর নাই অহিতকর; উহা দ্বারা সত্য, শৌচ, দয়া, মৌন, মতি, হ্রী, শ্রী, কীর্ত্তি, ক্ষমা, শম, দম, ঐশ্বর্য্য প্রভৃতি সমস্তই বিনাশ প্রাপ্ত হয়। এই হেতু ঐ সমস্ত মূর্খ, অশান্ত, নারীগণের ক্রীড়ামৃগস্বরূপ, নিন্দনীয়, দেহাত্মবুদ্ধি অসৎ ব্যক্তির সহিত সঙ্গ করা কখনই কর্ত্তব্য নহে। ২২৬। হে জননি! অসৎ ব্যক্তির সঙ্গ অপেক্ষা

ন তথাস্য ভবেদ্বন্ধো মোহশ্চান্যপ্রসঙ্গতঃ। যোষিৎসঙ্গাদ্যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ॥ ২২৭॥

একাদশে চ শ্রীভগবদুদ্ধবসংবাদে।—

সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ। তস্যানুগস্তমস্যন্ধে পতত্যন্ধানুগোঽন্ধবৎ॥ ২২৮॥

ভগবদ্ভক্তিহীনা যে মুখ্যাঽসন্তস্ত এব হি। তেষাং নিষ্ঠা শুভা কাপি ন স্যাৎ সচ্চরিতৈরপি॥২২৯

অথাসতাং নিষ্ঠা।

বৃহন্নারদীয়ে প্রায়শ্চিত্তপ্রকরণান্তে।—

কিং বেদৈঃ কিমু বা শাস্ত্রৈঃ কিমু তীর্থনিষেবণৈঃ। বিষ্ণুভক্তিবিহীনানাং কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ॥২৩০

শ্রীগারুড়ে।—

অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি। যো ন সর্ব্বেশ্বরে ভক্তস্তং বিদ্যাৎ পুরুষাধমম্॥২৩১

তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতৌ।—

অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা, নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেবা, যুষ্মৎ-প্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি॥ ২৩২॥

অতএব শোচ্যেষু নিন্দ্যেষু॥২২৬॥ অত্র চ যোষিতাং যোষিদাসক্তানাঞ্চ সঙ্গোঽবশ্যং ত্যাজ্য ইত্যাহ ন তথেতি। যথা চ যোষিৎসঙ্গিনাং সঙ্গতো বন্ধো মোহশ্চ। তথা অন্যপ্রসঙ্গতো ন ভবেৎ॥ ২২৭॥ অসতাং লক্ষণমাহ। শিশ্নোদরে তর্পয়ন্তীতি শিশ্নোদরতৃপস্তেষাং ক্বচিৎ কদাচিদপি। আস্তাং তাবত্তাদৃশানাং বহুনাং সঙ্গঃ, তস্যৈব কস্যাপ্যনুগঃ অনুবর্ত্তী। অন্ধমনুগচ্ছতি যোঽন্ধস্তদ্বৎ॥ ২২৮॥ যদ্যপি যোষিদাসক্তাঃ শিশ্নোদরতর্পণপরা এবাসন্তো নির্দ্দিষ্টাঃ তথাপ্যভক্তা এবাসৎসু মুখ্যাঃ ভগবদ্ভক্ত্যভাবেন সর্ব্বদোষাশ্রয়ত্বাৎ অতস্তেষাং কথঞ্চিৎ কুত্রাপি শুভং ন স্যাদিতি সৎসঙ্গতিদার্ঢ্যায়ৈব লিখতি ভগবদ্ভক্তীতি। মুখ্যাশ্চ তে অসন্তশ্চ পরমাসাধব ইত্যর্থঃ। নিষ্ঠা গতিঃ প্রাপ্যমিত্যর্থঃ॥ ২২৯॥ বেদাদিভিঃ কিং, অপি তু ন কিমপি ফলমিত্যর্থঃ। সর্ব্বেষাং সৎকর্ম্মণাং ভগবদ্ভক্তিসাধনত্বাৎ তদভাবে চ বৈয়র্থ্যাপত্তেঃ। তদুক্তং ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসামিত্যাদি॥ ২৩০—২৩১॥ বিবেকিনোঽপ্যভক্তাশ্চেৎ সদা সংসারদুঃখান্যনুভবন্ত্যেবেত্যাহ

যোষিৎ-সঙ্গ অহিতকর এবং যোষিৎ-সঙ্গীর সঙ্গও অনিষ্টের উৎপাদক। এই উভয়ের সঙ্গ বশতঃ যেরূপ মোহ ও বন্ধন হয়, অপরের সঙ্গে সেরূপ হয় না। ২২৭। একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে লিখিত আছে, শিশ্নোদরপরায়ণ অসৎ ব্যক্তির সঙ্গ করিলে অন্ধের অনুগামী অন্ধের সদৃশ অন্ধতম কূপে পতিত হইতে হয়। ২২৮। ভগবদ্ভক্তিবিমুখেরাই অসাধুর শ্রেষ্ঠ; সদাচারনিষ্ঠ হইলেও কুত্রাপি তাহাদিগের শুভ গতি হয় না। ২২৯।

অনন্তর অসদ্ব্যক্তিগণের গতি কথিত হইতেছে।—বৃহন্নারদীয়-পুরাণে প্রায়শ্চিত্ত-প্রকরণের শেষে লিখিত আছে, যাহারা হরিভক্তিবিমুখ, তাহাদের বেদ, শাস্ত্র, তীর্থসেবা, বিপুল তপ অথবা যজ্ঞানুষ্ঠানে ফল কি?। ২৩০। গরুড়পুরাণে লিখিত আছে, সর্ব্বেশ্বর হরির প্রতি ভক্তিমান্ না হইলে সর্ব্ববেদ-পারদর্শী, সর্ব্বশাস্ত্রার্থবিদ্ ব্যক্তিও পুরুষাধম বলিয়া পরিগণিত হয়। ২৩১।

অতএবোক্তং ষষ্ঠে।—

প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখম্। ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ॥ ২৩৩॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

কুতঃ পাপক্ষয়স্তেষাং কুতস্তেষাঞ্চ মঙ্গলম্।
যেষাং নৈব হৃদিস্থোঽয়ং মঙ্গলায়তনো হরিঃ॥ ২৩৪॥

অতএব বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে।—

হরিপূজা-বিহীনাশ্চ বেদবিদ্বেষিণস্তথা। দ্বিজগো-দ্বেষিণশ্চাপি রাক্ষসাঃ পরিকীর্ত্তিতাঃ॥২৩৫॥

অতএব নিজদূতান্ প্রতি ধর্ম্মরাজস্যানুশাসনং ষষ্ঠস্কন্ধে।—

তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুন্দপাদারবিন্দমকরন্দরসাদজস্রম্।
নিষ্কিঞ্চনৈঃ পরমহংসকুলৈ রসজ্ঞৈর্জুষ্টাদ্গৃহে নিরয়বর্ত্মনি বদ্ধতৃষ্ণান্॥ ২৩৬॥

অহনীতি। দিবসে আপৃতানি চ তানি আর্ত্তানি চ ক্লিষ্টানি করণানি ইন্দ্রিয়াণি যেষাং। রাত্রাবপি সুখলবো নাস্তি, যতো নিঃশয়ানাঃ স্বপ্নদর্শনেন চ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ। দৈবেন আহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থরচনাঃ অর্থার্থোদ্যমা যেষাং॥ ২৩২॥ চীর্ণানি কৃতান্যপি ন নিষ্পুনন্তি ন শোধয়ন্তি। মহতামপ্যশোধকত্বে দৃষ্টান্তঃ সুরাকুম্ভমাপগা ইবেতি॥ ২৩৩॥ মঙ্গলম্ ঐহিকামুষ্মিকশ্রেয়ঃ। হৃদিস্থোঽপি ন স্যাৎ মনসাপি ন চিন্ত্যত ইত্যর্থঃ॥ ২৩৪॥ হরিপূজাবিহীনত্বাদেব বেদাদিবিদ্বেষিণো রাক্ষসাশ্চ পরিকীর্ত্তিতাঃ॥ ২৩৫॥ অসতো দুষ্টান্ তানে-

---

তৃতীয়স্কন্ধে ব্রহ্মস্তবে বর্ণিত আছে, হে প্রভো! যাহারা অবিবেকী, তাহারাই দুর্গতিগ্রস্ত হয়, সুতরাং তোমার প্রতি ভক্তি প্রদর্শন করা তাহাদের কর্ত্তব্য। জ্ঞানীরাও যে ত্বৎপ্রতি ভক্তিমান্ থাকিবে না, এমন নহে; কেননা, তোমার প্রতি ভক্তি-বিমুখ হইলে ঋষিগণকেও ভবযন্ত্রণা ভোগ করিতে হয়। দিবাভাগে ইন্দ্রিয়গ্রাম বিবিধ বিষয়ে নিরত থাকিয়া ক্লেশ প্রাপ্ত হয়, সুতরাং সুখপ্রাপ্তির আশা থাকে না; নিশাভাগে নিদ্রাবস্থাতেও সুখের লেশ নাই, স্বপ্নদর্শনে মুহুর্ম্মুহুঃ বিবিধ-মনোরথ চিন্তনে নিদ্রা ভাঙ্গিয়া যায় এবং দুরদৃষ্ট নিবন্ধন অর্থোপার্জ্জনার্থ উদ্যমেরও হ্রাস হইয়া পড়ে; এই হেতু ত্বৎপ্রতি ভক্তিস্থাপন বিবেকী জনেরও কর্ত্তব্য। ২৩২। ষষ্ঠস্কন্ধে লিখিত আছে, হে নৃপতে! একমাত্র ভক্তিই পবিত্রতাবিধানে সক্ষম, তদ্বিষয়ে অন্যের অপেক্ষা করে না; কিন্তু ভক্তি ব্যতীত সান্তপনাদি প্রায়শ্চিত্ত অন্যনিরপেক্ষ হইয়া পবিত্র করিতে সমর্থ নহে। বস্তুতঃ যেরূপ মদ্যপাত্র শোধনে নদীর সামর্থ্য নাই, তদ্রূপ যথানুষ্ঠিত মহাপ্রায়শ্চিত্তও হরিবিমুখ ব্যক্তির পবিত্রতা বিধানে সক্ষম নহে। ২৩৩। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, যে সকল ব্যক্তির হৃদয়ে কল্যাণময় হরির অধিষ্ঠান নাই, তাহাদিগের কল্যাণই বা কোথায় আর পাপনাশই বা কোথায়?। ২৩৪। বৃহন্নারদীয়-পুরাণে লুব্ধকোপাখ্যানের প্রারম্ভে লিখিত আছে, বিষ্ণুপূজাপরাঙ্মুখ, বেদবিদ্বেষী, বিপ্রবিদ্বেষী ব্যক্তিরা রাক্ষস বলিয়া অভিহিত। ২৩৫। ষষ্ঠস্কন্ধে নিজদূতগণের প্রতি ধর্ম্মরাজের অনুশাসন-প্রসঙ্গে

জিহ্বা ন বক্তি ভগবদ্‌গুণনামধেয়ম্, চেতশ্চ ন স্মরতি তচ্চরণারবিন্দম্।
কৃষ্ণায় নো নমতি যচ্ছির একদাপি, তানানয়ধ্বমসতোঽকৃতবিষ্ণুকৃত্যান্॥ ২৩৭॥

অথ শ্রীবৈষ্ণবনিন্দাদিদোষঃ।

স্কান্দে মার্কণ্ডেয় ভগীরথসংবাদে।—

যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম। করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ॥ ২৩৮॥
নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাম্। পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে॥

বাহ মুকুন্দপদারবিন্দয়োর্ম্মকরন্দরূপো রসঃ ভক্তিলক্ষণস্তস্মাদ্বিমুখান্। কথম্ভূতান্ ?— রসজ্ঞৈঃ ভক্তিসুখাভিজ্ঞৈঃ রসবিবেকিভির্ব্বা পরমহংসকুলৈঃ অতএব নিষ্কিঞ্চনৈঃ অভিমানশূন্যৈর্নিরপেক্ষৈর্ব্বা অজস্রং জুষ্টান্ সেবিতান্। যদ্বা অজস্রং বিমুখানিতি সম্বন্ধঃ। তাদৃশে মহারসে সকৃৎ ক্ষণমপি যেঽভিমুখা ন ভবন্তি তানিত্যর্থঃ। অসতাং জ্ঞাপকমাহ নিরয়বর্ত্মনি স্বধর্ম্মশূন্যে গৃহে অনিবেদিতভোগাদৌ বা বদ্ধাস্তৃষ্ণা যৈস্তান্ দণ্ডার্থমিহানয়ধ্বম্। এবং তেষাং লক্ষণং নিষ্ঠা চোক্তা॥ ২৩৬॥ কিঞ্চ যৎ যেষাং জিহ্বেত্যাদ্যন্বয়ঃ। ন কৃতঃ বিষ্ণুকৃত্যং ভগবদ্ব্রতম্ একাদশ্যুপবাসকার্ত্তিকনিয়মাদি যৈস্তাংশ্চ। একদাপীত্যস্য পূর্ব্বাবাক্যদ্বয়ে সম্বন্ধঃ। অপিশব্দস্যাপি সর্ব্বত্রানুষঙ্গঃ। ততশ্চায়মর্থঃ জিহ্বাপি গুণকৃতনামধেয়ং দীনবৎসল ইত্যাদিকমপি ন বক্তীতি যথা কথঞ্চিদেব নামোচ্চারণং। তচ্চ নিজার্ত্ত্যাদিহেতুনাপি ন ত্বর্থানুসন্ধানপূর্ব্বকং শ্রদ্ধয়া শ্রীকৃষ্ণস্য নাম সম্যগুচ্চারণং করোতীত্যর্থঃ। এবং চেতোঽপি তচ্চরণারবিন্দমপীতি যথাকথঞ্চিন্মনোমাত্রেণৈবাঙ্গস্য স্পর্শনং ন তু সর্ব্বাঙ্গস্য শ্রীমচ্চরণারবিন্দয়োর্ব্বা সম্যক্ ধ্যানং। তথা শিরোঽপি কৃষ্ণায়াপীতি। শিরোভির্নমনমাত্রেণ বন্দনং তচ্চ কৃষ্ণোদ্দেশেন যৎ কিঞ্চিদপ্যালক্ষ্যেতি ন তু সর্ব্বাঙ্গৈঃ সাক্ষাৎ শ্রীমূর্ত্ত্যাদিকং বেতি। এবং কথঞ্চিদপি শ্রীকৃষ্ণভক্তিসম্বন্ধহীনা যে তানেবানয়ধ্বমিতি। অতএব জিহ্বাদিশব্দপ্রয়োগঃ। অন্যথা জিহ্বদীনামেব বচনাদিব্যাপারাৎ পুনস্তত্তচ্ছব্দপ্রয়োগস্য বৈয়র্থ্যাপত্তেরিতি দিক্॥ ২৩৭॥ অসতাং নিষ্ঠামেব বিশেষতো দর্শয়ন্ তেষু চাসৎসু মধ্যে বৈষ্ণববিষয়কাপরাধিনোঽসত্তমমুখ্যা ইত্যভিপ্রেত্য তেষাঞ্চ নিষ্ঠাদিকং পূর্ব্বতো বিশেষেণ পৃথক্ লিখতি যো হীত্যাদিনা অচ্যুত

লিখিত আছে, হে দূতবৃন্দ! যে সকল ব্যক্তি অকিঞ্চন রসবিদ্ পরমহংসকুলকর্ত্তৃক নিরন্তর সেবিত হরিচরণাব্জ-মধুরসপানে পরাঙ্মুখ ও নরকমার্গস্বরূপ স্বধর্ম্মবর্জ্জিত গৃহে বদ্ধতৃষ্ণ, সেই সকল অসাধুদিগকে মৎসমীপে আনয়ন করিবে।২৩৬। ভগবানের গুণকীর্ত্তনে বা নামোচ্চারণে যে সকল ব্যক্তির রসনা বিমুখ, ভগবৎ-পদারবিন্দ স্মরণে যে সমস্ত ব্যক্তির মানস পরাঙ্মুখ, হরিপাদপদ্মে যাহাদিগের মস্তক অবনত না হয় এবং যাহাদিগের দ্বারা জন্মেও ভগবদ্ব্রতের অনুষ্ঠান হয় নাই, সেই সমস্ত অসাধুবর্গকে মৎ-সমীপে আনয়ন করিবে। ২৩৭।

অতঃপর বৈষ্ণব-নিন্দাদি-দোষ লিখিত হইতেছে।—স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথসংবাদে লিখিত আছে, হে রাজেন্দ্র! ভগবদ্ভক্তের প্রতি উপহাস করিলে ধর্ম্ম, অর্থ, কীর্ত্তি ও সন্ততি

হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি। ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥২৩৯

তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযমোক্তৌ।—

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতম্। নাশমায়াতি তৎ সর্ব্বং পীড়য়েদ্‌যদি বৈষ্ণবান্॥

দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদবলিসংবাদে।—

করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ। নিন্দাং কুর্ব্বন্তি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাম্॥

পূজিতো ভগবান্ বিষ্ণুর্জ্জন্মান্তরশতৈরপি। প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে॥

দশমস্কন্ধে চ।—

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা। ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥২৪০॥

অতএবোক্তং শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে।—

জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চ দিনানি চ ; ন তু কল্পসহস্রাণি ভক্তিহীনস্য কেশবে॥ ২৪১ ॥

অতএবোক্তং শ্রীভাগবতে ঐলোপাখ্যানান্তে।—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্। সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ ২৪২॥

ইত্যন্তেন ॥ ২৩৮ ॥ ভাগবতং প্রতি। হন্তি প্রহরতি। দর্শনে সত্যপি হর্ষং ন যাতি নাপ্নোতি। এতানি ষট্ পতনানি পাতিত্যাপাদকানি নরকাবহানীত্যর্থঃ ॥ ২৩৯ ॥ অস্তু বৈষ্ণবনিন্দাকারিণাং পরমানর্থঃ বৈষ্ণবনিন্দাশ্রোতৃণামপি মহানরকঃ স্যাদিতি লিখতি নিন্দামিতি। ততস্তস্মাৎ নিন্দা-শ্রবণাৎ তৎস্থানাদ্বা। সুকৃতাৎ পূর্ব্বপূর্ব্বজন্মকৃতাদপি পুণ্যাদ্‌ভ্রষ্টঃ সন্ অধো যাতি। নিন্দাকর্ত্তা চ সুকৃতাচ্চ্যুতঃ অধো যাতীতি কিং বক্তব্যমিত্যপিশব্দার্থঃ ॥ ২৪০ ॥ অতো ভগবদ্ভক্তস্য সদ্য এব মরণং শ্রেয়ঃ, চিরজীবনং চ মহানর্থায়েবেত্যাশয়েন লিখতি জীবিতমিতি ॥ ২৪১ ॥ সন্তো ভগবদ্ভক্তা এব ন তু কর্ম্মজ্ঞানাদিপরাঃ। মনসো ব্যাসঙ্গং গৃহাদ্যাসক্তিং কামাদিসম্বন্ধং বা। উক্তিভিঃ

বিনাশ প্রাপ্ত হয়। ২৩৮। মহাত্মা বৈষ্ণবজনের নিন্দাকারী মূঢ় ব্যক্তিগণ পিতৃগণ সহ মহারৌরবনামা নিরয়ে নিমগ্ন হয়। বৈষ্ণবগণকে প্রহার, দ্বেষ বা অনাদর করিলে, তাঁহাদিগের প্রতি রোষ প্রদর্শন করিলে এবং তাঁহাদিগকে দেখিয়া হর্ষপ্রকাশ না করিলে নিরয়ে নিমগ্ন হইতে হয় ; এই ছয়টী নরক-পতনের কারণ। ২৩৯। উক্ত পুরাণে অমৃতসারোদ্ধারে যমোক্তিতে প্রকাশিত আছে, বৈষ্ণবগণকে প্রপীড়িত করিলে আজন্মসঞ্চিত পুণ্য ক্ষয় হয়। দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদবলিসংবাদে লিখিত আছে, মহাত্মা বৈষ্ণবগণের নিন্দাবাদ করিলে শমন-দূতেরা সুশাণিত ক্রকচ দ্বারা সেই সকল পাপীকে বিদীর্ণ করে। শত শত জন্ম প্রপূজিত হইলেও বিধাতা ভগবান্ হরি বৈষ্ণবাপমানকারীর প্রতি প্রসন্ন হন না। দশমস্কন্ধে লিখিত আছে, প্রভু হরির নিন্দা কিংবা হরিভক্তের নিন্দা শুনিয়া তথা হইতে স্থানান্তরে গমন না করিলে তাহাকেও পুণ্যভ্রষ্ট হইয়া নিরয়ে পতিত হইতে হয়। ২৪০। বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত আছে, হরিভক্ত হইয়া পাঁচদিন জীবন ধারণ করাও শ্রেয়ঃ, তথাপি হরিভক্তি-বিমুখ হইয়া সহস্রকল্প জীবিত থাকায় প্রয়োজন নাই। ২৪১। একাদশস্কন্ধে ঐলোপাখ্যানের শেষে লিখিত

অথ শ্রীভগবদ্ভক্তান্ সল্লক্ষণবিভূষিতান্। গত্বা তান্ দূরতো দৃষ্ট্বা দণ্ডবৎপ্রণমেন্মুদা ॥২৪৩॥

অথ শ্রীবৈষ্ণবসমাগমবিধিঃ।

তেজোদ্রবিণপঞ্চরাত্রে।—

বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেদ্ভুবি। উভয়োরন্তরা বিষ্ণুঃ শঙ্খচক্রগদাধরঃ ॥ ২৪৪ ॥

তত্র চ বিশেষো বৃহন্নারদীয়ে।—

সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়তনেষ্বপি। প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥

পুণ্যক্ষেত্রে পুণ্যতীর্থে স্বাধ্যায়সময়ে তথা। প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥ ২৪৫ ॥

বৈষ্ণবঞ্চাগতং বীক্ষ্যাভিগম্যালিঙ্গ্য বৈষ্ণবম্। বৈদেশিকং প্রীণয়েয়ুর্দর্শয়ন্তঃ স্ববৈষ্ণবান্ ॥

তথা চোক্তং শ্রীব্রহ্মণা তেজোদ্রবিণপঞ্চরাত্রে।—

নারায়ণাশ্রয়ং ভক্তং দেশান্তরসমাগতম্। প্রীণয়েদ্দর্শয়ংস্তস্য ভক্ত্যা নারায়ণাশ্রয়ান্ ॥ ইতি ॥

ততশ্চ বৈষ্ণবঃ প্রাপ্তঃ সন্তর্প্য বচনামৃতৈঃ। সদ্বন্ধুরিব সংমান্যোঽন্যথা দোষো মহান্ স্মৃতঃ ॥২৪৬॥

ভগবৎ-কথা-হিতোপদেশৈঃ ॥ ২৪২ ॥ সদ্ভিরুক্তৈস্তপ্তমুদ্রাধারণাদিভিল্লক্ষণৈর্ব্বিভূষিতান্ ২৪৩ ॥ বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা প্রণমেদিতি দ্বয়োরন্যোন্যমেব প্রণামোঽভিপ্রেতঃ। যতএব তয়োরুভয়োর্ম্মধ্যে বিষ্ণুর্ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। যচ্চ কৌর্ম্মে ব্যাসগীতায়াং।—ন কুর্য্যাদ্যোঽভিবাদ্যস্য দ্বিজঃ প্রত্যভিবাদনং। নাভিবাদ্যঃ স বিদুষা যথা শূদ্রস্তথৈব সঃ ইতি প্রত্যভিবাদনমাত্রমুক্তং, তচ্চ স্মার্ত্তজনপরমিতি জ্ঞেয়ং। যদ্বা অভিবাদনপ্রত্যভিবাদনাভ্যাং প্রণামপ্রতিপ্রণামবাচিভ্যামন্যোন্যনমস্কার এবাভিপ্রেত ইতি ॥ ২৪৪ ॥ তত্র চ সর্ব্বান্ সভাস্থিতান্ একত্রৈব প্রণমেন্ন তু প্রত্যেকমিতি লিখতি সভায়ামিতি ॥ ২৪৫ ॥ এবং যাত্রিকস্য কৃত্যং লিখিত্বা সভ্যানামপি কৃত্যং লিখতি বৈষ্ণবঞ্চেত্যাদিনা পূজাভ্যধিকেত্যন্তেন। বৈদিশিকং দূরদেশাদাগতঞ্চেৎ। স্বকীয়ান্ বৈষ্ণবান্ দর্শয়ন্তঃ তত্তন্নামকথনাদিনা পরিচয়ং কারয়ন্তঃ সন্তঃ ॥ ৪৬ ॥

আছে, কুসঙ্গ বিসর্জ্জন দিয়া সৎ-সঙ্গে অনুরাগী হওয়াই সুবুদ্ধির কর্ত্তব্য, কেননা, সাধুগণদত্ত উপদেশে মনোবেদনা দূরীভূত হয়। ২৪২। তৎপরে তপ্তমুদ্রা প্রভৃতি বৈষ্ণবচিহ্নে সমলঙ্কৃত হরিভক্তগণের নিকটে গিয়া সহর্ষে দূর হইতেই দণ্ডবৎ প্রণতি করিবে। ২৪৩।

অতঃপর বৈষ্ণবসমাগমের বিধি বর্ণিত হইতেছে।—তেজোদ্রবিণপঞ্চরাত্রে লিখিত আছে, বৈষ্ণবদর্শনমাত্র ভূতলে দণ্ডবৎ নমস্কার করা বৈষ্ণবের কর্ত্তব্য, কেননা, শঙ্খ-চক্র-গদা-পদ্মবান্ হরি দুই জনেরই অন্তঃস্থিত রহিয়াছেন। ২৪৪।

বৈষ্ণবপ্রণতিবিষয়ে বিধি।—বৃহন্নারদীয়পুরাণে লিখিত আছে, সভা, যজ্ঞায়তন ও দেবনিকেতন এই সমস্ত স্থলে প্রত্যক ব্যক্তিকে পৃথক্ পৃথক্রূপে প্রণতি করিলে পূর্ব্বসঞ্চিত পুণ্য ক্ষয় প্রাপ্ত হয় এবং পুণ্যক্ষেত্রে বা পুণ্যতীর্থে অথবা বেদপাঠকালেও পৃথক্ পৃথক্রূপে প্রণাম করিলে পূর্ব্বসঞ্চিত পুণ্য বিনষ্ট হয়। ২৪৫। বিদেশবাসী বৈষ্ণবের আগমন দর্শনে তৎসমীপে গিয়া আলিঙ্গন করিবে এবং নিজসঙ্গী বৈষ্ণবগণকে তাঁহাদিগের নামোল্লেখ দ্বারা পরিচয়

অথ বৈষ্ণবসম্মাননিত্যতা।

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথসংবাদে।—

দৃষ্ট্বা ভাগবতং দৈবাৎ সংমুখে যো ন যাতি হি। ন গৃহ্লাতি হরিস্তস্য পূজাং দ্বাদশবার্ষিকীম্॥
যো ন গৃহ্লাতি ভূপাল বৈষ্ণবং গৃহমাগতম। তদ্গৃহং পিতৃভিস্ত্যক্তং শ্মশানমিব ভীষণম্॥
অথবাভ্যাগতং দূরাৎ যো নার্চ্চয়তি বৈষ্ণবম্। স্বশক্ত্যা নৃপশার্দ্দূল নান্যঃ পাপরতস্ততঃ॥ ২৪৭॥
শ্রান্তং ভাগবতং দৃষ্ট্বা কঠিনং যস্য মানসম্। প্রসীদতি ন দুষ্টাত্মা শ্বপচাদধিকো হি সঃ॥
বিপ্রং ভাগবতং দৃষ্ট্বা দীনমাতুরমানসম্। ন করোতি পরিত্রাণং কেশবো ন প্রসীদতি॥
দৃষ্ট্বা ভাগবতং বিপ্রং নমস্কারেণ নার্চ্চয়েৎ। দেহিনস্তস্য পাপস্য ন চ বৈ ক্ষমতে হরিঃ॥
অপূজিতো যদা গচ্ছেদ্বৈষ্ণবো গৃহমেধিনঃ। শতজন্মার্জ্জিতং ভূপ পুণ্যমাদায় গচ্ছতি॥ ২৪৮
অনভ্যর্চ্চ্য পিতৄন্ দেবান্ ভুঞ্জতে হরিবাসরে। তৎপাপং জায়তে ভূপ বৈষ্ণবানামতিক্রমে॥ ২৪৯
পূর্ব্বং কৃত্বা তু সম্মানমবজ্ঞাং কুরুতে তু যঃ। বৈষ্ণবানাং মহীপাল সান্বয়ো যাতি সংক্ষয়ম্॥

দূরাৎ দূরদেশাদভ্যাগতং॥ ২৪৭। কঠিনং স্নেহার্দ্রং ন স্যাৎ। ন চ প্রসীদতি। অতঃ স এব দুষ্টাত্মা শ্বপচাদপ্যধিকঃ পরমাধম ইত্যর্থঃ॥ নমস্কারেণাপি নার্চ্চয়েৎ॥ ২৪৮॥ হরিবাসরে চ যে ভুঞ্জতে তেষাং যৎ পাপং তৎ। অতিক্রমে অপূজনাদিনাপরাধে সতি॥ ২৪৯॥ নরকা-

---

প্রদান করত আনন্দিত করাইবে। তেজোদ্রবিণপঞ্চরাত্রে ব্রহ্মারও উক্তি আছে যে, বিদেশাগত হরিশরণাগত ভক্তকে দেখিবামাত্র স্বীয় নারায়ণাশ্রয় ভক্তদিগকে দেখাইয়া ভক্তি সহকারে তদীয় সন্তোষসাধন করিবেন। এই হেতু বৈষ্ণবজন আগত হইলে সুধাবচনে সন্তুষ্ট করিয়া সদ্বন্ধুবৎ সম্মাননা কবিবে, নচেৎ মহাদোষ ঘটে। ২৪৬।

অনন্তর বৈষ্ণবসম্মাননার নিত্যতা কথিত হইতেছে।—স্কন্দপুরাণে মার্কণ্ডেয়ভগীরথ-সংবাদে লিখিত আছে, সহসা ভগবদ্ভক্তকে দর্শনপূর্ব্বক তৎসম্মুখে গমন না করিলে ভগবান্ দ্বাদশবর্ষ সেই ব্যক্তির পূজা গ্রহণ করেন না। হে নৃপ! গৃহাগত বৈষ্ণবকে (সাদরে) গ্রহণ না করিলে পিতৃকুল তদীয় শ্মশানসদৃশ ভীষণ গৃহ বিসর্জ্জন করেন। হে নৃপসত্তম! নিজ সামর্থ্যানুসারে দূরদেশাগত বৈষ্ণবের অর্চ্চনা না করিলে তদপেক্ষা পাপী অপর কেহ বিদ্যমান নাই। ২৪৭। হরিভক্ত ব্যক্তিকে শ্রান্ত দর্শন করিয়া যাহার চিত্ত স্নেহাভিষিক্ত ও প্রীত না হয়, শ্বপচ হইতেও সেই দুরাত্মাকে অধিকতর নিকৃষ্ট জানিবে। হে দ্বিজ! ভাগবত বিপ্রকে দীন ও আতুরচিত্ত দেখিয়া তাঁহার উদ্ধারসাধন না করিলে হরি তৎপ্রতি অপ্রসন্ন থাকেন। ভগবদ্ভক্তিপরায়ণ দ্বিজাতিকে দর্শন পূর্ব্বক প্রণামসহকারে অর্চ্চনা না করিলে হরি সেই পাতকীকে কখনই ক্ষমা করেন না। হে নৃপ! বৈষ্ণবজন অপূজিত হইয়া গৃহ হইতে প্রতিগমন করিলে সেই গৃহীর শতজন্মসঞ্চিত পুণ্য সেই বৈষ্ণব সহ গমন করে। ২৪৮। হে নৃপতে! বৈষ্ণবগণকে অতিক্রম করিলে পিতৃ-দেবার্চ্চনাবিমুখ ও একাদশীদিনে ভোজনকারীর পাপে

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে।—

বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ। প্রণয়াদরতো বিপ্র স নরো নরকাতিথিঃ ॥২৫০

চতুর্থস্কন্ধে চ।—

ব্যালালয়দ্রুমা হ্যেতেঽপ্যরিক্তাখিলসম্পদঃ। যদ্‌গৃহাস্তীর্থপাদীয়পাদতীর্থবিবর্জ্জিতাঃ ॥ ২৫১ ॥

অথ বৈষ্ণবস্তুতিঃ।

স্কান্দে।—

ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং যদ্‌যূয়ং গৃহমাগতাঃ। দুর্ল্লভং দর্শনং নূনং বৈষ্ণবানাং যথা হরেঃ ॥২৫২॥

মেরুমন্দরতুল্যা বৈ পুণ্যপুঞ্জা ময়া কৃতাঃ। সংপ্রাপ্তং দর্শনং যৈর্ব্বৈ বৈষ্ণবানাং মহাত্মনাম্ ॥ ২৫৩॥

দশমস্কন্ধে শ্রীগর্গাচার্য্যং প্রতি শ্রীনন্দস্য বাক্যম্।—

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্। নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা ক্বচিৎ ॥ ২৫৪ ॥

তিথিঃ বহুলনরকদুঃখং চিরং ভুঙ্‌ক্ত ইত্যর্থঃ ॥ ২৫০ ॥ ব্যালানামালয়া দ্রুমা এব। অরিক্তাঃ পূর্ণাঃ অখিলাঃ সম্পদো যেষু তাদৃশা অপি। যদ্‌গৃহা যে গৃহাঃ তীর্থপাদীয়া বৈষ্ণবাস্তেষাং পাদ-তীর্থেন পাদোদকেন বা বিবর্জ্জিতাঃ ॥ ২৫১ ॥ বচনামৃতৈঃ সন্তর্প্যেতি লিখিতং তান্যেব লিখতি ধন্যোঽহমিত্যাদীনি সপ্ত। অত্র চ ধন্যোঽহমিত্যাদি-বচনপাঠেন তদর্থনির্ব্বচনেন বা স্তুতিঃ কার্য্যেতি জ্ঞেয়ং ॥ ২৫২ ॥ যৎ যস্মাৎ যেভ্যঃ পুণ্যপুঞ্জেভ্যঃ ইতি বা ॥ ২৫৩ ॥ মহতাং স্বাশ্রমাদন্যত্র বিচলনং গমনং ন স্বার্থং কিন্তু গৃহিণাং মঙ্গলায়। নন্থ তর্হি ত এব মহদ্দর্শনার্থং কিমিতি নাগচ্ছন্তি তত্রাহ দীনচেতসাং কৃপণানাং ক্ষণমপি গৃহং ত্যক্তুমশক্নুবতামিত্যর্থঃ। যদ্বা গৃহিণাং নিঃশ্রেয়সায় মহতাং বিচলনং ভগবৎপূজাপরতাদিস্বধর্ম্মত্যাগোঽপি কল্পতে যোগ্যং ভবতি। কুতঃ?—দীনচেতসাং সদা পরমার্ত্তানামিত্যর্থঃ। স্বার্থানপেক্ষণাৎ ন চ

লিপ্ত হইতে হয়।২৪৯। হে রাজন্! প্রথমে বৈষ্ণবের সম্মাননা করিয়া পরে তৎপ্রতি অবজ্ঞা প্রদর্শন করিলে সবংশে বিনাশ প্রাপ্ত হইতে হয়। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম-বিপ্রসংবাদে লিখিত আছে, হে দ্বিজ! বৈষ্ণব দর্শন পূর্ব্বক প্রীতি ও আদর সহকারে অভ্যুত্থান না করিলে নিরয়পুরের অতিথি হইতে হয়।২৫০। চতুর্থস্কন্ধে লিখিত আছে, নিখিল-সম্পত্তি-পূর্ণ হইলেও সাধুবৈষ্ণবচরণোদকবর্জ্জিত গৃহ ভুজঙ্গাবাস পাদপের সদৃশ।২৫১।

অতঃপর বৈষ্ণবস্তুতি।—স্কন্দপুরাণে লিখিত আছে, মদ্‌গৃহে আপনাদের শুভাগমনে অদ্য আমি ধন্য ও কৃতকৃত্য হইলাম। বৈষ্ণবদর্শন হরিদর্শনবৎ দুরাপ সন্দেহ নাই।২৫২। আমি মেরু-মন্দর-সদৃশ রাশি রাশি পুণ্যসঞ্চয় করিয়াছি সন্দেহ নাই, সেই হেতুই মহাত্মা বৈষ্ণবের দর্শন লাভ হইল।২৫৩। দশমস্কন্ধে গর্গ ঋষির প্রতি নন্দোক্তি আছে, হে প্রভো! গৃহী জনের কল্যাণবিধানার্থই মহজ্জনেরা নিজাশ্রম হইতে স্থানান্তরে গমন করেন, স্বার্থের জন্য নহে; গৃহীরা অতীব কৃপণ, মুহূর্ত্তের জন্যও গৃহত্যাগে সমর্থ নহে, মহাপুরুষগণ কৃপা পূর্ব্বক নিজে তাঁহাদের আলয়ে আগমন করত দর্শন দিয়া থাকেন। হে ভগবন্! ইহা ভিন্ন গৃহীর

চতুর্থস্কন্ধে সনকাদীন্ প্রতি পৃথুমহারাজস্য।—

অহো আচরিতং কিং মে মঙ্গলং মঙ্গলায়নাঃ। যস্য বো দর্শনং হ্যাসীদ্দুর্দ্দর্শানাং চ যোগিভিঃ ॥২৫৫

অধনা অপি তে ধন্যাঃ সাধবো গৃহমেধিনঃ। যদ্গৃহা হ্যর্হবর্য্যাম্বুতৃণভূমীশ্বরাবরাঃ॥ ২৫৬॥

কচ্চিন্নঃ কুশলং নাথা ইন্দ্রিয়ার্থার্থবেদিনাম্। ব্যসনাবাপ এতস্মিন্ পতিতানাং স্বকর্ম্মভিঃ ॥ ২৫৭ ॥

ভবৎসু কুশলং প্রশ্ন আত্মারামেষু নেষ্যতে। কুশলাকুশলা যত্র ন সন্তি মতিবৃত্তয়ঃ ॥ ২৫৮ ॥

অথ বৈষ্ণবাভিগমনমাহাত্ম্যম্।

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথসংবাদে।—

সম্মুখং ব্রজমানস্য বৈষ্ণবানাং নরাধিপ। পদে পদে যজ্ঞফলং প্রাহুঃ পৌরাণিকা দ্বিজাঃ ॥২৫৯॥

ক্বচিৎ কদাচিদপি অন্যথা পূজালাভাদ্যর্থমিত্যর্থঃ ॥ ২৫৪ ॥ মঙ্গলময়নং যেষাং হে মঙ্গলায়নাঃ। ময়া কিং মঙ্গলমাচরিতং যস্য মে। যোগিভিরপি দুর্দ্দর্শানাং ॥ ১৫৫॥ যেষাং সাধূনাং গৃহাঃ অর্হাণাং পূজ্যানাং বর্য্যা বরণীয়াঃ স্বীকারার্হাঃ, চর্য্যেতি পাঠে আচরণযোগ্যাঃ অম্ব্বাদয়ো যেষু তাদৃশাঃ। অম্বু চ তৃণঞ্চ ভূমিশ্চ ঈশ্বরো গৃহস্বামী চ অবরাশ্চ ভৃত্যাদয়ঃ॥ ২৫৬॥ হে নাথাঃ। কচ্চিদিতি প্রশ্নে। ইন্দ্রিয়ার্থং বিষয়মেব অর্থং পুরুষার্থং যে বিদন্তি তেষাং নঃ। ব্যসনানি উপ্যন্তে যস্মিন্ সংসারে ॥ ২৫৭ ॥ নমু ভাগবতানামেব কুশলং পৃচ্ছ্যতে ন ত্বাত্মনস্তত্রাহ ভবৎস্বিতি। কুশলা অকুশলাশ্চ মতের্বৃত্তয়োঽপি যেষাং ন সন্তি ॥ ২৫৮॥ এবং বৈষ্ণবানামভিগমনং সম্মাননং স্তুতিঞ্চ লিখিত্বা ইদানীং তত্তন্মাহাত্ম্যং লিখতি সংমুখমিত্যাদিনা নরা ইত্যন্তেন ॥ ২৫৯ ॥

আলয়ে মহাপুরুষগণের উপস্থিতির কারণান্তর লক্ষিত হয় না। ২৫৪। চতুর্থস্কন্ধে সনকাদির প্রতি পৃথুক্তি আছে, অহো! মহাপুরুষগণ! আপনারা মঙ্গলায়ন, আপনাদিগের দর্শন-যোগিজনেরও দুষ্প্রাপ্য; সুতরাং আমি এমন কি মঙ্গলাচরণ করিয়াছি যে, আপনাদের দর্শন লাভ করিলাম? ২৫৫। অহো! পূজ্যগণ যাঁহাদিগের ভবনে গমন পূর্ব্বক বারি, তৃণ, ভূমি, গৃহস্বামী ও ভৃত্যগণকে স্বীকার করেন, নির্ধন হইলেও সেই গৃহী ধন্যবাদার্হ সন্দেহ নাই। ২৫৬। হে প্রভুসকল! আমরা নিজ নিজ কর্ম্মফলে নিখিল ব্যসনের বপনক্ষেত্রস্বরূপ এই সংসারে পতিত হইয়া ইন্দ্রিয়গ্রামের রূপরসাদি বিষয়-সুখকেই পরমপুরুষার্থ জ্ঞান করি; সুতরাং আমাদিগের মঙ্গল কোথায়? ২৫৭। হে মহাপুরুষগণ! আপনারা মদ্গৃহে অভ্যাগত, অভ্যাগতের কুশল জিজ্ঞাসাই গৃহীর কর্ত্তব্য, নিজকল্যাণ জিজ্ঞাসা অবিধেয়, ইহা সত্য বটে, কিন্তু আপনারা আত্মারাম, আত্মাতেই আপনাদিগের রতি, সুতরাং কুশলাকুশল প্রশ্ন নিষ্প্রয়োজন। ২৫৮।

অতঃপর বৈষ্ণবসমীপে গমন-মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে লিখিত আছে, হে নৃপ! পৌরাণিক দ্বিজাতিগণ কর্ত্তৃক উক্ত হইয়াছে যে, যাঁহারা বৈষ্ণবজনের পুরোভাগে উপস্থিত হন, পদে পদে তাঁহাদিগের যজ্ঞলাভ হয়। ২৫৯।

তত্রৈব।— অথ বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যম্।

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যঃ প্রশংসতি বৈষ্ণবম্। ব্রহ্মহা মদ্যপঃ স্তেয়ী গুরুগামী সদা নৃণাম্।
মুচ্যতে পাতকাৎ সদ্যো বিষ্ণুরাহ নৃপোত্তম॥ ২৬০॥

কিঞ্চ।—

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যে প্রশংসন্তি বৈষ্ণবম্। প্রসাদাদ্বাসুদেবস্য তে তরন্তি ভবার্ণবম্॥২৬১

অথ শ্রীবৈষ্ণবসম্মাননমাহাত্ম্যম্।

তত্রৈবামৃতসারোদ্ধারে।—

শ্রদ্ধয়া দত্তমন্নঞ্চ বৈষ্ণবাগ্নিষু জীর্য্যতি। তদন্নং মেরুণা তুল্যং ভবতে চ দিনে দিনে॥
দৈবে পৈত্রে চ যো দদ্যাৎ বারিমাত্রন্তু বৈষ্ণবে। সপ্তোদধিসমং ভূত্বা পিতৄণামুপতিষ্ঠতি॥
বিষ্ণুধর্ম্মে।—কিং দানৈঃ কিং তপোভির্বা যজ্ঞৈশ্চ বিবিধৈঃ কৃতৈঃ।
সর্ব্বং সম্পদ্যতে পুংসাং বিষ্ণুভক্তাভিপূজনাৎ॥
পূজয়েৎ বৈষ্ণবানেতান্ প্রযত্নেন বিচক্ষণঃ। স্বশক্ত্যা বৈষ্ণবেভ্যো যদ্দত্তং স্যাদক্ষয়ং ভবেৎ॥
বৃহন্নারদীয়ে যজ্ঞমাল্যুপাখ্যানান্তে।—
হরিভক্তিরতান্ যস্তু হরিবুদ্ধ্যা প্রপূজয়েৎ। তস্য তুষ্যন্তি বিপ্রেন্দ্রা ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ॥ ২৬২॥
হরিপূজারতানাঞ্চ হরিনামরতাত্মনাম্। শুশ্রূষাভিরতা যান্তি পাপিনোঽপি পরাং গতিম্॥

গুরুগামী গুরুতল্পগঃ। নৃণাং মধ্যে। নর ইতি পাঠো বা॥ ২৬০॥ যদ্যপি যথালিখনক্রমং বৈষ্ণবসম্মাননমাহাত্ম্যানন্তরমেব বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যং লিখিতুমুপযুজ্যতে, তথাপি প্রথমং স্তুতিস্ততঃ সম্মাননমিত্যপেক্ষয়া তথা সম্মাননমাহাত্ম্যস্য বাহুল্যাচ্চ তস্য পশ্চাল্লিখনং॥ ২৬১॥ সর্ব্বদোষনির্হারকত্বাদ্বৈষ্ণবা এবাগ্নয়স্তেষু জীর্য্যতি, সুখং তৈর্ভুজ্যতে ইত্যর্থঃ। হে

অনন্তর বৈষ্ণবস্তুতি-মাহাত্ম্য।—উক্ত পুরাণেই লিখিত আছে যে, হে নৃপতে! মানবগণের মধ্যে নিরন্তর ব্রহ্মঘাতী, সুরাপায়ী, সুবর্ণস্তেয়ী ও গুরুদারগামী হইলেও সম্মুখে বা পরোক্ষে বৈষ্ণবপ্রশংসাকারী ব্যক্তি আশু পাপ হইতে উত্তীর্ণ হইয়া থাকেন; স্বয়ং বিষ্ণু ইহা কীর্ত্তন করিয়াছেন। ২৬০। আরও লিখিত আছে, প্রত্যক্ষে বা পরোক্ষে বৈষ্ণবের প্রশংসা করিলে হরির প্রসাদে সংসারসাগর হইতে উত্তীর্ণ হওয়া যায়। ২৬১।

অতঃপর বৈষ্ণবসম্মানমাহাত্ম্য কথিত হইতেছে।—উক্ত পুরাণের অমৃতসারোদ্ধার প্রস্তাবে লিখিত আছে, বৈষ্ণবগণের উদরানলে শ্রদ্ধাসহকারে দত্ত অন্ন জীর্ণতা প্রাপ্ত হইলে উহা দিন দিন সুমেরু গিরির সদৃশ হয়। দেবকার্য্যে অথবা পিতৃক্রিয়ায় বৈষ্ণব ব্যক্তিকে জলমাত্র অর্পণ করিলে সেই জল সপ্তসাগরসদৃশ হইয়া পিতৃলোকসমীপে সমাগত হয়। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, দান, তপ ও যজ্ঞানুষ্ঠানে কি ফল? হরিভক্তজনের পূজা করিলে নিখিল সম্পত্তিই প্রাপ্ত হওয়া যায়; সুতরাং সযত্নে বৈষ্ণবগণের অর্চ্চনা করাই সুধী ব্যক্তির কর্ত্তব্য। নিজ সামর্থ্যানুসারে বৈষ্ণবদিগকে যাহা প্রদত্ত হয়, তাহাই অক্ষয় ফলের হেতু হইয়া থাকে।

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যারম্ভে।—

সংসারসাগরং তর্তুং য ইচ্ছেন্মুনিপুঙ্গবাঃ। স ভজেদ্ধরিভক্তানাং ভক্তাংস্তে পাপহারিণঃ॥২৬৩॥

তদন্তে চ।—

যো বিষ্ণুভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ। ত্রিসপ্তকুলসংযুক্তঃ স যাতি হরিমন্দিরম্॥

বিষ্ণুভক্তায় যো দদ্যান্নিষ্কামায় মহাত্মনে। পানীয়ংবা ফলং বাপি স এব ভগবান্ হরিঃ॥

বিষ্ণুপূজাপরাণাস্তু শুশ্রূষাং কুর্ব্বতে হি যে। তে যান্তি বিষ্ণুভবনং ত্রিসপ্তপুরুষান্বিতাঃ॥

দেবপূজাপরো যস্য গৃহে বসতি সর্ব্বদা। তত্রৈব সর্ব্বদেবাশ্চ হরিশ্চৈব শ্রিয়ান্বিতঃ॥ ২৬৪॥

লৈঙ্গে।—নারায়ণপরো বিদ্বান্ যস্যান্নং প্রীতমানসঃ। অশ্নাতি তদ্ধরেরাস্যং গতমন্নং ন সংশয়ঃ॥

স্বার্চ্চনাদপি বিশ্বাত্মা প্রীতো ভবতি মাধবঃ। দৃষ্ট্বা ভাগবতস্যান্নং স ভুঙ্ক্তে ভক্তবৎসলঃ॥২৬৫॥

ব্রাহ্মে শ্রীভগবদ্বাক্যং।—

নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্ট্বৈব স্বীকৃতং ময়া। ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ॥ ২৬৬॥

পাদ্মোত্তরখণ্ডে শ্রীশিবোমাসংবাদে।—

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্। তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্॥ ২৬৭

বিপ্রেন্দ্রাঃ॥ ২৬২॥ তে হরিভক্তভক্তাঃ। পাপং সংসারদুঃখং তদপহারিণঃ॥ ২৬৩॥ দেবঃ শ্রীকৃষ্ণস্তস্য পূজাপরঃ॥ ২৬৪॥ স ভক্তবৎসলো মাধবঃ শ্রীকৃষ্ণঃ॥ ২২৫॥ পুরতঃ শ্রীশালগ্রাম-শিলাদিরূপিণো মমাগ্রতো ন্যস্তমেব সৎ॥ ২৬৬॥ পরং শ্রেষ্ঠং। পরতরং পরমশ্রেষ্ঠং॥ ২৬৭॥

বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞমালীর উপাখ্যানের অন্তে লিখিত আছে, হে দ্বিজসত্তম! বিষ্ণুভক্তিনিষ্ঠ বৈষ্ণবদিগকে হরিজ্ঞানে অর্চ্চনা করিলে বিধি, বিষ্ণু ও হর প্রভৃতি সকলের প্রীতি সাধিত হয়। ২৬২। পাতকী হইলেও বিষ্ণুপূজানিষ্ঠ ও বিষ্ণুনামপরায়ণ বৈষ্ণবগণের সেবাকারীরা-পরমা গতি লাভ করেন। উক্ত পুরাণের যজ্ঞধ্বজোপাখ্যানের প্রথমেই লিখিত আছে, হে তাপসসত্তমগণ! ভবসাগর-তিতীর্ষু ব্যক্তিরা বিষ্ণুভক্তগণের ভক্তদিগকে উপাসনা করুন, তাঁহারা ভবদুঃখহারী। ২৬৩। উক্ত উপাখ্যানের শেষে লিখিত আছে, শ্রদ্ধা সহকারে নিষ্কাম হরিভক্তগণকে ভোজন করাইলে একবিংশতিকুলসহ হরিধামে গতি হয়। নিষ্কাম হরিভক্তকে জল বা ফল দান করিলে সেই দাতাই হরিসদৃশ বলিয়া গণনীয়। হরিভক্তিনিষ্ঠগণের সেবা করিলে একবিংশ পুরুষ সহ হরিধামে গতি হয়। হরিপূজাপরায়ণ বৈষ্ণব নিরন্তর যে ব্যক্তির আলয়ে অধিষ্ঠিত থাকেন, নিখিল দেবতা ও স্বয়ং হরি তথায় শ্রদ্ধাসহকারে অবস্থিতি করেন। ৩৬৪। লিঙ্গপুরাণে লিখিত আছে, হরিপরায়ণ সুধী ব্যক্তি প্রসন্নচিত্তে যে অন্ন সেবন করেন, সেই অন্ন ভগবানের বদনপদ্মগত বুঝিবে সন্দেহ নাই। ভক্তবৎসল জগদাত্মা হরি স্বীয় অর্চ্চনা অপেক্ষাও বৈষ্ণবের অন্ন দর্শনে প্রসন্ন হন এবং তাহা সেবন করেন। ২৬৫। ব্রহ্মপুরাণে ভগ-বানের উক্তি আছে, হে ব্রহ্মন্! মদীয় শালগ্রামাদি মূর্ত্তির সম্মুখে যে অন্ন অর্পিত হয়, আমি দর্শনমাত্র তাহা স্বীকার করিয়া থাকি, কিন্তু ভক্তের রসনাগ্রে রসাস্বাদন করি। পদ্মপুরাণে

অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ। ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ॥
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বৈষ্ণবান্ পূজয়েৎ সদা। সর্ব্বং তরতি দুঃখৌঘং মহাভাগবতার্চ্চনাৎ॥২৬৮॥
একাদশে শ্রীভগবদ্বাক্যং।—বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা॥ ২৬৯॥ মদ্ভক্তপূজা ৭ধিকা॥ ২৭০॥
কিঞ্চ স্কান্দে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথসংবাদে।—

কর্ম্মণা মনসা বাচা যেঽর্চ্চয়ন্তি সদা হরিম্।
তেষাং বাক্যং নরৈঃ কার্য্যং তে হি বিষ্ণুসমা নরাঃ॥ ২৭১॥

ইত্যাদৃতোঽনুশৃণুয়াদ্ভক্তিশাস্ত্রাণি তত্র চ। শ্রীভাগবতমত্রাপি কৃষ্ণলীলাকথাং মুহুঃ॥ ২৭২॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে।—
বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ। ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি॥ ২৭৩

মহৎ যৎ ভাগবতানামর্চ্চনং তস্মাৎ॥ ২৬৮॥ বৈষ্ণবেঽধিষ্ঠানে মৎপূজনঞ্চ তস্মিন্নেব বন্ধুবৎ সংমাননেত্যর্থঃ॥ ২৬৯॥ পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরমিতি প্রতিজ্ঞয়োক্তং মদ্ভক্তেতি। মদ্ভক্তানাং পূজা মত্তোঽপ্যভ্যধিকা বিশেষেণ কার্য্যেত্যর্থঃ॥ ২৭০॥ এবমন্নাদি-সমর্পণেন সম্মাননং লিখিত্বা ইদানীং বাক্যপরিপালনেনাপি সম্মানঃ কার্য্যঃ ইতি লিখতি কর্ম্মণেতি। কায়াদিব্যাপারেণ ত্রিধা সদা যে অর্চ্চয়ন্তি। যদ্বা কর্ম্মাদিনা তেষাং বচঃ কার্য্যমিতি সম্বন্ধঃ॥ ২৭১॥ ইতি এবমাদৃতঃ সন্ ভগবদ্ভক্তিপরাণি শাস্ত্রাণ্যেব অনু নিরন্তরং শৃণুয়াৎ। তত্র ভক্তিশাস্ত্রেষু চ মধ্যে শ্রীভাগবতং বিশেষতোঽনুশৃণুয়াৎ। অত্র শ্রীভাগবতেঽপি কৃষ্ণস্য লীলা-কথাং দশমস্কন্ধাদিসম্বন্ধিনীমনু নিরন্তরং শৃণুয়াদিত্যর্থঃ॥ ২৭২॥ ভক্তিশাস্ত্রাদীনাঞ্চৈষাং প্রত্যেকং মাহাত্ম্যং লিখিষ্যন্নাদৌ সামান্যতো বিষ্ণুভক্তিসম্বন্ধিশাস্ত্রমাহাত্ম্যং লিখতি বৈষ্ণবানিত্যাদিনা সদেত্যন্তেন। পূর্ব্বঞ্চ পূজাঙ্গত্বেন স্বপনে পুরাণপাঠস্য মাহাত্ম্যং লিখিতং, অধুনা চ পূজান-

---

উত্তরখণ্ডে শিবোমাসংবাদে লিখিত আছে, যাবতীয় আরাধনার মধ্যে হরির আরাধনাই প্রধান; কিন্তু তদপেক্ষা বৈষ্ণবের পূজা গরীয়সী। ২৬৭। বৈষ্ণব-পূজা পরিত্যাগ পূর্ব্বক গোবিন্দের অর্চ্চনা করিলেও তাঁহাকে ভগবদ্ভক্ত বলা যায় না, সে দাম্ভিক বলিয়া বিদিত; সুতরাং সর্ব্বদা যত্ন সহকারে বৈষ্ণবের অর্চ্চনা করিবে; কারণ, মহাভাগবতের পূজা নিখিল দুঃখহারিণী। ২৬৮। একাদশস্কন্ধে লিখিত আছে, ভগবান্ বলিয়াছেন, বন্ধু-সৎকৃতি দ্বারা বৈষ্ণবে মদীয় অর্চ্চনা করিবে। মৎপূজনাপেক্ষা মদ্ভক্তের পূজাই গরীয়সী। ২৬৯—২৭০। স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে লিখিত আছে, যাঁহারা কায়মনোবাক্যে নিরন্তর জনার্দ্দনের অর্চ্চনা করেন, সেই সকল ভজনাকারীর বাক্য প্রতিপালন করা মানবগণের কর্ত্তব্য; কেন না, উঁহারা হরির সদৃশ। ২৭১। এইরূপ সমাদৃত হইয়া বৈষ্ণবগণ-সকাশে ভগদ্ভক্তি-প্রধান শাস্ত্রসমূহ আকর্ণন করিবে, ভক্তিশাস্ত্রসমূহের মধ্যে আবার বিশেষরূপে ভাগবত শ্রবণ করিবে এবং ঐ ভাগবতের মধ্যেও আবার দশম স্কন্ধে বর্ণিত শ্রীহরিলীলা সর্ব্বদা শ্রবণ করিবে। ২৭২।

অনন্তর বৈষ্ণবশাস্ত্র-মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে লিখিত

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সর্ব্ববন্দিতাঃ॥
সর্ব্বস্বেনাপি বিপ্রেন্দ্র কর্ত্তব্যঃ শাস্ত্রসংগ্রহঃ। বৈষ্ণবৈস্তু মহাভক্ত্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ॥
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে। তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ॥
পৌরাণং বৈষ্ণবং শ্লোকং শ্লোকার্দ্ধমথবাপি চ। শ্লোকপাদং পঠেদ্‌যস্তু গোসহস্রফলং লভেৎ॥২৭৪
দেবতানামৃষীণাঞ্চ যোগিনামপি দুর্ল্লভম্। বিপ্রেন্দ্র বৈষ্ণবং শাস্ত্রং মনুষ্যাণাঞ্চ কা কথা॥
তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে।—
মম শাস্ত্রাণি যে নিত্যং পূজয়ন্তি পঠন্তি চ। তে নরাঃ কুরুশার্দ্দূল মমাতিথ্যং গতাঃ সদা॥২৭৫॥
মম শাস্ত্রপ্রবক্তারং মম শাস্ত্রানুচিন্তকম্। চিন্তয়ামি ন সন্দেহো নরং তং চাত্মবৎ সদা॥ ২৭৬॥
তত্রৈব।— অথ শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যম্।
জীবিতাদধিকং যেষাং শাস্ত্রং ভাগবতং কলৌ। ন তেষাং ভবতি ক্লেশো যাম্যঃ কল্পশতৈরপি॥
ধারয়ন্তি গৃহে নিত্যং শাস্ত্রং ভাগবতং হি যে। আস্ফোটয়ন্তি বল্গন্তি তেষাং প্রীতাঃ পিতামহাঃ॥২৭৭
যাবদ্দিনানি বিপ্রর্ষে শাস্ত্রং ভাগবতং গৃহে। তাবৎ পিবন্তি পিতরঃ ক্ষীরং সর্পির্ম্মধূদকম্॥

ন্তরং সৎসঙ্গে বৈষ্ণবশাস্ত্রশ্রবণাদীনাং মাহাত্ম্যমিতি ভেদঃ। কিন্তু প্রায়ো দ্বয়োরৈক্যাৎ তত্র লিখিতং মাহাত্ম্যমত্র দ্রষ্টব্যমত্র লিখিতং তত্র চেতি॥ ২৭৩॥ পৌরাণং পুরাণসম্বন্ধিনং। বৈষ্ণবং বিষ্ণুপরং॥ ২৭৪॥ আতিথ্যং অতিথিবৎ পরমাদরণীয়তামিত্যর্থঃ॥ ২৭৫॥ চিন্তয়ামি কদাচিদপি ন বিস্মরামীত্যর্থঃ। যদ্বা তস্য যোগক্ষেমমনুসন্দধে॥ ২৭৬॥ প্রীতাঃ হৃষ্টাঃ সন্তঃ বল্গন্তি নৃত্যাদিকং কুর্ব্বন্তি॥ ২৭৭॥ আহুতেত্যত্র ভকারস্থানে হকারশ্ছান্দসঃ ভূতসংপ্লবো মহাপ্রলয়স্তৎ-

---

আছে, সংসারে বৈষ্ণবশাস্ত্র-শ্রোতা ও বৈষ্ণব-শাস্ত্রাধ্যায়ীরাই ধন্য; হরি নিরন্তর তাঁহাদিগের প্রতি প্রীত থাকেন। ২৭৩। গৃহে বৈষ্ণবশাস্ত্রের অর্চ্চনা করিলে নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া সকলের পূজনীয় হইতে পারে। হে দ্বিজসত্তম! শ্রীহরির প্রীত্যর্থ মহতী ভক্তি সহকারে বৈষ্ণবশাস্ত্র সংগ্রহ করা বৈষ্ণবগণের অবশ্য কর্ত্তব্য। হে দেবর্ষে! লিখিত বৈষ্ণব-শাস্ত্র গৃহে অধিষ্ঠিত থাকিলে সেই গৃহে স্বয়ং হরি বিরাজ করেন। পুরাণ-সম্বন্ধী হরিমাহাত্ম্য-প্রকাশক শ্লোকের একটী, অর্দ্ধাংশ অথবা পাদমাত্রও অধ্যয়ন করিলে গো-সহস্রদানের ফলভাগী হইতে পারে। ২৭৪। হে বিপ্রসত্তম! মানবের কথা দূরে থাকুক, বৈষ্ণবশাস্ত্র ঋষি, দেবতা ও যোগিজনেরও দুষ্প্রাপ্য। উক্ত পুরাণের কৃষ্ণার্জ্জুন-সংবাদে লিখিত আছে, হে কুরুপ্রবীর! সর্ব্বদা মদীয় শাস্ত্র অধ্যয়ন বা শ্রবণ করিলে মৎসম্বন্ধে নিয়ত অতিথিবৎ পূজ্য হইতে পারে। ২৭৫। আমি নিরন্তর মচ্ছাস্ত্রবক্তাকে ও মচ্ছাস্ত্রচিন্তককে আপনার ন্যায় ভাবনা করিয়া থাকি। ২৭৬।

অনন্তর ভাগবত-মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—উক্ত পুরাণেই লিখিত আছে, যে সকল ব্যক্তি কলিকালে ভাগবত শাস্ত্রকে আত্মজীবন অপেক্ষাও অধিক জ্ঞান করেন, শত কল্পেও তাঁহাদিগকে যাম্য যন্ত্রণা ভোগ করিতে হয় না। সর্ব্বদা গৃহাভ্যন্তরে ভাগবতশাস্ত্র বিরাজিত

যেঽর্চ্চয়ন্তি সদা গেহে শাস্ত্রং ভাগবতং নরাঃ । প্রীণিতাস্তৈশ্চ বিবুধা যাবদাহূতসংপ্লবম্ ॥২৭৮
যচ্ছন্তি বৈষ্ণবে ভক্ত্যা শাস্ত্রং ভাগবতং হি যে । কল্পকোটিসহস্রাণি বিষ্ণুলোকে বসন্তি তে ॥
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা বরং ভাগবতং গৃহে । শতশোঽথ সহস্রৈশ্চ কিমন্যৈঃ শাস্ত্রসংগ্রহৈঃ ॥ ২৭৯
ন যস্য তিষ্ঠতে গেহে শাস্ত্রং ভাগবতং কলৌ । ন তস্য পুনরাবৃত্তির্যাম্যাৎ পাশাৎ কদাচন ॥
কথং স বৈষ্ণবো জ্ঞেয়ঃ শাস্ত্রং ভাগবতং কলৌ । গৃহে ন তিষ্ঠতে যস্য স বিপ্রঃ শ্বপচাধমঃ ॥
যত্র যত্র ভবেদ্বিপ্র শাস্ত্রং ভাগবতং কলৌ । তত্র তত্র হরির্যাতি ত্রিদশৈঃ সহ নারদ ॥
তত্র সর্ব্বাণি তীর্থানি নদীনদসরাংসি চ । যত্র ভাগবতং শাস্ত্রং তিষ্ঠতে মুনিসত্তম ॥
তত্র সর্ব্বাণি তীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সুদক্ষিণাঃ । যত্র ভাগবতং শাস্ত্রং পূজিতং তিষ্ঠতে গৃহে ॥
কিঞ্চ ।—নিত্যং ভাগবতং যস্তু পুরাণং পঠতে নরঃ । প্রত্যক্ষরং ভবেত্তস্য কপিলাদানজং ফলম্ ॥

শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা নিত্যং ভাগবতোদ্ভবম্ ।
পঠেৎ শৃণোতি বা ভক্ত্যা গোসহস্রফলং লভেৎ ॥
যঃ পঠেৎ প্রয়তো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে ।
অষ্টাদশপুরাণানাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ২৮০ ॥

পর্য্যন্তং ॥ ২৭৮ ॥ ভাগবতং শ্রীভাগবতীয়মিত্যর্থঃ ॥ ২৭৯ ॥ শ্রীভাগবতসংগ্রহস্য নিত্যতামাহ ন

থাকিলে সেই গৃহীর পিতামহেরা প্রফুল্লমনে আস্ফোটন ও নৃত্য করেন। ২৭৭। হে বিপ্রর্ষে! ভাগবতশাস্ত্র যতসংখ্য দিন গৃহে বিরাজ করে, পিতৃগণ ততসংখ্য বর্ষ ক্ষীর, ঘৃত, মধু ও জল সেবন করিয়া থাকেন। গৃহে ভাগবত শাস্ত্রের পূজা করিলে সুরগণ আপ্রলয় পরিতৃপ্ত থাকেন। ২৭৮। ভক্তিমান্ হইয়া বৈষ্ণবকরে ভাগবত শাস্ত্র অর্পণ করিলে সহস্র কোটিকল্প যাবৎ বিষ্ণুধামে বসতি হয়। ভাগবতের অর্দ্ধশ্লোক অথবা একচরণমাত্রও গৃহে বিরাজিত থাকা শ্রেয়ঃ; তথাপি শত শত সহস্র সহস্র শাস্ত্রান্তর স্থাপনের আবশ্যক নাই। ২৭৯।, কলিযুগে গৃহে ভাগবত শাস্ত্র বিরাজিত না থাকিলে তাহাকে শমনবন্ধন হইতে আর পুনরাগমন করিতে হয় না। কলিকালে গৃহে ভাগবত শাস্ত্র বিরাজিত না থাকিলে সেই দ্বিজাতিকে শ্বপচ অপেক্ষাও নিকৃষ্ট জানিবে, তাহাকে কিরূপে বৈষ্ণব বলিয়া জ্ঞাত হওয়া যাইতে পারে? হে দেবর্ষে! কলিযুগে যথায় যথায় ভাগবতশাস্ত্র বিরাজ করে, স্বয়ং হরি সুরগণ সহ তথায় গমন করেন। হে ঋষিপ্রবর! যথায় ভাগবতশাস্ত্র বিদ্যমান থাকে, তথায় নদ, নদী, সরোবর প্রভৃতি নিখিল তীর্থই বিরাজিত। যে গৃহে ভাগবতশাস্ত্র সম্পূজিত হইয়া বিরাজ করে, তথায় নিখিল তীর্থ ও সদক্ষিণ যজ্ঞ সকল অধিষ্ঠিত হইয়া থাকে। আরও লিখিত আছে, নিত্য ভাগবত-পুরাণ অধ্যয়ন করিলে প্রতি বর্ণে কপিলাদানের ফল প্রাপ্ত হওয়া যায়। প্রত্যহ ভক্তিমান্ হইয়া ভাগবতের শ্লোকার্দ্ধ বা পাদমাত্র অধ্যয়ন অথবা শ্রবণ করিলেও সহস্র গোদানের ফল হইয়া থাকে। হে ঋষে! প্রত্যহ শুদ্ধমনা হইয়া ভাগবতের শ্লোক অধ্যয়ন

তত্রৈব মার্কণ্ডেয়ভগীরথসংবাদে।--

যো হি ভাগবতে শাস্ত্রে বিঘ্নমাচরতে পুমান্। নাভিনন্দতি দুষ্টাত্মা কুলানাং পাতয়েচ্ছতম্॥ ২৮১

পাদ্মে গৌতমাম্বরীষসংবাদে।—

অম্বরীষ শুকপ্রোক্তং নিত্যং ভাগবতং শৃণু। পঠস্ব স্বমুখেনাপি যদীচ্ছসি ভবক্ষয়ম্॥

শ্লোকং ভাগবতং বাপি শ্লোকার্দ্ধং পাদমেব বা। লিখিতং তিষ্ঠতে যস্য গৃহে তস্য সদা হরিঃ।

বসতে নাত্র সন্দেহো দেবদেবো জনার্দ্দনঃ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে।—

শ্রীমদ্ভাগবতং শাস্ত্রং পঠতে কৃষ্ণসন্নিধৌ। কুলকোটিশতৈর্যুক্তঃ ক্রীড়তে যোগিভিঃ সহ॥ ২৮২॥

গারুড়ে।—অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ।

গায়ত্রীভাষ্যরূপোঽসৌ বেদার্থপরিবৃংহিতঃ।

পুরাণানাং সামরূপঃ সাক্ষাদ্ভগবতোদিতঃ। দ্বাদশস্কন্ধযুক্তোঽয়ং শতবিচ্ছেদসংযুতঃ।

গ্রন্থোঽষ্টাদশসাহস্রঃ শ্রীমদ্ভাগবতাভিধঃ॥ ২৮৩॥

তস্মিন্নেব ভাগবতে প্রথমস্কন্ধে।—

ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং

বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনং।

যস্যেতি দ্বাভ্যাং॥ ২৮০॥ বিঘ্নং তৎপাঠাদাবন্তরায়ং। ন চ তদভিনন্দতি যঃ॥ ২৮ ॥ কৃষ্ণসন্নিধৌ ক্রীড়তি। যোগিভিঃ ভক্তিযোগপরৈঃ। যদ্বা কৃষ্ণসংযোগবদ্ভিঃ সহ ক্রীড়তি॥ ২৮২॥ ব্রহ্মসূত্রাণাং বেদান্তসূত্রাণাং পুরাণানাং মধ্যে সামরূপঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। সারেতি বা পাঠঃ। বিচ্ছেদাঃ প্রকরণানি॥ ২৮৩॥ তথা স্বতঃ প্রমাণভূতানাং বেদানাং সর্ব্বাণ্যেব বচনানি

করিলে অষ্টাদশ পুরাণ পাঠের ফলভাগী হওয়া যায়। ২৮০। উক্ত পুরাণে মার্কণ্ডেয়ভগীরথ-সংবাদে লিখিত আছে, ভাগবত অধ্যয়নাদিতে অভিনন্দন না করিয়া বিঘ্নাচরণ করিলে সেই দুরাত্মা স্বীয় শত কুলকে অধোগামী করিয়া দেয়। ২৮১। পদ্মপুরাণে গৌতমাম্বরীষ-সংবাদে লিখিত আছে, হে অম্বরীষ! ভববন্ধচ্ছেদে বাসনা থাকিলে প্রত্যহ শুককথিত ভাগবত শ্রবণ বা নিজমুখে অধ্যয়ন কর, ভাগবতের একটী শ্লোক, শ্লোকার্দ্ধ অথবা পাদমাত্র লিখিত হইয়া যে ব্যক্তির গৃহে বিরাজ করে, দেবদেব হরি নিরন্তর তদীয় ভবনে অধিষ্ঠিত থাকেন। দ্বারকা-মাহাত্ম্যে মার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন সংবাদে লিখিত আছে, শ্রীহরির পুরোভাগে ভাগবত শাস্ত্র অধ্যয়ন করিলে স্বীয়-কোটিকুল সমবেত হইয়া ভক্তিরসিক বৈষ্ণবগণ সমভিব্যাহারে শ্রীহরির সমীপে ক্রীড়া করিতে পারে। ২৮২। গরুড়-পুরাণে লিখিত আছে, শ্রীমদ্ভাগবত বেদান্তসূত্রের অর্থস্বরূপ, ভাগবতের অর্থ-বিনির্ণায়ক, গায়ত্রীর ভাষ্যরূপ, বেদার্থ-বোধক এবং নিখিল পুরাণমধ্যে গরীয়ান্। এই ভাগবত সাক্ষাৎ ভগবান্ কর্ত্তৃক প্রোক্ত, দ্বাদশস্কন্ধ-সমন্বিত, শত প্রকরণযুক্ত এবং অষ্টাদশ সহস্র শ্লোকে নিবদ্ধ। ২৮৩।

শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিংবা পরৈরীশ্বরঃ
সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥ ২৮৪ ॥

প্রমাণভূতানি, তথা সর্ব্ববেদফলস্য শ্রীভাগবতস্য বচনান্যেব স্বয়ং পরমপ্রমাণভূতানীতি তৈরেব তন্মাহাত্ম্যং লিখতি ধর্ম্ম ইত্যাদিভিঃ। তত্র প্রথমং শ্রোতৃপ্রবর্ত্তনায় শ্রীভাগবতস্য কাণ্ডত্রয়-বিষয়েভ্যঃ সর্ব্বশাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যং দর্শয়তি ধর্ম্ম ইতি। অত্র শ্রীমতি সুন্দরে সাক্ষাদ্ভক্তি-সম্পত্তিমতি বা ভাগবতে পরমো ধর্ম্মো নিরূপ্যতে। সাক্ষাদেবাস্তীতি বা। এতৎসেবয়ৈব স স্বতঃ প্রাপ্তঃ স্যাদিতি ভাবঃ। পরমত্বে হেতুঃ। প্রকর্ষেণ উজ্ঝিতং ত্যক্তং কৈতবং ফলাভিসন্ধিলক্ষণং কপটং যস্মিন্ সঃ। প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি নিরস্তঃ, কেবলমীশ্বরারা-ধনলক্ষণো ধর্ম্ম ইত্যর্থঃ। অধিকারিতোঽপি ধর্ম্মস্য পরমত্বমাহ নির্ম্মৎসরাণাং। পরোৎ-কর্ষাসহনং মৎসরঃ তদ্রহিতানাং সতাং ভূতানুকম্পিনাং। যদ্বা পরমত্বহেতুতয়া প্রোজ্-ঝিতকৈতবত্বমেব প্রতিপাদয়তি। মৎসরকারণে বর্ত্তমানেঽপি মৎসরহীনানাং সতাং ভগবদ্ভ-ক্তানামিত্যর্থঃ। কর্ম্মিণাং স্পর্দ্ধাদিহেতুসদ্ভাবেন মৎসরস্বভাবত্বাৎ জ্ঞানিনাঞ্চ কর্ম্মাদিপরি-ত্যাগেন মৎসরকারণাভাবাৎ। ভক্তানান্তু পূজাদিভগবদ্ধর্ম্মপরাণাং কর্ম্মিণামেব মৎসরসম্ভ-বেঽপি ভক্তিস্বভাবেন পরস্পরমাসক্ত্যা ভগবৎকথা-শ্রবণাদিনান্যোন্যং প্রীতিসম্পত্ত্যা মৎসরাদি-দোষানুৎপত্তেঃ। এবং কর্ম্মকাণ্ডবিষয়েভ্যঃ শাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যমুক্তং। জ্ঞানকাণ্ডবিষয়েভ্যো-ঽপি শ্রৈষ্ঠ্যমাহ বেদ্যমিতি। বাস্তবং পরমার্থভূতং বস্তু বেদ্যং। ন তু বৈশেষিকাণামিব দ্রব্যগুণাদিরূপং। যদ্বা বাস্তবশব্দেন বস্তুনোঽংশো জীবঃ বস্তুনঃ শক্তির্ম্মায়া চ বস্তুনঃ কার্য্যং জগচ্চ। তৎসর্ব্বং বস্ত্বেব ন তু ততঃ পৃথগিতি। বেদ্যম্ অযত্নেনৈব জ্ঞাতুং শক্যং। ততঃ কিমত আহ। শিবদং পরমসুখদং। আধ্যাত্মিকাদিতাপত্রয়োন্মূলনঞ্চ। যদ্বা বস্তু সারভূতং ভগবদ্ভক্তিলক্ষণং তস্যাপি বস্তু প্রেম তৎ বেদ্যং প্রাপ্যং। বিদ লাভ ইত্যস্মাৎ। এবং সাধন-সাধকসাধ্যদ্বারা ক্রমেণ শ্রৈষ্ঠ্যং দর্শিতং। কর্ত্তৃতোঽপি শ্রৈষ্ঠ্যমাহ মহামুনিঃ শ্রীনারায়ণস্তেন প্রথমতঃ সংক্ষেপেণ কৃতে। দেবতাকাণ্ডগতং শ্রৈষ্ঠ্যমাহ। পরৈঃ শাস্ত্রৈস্তদুক্তসাধনৈর্ব্বা ঈশ্বরো হৃদি কিং বা সদ্য এব অবরুধ্যতে স্থিরীক্রিয়তে। বাশব্দঃ কটাক্ষে কিন্তু বিলম্বেন কথঞ্চিদেব। অত্র তু শুশ্রূষুভিঃ শ্রোতুমিচ্ছুভিরপি তৎক্ষণাদবরুধ্যতে। যদ্বা অপরৈঃ প্রয়োজনৈর্ব্বর্ণিতৈঃ কিং সদ্যঃ সম্প্রতি স্থিতো য ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ, তদবতারস্যৈব নিরন্তর-বর্ণনে শ্রীভাগবতপ্রবৃত্তেঃ। যদ্বা সদ্যঃ সপদ্যেব হৃদ্যবরুধ্যতে প্রকটসর্ব্বাঙ্গলাবণ্যতত্তল্লীলা-পরিকরপরিবারাদিসহিতঃ সাক্ষাদিব সদানুভূয়ত ইত্যর্থঃ। যদ্বা হৃদি স্থিতো যঃ সোঽবরুধ্যতে সাক্ষান্নিজসমীপং প্রাপ্যতে। কীদৃশঃ সঃ? নির্ব্বক্তুমযোগ্যো যঃ ক্ষণঃ মরণকাল ইত্যর্থঃ, তমপি

উক্ত ভাগবতের প্রথম স্কন্ধে লিখিত আছে যে, মহর্ষি শ্রীনারায়ণ কর্তৃক এই ভাগবত বিরচিত, এই শাস্ত্রে নির্ম্মৎসর সাধুগণের আদরণীয় পরম ধর্ম্ম বিবৃত হইয়াছে, ইহাতে আধ্যাত্মিকাদি ত্রিতাপচ্ছেদক পরমার্থ বস্তু বিদিত হওয়া যায়; সুতরাং অপরাপর শাস্ত্রে বা তত্তল্লিখিত

ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্। উত্তমশ্লোকচরিতং চকার ভগবানৃষিঃ ॥ ২৮৫ ॥
নিঃশ্রেয়সায় লোকস্য ধন্যং স্বস্ত্যয়নং মহৎ। তদিদং গ্রাহয়ামাস সুতমাত্মবতাং বরং।
সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্ ॥ ২৮৬ ॥

নাশয়তীতি তথা সঃ, মরণাদিসংসারদুঃখহন্তেত্যর্থঃ। যদ্বা স অনির্ব্বচনীয়ঃ ক্ষণঃ উৎসবঃ মুক্তিলক্ষণস্তমপি নিজভক্তিমহিম্না নিরস্যতি তথা সঃ। যদ্বা তং প্রসিদ্ধং ক্ষণম্ ইন্দ্রমহম্ অপি শ্রীগোবর্দ্ধনপূজাপ্রবর্ত্তনেন হন্তীতি সঃ। যদ্বা তস্মিন্ শ্রীগোবর্দ্ধনমহোৎসবে তদখিলবলিভক্ষণেনোপচারাত্তমেব অপি ভক্ষয়তীতি তথা সঃ, বলিমাদৎ বৃহদ্বপুরিতি তত্রৈবোক্তেঃ। যদ্বা তাসাং শ্রীগোপীনাং তস্যা বা শ্রীরাধায়াঃ, তন্নামাগ্রহণং গৌরবাদিনা, ক্ষণং গৃহাদ্যশেষোৎসবং বাহ্যমান্তরঞ্চ প্রেমবিশেষবিস্তারণেন প্রায়ো বিরহদুঃখপ্রদানেন বা নাশয়তীতি তথা সঃ। এতচ্চ শ্রীভাগবতামৃতে বিস্তরতো লিখিতমস্তি। এবং সর্ব্বথা শ্রীকৃষ্ণ এবেত্যর্থঃ, শ্রীভাগবতেঽস্মিন্ শ্রীকৃষ্ণস্যৈব নায়কত্বেন প্রাধান্যাৎ। তথা চ। যৎ কৃতঃ কৃষ্ণসংপ্রশ্ন ইত্যত্র শ্রীস্বামিপাদৈর্ব্যাখ্যাতং। যতঃ কৃষ্ণবিষয়ঃ প্রশ্নঃ কৃতঃ সর্ব্বশাস্ত্রসারোদ্ধারপ্রশ্নস্যাপি শ্রীকৃষ্ণে পর্য্যবসানাদিতি অতএব তত্তদুপাখ্যানাদেঃ সর্ব্বস্যাপি শ্রীকৃষ্ণ এব তাৎপর্য্যং সাক্ষাদেব ভাতীতি দিক্। নন্য তর্হি ইদমেব সর্ব্বে কিমিতি ন শৃণ্বন্তি তত্রাহ কৃতিভিঃ। এতচ্ছ্রবণেচ্ছা তু পুণ্যৈর্ব্বিনা নোৎপদ্যেত ইত্যর্থঃ। যদ্বা কৃতিভিঃ পণ্ডিতৈঃ, সদসদ্বিচারাভাবেনাস্য শুশ্রূষানুৎপত্তেঃ। এবং সর্ব্বথা সর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যাদিদমেব নিত্যমবশ্যং শ্রোতব্যমিতি ভাবঃ ॥ ২৮৪ ॥ ইদং পুরাণং ভাগবতং নাম শ্রীভাগবতসংজ্ঞং। যদ্বা নামপুরাণং নামপ্রধানং পুরাণমিদমিত্যর্থঃ, সর্ব্বত্রৈব বিশেষতো ভগবন্নামমাহাত্ম্যপ্রতিপাদনাৎ। ব্রহ্মসম্মিতং সর্ব্ববেদতুল্যং, যদ্বা অষ্টাদশসাহস্রীসংহিতারূপেণ সংমিতং পরিমিতমেব প্রাপ্তং পরব্রহ্মৈব, কৃষ্ণে স্বধামোপগতে ইত্যাদিবক্ষ্যমাণত্বাৎ। উত্তমশ্লোকস্য চরিতং যস্মিন্ তৎ। যদ্বা উত্তমাঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠাঃ উত্তমসো বা তমো অজ্ঞানাদিদুঃখং তন্নিবর্ত্তকাঃ শ্লোকাঃ পদ্যানি চরিতানি চাখ্যানানি যস্মিন্। ভগবানেব ঋষিঃ ব্যাসরূপঃ সন্ চকার নিববন্ধ ॥ ২৮৫ ॥ ধন্যং ধনাবহং। স্বস্ত্যয়নং সর্ব্বমঙ্গলপ্রাপকং। যদ্বা প্রেমধনাবহমত এব সর্ব্বমঙ্গলাশ্রয়ং। কিঞ্চ। মহৎ সর্ব্বোৎকৃষ্টং স্বতঃ পরমফলরূপমেবেত্যর্থঃ। তত্তস্মাদেব হেতোঃ। সুতং শ্রীশুকদেবং। মহত্ত্বমেবাভিব্যঞ্জয়তি সর্ব্বেতি। সারমতিধেয়েষু শ্রেষ্ঠং বীপ্সয়া সর্ব্বং সারমিত্যর্থঃ। সমুদ্ধৃতমিত্যনেন ক্ষীরোদ-

---

অনুষ্ঠানে কি আবশ্যক? পুণ্যশীলগণ এই ভাগবত শ্রবণ-মাত্র তৎক্ষণাৎ হৃদয়াভ্যন্তরে পরাৎপর পরমেশ্বরকে স্থিরীকৃত করিতে সমর্থ হন। ২৮৪। হে তাপসগণ! আমি আপনাদের নিকট এই ভাগবত পুরাণ বর্ণন করিতেছি, ইহা নিখিল বেদের সদৃশ, ইহাতে উত্তমশ্লোক হরির চরিত্র কীর্ত্তিত হইয়াছে, ভগবান্ দ্বৈপায়ন লোকহিতার্থ এই শাস্ত্র বিরচন করেন; সুতরাং এই শাস্ত্র দ্বারা নিখিল পুরুষার্থ সম্পাদিত হয় এবং পরম কল্যাণ লাভ হইয়া থাকে। এই ভাগবত সকলেরই প্রধান। ২৮৫। মহামুনি দ্বৈপায়ন এই ভাগবতে বেদসমূহের ও

কিঞ্চ।—

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ। কলৌ নষ্টদৃশামেষ পুরাণার্কোঽধুনোদিতঃ॥ ২৮৭॥

কিঞ্চ।—

অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে। লোকস্যাজানতো ব্যাসশ্চক্রে সাত্বতসংহিতাম্॥২৮৮॥

যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপূরুষে। ভক্তিরুৎপদ্যতে পুংসঃ শোকমোহভয়াপহা॥ ২৮৯॥

দ্বিতীয়ে শ্রীশুকোক্তৌ।—

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্॥২৯০

মহাসাগরাদমৃতমেবেতি সূচিতং। অত এব আত্মবতাং ধীরাণাং জীবন্মুক্তানাং বা বরং পরমভক্তত্বাৎ। অতএব তং গ্রাহয়ামাস। অন্যথা তস্যাত্র প্রবৃত্ত্যসম্ভবাদিতি দিক্॥ ২৮৬॥ ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি। স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ। ইত্যস্য শ্রীশৌনকাদিপ্রশ্নস্য উত্তরমাহ কৃষ্ণে ইতি। স্বধাম বৈকুণ্ঠমুপগতে সতি। অধুনা কলৌ নষ্টদৃশাং সতাং লোকানাম্ এষ ভাগবতাখ্যঃ পুরাণার্কঃ ধর্ম্মাদিভিঃ সহ উদিতঃ। যথার্কোদয়ে তমোনাশাচ্চক্ষুরিন্দ্রিয়প্রবৃত্ত্যা দৃশ্যং দৃশ্যেত, তথাস্য প্রাকট্যেন সর্ব্বাজ্ঞাননিবৃত্তের্ভক্তিপ্রবৃত্ত্যা শ্রীকৃষ্ণঃ সাক্ষাদিব প্রাপ্যত ইত্যর্থঃ॥ ২৮৭॥ সাক্ষাদেব অনর্থং সংসারং যদ্বা ন অর্থো ভক্তিলক্ষণো যস্মিন্ তং মোক্ষম্ উপশময়তীতি তথা তং। ভক্তিযোগমজানতো লোকস্যার্থে সাত্বতসংহিতাং শ্রীভাগবতাখ্যাং॥ ২৮৮॥ অনর্থোপশমং দর্শয়তি যস্যামিতি। শ্রূয়মাণায়ামেব কিং পুনঃ শ্রুতায়ামিত্যর্থঃ। পরমপূরুষে পুরুষোত্তমে। ভক্তিঃ পুরুষোত্তমবিষয়কভাববিশেষঃ। পুংসঃ যস্য কস্যচিজ্জনস্যেত্যর্থঃ। শোকঃ সংসারিত্বাদিনানুতাপঃ, মোহস্তন্মূলমজ্ঞানং, ভয়ং সংসারঃ, তান্যপহন্তীতি তথা সা। যদ্বা শোকঃ ভগবদপ্রাপ্ত্যানুতাপঃ, মোহঃ গৃহাদ্যাসক্তিঃ, ভয়ং লোকাদিভ্যঃ, তান্যপহন্তীতি তথা সা। এতচ্চানর্থোপশমতারূপমানুষঙ্গিককলং দর্শিতং॥ ২৮৯॥ ব্রহ্মানন্দপরিনিষ্ঠিতস্য শ্রীবাদরায়ণেরেতদধ্যয়নে প্রবৃত্ত্যাঃ পরমফলত্বং দর্শয়ন্ তদ্বচনেনৈব লিখতি পরিনিষ্ঠিত ইতি। গৃহীতচেতা আকৃষ্টচিত্তঃ। আখ্যানং শ্রীভাগবতরূপং॥ ২৯০॥

ইতিহাসের সারাংশ উদ্ধার পূর্ব্বক স্বপুত্র ধীরপ্রবর মহামতি শুকদেবকে উপদেশ প্রদান করিয়াছেন। ২৮৬। আরও লিখিত আছে, শ্রীকৃষ্ণ ধর্ম্মজ্ঞানাদি সমভিব্যাহারে নিজধামে গমন করিলে কলিকালে যাবতীয় লোকেরই নেত্র অজ্ঞানান্ধকারে সমাচ্ছন্ন ছিল, তৎকালেই এই পুরাণরূপ ভাস্কর সমুদিত হইয়াছে। ২৮৭। আরও লিখিত আছে, অধোক্ষজ শ্রীকৃষ্ণে সাক্ষাৎ ভক্তিযোগ বিধান করিলে যে অনর্থ বিদূরিত হয়, তাহাও প্রত্যক্ষ হইল। এই সকল নিজে দর্শন পূর্ব্বক অবিবেকী জনগণের হিতার্থ এই ভাগবতরূপ সাত্বতসংহিতা প্রণয়ন করিলেন। ২৮৮। যে ব্যক্তি এই সংহিতা শ্রবণ করেন, শ্রীহরির প্রতি তাঁহার শোক-মোহ-ভয়-হারিণী ভক্তির উদয় হয়। ২৮৯। দ্বিতীয় স্কন্ধে শুকোক্তি আছে যে, হে নৃপতে! নির্গুণ ব্রহ্মে পরিনিষ্ঠিত থাকিলেও উত্তমশ্লোক শ্রীহরির লীলা মদীয় মানস যেন আকর্ষণ করিয়াছিল,

তদহং তেঽভিধাস্যামি মহাপৌরুষিকো ভবান্। যস্য শ্রদ্দধতামাশু স্যান্মুকুন্দে মতিঃ সতী॥২৯১॥

দ্বাদশে চ।—

রাজন্তে তাবদন্যানি পুরাণানি সতাং গণে। যাবদ্ভাগবতং নৈব শ্রূয়তেঽমৃতসাগরঃ॥ ২৯২ ॥

সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে। তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ কচিৎ॥

নিম্নগানাং যথা গঙ্গা দেবানামচ্যুতো যথা। বৈষ্ণবানাং যথা শম্ভুঃ পুরাণানামিদং তথা ॥ ২৯৩ ॥

শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ম্, যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে। যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতম্, তচ্ছৃণ্বন্ বিপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ॥

অতএবোক্তং।—নিগমকল্পতরোর্গলিতং ফলম্, শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।

পিবত ভাগবতং রসমালয়ং, মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ॥ ২৯৪ ॥

মহাপুরুষো ভগবান্ শ্রীকৃষ্ণস্তদীয়ঃ। এবং বৈষ্ণবেষেব শ্রীভাগবতমভিধেয়মিত্যুক্তং। যস্য যস্মিন্ শ্রদ্ধাং কুর্ব্বতামপি। সতী অহৈতুকী মতিঃ প্রেমেত্যর্থঃ॥ ২৯১ ॥ অমৃতং ভগবদ্ভক্তি-রসঃ তস্য সাগরঃ ॥২৯২ ॥ তদ্রসঃ তস্যাস্বাদনং তৎপ্রীতির্ব্বা স এবামৃতং তেন তৃপ্তস্য। অন্যত্র বেদান্তাদৌ ॥ ২৯৩ ॥ বৈষ্ণবানাং প্রিয়ত্বে হেতুমাহ যস্মিন্নিত্যাদিনা। পরমহংসৈঃ প্রাপ্যং। যদ্বা পরমহংসানামপি হিতং পরং জ্ঞানং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিবিষয়ং। অতোঽমলং সর্ব্বমল-নিবর্ত্তকং। অতএব শ্রীভাগবতে ব্যাখ্যাতং ;—আদৌ জ্ঞানং তত্তত্তত্ত্ববেদনং, ততো বিরাগঃ বিষয়াদিবৈরাগ্যং, ততো ভক্তিশ্চ শ্রবণাদিলক্ষণা তৎসহিতং নৈষ্কর্ম্ম্যং নিষ্কর্ম্মাণো ভগবদ্ভক্তাস্তৈঃ প্রাপ্যং ভগবৎপ্রেম আবিষ্কৃতং সাক্ষাদিব দর্শিতং। এতচ্ছ্রবণাদিপ্রবৃত্ত্যা এব স্বতস্তত্তৎসিদ্ধেঃ। তৎ শ্রীমদ্ভাগবতং ভক্ত্যা শৃণ্বন্ বিপঠন্ কীর্ত্তয়ন্ বিচারণপরশ্চ তদর্থং বিচারয়ংশ্চ সন্ নরঃ সর্ব্বো জনঃ বিশেষেণ মুচ্যতে শ্রীবৈকুণ্ঠলোকং প্রাপ্নোতীত্যর্থঃ॥ ২৯৪ ॥ এবং প্রায়ঃ সাধন-রূপত্বমস্য দর্শিতং, অধুনা স্বতঃ পরমফলরূপত্বং দর্শয়ন্ সর্ব্বদা পরমাদরেণেদমেব সেব্যমিতি

তজ্জন্যই এই আখ্যান অধ্যয়ন করিয়াছি। ২৯০। তোমাকে পরম ভগবদ্ভক্ত জানিয়াই ত্বৎসকাশে এই শাস্ত্রের ব্যাখ্যা করিতেছি। ইহার প্রতি শ্রদ্ধাবান্ হইলে ভগবান্ কৃষ্ণে বিমলা বুদ্ধির সঞ্চার হয়। ২৯১। দ্বাদশস্কন্ধে লিখিত আছে, যত দিন সুধাসাগরস্বরূপ এই পুরাণ শ্রবণ করা না যায়, ততদিনই সজ্জন-সমাজে অপরাপর পুরাণের আদর দৃষ্ট হইয়া থাকে। ২৯২। একবার এই সর্ব্ববেদান্তসার ভাগবতের সুধারসে পরিতৃপ্তি জন্মিলে আর কদাচ অন্য কিছুতে অনুরাগ হয় না। নদীমধ্যে গঙ্গার ন্যায়, দেবমধ্যে বিষ্ণুর ন্যায় এবং হরিভক্তমধ্যে মহাদেবের ন্যায় যাবতীয় পুরাণ মধ্যে এই ভাগবতই শ্রেষ্ঠ। ২৯৩। এই বিমল ভাগবত মহাপুরাণ বৈষ্ণব-গণের পরম প্রিয় ; ইহাতে পরমহংসপ্রাপ্য একমাত্র অমল জ্ঞান পরিগীত হইয়াছে এবং জ্ঞান-বিরাগভক্তি-সমন্বিত নৈষ্কর্ম্ম্য আবিষ্কৃত হইয়াছে ; সুতরাং ভক্তিমান্ হইয়া ইহা শ্রবণ, পাঠ ও বিচার করিলে মুক্তিলাভ করা যায়। ২৯৪। অতএব প্রথম স্কন্ধেই কথিত আছে যে, হে রসিকগণ! এই ভাগবত নিখিল পুরুষার্থ-সম্পাদক বেদরূপ কল্পতরুর ফল, ইহা শুকদেবের

কিঞ্চ।—

যঃ স্বানুভাবমখিলশ্রুতিসারমেক-মধ্যাত্মদীপমতিতিতীর্ষতাং তমোঽন্ধম্।
সংসারিণাং করুণয়াহ পুরাণগুহ্যম্, তং ব্যাসসূনুমুপযামি গুরুং মুনীনাম্॥ ২৯৬॥

লিখতি নিগমেতি। নিগমো বেদঃ, স এব কল্পতরুঃ সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ সেবকস্যাভীষ্টপূরকত্বাদ্বা, তস্য ফলমিদং শ্রীভাগবতং নাম। তত্তু বৈকুণ্ঠগতং নারদেনানীয় শ্রীব্যাসায় দত্তং, তেন চ শ্রীশুকমুখে নিহিতং, তচ্চ তন্মুখাদ্ভুবি গলিতং শিষ্যপ্রশিষ্যাদিরূপপল্লবপরম্পরয়া শনৈরখণ্ডমেবাবতীর্ণং ন তুচ্চনিপাতেন স্ফুটিতমিত্যর্থঃ। অতএবামৃতরূপেণ দ্রবেণ সংযুতং। লোকে হি শুকমুখস্পৃষ্টং ফলমমৃতমিব স্বাদু ভবতীতি প্রসিদ্ধং। অত্র তু শুকো মুনিঃ। অমৃতং পরমানন্দঃ স এব দ্রবো রসঃ। রসো বৈ স রসং হ্যেব লব্ধ্বানন্দী ভবতীতি শ্রুতেঃ। যদ্বা দ্রবয়তি জগচ্চিত্তমার্দ্রয়তীতি দ্রবঃ স এব পরমমধুরত্বাদিনা অমৃতরূপঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দবিষয়কপ্রেমেত্যর্থঃ। অতঃ হে রসিকাঃ! তত্রাপি ভাবুকাঃ রসবিশেষভাবনাচতুরাঃ! অহো ভুবি গলিতমিত্যলভ্যলাভোক্তিঃ। ইদং ভাগবতং নাম ফলং মুহুঃ পিবত। নমু ত্বগষ্ট্যাদিকং বিহায় ফলাদ্রসঃ পীয়তে কথং ফলমেব পাতব্যং তত্রাহ রসং রসরূপং অতস্ত্বগষ্ট্যাদেহেঁয়াংশস্যাভাবাৎ ফলমেব কৃৎস্নং পিবত। অত্র চ রসতাদাত্ম্যবিবক্ষয়া রসবত্ত্বস্যাবিবক্ষিতত্বাৎ অগুণবচনেঽপি রসশব্দে মতুপঃ প্রাপ্ত্যভাবাৎ তেন বিনৈব রসং ফলমিতি সামানাধিকরণ্যং। অত্র ফলমিত্যুক্তে পানাসম্ভবো হেয়াংশপ্রসক্তিশ্চ ভবেদিতি তন্নিবৃত্ত্যর্থং রসমিত্যুক্তং, রসমিত্যুক্তেঽপি গলিতস্য রসস্য পাতুমশক্যত্বাৎ ফলমিত্যুক্তমিতি দ্রষ্টব্যং। ন চ ভাগবতামৃতপানং মোক্ষেঽপি ত্যাজ্যমিত্যাহ। আলয়ং লয়ো মোক্ষঃ, অভিবিধাবাকারঃ, লয়মভিব্যাপ্য। ন হীদং স্বর্গাদিসুখবৎ মুক্তৈরুপেক্ষ্যং কিন্তু সেব্যমেবেত্যর্থঃ। বক্ষ্যতি হি আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে ইত্যাদি॥ ২৯৫॥ এবং শ্রীভাগবতস্যাসাধারণমাহাত্ম্যমেব দর্শয়ন্ তচ্চোপসংহরন্ ভক্ত্যা তত্র প্রবক্তারং শ্রীব্যাসনন্দনমাশ্রয়তি য ইতি। অন্ধং গাঢ়ন্তমঃ সংসারাখ্যং মায়াখ্যং বা। অত্যন্তং সম্যক্তয়া তরিতুমিচ্ছতাং সংসারিণাং জনানাং করুণয়া তদ্বিষয়ককৃপয়া যঃ পুরাণেষু মধ্যে গুহ্যং গোপ্যমাহ। গোপ্যত্বে হেতুত্বেন চত্বারি বিশেষণানি। স্বো নিজঃ অসাধারণঃ অনুভাবঃ প্রভাব ঈশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যত ইত্যাদিরূপো যস্য। অখিলশ্রুতীনাং সারং। একম্ অদ্বিতীয়মনুপমমিত্যর্থঃ। আত্মানং কার্য্যকারণসঙ্ঘমধিকৃত্য বর্ত্তমানমাত্মতত্ত্বমধ্যাত্মং। যদ্বা আত্মানং ভগবন্তং হরিমধিকৃত্য বর্ত্তমানমধ্যাত্মং তৎপ্রসাদৈকলভ্যং তৎপ্রেমেত্যর্থঃ। তস্য দীপং সাক্ষাৎ প্রকাশকং। উপযামি

বদনকমল হইতে স্খলিত হইয়া ধরাতলে অখণ্ডরূপে নিপতিত হইয়াছে; অতএব সুধাদ্রবসমন্বিত রসময় এই ফল আমোক্ষ পুনঃ পুনঃ পান কর। ২৯৫। আরও লিখিত আছে, যিনি ঘোর ভবান্ধতরণেচ্ছু সংসারিগণের প্রতি কৃপা করিয়া এই অসাধারণপ্রভাব, বেদসমূহের সারস্বরূপ, অধ্যাত্মদীপক, গুহ্যপুরাণ বর্ণন করিয়াছেন, সেই ব্যাসতনয় তাপসপ্রবর শুকদেবকে প্রণাম

ভগবদ্ধর্ম্মবক্তারং ভগবচ্ছাস্ত্রবাচকম্। বৈষ্ণবং গুরুবদ্ভক্ত্যা পূজয়েজ্‌জ্ঞানদায়কম্॥ ২৯৭॥

অথ শ্রীভগবচ্ছাস্ত্রবক্তৃমাহাত্ম্যম্।

নারদপঞ্চরাত্রে ঋষীন্ প্রতি শ্রীশাণ্ডিল্যোক্তৌ। —

বৈষ্ণবজ্ঞানবক্তারং যো বিদ্যাদ্বিষ্ণুবদ্গুরুম্। পূজয়েদ্বাঙ্মনঃকায়ৈঃ স শাস্ত্রজ্ঞঃ স বৈষ্ণবঃ॥
শ্লোকপাদস্য বক্তাপি যঃ পূজ্যঃ স সদৈব হি। কিং পুনর্ভগবদ্বিষ্ণোঃ স্বরূপং বিতনোতি যঃ॥২৯৮
কিঞ্চ —নারায়ণঃ পরং ব্রহ্ম তজ্‌জ্ঞানেনাথ গম্যতে। জ্ঞানস্য সাধনং শাস্ত্রং শাস্ত্রঞ্চ গুরুবক্ত্রগম্॥
ব্রহ্মপ্রাপ্তিরতো হেতোর্গুর্ব্বধীনা সদৈব হি। হেতুনানেন বৈ বিপ্রা গুরুর্গুরুতরঃ স্মৃতঃ॥২৯৯
যস্মাদ্দেবো জগন্নাথঃ কৃত্বা মর্ত্ত্যময়ীং তনুং। মগ্নানুদ্ধরতে লোকান্ কারুণ্যাচ্ছাস্ত্রপাণিনা॥ ৩০০
তস্মাদ্ভক্তির্গুরৌ কার্য্যা সংসারভয়ভীরুণা। শাস্ত্রজ্ঞানেন যোঽজ্ঞানং তিমিরং বিনিপাতয়েৎ।
শাস্ত্রং পাপহরং পুণ্যং পবিত্রং ভোগমোক্ষদম্। শান্তিদঞ্চ মহার্থঞ্চ বক্তি যঃ স জগদ্গুরুঃ॥৩০১

শ্রীকৃষ্ণলীলাকথাশ্রবণমাহাত্ম্যং।

তত্র পাপাদিশোধকত্বং।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

তেষাং ক্ষীণং মহৎ পাপং বর্ষকোটিশতোদ্ভবম্। বিপ্রেন্দ্র নাস্তি সন্দেহো যে শৃণ্বন্তি হরেঃ কথাম্॥

শরণং ব্রজামি॥ ২৯৬॥ গুরুর্মন্ত্রোপদেষ্টা তদ্বৎ জ্ঞানস্য ভগবদ্ধর্ম্মাদিবিষয়কস্য দায়কং ভগবচ্ছাস্ত্রবাচনেন। ভগবদ্ধর্ম্মপ্রতিপাদনাৎ॥ ২৯৭॥

স্বরূপং তত্ত্বং তদ্ধর্ম্মাদিমাহাত্ম্যং॥ ২৯৮॥ হে বিপ্রাঃ॥ ২৯৯॥ শাস্ত্রমেব পাণিঃ উদ্ধারহেতুত্বাৎ তেন॥ ৩০০॥ মহানর্থঃ ভক্তিলক্ষণো যস্মাত্তং॥ ৩০১॥

করি। ২৯৬। ভগবদ্ধর্ম্মবক্তা, ভগবচ্ছাস্ত্রবক্তা, জ্ঞানপ্রদ বৈষ্ণবকে ভক্তি সহকারে গুরুবৎ পূজা করা কর্ত্তব্য। ২৯৭।

অনন্তর ভগবচ্ছাস্ত্রবক্তার মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—নারদপঞ্চরাত্রে ঋষিগণের প্রতি শাণ্ডিল্যোক্তি আছে, হরিসম্বন্ধি-জ্ঞানবক্তাকে হরিসদৃশ গুরুরূপে পরিজ্ঞাত থাকিয়া কায়মনোবাক্যে অর্চ্চনা করিলে তাঁহাকে শাস্ত্রবিদ্ ও বৈষ্ণব বলিয়া গণনা করা যায়। যিনি হরির তত্ত্ব অথবা তদ্ধর্ম্ম প্রভৃতি মাহাত্ম্য বিস্তার করেন, তাঁহার কথা দূরে থাকুক, পাদমাত্র শ্লোকবক্তাও নিরন্তর পূজার যোগ্য। ২৯৮। আরও লিখিত আছে, হে দ্বিজগণ! ব্রহ্মজ্ঞানবলে পরব্রহ্ম হরিকে প্রাপ্ত হওয়া দুরূহ। শাস্ত্রই জ্ঞানের সাধন এবং শাস্ত্রও আবার গুরুমুখগত, কাজে কাজেই ব্রহ্মলাভ নিরন্তরই গুরুর অধীন, এই কারণেই গুরু সর্ব্বাপেক্ষা প্রধান বলিয়া পরিকীর্ত্তিত। ২৯৯। ভগবান্ জগৎপতি হরি মানুষী মূর্ত্তি পরিগ্রহ পূর্ব্বক কৃপা সহকারে শাস্ত্ররূপ কর দ্বারা সংসারপতিত জনগণকে পরিত্রাণ করিয়া থাকেন। ৩০০। যিনি শাস্ত্রজ্ঞান দ্বারা অজ্ঞানান্ধকার বিদূরিত করেন, সেই গুরুদেবের প্রতি ভক্তি রাখা ভগবদ্ভক্ত ব্যক্তির অবশ্য কর্ত্তব্য। শাস্ত্র পাপহর, পুণ্য, বিশুদ্ধ, ভোগমোক্ষজনক, শান্তিপ্রদ ও ভক্তিলক্ষণস্বরূপ। এই শাস্ত্রবক্তাই জগৎসংসারের গুরু বলিয়া গণনীয়। ৩০১।

তত্রৈবান্যত্র।—

সর্ব্বাশ্রমাভিগমনং সর্ব্বতীর্থাবগাহনম্। ন তথা পাবনং নৃণাং নারায়ণকথা যথা॥ ৩০২॥

বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজোপাখ্যানারম্ভে।—

অহো হরিকথা লোকে পাপঘ্নী পুণ্যদায়িনী। শৃণ্বতাং ব্রুবতাঞ্চৈব তদ্ভাবানাং বিশেষতঃ॥ ৩০৩॥

প্রথমস্কন্ধে।—

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ। হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাম্॥ ৩০৪॥

একাদশে চ দেবস্তুতৌ।—

শুদ্ধির্নৃণাং ন তু তথেড্য দুরাশয়ানাং, বিদ্যাশ্রুতাধ্যয়নদানতপঃক্রিয়াভিঃ।
সত্ত্বাত্মনামৃষভ তে যশসি প্রবৃদ্ধ-সচ্ছ্রদ্ধয়া শ্রবণসংভৃতয়া যথা স্যাৎ॥ ৩০৫॥

সর্ব্বেষামাশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাম্ অভিগমনং ক্রমেণ তত্তদ্ধর্ম্মানুষ্ঠানং। কথেতি সামান্যতো যদ্যপি কথায়াঃ শ্রবণং কীর্ত্তনাদিকং চোক্তং স্যাৎ, তথাপি শ্রবণানন্তরমেব কীর্ত্তনাদি সম্ভবতীতি আদৌ শ্রবণাপেক্ষা। যদ্বা শ্রবণে সতি স্বতঃ কীর্ত্তনাদি সিধ্যতীতি। কথায়াং শ্রবণস্য প্রাধান্যাভিপ্রায়েণ পদ্যমেতদত্র সংগৃহীতং। কিঞ্চ শৃণ্বতাং ব্রুবতামিত্যাদৌ চ যদ্যপি কীর্ত্তনাদেরপি স্পষ্টং মাহাত্ম্যমুচ্যতে, তথাপি শ্রবণপ্রকরণেঽত্র লিখনাৎ তত্তদত্র দৃষ্টান্তত্বেনোহ্যং। যদি বা তৎ সর্ব্বং স্বতন্ত্রমেব মন্তব্যং, তর্হি এক এব মহাভাগবতো রসিকতয়া কদাচিৎ শ্রোতা যুগপদ্বা শ্রবণাদিকর্ত্তেত্যেবং শ্রবণ-কীর্ত্তনাদি-মিশ্রিত-প্রকরণং শ্রীবিষ্ণুপুরাণলিখিতানুসারেণ পৃথক্ কল্পয়িতব্যং। অত্র চ প্রয়োজনবিশেষাভাবেন গ্রন্থবিস্তরভয়েন চ ন লিখিতমিতি দিক্। এবমন্যদপ্যূহ্যং॥ ৩০২॥ তস্যাং হরিকথায়াং ভাবো ভক্তির্যেষাং তেষাং॥ ৩০৩॥ পুণ্যে শ্রবণকীর্ত্তনে যস্য সঃ। হৃদি যানি অভদ্রাণি কামাদিবাসনাস্তানি। অন্তঃস্থঃ হৃদয়স্থঃ সন্ সতাং কথাশ্রবণাদিপরাণাং সুহৃদ্ধিতকারী। ৩০৪॥ হে ঈড্য! হে

অনন্তর কৃষ্ণলীলাকথাশ্রবণমাহাত্ম্য।—তন্মধ্যে উক্ত লীলাকথার পাতকাদিশোধকত্ব কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, হে বিপ্রসত্তম! হরিকথা শ্রবণ করিলে শতকোটিবর্ষসঞ্চিত মহাপাপও নিঃসন্দেহ লয়প্রাপ্ত হয়। উক্ত পুরাণের অন্যত্র লিখিত আছে যে, শ্রীহরিকথা মানবগণসম্বন্ধে যেমন পবিত্রতা আনয়ন করে, নিখিল আশ্রমধর্ম্মাচরণ অথবা অখিলতীর্থাবগাহন দ্বারাও সেরূপ পবিত্রতার সম্ভাবনা নাই। ৩০২। বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজোপাখ্যানের প্রথমে লিখিত আছে, অহো! একমাত্র শ্রীহরিকথাই সংসারে পাতকবিনাশ ও পুণ্যবর্দ্ধন করে। আবার হরিকথায় ভক্তিমান্ হইয়া শ্রবণ বা কীর্ত্তন করিলে উহা বিশেষরূপে পাতকবিদূরণ ও পুণ্য প্রদান করে সংশয় নাই। ৩০৩। প্রথমস্কন্ধে লিখিত আছে যে, সাধুগণের হিতকারী, পুণ্যশ্রবণকীর্ত্তন ভগবান্ কৃষ্ণ নিজকথা-শ্রবণকারী জনগণের হৃদয়ে অধিষ্ঠিত থাকিয়া তদীয় চিত্তগত যাবতীয় কামাদিবাসনা বিনাশ করিয়া দেন। ৩০৪। একাদশস্কন্ধে দেবস্তুতিতে লিখিত আছে, হে স্তুত্য! হে ঋষভ! ত্বদীয় কীর্ত্তিরাশি

অথ ক্ষুত্তৃড়াদিসর্ব্বদুঃখনিবর্ত্তকত্বম্।

দশমে শ্রীবাদরায়ণিং প্রতি শ্রীপরীক্ষিদুক্তৌ।—

নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি বাধতে। পিবন্তং ত্বন্মুখাম্ভোজচ্যুতং হরিকথামৃতম্॥ ৩০৬॥
স্কান্দে চ তত্রৈব।—

শ্রীপ্রদং বিষ্ণুচরিতং সর্ব্বোপদ্রবনাশনম্। সর্ব্বদুঃখোপশমনং দুষ্টগ্রহনিবারণম্॥

অথ প্রকর্ষেণ সর্ব্বমঙ্গলকারিত্বম্।

তত্রৈব।—শ্রোতব্যং সাধুচরিতং যশোধর্ম্মজয়ার্থিভিঃ। পাপক্ষয়ার্থং দেবর্ষে স্বর্গার্থং ধর্ম্মবুদ্ধিভিঃ॥

আয়ুষ্যমারোগ্যকরং যশস্যং পুণ্যবর্দ্ধনম্। চরিতং বৈষ্ণবং নিত্যং শ্রোতব্যং সাধুবুদ্ধিনা॥

কুটুম্ববৃদ্ধিং বিজয়ং শত্রুনাশং যশো বলম্। করোতি বিষ্ণুচরিতং সর্ব্বকামফলপ্রদম্॥৩০৭

ঋষভ! দুরাশয়ানাং রাগিণাং। বিদ্যাদিভিস্তথা শুদ্ধির্ন ভবতি। অত্র বিদ্যা উপাসনা। শ্রুতং শাস্ত্রং। অধ্যয়নং বেদাভ্যাসঃ। তপঃ স্বধর্ম্মাচরণং। ক্রিয়া যজ্ঞাদয়ঃ। সত্ত্বাত্মনাং সতাং তে যশসি শ্রবণেন সম্ভৃতয়া পরিপুষ্টয়া অতিবৃদ্ধয়া সচ্ছ্রদ্ধয়া উত্তমপ্রীত্যা পরমাদরেণ বা, যদ্বা সতামিব শ্রদ্ধয়া আস্তিক্যমাত্রেণাপি যথা স্যাৎ। যদ্বা শুদ্ধির্ন স্যাদিত্যত্র হেতুঃ দুরাশয়ানাং বিদ্যাদিভিরেব দুষ্টাভিমানবতাং সতামিতি। শুদ্ধিঃ স্যাদিত্যত্র হেতুঃ যশসি প্রবৃদ্ধসচ্ছ্রদ্ধয়ৈব সত্ত্বাত্মনাং শুদ্ধচিত্তানাং সতামিতি। যদ্বা হে সত্ত্বাত্মনামৃষভ! সাত্বতবর্গপ্রভো! দুরাশয়ানামপি যশসি প্রবৃদ্ধ-সচ্ছ্রদ্ধয়া যথা শুদ্ধিঃ স্যাৎ তথা বিদ্যাদিভির্ন স্যাৎ। যদ্বা তথা সত্ত্বাত্মনাং সাত্ত্বিকানামপি বিদ্যাদিভির্ন স্যাৎ ভগবৎকথাশ্রবণাভাবাৎ॥ ৩ ৫॥

এষা ক্ষুৎ অনশনব্রতোত্থা সর্ব্বানর্থমূলভূতা সদ্যোমহার্ত্তিপ্রদত্বেন সর্ব্বৈরনুভূয়মানা বা অন্যেষামতিদুঃসহাপি মাং ত্যক্তোদমপি ন বাধতে ন পীড়য়তি। যদ্বা কায়িকব্যাপারাদিবাধমপি নাচরতি। কুতঃ?—সর্ব্বদুঃখং হরতীতি হরিস্তস্য কথৈবামৃতং তৎ পিবন্তং। তচ্চ ত্বন্মুখাম্ভোজচ্যুতমিতি গুণবিশেষো দর্শিতঃ। হরিকথামৃতপানাভাবে চ সদ্য এব জীবনং ন স্যাদিত্যর্থঃ॥ ৩০৬॥ কিং বহুনোক্তেন, সর্ব্বেষামেব কামানাং বাঞ্ছানাং ফলং প্রকর্ষেণ দদাতীতি তথা তৎ॥ ৩০৭॥

শ্রবণে সংবর্দ্ধিত শ্রদ্ধা দ্বারা সজ্জনগণের যেরূপ চিত্তবিশোধন হয়, কি বিদ্যা, কি অধ্যয়ন, কি দান, কি তপশ্চরণাদি কিছুতেই সেরূপ শুদ্ধির সম্ভাবনা নাই। ৩০৫।

অনন্তর কৃষ্ণলীলাকথা দ্বারা যে ক্ষুধা তৃষ্ণা প্রভৃতি সর্ব্বদুঃখ নিবারণ হয়, তাহাই কথিত হইতেছে।—দশমস্কন্ধে শুকদেবের প্রতি পরীক্ষিতের উক্তি আছে যে, আমি প্রায়োপবেশনের জন্য জলপর্য্যন্তও বিসর্জ্জন দিয়াছি সত্য, কিন্তু ভবদীয় মুখকমলনিঃসৃত কৃষ্ণকথামৃত পান করাতে অসহনীয় ক্ষুধা আমাকে বিন্দুমাত্র কষ্ট দিতেও সক্ষম হইতেছে না। ৩০৬। স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে, হরিচরিত শ্রবণ করিলে সম্পত্তিলাভ হয়, যাবতীয় উপদ্রবের শান্তি হয়, দুঃখরাশি বিদূরিত হইয়া যায় এবং কুগ্রহ বিনষ্ট হইয়া থাকে।

হরিলীলা শ্রবণ যে সম্যক্‌রূপে যাবতীয় মঙ্গলপ্রদ তাহাই কথিত হইতেছে। উক্ত

প্রথমস্কন্ধে।— অথ সর্ব্বসৎকর্ম্মফলত্বম্।

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ। নোৎপাদয়েদ্‌যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥৩০৮॥

অথ শ্রোত্রেন্দ্রিয়সাফল্যকারিত্বম্।

তৃতীয়ে শ্রীবিদুরমৈত্রেয়সংবাদে।—

একান্তলাভং বচসো নু পুংসাং, সুশ্লোকমৌলেগু'ণবাদমাহুঃ।
শ্রুতেশ্চ বিদ্বদ্ভিরুপাকৃতায়াং, কথাসুধায়ামুপসংপ্রয়োগম্ ॥ ৩০৯ ॥

যো ধর্ম্ম ইতি প্রসিদ্ধঃ স যদি বিষ্বক্সেনকথাসু রতিং নোৎপাদয়েৎ, তর্হি স্বনুষ্ঠিতোঽপি সন্ অয়ং শ্রমো জ্ঞেয়ঃ। কথাস্বিতি বহুত্বং গৌরবেণ যাসু কাসুচিদিত্যেতদ্বিবক্ষয়া বা। নমু মোক্ষাদ্যর্থস্য ধর্ম্মস্য শ্রমত্বমস্ত্যেব অত আহ কেবলং বিফলশ্রম ইত্যর্থঃ, ভগবৎ-কথারত্যনুৎপত্ত্যা মোক্ষাসিদ্ধেঃ নিজসাধ্য ভগবৎকথারত্যনুৎপাদনাদ্বা। নন্বস্তি তত্রাপি স্বর্গাদি ফলমিত্যাশঙ্ক্য এবকারেণ নিরাকরোতি। ক্ষয়িষ্ণুত্বান্ন তৎ ফলমিত্যর্থঃ। নন্বক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদিশ্রুতের্ন তৎফলস্য ক্ষয়িষ্ণুত্বমিত্যাশঙ্ক্য হিশব্দেন সাধয়তি তদ্বৎ যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে ইতি তর্কানু-গৃহীতয়া শ্রুত্যা ক্ষয় প্রতিপাদনাৎ। যদ্বা নমু সত্ত্বশুদ্ধিদ্বারা মোক্ষঃ ফলমস্ত তত্রাহ কেবল-মিতি। তথাপি বিফলশ্রম এবেতি ভাবঃ, বৈষ্ণবৈর্ম্মোক্ষস্যাপ্যনাদৃতত্বাৎ। যদ্বা নমু ভক্তি-বিঘ্নরূপবিবিধসংসারদুঃখনিরসনার্থং তেষামপ্যসাবপেক্ষ্যঃ স্যাৎ তত্রাহ এবেতি। তথাপি তস্যাতিতুচ্ছত্বাৎ কেবলং শ্রম এবেতি ভাবঃ। নমু মোক্ষঃ পরমপুরুষার্থো বেদান্তাদৌ প্রসিদ্ধঃ তত্রাহ হীতি। অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষাবিত্যাদিভির্ব্বচনৈর্ম্মোক্ষস্য মায়িকতুল্যতা-প্রাতপাদনাৎ। তচ্চ বিস্তরেণ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে ব্যক্তমেবাস্তি। এবং শ্রীকৃষ্ণ-কথারত্যুৎপাদনমেব সর্ব্বধর্ম্মফলমিতি তাৎপর্য্যং ॥ ৩০৮ ॥

একান্ততো লাভং ফলং নু নিশ্চিতমাহুঃ। শ্রুতেঃ শ্রোত্রস্য চ। উপাকৃতায়াং নিরূপিতায়াং। উপসংপ্রয়োগঃ সন্নিধাবর্পণং ॥ ৩০৯ ॥

পুরাণে লিখিত আছে, হে নারদ! যশোলিপ্সু, ধর্ম্মেচ্ছু, বিজিগীষু এবং পাপ-নাশার্থ ও স্বর্গপ্রাপ্তির জন্য অভিলাষী ধার্ম্মিক ব্যক্তিগণের পক্ষে ভগবচ্চরিত শ্রবণ করা কর্ত্তব্য। সুবুদ্ধি ব্যক্তি পরমায়ুর্ব্বর্দ্ধক, আরোগ্যজনন, যশঃপ্রদ ও পুণ্যবৃদ্ধিকর হরিচরিত সর্ব্বদা শ্রবণ করিবেন। হরিচরিতপ্রসাদে কুটুম্ববৃদ্ধি, বিজয়লাভ, অরিক্ষয়, যশোবর্দ্ধন ও বলবৃদ্ধি হইয়া থাকে এবং উহার দ্বারা যাবতীয় মনোরথ সুসিদ্ধ হয়। ৩০৭।

শ্রীহরির লীলা-শ্রবণ যে নিখিল সৎকর্ম্মের ফলস্বরূপ, অধুনা তাহাই কথিত হইতেছে।— প্রথম স্কন্ধে লিখিত আছে, হরিকথায় অনুরাগ না হইলে সম্যক্ অনুষ্ঠিত ধর্ম্মও কেবল শ্রমমাত্র বলিয়া পরিগণিত হয়। ৩০৮।

হরিকথা যে শ্রবণেন্দ্রিয়ের সফলতা সাধন করে, তাহা বিবৃত হইতেছে।—তৃতীয় স্কন্ধে বিদুরমৈত্রেয়-সংবাদে লিখিত আছে, পুণ্যশ্লোক শ্রীহরির গুণানুবাদই পুরুষগণের বাক্যের

অথ আয়ুঃসাফল্যকারিত্বম্।

দ্বিতীয়ে শৌনকোক্তৌ।—

আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ। তস্যর্ত্তে যৎ ক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া ॥৩১০॥

তৃতীয়ে বিদুরোক্তৌ।— অথ পরমবৈরাগ্যোৎপাদকত্বম্।

সা শ্রদ্দধানস্য বিবর্দ্ধমানা, বিরক্তিমন্যত্র করোতি পুংসঃ।

হরেঃ পদানুস্মৃতিনির্বৃতস্য, সমস্তদুঃখাত্যয়মাশু ধত্তে ॥ ৩১১ ॥

চতুর্থে শ্রীপৃথুচরিতান্তে শ্রীমৈত্রেয়োক্তৌ।—

ছিন্নান্যধীরধিগতাত্মগতির্নিরীহস্তত্তত্যজেঽচ্ছিনদিদং বয়ুনেন যেন।

তাবন্ন যোগগতিভির্যতিরপ্রমত্তো, যাবদ্গদাগ্রজকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥ ৩১২ ॥

অসৌ সূর্য্যঃ উদ্যন্ উদ্গচ্ছন্ অস্তমদর্শনঞ্চ যন্ গচ্ছন্ যৎ যেন ক্ষণো নীতঃ তস্যায়ুর্জীবন-কালম্ ঋতে বর্জ্জয়িত্বা হরতি। এবং শ্রীভগবদ্বার্ত্তারহিতস্য বৃথৈবায়ুর্গচ্ছতি। একদাপি শ্রীভগবৎকথয়া সর্ব্বমেবায়ুঃ সফলং স্যাদিতি ভাবঃ ॥ ৩১০ ॥

সা হরিকথা শ্রদ্দধানস্য প্রীতিং বিশ্বাসং বা কুর্ব্বতঃ, তয়া বিনা তাদৃশবিরক্ত্যসিদ্ধেঃ প্রবৃত্ত্যভাবাচ্চ। যদ্বা আস্তিক্যমাত্রং কুর্ব্বতোঽপি পুংমাত্রস্য। অন্যত্র গ্রাম্যসুখে হরিকথা-ব্যতিরিক্তে বা সর্ব্বত্র। ততঃ কিমত আহ হরেরিতি। হরেঃ পাদয়োরনুস্মৃতিঃ নিরন্তরস্মরণং তয়া নির্বৃতস্য সতঃ। ৩১১। ছিন্না বিনষ্টা অন্যধীঃ দেহাত্মবুদ্ধির্দ্দেবান্তরবিষয়কবুদ্ধির্ব্বা ভক্তি-ব্যতিরিক্তজ্ঞানাদিবিষয়কবুদ্ধির্ব্বা যস্য সঃ। যতঃ অধিগতা অধিকং প্রাপ্তা আত্মগতিঃ আত্মতত্ত্বং শ্রীকৃষ্ণো বা তদ্ভক্তির্ব্বা যেন সঃ। অতএব নিরীহঃ প্রাপ্তাসু সিদ্ধিষপি নিঃস্পৃহঃ দেহাদ্যর্থ-চেষ্টারহিতো বা। কিঞ্চ যেন বয়ুনেন জ্ঞানেন ইদং পূর্ব্বোক্তং সংশয়পদং সংসারবন্ধনং বা

একান্ত ফল বলিয়া নিরূপিত। সুধীগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট তদীয় কথারূপ অমৃতে যে শ্রবণেন্দ্রিয়ের সন্নিকর্ষ, তাহাই শ্রুতিযুগলের সার্থকতা বলিয়া নিরূপিত। ৩০৯।

শ্রীহরির লীলাশ্রবণ করিলে যে পরমায়ু সফল হয়, তাহা কথিত হইতেছে।—দ্বিতীয় স্কন্ধে শৌনকোক্তি আছে যে, হে সূত! ভাস্করদেব প্রত্যহ উদিত ও অস্তগত হইয়া মানবগণের পরমায়ু হরণ করিতেছেন, অতএব তুমি উত্তমশ্লোক হরির গুণকথা শ্রবণ করাইয়া আমা-দিগের জীবিতকাল সার্থক কর। ৩১০।

অনন্তর শ্রীহরি-লীলা-শ্রবণের পরম-বৈরাগ্যোৎপাদকতা কথিত হইতেছে।—তৃতীয় স্কন্ধে বিদুরোক্তি আছে, শ্রদ্ধাবান্ হইলে বুদ্ধি ক্রমে ক্রমে সংবর্দ্ধিতা হইয়া গ্রাম্যসুখে বিরাগ জন্মায়, পরে সেই ব্যক্তিকে কৃষ্ণপাদপদ্মের অনুস্মরণে পুলকিত করিয়া অচিরে তাহার নিখিল দুঃখ বিদূরণ করে। ৩১১। চতুর্থস্কন্ধে পৃথু-চরিতে মৈত্রেয়ের উক্তি আছে যে, নরপতি পৃথুর শরীরে আত্মবুদ্ধি থাকিল না, উহা ছিন্ন হইল; ভগবৎস্বরূপ-লাভ নিবন্ধন অণিমাদি সিদ্ধি-সমূহেও তাঁহার বাসনা থাকিল না; কাজে কাজেই যে জ্ঞানবলে অসম্ভাবনাদির আধার-

একাদশে চ শ্রীভগবন্তং প্রত্যুদ্ধববাক্যে।—

তব বিক্রীড়িতং কৃষ্ণ নৃণাং পরমমঙ্গলম্। কর্ণপীযূষমাস্বাদ্য ত্যজন্ত্যন্যস্পৃহাং জনাঃ ॥৩১৩॥

চতুর্থে প্রচেতসঃ প্রতি শ্রীভগবদুক্তৌ।—

গৃহেষ্বাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাম্। মদ্বার্ত্তাযাতযামানাং ন বন্ধায় গৃহা মতাঃ ॥৩১৪॥

স্কান্দে তত্রৈব।—

ধর্ম্মার্থকামমোক্ষাণাং যদিষ্টঞ্চ নৃণামিহ।
তৎ সর্ব্বং লভতে বৎস কথাং শ্রুত্বা হরেঃ সদা॥ ৩১৫ ॥

অচ্ছিন্নং তত্যাজ পৃথুঃ তৎপ্রযত্নাদপ্যুপররামেত্যর্থঃ, ফলে সিদ্ধে সাধনপ্রয়াসানুপপত্তেঃ। তস্মাণিমাদিসিদ্ধিষু চতুর্ব্বিধমোক্ষেষ্বপি নিঃস্পৃহত্বং যুক্তমেবেত্যাহ তাবন্নাপ্রমত্তঃ কিন্তু প্রমত্তো ভবত্যেব। যতির্জ্ঞাননিষ্ঠোঽপি। অতঃ পৃথোঃ শ্রীকৃষ্ণকথারত্যা তত্র তত্র ন লোভো জাত ইত্যর্থঃ॥ ৩১২॥ আস্বাদ্য প্রীত্যা নিশম্য। অন্যস্মিন্ বিষয়ভোগাদৌ মোক্ষেঽপি স্পৃহাং॥ ৩১৩॥

আবিশতাম্ আসক্ত্যা নিবসতামপি। কুশলং মদর্পিতং কর্ম্ম যেষাং। মদ্বার্ত্তয়া যাতো যামঃ কালঃ একপ্রহরমাত্রো বা যেষাং। ন বন্ধায় মতাঃ কিন্তু সংসারবন্ধমোচনায়ৈব মতাঃ সদ্ভিরিত্যর্থঃ॥ ৩১৪॥

বৎস হে নারদ! যদ্বা হরের্ব্বৎসসম্বন্ধিকথাং বৎসপালনলীলাবার্ত্তামিত্যর্থঃ॥ ৩১৫॥ বিবিধং

স্বরূপ হৃদ্‌গ্রন্থি কর্ত্তিত হইল, তাহা বিসর্জ্জন দিলেন। হে বিদুর! এতদবস্থায় পৃথু নৃপতির পক্ষে যোগসিদ্ধি বিষয়ে বাসনাহীন হওয়াই যুক্তিযুক্ত, কেন না, যতদিন দেবদেব হরির কথায় অনুরাগ হইয়া লোভের উৎপত্তি না হয়, তত দিন যোগগতিতে যতি মত্ততারহিত হইতে সমর্থ হয় না। ৩১২। একাদশস্কন্ধে ভগবানের প্রতি উদ্ধবের উক্তি আছে, হে প্রভো! ত্বদীয় বিক্রীড়িত শ্রবণ পীযূষসমান ও পরম কল্যাণকর; মানবগণ উহার আস্বাদ প্রাপ্ত হইলেই অন্যান্য বাসনাকে বিসর্জ্জন দিয়া থাকে। ৩১৩।

শ্রীহরিলীলা শ্রবণ করিলে যে সংসার হইতে পরিত্রাণ লাভ হয়, অধুনা তাহাই বিবৃত হইতেছে।—চতুর্থ স্কন্ধে প্রচেতোগণের প্রতি ভগবানের উক্তি আছে যে, হে রাজকুমারগণ! গৃহ-প্রবেশ করিলে যে আসক্তিমান্ হইতে হয়, ঐ আসক্তি নিবন্ধনই বদ্ধ হইতে পারে, সুতরাং তাহা হইলেই ভক্তির ব্যাঘাত হইল এরূপ বিবেচনা করিও না। হে বৎসগণ! গার্হস্থ্যাশ্রম হইতে বন্ধের উৎপত্তি হয় বটে, কিন্তু গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইয়া কর্ম্ম-সকল মৎপ্রতি সমর্পণ করিলে আর মৎ-কথা-প্রসঙ্গে কালযাপন করিতে বাসনা করিলে সেই গার্হস্থ্য আশ্রম কদাচ বন্ধের হেতুভূত হয় না। ৩১৪।

শ্রীকৃষ্ণ-লীলা শ্রবণ করিলে যে সর্ব্বার্থ প্রাপ্ত হওয়া যায়, অধুনা তাহাই বিবৃত হইতেছে।—স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থলে লিখিত আছে, হে বৎস দেবর্ষে! সংসারমধ্যে ধর্ম্মার্থ-কামমোক্ষেচ্ছু

দ্বাদশে চ শ্রীশুকোক্তৌ।—

সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষোর্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য।
লীলাকথারসনিষেবণমন্তরেণ, পুংসো ভবেদ্বিবিধ-দুঃখদবার্দ্দিতস্য॥ ৩১৬॥

দ্বারকামাহাত্ম্যে।—

নিত্যং কৃষ্ণকথা যস্য প্রাণাদপি গরীয়সী।
ন তস্য দুর্ল্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ॥ ৩১৭॥

দ্বিতীয়স্কন্ধে।—

জ্ঞানং যদা প্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্র-মাত্মপ্রসাদ :উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ, কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ॥৩১৮॥

দশমস্কন্ধে শ্রুতিস্তুতৌ।— অথ মোক্ষাধিকত্বম্।

দুরবগমাত্মতত্ত্বনিগমায় তবাত্ততনোশ্চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্তপরিশ্রমণাঃ।
ন পরিলষন্তি কেচিদপবর্গমপীশ্বর তে,চরণসরোজহংসকুলসঙ্গবিসৃষ্টগৃহাঃ॥ ৩১৯॥

দুঃখমেব দাবানলঃ তেনার্দ্দিতস্য পীড়িতস্য। অত উত্তিতীর্ষোঃ পুংসঃ ভগবতো যা লীলাকথা-স্তাসাং রসস্তন্নিষেবণমন্তরেণ অন্যঃ প্লবঃ উত্তরণসাধনং ন ভবেৎ॥ ২১৬॥ প্রাণাদপি কথা গরীয়সীতি নিজজীবনাদপি কথাশ্রবণাদৌ যস্যাসক্তিরিত্যর্থঃ॥ ২১৭॥ যৎ যাসু কথাসু জ্ঞানং ভবতি। কীদৃশং? আ সর্ব্বতঃ প্রতিনিবৃত্তম্ উপরতং গুণোর্ম্মীণাং রাগাদীনাং চক্রং সমূহো যস্মাৎ। তদ্ধেতুরাত্মনো মনসঃ প্রসাদশ্চ যত্র যাসু। আত্মপ্রসাদহেতুঃ গুণেষু বিষয়েষু অসঙ্গো বৈরাগ্যঞ্চ। উভয়ত্রেতি পাঠে ইহামুত্র চ গুণেষ্বসঙ্গঃ। তত্তদনন্তরং কৈবল্যমিত্যেব সম্মতঃ পন্থা যো ভক্তিযোগঃ স চ ভবতি। নির্বৃতঃ অন্যত্র, শ্রবণসুখেন নির্বৃত ইতি বা॥ ৩১৮॥

ভো ঈশ্বর দুর্ব্বোধং যৎ আত্মনস্তব তত্ত্বং তস্য নিগমায় জ্ঞাপনায় তবাত্ততনোঃ আবিষ্কৃত-মূর্ত্তেঃ। চরিতমেব মহামৃতাব্ধিঃ তস্মিন্ পরিবর্ত্তো বিগাহস্তেন পরিশ্রমণাঃ পরিবর্জ্জনার্থঃ শ্রমণং

মানবগণ কৃষ্ণকথা আকর্ণন করুন, তাহা হইলে ঐ চতুর্ব্বর্গ প্রাপ্ত হইতে পারিবে। ৩১৫। দ্বাদশ স্কন্ধে শ্রীশুকোক্তি আছে, যাঁহারা নানারূপ দুঃখদাবাগ্নিতে ক্লিষ্ট এবং যাঁহারা দুস্পার ভবসাগরের পার-গমনে অভিলাষী, একমাত্র পুরুষপ্রবর শ্রীকৃষ্ণের লীলা-কথারসসেবন ব্যতীত তাঁহাদিগের পক্ষে অন্য উপায় আর নাই। ৩১৬। দ্বারকা-মাহাত্ম্যে লিখিত আছে, যিনি প্রত্যহ শ্রীহরি-কথাকে স্বীয় জীবন অপেক্ষাও অধিক জ্ঞান করেন, ইহলোকে তদীয় দুষ্প্রাপ্য কিছুই দৃষ্ট হয় না। ৩১৭। দ্বিতীয়স্কন্ধে লিখিত আছে, কৃষ্ণকথা শ্রবণ করিতে করিতে রাগাদি প্রশান্ত হয়, চিত্তের প্রফুল্লতা জন্মে, বিষয়-বৈরাগ্যের উৎপত্তি হয়; সুতরাং উহাই কৈবল্য-মার্গরূপ ভক্তিযোগ বলিয়া অভিহিত; অতএব ঐ হরিকথাতে কাহার না রতি সম্ভব? ৩১৮।

অতঃপর হরিলীলা-প্রবণের মোক্ষাধিকত্ব কথিত হইতেছে।—দশম স্কন্ধে শ্রুতিস্তুতিতে

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতি-সংবাদে।—

নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিন্মৎপাদসেবাভিরতা মদীহাঃ।
যেঽন্যোন্যতো ভাগবতাঃ প্রসজ্য, সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥ ৩২০ ॥

অথ বৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্।

দ্বিতীয়ে শ্রীসূতোক্তৌ।—

পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং, কথামৃতং শ্রবণপুটেষু সংভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং, ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্ ॥ ৩২১ ॥

শ্রমঃ গতশ্রমা ইত্যর্থঃ। যদ্বা তৎ পরিশ্রমণমভ্যাসো যেষাং তে। যদ্বা চরিতমহামৃতাব্ধেঃ পরিবর্ত্তান্তরঙ্গান্তেষু পরিশ্রমণাঃ কৃতপরিশীলনাঃ ত্বন্মধুরকথারসসেবিন ইত্যর্থঃ। অপবর্গমপি ন পরিলষন্তি নেচ্ছন্তি কুতোঽন্যৎ। কেচিদিতি এবম্ভূতা ভক্তিরসিকা বিরলা ইতি দর্শয়তি। ন কেবলমন্যন্নেচ্ছন্তি কিন্তু তেনৈব সুখেন পূর্ণাঃ সন্তঃ পূর্ব্বসিদ্ধগৃহাদিসুখমপ্যপেক্ষন্তে ইত্যাহ। তব চরণসরোজে হংসা ইব রমমাণা যে ভক্তাস্তেষাং কুলং তেন সঙ্গস্তেন বিসৃষ্টা গৃহা যৈস্তে তথা। যদ্বা চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্তপরিশ্রমণত্বে হেতুঃ চরণসরোজহংসকুলসঙ্গবিসৃষ্টগৃহা ইতি। অর্থস্তু তথৈব। শ্রুতিশ্চ মুক্তেরপ্যাধিক্যং ভক্তের্দর্শয়তি। যং সর্ব্বে বেদা নমন্তি মুমুক্ষবো ব্রহ্মবাদিনশ্চেতি। ব্যাখ্যাতঞ্চ সর্ব্বজ্ঞৈর্ভাষ্যকৃদ্ভিঃ। মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্ত ইতি ॥৩১৯

মোক্ষাদপি ভক্তের্গরিষ্ঠত্বমেবোপপাদয়তি নৈকাত্মতামিতি। একাত্মতাং সাযুজ্যমোক্ষং। পাদসেবাভিরতত্বমেবাহ। মদীহা মদর্থমেব ঈহাঃ শ্রবণবাগিন্দ্রিয়াদিব্যাপারা যেষাং। তামেবাভিব্যঞ্জয়তি যে ইতি। প্রসজ্য আসক্তিং কৃত্বা পৌরুষাণি বীর্য্যাণি সভাজয়ন্তে শ্রবণকীর্ত্তনাদিনা সংমানয়ন্তি। প্রসজ্যেত্যনেন অন্যোন্যপ্রীতিহেতুঃ পৌরুষসভাজনস্য স্বাভাবিকো রসবিশেষো দর্শিতঃ। অতএব গরিষ্ঠত্বং সিদ্ধমিতি দিক্ ॥ ৩২০ ॥

সতাং জ্ঞানিনামাত্মনঃ আত্মত্বেন প্রকাশমানস্য। যদ্বা সতাং ভক্তানামাত্মনঃ পরমপ্রিয়স্য। শ্রবণপুটেষু সম্ভৃতং পিবন্তীতি সুখমাদরেণ মুহুঃ শৃণ্বন্তীত্যর্থঃ। বিষয়ৈর্বিদূষিতং

লিখিত আছে, হে প্রভো! তুমি দুর্ব্বোধ্য আত্মতত্ত্ব-প্রকাশার্থই মূর্ত্তির আবিষ্কার করিয়াছ, যে সকল ভক্ত ত্বদীয় চরিতরূপ মহাসাগরে বিচরণ করিয়া গতশ্রম হইয়াছেন, তন্মধ্যে কোন কোন ব্যক্তি ত্বদীয় চরণকমলে ক্রীড়াকারী হংসবর্গের ন্যায় তৎ সংসর্গে বিগতশ্রম হইয়া মোক্ষেরও কামনা করেন না।৩১৯। তৃতীয়স্কন্ধে কপিল-দেবহূতি-সংবাদে লিখিত আছে, হে জননি! মচ্চরণসেবনে নিরত, মদর্থে চেষ্টাবান্ ব্যক্তিগণ এবং যে সকল ব্যক্তি পরস্পর সমবেত হইয়া আসক্তিবিশিষ্ট মনে মদীয় বীর্য্য কীর্ত্তনার্থ আদর প্রদর্শন করেন, তাঁহাদিগের মধ্যে অনেকানেক ভাগবত মহাপুরুষেরাও উক্তপ্রকার মোক্ষের কামনা করেন না। ৩২০।

শ্রীকৃষ্ণলীলা শ্রবণ করিলে যে বৈকুণ্ঠ-লোক-প্রাপ্তি হয়, অধুনা তাহাই কথিত হইতেছে।—দ্বিতীয়স্কন্ধে শুকদেবের উক্তি আছে, যাঁহারা শ্রুতিপুটে ভাগবতাত্মস্বরূপ শ্রীহরির কথারূপ

তৃতীয়ে কপিলদেবস্তুতৌ।—

পানেন তে দেব কথাসুধায়াঃ, প্রবৃদ্ধভক্ত্যা বিশদাশয়া যে।
বৈরাগ্যসারং প্রতিলভ্য বোধম্, যথাঞ্জসান্বীয়ুরকুণ্ঠধিষ্ণ্যম্। ৩২২ ॥

স্কান্দে অমৃতসারোদ্ধারে শ্রীযমস্য দূতানুশাসনে।—

যে শৃণ্বন্তি কথাং বিষ্ণোর্যে পঠন্তি হরেঃ কথাম্। কুলাযুতং নাবলোক্যং গতাস্তে ব্রহ্ম শাশ্বতম্॥৩২৩॥
যস্য বিষ্ণুকথালাপৈর্নিত্যং প্রমুদিতং মনঃ। তস্য ন চ্যবতে লক্ষ্মীস্তৎপদঞ্চ করে স্থিতম্॥ ৩২৪ ॥

অথ প্রেমসম্পাদকত্বম্।

দ্বাদশে।—

যস্তূত্তমঃশ্লোকগুণানুবাদঃ, সঙ্গীয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ।
তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণম্, কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ॥ ৩২৫ ॥

অথ শ্রীভগবদ্বশীকারিত্বম্।

স্কান্দে।— যত্র যত্র মহীপাল বৈষ্ণবী বর্ত্ততে কথা। তত্র তত্র হরির্যাতি গৌর্যথা সুতবৎসলা॥

মলিনীকৃতমাশয়ং। যদ্বা বিষয়ৈর্বিদূষিত আশয়ো যস্য তমপি পুনন্তি কিমুতাত্মানং। কিঞ্চ তস্য চরণপদ্মান্তিকং শ্রীবৈকুণ্ঠলোকং ব্রজন্তি॥৩২১॥ বৈরাগ্যং সারঃ বলং যস্য তং। যদ্বা বৈরাগ্যস্য ফলরূপং বোধং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিজ্ঞান যথাবৎ প্রতিলভ্য লব্ধ্বা অঞ্জসা সুখেন অকুণ্ঠধিষ্ণ্যং শ্রীবৈকুণ্ঠলোকম্ অন্বীয়ুঃ প্রাপুঃ॥ ৩২২ ॥ ব্রহ্মস্বরূপং শাশ্বতং নিরপায়পদং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ॥ ৩২৩॥ তস্য বিষ্ণোঃ পদং স্থানং শ্রীবৈকুণ্ঠলোকঃ করে স্থিতং সুলভমিত্যর্থঃ॥ ৩২৪ ॥ তমেব ন তু তদ্ব্যতিরিক্তং শৃণুয়াৎ। নিত্যং প্রত্যহং তত্রাপ্যভীক্ষ্ণং। যদ্বা অভীক্ষ্ণং কৃষ্ণে যা অমলা ভক্তিঃ প্রেমলক্ষণা তামভীপ্সমানঃ। গুণানুবাদশ্রবণেনৈব সা সম্পদ্যেতেত্যর্থঃ॥ ৩২৫ ॥

সুধা স্থাপন পূর্ব্বক তাহা পান করেন, তাঁহাদিগের মন বিষয়দুষ্ট হইলেও তাঁহারা তৎশোধন করত শ্রীহরিপদ লাভ করিয়া থাকেন।৩২১। তৃতীয়স্কন্ধে দেবস্তুতিতে লিখিত আছে, হে দেব! যে সকল ব্যক্তির চিত্ত ত্বৎকথারূপ অমৃত-পান দ্বারা এবং বর্দ্ধনশীলা ভক্তি দ্বারা বিমলতা ধারণ করে, তাঁহারা বৈরাগ্যসার জ্ঞান লাভ পূর্ব্বক বৈকুণ্ঠধামে গমন করেন। ৩২২। স্কন্দ-পুরাণে অমৃত-সারোদ্ধারে দূতগণের প্রতি যমরাজের অনুশাসনে লিখিত আছে, হে দূত-গণ! হরিকথা-শ্রোতা ও হরিকথাধ্যায়িগণের দশ সহস্র কুলের প্রতিও নেত্রপাত করিও না, তাঁহাদিগের সকলেরই বৈকুণ্ঠ লাভ হইয়াছে জানিবে। ৩২৩। হরিকথা আলপন দ্বারা প্রত্যহ যাঁহার মন পুলকিত হয়, কমলা তাঁহাকে কদাচ পরিত্যাগ করেন না, বৈকুণ্ঠধাম তদীয় কর-তলগত সন্দেহ নাই। ৩২৪।

শ্রীহরি-লীলা-শ্রবণের প্রেমসম্পাদকতা কথিত হইতেছে।—দ্বাদশ স্কন্ধে লিখিত আছে, কৃষ্ণের প্রতি অমলা ভক্তি লাভার্থি ব্যক্তির তদীয় গুণকীর্ত্তন পূর্ব্বক স্তুতিবাদ ও প্রত্যহ পুনঃ পুনঃ তদীয় গুণশ্রুতিই পারমার্থিক বলিয়া বিদিত হইবে। ৩২৫।

শ্রীবিষ্ণুধর্ম্মে শ্রীভগবদুক্তৌ স্কান্দে চ শ্রীভগবদর্জ্জুনসংবাদে।—

মৎকথাবাচকং নিত্যং মৎকথাশ্রবণে রতম্। মৎকথাপ্রীতমনসম্ নাহং ত্যক্ষ্যামি তং নরম্॥

দশমস্কন্ধে ব্রহ্মস্তবে।—

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব, জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাম্।

স্থানস্থিতাঃ শ্রুতিগতাং তনু-বাঙ্মনোভির্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্॥ ৩২৬॥

উদপাস্য ঈষদপ্যকৃত্বা। সদ্ভির্মুখরিতাং স্বতএব নিত্যং প্রকটিতাং। যদ্বা সন্তঃ সংযত-বাচোঽপি মুখরিতা যয়া তাং ভবদীয়াং ভবদীয়ানাং বা ভগবদ্ভক্তানামপি বার্ত্তাং। সংস্থান এব স্থিতাঃ। সৎসন্নিধিমাত্রেণ সন্মুখরিতত্বেন বা স্বত এব শ্রুতিগতাং শ্রবণং প্রাপ্তাং। তনু-বাঙ্মনোভির্নমন্তঃ সৎকুর্ব্বন্তঃ যে জীবন্তি কেবলং, ন ত্বন্যং যদ্যপি কুর্ব্বন্তি, তৈঃ প্রায়শস্ত্রি-লোক্যামন্যৈরজিতোঽপি ত্বং জিতঃ প্রাপ্তঃ বশীকৃতো বাসি। যদ্বা শ্রুতিগতাং বেদবর্ত্তিনীং সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাং প্রায়শো নমন্তঃ তদুদ্দেশেন নমনং কুর্ব্বন্তোঽপি। অপ্যর্থে এবকারঃ। প্রায়শ ইতি কদাচিদশক্ত্যাদিনা ন নমন্তোঽপীত্যর্থঃ। জীবন্তি যদ্যপি স্বপ্রাণান্ পোষয়ন্তি। যদ্বা বার্ত্তামুপজীবন্তি তয়া নিজজীবিকাং সাধয়ন্তি। তথাপি হে অজিত! ত্রিলোক্যাং সর্ব্ব-ত্রৈবেত্যর্থঃ। তনুবাঙ্মনোভিঃ কৃত্বা তৈরপি ত্বং জিতোঽসি কিং পুনর্যত্নতঃ সতাং স্থানে গত্বা ভক্ত্যা ত্বৎকথাশ্রবণাদিপরৈরিত্যর্থঃ। তত্র তন্বা জিতত্বং সততবিচিত্রপরি-চর্য্যাদিশক্ত্যা, বাচা চ সততত্বন্নামাদিস্ফূর্ত্ত্যা, মনসা চ সততচিত্তান্তরাবির্ভাবেন। যদ্বা তৈরেব তন্বাদিভিঃ সহ জিতোঽসি। ততশ্চ তন্বা সহ জিতত্বং সততং শ্রীমূর্ত্তেঃ স্ফূর্ত্ত্যাদি। বাচা সহ জিতত্বঞ্চ তেনৈব তৎস্তুত্যাদিকং। মনসা সহ জিতত্বঞ্চ তেনৈব তস্য ধ্যানাদিকমিতি দিক্। অন্যৎ সমানং। এবং জ্ঞানানাদরেণ ভগবৎকথাশ্রবণপরতায়া মাহাত্ম্যং দর্শিতং॥ ৩২৬॥

শ্রীহরিলীলা শ্রবণ দ্বারা যে ভগবান্‌কে বশীকৃত করা যায়, তাহাই বিবৃত হইতেছে।—স্কন্দপুরাণে লিখিত আছে, যেখানে যেখানে হরিকথা কীর্ত্তিত হয়, ভগবান্ হরি সেই সেই স্থলেই সুতবৎসলা ধেনুর ন্যায় গমন করেন। শ্রীবিষ্ণুধর্ম্মে ভগবদুক্তিতে এবং স্কন্দপুরাণে ভগবান্-অর্জ্জুন-সংবাদে বিবৃত আছে যে, প্রত্যহ আমার কথা শ্রবণ করিলে, মৎকথা শ্রবণে অনুরাগী হইলে এবং মৎকথার প্রতি চিত্তপ্রীতি থাকিলে আমি কদাচ সেই ব্যক্তিকে পরি-ত্যাগ করি না। দশমস্কন্ধে ব্রহ্মস্তুতিতে লিখিত আছে, যাহারা জ্ঞানবিষয়ে যত্ন পরিত্যাগ পূর্ব্বক সংস্থানস্থ হইয়া যাহা সাধুসমীপ প্রাপ্তিমাত্র স্বয়ংই শ্রবণ-বিবরে প্রবেশ করে, কায়মনো-বাক্যে সজ্জনগণ কর্ত্তৃক নিত্য প্রকাশিত সেই ত্বদীয় কথা সংস্কার সহকারে আশ্রয় করে, অন্য কর্ম্ম না করিলেও, ত্রিভুবনমধ্যে অপরের অজিত হইলেও তাহারা তোমাকে জয় করে অর্থাৎ তাহারা অনায়াসে তোমাকে প্রাপ্ত হয়।৩২৬।

অথ স্বতঃ পরমপুরুষার্থতা।

তৃতীয়ে শ্রীসনকাদিস্তবে।—

নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং, কিংবান্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়ৈস্তে।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ, কীর্ত্তন্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥ ৩২৭ ॥

চতুর্থে শ্রীভগবন্তং প্রতি সিদ্ধানাং স্তবে।—

অয়ং তে কথামৃষ্টপীযূষনদ্যাং মনোবারণঃ ক্লেশদাবাগ্নিদগ্ধঃ।
তৃষার্ত্তোঽবগাঢ়ো ন সস্মার দাবং, ন নিষ্ক্রামতি ব্রহ্মসম্পন্নবন্নঃ ॥ ৩২৮ ॥

অতএবোক্তং প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদিভিঃ।—

বয়ন্তু ন বিতৃপ্যাম উত্তমঃশ্লোকবিক্রমে। যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে ॥৩২৯॥

আত্যন্তিকং মোক্ষাখ্যমপি তে প্রসাদং বৈকুণ্ঠলোকং বা তে ন বিগণয়ন্তি নাদ্রিয়ন্তে। কিমুত অন্যং ব্রাহ্ম্যাদিপদং। তে তব ভ্রুব উন্নয়ৈঃ উজ্জৃম্ভৈরর্পিতং নিহিতং ভয়ং যস্মিন্। কে তে ?—অঙ্গ ! হে ভগবন্ ! যে ভবতঃ কথায়াঃ রসজ্ঞাঃ। যতঃ কুশলা নিপুণাঃ। যতস্তদঙ্ঘ্র্যেকাশ্রয়াঃ। কথম্ভূতস্য ?—রমণীয়ত্বেন পাবনত্বেন চ কীর্ত্তন্যং কীর্ত্তনার্হং তীর্থঞ্চ যশো যস্য তস্য। এবং কথা-রসজ্ঞানাং বৈকুণ্ঠলোকানাদরেণ কথায়াঃ স্বতঃ পরমফলত্বং সিদ্ধং ॥ ৩২৭ ॥ অয়ং মনোগজঃ ত্বংকথৈব মৃষ্টং শুদ্ধং পরমমধুরং বা পীযূষং তন্ময়ী যা নদী তস্যামবগাঢ়ঃ প্রবিষ্টঃ দাবাগ্নিতুল্যং সংসারতাপং ন স্মরতি স্ম ন চ ততো নির্গচ্ছতি, তস্যৈব স্বতঃ পরমপুরুষার্থত্বাৎ। ব্রহ্মসম্পন্ন-বৎ ব্রহ্মৈক্যপ্রাপ্তো জন ইব ॥ ৩২৮ ॥ এবং লীলাকথাশ্রবণস্য পাপাদিশোধকত্বমারভ্য স্বতঃ পরমপুরুষার্থতান্তং মাহাত্ম্যং যথোত্তরশ্রৈষ্ঠ্যক্রমেণ লিখিত্বা ইদানীং কেষুচিদ্বচনেষু পূর্ব্ববৎ সাক্ষান্মাহাত্ম্যাভিধায়কত্বাভাবেঽপি তাৎপর্য্যেণ তত্রৈব পর্য্যবসানান্মাহাত্ম্যদার্ঢ্যায়ৈব তানি সংগৃহ্লাতি বয়ন্ত্বিত্যাদিনা সেব্যতামিত্যন্তেন। এবমগ্রেঽপ্যন্যত্র বোদ্ধব্যং। যোগযাগাদিষু তৃপ্তাঃ স্ম। উদ্গচ্ছতি তমো যস্মাৎ স উত্তমঃ তথাভূতঃ শ্লোকো যশো যস্য তস্য বিক্রমে তু বিশেষেণ ন তৃপ্যামঃ অলমিতি ন মন্যামহে। অত্র হেতুঃ যদ্বিক্রমং শৃণ্বতাং। যদ্বা অন্যে

অতঃপর শ্রীহরি-লীলা শ্রবণের পরমপুরুষার্থতা বিবৃত হইতেছে।—তৃতীয়স্কন্ধে সনকাদির স্তুতিতে প্রকাশিত আছে, হে ভগবন্ ! ত্বদীয় যশ কীর্ত্তনার্হ ও তীর্থস্বরূপ। যে সমস্ত ভব-চ্চরণাশ্রিত নিপুণ ব্যক্তিরা ভবদীয় কথার রসজ্ঞ, তাঁহাদিগের নিকট ইন্দ্রাদিপদ দূরে থাকুক, ত্বদীয় আত্যন্তিক প্রসাদরূপ মুক্তিপদও গণনীয় নহে। বস্তুতঃ ত্বদীয় ভ্রূভঙ্গমাত্রে দেবেন্দ্রাদি-পদেও ভয় নিহিত হইয়া থাকে। ৩২৭। চতুর্থস্কন্ধে ভগবানের প্রতি সিদ্ধ-সমূহের স্তুতিতে প্রকাশিত আছে, হে প্রভো ! আমাদিগের মনোমাতঙ্গ ক্লেশরূপ দাবাগ্নিতে দগ্ধীভূত ও পিপাসায় কাতর হইয়াছে ; এই কারণ হরিসংকীর্ত্তনরূপ বিশুদ্ধ অমৃত-নদীতে অবগাহন করুক ; কেন না, তাহা হইলেই ভবসন্তাপরূপ দাবাগ্নি সম্যক্ বিস্মরণ হইবে এবং পরব্রহ্ম সহ ঐক্যপ্রাপ্তবৎ হওয়াতে উহা হইতে আর পুনরায় বিনিষ্ক্রান্ত হইবে না। ৩২৮। অতএব প্রথম-

কিঞ্চ।—

কো নাম লোকে রসবিৎ কথায়াং, মহত্তমৈকান্তপরায়ণস্য।
নান্তং গুণানামগুণস্য জগ্মুর্যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ॥ ৩৩০॥

তৃতীয়ে শ্রীবিদুরেণ।—

ক্রীড়ন্ বিধত্তে দ্বিজগোসুরাণাং, ক্ষেমায় কর্ম্মাণ্যবতারভেদৈঃ।
মনো ন তৃপ্যত্যপি শৃণ্বতাং নঃ, সুশ্লোকমৌলেশ্চরিতামৃতানি॥ ৩৩১॥

দশমস্কন্ধে চ শ্রীপরীক্ষিতা।—

ব্রহ্মন্ কৃষ্ণকথাঃ পুণ্যা মাধ্বীর্লোকমলাপহাঃ।
কো নু তৃপ্যেত শৃণুবান্ শ্রুতজ্ঞো নিত্যনূতনাঃ॥ ৩৩২॥

তৃপ্যন্তু নাম বয়ন্তু নেতি তুশব্দস্যান্বয়ঃ। অয়মর্থঃ। ত্রিধা হ্যলং-বুদ্ধির্ভবতি উদরাদিভরণেন বা রসাজ্ঞানেন বা স্বাদবিশেষাভাবাদ্বা। অত্র শৃণ্বতামিত্যনেন শ্রোত্রস্যাকাশত্বাৎ ন ভরণমিত্যুক্তং। রসজ্ঞানামিত্যনেন চ অজ্ঞানতঃ পশুবত্তৃপ্তির্নিরাকৃতা। ইক্ষুভক্ষণবদ্রসান্তরাভাবেন তৃপ্তিং নিরাকরে-তি পদে পদে প্রতিক্ষণং স্বাদুতোঽপি স্বাদ্বিতি॥ ৩২৯॥

রসবিৎ রসজ্ঞঃ মহত্তমানাং শ্রীনারদাদীনামেকান্তং পরময়নমাশ্রয়ো যস্তস্য কথায়াং। অগুণস্য প্রাকৃতগুণরহিতস্য কল্যাণগুণানামন্তং যে যোগেশ্বরাস্তেঽপি ন জগ্মুঃ এতাবন্ত ইতি ন পরিগণয়াঞ্চক্রুঃ। ভবঃ শিবঃ পাদ্মো ব্রহ্মা চ মুখ্যো যেষাস্তে॥৩৩০॥ মৎস্যাদ্যবতারভেদৈঃ ক্রীড়ন্ বিচিত্রাণি কর্ম্মাণি বিধত্তে। সুশ্লোকমৌলেঃ সুশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়স্তেষাং মৌলিরিবাধিক্যেনোপরি বিরাজমানস্তস্য চরিতামৃতানি শৃণ্বতামপি নোঽস্মাকং মনো ন তৃপ্যতি॥ ৩৩১॥ পুণ্যা মহাফলাঃ মাধ্বীঃ শ্রুতিসুখাঃ লোকস্য মলাপহাশ্চ শৃণুবান্ শৃণ্বন্নিত্যর্থঃ। শ্রুতজ্ঞঃ শ্রুতসারবিৎ।

স্কন্ধে শৌনকাদি কর্ত্তৃক উক্ত আছে যে, হে সূত! যাগ-যোগাদিতে আমাদিগের তৃপ্তিলাভ হইয়াছে সত্য, কিন্তু উত্তমঃশ্লোক শ্রীহরির চরিত শ্রবণ করিয়া অদ্যাপি আমাদিগের তৃপ্তির শেষ হইল না, কারণ, উহা শ্রবণ করিতে করিতে রসবিদ্‌গণের পক্ষে পদে পদে স্বাদু বোধ হয়। ৩২৯। আরও লিখিত আছে, যোগীশ্বর শিববিরিঞ্চি প্রভৃতি যাঁহার কল্যাণজনন গুণের পরিসীমা প্রাপ্ত হন নাই, মহাত্মগণের একমাত্র আশ্রয় প্রাকৃতগুণশূন্য সেই ভগবান্ হরির কথাতে কো- রসবিদ্ বিশেষ তৃপ্তি প্রাপ্ত হইতে পারে? ৩৩০। তৃতীয় স্কন্ধে মৈত্রেয়ের প্রতি বিদুরের উক্তি আছে যে, হে দ্বিজ! সেই ভগবান্ মীনাদি অবতারে অবতীর্ণ হইয়া ক্রীড়াপূর্ব্বক গো-দ্বিজদেবহিতার্থ যেরূপে যে যে কার্য্যের অনুষ্ঠান করেন, তাহাও আমাদিগের নিকট কীর্ত্তন করুন্। পুণ্যশ্লোক-শিরোমণি শ্রীহরির চরিতামৃত যতই আকর্ণন করি না কেন, কিছুতেই মনের তৃপ্তির শেষ হইতেছে না। ৩৩১। দশমস্কন্ধে পরীক্ষিতের উক্তি আছে যে, হে ব্রহ্মন্! কৃষ্ণকথা মহাফলদায়িনী, শ্রুতিসুখকরী, লোকদিগের মলনাশিনী এবং নিত্য নূতন নূতনরূপে প্রতীয়মানা; অতএব কোন্ শ্রুতসারজ্ঞ ব্যক্তি উহা শ্রবণ পূর্ব্বক

অতো হি শ্রীপৃথুরাজেন প্রার্থিতম্।—

ন কাময়ে নাথ তদপ্যহং ক্বচিন্ন যত্র যুষ্মচ্চরণাম্বুজাসবঃ।
মহত্তমান্তর্হৃদয়ান্মুখচ্যুতো, বিধৎস্ব কর্ণাযুতমেষ মে বরঃ॥ ৩৩৩

অতএব নিশ্চিত্যোক্তং পাদ্মে বৈশাখমাহাত্ম্যে অম্বরীষং প্রতি শ্রীনারদেন।—

নাতঃ পরং পরমতোষবিশেষতোষম্, পশ্যামি পুণ্যমুচিতঞ্চ পরস্পরেণ।
সন্তঃ প্রসজ্য যদনন্তগুণাননন্তশ্রেয়োবিধীনধিকভাবভুজো ভজন্তি॥ ৩৩৪।

প্রথমস্কন্ধে শ্রীসূতেন।—

যা যাঃ কথা ভগবতঃ কথনীয়োরুকর্ম্মণঃ।
গুণকর্ম্মাশ্রয়াঃ পুম্ভিঃ সংসেব্যাস্তা বুভূষুভিঃ॥ ৩৩৫॥

দশমস্কন্ধশেষে চ শ্রীবাদরায়ণিনা।—

ইত্থং পরস্য নিজধর্ম্মরিরক্ষয়াত্ত-লীলাতনোস্তদনুরূপবিড়ম্বনানি।
কর্ম্মাণি কর্ম্মকষণানি যদূত্তমস্য, শ্রূয়াদমুষ্য পদয়োরনুবৃত্তিমিচ্ছন্॥ ইতি॥ ৩৩৬॥

নিত্যনূতনাঃ প্রতিক্ষণমাশ্চর্য্যবৎ প্রতীয়মানাঃ॥ ৩৩২॥ মহত্তমানামন্তর্হৃদয়ান্মুখদ্বারা নির্গতো যুষ্মাকং তব ত্বদীয়ানাঞ্চ পদাম্ভোজমকরন্দযশঃশ্রবণসুখং যত্র নাস্তি, তৎ কৈবল্যমপি ক্বচিৎ কদাচিদপি ন কাময়ে। তর্হি কিং কাময়সে তদাহ—যশঃশ্রবণায় কর্ণানামযুতং বিধৎস্ব। নন্বু কোঽপ্যেবং ন বৃতবানস্তি কিমন্যচ্চিন্তয়েত্যাহ।—মম তু এষ এব বর ইতি॥ ৩৩৩॥ পরস্পরেণ আসজ্য অন্যোন্যম্ আসক্তিং কৃত্বা অনন্তস্য ভগবতো গুণান্। অধিকভাবভুজঃ ভক্তিবিশেষযুক্তাঃ সন্ত ইত্যর্থঃ॥ ৩৩৪॥ কিং বহুনা, এতাবদেব কর্ত্তব্যমিতি সর্ব্বশাস্ত্রসারং কথয়তি যা যা ইতি। কথনীয়ানি উরূণি কর্ম্মাণি যস্য তস্য। গুণকর্ম্মাশ্রয়া গুণকর্ম্মবিষয়াঃ। বুভূষুভিঃ সদ্ভাবমিচ্ছদ্ভিঃ॥ ৩৩৫॥ ইত্থমুক্তপ্রকারেণ নিজধর্ম্মো ভগবদ্ধর্ম্মঃ তস্য রিরক্ষয়া স্বীকৃতমৎস্য-

---

তৃপ্তির শেষ করিতে পারে? ৩৩২। চতুর্থস্কন্ধে পৃথু রাজার প্রার্থনায় লিখিত আছে, হে নাথ! আমি মোক্ষকামী নহি। মুক্তিপদে সাধু মহাপুরুষগণের মুখপদ্ম দ্বারা হৃদয়মধ্য হইতে ভবচ্চরণাব্জের মকরন্দ লাভের আশা না থাকিলে অর্থাৎ ত্বদীয়-যশঃশ্রুতি প্রভৃতি দ্বারা সুখ-প্রাপ্তির সম্ভব না থাকিলে সেই পদেও আমার কামনা নাই। ভবৎ-সকাশে আমার এইমাত্র প্রার্থনা যে, ত্বদীয় যশঃ শ্রবণার্থ আমাকে দশ সহস্র কর্ণ প্রদান করুন; ইহাই আমার প্রার্থনীয় বর। ৩৩৩। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে দেবর্ষি অম্বরীষকে নিশ্চয় পূর্ব্বক কহিয়াছেন যে, ভাগবতগণ পরস্পর আসক্ত ও ভক্তিবিশেষবান্ হইয়া যে অনন্ত ঈশ্বরের অসীম মঙ্গলপ্রদ গুণরাশির ভজনা করেন, তদপেক্ষা মহাতুষ্টির বিশেষ তোষ-স্বরূপ উচিত পুণ্য আর লক্ষিত হয় না। ৩৩৪। প্রথমস্কন্ধে সূতোক্তিতে প্রকাশিত আছে, হে তাপসগণ! প্রভু শ্রীহরির গুণকর্ম্মাশ্রিত অন্যান্য যে সকল কথা আছে, তাহা শ্রবণ করা বুভূষু (সদ্ভাবকামী) ব্যক্তিমাত্রেরই অবশ্য বিধেয়। ৩৩৫। দশমস্কন্ধের অন্তে

অতঃ কৃষ্ণকথায়াস্তু সত্যামন্যকথাশ্রুতিম্। তদশ্রুতিঞ্চ বৈমুখ্যং তস্যাং তৃপ্তিমপি ত্যজেৎ॥ ৩৩৭॥

অথ শ্রীভগবৎকথাত্যাগাদিদোষঃ।

তৃতীয়স্কন্ধে কপিলদেবহূতিসংবাদে।—

নূনং দৈবেন নিহতা যে চাচ্যুতকথাসুধাং। হিত্বা শৃণ্বন্ত্যসদ্গাথাঃ পুরীষমিব বিড়্ভুজঃ॥ ৩৩৮॥

তত্রৈব শ্রীবৈকুণ্ঠবর্ণনে।—

যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদাচ্ছৃণ্বন্তি যেঽন্যবিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈর্নৃভিরাত্তসারাস্তাংস্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত॥ ৩৩৯॥

কূর্ম্মাদিনানামূর্ত্তেঃ পরমেশ্বরস্য বিশেষতো যদূত্তমস্য সতঃ তদনুরূপানুকারীণি কর্ম্মনিবন্ধননিরসানানি শ্রায়াৎ শৃণুয়াদিত্যর্থঃ। যদ্বা ভবান্ শ্রায়াদিতি শ্রীপরীক্ষিতং প্রতি। যদ্বা সর্ব্বোঽপি জনঃ শ্রায়াদিতি সর্ব্বলোকং প্রতি শ্রীবাদরায়ণেরাশীঃ। এবমপি তাৎপর্য্যং। অনুবৃত্তিং তদেকনিষ্ঠতাং॥ ৩৩৬॥ অতোঽস্মাল্লিখিতাদ্ধেতোঃ। সত্যাং বর্ত্তমানায়াস্তু অন্যকথায়াঃ শ্রুতিং শ্রবণং তথা তস্যাঃ কৃষ্ণকথায়া অশ্রুতিম্ অশ্রবণং তথা তস্যাং কৃষ্ণকথায়াং বৈমুখ্যম্ অশ্রদ্ধয়া বলাত্ততঃ পরাঙ্মুখত্বমিত্যর্থঃ। তৃপ্তিং কিঞ্চিৎ শ্রবণানন্তরং তত্র বিরক্ত্যা অলংবুদ্ধিমপি ত্যজেৎ বর্জ্জয়েৎ॥ ৩৩৭॥

এতদেব ক্রমেণ দর্শয়তি নূনমিত্যাদিনা পশুন্নাদিত্যন্তেন। তত্রাদৌ অন্যকথাশ্রবণদোষং লিখতি নূনমিতি দ্বাভ্যাং। যে তু অচ্যুতস্য কথাসুধাং হিত্বা অসতাং গাথাং শৃণ্বন্তি তে নূনং দৈবেন নিহতাঃ॥ ৩৩৮॥ যং বৈকুণ্ঠং ন ব্রজন্তি। কে? যে কুকথাঃ শৃণ্বন্তি। কাস্তাঃ? অঘং পাপং সংসারদুঃখং বা ভিনত্তি নাশয়তীতি, যদ্বা অঘাসুরং ভিনত্তি মূর্দ্ধ্নি বিদারিতবান্ যঃ সোঽঘভিৎ তস্য শ্রীকৃষ্ণস্য রচনা সৃষ্ট্যাদিলীলা শাদ্বলজেমনাদিক্রীড়া বা তস্য অবাদাৎ কথনাদন্যবিষয়াঃ অর্থকামাদিবার্ত্তা যাগযোগাদ্যাশ্রয়া বা মতিভ্রংশিকাঃ। তেষামব্রজনে হেতুঃ অশরণেষু নিরাশ্রয়েষু। যদ্বা ন কেবলং তেষাং তত্রাব্রজনমাত্রং তাভিশ্চ তেষাং পুণ্যক্ষয়ো দুস্তরনরকপাতশ্চ ভবতীত্যাহ। যাস্তু হতভাগ্যৈরেব নরৈঃ শ্রুতাঃ সত্য-

---

শুকোক্তি আছে যে, যিনি স্বধর্ম্মরক্ষার্থ লীলাবিগ্রহ ধারণ করিয়াছেন, তচ্চরণাব্জের অনুবৃত্তীচ্ছু হইয়া সেই যাদব-প্রবর শ্রীহরির অনুরূপ ক্রিয়া ও আচরণ শ্রবণ করা কর্ত্তব্য। ৩৩৬। সুতরাং হরিকথা কীর্ত্তনকালে অপর বিষয় শ্রবণ, হরিকথা অশ্রবণ, হরিকথায় বিমুখীভাব (হরিকথার কিছু শুনিয়া বিরাগ সহকারে শ্রবণে অনিচ্ছা) এই সমস্ত বিসর্জ্জন করা কর্ত্তব্য। ৩৩৭।

অনন্তর ভগবৎ-কথাত্যাগাদিতে যে দোষ হয়, তাহাই বর্ণিত হইতেছে।—তৃতীয়স্কন্ধে কপিলদেবহূতি-সংবাদে লিখিত আছে, মলভোজী শূকর যেরূপ বিষ্ঠা-সেবনের জন্য অনুরাগ প্রকাশ করে, তদ্রূপ যাহারা হরিকথামৃত বিসর্জ্জন পূর্ব্বক অসদ্গাথা আকর্ণন করে, তাহারা দৈব কর্ত্তৃক হত সন্দেহ নাই। ৩৩৮। ঐ স্কন্ধেই বৈকুণ্ঠবর্ণনপ্রসঙ্গে লিখিত আছে, যাহারা শ্রীহরির সৃষ্টি প্রভৃতি পাপহর লীলাগুণ হইতে পরাঙ্মুখ হইয়া মতিভ্রংশকারিণী অর্থ-

কিঞ্চ স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

বাচ্যমানন্তু যে শাস্ত্রং বৈষ্ণবং পুরুষাধমাঃ। ন শৃণ্বন্তি মুনিশ্রেষ্ঠ তেষাং স্বামী সদা যমঃ॥ ৩৪০॥

ন শৃণ্বন্তি ন হৃষ্যন্তি বৈষ্ণবীং প্রাপ্য যে কথাং। ধনমায়ুর্যশো ধর্ম্মঃ সন্তানশ্চৈব নশ্যতি॥

ন শৃণোতি হরের্যস্তু কথাং পাপপ্রণাশিনীং। অচিরাদেব দেবর্ষে সমূলস্তু বিনশ্যতি॥

দ্বিতীয়স্কন্ধে শ্রীশৌনকোক্তৌ।—

বিলে বতোরুক্রমবিক্রমান্ যে, ন শৃণ্বতঃ কর্ণপুটে নরস্য।

জিহ্বাঽসতী দার্দুরিকেব সূত, ন যোপগায়ত্যুরুগায়গাথাঃ॥ ৩৪১॥

তৃতীয়ে শ্রীব্রহ্মস্তুতৌ।—

দৈবেন তে হতধিয়ো ভবতঃ প্রসঙ্গাৎ, সর্ব্বাশুভোপশমনাদ্বিমুখেন্দ্রিয়া যে।

কুর্ব্বন্তি কামসুখলেশলবায় দীনা, লোভাভিভূতমনসোঽকুশলানি শশ্বৎ॥ ৩৪২॥

স্তাংস্তান্ শ্রোতৃন্ অশরণেষু নিরাশ্রয়েষু তমঃস্থ নরকেষু ক্ষিপন্তি। হন্ত খেদে। কথম্ভূতাঃ? —আত্তং সারং শ্রোতৃণাং পুণ্যং যাভিস্তাঃ॥ ৩৩৯॥ অথাশ্রবণদোষং লিখতি বাচ্যমানন্ত ইত্যাদিচতুর্ভিঃ। সদা যমঃ স্বামীতি সততং নরকে বাস ইত্যর্থঃ॥ ৩৪০॥ ন শৃণ্বতঃ অশৃণ্বতো নরস্য যে কর্ণপুটে তে বিলে বৃথারন্ধ্রে ইত্যর্থঃ। ন চেদুপগায়তি তস্য জিহ্বা অসতী দুষ্টা, দর্দুরো ভেকস্তদীয়জিহ্বেব॥ ৩৪১॥ বৈমুখ্যদোষং লিখতি দৈবেনেতি দ্বাভ্যাং। প্রসঙ্গাৎ শ্রবণ-কীর্ত্তনাদিরূপাৎ কথায়া বা। সর্ব্বাণি অশুভানি অমঙ্গলানি দুঃখানি বা উপশময়তীতি তথা তস্মাৎ। বিমুখানি অশ্রদ্ধয়া নিবৃত্তানি ইন্দ্রিয়াণি যেষাং তে। বিমুখেন্দ্রিয়ত্বং তৎফলং তদ্ধেতুং বা অভিব্যঞ্জয়তি কুর্ব্বন্তীতি। অকুশলানি অক্ষেমকরাণি কর্ম্মাণি॥ ৩৪২॥ এবম্ভূতায়াং কথায়াং যে

কামাদি-বিষয়ণী কুকথা শ্রবণ করে, তাহারা বৈকুণ্ঠগতি প্রাপ্ত হয় না। হায়! তাহাদিগের কি দুর্ভাগ্য! অপর-বিষয়িণী কুকথা শ্রবণ নিবন্ধন তাহাদিগের পূর্ব্বার্জ্জিত পুণ্য ক্ষয় প্রাপ্ত হয় এবং সেই কুকথাই তাহাদিগকে আশ্রয়বিহীন নিরয়ে নিমগ্ন করে। ৩৩৯। স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ সংবাদে লিখিত আছে, হে তাপসপ্রবর! যে পুরুষাধমেরা বাচ্যমান বৈষ্ণবশাস্ত্র শ্রবণ না করে, যমরাজই নিরন্তর তাহাদিগের প্রভু অর্থাৎ তাহারা সর্ব্বদা নিরয়মধ্যে যাম্য যাতনা প্রাপ্ত হয়। ৩৪০। বৈষ্ণবী কথা প্রাপ্ত হইয়া শ্রবণ বা আনন্দ প্রকাশ না করিলে অর্থ, পরমায়ুঃ, কীর্ত্তি, ধর্ম্ম ও সন্ততি বিনাশ প্রাপ্ত হয়। হে দেবর্ষে! পাপনাশিনী হরিকথা শ্রবণ না করিলে অচিরে সমূলে বিনষ্ট হইতে হয়। দ্বিতীয়স্কন্ধে শৌনকোক্তিতে প্রকাশিত আছে, হরিগুণানুবাদ শ্রবণ না করিলে শ্রবণবিবরদ্বয় বৃথা রন্ধ্র মাত্র, এবং হরিগাথাগান না করিলে সেই দুষ্টরসনা ভেকজিহ্বার সদৃশ বলিয়া গণনীয়। ৩৪১। তৃতীয়স্কন্ধে ব্রহ্মস্তুতিতে বর্ণিত আছে, হে প্রভো! ত্বদীয় গুণশ্রবণ-কীর্ত্তনাদিরূপ সর্ব্বদুঃখনাশন প্রসঙ্গ হইতে যাহাদিগের ইন্দ্রিয়-গ্রাম পরাঙ্মুখ, দুর্ভাগ্য নিবন্ধন তাহারা একান্তই হতবুদ্ধি সন্দেহ নাই। হায়! কি দুঃখের বিষয় যে, দীনগণ লোভবশে হতচিত্ত হইয়া লোকে কামসুখ

তান্ শোচ্যশোচ্যানবিদোঽনুশোচে, হরেঃ কথায়াং বিমুখানঘেন।
ক্ষিণোতি দেবোঽনিমিষস্তু যেষামায়ুর্ব্বৃথাবাদগতিস্মৃতীনাং॥ ৩৪৩॥

শ্রীমৈত্রেয়োক্তৌ চ।

কো নাম লোকে পুরুষার্থসারবিৎ, পুরাকথানাং ভগবৎকথাসুধাম্।
আপীয় কর্ণাঞ্জলিভির্ভবাপহা-মহো বিরজ্যেত বিনা নরেতরম্॥ ৩৪৪

চতুর্থে শ্রীপৃথুস্তুতৌ চ।—

যশঃ শিবং সুশ্রব আর্য্যসঙ্গমে, যদৃচ্ছয়া চোপশৃণোতি তেঽসকৃৎ।
কথং গুণজ্ঞো বিরমেদৃতে পশুম্, শ্রীর্যৎ প্রবব্রে গুণসংগ্রহেচ্ছয়া॥ ৩৪৫॥

ন রমন্তে, শোচ্যশোচ্যান্ শোচ্যা যে তেষামপি শোচ্যান্। ততঃ অবিদঃ ভারতাদিতাৎপর্য্যানভিজ্ঞান্ হরিকথানভিজ্ঞান্ বা শোচ্যান্। যে জ্ঞাত্বাপি হরেঃ কথায়াং বিমুখাস্তান্ তেষামপি শোচ্যানিতি যোজ্যং। অনিমিষঃ কালো যেষামায়ুঃ ক্ষপয়তি। অত্র হেতুঃ। বৃথৈব ভগবৎকথাবৈমুখ্যেন বিফলা বাদগতিস্মৃতয়ঃ বাগ্‌দেহমনোব্যাপারা যেষাং তেষাং॥ ৩৪৩॥ তৃপ্তিদোষং লিখতি কো নামেতি ত্রিভিঃ। পুরা-কথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে ভগবৎ-কথাসুধাং কথঞ্চিদাপীয় কো বিরজ্যেত বিরমেত বিরক্ত্যা তৃপ্তিং যাতীত্যর্থঃ। নরেতরং পশুং বিনা, সারাসারজ্ঞানাভাবাৎ॥ ৩৪৪॥ নন্থ ভক্তির্মুক্তিফলা, অতঃ ফলং বিহায় সাধনে কোঽয়মাগ্রহঃ ইত্যাশঙ্ক্যাহ যশ ইতি। হে সুশ্রবো মঙ্গলকীর্ত্তে! শিবং পরমসুখাত্মকং তে যশঃ সতাং সঙ্গমে যঃ সকৃদপি যদৃচ্ছয়াপি উপ শ্রোতৃণাং সমীপে উপবিষ্টমাত্রোঽপি শৃণোতি। গুণজ্ঞশ্চেৎ কথামাহাত্ম্যাভিজ্ঞশ্চেৎ স কথং বিরমেৎ। পশুং বিনা পশুরেব বিরমতি নান্য ইত্যর্থঃ। গুণাতিশয়ং সূচয়তি শ্রীর্যৎ যশ এব প্রকর্ষেণ বৃতবতী। গুণানাং সর্ব্বপুরুষার্থানাং সংগ্রহঃ সমাহারস্তদিচ্ছয়া। অতো যশঃ-সেবয়ৈব পরমানন্দোঽবান্তরফলত্বেনাখিলার্থসিদ্ধিরপীতি কিং মূলপরিত্যাগেন পত্রমাত্রচ্ছায়াশ্রয়ণেনেতি দিক্। অথবা মৎকথাশ্রবণমাত্রেণ কৃতার্থ এবাসি কিং পুনস্তচ্ছ্রবণাগ্রহেণ। তত্রাহ যশ ইতি। অন্যথা

লাভের জন্য সর্ব্বদা অশুভকর শাস্ত্রবিগর্হিত কর্ম্ম করে। ৩৪২। তৃতীয় স্কন্ধে বিদুরোক্তিতে লিখিত আছে, পাতকনিবন্ধন কৃষ্ণকথায় পরাঙ্মুখ ব্যক্তিরা ভারতাদির তাৎপর্য্যবোধে অসমর্থ; সুতরাং তাহারা শোচ্যগণেরও শোচনীয়। আমি সেই সকল ব্যক্তির জন্যই শোক প্রকাশ করিতেছি। হায়! কাল তাহাদিগের পরমায়ু বৃথা হরণ করিতেছে এবং তাহাদিগের বাক্য, দেহ ও মনের ব্যাপারও বিফল হইতেছে। ৩৪৩। মৈত্রেয়োক্তিতে লিখিত আছে, অহো! এই জন্যই পশু ব্যতীত পুরুষার্থ-সারজ্ঞ কোন্ ব্যক্তি পুরাণ-কথিতসংসারনাশন হরিকথারূপ অমৃত শ্রবণাঞ্জলি-যোগে পান পূর্ব্বক বিরত হইয়া থাকে? ৩৪৪। চতুর্থস্কন্ধে পৃথুস্তুতিতে লিখিত আছে, হে ভগবন্! সাধুসঙ্গ দ্বারা যদৃচ্ছাবশে একবার তদীয় পরমমঙ্গলস্বরূপ যশঃ যাহার শ্রুতিগোচর হয়, সে গুণবেত্তা হইলে কি আর তাহা হইতে ক্ষান্ত হইতে পারে? বস্তুতঃ পশু ভিন্ন তাহা হইতে নিবৃত্তি-বাসনা আর কাহারই হয় না; কেন না, যাবতীয় পুরুষার্থ

দশমারম্ভে শ্রীপরীক্ষিৎপ্রশ্নে।—

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্ভবৌষধাচ্ছ্রোত্রমনোভিরামাৎ।
ক উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ, পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥ ৩৪৬॥

গুণজ্ঞত্বাভাবেন পশুত্বাপত্তেরিতি ভাবঃ। অন্যৎ সমানং ॥ ৩৪৫॥ অত্র লোকে ত্রিবিধা জনাঃ মুক্তা মুমুক্ষবো বিষয়িণশ্চ। তেষাং মধ্যে কস্যাপি নাত্রালংপ্রত্যয় ইত্যাহ নিবৃত্ততর্ষৈরিতি। গততৃষ্ণৈর্মুক্তৈরপীত্যর্থঃ। মুমুক্ষূণাময়মেবোপায় ইত্যাহ ভবৌষধাদিতি। বিষয়িণাং পরমো বিষয়োঽয়মেবেত্যাহ শ্রোত্রমনোভিরামাদিতি। উত্তমঃশ্লোকস্য গুণা ভক্তবাৎসল্যাদয়ঃ। যদ্বা উত্তমশ্লোকা যুধিষ্ঠিরাদয়ো ভগবদ্ভক্তাস্তেষামপি গুণা মহিমানঃ। তেষামনুবাদঃ কথনং তস্মাৎ। যদ্বা। অনুবাদয়তীতি অনুবাদঃ শ্রবণং শ্রোতৄণাং শ্রবণেনৈব বক্তুর্বচনপ্রবর্দ্ধনাৎ। যদ্বা অনুবাদঃ কথা আখ্যায়িকেত্যর্থঃ। তস্মাৎ কো বিরজ্যেত নির্ব্বিণ্ণো ভবেৎ বিরমেদিত্যর্থঃ। এবং মুক্তানাং পরমফলত্বেন মুমুক্ষূণাং সংসারদুঃখবিনাশনাত্মানন্দপ্রকাশনয়োঃ পরমসাধনত্বেন বিষয়িণাং চেন্দ্রিয়সুখপ্রদত্বেন সদা সেব্যত্বান্ন কেষাঞ্চিদপি তৃপ্তিরুচিতেতি ভাবঃ। যদ্যপি মুক্তানাং মুমুক্ষূণামপি বস্তুস্বভাবতঃ শ্রোত্রমনোভিরামত্বং স্যাদেব তথাপি, একান্তিনো যস্য ন কঞ্চনার্থং বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্নাঃ। অত্যদ্ভুতং তচ্চরিতং সুমঙ্গলং গায়ন্ত আনন্দসমুদ্রমগ্নাঃ ইত্যাদি-ন্যায়েন শ্রীনারদাদীনামিব, জিতন্তে পুণ্ডরীকাক্ষেত্যাদিসংকীর্ত্তনপর-শ্রীশ্বেতদ্বীপনিবাসিনামিব চ মুক্তানাং প্রায়ঃ কীর্ত্তনপরত্বেন বহিরন্তশ্চানন্দরসনিমগ্নত্বাৎ। তথা মুমুক্ষূণাং কেবলং মোক্ষ-মাত্রাপেক্ষয়া বহিঃশ্রোত্রমনোভিরামতানপেক্ষণাৎ। ইন্দ্রিয়সুখৈকাপেক্ষকাণাং বিষয়িণামেব বিষয়াসক্ত্যা লজ্জাদিনা চ কীর্ত্তনাসম্ভবাৎ শ্রবণমাত্রদ্বারা শ্রোত্রমনোভিরামত্বমুক্তং। যদ্বা উপ গানেন মুক্তানামপি স্বতএব শ্রোত্রমনোভিরামতা সিধ্যত্যেব মুমুক্ষূণাঞ্চ ভবৌষধত্বেন সদা তৎ-কীর্ত্তনশ্রবণস্মরণং। তেন চ তত্তদিন্দ্রিয়াভিরামত্বং সিধ্যত্যেব। বিষয়িণাঞ্চ পূর্ব্বোক্তযুক্ত্যা কেবল-শ্রোত্রমনসোরেবাভিরামত্বং। যদ্যপি বিষয়িণামপি কদাচিৎ জ্ঞানাদিনা বাগভিরামত্বমপি ঘটেত তথাপি শ্রীপরীক্ষিতা নিজশ্রবণাপেক্ষয়া শ্রীগুণগৌরবেণ চ তথোক্তং। এবং গুণানুবাদস্য সাধ্যত্বং সাধনত্বঞ্চ দর্শিতং। তত্র স্তুতিক্রমোল্লঙ্ঘনেন সাধ্যত্বাৎ পশ্চাৎ সাধনত্বোক্তিঃ। শ্রীপরীক্ষিতো বিনয়ভরেণ বিষয়িষু নিজান্তঃপাতবিবক্ষয়া। অতঃ সর্ব্বথা সর্ব্বসেব্যাত্তস্মাৎ কো বিরজ্যেত। কিঞ্চ। পুমাংশ্চেৎ স্ত্রীবদশক্তঃ ক্লীবচিত্তশ্চ কথঞ্চিদ্বিরজ্যেতাপীত্যর্থঃ। যদ্বা পুংস এব সর্ব্বত্র প্রাধান্যাৎ পুমানিত্যুক্তং। তেন চ সর্ব্বোঽপি জনঃ উপলক্ষ্যতে। অপগতা শুক্ শোকো যস্মাৎ তমাত্মানং হন্তীতি অপশুঘ্নস্তস্মাৎ। ঘুটোধুট্যেকবর্গ ইতি গকারলোপঃ। পশুঘাতিনো ব্যাধাদিতি

একত্র সংগ্রহের ইচ্ছায় স্বয়ং লক্ষ্মী দেবী ঐ যশঃ যাচ্ঞা করিয়াছিলেন। ৩৪৫। দশমস্কন্ধের প্রারম্ভে পরীক্ষিতের প্রশ্নে প্রকাশিত আছে, হে ভগবন্! ত্রিভুবনমধ্যে হরিচরিত্র শ্রবণে কোন ব্যক্তিরই অলং-বুদ্ধির উদয় হয় না। বস্তুতঃ মুক্তজনেরা নিরন্তরই উত্তমশ্লোক হরির গুণানুবাদ গান করিয়া থাকেন। ঐ গুণানুবাদ কীর্ত্তনই ভবরোগবিনাশের মহৌষধিস্বরূপ, সুতরাং উহাই

অতএবোক্তং দেবৈঃ পঞ্চমস্কন্ধে।—

ন যত্র বৈকুণ্ঠকথা-সুধাপগা, ন সাধবো ভাগবতাস্তদাশ্রয়াঃ।
ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবাঃ, সুরেশলোকোঽপি ন বৈ স সেব্যতাম্॥ ৩৪৭॥
অতো নিষেব্যমাণাঞ্চ সর্ব্বথা ভগবৎকথাম্। মুহুস্তদ্রসিকান্ পৃচ্ছেন্মিথো মোদবিবৃদ্ধয়ে॥৩৪৮

অথ ভগবৎকথাসক্তিঃ।

দশমস্কন্ধে।—সতাময়ং সারভৃতাং নিসর্গো, যদর্থবাণীশ্রুতিচেতসামপি।
প্রতিক্ষণং নব্যবদচ্যুতস্য যৎ, স্ত্রিয়া বিটানামিব সাধুবার্ত্তা॥ ৩৪৯॥

বা। বিষয়িত্বসম্ভবেঽপি পশুঘাতার্থনিরন্তরারণ্যপরিভ্রমণাদিমহাদুঃখেন লোকদ্বয়সুখোপেক্ষয়া বিষয়িত্বস্যাপ্যসিদ্ধেঃ পৃথঙ্নির্দ্দেশঃ। অস্মিন্ শ্লোকে আপীয়েত্যাদ্যভাবেঽপি শ্রবণানন্তরং কো বিরজ্যেতোত্যেব জ্ঞেয়ং। নবমস্কন্ধকথাশ্রবণানন্তরমেব শ্রীপরীক্ষিত এবৈতদুক্তেরিতি দিক্। অলমতিবিস্তরেণ॥ ৩৪৬॥ যত্র বৈকুণ্ঠকথামৃতনদ্যো ন সন্তি, মধুরমধুরা ভগবৎকথাঃ সততং ন বর্ত্তন্তে। যদ্বা বৈকুণ্ঠস্য কথাসুধা আপগাশ্চ শ্রীগঙ্গাযমুনাদিনদ্যঃ। বৈকুণ্ঠশব্দেন তৎকথাসুধাপগানামপ্যকুণ্ঠত্বং সূচিতং। তদাশ্রয়াঃ কথাপগাশ্রয়াঃ। মহান্তো নৃত্যাদ্যুৎসবা যেষু তথাভূতা যজ্ঞেশস্য বিষ্ণোর্মখাঃ পূজাঃ। যদ্বা মহোৎসবাশ্চ জন্মাষ্টম্যাদিবিষয়কাঃ। যজ্ঞেশশব্দেন স এব মখযোগ্যো ন ত্বন্য ইত্যভিপ্রেতং। যদ্বা গোবর্দ্ধনমখপ্রবর্ত্তকস্তদ্যজ্ঞভোক্তা শ্রীগোবর্দ্ধনধরঃ শ্রীকৃষ্ণোঽভিহিতঃ। সুরেশস্য ব্রহ্মণোঽপি লোকো ন সেব্যতাং শ্রদ্ধয়া চিরং নোপভুজ্যতাং কিন্তু দ্রুতমেব পরিত্যজ্যতামিত্যর্থঃ। বৈ প্রসিদ্ধৌ॥ ৩৪৭॥ অতোঽস্মান্মাহাত্ম্যবিশেষাদ্ধেতোঃ। অপ্যর্থে চকারঃ। সর্ব্বথা শ্রবণকীর্ত্তনস্মরণাদ্যখিলপ্রকারেণ নিতরাং সেব্যমানামপি। মিথঃ প্রষ্টৃশ্রোতৃবক্তৄণামন্যোন্যং প্রীতিবিবৃদ্ধয়ে ভগবৎকথারসিকান্ পৃচ্ছেৎ॥ ৩৪৮॥

সারভৃতাং সারগ্রাহিণাং সতাময়মেব নিসর্গঃ। কোঽসৌ?—অচ্যুতস্য বার্ত্তা প্রতিক্ষণং সাধু যথা স্যাত্তথা নব্যবস্তবতীতি যৎ। বিটানাং স্ত্রৈণানাং স্ত্রিয়াঃ কামিন্যা বার্ত্তেব। কথম্ভূতা-

---

মুমুক্ষুর মুক্তির একমাত্র উপায়। শ্রীহরির গুণানুবাদ শ্রোত্র ও চিত্তের তৃপ্তি বিধান করে, সুতরাং উহাই বিষয়ীজনের পরম বিষয়স্বরূপ। অতএব (যখন মুক্ত, মুমুক্ষু, বিষয়ী ত্রিবিধ মনুষ্যের পক্ষেই হরিগুণানুবাদ আদরণীয় হইল, তখন) আত্মঘাতী বা পশুঘাতী ভিন্ন কে উহা হইতে পরাঙ্মুখ হইতে পারে? ৩৪৬। পঞ্চম স্কন্ধে দেবগণের বাক্যে প্রকাশিত আছে, দেবদেব বৈকুণ্ঠপতির কথারূপ সুধাবাহিনী নদী যে স্থানে প্রবাহিত না হয়, নৃত্যাদি উৎসব পূর্ণ ভগবান্ যজ্ঞপতির যজ্ঞরূপ পূজা যেখানে অনুষ্ঠিত না হয়, ব্রহ্মধাম হইলেও সে স্থল সেবনের উপযুক্ত নহে। ৩৪৭। সুতরাং ভগবৎকথা সর্ব্বথা শ্রুত থাকিলেও ভগবৎকথারসের রসজ্ঞ মহাত্মগণের নিকট পুনঃ পুনঃ উহা জিজ্ঞাসা করিবে, কেন না, তাহাতে পরস্পরের হর্ষবর্দ্ধন হইয়া থাকে। ৩৪৮।

অতঃপর ভগবৎ-কথাসক্তির বিষয় বর্ণিত হইতেছে।—দশমস্কন্ধে লিখিত আছে, একমাত্র

অতএব তত্রৈব।—

তুল্যশ্রুততপঃশীলাস্তুল্যস্বীয়ারিমধ্যমাঃ।

অপি চক্রুঃ প্রবচনমেকং শুশ্রূষবোঽপরে॥ ইতি॥ ৩৫০॥

তথা বৈষ্ণবধর্ম্মাংশ্চ ক্রিয়মাণানপি স্বয়ম্। সংপৃচ্ছেত্তদ্বিদঃ সাধূনন্যোন্যপ্রীতিবৃদ্ধয়ে॥৩৫১॥

শ্রদ্ধয়া ভগবদ্ধর্ম্মান্ বৈষ্ণবায়ানুপৃচ্ছতে। অবশ্যং কথয়েদ্বিদ্বানন্যথা দোষভাগ্ ভবেৎ॥

তদুক্তম্।—

নাখ্যাতি বৈষ্ণবং ধর্ম্মং বিষ্ণুভক্তস্য পৃচ্ছতঃ। কলৌ ভাগবতো ভূত্বা পুণ্যং যাতি শতাব্দিকম্॥৩৫২

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

বৈষ্ণবে বৈষ্ণবং ধর্ম্মং যো দদাতি দ্বিজোত্তমঃ। সসাগরমহীদানে যৎ ফলং লভতেঽধিকম্॥৩৫৩॥

নামপি সতাং?—অচ্যুতবার্ত্তৈব অর্থো যেষাং তানি বাণীশ্রুতিচেতাংসি যেষাং তথাভূতানামপি॥ ৩৪৯॥ অতএব শ্রীসনকাদয়ঃ তথা চক্রুরিতি লিখতি তুল্যেতি। শ্রুতাদিভিরবিশেষাঃ অরিমিত্রোদাসীনহীনত্বেন নিরুপমকরুণা অতঃ সর্ব্বে প্রবচনযোগ্যা অপি ভগবৎকথারসিকতয়া একং প্রবক্তারমন্যঞ্চ প্রষ্টারং কৃত্বা পরে শুশ্রূবুরিত্যর্থঃ॥ ৩৫০॥ তথেতি পূর্ব্বলিখিতসমুচ্চয়ে। স্বয়ং ক্রিয়মাণানপি বৈষ্ণবধর্ম্মান্। তান্ বৈষ্ণবধর্ম্মান্ যে বিদন্তি তান্ সাধূন্ সম্যক্ পৃচ্ছেৎ॥৩৫১ নন্থ ভগবদ্ধর্ম্মাঃ পরমগোপ্যাঃ প্রশ্নমাত্রেণ কথং কথ্যাঃ তত্র লিখতি শ্রদ্ধয়েতি। বিদ্বান্ বৈষ্ণবধর্ম্মাভিজ্ঞশ্চেৎ অবশ্যং কথয়েদেব। কুতঃ?—বৈষ্ণবায় তত্র চ শ্রদ্ধয়া বারং বারং পৃচ্ছতে। চতুর্থী দ্বিতীয়ার্থে সুগমত্বায়॥ ৩৫২॥

যৎ ফলং ততোঽপ্যধিকং লভতে॥ ৩৫৩॥ বিশেষতশ্চ ভগবদ্ধর্ম্মং সম্যগজানতে বৈষ্ণবায়

হরিকথাই সারগ্রাহী সজ্জনগণের বাক্যের, শ্রবণেন্দ্রিয়ের ও মনের বিষয়। স্ত্রৈণ ব্যক্তিরা যেমন রমণীবার্ত্তায় নব নব জ্ঞানে আনন্দবোধ করে, তদ্রূপ দেবদেব হরির কথাই সারগ্রাহিগণের নিকট মুহূর্ত্তে মুহূর্ত্তে নূতন বলিয়া জ্ঞান হয়। ৩৪৯। উক্ত স্কন্ধেই লিখিত আছে, তত্রত্য তাপসগণ স্বাধ্যায়, তপস্যা ও চরিত্র বিষয়ে সমান এবং শত্রু, মিত্র ও উদাসীনের প্রতি সমভাবাপন্ন হইয়া এক ব্যক্তিকে বক্তারূপে নির্দ্দেশ করত অপরাপর সকলে (হরিকথা) শ্রবণ করিতে আরম্ভ করিলেন।৩৫০। স্বয়ং বৈষ্ণবধর্ম্মের অনুষ্ঠান করিলেও পরস্পর প্রীতিবর্দ্ধনার্থ তদ্ধর্ম্মবিদ্ সাধুদিগের নিকট প্রশ্ন করিবে। ৩৫১। শ্রদ্ধাসমন্বিত হইয়া পুনঃ পুনঃ বৈষ্ণবধর্ম্মসম্বন্ধে প্রশ্ন করিলে বৈষ্ণবসকাশে ভগবদ্ধর্ম্ম কীর্ত্তন করা সুধী ব্যক্তির অবশ্য কর্ত্তব্য, নতুবা দোষভাগী হইতে হয়। এই বিষয়ে আরও উক্তি আছে যে, হরিভক্ত কর্ত্তৃক বৈষ্ণবধর্ম্ম-বিষয়ে জিজ্ঞাসিত হইয়া কলিকালে তৎসকাশে ঐ ধর্ম্ম কীর্ত্তন না করিলে ভগবদ্ভক্তের শতবর্ষার্জ্জিত পুণ্য ধ্বংস হয়। ৩৫২।

অনন্তর ভগবদ্ধর্ম্ম-প্রতিপাদন-মাহাত্ম্য বিবৃত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে লিখিত আছে, দ্বিজাতি হইয়া বৈষ্ণবকে বৈষ্ণবধর্ম্ম অর্পণ করিলে সসাগরা ধরণীদানের

কিঞ্চ তত্রৈব।—

অজ্ঞানায় চ যো জ্ঞানং দদ্যাদ্ধর্ম্মোপদেশনম্। কৃৎস্নাং বা পৃথিবীং দদ্যাত্তেন তুল্যং হি তৎ স্মৃতম্॥৩৫৪

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

তৎকথাং শ্রাবয়েদ্যস্তু তদ্ভক্তান্ মানবোত্তমঃ। গোদানফলমাপ্নোতি স নরস্তেন কর্ম্মণা॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে।—

জ্ঞানমজ্ঞায় যো দদ্যাদ্বেদশাস্ত্রসমুদ্ভবম্। অপি দেবাস্তমর্চ্চন্তি ভববন্ধবিদারকম্॥ ৩৫৫॥

বৃহন্নারদীয়ে।—

সৎসঙ্গদেবার্চ্চনসৎকথাসু, পরোপদেশেঽভিরতো মনুষ্যঃ।
স যাতি বিষ্ণোঃ পরমং পদং তদ্দেহাবসানেঽচ্যুততুল্যতেজাঃ॥ ৩৫৬॥

তে চ শ্রীভগবদ্ধর্ম্মা ভগবদ্ভক্তলক্ষণৈঃ। ব্যঞ্জিতাঃ কতিচিন্মুখ্যা লিখ্যন্তেঽত্র পরেঽপি তে॥৩৫৭॥

তে তু যদ্যপি বিখ্যাতাঃ শ্রীমদ্ভাগবতাদিষু। তথাপি যত্নাদেকত্র সংগৃহ্যন্তে সসাধনাঃ॥ ৩৫৮॥

অবশ্যং কথয়েদিত্যাহ অজ্ঞানায়েতি। ভগবদ্ধর্ম্মোপদেশনরূপং জ্ঞানং। যদ্বা সামান্যধর্ম্মোপদেশরূপমপি॥ ৩৫৪॥ অর্চ্চন্তি অর্চ্চয়ন্তি। যতঃ আত্মনোঽন্যেষামপি সংসারমোচকং॥ ৩৫৫॥ সৎসঙ্গাদিষু পরোপদেশে চ যোঽভিরতঃ। যদ্বা সৎসঙ্গাদিষু বিষয়েষু যঃ পরং প্রত্যুপদেশস্তস্মিন্ যোঽভিরতঃ। তৎ অনির্ব্বচনীয়ম্। যদ্বা তস্য উপদেশসম্বন্ধিনো দেহস্যান্ত এব ন তু জন্মান্তরে ইত্যর্থঃ। ভগবত্তুল্যতেজাঃ সন্ সারূপ্যাদিপ্রাপ্তেঃ॥ ৩৫৬॥ কে তে বৈষ্ণবধর্ম্মা ইত্যপেক্ষায়াং লিখতি। পূর্ব্বলিখিতৈর্ভগবদ্ভক্তানাং লক্ষণৈর্দ্বারভূতৈর্মুখ্যাঃ শ্রেষ্ঠাঃ কতিচিদ্ব্যঞ্জিতাঃ ব্যক্তীকৃতা এব। অপরেঽপি তে শ্রীভগবদ্ধর্ম্মাঃ কতিচিদত্র লিখ্যন্তে। শ্রীভগবদ্ধর্ম্মা ভক্তেরঙ্গান্যেব তানি চ মুখ্যানি গৌণানি চ কানিচিচ্চ তৎসাধনানি সর্ব্বাণ্যেব একত্রাত্র লেখ্যানীত্যর্থঃ॥ ৩৫৭॥ নমু শ্রীভগবদ্ধর্ম্মাঃ সর্ব্বশাস্ত্রেষু ব্যক্তমেব বর্ত্তন্তে, কিন্তল্লিখনশ্রমেণ? সত্যং, তথাপি নানা-স্থানস্থিতানি সমাহৃত্য সবিশেষমেকত্র সংগৃহ্যন্ত ইতি লিখতি

ফল অপেক্ষাও সমধিক ফল প্রাপ্ত হইতে পারে। ৩৫৩। উক্ত স্থলে আরও লিখিত আছে, অজ্ঞানীকে ধর্ম্মোপদেশ দিলে নিখিল ধরাদানের সদৃশ পুণ্য সঞ্চয় হয়। ৩৫৪। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, হরিভক্তগণকে হরিকথা শ্রবণ করাইলে সেই মানব শ্রেষ্ঠ গোদানের ফল লাভ করে। পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে লিখিত আছে, যিনি অজ্ঞানীকে বেদজ্ঞান অর্পণ করেন, সেই ভববন্ধবিদারক ব্যক্তি সুরগণেরও পূজনীয়। ৩৫৫। বৃহন্নারদীয়-পুরাণে লিখিত আছে, সৎসঙ্গে, দেবপূজায়, সৎকথায় ও পরোপদেশে অনুরাগী হইলে দেহান্তে হরিসদৃশ তেজঃপুঞ্জশালী হইয়া হরির পরমপদে গতি লাভ করে। ৩৫৬। পূর্ব্বোক্ত ভগবদ্ভক্তলক্ষণ দ্বারা কতিপয় মুখ্য ভগবদ্ধর্ম্ম প্রকটিত হইয়াছে, অধুনা আর কতিপয় ভগবদ্ধর্ম্ম ব্যক্ত হইতেছে। ৩৫৭। ভাগবত প্রভৃতিতে ভগবদ্ধর্ম্মসমূহ সম্যক্ কীর্ত্তিত থাকিলেও মূলভার্থ সাধন সহ তৎসমস্ত সযত্নে একত্র সংগৃহীত হইল। ৩৫৮।

অথ ভগবদ্ধর্ম্মাঃ।

তে চোক্তাঃ কাশীখণ্ডে দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মণা।—

অদ্য প্রভৃতি কর্ত্তব্যং যন্ময়া কৃষ্ণ তচ্ছৃণু। একাদশ্যাং ন ভোক্তব্যং কর্ত্তব্যো জাগরঃ সদা।
মহোৎসবঃ প্রকর্ত্তব্যঃ প্রত্যহং পূজনন্তব। পলার্দ্ধেনাপি বিদ্ধন্তু ভোক্তব্যং বাসরন্তব।
ত্বৎপ্রীত্যাঽষ্টৌ ময়া কার্য্যা দ্বাদশ্যো ব্রতসংযুতাঃ। ভক্তির্ভাগবতী কার্য্যা প্রাণৈরপি ধনৈরপি
নিত্যং নামসহস্রন্তু পঠনীয়ন্তব প্রিয়ম্। পূজা তু তুলসীপত্রৈর্ময়া কার্য্যা সদৈব হি।
তুলসীকাষ্ঠসংভূতা মালা ধার্য্যা সদা ময়া। নৃত্যগীতং প্রকর্ত্তব্যং সংপ্রাপ্তে জাগরে তব।
তুলসীকাষ্ঠসম্ভূতচন্দনেন বিলেপনম্। করিষ্যামি তবাগ্রে চ গুণানাং তব কীর্ত্তনম্।
মথুরায়াং প্রকর্ত্তব্যং প্রত্যব্দং গমনং ময়া। ত্বৎকথাশ্রবণং কার্য্যং তথা পুস্তকবাচনম্॥৩৫৯॥
নিত্যং পাদোদকং মূর্দ্ধ্না ময়া ধার্য্যং প্রযত্নতঃ। নৈবেদ্যভক্ষণঞ্চাপি করিষ্যামি যতব্রতঃ।
নির্ম্মাল্যং শিরসা ধার্য্যং ত্বদীয়ং সাদরং ময়া। তব দত্ত্বা যদিষ্টন্তু ভক্ষণীয়ং মুদা ময়া॥ ৩৬০॥
তথা তথা প্রকর্ত্তব্যং তব তুষ্টিঃ প্রজায়তে। সত্যমেতন্ময়া কৃষ্ণ তবাগ্রে পরিকীর্ত্তিতম্॥৩৬১॥

তে ইতি। এবং ভক্তলক্ষণেষু পূর্ব্বং লিখিতানামপি কেষাঞ্চিৎ পুনরত্র সংগৃহীতবচনান্তর্ব্বর্ত্তিত্বেন লিখনাদপি ন দোষঃ, একত্রৈব সুখলাভাৎ। সসাধনা ভগবদ্ধর্ম্মস্য সাধনৈঃ সহিতাঃ। তানি চাগ্রে তত্র তত্রৈবাভিব্যঞ্জয়িতব্যানি॥ ৩৫৮

বাসরং একাদশীজন্মাষ্টম্যাদি। ভক্তিঃ পরিচর্য্যালক্ষণা। পুস্তকং শ্রীভাগবতাদি॥ ৩৫৯॥ ইষ্টং প্রিয়ং যদ্বস্তু তৎ তুভ্যং দত্ত্বা সমর্প্যৈব ময়া ভক্ষণীয়ং॥ ৩৬০॥ তত্তচ্চ সর্ব্বং তব প্রীত্যর্থমেব যথাবিধি কার্য্যং, ন ত্বন্যার্থমিত্যাহ তথেতি। যদ্বানুক্তমন্যদপি সংগৃহ্লাতি তথা তথেতি।

অনন্তর ভগবদ্ধর্ম্ম-সমূহ।—কাশীখণ্ডে দ্বারকা-মাহাত্ম্যে চন্দ্রশর্ম্মা কর্ত্তৃক কথিত হইয়াছে, হে কৃষ্ণ! আমি অদ্য হইতে যে যে কার্য্যের অনুষ্ঠান করিব, তাহা অবধান করুন্। একাদশী-দিনে আহার করিব না, নিরন্তর জাগরণ করিব, প্রতিদিন মহোৎসব সহকারে তোমার অর্চ্চনা করিব; একাদশী-জন্মাষ্টম্যাদি ত্বদীয় দিন যদি অর্দ্ধপল দ্বারাও বিদ্ধ হয়, তাহা হইলেও তত্তদ্দিনে আহার করিব; ত্বৎপ্রীত্যর্থ ব্রতসমন্বিত অষ্ট মহাদ্বাদশী রক্ষা করিব; ধন দ্বারা ও প্রাণপণ করিয়াও ভাগবতী ভক্তির অনুষ্ঠান করিব; প্রত্যহ ত্বৎ-প্রিয় সহস্র-নাম অধ্যয়ন করিব; নিরন্তর তুলসী দ্বারা তোমার অর্চ্চনা করিব; তুলসী-কাষ্ঠময়ী মালা ধারণ করিব; একাদশী প্রভৃতি ত্বদীয় জাগরণ-রাত্রিতে নৃত্যগীতের অনুষ্ঠান করিব, অঙ্গে তুলসীকাষ্ঠের চন্দন লেপন করিব; ত্বৎপুরোভাগে ত্বদীয় গুণরাশি কীর্ত্তন করিব; বর্ষে বর্ষে মথুরাপুরে গমন করিব এবং ত্বৎকথা শ্রবণ ও ত্বৎসম্বন্ধীয় পুস্তক অধ্যয়ন করিব। ৩৫৯। প্রতিদিন সযত্নে ত্বদীয় চরণোদক শিরোদেশে ধারণ করিব, যথানিয়মে ত্বদীয় নৈবেদ্য সেবন করিব, সাদরে মস্তকে তোমার নির্ম্মাল্য ধারণ করিব এবং তোমাকে অগ্রে নিবেদন পূর্ব্বক প্রিয় দ্রব্য ভোজন করিব। ৩৬০। হে কৃষ্ণ! আমি ত্বৎপুরোভাগে সত্য করিয়া

সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদেন।—

গুরুশুশ্রূষয়া ভক্ত্যা সর্ব্বলাভার্পণেন চ। শ্রদ্ধয়া তৎকথায়াঞ্চ সাধুসঙ্গেন চৈব হি।

তৎপাদবন্দনাদ্যৈশ্চ তল্লিঙ্গেক্ষার্হণাদিভিঃ ॥ ৩৬২ ॥

হরিঃ সর্ব্বেষু ভূতেষু ভগবানাস্ত ঈশ্বরঃ। ইতি ভূতানি মনসা কামৈস্তৈঃ সাধু মানয়েৎ॥৩৬৩॥

একাদশে চ শ্রীকবিযোগেশ্বরেণ।—

যে বৈ ভাগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে। অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্॥৩৬৪

তত্রৈব প্রবুদ্ধযোগেশ্বরেণ।—

সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু। দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেষদ্ধা যথোচিতম্।

শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জ্জবম্। ব্রহ্মচর্য্যমহিংসাং চ সমত্বং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ।

সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেততাম্। বিবিক্তচীরবসনং সন্তোষং যেন কেনচিৎ।

শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রেঽনিন্দামন্যত্র চাপি হি। মনোবাক্‌কায়দণ্ডঞ্চ সত্যং শমদমাবপি।

শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুতকর্ম্মণঃ। জন্ম-কর্ম্ম-গুণানাঞ্চ তদর্থেঽখিলচেষ্টিতম্।

তত্তৎপ্রকারোঽন্যশ্চেত্যর্থঃ ॥ ৩৬১ ॥ গুরোঃ শুশ্রূষয়া তস্যৈব ভক্ত্যা প্রেম্না। তস্মিন্নেব সর্ব্বেষাং লাভানাং লব্ধানামর্পণেন চ। সাধবঃ সদাচারা যে ভক্তা বৈষ্ণবাস্তেষাং সঙ্গেন। তল্লিঙ্গানাং শ্রীমূর্ত্তীনামীক্ষণমর্হণঞ্চাদির্যেষাং বন্দনাদীনাং তৈশ্চ ॥ ৩৬২ ॥ কামৈশ্চ তত্তদিষ্ট-দানৈঃ। এবং নির্জ্জিতষড়্‌বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরিত্যনেন সর্ব্বেষামেবান্বয়ঃ। অত্র চ ঈশ্বরারা-ধনাদীনি ভক্ত্যঙ্গানি তৎ-সাধনানি চ গুরুশুশ্রূষাদীনি জ্ঞেয়ানি ॥ ৩৬৩ ॥ সামান্যেন ভাগ-বতলক্ষণমাহ যে বৈ ইতি। মন্বাদিমুখেন বর্ণাশ্রমাদিধর্ম্মানুক্ত্বাঽতিরহস্যত্বাৎ স্বমুখেনৈব ভগবতা অবিদুষামপি পুংসাং অঞ্জঃ সুখেনৈবাত্মলব্ধয়ে জীবস্য স্বরূপস্ফূর্ত্ত্যৈ ভগবতঃ প্রাপ্তয়ে বা যে বৈ উপায়াঃ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষীত্যাদিনা সর্ব্বকর্ম্মার্পণরূপাঃ প্রোক্তাস্তান্ বিদ্ধি, এতে চ প্রায়ঃ সাধনান্যেব। যদ্বা অন্তরঙ্গত্বাভাবেন মুখ্যাঃ। যদ্বা দাস্যান্তর্গতা বাহ্যাঃ। যদ্বা মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু ইত্যাদিনা স্মরণাদয়ঃ যে অর্জ্জুনং প্রতি, তথা শ্রদ্ধামৃত কথায়াং মে ইত্যাদিনা যে চোদ্ধবং প্রতি স্বয়ং শ্রীভগবতা প্রোক্তাস্তান্। ততশ্চ সর্ব্বে প্রায়ো মুখ্যা এবেতি ॥ ৩৬৪ ॥ তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদিত্যুক্তান্ তান্ দর্শয়তি সর্ব্বতঃ ইত্যষ্টভিঃ।

দেবোপচারসামগ্রীং তদাধারদ্রব্যংবা॥ ৩৬॥ কামানামৈশ্বর্য্যভোগানাং পাত্রতামাশ্রয়তাং॥ ৩৭॥ রত্নানি মৌক্তিকহীরকগোমেদেন্দ্রনীলপুষ্পরাগবৈদূর্য্যবিদ্রুমমরকতপদ্মরাগাদীনি॥ ৩৮॥ পূর্ব্বপ্রোক্তাৎ ব্রাহ্মণসম্প্রদানকাদ্দানাৎ॥ ৩৯॥ বস্তং ছাগং। অবির্মেষঃ। খরং গর্দ্দভবিশেষং

যে ব্যক্তি মঙ্গলকর নূতন কুম্ভ প্রদান করেন, তাঁহার বরুণ-লোকে বাস এবং পাপনিবৃত্তি হইয়া থাকে। ৩৪। যে লোক দেবগৃহে চারিটি কলস দান করেন, তিনি চতুঃ-সমুদ্রবেষ্টিত বসুন্ধরা ভোগ করিয়া থাকেন। হে বিপেন্দ্রবৃন্দ! যে ব্যক্তি সমাহিতচিত্তে শ্রীহরির উদ্দেশে একটি মাত্র কলস দান করেন, তিনি যে সুধার্ম্মিক নৃপতি হইয়া ধরার আধিপত্য লাভ করিয়া থাকেন, তদ্বিষয়ে সন্দেহ নাই; যে ব্যক্তি ভগবানের উদ্দেশে ক্ষুদ্র ঘটও দান করেন, বারুণ লোকে তাঁহার বাস ঘটিয়া থাকে; (এইরূপে) কমণ্ডলু দান করিলে যজ্ঞীয় ফল প্রাপ্তি হইয়া থাকে। ৩৫। দেবোপচারসামগ্রী অথবা দেবপরিচর্য্যার জন্য তাহার আধার দান করিলে, সর্ব্বকামসমৃদ্ধ যজ্ঞফলভাগী হইয়া থাকে। ৩৬। তালবৃন্ত প্রদান করিলে, পরম-সুখ-সম্ভোগ ঘটে; মাল্যাধার, ধূপাধার, গন্ধাধার এবং অন্য পাত্র প্রদান করিলে, নিখিল ঐশ্বর্য্য ভোগ করিয়া থাকে। সমুদ্রজাত পাত্র, বা ধাতুপাত্র দান করিলে, ঐশ্বর্য্য, বিদ্যা ও অর্থ ভোগ ঘটিয়া থাকে; শয্যা ও আসন দান করিলে নিত্যকাল স্থিতি ঘটিয়া থাকে; (এইরূপে) উত্তরীয় দানে সকল কামনা সিদ্ধ হইয়া থাকে; সুবর্ণ দানে কামনা সুসিদ্ধ হয় এবং দানকর্ত্তা সংসারে সুদুর্ল্লভ সুন্দর রূপে বিভূষিত হইয়া থাকে। ৩৭। লোকে মণি-হীরকাদি প্রদান করিলে, প্রামাণ্য লাভ করে এবং বৃষ দান করিলে, দশ ধেনু দানের ফল-প্রাপ্তি ঘটে। ৩৮। ছাগ, মেষ, মহিষ, উষ্ট্র এবং অশ্বতর দানে পূর্ব্বোক্ত দানের অপেক্ষা সহস্রগুণ ফল লাভ ঘটিয়া থাকে। ৩৯। হে উৎকৃষ্ট দ্বিজগণ! ছাগ দানে লোকের বরুণ

উষ্ট্রং বা গর্দ্দভং বাপি খরং বা যঃ প্রযচ্ছতি। অলকাং স সমাসাদ্য যক্ষেন্দ্রৈঃ সহ মোদতে॥
আরণ্যমৃগজাতীনাং তথা দানাচ্চ পক্ষিণাং। অগ্নিষ্টোমমবাপ্নোতি সুভগশ্চ তথা ভবেৎ॥
দাসং দত্ত্বা সুখে লোকে নেষ্টভ্রষ্টো বিজায়তে। দাসীং দত্ত্বা তথা বিপ্রা নাত্র কার্য্যা বিচারণা॥
গণিকাং যে প্রযচ্ছন্তি নৃত্যগীতবিশারদাং। সর্ব্বদুঃখবিনির্ম্মুক্তাস্তে প্রযান্ত্যমরাবতীং॥
নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ং॥ ৪০॥
প্রেক্ষণীয়প্রদানেন শক্রলোকে মহীয়তে। গীতং দত্ত্বা তথাপ্নোতি ব্রহ্মলোকমসংশয়ং॥
দুন্দুভিং যে প্রযচ্ছন্তি কীর্ত্তিমন্তো ভবন্তি তে॥
দত্ত্বা ধান্যানি বীজানি শস্যানি বিবিধানি চ। রূপকাণি চ তান্যেব প্রাপ্নুয়াৎ সুরপূজ্যতাং॥
দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকস্ত্বভিজায়তে। দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ॥৪১॥
পুষ্পবৃক্ষং তথা দত্ত্বা দেশস্যাধিপতির্ভবেৎ। ফলবৃক্ষং তথা দত্ত্বা নগরাধিপতির্ভবেৎ॥

পশ্চিমদেশে গোখরেতি প্রসিদ্ধং॥ ৪০॥ প্রেক্ষণীয়মিন্দ্রজালাদি। গীতং দত্ত্বা গায়নদ্বারা গীতং গাপয়িত্বা। বীজানি শাকাদীনাং বীজানি, বীজরূপাণি ধান্যানি বা। শস্যানি ভোজ্যানি যবাদীনি। রূপকাণি অঙ্কুরিতানি॥৪১॥ পুষ্পবৃক্ষং পুষ্পপ্রধানকং বৃক্ষং। এবং ফলবৃক্ষং॥৪২॥

লোকে বাস ঘটে, এইরূপ মেষদানেও বরুণলোকপ্রাপ্তি হইয়া থাকে। যে ব্যক্তি উষ্ট্র, গর্দ্দভ, অথবা পশ্চিমদেশ-প্রসিদ্ধ গোখর দান করেন, তিনি অলকাধিপতির অলকাপুরী প্রাপ্ত হইয়া যক্ষেন্দ্রগণের সহিত আনন্দোপভোগ করিয়া থাকেন। আরণ্য মৃগ ও পক্ষী দান করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফললাভ হয় এবং সৌভাগ্য-শ্রীও প্রকাশ পাইয়া থাকে। যে ব্যক্তি দাস দান করে, তাহাকে সুন্দর লোক হইতে ইষ্টভোগ পরিত্যাগ করিয়া আর স্খলিতপদ হইতে হয় না; এইরূপ দাসী দান করিলে যে দাস দানের ন্যায় ফলপ্রাপ্তি ঘটে, সে বিষয়ে বিচারবাদের প্রয়োজন করে না। যাহারা নৃত্যগীতসুপটু গণিকা দান করে, তাহারা সকলপ্রকার দুঃখের হস্ত হইতে নিষ্কৃতি লাভ করিয়া, অমরাবতীতে যাত্রা করিয়া থাকে; কেবলমাত্র নৃত্যদানে নিঃসংশয়ে রুদ্রলোকে নিবসতি হয়। ৪০। যাহারা ইন্দ্রজাল প্রদর্শন করায়, তাহারা ইন্দ্রলোকে বাস করে; গায়ক দ্বারা গান গাওয়াইলে ব্রহ্মলোকে গমন হয়। যে সকল ব্যক্তি দেবোদ্দেশে দুন্দুভি দান করে, তাহারা সংসারে কীর্ত্তিমান্ হইয়া থাকে। যাহারা শাকবীজ, ধান্যবীজ, যবাদি-শস্যবীজ ও অঙ্কুরাদি প্রদান করে, তাহারা সুরপূজিত হইয়া থাকে। যদি দেবোদ্দেশে সুরম্য ব্যঞ্জনার্থ উপকরণ, বা শাকাদি প্রদান করা হয়, তাহা হইলে তাহাকে আর শোকের মুখ দেখিতে হয় না। ৪১। (এইরূপ) পুষ্পবৃক্ষ দানে দেশাধিপতি এবং ফলবৃক্ষ প্রদানে নগরাধিপতি হইয়া থাকে। আরও যে ব্যক্তি সুগন্ধ সাধন ও পট্টদুকূল দান করেন, তাঁহার অশ্বমেধ যজ্ঞের ফললাভ হইয়া থাকে। কঙ্কতক দানে কলেবর রোমশূন্য হয় এবং কূর্চ্চপ্রসাধন প্রসানে পরম মঙ্গল প্রাপ্তি ঘটিয়া থাকে। ৪২। এইরূপ চমৎকার মৎদ্রব্যজাত সম্পাদনে

তথা।—

স্নগন্ধসাধনানীহ পটবাসানি যো নরঃ। দদাতি দেবদেবস্য সোঽশ্বমেধফলং লভেৎ॥

কঙ্কতস্য প্রদানেন বিরোমত্বভিজায়তে। কূর্চ্চপ্রসাধনং কৃত্বা পরং মঙ্গলমশ্নুতে॥ ৪২॥

বিস্মাপনীয়ং যৎ কিঞ্চিদত্বাত্যন্তং সুখং লভেৎ॥ ৪৩॥

বস্ত্রালঙ্করণাদীনাং কৃষ্ণার্পণফলঞ্চ যৎ। উপচারপ্রয়োগে প্রাক্ তত্র তত্র ব্যলেখি তৎ॥৪৪॥

উপচারাশ্চ বিবিধাঃ শ্রীমদ্ভগবদর্চ্চনে। শক্ত্যাশক্ত্যাদিভেদেন তান্ত্রিকৈর্বৈষ্ণবৈর্মতাঃ॥ ৪৫॥

অথ বিবিধোপচারাঃ।

আগমে।—আসন-স্বাগতে সার্ঘ্যে পাদ্যমাচমনীয়কং। মধুপর্কাচমস্নানবসনাভরণানি চ॥

স্নগন্ধসুমনোধূপদীপনৈবেদ্যবন্দনং। প্রয়োজয়েদর্চ্চনায়ামুপচারাংস্ত ষোড়শ॥ ৪৬॥

অর্ঘ্যঞ্চ পাদ্যাচমনং মধুপর্কাচমান্যপি। গন্ধাদয়ো নিবেদ্যান্তা উপচারা দশ ক্রমাৎ॥ ৪৭॥

গন্ধাদিভির্নিবেদ্যান্তৈঃ পূজা পঞ্চোপচারিকী। সপর্য্যাস্ত্রিবিধাঃ প্রোক্তাস্তাসামেকাং সমাচরেৎ॥৪৮॥

কচিচ্চ।—

আসনাবাহনঞ্চৈব পাদ্যার্ঘ্যাচমনীয়কং। স্নানং বাসো ভূষণঞ্চ গন্ধঃ পুষ্পঞ্চ ধূপকঃ।

বিস্মাপনীয়ং আশ্চর্য্যাবহং॥ ৪৩॥ অত্রালিখিতোঽপি বস্ত্রাদিদানফলভেদঃ পূর্ব্ববৎ তদর্পণপ্রকরণে লিখিতোঽত্রাপি তথৈব জ্ঞেয়ঃ ইত্যাশয়েন লিখতি বস্ত্রেতি।৪৪॥ পূর্ব্ববৎ কুর্য্যাৎ শক্তো ভগবদর্চ্চনমিতি সায়ংপূজায়াং লিখিতং তত্র শক্তৌ পূর্ব্বলিখিতৈঃ সর্ব্বৈরেবোপচারৈরর্চ্চনং কার্য্যম্ অশক্তৌ সংক্ষেপেণ কতিভিশ্চিদেব কর্ত্তব্যমিত্যাশয়েনোপচারাণাং বহুবিধত্বং লিখতি উপচারাশ্চেতি। শক্তেরশক্তেশ্চ ভেদেন আদিশব্দাৎ কালদেশশ্রদ্ধাদিভেদেন চ বিবিধা মতাঃ॥ ৪৫॥

সার্ঘ্যে অর্ঘ্যসহিতে। অর্ঘ্যঞ্চৈকমিত্যর্থঃ এবং ষোড়শ॥ ৪৬॥ অর্ঘ্যাদীনি পঞ্চ গন্ধাদয়শ্চ পঞ্চ ইত্যেব দশ॥ ৪৭॥ ত্রিবিধা উপচারাণাং ষোড়শাদিনা ভেদত্রয়েণ ত্রিপ্রকারাঃ॥ ৪৮॥

অত্যুত্তম সুখ ভোগ হইয়া থাকে। ৪৩। (অধিক কি বলিব,) শ্রীকৃষ্ণের উদ্দেশে বসন-ভূষণ সমর্পণ করিলে যে ফলপ্রাপ্তি হইয়া থাকে, ইতিপূর্ব্বে উপচারপ্রদানবিষয়ে তত্তাবৎ লিখিত হইয়াছে। ৪৪। (ফলকথা) ভগবানের অর্চ্চনা সম্বন্ধে নানাপ্রকার উপচার দৃষ্ট হইয়া থাকে, তান্ত্রিক বৈষ্ণবগণ সামর্থ্যানুসারে তদ্বৈষম্যের ব্যবস্থা স্থির করিয়া দিয়াছেন। ৪৫।

নানাবিধ উপচার। তন্ত্র গ্রন্থে উল্লেখ আছে;—আসন, স্বাগত, অর্ঘ্য, পাদ্য, আচমনীয়, মধুপর্ক, আচমন, স্নান, বসন, আভরণ, সুগন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দনা, অর্চ্চনায় এই সকল ষোড়শোপচার * প্রয়োগ করিবে। ৪৬। অর্ঘ্য, পাদ্য, আচমন, মধুপর্ক, পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই দশটী উপচারের নাম দশোপচার। ৪৭। গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য পর্য্যন্ত এই উপচারকে পঞ্চোপচার বলে। পূজা ত্রিবিধ; (ফলকথা,) ইহার মধ্যে যে কোনও প্রকারের একটী না একটীর অনুষ্ঠান করা কর্ত্তব্য। ৪৮।

---

* এই ষোড়শপচার ভিন্ন-ব্যবহারে তিনপ্রকার দৃষ্ট হইয়া থাকে।

প্রদীপশ্চৈব নৈবেদ্যং পুষ্পাঞ্জলিরতঃ পরং। প্রদক্ষিণং নমস্কারো বিসর্গশ্চৈব ষোড়শ ॥৪৯॥
কেচিচ্চাহুশ্চতুঃষষ্টিমুপচারান্মমার্চ্চনে। তেষ্বনেকপ্রকারেষু প্রকারৈকোঽত্র লিখ্যতে॥ ৫০॥
সুখসুপ্তস্য কৃষ্ণস্য প্রাতরাদৌ প্রবোধনং। বেদঘোষণবীণাদিবাদ্যৈর্বন্দিস্তবৈরপি ॥ ৫১ ॥
জয়শব্দা নমস্কারা মঙ্গলারাত্রিকং ততঃ। আসনং দন্তকাষ্ঠঞ্চ পাদ্যার্ঘ্যাচমনান্যপি ॥
ততশ্চ মধুপর্কাঢ্যাচমনং পাদুকার্পণং। অঙ্গমার্জ্জনমভ্যঙ্গোদ্বর্ত্তনে স্নপনং জলৈঃ ॥
ক্ষীরেণ দধ্না হবিষা মধুনা সিতয়া তথা। মন্ত্রপূতৈঃ পুনর্ব্বার্ভিরঙ্গবাসোঽথ বাসসী ॥

ষোড়শস্বেব মতান্তরং লিখতি আসনেতি। পুষ্পস্য পুষ্পাঞ্জলেশ্চৈক্যেন ষোড়শ॥ ৪৯॥ অনেকে প্রকারা ভেদা যেষাং তেষু উপচারেষু মধ্যে একঃ প্রকারোঽত্র গ্রন্থে লিখ্যতে॥ ৫০॥ প্রবোধনমিত্যাদিভিঃ প্রথমান্তপদৈরুপচারাঃ। তত্রৈকবচনান্তেনৈকঃ, দ্বন্দ্বসমাসে দ্বিবচনান্তেন দ্বৌ, বহুবচনান্তেন চ বহবঃ। তৃতীয়ান্তপদৈশ্চ প্রায় উপচারস্য সাধনং ক্বচিচ্চ তস্য ভেদোঽপি জ্ঞেয়ঃ। মধুপর্কেণাঢ্যং সহিতমাচমনমিতি তয়োর্দ্বিত্বেঽপি মধুপর্কানন্তরমাচমনস্যাবশ্যাপেক্ষ্যত্বাদৈক্যাভিপ্রায়েণৈক এবোপচারঃ। অঙ্গমার্জ্জনং পর্য্যুষিতানুলেপনাদিরূপশ্রীগাত্রমলোত্তারণং। অভ্যঙ্গস্তৈলাভ্যঞ্জনং। তৈলমর্দ্দনমিতি বা পাঠঃ। অভ্যঙ্গো বিশেষতঃ তৈলাদিনা শ্রীমস্তকাভ্যঞ্জনং। উদ্বর্ত্তনঞ্চ তৈলাদ্যপসারণং। জলৈঃ সুগন্ধপুষ্পোদকাদিভিঃ। স্নপনস্যৈকবিধত্বেঽপি জলভেদেন ক্ষীরাদিভেদেন চ সপ্তধা সপ্তোপচারা ইত্যেবং শিষ্টসম্প্রদায়াচারোঽনুসর্ত্তব্যঃ। অঙ্গবাসঃ শ্রীমদঙ্গজলমার্জ্জনার্থং বস্ত্রং। বাসসী পরিধানোত্তরীয়ে। দৃষ্টেঃ দুষ্টলোকাবলোকস্য অপসারণং সর্ষপাদিভির্নির্মঞ্চনেনোত্তারণং। শয়নোত্তমং দিব্যশয্যা। মহারাজোপচারান্ লিখতি দিব্যবস্ত্রানীত্যাদিনা আদর্শ ইত্যন্তেন। দিব্যানি বিচিত্রাণি কঞ্চুকোষ্ণীষাদিরূপাণি বহূনি। মণ্ডপে বহিঃ প্রাসাদে আগমনমেবোৎসবঃ বিশেষতোঽত্রোৎ-

---

কোনও কোনও স্থানে—আসন, আবাহন, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নান, বসন, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, পুষ্পাঞ্জলি, প্রদক্ষিণ, নমস্কার ও বিসর্জ্জন এই ষোড়শোপচারের ব্যবহার দেখিতে পাওয়া যায় ‡। ৪৯। (যাহা হউক,) কেহ কেহ আমার অর্চ্চনা সম্বন্ধে চতুঃষষ্টি উপচারের ব্যবস্থা করিয়া থাকেন; যদিও তাহা অনেকপ্রকার, তন্মধ্যে একপ্রকার উপচারের বিষয় এই গ্রন্থে লিখিত হইতেছে। ৫০। সুখসুপ্ত ভগবান্ শ্রীহরির অগ্রে প্রাতঃকালে বেদগান, বীণাবাদন, ও স্তুতিপাঠকদিগের স্তব দ্বারা প্রবোধনই প্রথম উপচার। জয়শব্দ ২ নমস্কার ৩ মঙ্গলারতি ৪ আসন ৫ দন্তকাষ্ঠ ৬ পাদ্য ৭ অর্ঘ্য ৭ আচমন ৯ মধুপর্কসহিত আচমন ১০ পাদুকাসম্প্রদান ১১ অনুলেপনাদি দ্বারা গাত্রমার্জ্জন ১২ অভ্যঙ্গ ১৩ তৈলাপসারণ ১৪ সুগন্ধি-পুষ্পোদকে স্নান ১৫ দুগ্ধস্নান ১৬ দধিস্নান ১৭ ঘৃতস্নান ১৮ মধুস্নান ১৯ শর্করাস্নান ২০ সমন্ত্রজলপ্রোক্ষণস্নান ২১ অঙ্গনির্মঞ্চন ২২ উত্তরীয় সহ পরিধেয়বসন ২৩

---

‡ যদিও গণনায় এই উপচার ১৭টী, কিন্তু পুষ্প ও পুষ্পাঞ্জলি ভিন্ন নহে বলিয়া, ষোড়শপচারের বৈলক্ষণ্য ঘটিতেছে না।

উপবীতং পুনশ্চাচমনীয়ং চানুলেপনং। ভূষণং কুসুমং ধূপো দীপো দৃষ্ট্যপসারণং॥
নৈবেদ্যং মুখবাসস্তু তাম্বূলং শয়নোত্তমং। কেশপ্রসাধনং দিব্যবস্ত্রাণি মুকুটং মহৎ॥
দিব্যগন্ধানুলেপশ্চ কৌস্তুভাদিবিভূষণং। বিচিত্রদিব্যপুষ্পাণি মঙ্গলারাত্রিকং ততঃ॥
আদর্শঃ মুখযানেন মণ্ডপাগমনোৎসবঃ। সিংহাসনোপবেশশ্চ পাদ্যাদ্যৈঃ পুনরর্চ্চনং॥
পুনর্ধূপাদ্যর্পণেন প্রাগ্বন্নৈবেদ্যমুত্তমং। ততশ্চ দিব্যতাম্বূলমহানীরাজনং পুনঃ॥
চামরব্যজনচ্ছত্রং গীতং বাদ্যঞ্চ নর্ত্তনং। প্রদক্ষিণং নমস্কারঃ স্তুতিঃ শ্রীচরণাব্জয়োঃ॥
তয়োশ্চ স্থাপনং মূর্দ্ধ্নি তীর্থনির্ম্মাল্যধারণং। উচ্ছিষ্টভোজনং পাদসেবোদ্দেশোপবেশনং।
নক্তং শয্যাবিনির্ম্মাণং দিব্যৈর্ব্বিবিধসাধনৈঃ। হস্তপ্রদানং শয়নস্থানাগমমহোৎসবঃ॥
শয্যোপবেশনং শ্রীমৎপাদক্ষালনপূর্ব্বকং। গন্ধপ্রসূনতাম্বূলার্পণনীরাজনোৎসবঃ।
শেষপর্য্যঙ্কশয়নপাদসংবাহনাদিকং। ক্রমেণৈতে চতুঃষষ্টিরুপচারাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৫২॥
সদাচারানুসারেণ যদ্যদাচর্য্যতে স্বয়ং। নিত্যকর্ম্মাদিকং তত্তৎ শ্রীকৃষ্ণস্যাপি কারয়েৎ॥৫৩॥

সবপ্রয়োগেণ গীতবাদ্যাদিপূর্ব্বকতা সূচিতা। পাদ্যাদীনাং পৃথক্‌ত্বেন পুনর্যুগপদর্পণাদেক্যেনৈবেক এবোপচারঃ। ক্বচিচ্চ নিত্যসাহচর্য্যাভাবাৎ পৃথগুপচারনির্দ্দেশ ইতি দিক্‌॥ ৫০॥

পাদয়োঃ শ্রীচরণাব্জয়োঃ যা সেবা সংবাহনাদিরূপা তদুদ্দেশেনোপবেশনমুপবেশঃ। বিবিধৈঃ সুগন্ধিচূর্ণাদিসুবাসিতকোমলবস্ত্রাস্তঃপুষ্পবিরচনাদিভিঃ সাধনৈঃ। হস্তপ্রদানং শয়নস্থানে শুভাগমনার্থং হস্তযোজনং। শয্যায়ামুপবেশনং। শ্রীমৎপাদয়োঃ ক্ষালনং পূর্ব্বমাদৌ যস্য তাদৃশং। গন্ধাদ্যর্পণেন নীরাজনরূপোৎসবঃ। ৫২॥

তত্র তত্রানুক্তমপ্যুচারাদিকং শিষ্টাচারদৃষ্ট্যা লিখতি সদাচারেতি দ্বাভ্যাং। যদ্যন্নিত্যকর্ম্ম আদিশব্দাজ্জন্মাদিকৃত্যঞ্চ। তথা তত্র তত্র কালদেশাদিভেদেন যদ্যথা স্বয়ং ক্রিয়তে তচ্চ সর্ব্বং॥৫৩

যজ্ঞোপবীত ২৪ পুনরাচমন ২৫ অনুলেপন ২৬ ভূষণ ২৭ পুষ্প ২৮ ধূপ ২৯ দীপ ৩০ দুষ্টজনের দৃষ্টি অপসারণ ৩১ নৈবেদ্য ৩১ মুখবাস ৩৩ তাম্বূল ৩৪ সুন্দর শয্যা ৩৫ কেশপ্রশাধন ৩৬ সুন্দর বসন ৩৭ দিব্য মুকুট ৩৮ উত্তম গন্ধানুলেপন ৩৯ কৌস্তুভাদি বিভূষণ ৪০ সুরম্য দিব্যকুসুম ৪১ মঙ্গল আরাত্রিক ৪২ দর্পণ ৪৩ সুন্দরযানে আরোহণ করাইয়া মণ্ডপগমনোৎসব ৪৪ সিংহাসনোপরি সমুপবেশন ৪৫ পাদ্য প্রভৃতি দ্বারা পুনর্ব্বার অর্চ্চনা ৪৬ পুনর্ব্বার ধূপ সংপ্রদান দ্বারা পূর্ব্ববৎ নৈবেদ্যাদি সমর্পণ ৪৭ পরে পুনরায় তাম্বূল প্রদানান্তে মহানীরাজনক্রিয়া ৪৮ চামর ব্যজন ছত্র ৪৯ গীত ৫০ বাদ্য ৫১ নৃত্য ৫২ প্রদক্ষিণ ৫৩ নমস্কার ৫৪ শ্রীপাদপদ্মসমীপে স্তুতি ৫৫ শ্রীকৃষ্ণের শ্রীচরণ মস্তকে ধারণ ৫৭ শিরোদেশে নির্ম্মাল্য ধারণ ৫৭ উচ্ছিষ্ট গ্রহণ ৫৮ পাদসেবার উদ্দেশে উপবেশন ৫৯ নিশাসময়ে সুন্দর সুগন্ধ চূর্ণাদি সুবাসিত কোমল বসনান্তরে পুষ্প প্রকীর্ণ করিয়া শয্যারচনা ৬০ শয্যাস্থানে শুভাগমনার্থ হস্তসংযোজন ৬১ শয্যাস্থানে আগমন জন্য মহোৎসব ৬২ ভগবানের পাদপ্রক্ষালনপূর্ব্বক শয্যায় তাঁহার উপবেশন করণ, গন্ধপুষ্প ও তাম্বূলাদি প্রদানপূর্ব্বক নীরাজন ৬৩ অবশেষে পর্য্যঙ্কশায়ীকরণ ও পাদপদ্ম সংবাহন ৬৪ যথাক্রমে এই চতুঃষষ্টি উপচারের বিষয় বর্ণিত হইল।৫২। (ক্রমশঃ)

অতোঽত্রালিখিতং যদ্‌যদুপচারাদিকং পরং। সর্ব্বং তত্তচ্চ জানীয়াল্লোকরীত্যনুসারতঃ ॥৫৪॥
উক্তানাঞ্চোপচারাণামভাবে ভগবান্ সদা। ভক্তেনার্চ্চ্যো যথালব্ধৈস্তৈরন্তর্ভাবিতৈরপি ॥৫৫॥

অথালব্ধসমাধানং।

তন্ত্রে।—উপচারোক্তবস্তূনামুপসংগ্রহণে বিধিঃ। দ্রব্যাণামপ্য-াবে তু পুষ্পাক্ষতযবৈঃ ক্রিয়াঃ ॥৫৬॥
অর্চ্চোপচারবস্তূনামভাবে সমুপস্থিতে। নির্ম্মলেনোদকেনৈব দ্রব্যসম্পূর্ণতা ভবেৎ ॥ ৫৭ ॥
উপচারেষু দ্রব্যেষু যৎকিঞ্চিদ্দুষ্করং বুধঃ। তৎ সর্ব্বং মনসা বুদ্ধ্যা পুষ্পক্ষেপেণ কল্পয়েৎ ॥ ৫৮ ॥

অতোঽস্মাদ্ধেতোঃ পরমপ্যুপচারাদিকং অত্র গ্রন্থে যদ্যল্লিখিতং নাস্তি তচ্চ স্নানাৎ পূর্ব্বং কেশপ্রসাধনং স্নানার্থঞ্চ ধৌতবস্ত্রপরিধাপনং ভোজনে চাদৌ পীঠাদ্যর্পণং ভোজনান্তে চ জলগণ্ডূষার্পণং সুগন্ধিতাম্বূলমিত্যেবমাদিকং নিত্যকর্ম্ম, তথা জন্মদিনে তিলস্নানাদি তথা নবান্নাদি কালে নবান্নপ্রাশনাদিকং চেত্যেবমাদিকং মাসাদিকৃত্যং জানীয়াৎ। তচ্চ লোকস্য রীতের্ব্ব্যবহারক্রমস্যানুসারতঃ। শীতকালে উষ্ণদ্রব্যং শীতনিবারণার্থং তদ্যোগ্যবস্ত্রং জলদঙ্গারস্থাল্যাদিকমুষ্ণকালে চ শীতলং দ্রব্যং হিমাদিকঞ্চ সমর্পয়েৎ। ভোজনানন্তরং ক্ষণং সুখবিশ্রামার্থং শয্যাবিস্তারণাদিবিবিক্ততাপাদনং তত্রাপি চ শীতকালেঽল্পকালং গ্রীষ্মে চ বহুকালম্। উত্থাপনানন্তরঞ্চ পাদ্যাচমনীয়াদিকং কিঞ্চিদ্ভক্ষ্যপেয়াদিকঞ্চার্প্যমিত্যাদি শিষ্টাচারাদ্বোদ্ধব্যমিত্যর্থঃ ॥ ৫৪ ॥ নমু পঞ্চস্বপ্যুপচারেষু যদি কশ্চিন্ন সিধ্যেত্তর্হি কিং কার্য্যমিত্যপেক্ষায়াং লিখতি উক্তানামিতি শাস্ত্রপ্রতিপাদিতানাং। তৈরুপচারৈঃ যথালব্ধৈঃ যেঽনায়াসতঃ প্রাপ্তাস্তৈর্ব্বে চালব্ধাস্তৈরন্তর্ভাবিতৈর্মানসিকৈরিত্যর্থঃ ॥৫৫॥

উপসংগ্রহণে সমাধানে বিধিরয়ং। তমেবাহ দ্রব্যাণামিতি। পুষ্পাদিভিরপি ক্রিয়াঃ পূজাকর্ম্মাণি ভবন্তি। তত্তদ্দ্রব্যস্থানে পুষ্পাদিনৈবার্চ্চয়েদিত্যর্থঃ ॥৫৬॥ পুষ্পাদ্যভাবে চ জলেনৈব সিধ্যন্তীত্যাহ অর্চ্চেতি ॥৫৭॥ জলাভাবে চ তত্তদ্ধ্যানেনৈব সিধ্যন্তীত্যাহ উপচারেষ্বিতি। মনসা বা বুদ্ধির্ভাবনা

এই গ্রন্থে যে যে উপচারেরর কথা বলা হয় নাই, তাহা শিষ্টাচারানুসারে প্রতিপালন করিতে হইবে; বাস্তবিক শিষ্টজনে ভগবান্ শ্রীকৃষ্ণের যে সকল নিত্যকর্ম্ম এবং জন্মাদিকার্য্য * স্বয়ং করিয়া থাকেন, সদাচারের বশবর্ত্তী হইয়া তাহা পালন করা কর্ত্তব্য। ৫৩। যাহা হউক, এখানে যে সকল উৎকৃষ্ট উপচারাদি বর্ণিত হইল না, তাহা লোকব্যবহারানুসারে অনুষ্ঠিত হইবে।৫৪। যদি উক্তপ্রকার উপচার সকলের মধ্যে কখনও কোনও দ্রব্যের অভাব উপলব্ধি হয়, তাহা হইলে ভক্তলোকে মানসকল্পিত ও অনায়াসাসাদিত দ্রব্যসমূহে ভগবান্‌কে প্রসন্ন করিতে পারিবেন। ৫৫।

অতঃপর উপচারের অলাভে তৎসমাধান। তন্ত্রে বর্ণনা;—উপচার বস্তুসংগ্রহের বিধি এই প্রকার, যদি দ্রব্যসমূহের অভাব হয়, তাহা হইলে পুষ্প, আতপতণ্ডুল এবং যবাদি দ্বারা ক্রিয়া সকল সম্পন্ন হইতে পারে।৫৬। পূজোপহারার্থ বস্তুসমূহের অভাব ঘটিলে বিশুদ্ধ জলসংযোগে সকল দ্রব্যের পরিপূর্ণতা ঘটিয়া থাকে। ৫৭। উপচার-দ্রব্য-সমূহের মধ্যে যেটী নিতান্ত

---

* নিত্যকর্ম্ম যথা স্নানের পূর্ব্বে কেশ প্রসাধন, স্নানার্থে ধৌতবস্ত্র পরিধাপন, ভোজনকালে পীঠাদি সমর্পণ, ভোজনান্তে জলগণ্ডূষার্পণ, তাম্বূল প্রদান প্রভৃতি। জন্মদিনকৃত্যে তিলস্নান, নবান্নকালে নবান্নপ্রাশনাদি।

এতেষু চোপচারেষু বিত্তশাঠ্যবিবর্জ্জিতং। যদসম্পন্নমেতেষাং মনসা তু প্রকল্পয়েৎ॥ ৫৯॥

অগস্ত্যসংহিতায়াং তুলসীমাহাত্ম্যে।—

যদ্যন্ন্যূনং ভবত্যেব রামারাধনসাধনং। তুলসীদলমাত্রেণ যুক্তং তৎ পরিপূর্য্যতে॥ ৬০॥

একাদশস্কন্ধে চ শ্রীভগবদুদ্ধবসংবাদে।—

দ্রব্যৈঃ প্রসিদ্ধৈর্ম্মদ্যাগঃ প্রতিমাদিম্বমায়িনঃ। ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি॥

ততোঽনুজ্ঞাং প্রভোঃ প্রার্থ্য দণ্ডবত্তং প্রণম্য চ। সায়ং ভুক্ত্বা যথান্যায়ং সুখং স্বপ্যাৎ প্রভুং স্মরন্॥৬১

আগমে।— অথ শয়নবিধিঃ।

নির্গুণো নিষ্কলশ্চৈব বিশ্বমূর্ত্তিধরোঽব্যয়ঃ। অনাদ্যন্তে সদানন্তে ফণামণিবিশোভিতে।

ক্ষীরাব্ধিমধ্যে যঃ শেতে স মাং রক্ষতু মাধবঃ॥ সবাহ্যাভ্যন্তরং দেহমাপাদতলমস্তকং।

সর্ব্বাত্মা সর্ব্বশক্তিশ্চ পাতু মাং গরুড়ধ্বজঃ॥ ইতি রক্ষাং পুরস্কৃত্য স্বপেদ্বিষ্ণুমনুস্মরন্॥

কিঞ্চান্যত্র। --

অদ্ভিঃ শৌচবিধিং বিধায় চরণৌ প্রক্ষাল্য চোপস্পৃশেদ্দ্বিঃ সংস্মৃত্য জগৎপতিং ব্রজপতিং শ্রীবল্লবীবল্লভং রাধায়াঃ সুচিরং পিবন্তমমৃতাসারায়মাণং গিরং বস্ত্রেণাঙ্ঘ্রিযুগং প্রমৃজ্য শয়নমাসাদ্য সদ্যঃ স্বপেৎ॥৬২

তস্মা যদ্বা যৎ পুষ্পং তস্য মনসৈব প্রক্ষেপেণ কল্পয়েদিত্যর্থঃ॥৫৮॥ কিন্তু তত্র বিত্তশাঠ্যং ন কার্য্যমিত্যাহ এতেম্বিতি। বিত্তশাঠ্যং বিত্তে সতি গৌণোপচারেঽকিঞ্চনবৎপ্রবৃত্তিস্তদ্বিবর্জ্জিতং যথা স্যাত্তথা প্রকল্পয়েৎ। বিবর্জ্জিত ইতি প্রথমান্তো বা পাঠঃ॥৫৯॥ যুক্তং সম্বদ্ধং সৎ॥৬০॥ প্রসিদ্ধৈঃ প্রকর্ষেণ সিদ্ধৈঃ সুশোভনৈরিত্যর্থঃ। যদ্বা প্রখ্যাতৈরেব গন্ধচন্দনপুষ্পাদিভিঃ। অতস্তত্তদ্বিশেষ-নির্দ্দেশেনালমিত্যর্থঃ। অমানিনঃ নিষ্কামস্য ভক্তস্য চেতি সম্বন্ধঃ। যদ্বা শাঠ্যহীনস্য জনস্যেতি তত্র বিত্তশাঠ্যমবশ্যং বর্জ্জয়েদিত্যর্থঃ। ভক্তস্য তু যথালব্ধৈঃ যথোপপন্নৈঃ। যত্তু চন্দনাদি সর্ব্বথা ন লভ্যতে তস্য হৃদি ভাবেন ভাবনয়া॥ ৬১॥

দুর্ল্লভ হইবে, পণ্ডিত লোকে মনে মনে ভাবনা করিয়া পুষ্প বিনিক্ষেপে সেই দ্রব্যের কল্পনা করিয়া লইবেন। ৫৮। (ফল কথা) বিত্তশাঠ্য পরিহার করিয়া, পূর্ব্বোক্ত উপচারের মধ্যে যাহা অসম্পূর্ণ ঘটিবে, তাহা মনে মনে কল্পনা করিয়া লইবেন। ৫৯। অগস্ত্য-সংহিতায় তুলসী-মাহাত্ম্যে বর্ণনা এই যে, হে রামচন্দ্র! আরাধনা-সাধনায় যে সামগ্রীর ন্যূনতা লক্ষিত হইবে, তুলসীদল মাত্রে সংযুক্ত হইয়া তাহার অভাব পূরণ ঘটিতে পারিবে। ৬০। শ্রীমদ্ভাগবতের একাদশস্কন্ধে ভগবান্ ও উদ্ধবের কথোপকথনে প্রকাশ;—যদি কোনও উপচার সংগৃহীত না হয়, তাহা হইলে নিষ্কাম ভক্ত জনে যথালব্ধ দ্রব্য ও হৃদয়স্থিত ভাবসংযোগে মনোমধ্যে অভাব দ্রব্যের কল্পনা করিয়া, প্রতিমাদিতে আমার অর্চ্চনা করিলে তাহাই পর্য্যাপ্ত বলিয়া প্রসিদ্ধি ঘটিবে। অনন্তর প্রভুর নিকটে অনুমতিপ্রার্থী হইয়া, দণ্ডবৎ প্রণিপাত করিয়া, সায়ংকালে যথাযোগ্য ভোজন সম্পাদন পূর্ব্বক তাঁহাকে স্মরণ করিতে করিতে সুখে শয্যায় শয়ন করিবে। ৬১।

কিঞ্চ।—

রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নং তস্য নশ্যতি॥

অপি চ স্কান্দপাদ্ময়োঃ।—

ঋতুকালাভিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ। স সদা ব্রহ্মচারীহ বিজ্ঞেয়ঃ সন্ গৃহাশ্রমী॥৬৩॥

ঋতুঃ ষোড়শ যামিন্যশ্চতস্রস্তাসু গর্হিতাঃ। পুত্রাস্তাস্বপি যুগ্মাস্তু অযুগ্মাঃ কন্যকাঃ স্মৃতাঃ॥৬৪॥

ত্যক্ত্বা চন্দ্রমসং দুষ্টং মঘাং মূলাং বিহায় চ। শুচিঃ সন্নিবিশেৎ পত্নীং পুন্নামর্ক্ষে বিশেষতঃ॥

শুচিঃ পুত্রং প্রসূয়েত পুরুষার্থপ্রসাধকং॥ ৬৫॥

দ্বিরুপস্পৃশেৎ বারদ্বয়মাচমনং কুর্য্যাৎ। অমৃতস্য সুধায়াঃ আসারঃ ধারাসম্পাতঃ তদ্বদা-চরন্তীং গিরং সুচিরং পিবন্তং সংস্মৃত্য। শয়নং শয্যাং॥ ৬২॥ ইহ গৃহাশ্রমেঽপি স এব সন্ উত্তমঃ গৃহাশ্রমী চ গৃহী বিজ্ঞেয়ঃ॥ ৬৩॥ তাসু অগর্হিতাস্বপি যামিনীষু মধ্যে যুগ্মাঃ ঋতুদর্শনাৎ পরা ষষ্ঠ্যাদ্যা যামিন্যঃ পুত্রাঃ পুত্রোৎপাদিকা ইত্যর্থঃ॥ ৬৪॥ পুন্নামর্ক্ষং নক্ষত্র-দশকং। তদুক্তং বার্হস্পত্যে। সর্পাচ্চতুষ্কং রৌদ্রঞ্চ যাম্যং ত্বাষ্ট্রত্রিকং তথা। বৈশ্বেন্দ্র-বাসবং পৌষ্ণং স্ত্রীলিঙ্গাঃ সমুদাহৃতাঃ। সৌম্যবারুণমূলানি নপুংসকদিনান্যপি। শেষাঃ পুংলিঙ্গ-তাং প্রাপ্তাস্তারাঃ সুরশচীপত ইতি। অতোঽশ্বিনী কৃত্তিকা রোহিণী পুনর্ব্বসু পুষ্যা হস্তা-

---

অতঃপর শয়নবিধি। তন্ত্রে বর্ণনা;—যিনি নির্গুণ, নিষ্কল, আদ্যন্তবিহীন, অব্যয় ও বিশ্ব-মূর্ত্তিধারী, যে দেবতা ফণিফণা-বিশোভিত অনন্ত শয্যায় ক্ষীরসমুদ্রে ঘোর-নিদ্রাশায়ী, সেই রক্ষাকর্ত্তা মধুসূদন আমাকে রক্ষা করুন। সেই সর্ব্বাত্মা, সর্ব্বশক্তিমান্, গরুড়বাহন, কেশব আমার অভ্যন্তর এবং আপাদতলমস্তক বহিঃপ্রদেশ রক্ষা করুন, এইরূপ প্রার্থনা করিয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক শয়ন করিবে। অন্যত্র প্রকাশ;—জলের দ্বারা শৌচবিধি সমাধা করিয়া, পাদদ্বয় প্রক্ষালন ও আচমনপূর্ব্বক জগৎপতি প্রজাপতি গোপীপতি শ্রীকৃষ্ণ সুদীর্ঘকাল শ্রীরাধিকার অমৃতধারাবর্ষী বাক্য পান করিতেছেন এইরূপ স্মরণ করিয়া, বস্ত্র দ্বারা তদীয় পাদপদ্ম মার্জ্জন পূর্ব্বক তৎক্ষণাৎ শয্যায় গমন করিয়া শয়ন করিবে। ৬২। শাস্ত্রে আরও উক্ত হইয়াছে;—যে ব্যক্তি প্রত্যহ শয়নসময়ে শ্রীরামচন্দ্র, কার্ত্তিকেয়, হনূমান্, বিনতানন্দন ও বৃকোদরকে স্মরণ করেন, তাহার নিখিল দুঃস্বপ্ন বিনষ্ট হইয়া থাকে। স্কন্দ ও পদ্মপুরাণে এরূপ লিখিত আছে;—যে ব্যক্তি ঋতুকালে ভার্য্যাভিগমন করেন এবং যিনি আপন স্ত্রীতে অনুরাগী, গৃহস্থাশ্রমী হইলেও তাঁহাকে সতত ব্রহ্মচারী বলিয়া জানিতে হইবে। ৬৩। 'স্ত্রী-লোকের ঋতুকাল ষোড়শ রাত্রি পর্য্যন্ত স্থায়ী, তন্মধ্যে প্রথম চারি রাত্রি নিতান্ত গর্হিত; এতদ্ভিন্ন যুগ্মরাত্রে সহবাস ঘটিলে পুত্র ও অযুগ্মে কন্যার উৎপত্তি হইয়া থাকে, ইহাই শাস্ত্রের অভিপ্রায়। ৬৪। অশুদ্ধ চন্দ্র, মঘা ও মূলা নক্ষত্র পরিত্যাগ পূর্ব্বক পুরুষপরিচায়ক দশটী

খ অশ্বিনী, কৃত্তিকা, রোহিণী, পুনর্বসু, পুষ্যা, হস্তা, অনুরাধা, শ্রবণা, পূর্ব্বভাদ্রপদ এ উত্তরভাদ্রপদ এই দশটী নক্ষত্র পুরুষপরিচায়ক।

বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসংবাদে।—

কৃতপাদাদিশৌচশ্চ ভুক্ত্বা সায়ং ততো গৃহী। গচ্ছেচ্ছয্যামস্ফুটিতামেকদারুময়ীং নৃপ।
নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ। ন চ জন্তুময়ীং শয্যামধিতিষ্ঠেদনাস্তৃতাং॥৬৬
প্রাচ্যাং দিশি শিরঃ শস্তং যাম্যায়ামথবা নৃপ। সদৈব স্বপতঃ পুংসো বিপরীতন্তু রোগদং॥
ঋতাবুপগমঃ শস্তঃ স্বপত্ন্যামবনীপতে। পুন্নামর্ক্ষে শুভে কালে জ্যেষ্ঠযুগ্মাসু রাত্রিষু॥ ৬৭॥
নাস্নাতান্তু স্ত্রিয়ং গচ্ছেন্নাতুরাং ন রজস্বলাং। নানিষ্টাং ন প্রকুপিতাং নাপ্রশস্তাং ন গুর্ব্বিণীং॥৬৮
নাদক্ষিণাং নান্যকামাং নাকামাং নান্যযোষিতং। ক্ষুৎক্ষামামতিভুক্তাং বা স্বয়ঞ্চৈভির্গুণৈর্যুতঃ॥৬৯
স্নাতঃ স্রগ্‌গন্ধধৃক্ প্রীতো নাধ্যাতঃ ক্ষুধিতোঽপি বা। সকামঃ সানুরাগশ্চ ব্যবায়ং পুরুষো ব্রজেৎ॥৭০
চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা। পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ॥
তৈলস্ত্রীমাংসসম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্। বিণ্মূত্রভোজনং নাম প্রযাতি নরকং নৃপ॥
নান্যযোনাবযোনৌ বা নোপযুক্তৌষধস্তথা। দেবদ্বিজগুরূণাঞ্চ ব্যবায়ী নাশ্রমী ভবেৎ॥
চৈত্যচত্বরতীর্থেষু নৈব গোষ্ঠে চতুষ্পথে। নৈব শ্মশানোপবনে সলিলেষু মহীপতে॥
প্রোক্তপর্ব্বস্বশেষেষু নৈব ভূপাল সন্ধ্যয়োঃ। গচ্ছেদ্ব্যবায়ং মতিমান্ ন মূত্রোচ্চারপীড়িতঃ॥৭১

নুরাধা শ্রবণা পূর্ব্বভাদ্রোত্তরভাদ্রপদানীতি দশ॥ ৬৫॥ শয্যাং খট্বাং। অস্ফুটিতাং অবিদীর্ণাং॥ ৬৬॥ ঋতুদর্শনাৎ পরাসু ষষ্ঠ্যাদ্যাসু যুগ্মাসু রাত্রিষু তত্রাপি জ্যেষ্ঠাসু উত্তরোত্তর-শুভাসু॥ ৬৭॥ অস্নাতাং চাণ্ডালাদিস্পর্শেঽপ্যকৃতস্নানাং। রজস্বলাং চতুর্থরাত্রিপ্রভৃত্যনু-পরতরজসং। অনিষ্টাং সদ্যোনিবিষ্টাং। অপ্রশস্তাং পরিবাদাদিযুতাং॥ ৬৮॥ অদক্ষিণাম্ অননুকূলাং॥ ৬৯॥ আধ্যাতঃ অতিতৃপ্তঃ। সকামঃ রিরংসুঃ। সানুরাগঃ স্ত্রিয়াং প্রীতিমান্।

নক্ষত্রাবির্ভাবে পবিত্র হইয়া পত্নীতে উপগত হইলে, পুরুষার্থদায়ক পবিত্র পুত্রপ্রসব ঘটিয়া থাকে। ৬৫। বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসংবাদে বর্ণনা এই;—হে নৃপ! গৃহী ব্যক্তি পাদাদি-শৌচক্রিয়া সমাধা করিয়া, সায়ংভোজন সম্পাদন পূর্ব্বক শয়নার্থ অস্ফুটিতা দারুময়ী খট্বায় শয়ন করিবে। যে শয্যা সঙ্কীর্ণ, ভগ্ন, অসম, মলিন, অবিস্তৃত ও জন্তুময়, এরূপ শয়নে শয়ন করিতে নাই। ৬৬। হে নৃপতে! পুরুষের পক্ষে সর্ব্বদাই পূর্ব্ব বা দক্ষিণাস্য হইয়া শয়ন করাই বিধি, এতদ্ভিন্ন বিপরীত দিকে মস্তক রাখিয়া শয়ন করিলে, রোগ জন্মিয়া থাকে। হে রাজন্! ঋতুকাল উপস্থিত হইলে পুরুষ নক্ষত্রে, পবিত্রকালে ছয় রাত্রি অবধি উত্তরোত্তর যুগ্মরাত্রিতে স্বকীয় পত্নীতে উপগত হওয়াই প্রশস্ত। ৬৭। যে স্ত্রীর ঋতুস্নান হয় নাই—এমন কি, চণ্ডালাদি স্পর্শেও স্নান ঘটে নাই, যে স্ত্রীলোক পীড়িতা, রজস্বলা, সদ্যঃপ্রবিষ্টা, কুপিতা, পরিবাদযুক্তা ও আসন্নসত্বা, এরূপ স্ত্রীতে উপগত হইতে নাই। ৬৮। যে স্ত্রী প্রতিকূলাচারিণী, অন্যপুরুষাভিলাষিণী, অনিচ্ছাবতী, পরপত্নী, ক্ষুধাক্ষীণা ও গুরুভোজনক্লিষ্টা, তাহাতে নিজে এই সকল দোষে দোষী হইয়া রত হইবে না। ৬৯। পুরুষের পক্ষে কৃতস্নান, মাল্যগন্ধধারী, প্রীত, নিশ্চিন্ত, আহারতৃপ্ত, সকাম ও সানুরাগাবস্থায় স্ত্রীসহবাস করা কর্ত্তব্য। ৭০। হে নরেন্দ্র!

পরদারান্ ন গচ্ছেত মনসাপি কদাচন। কিমু বাচাস্থিবন্ধোঽপি নাস্তি তেষু ব্যবায়িনাং॥
মৃতো নরকমভ্যেতি হীয়তে চাত্র চায়ুষঃ। পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা॥
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসু বুধো ব্রজেৎ। যথোক্তদোষহীনেষু সকামেষ্বনৃতাবপি॥ ইতি॥১২॥
তেষাং ভক্ত্যুপযোগিত্বং ন স্যাদ্যদ্যপি কর্ম্মণাং। তথাপি কৃত উল্লেখো গৃহিত্বাবশ্যকং ততঃ॥
ইত্থং হি প্রাতরুত্থানাৎ প্রত্যহং শয়নাবধি। শ্রীকৃষ্ণং পূজয়ন্ সিদ্ধসর্ব্বার্থোঽস্য প্রিয়ো ভবেৎ॥১৩

অথ ভগবদর্চ্চনমাহাত্ম্যং।

শ্রীকূর্ম্মপুরাণে।

ন বিষ্ণ্বারাধনাৎ পুণ্যং বিদ্যতে কর্ম্ম বৈদিকং। তস্মাদনাদিমধ্যান্তং নিত্যমারাধয়েদ্ধরিং॥১৪॥

ব্যবায়ং সুরতং॥১০॥ অন্যযোনৌ গবাশ্বাদিযোনৌ। দেবদ্বিজগুরূণামাশ্রমী তেষাং গৃহে স্থিতঃ॥ পরদারেষু ব্যবয়িনামস্থিবন্ধোঽপি নাস্তি কেবলমনস্থিকৃমিকীটযোনিষু পরিবর্ত্ততে ইত্যর্থঃ॥ ১২॥ সিদ্ধাঃ সর্ব্বে অর্থাঃ পুরুষার্থা যস্য সঃ। অস্য শ্রীকৃষ্ণস্য প্রিয়শ্চ॥ ১৩॥

বিষ্ণোরারাধনাদন্যৎ বৈদিকং কর্ম্ম পুণ্যং নাস্তি বিষ্ণ্বারাধনমেব পুণ্যমিত্যর্থঃ। অনেন তদারাধনপুণ্যস্যাপ্যপরিচ্ছিন্নতাভিপ্রেতা। অতঃ পরিচ্ছিন্নস্বর্গাদিফলবৈদিকযজ্ঞাদিকর্ম্মতঃ শ্রৈষ্ঠ্যং

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও রবিসংক্রান্তি এই পঞ্চ পর্ব্বে যে পুরুষ স্ত্রী, তৈল ও মাংস-ভোগে প্রবৃত্ত হয়, তাহার বিষ্ঠামূত্র ভোজন নামক নরকে গতি হইয়া থাকে। যে ব্যক্তি গো, অশ্ব প্রভৃতি জন্তুতে, বা অন্য যোনিতে উপগত হয়,যে ব্যক্তি ঔষধ সেবনেও সুরতব্যাপারে নিরস্ত হয় না, যে ব্যক্তি দেবতা, ব্রাহ্মণ ও গুরুগৃহে বাস করিয়া স্ত্রীসহবাস করে, সে আশ্রমী হইতে পারে না। বুদ্ধিমান্ লোকে চৈত্য—অর্থাৎ গ্রামস্থ পূজ্যবৃক্ষ, যাগস্থান, তীর্থ, গোপ্রচারস্থান, চতুষ্পথ, শ্মশান, উপবন, এবং জলমধ্যে, অথবা পঞ্চপর্ব্বে, বা উভয়-সন্ধ্যা-সময়ে, কিংবা মল-মূত্র-পীড়ায় পীড়িতাবস্থায় সহবাস করিবে না। ১১। পরদারাভিগমনের কথা স্বতন্ত্র, কদাচ মনে মনেও তাহা চিন্তা করিতে নাই ; যাহারা পরস্ত্রীহরণে প্রবৃত্ত হয়, তাহারা অস্থিহীন কৃমিকীট-যোনিতে ভ্রমণ করিয়া থাকে। যে ব্যক্তি পরদাররত, মৃত্যুর পর তাহার নরকনিবাস ঘটে এবং ইহলোকে আয়ুঃক্ষয় হইয়া থাকে ; বাস্তবিক, পরদারানুরাগ উভয় লোকেই ভয়দায়ক। পণ্ডিত লোকে ইহা বিবেচনা করিয়া ঋতুমতী পত্নীতে উপগত হইয়া থাকেন ; ফল কথা, যথোক্ত দোষহীন সকামকালে ঋতু ভিন্ন সময়ে সহবাসের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে। ১২। যাহা হউক, যদিও এসকল কার্য্য ভক্তির উপযোগী নহে; তথাপি গৃহীর প্রয়োজনীয় বলিয়া এস্থলে উল্লিখিত হইল। ফল কথা, যে ব্যক্তি প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া, শয়ন পর্য্যন্ত প্রত্যহ শ্রীকৃষ্ণের পূজায় প্রবৃত্ত হন, তাঁহার সর্ব্বপ্রকার সিদ্ধি ঘটিয়া থাকে এবং তিনি ভগবানের প্রিয় হইয়া থাকেন। ১৩।

অতঃপর শ্রীভগবানের অর্চ্চনা-মাহাত্ম্য। কূর্ম্মপুরাণে প্রকাশ ; ভগবান্ বিষ্ণুর আরাধনা অপেক্ষা কোনও প্রকার পুণ্যজনক বৈদিক অনুষ্ঠান নাই ; তাৎপর্য্য, সে সকল এপ্রকার পুণ্য

তত্রৈব ভৃগ্বাদীন্ প্রতি সাক্ষাৎ শ্রীভগবদুক্তৌ।—

যে হর্চ্চয়িষ্যন্তি মাং ভক্ত্যা নিত্যং কলিযুগে দ্বিজাঃ। বিধিনা বেদদৃষ্টেন তে গমিষ্যন্তি তৎ পদং ॥৭৫

বিষ্ণুরহস্যে।—

শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি। তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদম্ ইতি।

তত্রৈব শ্রীভগবদুক্তৌ।—

ন মে ধ্যানরতাঃ সম্যগ্‌যোগিনঃ পরিতুষ্টয়ে। তথা ভবন্তি দেবর্ষে ক্রিয়াযোগরতা যথা ॥৭৬॥

ক্রিয়াযোগো হি মেঽভীষ্টঃ পরযোগাৎ স্বনুষ্ঠিতাৎ। তুষ্টির্মে সংভবেৎ পুংভির্ভক্তিমদ্ভিরমৎসরৈঃ॥৭৭

যেঽর্চ্চয়ন্তি নরা নিত্যং ক্রিয়াযোগরতাঃ স্বয়ং।
ধ্যায়ন্তি যে চ মাং নিত্যং তেষাং শ্রেষ্ঠাঃ ক্রিয়া মতাঃ ॥
ক্রিয়াহীনস্য দেবর্ষে তথা ধ্যানং ন মুক্তিদং।
ন তথা মাং বিদুর্ব্বিপ্রা ধ্যানিনস্তত্ত্বতো বিনা।
ক্রিয়াযোগরতাঃ সম্যক্ লভন্তে মাং সমাধিনা ॥ ৭৮ ॥

যুক্তমেবেতি ভাবঃ ॥ ৭৪ ॥ বেদদৃষ্টেন সদাচারানুসারেণেত্যর্থঃ। যদ্বা অকারপ্রশ্লেষতঃ অবেদ-দৃষ্টেন স্বচ্ছন্দকৃতেনাপীত্যর্থঃ। তৎ অনির্ব্বচনীয়ং শ্রীবৈকুণ্ঠাখ্যং ॥ ৭৫ ॥ মে মম পরিতুষ্টয়ে ন ভবন্তি। ক্রিয়া পূজাপরিচর্য্যাদিঃ তদ্রূপো যোগো ভক্তিযোগ ইত্যর্থঃ তদ্রতাঃ ॥ ৭৬ ॥ স্বনুষ্ঠিতাৎ সুষ্ঠুবিহিতাদপি পরযোগাৎ। পরো ভক্তিযোগাদন্যযোগঃ ধ্যানধারণাদিরূপস্তস্মাৎ মে মমাভীষ্টঃ প্রিয়তমঃ ॥ ৭৭ ॥ তত্ত্বতঃ ক্রিয়াযুক্তযোগান্ বিনা তদাশ্রয়েণৈব জানন্তীত্যর্থঃ। ক্রিয়াযোগস্য স্বতন্ত্র এবেত্যাশয়েনাহ ক্রিয়েতি। সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ ক্রিয়াযোগেন সুখং চিত্তস্থৈর্য্যং স্যাদতো মাং সম্যগ্‌লভন্তে ইত্যর্থঃ। তত্ত্বত ইতি পাঠে তত্ত্বজ্ঞানং বিনাপি মাং সম্যগ্‌লভন্তে।

জনক নহে। আমি সেই জন্য বলিতেছি, আদ্যন্তবিহীন শ্রীহরির নিত্যকাল আরাধনা করিবে। ৭৪। ঐ পুরাণেই ভৃগু প্রভৃতির প্রতি স্বয়ং ভগবান্ বলিয়াছেন;—হে দ্বিজগণ! কলিকালে যে সকল ব্যক্তি বেদবিহিত বিধানের অনুবর্ত্তী হইয়া, সতত ভক্তিসহকারে আমার অর্চ্চনা করে, তাহাদের কৈবল্য পদ লাভ হইয়া থাকে। ৭৫। (এইরূপ) বিষ্ণুরহস্যে প্রকাশ; যে সকল লোকে সংসারে বিষ্ণুসেবায় নিযুক্ত থাকে, তাহারা ভগবানের পরম আনন্দময় নিত্যধামে গমন করিয়া থাকে। ঐ গ্রন্থেই ভগবানের উক্তিতে উল্লেখ;—হে দেবর্ষে! ভক্তিযোগরত লোকে আমার যেরূপ তুষ্টি সাধন করে, জ্ঞানযোগী ব্যক্তি সেরূপ সন্তোষসাধনে সমর্থ নহে। ৭৬। যদিও সুন্দররূপে সমাহিত হইলে ধ্যানধারণা প্রভৃতি যোগকে উৎকৃষ্ট বলিয়া স্বীকার করিতে হয়, কিন্তু সর্ব্বাপেক্ষা ক্রিয়াযোগই আমার প্রিয়; এই কারণে ভক্তিমান্ পুরুষেরাই মৎসরতা বিসর্জ্জন দিয়া আমার সন্তোষ সাধনে প্রবৃত্ত হইয়া থাকে। ৭৭। যে সকল ব্যক্তি ক্রিয়াযোগে রত থাকিয়া আপনারা আমার অর্চ্চনায় প্রবৃত্ত হয় এবং নিয়ত আমার ধ্যানে তদ্গত হইয়া থাকে, আমি তাহাদের ক্রিয়াযোগকে শ্রেষ্ঠ বলিয়া মনে করি। হে দেবর্ষে! ক্রিয়াযোগযুক্ত ব্যক্তি স্থির চিত্তে সমাধি দ্বারা যেরূপ সম্যক্ আয়ত্ত করিতে

যথা হি কামদং নৃণাং মম তুষ্টিকরং পরং। ভক্তিযোগং মহাপুণ্যং ভুক্তিমুক্তিপ্রদং শুভং॥
সংবৎসরেণ যৎ পুণ্যং লভন্তে ধ্যানিনো মম। প্রাপ্যতে তদিহৈকাহাৎ ক্রিয়াযোগপরৈর্নরৈঃ॥
আদিপুরাণে।—ন কর্ম্মসদৃশং ধ্যানং ন কর্ম্মসদৃশং ফলং।
ন কর্ম্মসদৃশস্ত্যাগো ন কর্ম্মসদৃশস্তপঃ। ন কর্ম্মসদৃশং পুণ্যং ন কর্ম্মসদৃশী গতিঃ॥ ৭৯॥
নারদীয়ে।—
ভক্তিগ্রাহ্যো হৃষীকেশো ন ধনৈর্ধরণীস্থরাঃ। ভক্ত্যা সংপূজিতো বিষ্ণুঃ প্রদদাতি সমীহিতং॥৮০॥
জলেনাপি জগন্নাথঃ পূজিতঃ ক্লেশহা হরিঃ। পরিতোষং ব্রজত্যাশু তৃষার্ত্তঃ সুজলৈর্যথা॥
হরিভক্তিসুধোদয়ে।—

কৃতাপি দম্ভহাস্যার্থে সেবা তারয়তে জনান্।
বিফলা নান্যকর্ম্মেব কৃপালুঃ কো হ্যতঃ পরঃ॥ ৮১॥

অন্যৎ সমানং॥৭৮॥ যথা যথাবৎ। শুভং স্বতএব পরমফলরূপঞ্চ জানীহীতি শেষঃ। কর্ম্ম ভগবৎ-পরিচর্য্যাদি। ফলং স্বর্গাদি। গতিরাশ্রয়ঃ॥৭৯॥ সমীহিতং বাঞ্ছিতং॥৮০॥ বিফলা বৈগুণ্যেঽপি ন

পারে, ক্রিয়াবিহীন লোকের যোগাশ্রয়ে সেরূপ মুক্তিলাভ ঘটে না; এমন কি, ব্রাহ্মণেও ক্রিয়াযোগশূন্য হইয়া অর্চ্চনা করিলে, আমার স্বরূপতত্ত্ব উপলব্ধি করিতে পারে না। ৭৮। যেরূপ ভক্তিযোগ মনুষ্যের অভীষ্টদায়ক এবং আমার তুষ্টিকর, এরূপ আর কিছুই দেখা যায় না; বাস্তবিক, ভক্তিযোগই মহাপুণ্যদায়ক, ভোগমোক্ষবিধায়ক এবং পরমফলপ্রদায়ক। অন্য কথা কি, ধ্যানাবলম্বী ব্যক্তিগণ সংবৎসরকালে যে পুণ্য সঞ্চয় করেন, ভক্তে ক্রিয়াযোগের আশ্রয়ে একদিনে তাহা লাভ করিয়া থাকেন।

আদিপুরাণে লিখিত আছে;—ভগবানের সেবার মত ধর্ম্ম আর নাই, তাঁহার সেবা-কর্ম্ম-সদৃশ ফল—অর্থাৎ স্বর্গাদি নাই, ভগবানের সেবার মত দান আর নাই, তাঁহার পরিচর্য্যাতুল্য তপস্যা আর নাই, তাঁহার সেবার মত পুণ্য কার্য্য আর নাই এবং তাঁহার পরিচর্য্যার তুল্য গতি আর নাই। ৭৯। নারদপুরাণে বর্ণনা;—হে বিপ্র সকল! ভগবান্‌কে ভক্তিপ্রভাবে গ্রহণ করা যাইতে পারে, ধন দ্বারা সেই নিত্যধনের গ্রহণ ঘটে না; বাস্তবিক ভক্তিসহকারে বিষ্ণুর পূজা করিলে অভীষ্ট ফল লাভ হইয়া থাকে। ৮০। যেরূপ তৃষ্ণার্ত্ত ব্যক্তি সুজললাভে শীতল হয়, সেইরূপ জলদ্বারাও দুঃখহারী জগন্নাথ হরিকে পূজা করিলে, তিনি সত্বর তুষ্টি-লাভ করিয়া থাকেন।

হরিভক্তিসুধোদয়ে প্রকাশ;—যদি ব্যক্তিগণ দম্ভ ও হাস্য করিতে করিতে ভগবৎ-সেবায় নিযুক্ত হয়, তাহা হইলে সেই ত্রাণকর্ত্তা তাহাদিগকে ত্রাণ করিয়া থাকেন; বাস্তবিক, অন্যকর্ম্ম যেরূপ বিফল হয়, সেবা সেরূপ নিষ্ফল হইবার নহে, অতএব দয়াময় হরি ভিন্ন এরূপ দয়ালু আর কে আছে? ৮১। ব্রহ্মবৈবর্ত্তে লিখিত আছে;—হে ব্রহ্মন্! যেরূপ অনিচ্ছাক্রমে অগ্নিকে স্পর্শ করিলে, হুতাশন-দহনে নিবৃত্ত হয় না, তাহার ন্যায় যেরূপেই হউক, জগদারাধ্য হরির

ব্রহ্মবৈবর্ত্তে।—

স সমারাধিতোদেবো মুক্তিকৃৎ স্যাৎ যথা তথা। অনিচ্ছয়াপি হুতভুক্ সংস্পৃষ্টো দহতি দ্বিজ॥
ধনবান্ পুত্রবান্ ভোগী যশস্বী ভয়বর্জ্জিতঃ। মেধাবী মতিমান্ প্রাজ্ঞো ভবত্যারাধনাদ্ধরেঃ॥৮২

স্কান্দে। সনৎকুমারমার্কণ্ডেয়সংবাদে।—

বিশিষ্টঃ সর্ব্বধর্ম্মাচ্চ ধর্ম্মো বিষ্ণ্বর্চ্চনং নৃণাং। সর্ব্বযজ্ঞতপোহোমতীর্থস্নানৈশ্চ যৎ ফলং।
তৎ ফলং কোটিগুণিতং বিষ্ণুং সংপূজ্য চাপ্নুয়াৎ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন নারায়ণমিহার্চ্চয়েৎ॥

তত্রৈব শ্রীশিবোমাসংবাদে।—

যঃ প্রদদ্যাৎ দ্বিজেন্দ্রায় সর্ব্বাং ভূমিং সসাগরাং। অর্চ্চয়েদ্যঃ সকৃদ্বিষ্ণুং তৎ ফলং লভতে নরঃ॥
মাসার্দ্ধমপি যো বিষ্ণুং নৈরন্তর্য্যেণ পূজয়েৎ। পুরুষোত্তমঃ স বিজ্ঞেয়ো বিষ্ণুভক্তো ন সংশয়ঃ॥
মধ্যংদিনগতে সূর্য্যে যো বিষ্ণুং পরিপূজয়েৎ। বসুপূর্ণমহীদাতুর্যৎ পুণ্যং তদবাপ্নুয়াৎ॥
প্রাতরুত্থায় যো বিষ্ণুং সততং পরিপূজয়েৎ। অগ্নিষ্টোমসহস্রস্য লভতে ফলমুত্তমং॥
যো বিষ্ণুং প্রযতো ভূত্বা সায়ংকালে সমর্চ্চয়েৎ। গবাং মেধস্য যজ্ঞস্য ফলমাপ্নোতি দুর্ল্লভং॥
এবং সর্ব্বাসু বেলাসু অবেলাসু চ কেশবং। সম্পূজয়ন্নরো ভক্ত্যা সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥৮৩॥

ফলহীনা॥৮১॥ ধীর্ধারণাবতী মেধা তদ্বান্। মতির্জ্ঞানং আত্মানাত্মাদিবিষয়কং তদ্বান্। প্রাজ্ঞশ্চ আত্মতত্ত্বাদ্যনুভাববান্ ভক্তিমাহাত্ম্যাভিজ্ঞো বা॥৮২॥ বেলাসু মধ্যাহ্নাদিকালেষু অবেলাসু তদন্য-

---

আরাধনা করিলে মুক্তি লাভ ঘটিয়া থাকে। শ্রীহরির আরাধনা করিলে লোকে ধনবান্, পুত্রবান্ ভোগবান্, জ্ঞানবান্, যশস্বী, নির্ভয়, মেধাবী ও বিচক্ষণ হইয়া থাকে *। ৮২।

স্কন্দপুরাণে সনৎকুমার-মার্কণ্ডেয় সংবাদে প্রকাশ;—মনুষ্যের যতপ্রকার ধর্ম্মকর্ম্ম আছে, তন্মধ্যে ভগবানের পরিচর্য্যাই সর্ব্বপ্রকারে শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। (বাস্তবিক) সকল-প্রকার যজ্ঞ, তপস্যা, হোম ও তীর্থ-স্নানে যে ফল লাভ হইয়া থাকে, এক-বিষ্ণুর পূজায় তাহার কোটিগুণেরও অধিক ফল লাভ হইয়া থাকে। সেই কারণে সর্ব্বপ্রযত্নে সর্ব্বোত্তম পুরুষোত্তমের অর্চ্চনা করা লোকের কর্ত্তব্য। এইরূপ ঐ গ্রন্থে উমামহেশ্বর সংবাদে লিখিত আছে;—যে ব্যক্তি বেদপারগ ব্রাহ্মণকে সাগরান্ত ভূমি দান করেন, একবার মাত্র ভগবানের আরাধনায় সেই ফল লাভ হইয়া থাকে। যিনি নিরন্তর অন্ততঃ মাসার্দ্ধকাল বিষ্ণুপূজায় প্রবৃত্ত হন, তিনি যে পুরুষপুঙ্গব এবং বিষ্ণুভক্ত, সে পক্ষে আর সন্দেহ নাই। দিনমণি দিবসের মধ্যগামী হইলে সে সময়ে যে ব্যক্তি বিষ্ণু পূজা করেন, বসুপূর্ণ বসুন্ধরা দানে যে ফললাভ হয়, তিনি সেই ফল প্রাপ্ত হইয়া থাকেন। যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া সতত বিষ্ণুপূজা করেন, তিনি সহস্র অগ্নিষ্টোম যাগের উৎকৃষ্ট ফল লাভ

---

* তাৎপর্য্য—সকাম ও নিষ্কাম ভক্তের পক্ষে হরিই একমাত্র অবলম্বনীয়; তবে নিষ্কামী, কর্ম্মফল তাঁহাকে অর্পণ করিয়া তাঁহার কার্য্য করেন এবং কামী, ধন জন যৌবন স্ত্রীপুত্র পরিবার সুখের কামনায় তাঁহারই উপাসনা করেন, উভয়ের প্রার্থনায় এইমাত্র ভিন্নতা।

কিং পুনর্যোঽর্চ্চয়েন্নিত্যং সর্ব্বদেবনমস্কৃতং। ধন্যঃ স কৃতকৃত্যশ্চ বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ৮৪ ॥

কিঞ্চ।—

দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ। কিং পুনর্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে।—

সংসারেঽস্মিন্ মহাঘোরে জন্মমৃত্যুভয়াকুলে। পূজনং বাসুদেবস্য তারকং বাদিভিঃ স্মৃতং॥৮৫॥

স নাম সুকৃতী লোকে কুলন্তেন হ্যলঙ্কৃতং। আধারঃ সর্ব্বভূতানাং যেন বিষ্ণুঃ প্রসাদিতঃ ॥৮৬॥

যজ্ঞানাং তপসাঞ্চৈব শুভানামপি কর্ম্মণাং। তদ্বিশিষ্টফলং নৃণাং সদৈবারাধনং হরেঃ ॥ ৮৭ ॥

কলৌ কলিমলাক্রান্তা ন জানন্তি হরিং পরং। যেঽর্চ্চয়ন্তি তমীশানং কৃতকৃত্যাস্ত এব হি।

নাস্তি শ্রেয়োত্তমং নৃণাং বিষ্ণোরারাধনাৎ পরং ॥ ৮৮ ॥

কালেষপি ॥৮৩॥ এবং মধ্যাহ্নাদৌ কদাচিৎ কৃতার্চ্চনস্য ফলমুক্ত্বা নিত্যপূজাফলমাহ কিমিতি ॥৮৪॥ বাদিভিঃ স্মৃতং সর্ব্ববাদিনামেব সম্মতমিত্যর্থঃ ॥৮৫॥ প্রসাদিতঃ আরাধিতঃ ॥ ৮৬ ॥ হরের্যদারাধনং তদেব যজ্ঞাদীনাং বিশিষ্টং ফলং ॥ ৮৭ ॥ উত্তমং শ্রেয়ঃ ফলং সদ্ভিরার্থঃ। পাঠান্তরং

করিয়া থাকেন। যিনি সায়ং সময়ে প্রযতভাবে বিষ্ণুর অর্চ্চনা করেন, তিনি গোমেধ যজ্ঞের দুর্লভ ফলের অধিকারী হইয়া থাকেন। এইরূপে মধ্যাহ্নাদি সময়ে এবং অসময়ে যে ব্যক্তি ভক্তিসহকারে ভগবানের পূজা করিতে থাকেন, তাঁহার সকল কামনা পূর্ণ হইয়া থাকে। ৮৩। অধিক বলিবার প্রয়োজন নাই, যিনি নিত্যকাল সকল দেবতার নমস্কৃত নারায়ণের অর্চ্চনা করেন, তিনি ধন্য ও কৃতকৃত্য হইয়া, বিষ্ণুলোকে গমন করিয়া থাকেন। ৮৪। শাস্ত্রে আরও উল্লেখ আছে ;—যখন লোকে হরিনাম দীক্ষা গ্রহণে মুক্তিলাভ করে, তখন ভক্তিপূর্ব্বক তাঁহার অর্চ্চনায় যে কি ফল লাভ হয়, তাহা আর বলিবার প্রয়োজন কি ?।

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে বর্ণনা এই ;—এই মহাঘোর সংসার সতত জন্ম-মৃত্যু-ভয়ে সমাকুল, ইহা হইতে উত্তীর্ণ হইবার পক্ষে একমাত্র বাসুদেবের অর্চ্চনাই প্রশস্ত উপায়, এই কথা সকলবাদী সম্প্রদায় স্বীকার করিয়া থাকেন। ৮৫। যিনি ভগবানের প্রসন্নতা লাভ করিতে পারেন, তাঁহারই কৃতিত্ব, তাঁহার দ্বারাই তদ্বংশ অলঙ্কৃত, এবং তিনিই সর্ব্বভূতের আধারস্বরূপ। ৮৬। সতত নারায়ণের অর্চ্চনা করাই লোকের যজ্ঞ, তপস্যা এবং অন্যান্য শুভানুষ্ঠানের বিশিষ্ট ফল। ৮৭। কলির জীবগণ পাপভারে সমাক্রান্ত হইয়া, হরির স্বরূপত্ব উপলব্ধি করিতে পারে না, কিন্তু এরূপ সময়ে যদি তাহারা বিষ্ণুপূজায় প্রবৃত্ত হয়, তাহা হইলে তাহাদিগকে কৃতকৃত্য বলিতে হইবে। অন্য কথা কি, বিষ্ণুর আরাধনা ব্যতিরেকে লোকদিগের শ্রেষ্ঠতম ফল আর দেখা যায় না। ৮৮। বিশেষতঃ এই কলিযুগ তমঃসমাচ্ছন্ন, সুতরাং এ সময়ে সতত হরির পূজা সর্ব্বথা করণীয় ; বাস্তবিক, সর্ব্বগত দেবদেব জগন্নাথের পূজা ঘটিলে সকল দেবতার পূজা হইয়া থাকে। সর্ব্বলোক-শ্রেষ্ঠ সুরাসুরনমস্কৃত

যুগেঽস্মিন্ তামসে তস্মাৎ সততং হরিমর্চ্চয়েৎ। অর্চ্চিতে দেবদেবেশে শঙ্খচক্রগদাধরে।
অর্চ্চিতাঃ সর্ব্বদেবাঃ স্যুর্যতঃ সর্ব্বগতো হরিঃ। অর্চ্চিতে সর্ব্বলোকেশে সুরাসুরনমস্কৃতে।
কেশবে কেশিকংসঘ্নে ন যাতি নরকং নরঃ॥ ৮৯॥
সকৃদভ্যর্চ্চিতো যেন হেলয়াপি নমস্কৃতঃ। স যাতি পরমং স্থানং যৎ সুরৈরপি পূজিতং॥
সমস্তলোকনাথস্য দেবদেবস্য শার্ঙ্গিণঃ। সাক্ষাদ্ভগবতো নিত্যং পূজনং জন্মনঃ ফলং॥
তত্রৈবাগ্রে।—
অসারে খলু সংসারে সারমেতন্নিরূপিতং। সমস্তলোকনাথস্য শ্রদ্ধয়ারাধনং হরেঃ॥
কিঞ্চ।—
যত্র বিষ্ণুকথা নিত্যং যত্র তিষ্ঠন্তি বৈষ্ণবাঃ। কলিবাহ্যা নরাস্তে বৈ যেঽর্চ্চয়ন্তি সদা হরিং॥
কাশীখণ্ডে।—
হরেরারাধনং পুংসাং কিং কিং ন কুরুতে বত। পুত্রমিত্রকলত্রার্থং রাজ্যস্বর্গাপবর্গদং॥
হরত্যঘং ধ্বংসয়তি ব্যাধীনাধীন্নিরস্যতি। ধর্ম্মং বিবর্দ্ধয়েৎ ক্ষিপ্রং প্রযচ্ছতি মনোরথং॥
অতএব স্কান্দে।-
ধ্রুবং প্রতি শ্রীমার্কণ্ডেয়স্য বচনং।—
সকৃদভ্যর্চ্চিতো যেন দেবদেবো জনার্দ্দনঃ। স প্রাপ্নোতি পরং স্থানং সত্যমেতন্ময়োদিতং॥
তথাঙ্গিরসঃ।
যস্যান্তঃ সর্ব্বমেবেদং যস্য নান্তো মহাত্মনঃ। তমারাধয় গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি॥
পুলস্ত্যস্য।
পরং ব্রহ্ম পরং ধাম যোঽসৌ শাশ্বতপূরুষঃ। তমারাধ্য হরিং যাতি মুক্তিমপ্যতিদুর্ল্লভাং॥

স্পষ্টং॥ ৮৮॥ নরঃ পাপকৃদপি নরকং ন যাতি॥ ৮৯॥ সর্ব্বোত্তমোত্তমং স্থানং শ্রীবৈকুণ্ঠ-

কেশিহন্তা কেশবের আরাধনা করিলে লোককে আর নিরয়যন্ত্রণা ভোগ করিতে হয় না। ৮৯। যিনি জগৎপূজ্য হরির অন্ততঃ একবার মাত্রও পূজা করেন, যিনি অবহেলাক্রমে তাঁহাকে নমস্কার করেন, তিনি সুরেন্দ্রবাঞ্ছিত পরম পদ লাভ করিয়া থাকেন। সমস্তলোকনাথ দেব-দেব ভগবান্ নারায়ণের নিত্য পূজাই জন্মের সাক্ষাৎ ফল। ঐ পুরাণের কিঞ্চিদগ্রে উল্লেখ;—শ্রদ্ধা পূর্ব্বক ত্রিলোকনাথ অনাথনাথের অর্চ্চনাই অসার সংসার মধ্যে একমাত্র সার পদার্থ বলিয়া নিরূপিত হইয়াছে। আরও প্রকাশ;—যেখানে নিত্যকাল ভগবৎ-কথা-প্রসঙ্গ উত্থাপিত হইয়া থাকে, যেখানে বৈষ্ণবগণ বাস করিয়া থাকেন, এবং যাঁহারা সতত বিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহারা কলির বহির্ভূত জানিবে;—তাৎপর্য্য—তাঁহাদের প্রতি কলির প্রভাব প্রকাশ পায় না।

কাশীখণ্ডে প্রকাশ;—হরির আরাধনায় লোকের কি না লাভ হইয়া থাকে? পুত্র, মিত্র, কলত্র, রাজ্য, স্বর্গ, অপবর্গ এ সমস্তই হরি আরাধনার ফল; অন্য কথা কি, ইহাতে পাপ-ধ্বংস ও আধিব্যাধি দূর হয় এবং ধর্ম্মবৃদ্ধি ও মনোরথসিদ্ধি ঘটিয়া থাকে। স্কন্দপুরাণে

পুলহস্য।

ঐন্দ্রমিন্দ্রঃ পরং স্থানং যমারাধ্য জগৎপতিং। প্রাপ যজ্ঞপতিং বিষ্ণুং তমারাধয় সুব্রত॥

বশিষ্ঠস্য।

প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ মনসা যদ্যদিচ্ছতি। ত্রৈলোক্যান্তর্গতং স্থানং কিমু সর্ব্বোত্তমোত্তমং॥৯০॥
যান্ যান্ কাময়তে কামান্ নারী বা পুরুষোঽপি বা। তান্ সমাপ্নোতি বিপুলান্ সমারাধ্য জনার্দ্দনং॥
অগস্ত্যসংহিতায়াং।—

আরাধ্যৈব নরো বিষ্ণুং মনসা যদ্যদিচ্ছতি। ফলং প্রাপ্নোত্যবিহতং ভূরি স্বল্পমথাপি বা॥৯১॥
ঈদৃশং বিষ্ণুপুরাণেঽপি কিঞ্চিদধিকং চেদং।—
শ্রীমরীচেঃ।—

অনারাধিতগোবিন্দৈর্নরৈঃ স্থানং নৃপাত্মজ। ন হি সংপ্রাপ্যতে শ্রেষ্ঠং তস্মাদারাধয়াচ্যুতং।
কিঞ্চ তত্রৈব।—
ভৌমান্ মনোরথান্ স্বর্গং স্বর্গবন্দ্যং তথাস্পদং। প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ নির্ব্বাণমপি চোত্তমং॥৯২

লোকমপি প্রাপ্নোতি ত্রৈলোক্যান্তর্গতং প্রাপ্নোতীতি কিমুত বক্তব্যমিত্যর্থঃ॥ ৯০॥ স্বল্পং ভূরি বা যদ্যদিচ্ছতি তৎফলমারাধ্যৈব আরাধনমাত্রং কৃত্বা সদ্য এব অবিহতং সর্ব্বোপদ্রবরহিতং অনশ্বরঞ্চ প্রাপ্নোতি॥ ৯১॥

স্বর্গবন্দ্যমাস্পদং শ্রীবৈকুণ্ঠলোকং। মুমুক্ষুশ্চেৎ নির্ব্বাণমপি প্রাপ্নোতি। যদ্বা স্বর্গবন্দ্যং শ্রীধ্রুবলোকং ব্রহ্মলোকংবা উত্তমং নির্ব্বাণং মুক্তিবিশেষরূপং শ্রীবৈকুণ্ঠলোকং। যদ্বা নির্ব্বাণং

ধ্রুবের প্রীতি মার্কণ্ডেয়-বচনে লিখিত আছে;—আমি সত্য করিয়া বলিতেছি, যে ব্যক্তি অন্ততঃ একবার মাত্র দেবদেব জনার্দ্দনের অর্চ্চনা করেন, তিনিই পরমপদ অধিকার করিয়া থাকেন। অঙ্গিরাও ঐরূপ বলিয়াছেন;—যদি তুমি উৎকৃষ্ট স্থান পাইবার অভিলাষ কর, তাহা হইলে যাঁহার অন্তর মধ্যে এই নিখিল জগৎ অবস্থিতি করিতেছে এবং যিনি অন্তবিহীন, সেই অনন্ত গোবিন্দের আরাধনা করিতে থাক। পুলস্ত্যের উক্তি;—যিনি পরমব্রহ্ম, পরম ধাম, ও নিত্যপুরুষ, সেই হরিকে আরাধনা করিলে দুর্লভ মুক্তিও করস্থ হইয়া থাকে। পুলহের বাক্য;—হে সুব্রত! যে জগৎপতি যজ্ঞপতি কমলাপতির আরাধনা করিয়া ইন্দ্র সুরপতি হইয়াছেন, সেই উপেন্দ্রেরই আরাধনা করিতে হয়। বশিষ্ঠের বাক্যে প্রকাশ;—যখন ভগবান্ নারায়ণের আরাধনা করিলে সর্ব্বোৎকৃষ্ট বৈকুণ্ঠলোক লাভ হইয়া থাকে, তখন মনে ইচ্ছা করিলে যে ত্রৈলোক্যান্তর্গত অন্যান্য উৎকৃষ্ট স্থান লাভ ঘটিতে পারিবে, সে কথা আর কি বলিব? ।৯০। নরই হউক, বা নারীই হউক, যে ব্যক্তি যাহা কামনা করে, হরি আরাধনায় তাহা অধিক পরিমাণে পাইয়া থাকে। অগস্ত্যসংহিতায় লিখিত আছে;—লোকে মনোমধ্যে অল্প, বা অধিক যাহা কামনা করে, বিষ্ণুর আরাধনায় তাহা নির্ব্বিঘ্নে প্রাপ্ত হইয়া থাকে। ৯১। বিষ্ণুপুরাণ এতদপেক্ষা অধিক বলিয়াছেন; তাহাতে মরীচির উক্তি এই;—হে নৃপনন্দন! উত্তমশ্লোক হরিকে আরাধনা না করিলে উত্তম স্থান প্রাপ্ত হওয়া যায় না; অতএব,

তথা ব্রহ্মবৈবর্ত্তে।—

যৎপাদোদকমাধায় শিবঃ শিরসি নৃত্যতি। যন্নাভিনলিনাদাসীদ্ব্রহ্মা লোকপিতামহঃ॥
যদিচ্ছাশক্তিবিক্ষোভাদ্ব্রহ্মাণ্ডোদ্ভবসংক্ষয়ৌ। তমারাধয় গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি॥

নারসিংহে মার্কণ্ডেয়সহস্রানীকসংবাদে।—

যস্তু সম্পূজয়েন্নিত্যং নরসিংহং নরেশ্বর। স স্বর্গমোক্ষভাগী স্যান্নাত্র কার্য্যা বিচারণা॥
তস্মাদেকমনা ভূত্বা যাবজ্জীবং প্রতিজ্ঞয়া॥ অর্চ্চনান্নরসিংহস্য সংপ্রাপ্নোত্যভিবাঞ্ছিতং॥

তত্রৈব শ্রীব্যাসশুকসংবাদে।—শ্রীমার্কণ্ডেয়মৃত্যুঞ্জয়সংবাদানন্তরং।

নরকে পচ্যমানস্তু যমেন পরিভাষিতঃ। কিন্ত্বয়া নার্চ্চিতো দেবঃ কেশবঃ ক্লেশনাশনঃ॥
উদকেনাপ্যলাভে তু দ্রব্যাণাং পূজিতঃ প্রভুঃ। যো দদাতি স্বকং লোকং স ত্বয়া কি ন পূজিতঃ॥৯৩
নরসিংহো হৃষীকেশঃ পুণ্ডরীকনিভেক্ষণঃ। স্মরণান্মুক্তিদে নৃণাং স ত্বয়া কিং ন পূজিতঃ॥

বৃহন্নারদীয়েঽদিতিমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ।—

যত্র পূজাপরো বিষ্ণোস্তত্র বিঘ্নো ন বাধতে। রাজা চ তস্করশ্চাপি ব্যাধয়শ্চ ন সন্তি হি॥৯৪॥

মোক্ষং তস্মাদুত্তমঞ্চ শ্রীবৈকুণ্ঠলোকমপি॥ ৯২॥ পাদ্যাদীনামলাভে সতি উদকেনাপি পূজিতঃ সন্॥ ৯৩॥ স্মরণাদপি মুক্তিদঃ। রাজা তৎ কৃতোপদ্রব ইত্যর্থঃ॥ ৯৪॥ আর্চ্চ্য সম্যগীষদার্চ্চ-

---

তুমি অচ্যুতের অর্চ্চনা কর। ঐ স্থানে আরও উল্লেখ হইয়াছে, (অন্য কথা কি,) ভগবানের আরাধনা করিলে, পার্থিব যাবতীয় মনোরথ সিদ্ধি এবং স্বর্গবন্দ্য সুখকর ধ্রুবলোক, নির্ব্বাণমুক্তি ও উত্তম শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্ত হওয়া যায়। ৯২।

ব্রহ্মবৈবর্ত্তে লিখিত আছে;—যদীয় পাদোদক মস্তকে ধারণ করিয়া, পঞ্চমস্তক শিব নৃত্য করিয়া থাকেন, যাঁহার নাভিকমল হইতে লোকপিতামহ কমলযোনির উৎপত্তি, যাঁহার ইচ্ছাশক্তিবিক্ষোভে ব্রহ্মাণ্ডের সৃষ্টি ও লয় ঘটিয়া থাকে, যদি উৎকৃষ্ট স্থান ঈপ্সিত হয়, তবে শ্রীগোবিন্দের পদারবিন্দ আরাধনা কর। এইরূপ নৃসিংহপুরাণে মার্কণ্ডেয়সহস্রানীকসংবাদে বর্ণনা আছে; - হে নরেন্দ্র! যিনি নিত্যকাল নরসিংহের সমারাধনা করেন, তিনি যে স্বর্গ ও মোক্ষের অধিকারী হইয়া থাকেন, সে বিষয়ের বিচার করা নিষ্প্রয়োজন; অতএব, একমনে প্রতিজ্ঞা পূর্ব্বক সেই দেবদেবের অর্চ্চনা করিলে, অভীষ্ট ফল লাভ হইতে পারিবে। ঐ নৃসিংহপুরাণেই শ্রীব্যাস ও শুকদেবসংবাদে মার্কণ্ডেয় ও মৃত্যুঞ্জয় সংবাদের পর এইরূপ উক্তি আছে; যম একব্যক্তিকে নরকে পচিতে দেখিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, হে নর! তুমি নারায়ণের পূজা কর নাই কেন? তাৎপর্য্য, তাহা হইলে তোমার এ দুর্গতি হইত না। যিনি উপচারাদির অভাবে জল দ্বারা অর্চ্চিত হইলে পূজককে মুক্তি দিয়া থাকেন, তোমার তাঁহার পূজা না করিবার কারণ কি?। ৯৩। যে নরসিংহ হৃষীকেশ কমললোচন নারায়ণকে স্মরণ করিলে তিনি মুক্তিদান করিয়া থাকেন, তুমি কি তাঁহার পূজা কর নাই?

বৃহন্নারদীয় পুরাণে অদিতিমাহাত্ম্যে শ্রীসূতের উক্তিতে প্রকাশ;—যেখানে বিষ্ণুপূজা-

প্রেতাঃ পিশাচাঃ কুষ্মাণ্ডা গ্রহা বালগ্রহাস্তথা। ডাকিন্যো রাক্ষসাশ্চৈব ন বাধন্তেঽচ্যুতার্চ্চকং॥
তত্রৈব যমভগীরথসংবাদে।—
পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈর্ব্বার্চ্চ্য পূজারহিতমচ্যুতং। স যাতি বিষ্ণুসালোক্যং কুলসপ্ততিসংযুতঃ॥৯৫॥
তত্রৈব ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতানামুক্তৌ।—
উৎক্রান্তিকালে যন্নাম শ্রুতবন্তোঽপি বৈ সকৃৎ। লভন্তে পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ॥৯৬॥
মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে। স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ॥
তত্রৈব বিভাণ্ডকমুনেঃ সুমতিনৃপং প্রতি।—
অবশেনাপি যৎ কর্ম্ম কৃতন্তু সুমহৎ ফলং। দদাতি নৃণাং রাজেন্দ্র কিং পুনঃ সম্যগর্চ্চনা॥
প্রায়শ্চিত্তপ্রকরণান্তে।—
সম্পর্কাদ্ যদি বা মোহাদ্যস্তু পূজয়তে হরিং। সর্ব্ব পাপবিনির্ম্মুক্তঃ স যাতি পরমং পদং॥
সর্ব্বান্তরায়া নশ্যন্তি মনঃশুদ্ধিশ্চ জায়তে। পরং মোক্ষঃ লভেচ্চৈব পূজ্যমানে জনার্দ্দনে॥
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থাঃ সনাতনাঃ। হরিপূজাপরাণান্তু সিধ্যন্তে নাত্র সংশয়ঃ॥৯৭॥

য়িত্বা। পূজারহিতম্ অরণ্যান্তর্গতত্বাদিনা কেনাপ্যপূজ্যমানং॥ ৯৫ ॥ উৎক্রান্তিকালে মরণসময়ে ॥ ৯৬ ॥ যস্য কর্ম্ম কিঞ্চিৎ পরিচর্য্যাদিরূপং ॥ ৯৭ ॥ হে সত্তমাঃ যদ্বা পরমোত্তমা ইতি যজ্ঞাদীনাং

পরায়ণ লোকে বাস করিয়া থাকে, সেখানে কোনও বিঘ্নবাধা থাকে না; (অন্য কথা কি) তথায় রাজা, তস্কর, বা ব্যাধির কোনও উপদ্রবই থাকে না। ৯৪। কি প্রেত, কি পিশাচ, কি কুষ্মাণ্ড, কি গ্রহাদি, কি ডাকিনী, কি রাক্ষস, কেহই বিষ্ণুপূজকের প্রতি পীড়ন করিতে পারে না। ঐ পুরাণে যমভগীরথসংবাদে লিখিত আছে;—যিনি পূজা-রহিত * অচ্যুতকে পত্র, পুষ্প ও ফল দ্বারা অর্চ্চনা করেন, তাঁহার সপ্ততিকুলসহিত বিষ্ণুসাযুজ্য লাভ হইয়া থাকে। ৯৫। ঐ বৃহন্নারদীয় পুরাণে ধ্বজারোপণমাহাত্ম্যে বিষ্ণুদূতদিগের কথায় প্রকাশ;—যখন প্রাণ-প্রয়াণ-সময়ে নারায়ণের একবার মাত্র নামোচ্চারণ শ্রবণ করিয়া, জীবগণ অনায়াসে সেই দিব্য ধামে গমন করে, তখন সতত তাঁহার পরিচর্য্যা করিলে যে, কি ফল লাভ হইতে পারিবে, তাহা আর কি বলিব?। ৯৬। যে ব্যক্তি মুহূর্ত্ত, বা তদর্দ্ধকাল, হরিমন্দিরে অবস্থিতি করে, যখন তাহার দিব্য গতি অবধারিত, তখন সতত সেবাকারীদিগের কথা আর কি বলিতে হইবে? ঐ পুরাণেই সুমতি নৃপতির প্রতি বিভাণ্ডক মুনির বাক্যে এরূপ প্রকাশ;—অবলীলা-ক্রমে যাঁহার কার্য্য করিলে লোকে যখন সুমহৎ গতি প্রাপ্ত হইয়া থাকে, হে রাজেন্দ্র! তখন সম্যক্ সেবার কথা আর কি বলিতে হইবে? এইরূপ প্রায়শ্চিত্তপ্রকরণের অন্তে বর্ণনা;—যিনি সম্বন্ধ, বা মোহনিবন্ধন বিষ্ণুপূজায় তৎপর হন, তিনি সকলপ্রকার পাপ হইতে মুক্ত

---

* লোকালয়ে লোকনাথ হরিমূর্ত্তির প্রতিষ্ঠা, বা পূজা হওয়া অসম্ভব নহে, কিন্তু সেই মুরারি বিপিনবিহারী থাকিলে, তথায় তাঁহার পূজা হওয়া নিতান্ত অসম্ভব; এজন্য বলা হইয়াছে, অরণ্য মধ্যে পূজা-রহিত অচ্যুতমূর্ত্তি দর্শন করিয়া যদি ফল পুষ্পাদি দ্বারা কেহ তাঁহার অর্চ্চনা করে, তাহা হইলেও তাহার দিব্য গতি ঘটিয়া থাকে।

সর্ব্বতীর্থানি যজ্ঞাশ্চ সাঙ্গা বেদাশ্চ সত্তমাঃ। নারায়ণার্চ্চনস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীং ॥৯৮॥
শ্রীবিষ্ণুতোষবিধিপ্রশ্নোত্তরে।—

সত্যং বচ্মি হিতং বচ্মি সারং বচ্মি পুনঃ পুনঃ। অসারোদগ্রসংসারে সারং যদ্বিষ্ণুপূজনং ॥
উপলেপনমাহাত্ম্যান্তে।—

অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে ॥
যজ্ঞধ্বজোপাখ্যানান্তে।—

তস্মাৎ শৃণুত বিপ্রেন্দ্রা দেবো নারায়ণোঽব্যয়ঃ। জ্ঞানতোঽজ্ঞানতো বাপি পূজকানাং বিমুক্তিদঃ।
তে বন্দ্যাস্তে প্রপূজ্যাশ্চ নমস্কার্য্যা বিশেষতঃ। যেঽর্চ্চয়ন্তি মহাবিষ্ণুং প্রপন্নার্ত্তিপ্রণাশনং ॥

যে যজন্তি স্পৃহাশূন্যা হরিংবা হরমেব বা। তএব ভুবনং সর্ব্বং পুনন্তি বিবুধর্ষভাঃ ॥ ৯৯ ॥
পাদ্মে শ্রীনারায়ণনারদসংবাদে পূজাবিধিপ্রসঙ্গে।—

মদ্ভক্তো যো মদর্চ্চাঞ্চ করোতি বিধিদৃষ্টয়ে। তস্যান্তরায়ঃ স্বপ্নেঽপি ন ভবত্যভয়ো হি সঃ ॥

বিশেষণং ॥ ৯৮ ॥ হে বিবুধর্ষভাঃ। যদ্বা ত এব বিবুধর্ষভাঃ বিদ্বদ্বরাঃ দেবোত্তমা বা ॥ ৯৯ ॥ যদা

হইয়া, কৈবল্য পদ প্রাপ্ত হইয়া থাকেন। (অন্য কথা কি,) হরির আরাধনায় সকলপ্রকার অন্তরায় বিদূরিত, চিত্তশুদ্ধি প্রকাশিত এবং উৎকৃষ্ট মোক্ষফল করতলস্থ হইয়া থাকে। যাঁহারা হরিপূজাপরায়ণ, নিশ্চয়ই তাঁহাদের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ নামক সনাতন পুরুষার্থ লাভ হইয়া থাকে। ৯৭। কি নিখিল তীর্থসকল, কি উৎকৃষ্ট যাগাদি, * অথবা সাঙ্গ বেদ-সমূহ, ইহাদের কিছুই নারায়ণ-পূজার ষোড়শাংশের যোগ্য হইতে পারে না। ৯৮।

শ্রীবিষ্ণুতোষণবিধির প্রশ্নোত্তরে লিখিত হইয়াছে ;—আমি সত্য বলিতেছি, হিত বলিতেছি এবং বারংবার সার কথা জানাইতেছি, অসার ভীষণ সংসার-মধ্যে কেবল বিষ্ণুপূজাই সার-সামগ্রী। উপলেপন-মহাত্ম্যের অন্তে বর্ণিত হইয়াছে ;—ইচ্ছা না করিয়াও যাঁহারা একবারমাত্র বিষ্ণুপূজা করিয়া থাকেন, তাঁহাদিগকে আর ভববন্ধনে বদ্ধ হইতে হয় না। এইরূপ যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষভাগে লিখিত আছে ;—হে বিপ্রেন্দ্রবৃন্দ ! আপনারা শ্রবণ করুন, যাঁহারা জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ অব্যয় বিষ্ণুর পূজা করিয়া থাকেন, তাঁহারা বন্দনীয়, পূজনীয়, ও নমস্য হইয়া থাকেন ; যাঁহারা নিস্পৃহভাবে প্রপন্নের পীড়া নাশক হরিহরের পূজা করেন,তাঁহারা নিখিল ভুবন পবিত্র করিয়া থাকেন।৯৯। পদ্মপুরাণে শ্রীনারায়ণনারদসংবাদে পূজা-বিধি-প্রসঙ্গে প্রকাশ;—যে ভক্ত যথাবিধি আমার অর্চ্চনা করেন, স্বপ্নেও তাঁহার বিঘ্ন হয় না, এবং তিনি সর্ব্বদা নির্ভয়ে অবস্থিতি করেন। ঐ পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে নারদ-অম্বরীষকথোপকথনে বর্ণিত হইয়াছে ; —অজিত বিষ্ণুকে যথাভক্তি পূজা করিলে পুত্র, কলত্র, দীর্ঘ জীবন, রাজত্ব, স্বর্গ,

---

* টীকাকার-মতে 'সত্তমাঃ' এই পদটী সম্বোধনবিহিত, অথবা, 'যজ্ঞ' এই পদের বিশেষণ ; ফল কথা, উভয় দিকে ইহার অর্থের অসঙ্গতি ঘটে না ; যাহা হউক, আমরা সমধিক সুসঙ্গত বিবেচনায় উহা যজ্ঞের বিশেষণ বলিয়া গ্রহণ করিলাম।

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে নারদাম্বরীষসংবাদে।—

পুত্রান্ কলত্রান্ দীর্ঘায়ূ রাজ্যং স্বর্গাপবর্গকং। স দদ্যাদীপ্সিতং সর্ব্বং ভক্ত্যা সংপূজিতোঽজিতঃ॥

নরকেঽপি চিরং মগ্নাঃ পূর্ব্বজা যে কুলদ্বয়ে। তত্রৈব যান্তি তে স্বর্গং যদার্চ্চতি সুতো হরিং॥১০০

তত্রৈব শ্রীযমব্রাহ্মণসংবাদে চ।—

অনারাধ্য হরিং ভক্ত্যা কো লোকান্ প্রাপ্নুয়াদ্বুধঃ। আরাধিতে হরৌ কামাঃ সর্ব্বে করতলস্থিতাঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে।—

সোঽপি ধন্যতমো লোকে যোঽর্চ্চয়েদচ্যুতং সকৃৎ। কিং পুনঃ শ্রদ্ধয়া যুক্তং সুপুষ্পৈঃ প্রতিবাসরং॥

বৈষ্ণবানপি যে নিত্যং প্রপশ্যন্ত্যর্চ্চয়ন্তি চ। তেঽপি বিষ্ণুপদং যান্তি কিং পুনর্বিষ্ণুসেবকাঃ॥

স যোগী স বিশুদ্ধাত্মা স শান্তঃ স মহামতিঃ। স শুদ্ধঃ স চ সম্পূর্ণঃ কৃষ্ণং সেবেত যো নরঃ॥

অগস্ত্যসংহিতায়াং।—

অনন্যমনসঃ শশ্বদ্গণয়ন্তোঽক্ষমালয়া। জপন্তো রাম রামেতি সুখামৃতনিধৌ মনঃ।

প্রবিলাপ্যামৃতীভূয় সুখং তিষ্ঠন্তি কেচন॥ ১০১॥

পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষ্বেব শেরতে। মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবৎ॥১০২॥

তেষাং সুতঃ কুলোৎপন্নো হরিমর্চ্চয়তি॥ ১০০॥ অমৃতীভূয় জীবন্মুক্তো ভূত্বা॥ ১০১॥ তেভ্যোঽপি পূজাপরাণাং মাহাত্ম্যমাহ পরিচর্য্যেতি। প্রাসাদেষ্বেব শেরত ইতি সদা ভগবৎসান্নিধ্যেন পরমনৈশ্চিন্ত্যাদিনা ঐহিকপরমসুখমুক্তং। তং শ্রীরামং মনুষ্যমিব লোকব্যবহারাদ্যনুসারিণং দ্রষ্টুম্ অতো বন্ধুবৎ তেন সহ ব্যবহর্ত্তুঞ্চ বিহর্ত্তুমপি প্রেম-

---

এমন কি, মোক্ষ প্রভৃতি সমুদায় অভীষ্ট ফল লাভ হইয়া থাকে; যাঁহাদের কুলোদ্ভব পুত্রগণ হরির অর্চ্চনা করেন, তাঁহাদের কুলদ্বয়োৎপন্ন পূর্ব্বপুরুষগণ চিরকাল নরক-নিমগ্ন থাকিলেও সন্তানদিগের সুকৃতি-বলে স্বর্গ-গমন ঘটিয়া থাকে। ১০০। ঐ পদ্মপুরাণে যমব্রাহ্মণসংবাদে বর্ণিত আছে; হরিকে ভক্তিপূর্ব্বক আরাধনা না করিয়া কোন্ পণ্ডিত লোকে স্বর্গাদি-সুখ ভোগ করিতে পারেন? বাস্তবিক, হরিকে আরাধনা করিলে সকলপ্রকার কামনাই করতলস্থ হইয়া থাকে। বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণামৃত-স্তোত্রে বর্ণনা এই;—যদি কোন ব্যক্তি একবার মাত্র ভগবানের অর্চ্চনা করিয়া যখন সংসারে সার্থকজন্মা হইয়া থাকেন, তখন প্রতিদিন ভক্তিভাবে সুরম্য কুসুমে দেবার্চ্চন করিলে যে, কি ফল লাভ হইবে, তাহা আর কি বলিব? যাঁহারা প্রতিদিন বৈষ্ণবের অর্চ্চনা ও বৈষ্ণবমূর্ত্তি দর্শন করেন, তাঁহাদের যখন বিষ্ণুলোকে গতি হইয়া থাকে, তখন বিষ্ণুভক্তের কথা আর কি বলিব? যে ব্যক্তি শ্রীকৃষ্ণ-সেবায় তৎপর হন, তিনি যোগী, বিশুদ্ধাত্মা, শান্তমতি, পবিত্র, মহামতি ও সর্ব্বার্থপরিপূর্ণ হইয়া থাকেন।

অগস্ত্যসংহিতায় উল্লেখ আছে;—সেবক-মণ্ডলীর মধ্যে কতকগুলি নিরন্তর জপমালা ধারণ করিয়া গণনা দ্বারা রাম নাম জপ করত, সুখ-সিন্ধুতে নিমগ্ন করিয়া অমৃতাস্বাদ পূর্ব্বক জীবন্মুক্তভাবে অবস্থিতি করেন। ১০১। কোনও কোনও ভক্ত সেবানিরত হইয়া,

কিঞ্চ।—

যথা বিধিনিষেধৌ তু মুক্তং নৈবোপসর্পতঃ। তথা ন স্পৃশতো রামোপাসকং বিধিপূর্ব্বকং॥

শ্রীভগবদ্গীতাসু।—

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে। যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ॥১০৩

ইত্যর্জ্জুনেন পৃষ্টঃ শ্রীভগবানুবাচ।—

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।

শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ॥ ইত্যাদি ॥ ১০৪ ॥

বিশেষসম্পত্ত্যা পারলৌকিকপরমসুখং চোক্তং। এতচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে সম্যক্ নিরূপিতমস্তি। অনন্যেত্যাদয়ঃ শ্লোকা যদ্যপি ভগবদ্ভক্তি-মাহাত্ম্যে লিখিতুং যুজ্যন্তে তথাপি পরিচর্য্যাপরা ইতি উপাসকমিতি চেত্যুক্ত্যা পরিচর্য্যো-পাসনয়োঃ প্রাধান্যে পূজাপরতামাত্রাভিধানাদত্র লিখিতাঃ। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ১০২॥ পূর্ব্বং মৎকর্ম্মকৃৎ মৎপরম ইত্যেবং ভক্তিনিষ্ঠস্য শ্রেষ্ঠত্বমুক্তং। কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্ত ইত্যাদিনা চ তত্র তস্যৈব শ্রৈষ্ঠ্যং বর্ণিতং। তথা তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্ব্বিশি-ষ্যত ইত্যাদিনা সর্ব্বং জ্ঞানপ্লবেনৈবেত্যাদিনা চ জ্ঞাননিষ্ঠস্য শ্রৈষ্ঠ্যমুক্তং এবমুভয়োঃ শ্রৈষ্ঠ্যেঽপি বিশেষজিজ্ঞাসয়া শ্রীভগবন্তমর্জ্জুনঃ পৃচ্ছতি এবমিতি। এবং সর্ব্বকর্ম্মার্পণাদিনা সততং যুক্তা-স্তন্নিষ্ঠাঃ সন্তো যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে সমারাধয়ন্তি যে চাপ্যক্ষরং ব্রহ্ম অব্যক্তং নির্ব্বিশেষ-মুপাসতে তেষামুভয়েষাং মধ্যে কে অতিশয়েন যোগবিদঃ শ্রেষ্ঠা ইত্যর্থঃ॥ ১০৩॥ তত্র প্রথমাঃ শ্রেষ্ঠা ইত্যুত্তরং শ্রীভগবানাহ ময়ীতি। ময়ি পরমেশ্বরে সর্ব্বজ্ঞতাদিগুণবিশিষ্টে সাক্ষাদ্ভগবতি শ্রীকৃষ্ণে মন আবেশ্য একাগ্রং কৃত্বা নিত্যং যুক্তাঃ মদর্থকর্ম্মানুষ্ঠানাদিনা মন্নিষ্ঠাঃ সন্তঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া যুক্তাঃ যে মামারাধয়ন্তি তে যুক্ততমা মেঽভিমতাঃ॥ ১০৪॥ যস্য মম

শ্রীরামচন্দ্রকে নরদেহধারী দর্শন ও তাঁহার সহিত সৌহৃদ্য সংস্থাপন করিবার জন্য দেবালয়ে শয়ন করিয়া থাকেন। ১০২। ঐ গ্রন্থে আরও বর্ণিত হইয়াছে;—যেরূপ মুক্ত পুরুষ বিধি-নিষেধের বাধ্য হন না, সেইরূপ বিধিপূর্ব্বক আরাধনা করিলে, রামভক্তের নিকটে বিধি নিষেধ আপনাদের প্রভাব প্রকাশ করিতে পারে না। শ্রীমদ্ভগবদ্গীতাতে প্রকাশ;—হে ভগবন্! এইরূপে সতত সমাহিত চিত্তে যে সকল ভক্ত আপনার আরাধনা করেন, এবং যাঁহারা আপনাকে অক্ষর ও অব্যক্ত বোধ করিয়া থাকেন, ইঁহাদের মধ্যে কোন্ ব্যক্তি শ্রেষ্ঠ যোগী? ১০৩॥ অর্জ্জুন এইরূপ প্রশ্ন করিলে ভগবান্ তদ্বাক্যের সমুচিত উত্তর দিতেছেন;—যাঁহারা আমাকে পরমেশ্বর জানিয়া, আমাতে মন সমর্পণ পূর্ব্বক সতত একাগ্রচিত্ত হইয়া আমারই উপাসনা করেন, আমার বিবে-চনায় সবিশেষ শ্রদ্ধাবান্ সেই যোগিগণই শ্রেষ্ঠ। ১০৩॥ এইরূপ শ্রীমদ্ভাগবতের চতুর্থ স্কন্ধে পৃথুবাক্যে প্রকাশ;—হে প্রজাপুঞ্জ! একমাত্র পরমেশ্বরই জীবকুলের মুক্তিদাতা, তিনি ভিন্ন অন্য কাহারও মুক্তি প্রদানের সাধ্য নাই, কারণ তাঁহাতে ও জীবে বিশেষ ভেদ নাই।অত-

চতুর্থস্কন্ধে শ্রীপৃথূক্তৌ :—

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনামশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥ ১০৫ ॥

কিঞ্চ নারদোক্তৌ।—

যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা ॥ ১০৬ ॥

একাদশস্কন্ধে চ কবিযোগেশ্বরস্য বাক্যং।—

মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য পাদাম্বুজোপাসনমত্র নিত্যং।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাদ্বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ ॥ ১০৭ ॥

পাদয়োঃ সেবায়ামভিরুচিরপি তপস্বিনাং সংসারতপ্তানাং। যদ্বা তপঃ স্বধর্ম্মাচরণং চিত্তৈকাগ্রতা বা তদ্যুক্তানামপি অশেষজন্মভিঃ সংবৃদ্ধং ধিয়ো মলং সদ্যঃ ক্ষপয়তি। কথম্ভূতা ? অহন্যহনি বর্দ্ধমানা। সতী সাত্ত্বিকী পরমোত্তমা বা। এবং মলক্ষপণমানুষঙ্গিকং, মুখ্যঞ্চ ফলং নিত্যমেধমানোত্তমা তৎসেবাভিরুচিরেবেত্যভিপ্রেতং। তৎপাদসম্বন্ধস্যৈবৈষ মহিমেতি দৃষ্টান্তেন'হ যথেতি। পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতেত্যয়ং ভাবঃ বামপাদস্যাঙ্গুষ্ঠাৎ বিনিঃসৃতা নির্গত্য ভুবং গতা সা চ একরূপৈব ন চ নিত্যং বর্দ্ধমানা তথাপ্যনেকজন্মোপচিতং মলং সদ্যঃ ক্ষপয়তি। এষা চ পাদয়োঃ সেবাসু অভিরুচিঃ তত্র সংলগ্নো মনসো ভাবঃ তং সদ্যঃ ক্ষিণোতীতি কিং চিত্রং, কিন্তু নিত্যং বর্দ্ধমানা চোত্তমা সতী ফলরূপতাং প্রাপ্নোতীত্যুচিতমেবেতি ॥ ১০৫ ॥

শ্রীভগবদর্চ্চনেনৈব জগতঃ সন্তোষ ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। মূলাৎ প্রথমবিভাগাঃ স্কন্ধাঃ তদ্বিভাগা ভুজাস্তেষামপ্যুপশাখাঃ উপলক্ষণমেতৎ পত্রপুষ্পাদয়োঽপি তৃপ্যন্তি ন তু মূলসেকং বিনা স্বস্বনিষেচনেন। প্রাণস্যোপহারো ভোজনং তস্মাদেবেন্দ্রিয়াণাং তৃপ্তিঃ ন তু তত্তদিন্দ্রিয়েষু পৃথক্ পৃথগন্নলেপনাৎ। তথা চাচ্যুতারাধনমেব সর্ব্বদেবতারাধনং ন পৃথগিত্যর্থঃ ॥ ১০৬ ॥ আত্যন্তিকং ক্ষেমং কথয়তি মন্য ইতি। ন কুতশ্চিদপি ভয়ং যস্মাৎ তদকুতশ্চিদ্ভয়ং। অত্র সংসারে অসদাত্মভাবাৎ অসতি দেহাদাবাত্মভাবনাতঃ নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধের্জ্জনস্য বিশ্বা-

---

এব হরিচরণের সেবাভিলাষ সামান্য বস্তু নহে, ইহা তদীয় পদাঙ্গুষ্ঠ-বিনিঃসৃত সুরতরঙ্গিণীর ন্যায় সংসারতাপতাপিত জীবগণের নানাপ্রকার তাপ ও বুদ্ধিমালিন্যাদি তৎক্ষণাৎ বিনাশ করিয়া, সাত্ত্বিক বাসনাকে পরিবর্দ্ধিত করিয়া থাকে। ১০৫। ঐ ভাগবতে নারদের উক্তিতে বর্ণিত হইয়াছে,—যেরূপ বৃক্ষমূলে জল সেচন করিলে, তাহার স্কন্ধ শাখা প্রভৃতি সতেজ ও পুষ্ট হয়, কিন্তু তৎপরিবর্ত্তে স্কন্ধ প্রভৃতি এক একটী অবয়বে জল সেচন করিলে কার্য্যকর হয় না। যেরূপ ভোজন দ্বারা প্রাণের তৃপ্তি হয়, কিন্তু এক এক ইন্দ্রিয়ের স্বতন্ত্র অন্নাদি ভোগে সমস্ত ইন্দ্রিয়ের তৃপ্তি ঘটে না, সেইরূপ সেই ভগবান্ নারায়ণের আরাধনা দ্বারা সকল দেবতার তৃপ্তিসাধন ঘটিয়া থাকে। ১০৬। এইরূপ ঐ ভাগবতের একাদশস্কন্ধে নিমির প্রতি কবি যোগেশ্বরের উক্তিতে বর্ণিত হইয়াছে ;—হে মহারাজ! ভগবান্ অচ্যুতের আরাধনায় সকল

শ্রীভগবতশ্চ ॥—

এবং ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিকতান্ত্রিকৈঃ।
অর্চ্চন্নুভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দত্যভীপ্সিতাং॥ ১০৮॥

কিঞ্চ ॥— মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি।
ভক্তিযোগং স লভতে এবং যঃ পূজয়েত মাং॥ ১০৯॥

গৌতমীয়তন্ত্রে শ্রীনারদস্য।—

তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন চ। বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ॥ ১১০॥

মহাভারতে।

মাতৃবৎ পরিরক্ষন্তং সৃষ্টিসংহারকারকং। যো নার্চ্চয়তি দেবেশং তং বিদ্যাদ্ব্রহ্মঘাতকং॥

অতএবোক্তং বৃহন্নারদীয়ে পাদোদকমাহাত্ম্যাখ্যানারম্ভে॥—

হরিপূজাবিধানন্তু যস্য বেশ্মনি নো দ্বিজাঃ। শ্মশানসদৃশং বিদ্যান্ন কদাপি বিশেচ্চ তৎ॥১১১॥

ত্মনা সর্ব্বথা নিঃশেষং যত্র পাদাম্বুজোপাসনে ভীর্ন বর্ত্ততে। যদ্বা যত্র যস্মিন্ সতি। রসদাত্ম-ভাবাৎ রসদশ্চাসাবাত্মা চ হরিঃ শ্রীকৃষ্ণঃ ইত্যর্থঃ তস্মিন্ ভাবঃ প্রেমা তস্মাদ্ধেতোর্নিত্যমুদ্বিগ্ন-বুদ্ধেরপি বিশ্বাত্মনা ভীর্ন বর্ত্ততে। অন্যৎ সমানং॥ ১০৭॥ এবং পূর্ব্বোক্তপ্রকারৈঃ ক্রিয়াযোগ-রূপৈর্মার্গৈঃ যদ্বা ঈদৃশৈঃ ক্রিয়াযোগপ্রকারৈঃ অর্চ্চন্ অর্চ্চয়ন্ উভয়ত্র ইহামুত্র চ॥ ১০৮॥ নৈরপেক্ষ্যেণ অহৈতুকেন প্রেমলক্ষণেনেত্যর্থঃ। নন্থ নৈরপেক্ষ্যো ভক্তিযোগঃ কথং ভবতি তত্রাহ ভক্তিযোগমিতি॥ ১০৯॥ বিক্রীণীতে বশ্যং করোতি॥ ১১০॥ হরেঃ পূজাবিধানং

ভয় বিদূরিত ও সকলপ্রকার কল্যাণ সাধিত হয়; কারণ, এই সংসারে দেহাদি অনিত্য অনাত্ম বস্তুতে আত্মীয় জ্ঞান নিবন্ধন যাহারা সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত, তাহাদেরও ভগবানের উপাসনায় সকল ভয় প্রশমিত হইয়া থাকে। ১০৭। ঐ পুরাণে শ্রীভগবানের উক্তিতে প্রকাশ;—লোকে এইরূপ বৈদিক ও তান্ত্রিক ক্রিয়া-যোগপথের অনুসরণ করিয়া, আমার নিকট হইতে ইহ ও পরলোকের সকলপ্রকার সিদ্ধি লাভ করিয়া থাকে। ১০৮। ঐ ভাগবতে আরও লিখিত হইয়াছে;—আমাকে কেবল নিরপেক্ষ ভক্তির সাহায্যে পাওয়া যাইতে পারে; যে এইরূপে আমার অর্চ্চনা করে, সে ব্যক্তি ভক্তিযোগ লাভ করিয়া থাকে। ১০৯। গৌতমীয় তন্ত্রে নারদবাক্যে প্রকাশ;—তুলসীর একমাত্র পত্র, ও এক চুলুক জল সমর্পণ করিলে, সেই ভক্ত-বৎসল হরি ভক্তের নিকটে ক্রীত—অর্থাৎ বশ্য হইয়া থাকেন। ১১০।

অতঃপর পূজার নিত্যতা। মহাভারতে লিখিত হইয়াছে;—যিনি জননীর ন্যায় রক্ষা-কর্ত্তা, যিনি সৃষ্টি ও সংহার করিয়া থাকেন, সেই জগৎপূজ্য জগন্নাথকে যে ব্যক্তি পূজা না করে, তাহাকে ব্রহ্মঘাতী বলিয়া জানিও। বৃহন্নারদীয় পুরাণে পাদোদকমাহাত্ম্যের কথারম্ভে প্রকাশ;—হে ভূদেবগণ! যাহার গৃহে হরিপূজার অনুষ্ঠান হয় না, জানিও সেই গৃহ শ্মশান-তুল্য, এরূপ গৃহে কদাচ প্রবেশ করিতে নাই। ১১১।

অতএবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে ॥—

পুষ্পৈর্ব্বা যদি বা পত্রৈঃ ফলৈর্ব্বা যদি বাম্বুভিঃ। যষ্টব্যঃ পুণ্ডরীকাক্ষস্ত্যক্ত্বা কার্য্যশতানি চ ॥

কিঞ্চ নারদীয়ে ॥—

নিমিত্তেষু চ সর্ব্বেষু তত্তৎকালবিশেষতঃ। পূজয়েদ্দেবদেবেশং দ্রব্যং সম্পাদ্য যত্নতঃ ॥ ১১২ ॥

অতএবোক্তং ভগবতা হয়গ্রীবেণ ॥ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥—

প্রতিষ্ঠিতার্চ্চা ন ত্যাজ্যা যাবজ্জীবং সমর্চ্চয়েৎ।
বরং প্রাণস্য বা ত্যাগঃ শিরসো বাপি কর্ত্তনম্ ॥ ইতি ॥ ১১৩ ॥

পূজায়া নিত্যতালেখি প্রাক্ চ নৈবেদ্যভক্ষণে।
মাহাত্ম্যঞ্চ পরং শালগ্রামচক্রপ্রসঙ্গতঃ ॥ ১১৪ ॥

পূজাঙ্গানাঞ্চ মাহাত্ম্যং যদযদ্বিলিখিতং পুরা। তৎ সর্ব্বমিহ পূজায়াং পর্য্যবস্যতি হি স্বতঃ ॥১১৫॥

পূজনং। হে দ্বিজাঃ ॥ ১১১ ॥ নিমিত্তেষু জন্মাষ্টম্যাদিষু ॥ ১১২ ॥ অর্চ্চা প্রতিমা যা কাচিদপি। এবমর্চ্চননিত্যতা স্বতএব সিদ্ধা ॥ ১১৩ ॥ অত্রালিখিতমপ্যন্যৎ পূজায়া নিত্যত্বস্য চ বচনজাতং পূর্ব্বলিখিতেনৈকীকুর্ব্বন্ লিখতি পূজায়া ইতি দ্বাভ্যাং। প্রাগলেখি অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈরিত্যাদিভিঃ। পরমন্যচ্চ মাহাত্ম্যং শালগ্রামশিলারূপস্য চক্রিণ-শ্চক্রযুক্তস্য ভগবতঃ প্রসঙ্গে। তথা চ শালগ্রামশিলামাহাত্ম্যে। যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে। রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরমিত্যাদি ॥ ১১৪ ॥ পূজাঙ্গানাং তত্তদুপচারসমর্পণাদীনাং। স্বতএব পর্য্যবস্যতি পূজায়া এব মাহাত্ম্যমিতি জ্ঞেয়মিত্যর্থঃ, অঙ্গানাং মাহাত্ম্যেনাঙ্গিন এব মাহাত্ম্যাপত্তেঃ। এবং সর্ব্বস্যৈব পূজাঙ্গত্বাৎ তত্তন্মাহাত্ম্যং সর্ব্বমেব পূজায়া মাহাত্ম্যমিতি ভাবঃ ॥ ১১৫ ॥ এবমনন্তান্যেব

বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণনা ;—শতকার্য্য থাকিলেও পুষ্প, পত্র, ফল, অভাবে জল দ্বারা পুণ্ডরীকাক্ষের পাদপদ্ম অর্চ্চনা করা কর্ত্তব্য। আরও নারদীয় পুরাণে লিখিত হইয়াছে ;—নিমিত্ত অর্থাৎ জন্মাষ্টমী প্রভৃতি তিথি ও কাল-বিশেষে প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ পূর্ব্বক সযত্নে দেবদেব নারায়ণের আরাধনা করিবে। ১১২। হয়শীর্ষ-পঞ্চরাত্রে বর্ণিত হইয়াছে ;—বরং প্রাণত্যাগ, অথবা শিরশ্ছেদও প্রার্থনীয়, তথাপি যত কাল জীবন ধারণ, ততকাল ভগবান্ কমলাপতির কোনওপ্রকার প্রতিষ্ঠিত প্রতিমার অর্চ্চনা পরিত্যাজ্য নহে। ১১৩। ইতিপূর্ব্বে নৈবেদ্য ভক্ষণবিষয়ে পূজার নিত্যতা ও প্রসঙ্গক্রমে শালগ্রামশিলার * মাহাত্ম্য-কথা বর্ণিত হইয়াছে। ১১৪। পূর্ব্বে পূজাঙ্গ সকলের মাহাত্ম্য সম্বন্ধে যাহা যাহা লিখিত হইয়াছে, এস্থলে তত্তাবৎই স্বতই পূজায় পর্য্যবসিত হইল ;—তাৎপর্য্য, তন্মাহাত্ম্য সকলই পূজার মাহাত্ম্য বলিয়া জানিও ।১১৫।

---

* যাহারা ধর্ম্মবর্জ্জিত হইয়া হরি আরাধনায় বিমুখ হয়, পূর্ব্বে তাহাদের দুর্গতির কথা বলা হইয়াছে এবং শালগ্রাম শিলাচক্রের মাহাত্ম্যও প্রকাশ করা হইয়াছে। ফল কথা, হিন্দু মাত্রেরই শালগ্রাম শিলার্চ্চন সর্ব্বতোভাবে কর্ত্তব্য। এ বিধি নানা শাস্ত্রে উল্লেখ আছে বিশেষতঃ শালগ্রাম-শিলা-মাহাত্ম্যে বর্ণিত আছে; যে ব্যক্তি শালগ্রামশিলাতে শ্রীহরির পূজা করে, সে ব্যক্তি দিন দিন রাজসূয় যজ্ঞের ফলভাগী হইয়া থাকে।

পূজামহিমমত্তেভাঃ শাস্ত্রারণ্যবিহারিণঃ। কীটেন কতি সংগ্রাহ্যাঃ প্রভাবং শ্রীহরের্ব্বিনা ॥১১৬॥
অথ শ্রীভগবন্নাম সদা সেবেত সর্ব্বতঃ। তন্মাহাত্ম্যঞ্চ বিখ্যাতং সংক্ষেপেণাত্র লিখ্যতে ॥১১৭॥

অথ শ্রীভগবন্নামমাহাত্ম্যং।

তত্র শ্রীভগবন্নামবিশেষস্য চ সেবনং। ঋষিভিঃ কৃপয়াদিষ্টং তত্তৎকামহতাত্মনাং ॥ ১১৮ ॥

পূজামাহাত্ম্যবচনানি জ্ঞানক্রিয়াশক্তিহীনেন ময়া কতি লিখিতুং শক্যন্তে, যচ্চ তত্র কিঞ্চিল্লিখিতং তং শ্রীভগবন্মহিম্নৈবেতি নিজৌদ্ধত্যং পরিহরন্ পূজায়া মাহাত্ম্যবিশেষং দর্শয়তি পূজেতি। পূজায়া মহিমান এব মত্তেভাঃ মত্তহস্তিনঃ দুর্গ্রহত্বাৎ, কথম্ভূতাঃ? শাস্ত্রাণ্যেবারণ্যানি অর্থতঃ শব্দতশ্চানন্ত্যেন পরমদুর্গমত্বাৎ তেষু বিহর্ত্তুমিতস্ততঃ সর্ব্বত্র ক্রীড়িতুং শীলং যেষাং তে। অতএব কীটতুল্যেন পরমাসমর্থেন জনেন কতি সংগ্রাহ্যাঃ সংগ্রহীতুং শক্যাঃ। শ্রীহরেঃ প্রভাবং বিনেতি তেনৈব সংগ্রাহ্যা ভবন্তি নান্যেনেত্যর্থঃ। অত্র চ যথা বনান্তর্ব্বর্ত্তিনো মত্তগজাঃ কীটেন সংগ্রাহ্যাঃ ন ভবন্তি কিন্তু সিংহস্যৈব শক্যা ভবন্তীতি দৃষ্টান্তঃ স্পষ্ট এব ॥ ১ ৬ ॥

এবং পূজামাহাত্ম্যং লিখিত্বা মধুরেণ সমাপয়েদিতি ন্যায়েনান্তে নামমাহাত্ম্যং লিখন্ তত্রাদৌ ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থানতো নক্তং শয়নপর্য্যন্তে নিজকর্ম্মণি তথা শ্রীভগবতঃ প্রবোধনতো নক্তং স্থাপন-পর্য্যন্তে সেবাপ্রকারে চ সর্ব্বত্রৈব বিঘ্ননিবারকতয়া ন্যূনসংপূর্ত্তিকারকত্বেন পূজাঙ্গতয়া তথা সর্ব্বকর্ম্মণাং গুণবিশেষাপাদকতয়া তথা স্বতঃ পরমফলরূপতয়া চাদৌ মধ্যে অন্তে চ শ্রীভগবন্নাম-কীর্ত্তনং কুর্য্যাদিতি লিখতি অথেতি আনন্তর্য্যে মঙ্গলে বা। সর্ব্বতঃ সর্ব্বত্র সর্ব্বথা সর্ব্বার্থঞ্চেত্যর্থঃ এবং কালবিশেষকৃত্যতাত্যভাবাৎ সর্ব্বপরিপোষকত্বাচ্চান্ত্যান্তে লিখনমিতি ভাবঃ ॥১১৭॥ তত্রাদৌ নামবিশেষস্য মাহাত্ম্যং বিশেষতো লিখতি তত্রেতি। তেন তেনাগ্রে লেখ্যেন কামেন হত আত্মা

যদি ভগবানের কৃপাদৃষ্টি থাকে, তাহা হইলে কীটতুল্য সামান্য ব্যক্তিও শাস্ত্রারণ্যবিহারী তদীয় মাহাত্ম্যরূপ মত্তমাতঙ্গকে আয়ত্ত করিতে পারে;—তাৎপর্য্য;—বন্য মত্ত মাতঙ্গ যেরূপ সিংহের আক্রমণপ্রভাবে নিরস্ত থাকে, কিন্তু কীটকুল তাহার প্রতি প্রভাব-প্রকাশে খর্ব্বতা করিতে পারে না, সেইরূপ কীটতুল্য সামান্য ব্যক্তি—আমি, কৃপাময় হরির কৃপা ব্যতিরেকে কখনও তাঁহার মাহাত্ম্যপরিচায়ক বচনসংগ্রহে সমর্থ হইতে পারিতেছি না। ১১৬। ফল কথা, সর্ব্বথা সর্ব্বদা সর্ব্বত্র ভগবানের নাম স্মরণ করা কর্ত্তব্য; যাহা হউক, যদিও তাঁহার মাহাত্ম্য অতি বিস্তৃত ও বিখ্যাত, তথাপি এস্থলে সংক্ষেপে তন্মাহাত্ম্য লিখিত হইতেছে। ১১৭।

অতঃপর ভগবানের নাম-মাহাত্ম্য।—যাহারা কামনা-প্রভাবে আপনাদের অন্তঃকরণকে দূষিত করিয়াছে, তাহাদের জন্য ঋষিগণ করুণা প্রকাশ পূর্ব্বক ভগবানের নামবিশেষ ও সেবাসম্বন্ধে * যাহা আদেশ করিয়াছেন, সেই সেই কামনার কথা অগ্রে লিখিয়া, আদিষ্ট বিষয় বিজ্ঞাপিত হইতেছে। ১১৮।

---

* যখন ভগবানের নাম-সেবন মহাফলদায়ক, একথা সর্ব্বজ্ঞ ঋষিগণ স্বীকার করিয়াছেন, তখন অন্য কামনা পূর্ণ হওয়া নিতান্ত তুচ্ছ কথা; ফল কথা, কামনার বশবর্ত্তী হইয়া ভগবানের নাম গ্রহণ করিলে, তাহা সিদ্ধ হইবার বাধা থাকে না, ইহাই ঋষিদিগের আদেশের অভিপ্রায়।

অথ কামবিশেষেণ শ্রীভগবন্নামবিশেষসেবামাহাত্ম্যং।

তত্র পাপক্ষয়ার্থং কৌর্ম্মে ॥—

শ্রীশব্দপূর্ব্বং জয়শব্দমধ্যং জয়দ্বয়াদুত্তরতস্তথা হি।
ত্রিঃসপ্তকৃত্বো নরসিংহনাম জপ্তং নিহন্যাদপি বিপ্রহত্যাং॥ ১১৯ ॥

মহাভয়নিবারণার্থং তত্রৈব ॥—

শ্রীপূর্ব্বো নরসিংহো দ্বির্জয়াদুত্তরস্তু সঃ। ত্রিঃসপ্তকৃত্বো জপ্তস্তু মহাভয়নিবারণঃ ॥ ১২০ ॥

কালবিশেষে তু মঙ্গলার্থং বিষ্ণুধর্ম্মোত্তরে। শ্রীমার্কণ্ডেয়-বজ্রসংবাদে ॥—

পুরুষং বামদেবঞ্চ তথা সঙ্কর্ষণং বিভুং। প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ ক্রমাদব্দেষু কীর্ত্তয়েৎ ॥ ১২১ ॥
বলভদ্রস্তথা কৃষ্ণং কীর্ত্তয়েদয়নদ্বয়ে। মাধবং পুণ্ডরীকাক্ষং তথা বৈ ভোগশায়িনং ॥
পদ্মনাভং হৃষীকেশং তথা দেবং ত্রিবিক্রমং। ক্রমেণ রাজশার্দ্দূল বসন্তাদিষু কীর্ত্তয়েৎ ॥১২২॥

চিত্তং যেষাং তেষাং। আদিষ্টং তান্ প্রতি জ্ঞাপিতং। নন্থ মহাফলং ভগবন্নামসেবনং সর্ব্বৈশ্ব-র্য্যবিভিন্নত্বংতুচ্ছফলার্থং কিমিত্যাদিষ্টং তত্র লিখতি কৃপয়েতি। তেনৈব শীঘ্রং সম্যক্ কৃততত্তৎ-সিদ্ধেঃ। যদ্বা তত্তৎকামেনাপি কথঞ্চিৎ তেষাং তত্র প্রবৃত্ত্যর্থমিতি দিক্ ॥ ১১৮ ॥ জয়শব্দয়ো-র্ম্মধ্যম্ অন্তর্ব্বর্ত্তি জয় নরসিংহ জয়েতি। জয়দ্বয়াদুত্তরতঃ জয় জয় নরসিংহেতি,নরসিংহস্য নাম নর-সিংহেতি নাম বা॥১১৯॥ স নরসিংহঃ দ্বির্ব্বারদ্বয়ং যৎ জয়েতি তস্মাদুত্তরতশ্চ জয় জয় নরসিংহেতি। পাঠন্তরেঽপি স এবার্থঃ॥ ১২০ ॥ পুরুষাদীন্ পঞ্চ অব্দেষু সংবৎসরাদিভেদেন পঞ্চসু ক্রমাৎ কীর্ত্তয়েৎ। পঞ্চাব্দাশ্চোক্তাঃ ব্রহ্মবৈবর্ত্তে সংবৎসরস্তু প্রথমো দ্বিতীয়ঃ পরিবৎসরঃ। ইদাবৎসর-স্তৃতীয়শ্চতুর্থশ্চানুবৎসরঃ। উদ্বৎসরঃ পঞ্চমস্তু কালস্য যুগসংজ্ঞিতঃ। ইতি। যদ্যপ্যত্রাগ্রে চ ফলং বিশেষতো ন শ্রূয়তে তথাপ্যন্তে বরদস্তেত্যুক্ত্যা তথা সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতীত্যাদ্যুক্ত্যা চ সামান্যতঃ ফলং মহদস্তীতি জ্ঞেয়মেব॥ ১২১ ॥ মাধবাদীন্ বসন্তাদিষড়্ঋতুষু ক্রমেণ কীর্ত্তয়েৎ ॥ ১২২ ॥

অতঃপর কামবিশেষে ভগবানের নামবিশেষের মাহাত্ম্য। কূর্ম্মপুরাণে পাপক্ষয়ের জন্য ভগবানের নাম সেবা-সম্বন্ধে আলিখিত হইয়াছে ;—আদিতে শ্রীশব্দ, জয়দ্বয়ের মধ্যবর্ত্তী এবং জয়দ্বয়ের উত্তর—শ্রীনরসিংহ,জয় নরসিংহ জয় এবং জয় জয় নরসিংহ এই প্রকারে একবিংশতি-বার নরসিংহ নাম জপ করিলে, ব্রহ্মহত্যা-পাপ প্রশমিত হয়। ২১৯। এইরূপ মহাভয় নিবা-রণের জন্য ভগবানের নাম-সেবা-সম্বন্ধে ঐ কূর্ম্মপুরাণে প্রকাশ ;—শ্রীনরসিংহ ও জয় জয় নর সিংহ, এই নাম একবিংশতিবার জপ করিলে, মহাভয় বিদূরিত হইয়া থাকে। ১২০। কাল-বিশেষে মঙ্গলের জন্য বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীমার্কণ্ডেয়বজ্রসংবাদে প্রকাশ ;—পুরুষ, বামদেব, বিভু, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ, এই কয়েকটী নাম যথাক্রমে পঞ্চ বৎসরে কীর্ত্তন করিবে। ১২১। উত্তর ও দক্ষিণায়নে বলভদ্র ও শ্রীকৃষ্ণ নাম জপ করিবে ; হে রাজশার্দ্দূল ! মাধব, পুণ্ডরী-কাক্ষ, ভোগশায়ী, পদ্মনাভ, হৃষীকেশ ও ত্রিবিক্রম এই ছয় নাম ছয় ঋতুতে কীর্ত্তন করিতে থাকিবে। ১২২। শ্রীবিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, দামোদর, পদ্মনাভ, যদুপতি, কেশব, নারায়ণ, মাধব ও গোবিন্দ এই কয় নাম চৈত্রাদি দ্বাদশ মাসে জপ করিবে। প্রদ্যুম্ন,

বিষ্ণুঞ্চ মধুহন্তারং তথা দেবং ত্রিবিক্রমং। বামনং শ্রীধরঞ্চৈব হৃষীকেশং তথৈব চ॥
দামোদরং পদ্মনাভং কেশবঞ্চ যদূত্তমং। নারায়ণং মাধবঞ্চ গোবিন্দঞ্চ তথা ক্রমাৎ॥
চৈত্রাদিষু চ মাসেষু দেবদেবমনুস্মরেৎ। প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ পক্ষয়োঃ কৃষ্ণশুক্লয়োঃ॥
সর্ব্বঃ সর্ব্বশিবঃ স্থাণুর্ভূতাদিনিধিরব্যয়ঃ। আদিত্যাদিষু বারেষু ক্রমাদেবমনুস্মরেৎ॥ ১২৩॥
বিশ্বং বিষ্ণুর্ব্বষট্কারো ভূতভব্যভবৎপ্রভুঃ। ভূতভৃদ্ভূতকৃদ্ ভাবো ভূতাত্মা ভূতভাবনঃ॥
অব্যক্তঃ পুণ্ডরীকাক্ষো বিশ্বকর্ম্মা শুচিশ্রবাঃ। সম্ভাবো ভাবনো ভর্ত্তা প্রভবঃ প্রভুরীশ্বরঃ॥
অপ্রমেয়ো হৃষীকেশঃ পদ্মনাভোঽমরপ্রভুঃ। অগ্রাহ্যঃ শাশ্বতো ধাতা কৃষ্ণশ্চৈতান্যনুস্মরেৎ॥
দেবদেবস্য নামানি কৃত্তিকাদিষু যাদব॥ ১২৪॥
ব্রহ্মাণং শ্রীপতিং বিষ্ণুং কপিলং শ্রীধরং প্রভুং। দামোদরং হৃষীকেশং গোবিন্দং মধুসূদনং॥
ভূধরং গদিনং দেবং শঙ্খিনং পদ্মিনস্তথা। চক্রিণঞ্চ মহারাজ প্রথমাদিষু সংস্মরেৎ॥ ১৩৫॥
সর্ব্বং বা সর্ব্বদা নাম দেবদেবস্য যাদব।
নামানি সর্ব্বাণি জনার্দ্দনস্য কালশ্চ সর্ব্বঃ পুরুষপ্রবীরঃ।
তস্মাৎ সদা সর্ব্বগতস্য নাম গ্রাহ্যং যথেষ্টং বরদস্য রাজন্॥ ১২৬॥

বিষ্ণ্বাদীন্ দ্বাদশ চৈত্রাদিদ্বাদশমাসেষু ক্রমাদনুস্মরেৎ। তত্র চ যদূত্তমমিতি বিশেষণং জ্ঞেয়ং, অন্যথা ত্রয়োদশ স্যুঃ। যদূত্তমেতি বা পাঠঃ। ততশ্চ সম্বোধনং, হে বজ্রেতি। যদ্বা কদাচিৎ মলমাসে সতি ত্রয়োদশ মাসা ভবন্তি তদপেক্ষয়া যদূত্তমেন সহ ত্রয়োদশেতি জ্ঞেয়ং॥১২৩॥ বিশ্বমিত্যাদীনি সপ্তবিংশতি নামানি কৃত্তিকাদিষু সপ্তবিংশতিনক্ষত্রেষু ক্রমাদেবানুস্মরেৎ॥ ১২৪॥ প্রথমা তিথিঃ প্রতিপৎ তদাদিষু পঞ্চদশতিথিষু ব্রহ্মাদীন্ পঞ্চদশ ক্রমেণৈব সংস্মরেৎ॥ ১২৫॥ ননু চিন্তামণেরিব সর্ব্বস্যাপি ভগবন্নাম্নঃ সমানফলং শ্রূয়তে তৎ কিং বিশেষনির্দ্দেশতো মাহাত্ম্যসংকোচাপাদনেন, সত্যং অত্যন্তকামাদ্যপহতচিত্তানাং শ্রদ্ধাসম্পত্তয়ে তথোক্তং। বস্তুতস্তু সর্ব্বদা সর্ব্বমেব নাম সেব্যমিত্যাহ সর্ব্বমিতি। সংস্মরেদিতি পূর্ব্বয়া ক্রিয়য়া গ্রাহ্যমিতি পরয়া বা সম্বন্ধঃ।

ও অনিরুদ্ধ এই দুই নাম শুক্ল ও কৃষ্ণ পক্ষে চিন্তা করিবার বিধি। আদিত্যাদি সপ্তবারে সর্ব্ব, সর্ব্বশিব, স্থাণু, ভূত, আদি, নিধি ও অব্যয় এই সপ্ত নাম স্মরণ করিবে। ১২৩।

হে যাদব! কৃত্তিকাদি সপ্তবিংশতি নক্ষত্রে বিশ্ব, বিষ্ণু, বষট্কার, ভূতভব্যভবৎপ্রভু, ভূৎভৃৎ, ভূতকৃৎ, ভাব, ভূতাত্মা, ভূতভাবন, অব্যক্ত, বিশ্বকর্ম্মা, পুণ্ডরীকাক্ষ, শুচিশ্রবাঃ, বিশ্বকর্ম্মা, সম্ভাব, ভাবন, ভর্ত্তা, প্রভব, প্রভু, ঈশ্বর, অপ্রমেয়, হৃষীকেশ, অমরপ্রভু, অগ্রাহ্য, শাশ্বত, ধাতা, এবং শ্রীকৃষ্ণ এই সকল নামোচ্চারণ করিবে। ১২৪। হে মহারাজ! প্রতিপৎ হইতে আরম্ভ করিয়া পঞ্চদশ তিথিতে ব্রহ্মা, শ্রীপতি, বিষ্ণু, কপিল, শ্রীধর, প্রভু, দামোদর, হৃষীকেশ, গোবিন্দ, মধুসূদন, ভূধর, গদাধর, শঙ্খী, পদ্মধারী, এবং চক্রধারী এই কয় নাম কীর্ত্তন করিবে। ১২৫। হে যাদব! দেবদেব নারায়ণের নাম সর্ব্বদা স্মরণ করা কর্ত্তব্য; হে রাজন্! জনার্দ্দনের নাম সকল সময়ে কীর্ত্তন করা উচিত; কারণ, তাঁহার নাম কীর্ত্তনে সকল কাল ও

বিবিধকামসিদ্ধয়ে চ পুলস্ত্যোক্তৌ ॥—

কামঃ কামপ্রদঃ কান্তঃ কামপালস্তথা হরিঃ। আনন্দো মাধবশ্চৈব কামসংসিদ্ধয়ে জপেৎ ॥ ১২৭॥
রামঃ পরশুরামশ্চ নৃসিংহো বিষ্ণুরেব চ। বিক্রমশ্চৈবমাদীনি জপ্যান্যরিজিগীষুভিঃ ॥
বিদ্যামভ্যস্যতা নিত্যং জপ্তব্যঃ পুরুষোত্তমঃ। দামোদরং বন্ধগতো নিত্যমেব জপেন্নরঃ ॥
কেশবং পুণ্ডরীকাক্ষমনিশং হি তথা জপেৎ। নেত্রাবাধাসু সর্ব্বাসু হৃষীকেশং ভয়েষু চ ॥ ১২৮॥
অচ্যুতঞ্চামৃতঞ্চৈব জপেদৌষধকর্ম্মণি। সংগ্রামাভিমুখো গচ্ছন্ সংস্মরেদপরাজিতং।
চক্রিণং গদিনঞ্চৈব শার্ঙ্গিণং খড়্গিনস্তথা। ক্ষেমার্থী প্রবসন্নিত্যং দিক্ষু প্রাচ্যাদিষু স্মরেৎ ॥১২৯
অজিতঞ্চাধিপঞ্চৈব সর্ব্বং সর্ব্বেশ্বরস্তথা। সংস্মরেৎ পুরুষো ভক্ত্যা ব্যবহারেষু সর্ব্বদা ॥১৩০॥
নারায়ণং সর্ব্বকালং ক্ষুতপ্রস্খলনাদিষু। গ্রহনক্ষত্রপীড়াসু দেববাধাসু সর্ব্বতঃ ॥ ১৩১ ॥
দস্যুবৈরিনিরোধেষু ব্যাঘ্রসিংহাদিসঙ্কটে। অন্ধকারে তমস্তীব্রে নরসিংহমনুস্মরেৎ ॥
অগ্নিদাহে সমুৎপন্নে সংস্মরেজ্জলশায়িনং। গরুড়ধ্বজানুস্মরণাদ্বিষবীর্য্যং ব্যপোহতি ॥
স্নানে দেবার্চ্চনে হোমে প্রণিপাতে প্রদক্ষিণে। কীর্ত্তয়েদ্ভগবন্নাম বাসুদেবেতি তৎপরঃ ॥
স্থাপনে বিত্তধান্যাদেরপধ্যানে চ দুষ্টজে। কুর্ব্বীত তন্মনা ভূত্বা অনন্তাচ্যুতকীর্ত্তনং ॥ ১৩২ ॥

তদেব সহেতুকমাহ। নামানীতি ॥ ১২৬ ॥ কাম ইত্যাদিনামানি জপেৎ ॥ ১২৭ ॥ নেত্রবাধাসু চক্ষুঃপীড়াসু ॥১২৮॥ প্রবসন্ বিদেশং গচ্ছন্ চক্র্যাদীন্ চতুরঃ প্রাচ্যাদিচতুর্দ্দিক্ষু ক্রমাৎ স্মরেৎ ॥ ১২৯ ॥ ব্যবহারেষু বাণিজ্যাদিষু ॥১৩০॥ দেববাধাসু অতিবৃষ্ট্যাদিষু॥১৩১ ॥ দুষ্টজেঽপধ্যানে দুষ্টজন-

---

সকল পুরুষই শ্রেষ্ঠ হইয়া থাকে, অতএব সর্ব্বদা সর্ব্বগত বরদাতার নাম যথেষ্ট গ্রহণ করা কর্ত্তব্য। ১২৬।

বিবিধ-কামনা-সিদ্ধির জন্য ভগবানের নাম-সেবা-সম্বন্ধে পুলস্ত্যের উক্তিতে প্রকাশ ;— কাম, কামপ্রদ, কান্ত, কামপাল, হরি, আনন্দ ও মাধব এই কয়টী নাম কামনাসিদ্ধির জন্য সর্ব্বদা স্মরণ করিবে। ১২৭। যাহারা শত্রুজয় কামনা করে, রাম, পরশুরাম, নৃসিংহ, বিষ্ণু এবং ত্রিবিক্রম এই কয় নাম জপ করা তাহাদের কর্ত্তব্য। যে ব্যক্তি বিদ্যাভ্যাসে নিযুক্ত, পুরুষোত্তম নাম জপ করা তাহার পক্ষে কর্ত্তব্য ; বন্ধনাবদ্ধ ব্যক্তির দামোদর নাম জপ করা উচিত ; শঙ্কা-সময়ে হৃষীকেশের শরণাপন্ন হওয়াই কর্ত্তব্য। ১২৮। ঔষধ-সেবনে অচ্যুত ও অমৃত নাম জপ করিতে হইবে ; যুদ্ধযাত্রাকালে অপরাজিতের নাম জপ করিবে ; যে ব্যক্তি পূর্ব্বাদি চতুর্দ্দিকে গমনোদ্যত, মঙ্গল ইচ্ছা থাকিলে যথাক্রমে চক্রী, গদী, শার্ঙ্গী, ও খড়্গীর নাম জপ করা তাহার কর্ত্তব্য। ১২৯। যে ব্যক্তি বাণিজ্যের উন্নতি কামনা করে, সর্ব্বদা ভক্তিপূর্ব্বক অজিত, অধিপ, সর্ব্ব ও সর্ব্বেশ্বর নাম জপ করা তাহার পক্ষে বিধেয়। ১৩০। হাঁচিবার, বা স্খলন হইবার সময় গ্রহনক্ষত্রপীড়াকাল, বা অতিবৃষ্টি অনাবৃষ্টি উপদ্রবে সর্ব্বতোভাবে নারায়ণের নাম জপ করিতে হইবে। ১৩১। দস্যু ও বৈরিগণের আক্রমণসময়ে, সিংহব্যাঘ্রাদিসঙ্কটকালে, তীব্র তম ও ঘোর অন্ধকার-অবস্থায়, নৃসিংহ নাম স্মরণ করা কর্ত্তব্য। অগ্নিদাহ উপস্থিত হইলে জলশায়ী এবং

নারায়ণং শার্ঙ্গধরং শ্রীধরং পুরুষোত্তমং। বামনং খড়্গিনঞ্চৈব দুঃস্বপ্নে সদা স্মরেৎ ॥
মহার্ণবাদৌ পর্য্যঙ্কশায়িনঞ্চ নরঃ স্মরেৎ। বলভদ্রং সমৃদ্ধ্যর্থং সর্ব্বকর্ম্মণি সংস্মরেৎ ॥
জগৎপতিমপত্যার্থং স্তবন্ ভক্ত্যা ন সীদতি। শ্রীশং সর্ব্বাভ্যুদয়িকে কর্ম্মণ্যাশু প্রকীর্ত্তয়েৎ ॥
অরিষ্টেষু হ্যশেষেষু বিশোকঞ্চ সদা জপেৎ। মরুৎপ্রপাতাগ্নিজলবন্ধনাদিষু মৃত্যুষু।
স্বতন্ত্রপরতন্ত্রেষু বাসুদেবং জপেদ্বুধঃ ॥ ১৩৩ ॥

সর্ব্বার্থশক্তিযুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ। যথাভিরোচতে নাম তৎ সর্ব্বার্থেষু কীর্ত্তয়েৎ ॥
সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতি নাম্নামেকার্থতা যতঃ। সর্ব্বাণ্যেতানি নামানি পরস্য ব্রহ্মণো হরেঃ ॥১৩৪

এবং বিষ্ণুধর্ম্মোত্তরে চ মার্কণ্ডেয়বজ্রসংবাদে ॥—

কিঞ্চ ॥—কূর্ম্মং বরাহং মৎস্যংবা জলপ্রতরণে স্মরেৎ। ভ্রাজিষ্ণুমগ্নিজননে জপেন্নাম ত্বখণ্ডিতং ॥১৩৫
গরুড়ধ্বজানুস্মরণাদাপদো মুচ্যতে নরঃ। জ্বরজুষ্টশিরোরোগবিষবীর্য্যঞ্চ শাম্যতি ॥

চিন্তিতানিষ্টে ॥ ১৩২ ॥ মরুন্নির্জ্জলদেশস্তস্মিন্ প্রপাতঃ অকস্মাদ্গমনং। মরুদিতি পাঠে বাত্যাষু তদাদিষু মৃত্যুষু মরণহেতুষু। কথম্ভূতেষু? স্বতন্ত্রপরতন্ত্রেষু স্বাধীনপরাধীনেষু স্বতঃ প্রাপ্তে পরৈর্ব্বা প্রাপিতেষু ॥ ১৩৩ ॥ যস্য চ যন্নাম্নি প্রীতিস্তেন তদেব সেব্যং তেনৈব তস্য সর্ব্বার্থসিদ্ধিরিত্যাহ সর্ব্বার্থেতি দ্বাভ্যাং ॥ ১৩৪ ॥ অখণ্ডিতং অবিচ্ছিন্নং ॥ ১৩৫ ॥ জ্বরাদীনাং বীর্য্যং প্রভাবশ্চ শাম্যতি ॥ ১৩৬ ॥

বিষপ্রয়োগ ঘটিলে গরুড়ধ্বজকে স্মরণ করিতে হইবে। যে ব্যক্তি ভগবানের প্রতি একান্তানুরক্ত, স্নান, দেবার্চ্চনা, হোম, প্রণিপাত ও প্রদক্ষিণ-সময়ে ভগবানের বাসুদেব এই নাম স্মরণ করা তাহার কর্ত্তব্য। দুষ্ট জনে চিন্তা দ্বারা অনিষ্ট ঘটাইলে, বা ধন ধান্যাদি স্থাপন করিতে হইলে অনন্ত, অচ্যুত এই নাম স্মরণ করিতে হইবে। ১৩২। দুঃস্বপ্ন দর্শন ঘটিলে নারায়ণ, শার্ঙ্গধর, শ্রীধর, পুরুষোত্তম, বামন, খড়্গধারী, এই সকল নাম স্মরণ করিতে হয়। মহাসমুদ্রে নিপতিত হইলে পর্য্যঙ্কশায়ীকে স্মরণ করিতে হইবে, সমৃদ্ধি লাভের জন্য সকল কার্য্যে বলভদ্রকে ডাকিতে হইবে। পুত্রোদ্দেশে ভক্তিভরে জগৎপতিকে স্মরণ করিলে বিপদে পতিত হইতে হয় না; সকলপ্রকার মাঙ্গলিক কর্ম্মে শ্রীশ ভগবানের নাম সত্বর কীর্ত্তন করিবে। অশেষ বিঘ্ন ঘটিলে বিশোক নামক ভগবান্‌কে স্মরণ করিবে। দৈববশে নির্জন দেশে গমন, অগ্নি, জল ও বন্ধন নিবন্ধন মৃত্যুভয় ঘটিলে, বা স্বতন্ত্র ও পরতন্ত্র অবস্থায় কোনও বিপদ্ সংঘটন হইলে, পণ্ডিত লোকের পক্ষে বাসুদেবের নাম জপ করা কর্ত্তব্য। ১৩৩। ভগবান্ দেবদেব চক্রধারী সর্ব্বার্থশক্তিসম্পন্ন; অতএব তাঁহার যে নাম ইচ্ছা হয়, তাহা কীর্ত্তন করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য; কারণ, পরম ব্রহ্ম হরির এই নাম সকল একার্থবোধক, সুতরাং সকল নামেই সর্ব্বার্থসিদ্ধি ঘটিয়া থাকে। ১৩৪।

এইরূপ বিষ্ণুধর্ম্মোত্তরে মার্কণ্ডেয়বজ্রসংবাদে প্রকাশ;—জল-সন্তরণ-কালে কূর্ম্ম, বরাহ, ও মৎস্যের নাম স্মরণ করিতে হইবে; অগ্নিদাহে ভ্রাজিষ্ণু নাম অবিচ্ছিন্নভাবে জপ করিবে। ১৩৫।

বলভদ্রস্তু যুদ্ধার্থী কৃষ্যারম্ভে হলায়ুধং। উত্তারণং বণিজ্যার্থী রামমভ্যুদয়ে নৃপ॥

মাঙ্গল্যং মঙ্গলং বিষ্ণুং মঙ্গল্যেষু চ কীর্ত্তয়েৎ। উত্তিষ্ঠন্ কীর্ত্তয়েদ্বিষ্ণুং প্রস্বপন্ মাধবং নরঃ।

ভোজনে চৈব গোবিন্দং সর্ব্বত্র মধুসূদনং॥

তত্রৈবান্যত্র॥—ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনং।

শয়নে পদ্মনাভঞ্চ মৈথুনে চ প্রজাপতিং। সংগ্রামে চক্রিণং ক্রুদ্ধং স্থানভ্রংশে ত্রিবিক্রমং।

নারায়ণং বৃষোৎসর্গে শ্রীধরং প্রিয়সঙ্গমে। জলমধ্যে তু বারাহং পাবকে জলশায়িনং॥ ১৩৬॥

কাননে নরসিংহঞ্চ পর্ব্বতে রঘুনন্দনং। দুঃস্বপ্নে স্মর গোবিন্দং বিশুদ্ধৌ মধুসূদনং।

মায়াসু বামনং দেবং সর্ব্বকার্য্যেষু মাধবং॥ ১৩৭॥

কিঞ্চ॥—কীর্ত্তয়েদ্বাসুদেবঞ্চ অনুক্তেষ্বপি যাদব। কার্য্যারম্ভে তথা রাজন্ যথেষ্টং নাম কীর্ত্তয়েৎ॥

সর্ব্বাণি নামানি হি তস্য রাজন্ সর্ব্বার্থসিদ্ধ্যৈ তু ভবন্তি পুংসঃ।

তস্মাদযথেষ্টং খলু কৃষ্ণনাম সর্ব্বেষু কার্য্যেষু জপেত ভক্ত্যা॥

অথ সামান্যতঃ শ্রীভগন্নামকীর্ত্তনমাহাত্ম্যং। তত্রাখিলপাপোন্মূলনত্বং।

বিষ্ণুধর্ম্মে হরিভক্তিসুধোদয়ে চোক্তং নারদেন॥—

অহো সুনির্ম্মলা যূয়ং রাগো হি হরিকীর্ত্তনে। অবিধূয় তমঃ কৃৎস্নং নৃণাং নোদেতি সূর্য্যবৎ॥১৩৮

বিশুদ্ধৌ শুদ্ধিবিশেষার্থং॥ ১৩৭॥ সুনির্ম্মলাঃ অত্যন্তমলহীনাঃ। হি যস্মাৎ হরিকীর্ত্তনে রাগঃ শ্রদ্ধা নৃণাং তমঃ পাপমলং কৃৎস্নম্ অবিধূয় অনিরস্য নোদেতি অপি তু বিধূয়ৈবোদেতি। যথা

হে নৃপতে! গরুড়ধ্বজকে স্মরণ করিলে লোকে আপদের হস্ত হইতে অব্যাহতি পায় এবং এই নামপ্রভাবে লোকে সত্বর শিরোরোগ এবং বিষবীর্য্য হইতে মুক্ত হইয়া থাকে। এইরূপে যুদ্ধার্থী ব্যক্তির বলভদ্র, কৃষিফলার্থীর হলায়ুধ, বাণিজ্যার্থীর উত্তারণ, অভ্যুদয়-কামীর রাম নাম স্মরণ করা কর্ত্তব্য; মঙ্গলকার্য্যে মঙ্গলময় বিষ্ণু, উত্থানকালে বিষ্ণু, শয়নে মাধব, ভোজনকালে গোবিন্দ, এবং সর্ব্বত্র মধুসূদন নাম স্মরণ করা মনুষ্যের কর্ত্তব্য। ঐ বিষ্ণুধর্ম্মোত্তরে অন্যত্র বর্ণিত হইয়াছে;—ঔষধ সেবনে বিষ্ণু, ভোজনে জনার্দ্দন, শয়নে পদ্ম-নাভ, বিবাহে প্রজাপতি, যুদ্ধে ক্রুদ্ধ চক্রী, স্থানভ্রংশে ত্রিবিক্রম, বৃষোৎসর্গে নারায়ণ, স্ত্রীসহ-বাসে শ্রীধর, জল মধ্যে বরাহ, এবং অগ্নিতে জলশায়ীকে চিন্তা করিবে। ১৩৬। বনমধ্যে নর-সিংহ, পর্ব্বতে রঘুনন্দন, দুঃস্বপ্নাবস্থায় গোবিন্দ, শুদ্ধিকার্য্যে * মধুসূদন, মায়াদিতে বামন এবং সর্ব্বকার্য্যে মাধবকে চিন্তা করিবে। ১৩৭। অন্য গ্রন্থে আরও বর্ণিত হইয়াছে;—হে যাদব! যে সকল বিষয় কথিত হয় নাই, সেই সকল বিষয়ে এবং সকল কার্য্যারম্ভেই ভগবানের নাম যথেষ্ট কীর্ত্তন করা কর্ত্তব্য। হে নৃপ! ভগবান্ শ্রীকৃষ্ণের সকল নামই লোকের সর্ব্বকার্য্যে সিদ্ধিদান করে, এই কারণে সকল কার্য্যেই ভক্তিভাবে কৃষ্ণনাম যথেষ্ট স্মরণ করা কর্ত্তব্য।

---

* অন্য গ্রন্থে 'সত্বরে মধুসূদনং' এই পাঠ দেখিতে পাওয়া যায়, কিন্তু আমাদের অবলম্বিত গ্রন্থে 'বিশুদ্ধৌ মধুসূদনং' ব্যবহৃত আছে।

গারুড়ে।—পাপানলস্য দীপ্তস্য মা কুর্ব্বন্তু ভয়ং নরাঃ।
গোবিন্দনাম মেঘৌঘৈর্নশ্যতে নীরবিন্দুভিঃ॥ ১৩৯॥
অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ। পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহত্রস্তৈর্মৃগৈরিব॥১৪০॥
যন্নামকীর্ত্তনং ভক্ত্যা বিলাপনমনুত্তমং। মৈত্রেয়াশেষপাপানাং ধাতূনামিব পাবকঃ॥ ১৪১॥
যস্মিন্ন্যস্তমতির্ন যাতি নরকং স্বর্গোঽপি যচ্চিন্তনে
বিঘ্নো যত্র নিবেশিতাত্মমনসো ব্রাহ্মোঽপি লোকোঽল্পকঃ।
মুক্তিং চেতসি যঃ স্থিতোঽমলধিয়াং পুংসাং দদাত্যব্যয়ঃ
কিঞ্চিত্রং যদঘং প্রযাতি বিলয়ং তত্রাচ্যুতে কীর্ত্তিতে॥ ১৪২॥

সূর্য্যোঽন্ধকারং সর্ব্বং বিধূয়ৈবোদেতি তদ্বৎ॥১৩৮॥ গোবিন্দস্য নামৈব মেঘৌঘাস্তৈর্যে নীরবিন্দবস্তৈর্হেতুভির্নশ্যতে নশ্যতি॥ ১৩৯॥ অবশেনাপি যদৃচ্ছয়াপি যস্য নাম্নি কীর্ত্তিতে সতি যথা অকস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তা হরিণম্ অবরুদ্ধবন্তো বৃকাস্তং বিসৃজ্য পলায়ন্তে তদ্বৎ। যদ্বা মৃগয়ার্থং বনং প্রবিষ্টঃ কশ্চিৎ পুমান্ বৃকৈরাবৃতোঽকস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তৈস্তৈর্যথাসৌ বিমুচ্যতে তদ্বদিতি॥ ১৪০॥ ভক্ত্যা তৎকীর্ত্তনফলমাহ যন্নামেতি। দ্বাদশাব্দাদিপ্রায়শ্চিত্তৈঃ পাপমেব বিনশ্যতি তৎসংস্কারস্ত্ববশিষ্যতে ইদং ত্বশেষাণাং সংস্কারাণাং পাপানাং বিলাপনং বিনাশকং। ন চান্যেন নিঃশেষপাপক্ষয়ঃ স্যাদিতি দৃষ্টান্তেনাহ যথা ধাতূনাং স্বর্ণাদীনাং উদ্বর্ত্তনপ্রক্ষালনাদি ধাত্বন্তরসংযোগজং মলং ন নাশয়তি কিন্তু পাবক এব অতঃ সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ॥ ১৪১॥ হরিকীর্ত্তনমাত্রেণ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি যদুক্তং তৎ কৈমুতিকন্যায়েনোপপাদয়তি যস্মিন্নিতি। ন্যস্তা নিক্ষিপ্তা মতির্যেন অচ্যুতৈকচিত্ত ইতি যাবৎ। স প্রমাদাদিকৃতৈরঘৈর্নরকং ন যাতি

অতঃপর সামান্যরূপে শ্রীভগবানের নাম-কীর্ত্তন-মাহাত্ম্য-মধ্যে অখিল-পাপধ্বংস-সম্বন্ধে নারদের উক্তিতে বিষ্ণুধর্ম্মে ও হরিভক্তিসুধোদয়ে প্রকাশ;—আহা! তোমাদের অন্তঃকরণ কি নির্ম্মল, যেহেতু হরিনাম সঙ্কীর্ত্তনে তোমাদের প্রবল অনুরাগ দেখা যাইতেছে; তোমাদের চিত্ত নির্ম্মল হইবারই ত কথা! কেন না, সূর্য্য যেরূপ উদয় হইলে অন্ধকার বিনষ্ট না করিয়া প্রকাশ পায় না, তোমরাও সেইরূপ হরিনামে নিষ্পাপ হইয়াছ। ১৩৮। গরুড়পুরাণে লিখিত আছে;—হে মানবগণ! প্রদীপ্ত পাপবহ্নি দেখিয়া তোমরা ভয়ভীত হইও না; কারণ, যেরূপ জলদের জলবিন্দুসমূহে অগ্নিও নির্ব্বাপিত হয়, তাহার ন্যায় গোবিন্দরূপ জলধরের জলবিন্দুপতনে পাপাগ্নি একেবারে নির্ম্মূলিত হইয়া যায়। ১৩৯। (অন্য কথা কি,) অনিচ্ছাতেও গোবিন্দ নাম উচ্চারিত হইলে, যেরূপ মৃগকুল বৃকের আক্রমণে আকুল হয় এবং অকস্মাৎ সিংহ দর্শনে তাহারা যেরূপ মৃগকুলকে পরিত্যাগ করিয়া প্রস্থান করে, তাহার ন্যায় পাপী লোকে সিংহ-ভীত মৃগের ন্যায় সকলপ্রকার পাপ হইতে মুক্ত হইয়া থাকে। ১৪০। হে মৈত্রেয়! যেরূপ অগ্নি সর্ব্বপ্রকার ধাতুর মল-শোধক ও পরীক্ষক, এইরূপ শ্রীকৃষ্ণ-নামে সকল পাপই বিনষ্ট ও নিঃশেষে সংশোধিত হইয়া থাকে। ১৪১। যাহাতে চিত্তার্পণ করিলে

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

সায়ং প্রাতস্তথা কৃত্বা দেবদেবস্য কীর্ত্তনং। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স্বর্গলোকে মহীয়তে॥

বামনে।—নারায়ণো নাম নরো নরাণাং প্রসিদ্ধ-চৌরঃ কথিতঃ পৃথিব্যাং।

অনেকজন্মার্জ্জিতপাপসঞ্চয়ং হরত্যশেষং শ্রুতমাত্র এব॥১৪৩॥

স্কান্দে।— গোবিন্দেতি তথা প্রোক্তং ভক্ত্যা বা ভক্তিবর্জ্জিতৈঃ।

দহতে সর্ব্বপাপানি যুগান্তাগ্নিরিবোত্থিতঃ॥ ১৪৪॥

গোবিন্দনাম্না যঃ কশ্চিন্নরো ভবতি ভূতলে। কীর্ত্তনাদেব তস্যাপি পাপং যাতি সহস্রধা॥

কাশীখণ্ডে।—

প্রমাদাদপি সংস্পৃষ্টো যথাঽনলকণো দহেৎ। তথৌষ্ঠপুটসংস্পৃষ্টং হরিনাম দহেদঘং॥

বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানান্তে।—

নরাণাং বিষয়ান্ধানাং মমতাকুলচেতসাং। একমেব হরের্নাম সর্ব্বপাপবিনাশনং॥

তস্মিন্নঘসংশ্লেষাসম্ভবাৎ। যস্য চিন্তনে ধ্যানে ক্রিয়মাণে স্বর্গপ্রাপ্তিরপি বিঘ্নপ্রায়া। যস্মিন্ নিবেশিত আত্মা মনশ্চ সমাধিনা যেন তস্য ব্রহ্মলোকোঽপ্যতিতুচ্ছঃ তস্মাদযথাকথঞ্চিদপি যশ্চেতসি স্থিতঃ অতএব নির্ম্মলধিয়াং। যদ্বা অকারপ্রশ্লেষং বিনা মলিনমতীনামপি মুক্তিমপি দদাতি। যদৈবং স্বৈকহিতকারিণাং স্মৃতিমাত্রেণাচ্যুতনিষ্ঠানামীদৃশং ফলগৌরবং তদা তন্নাম-কীর্ত্তনেন পরেষামপ্যঘং ক্ষপয়তাং স্বকীয়াঘনাশঃ কিঞ্চিত্রমিত্যর্থঃ। অঘ ইতি প্রথমান্তপাঠে পাপোঽপি জনঃ বিলয়ং মোক্ষং। অন্যৎ সমানং। এবঞ্চ সতি মুক্তিপ্রদত্বেঽয়ং শ্লোকো-ত্রষ্টব্যঃ॥ ১৪২॥ নারায়ণ ইতি নরশ্চেতি নাম। যদ্বা হে নরঃ ভো জনাঃ নামস্বরূপো নারায়ণঃ। যদ্বা নারায়ণনামা নর ইত্যর্থঃ॥ ১৪৩॥ তথাত্বমেব ব্যঞ্জয়তি ভক্ত্যা বা প্রোক্তং ভক্তিবর্জ্জিতৈর্জনৈর্ব্বাঽভক্ত্যা প্রোক্তমিতি॥ ১৪৪॥ হুতং হুতমিত্যস্য মধ্যদেশে লৌকিকী ভাষা

কখনও নরক দর্শন হয় না, যাঁহার ধ্যানে স্বর্গলাভও বিঘ্ন বলিয়া প্রতীতি হয়, যাঁহার সমাধিতে ব্রহ্মলোক তুচ্ছ পদার্থ বলিয়া উপলব্ধি হইয়া থাকে, যে অব্যয় পুরুষ অন্তরে অবস্থিতি করিলে মুক্তিলাভ ঘটে, সেই ভগবন্নাম-কীর্ত্তনে যে পাপ বিদূরিত হইবে না, ইহাতে আশ্চর্য্য বা সন্দেহ কি? ।১৪২। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে; কি প্রাতঃ কি সায়ংকাল এই সময়ে মুকুন্দের নাম স্মরণ করিলেই সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া সুখে স্বর্গলোকে বাস ঘটিয়া থাকে।

বামনপুরাণে প্রকাশ;—যেরূপ চৌর ব্যক্তি কার্য্যপ্রভাবে সংসারে পরিচিত হইয়া থাকে, তাহার ন্যায় পৃথিবীমণ্ডলে নারায়ণ-নামরূপ চৌর অতিশয় প্রসিদ্ধি লাভ করিয়াছেন; সামান্য তস্করে লোকের অর্থাদি সম্পত্তি অপহরণ করে বটে, কিন্তু এই তস্করের নাম শ্রবণমাত্রে অন্ত-রের অশেষ-জন্মার্জ্জিত পাপভার নিঃশেষে অপহৃত হইয়া থাকে। ১৪৩। স্কন্দপুরাণের বর্ণন এই প্রকার;—যেরূপে যুগান্তকালীন অগ্নি সমুত্থিত হইয়া বিশ্ব সংসার দগ্ধ করিয়া ফেলে, তাহার ন্যায় ভক্তি বা অভক্তি যে ভাবে হউক,গোবিন্দনাম মুখে উচ্চারণ করিলেই, সকল পাপ

অতএব তত্রৈব যমেনোক্তং।—

হরি হরি সকৃদুচ্চরিতং দস্যুচ্ছলেন র্যৈর্মনুষ্যৈঃ।
জননীজঠরমার্গলুপ্তা ন মম পটলিপিং বিশন্তি মর্ত্ত্যাঃ॥ ১৪৫॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে দেবশর্ম্মোপাখ্যানান্তে শ্রীনারদোক্তৌ।—

হত্যাযুতং পানসহস্রমুগ্রং গুর্ব্বঙ্গনাকোটিনিষেবণঞ্চ।
স্তেয়ান্যনেকানি হরিপ্রিয়েণ গোবিন্দনাম্না নিহতানি সদ্যঃ॥ ১৪৬॥

অনিচ্ছয়াপি দহতি স্পৃষ্টো হুতবহো যথা। তথা দহতি গোবিন্দনাম ব্যাজাদপীরিতং॥১৪৭॥

তত্রৈব শ্রীযমব্রাহ্মণসংবাদে।—

কীর্ত্তনাদেব কৃষ্ণস্য বিষ্ণোরমিততেজসঃ। দুরিতানি বিলীয়ন্তে তমাংসীব দিনোদয়ে॥
নান্যৎ পশ্যামি জন্তূনাং বিহায় হরিকীর্ত্তনং। সর্ব্বপাপপ্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তম॥১৪৮॥

হরিহরীতি। জনন্যা জঠরস্য মার্গোঽপি লুপ্তো যেষাং তে মুক্তা ইত্যর্থঃ। মম পটলিপিং ন বিশন্তি মদধিকারং ন গচ্ছন্তীত্যর্থঃ॥ ১৪৫॥ অনেকানি বিপ্রস্বর্ণচৌর্য্যাদীনি॥ ১৪৬॥ ব্যাজাৎ পুত্রাহ্বানাদিচ্ছলাদপ্যুক্তং॥ ১৪৭॥

সর্ব্বপাপপ্রশমনরূপং প্রায়শ্চিত্তমন্যৎ ন পশ্যামি। অন্যস্য সবাসনপাপক্ষপণাশক্তেঃ॥ ১৪৮॥

ভস্মীভূত হইয়া থাকে।১৪৪। নরলোকে কাহারও গোবিন্দ নাম থাকিলে, যদি লোকে তাহাকে আহ্বান করে, তাহা হইলে ঐ নাম-প্রভাবেও পাপরাশি সহস্রপ্রকারে অপহৃত হইয়া থাকে। কাশীখণ্ডে উক্ত হইয়াছে;—প্রমাদনিবন্ধন অগ্নিস্পর্শে যেরূপ দেহ দগ্ধ হয়, তাহার ন্যায় হরিনাম অধরোষ্ঠে সংস্পৃষ্ট হইলেই পাপক্ষালন ঘটিয়া থাকে। বৃহন্নারদীয় পুরাণে লুব্ধকের উপাখ্যানের শেষভাগে বর্ণিত আছে;--যাহারা বিষয়ান্ধ ও মায়াকুলিতচিত্ত, এরূপ ব্যক্তিগণের পক্ষে হরিনাম কীর্ত্তনই সকল-পাপ-প্রণাশক হইয়া থাকে। ঐ গ্রন্থে যমের উক্তিতে প্রকাশ; যে সকল লোক ছলক্রমে হরি হরি এই নাম অন্ততঃ একবার উচ্চারণ করে, তাহাদের জননী-জঠর-পথ লুপ্ত হইয়া যায়,—অর্থাৎ আর তাহাদের জন্মগ্রহণ ঘটে না এবং তাহারা আমার পটলিপির মধ্যে—অধিকারে আর প্রবেশ করে না। ১৪৫। পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে দেবশর্ম্মার উপাখ্যানের শেষ ভাগে নারদের উক্তিতে প্রকাশ আছে;—যদি লোক অযুত ব্রহ্মহত্যা, সহস্র ভীষণ সুরাপান, কোটী কোটী গুরুপত্নীগমন এবং অসংখ্য বিপ্রস্বর্ণাদি অপহরণ করে, তথাপি হরিপ্রিয় গোবিন্দ নামে সকল পাপ বিনষ্ট হইয়া থাকে। ১৪৬। যেরূপ অনিচ্ছায় স্পর্শ করিলে অগ্নিতে দগ্ধ হইতে হয়, সেইরূপ পুত্রাদিনামচ্ছলে তাঁহার নাম কীর্ত্তন ঘটিলে, সকল পাপ বিনষ্ট হইয়া থাকে। ১৪৭। ঐ পদ্মপুরাণে যম ও ব্রাহ্মণসংবাদে লিখিত হইয়াছে;—অপরিমেয়প্রভাবশালী শ্রীকৃষ্ণ, বা বিষ্ণুর নাম স্মরণ করিলে, যেরূপ দিবাকরের উদয়ে অন্ধকার বিনষ্ট হয়, তাহার ন্যায় সকল পাপ পলায়ন করে। হে দ্বিজসত্তম! হরিনাম কীর্ত্তন ব্যতিরেকে জীবকুলের সর্ব্ব-পাপ-প্রশমক অন্য প্রায়শ্চিত্ত আর দেখিতে পাইতেছি না। ১৪৮। শ্রীমদ্ভাগ-

ষষ্ঠস্কন্ধে অজামিলোপাখ্যানে।—

অয়ং হি কৃতনির্ব্বেশো জন্মকোট্যংহসামপি। যদ্ব্যাজহার বিবশো নাম স্বস্ত্যয়নং হরেঃ ॥১৪৯॥
স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্ ব্রহ্মহা গুরুতল্পগঃ। স্ত্রীরাজপিতৃগোহন্তা যে চ পাতকিনোঽপরে।
সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতং। নামব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়া মতিঃ ॥ ১৫০ ॥
ন নিষ্কৃতৈরুদিতৈর্ব্রহ্মবাদিভিস্তথা বিশুধ্যত্যঘবান্ ব্রতাদিভিঃ।
যথা হরের্নামপদৈরুদাহৃতৈস্তদুত্তমঃশ্লোকগুণোপলম্ভকং ॥ ১৫১ ॥

অয়মজামিলঃ কৃতো নির্ব্বেশঃ প্রায়শ্চিত্তং যেন যৎ যস্মাদ্বিবশোঽপি হরের্নাম ব্যাজহার উচ্চারিতবান্ ন কেবলং প্রায়শ্চিত্তমাত্রং হরের্নাম অপি তু স্বস্ত্যয়নং মোক্ষসাধনমপি যদ্বা পরম-মঙ্গলায়তনমপি ॥ ১৪৯ ॥ নমু কামকৃতানাং বহূনাং মহাপাতকানাং সহস্রশ আবর্ত্তিতানাং দ্বাদশাব্দাদি-কোটিভিরপ্যনির্ব্বর্ত্ত্যানাং কথমিদমেকমেব প্রায়শ্চিত্তং স্যাত্তত্রাহুঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ স্তেন ইতি দ্বাভ্যাং। সুনিষ্কৃতং শ্রেষ্ঠং প্রায়শ্চিত্তমিদমেব। তত্র হেতুঃ যতো নামব্যাহরণাৎ নামোচ্চারকপুরুষবিষয়া মদীয়োঽয়ং ময়া সর্ব্বতো রক্ষণীয়ো নিতরামনুগ্রাহ্য ইতি বিষ্ণো-র্মতির্ভবতি ॥১৫০ ॥ শ্রেষ্ঠত্বমেবোপপাদয়ন্তি নেতি। ব্রহ্মবাদিভির্মন্বাদিভিরুক্তৈর্ব্রতাদিভির্নিষ্কৃতৈ-স্তথা ন শুধ্যতি উদাহৃতৈরুচ্চারিতৈর্যথা নামপদৈঃ। অত্র চ নমামীত্যাদিক্রিয়াযোগোঽপি নাপেক্ষিত ইতি দর্শিতং। কিঞ্চ তন্নামপদোচ্চারণং উত্তমঃশ্লোকগুণানাম্ উপলম্ভকং জ্ঞাপকং ভবতি, ন তু কৃচ্ছ চান্দ্রায়ণাদিবৎ পাপনিবৃত্তিমাত্রেণোপক্ষীণমিত্যর্থঃ॥১৫১॥ নন্বয়ং পুত্রনামাগ্রহীৎ

বতের ষষ্ঠস্কন্ধে অজামিলের উপাখ্যানে বর্ণিত হইয়াছে ;—হে কৃতান্তকিঙ্করগণ! এই অজামিল জন্মাবধি অসংখ্য প্রাণি-হিংসা করিয়া পাপানুষ্ঠান করিয়াছে বটে, কিন্তু যখন বিবশ হইয়া প্রায়শ্চিত্ত—মহাস্বস্ত্যয়ন হরিনামোচ্চারণ করিয়াছে, তখন আর সে পাপী নহে, সুতরাং তাহার উপর তোমাদের কোনও অধিকার নাই। ১৪৯। স্বর্ণাপহারী, সুরাপায়ী, মিত্রদ্রোহী, ব্রহ্মহত্যাকারী, গুরুপত্নীগামী, স্ত্রীঘাতী, গোহত্যাকারী, ও অন্যান্য পাপাচারী সকলেরই নারায়ণের নামকীর্ত্তন প্রধান প্রায়শ্চিত্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছে ; কারণ, নামোচ্চারণকারী ব্যক্তিকে তিনি আমার লোক বলিয়া রক্ষা করিয়া থাকেন। ১৫০। ভগবান্ হরির নামো-চ্চারণে জীব যেরূপ শুদ্ধি লাভ করে, মনু প্রভৃতি ব্রহ্মবেত্তা মুনিগণ যদিও পাপক্ষয়ের জন্য প্রায়শ্চিত্তের বিধান করিয়াছেন, কিন্তু উহা দ্বারা সেরূপ শুদ্ধি ঘটে না ; বিশেষতঃ নামো-চ্চারণের বিশেষ ফল এই যে, পাপনাশের সহিত উত্তমশ্লোক ভগবানের গুণগরিমা এরূপে প্রকাশিত হয় যে, প্রায়শ্চিত্তে সেরূপ সামর্থ্য সংলক্ষিত হয় না *। ১৫১ ॥ সঙ্কেতে—

---

* স্বেচ্ছাকৃত পাপের ক্ষালন জন্য যদিও শাস্ত্রে প্রায়শ্চিত্তের ব্যবস্থা আছে, কিন্তু মহাপাতকী জনের তাহা একেবারে ক্ষয় হওয়া অসম্ভব, বিশেষতঃ বহুপাতকগ্রস্ত ব্যক্তির একজন্মে প্রায়শ্চিত্তাদি দ্বারা সে পাপ ধ্বংস হওয়াও সহজ ব্যাপার নহে, এজন্য বলা হইয়াছে, যে কোনও প্রকারের পাতকী যদি হরিনাম আশ্রয় করে, এই ব্যক্তি আমার চিহ্নিত মনে করিয়া, তিনি তাঁহাকে অন্তরধান পূর্ব্বক রক্ষা করিয়া থাকেন ; তাৎপর্য্য,—হরিভক্তি ঘটিলে কোনও প্রকার পাপ থাকে না।

সাঙ্কেত্যং পারিহাস্যংবা স্তোভং হেলনমেব বা। বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ॥ ১৫২॥

পতিতঃ স্খলিতো ভগ্নঃ সংদষ্টস্তপ্ত আহতঃ। হরিরিত্যবশেনাহ পুমান্নার্হতি যাতনাঃ॥ ১৫৩॥

অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তমঃশ্লোকনাম যৎ। সংকীর্ত্তিতমঘং পুংসো দহেদেধো যথানলঃ॥১৫৪॥

তত্রৈব ঋষীণামুক্তৌ।—

ব্রহ্মহা পিতৃহা গোঘ্নো মাতৃহা চার্য্যহাঘবান্। শ্বাদঃ পুক্কশকো বাপি শুধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ॥১৫৫॥

লঘুভাগবতে।—

বর্ত্তমানন্তু যৎ পাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি। তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দানলকীর্ত্তনাৎ॥ ১৫৬॥

সদা দ্রোহপরো যস্তু সজ্জনানাং মহীতলে। জায়তে পাবনো ধন্যো হরের্নামানুকীর্ত্তনাৎ॥১৫৭॥

ন তু ভগবন্নাম তত্রাহুঃ সাঙ্কেত্যং পুত্রাদৌ সঙ্কেতিতং। পারিহাস্যং পরিহাসেন কৃতং। স্তোভং গীতালাপপূরণাদ্যর্থে কৃতং। হেলনং কিং বিষ্ণুনেতি সাবজ্ঞমপি বা বৈকুণ্ঠনামোচ্চারণং॥১৫২॥ নন্নু নায়ং সংকল্পপূর্ব্বকং বৈকুণ্ঠনামাগ্রহীৎ কিন্তু পুত্রস্নেহপরবশঃ সন্ তত্রাহুঃ পতিত ইতি। অবশেনাপি যো হরিরিত্যাহ স যাতনা নার্হতি। পুমানিত্যনেনে নাত্র বর্ণাশ্রমাদিনিয়ম ইত্যুক্তং। অবশত্বমেবাহুঃ পতিতঃ প্রাসাদাদিভ্যঃ, স্খলিতো মার্গে, ভগ্নো ভগ্নগাত্রঃ, সংদষ্টঃ সর্পাদিভিঃ। তপ্তো জ্বরাদিনা, আহতো দণ্ডাদিনা॥ ১৫৩॥ নন্নু তথাপি পাপপ্রায়শ্চিত্তমিদমিতি জ্ঞাত্বা নোচ্চারিতমিতি চেত্তত্রাহুঃ, যদ্বা কৃষ্ণস্য নামেদমপ্যয়ং ন জানাতি কথং তস্য সর্ব্বপাপক্ষয়স্তত্রাহুঃ অজ্ঞানাদিতি। অস্য শ্রীবিষ্ণোর্জ্ঞানাদজ্ঞানাদ্বা। বালকেনাজ্ঞানাদপি প্রক্ষিপ্তোঽগ্নির্যথা কাষ্ঠরাশিং দহতি তদ্বৎ॥ ১৫৪॥ অঘবান্ অন্যোঽপি যঃ পাপকর্ম্মযুক্তঃ যশ্চ জাত্যা পাপঃ শ্বাদঃ পুক্কশো বাপি॥ ১৫৫॥ গোবিন্দস্য অনলবৎ যৎ কীর্ত্তনং॥ ১৫৬॥ অধুনা নিষ্প্রায়শ্চিত্তো ভগবদক্ষম্যো ভোগৈকনাশ্যো মহানপরাধোঽপি নামমাহাত্ম্যতোঽপযাতীত্যাহ সদেতি। নাম্নোঽনু নিরন্তরং কীর্ত্তনাৎ। ধন্যঃ পাবনঃ পরমশুদ্ধ ইত্যর্থঃ। যদ্বা ন কেবলং স্বয়মেব ততঃ পবিত্রো ভবেদিতি কিন্তু পরানপি পাবয়তি প্রেমলক্ষণভগবদ্ভক্তিধনযোগ্যশ্চ ভবতি ইতি।

পুত্রাদিনামগ্রহণে, পরিহাসে, গীতাদিতে, বা অবহেলাক্রমে বৈকুণ্ঠ-নাম উচ্চারিত হইলে অশেষ পাপ বিনষ্ট হইয়া থাকে। ১৫২। পতিত, স্খলিত, ভগ্নগাত্র, সর্পাদিদষ্ট, জ্বরাভিভূত বা দণ্ডাহত অবস্থায় যদি লোকে অবশ হইয়া হরিনাম উচ্চারণ করে, তাহা হইলে তাহাকে আর নিরয় ভোগ করিতে হয় না। ১৫৩। যে ব্যক্তি জ্ঞান প্রযুক্ত বা অজ্ঞাননিবন্ধন উত্তমশ্লোক ভগবানের নাম কীর্ত্তন করে, অগ্নি যেরূপ ইন্ধন দহন করে, তাহার ন্যায় তাহার পাপসমূহ ভস্মীভূত হইয়া থাকে। ১৫৪। ঐ ভাগবতের ঋষিদিগের বাক্যে বর্ণিত আছে ;—ব্রহ্মঘাতী, পিতৃঘাতী, গোহত্যাকরী মাতৃঘাতী, কুকুরভোজী, চণ্ডাল, বা অন্য পাতকী ব্যক্তি শ্রীকৃষ্ণের নামকীর্ত্তনে পবিত্র হইয়া থাকে। ১৫৫। লঘুভাগবতের বর্ণনা ;— যে পাপ বর্ত্তমান, যাহা অনুষ্ঠিত হইয়াছে এবং যে পাপ অনুষ্ঠিত হইবে, ভগবানের নামাগ্নি-সংস্পর্শে সে সকল বিনষ্ট হইয়া থাকে। ১৫৬। যে ব্যক্তি সংসারে সাধুজনের প্রতি অসাধু ব্যবহার করে,

কৌর্ম্মে।—

বসন্তি যানি কোটিস্তু পাবনানি মহীতলে। ন তানি তত্তুল্যং যান্তি কৃষ্ণনামানুকীর্ত্তনে ॥১৫৮॥

বৃহদ্বিষ্ণুপুরাণে।— নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনঃ ॥ ১৫৯ ॥

ইতিহাসোত্তমে।—

শ্বাদোপি ন হি শক্নোতি কর্ত্তুং পাপানি যত্নতঃ। তাবন্তি যাবতী শক্তির্বিষ্ণোর্নাম্নোঽশুভক্ষয়ে॥১৬০

বিশেষতঃ কলৌ স্কান্দে।—তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগ্‌জং মানসমেব বা।
যন্ন ক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দকীর্ত্তনং ॥ ১৬১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

শমায়ালং জলং বহ্নেস্তমসো ভাস্করোদয়ঃ। শান্ত্যৈ কলেরঘৌঘস্য নামসঙ্কীর্ত্তনং হরেঃ ॥ ১৬২॥

যদ্যপি নামাপরাধস্তোত্রাদৌ সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুত ইত্যাদিনা নিন্দাপি নামাপরাধ উক্তঃ কিমুত সদা দ্রোহপরতেতি। অতঃ পরমমহদপরাধাদস্মান্মহানরকপাত এব। নাম্নোঽপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধ ইত্যাদিভিরভিহিতঃ। তথাপি তত্রৈব নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘমিত্যাদ্যুক্তের্নামাপরাণাং ন কোঽপি দোষো ঘটতে প্রত্যুত ভক্তিবিশেষ এবোদেতীতি। অতঃ সম্যগেবোক্তং জায়তে পরমো ধন্য ইতি ॥ ১৫৭ ॥ অতএব পরমপাবনত্বং কৌর্ম্মবচনেন লিখতি বসন্তীতি ॥ ১৫৮ ॥

এতদেবোপপাদয়তি নাম্নোঽস্যেতি দ্বাভ্যাং। পাতকী সর্ব্বদা পাতকযুক্তোঽপি ॥ ১৫৯ ॥ শ্বাদঃ নিত্যকুক্কুরভক্ষণশীলঃ পরমপাপজাতিরপি। অশুভস্য অমঙ্গলস্য তন্মূলস্য চ পাপস্য ক্ষয়ে ॥ ১৬০ ॥ এবং সামান্যতঃ সর্ব্বকালে অশেষপাপোন্মূলনং লিখিত্বা ইদানীং বিশেষতঃ কলিকালে দুস্তরবিবিধপাপবর্গব্যাকুলানামগতীনাং কলৌ লোকানাং প্রভাববিশেষপ্রকটনপরশ্রীমন্নামকীর্ত্তনেনৈবাশেষপাপোন্মূলনং ভবতীতি লিখতি. তন্নাস্তীত্যাদিনা ॥ ১৬১ ॥ যথা বহ্নেঃ শমায় জলমেব অলং সমর্থং, তমসশ্চ শমায় ভাস্করোদয় এবালং, তথা কলের্যদঘৌঘঃ তস্য শান্ত্যৈ নামসঙ্কীর্ত্তনমেবালং, কলৌ নামসঙ্কীর্ত্তনস্যৈব প্রাধান্যাৎ। শান্তিরিতি পাঠে শান্তিরূপমেব ॥ ১৬২ ॥ নিত্যং মহাপাপরতোঽপি দুরিতৌঘাৎ মুক্তঃ সন্ সত্যং নিশ্চিতং যো নরঃ সংসারপারং

হরিনামকীর্ত্তনে সে ব্যক্তিও ধন্য ও পবিত্র হইয়া থাকে। ১৫৭। কূর্ম্মপুরাণে লিখিত আছে ;—পৃথিবীতে যে সকল কোটি কোটি পবিত্র পদার্থ আছে, কৃষ্ণনামের নিকটে তাহাদের তুল্যতা দাঁড়ায় না। ১৫৮। বৃহদ্বিষ্ণুপুরাণে প্রকাশ ;—পাপহরণ বিষয়ে হরিনামের যে শক্তি দেখিতে পাওয়া যায়, কুক্কুর-ভোজী ব্যক্তি যত্নপূর্ব্বক সে পরিমাণ পাপানুষ্ঠান করিতে পারে না। ১৬০। বিশেষতঃ কলিযুগে, যথা স্কন্দপুরাণে প্রকাশ ;—কর্ম্মজ, কি বাক্যজ বা চিত্তজ এরূপ পাপ নাই, কলিযুগে গোবিন্দনামোচ্চারণ যাহাকে ক্ষয় না করে। ১৬১। বিষ্ণুধর্ম্মোত্তরে প্রকাশ ;—অগ্নিনির্ব্বাপণের জন্য যেমন জল, আর অন্ধকার বিনাশের জন্য যেমন দিবাকরের উদয়, কলির

নাম্নাং হরেঃ কীর্ত্তনতঃ প্রযাতি সংসারপারং দুরিতৌঘমুক্তঃ।
নরঃ স সত্যং কলিদোষজন্ম পাপং নিহন্ত্যাশু কিমত্র চিত্রম্ ॥ ১৬৩ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে।—

পরাকচান্দ্রায়ণতপ্তকৃচ্ছ্রৈর্ন দেহিশুদ্ধির্ভবতীহ তাদৃক্।
কলৌ সকৃন্মাধবকীর্ত্তনেন গোবিন্দনাম্না ভবতীহ যাদৃক্ ॥ ১৬৪ ॥

কীর্ত্তনকর্ত্তৃকুলসঙ্গ্যাদিপাবনত্বম্।

তত্রৈব।—

মহাপাতকযুক্তোঽপি কীর্ত্তয়ন্ননিশং হরিম্। শুদ্ধান্তঃকরণো ভূত্বা জায়তে পঙ্‌ক্তিপাবনঃ॥১৬৫॥

প্রযাতি, কলিদোষাজ্জন্ম যস্য তৎ পাপং স আশু নিহন্তীত্যত্র কিং চিত্রমাশ্চর্য্যম্, অসম্ভাবিতং ন স্যাদিত্যর্থঃ ॥ ১৬৩ ॥ দেহিনাং পাপতঃ শুদ্ধিঃ। দেহেতি পাঠে স এবার্থঃ। সকৃৎ যৎ মাধবস্য কীর্ত্তনং তেন। তচ্চ গোবিন্দেতি। নাম্নেতি কলৌ গোবিন্দনামমাহাত্ম্যমভিপ্রেতম্। যদ্বা গোবিন্দেতি নামমাত্রেণেতি কীর্ত্তনস্য বাহুল্যং বিবিধত্বঞ্চ পরিহৃতমিতি দিক্ ॥ ১৬৪ ॥ এবং সর্ব্বপাপোন্মূলনরূপং মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং নামকীর্ত্তনসম্বন্ধিনামপি সর্ব্বদোষোন্মূলনেন পরমশোধকত্বং লিখতি মহেতি পঞ্চভিঃ ॥ ১৬৫ ॥ অনন্যধীঃ, তদেকমনাঃ

পাপরাশি শান্তির নিমিত্ত সেইরূপ শ্রীহরির নামসঙ্কীর্ত্তন। ১৬২। শ্রীহরির নামসঙ্কীর্ত্তনপ্রভাবে যে মনুষ্য দুরিতরাশি হইতে বিমুক্ত হইয়া নিশ্চয়ই সংসারপারে গমন করে, সেই মনুষ্য যে কলিকলুষজনিত পাপকে বিনষ্ট করিবে, ইহাতে আর বিচিত্র কি? ১৬৩। ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে;—এই কলিকালে একবারমাত্র 'গোবিন্দ' এই নাম দ্বারা মাধবের সঙ্কীর্ত্তন করিয়া দেহীদিগের যাদৃশী শুদ্ধি সম্পাদিত হয়, পরাকব্রত, চান্দ্রায়ণ ও তপ্তকৃচ্ছ্রসমূহের * অনুষ্ঠান তাদৃশী শুদ্ধি হয় না। ১৬৪।

কীর্ত্তনকারীর বংশাবলী-পাবকত্ব ও সঙ্গিজনপাবকত্ব। যথা ঐ ব্রহ্মাণ্ডপুরাণেই;— মহাপাতকী হইয়াও দিবানিশি শ্রীহরির নামসংকীর্ত্তন করিতে করিতে শুদ্ধচিত্ত হইয়া

---

* পরাকব্রত, চান্দ্রায়ণ ও তপ্তকৃচ্ছ্র—এই তিনটি ব্রতের বিধি অত্রিসংহিতায় এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে, যথা—

একৈকং বর্দ্ধয়েন্নিত্যং শুক্লে কৃষ্ণে চ হ্রাসয়েৎ। অমাবস্যাং ন ভুঞ্জীত এব চান্দ্রায়ণো বিধিঃ ॥ (১১২ তম শ্লোক।)

শুক্লপক্ষের প্রতিপদে একগ্রাস ভোজন করিয়া, শুক্লদ্বিতীয়া হইতে পূর্ণিমা পর্য্যন্ত একএক গ্রাস বাড়াইবে, আর কৃষ্ণপক্ষের প্রতিপদ হইতে এক এক গ্রাস কমাইয়া অমাবস্যার দিন উপবাস করিবে। ইহাই চান্দ্রায়ণবিধি।

দ্বাদশাহোপবাসেন পরাকঃ পরিকীর্ত্তিতঃ। (১২১ তম শ্লোক।)

দ্বাদশ দিন উপবাস করিলে পরাকব্রত অনুষ্ঠিত হয়।

ত্র্যহমুষ্ণং পিবেদাপস্ত্র্যহমুষ্ণং পিবেৎ পয়ঃ। ত্র্যহমুষ্ণং ঘৃতং পীত্বা বায়ুভক্ষো দিনত্রয়ম্।
ষট্‌পলানি পিবেদাপস্ত্রিপলন্তু পয়ঃ পিবেৎ। পলমেকন্তু বৈ সর্পিস্তপ্তকৃচ্ছ্রং বিধীয়তে ॥ (১২২ ও ১২৩ তম শ্লোক)

তিন দিন ছয়পলপরিমিত উষ্ণ জল, তিন দিন তিনপলপরিমিত উষ্ণ দুগ্ধ এবং তিন দিন একপলপরিমিত উষ্ণ ঘৃত পান করিয়া, তৎপরে আর তিনদিন বায়ুভক্ষণ করিয়া থাকিলে, 'তপ্তকৃচ্ছ্র' নামক ব্রত অনুষ্ঠিত হয়।

লঘুভাগবতে।—

গোবিন্দেতি মুদা যুক্তঃ কীর্ত্তয়েদযত্বনন্যধীঃ। পাবনেন চ ধন্যেন তেনেয়ং পৃথিবী ধৃতা ॥১৬৬॥

হরিভক্তিসুধোদয়ে।—

ন চৈবমেকং বক্তারং জিহ্বা রক্ষতি বৈষ্ণবী। অশ্রাব্য ভগবৎখ্যাতিং জগৎ কৃৎস্নং পুনাতি হি॥১৬৭

দশমস্কন্ধে।—

যন্নাম গৃহ্নন্ নিখিলান্ শ্রোতৄনাত্মানমেব চ। সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য স্পৃষ্টঃ পদা হি তে ॥

অতএবোক্তং প্রহ্লাদেন নারসিংহে।—

তে সন্তঃ সর্ব্বভূতানাং নিরুপাধিকবান্ধবাঃ। যে নৃসিংহ ভবন্নাম গায়ন্ত্যুচ্চৈর্মুদান্বিতাঃ ॥

সর্ব্বব্যাধিনাশিত্বম্।

বৃহন্নারদীয়ে ভগবত্তোষপ্রসঙ্গে।—

অচ্যুতানন্দগোবিন্দনামোচ্চারণভীষিতাঃ। নশ্যন্তি সকলা রোগাঃ সত্যং সত্যং বদাম্যহম্ ॥

পরাশরসংহিতায়াং শাম্বং প্রতি ব্যাসোক্তৌ।—

ন শাম্ব ব্যাধিজং দুঃখং হেয়ং নান্যৌষধৈরপি। হরিনামৌষধং পীত্বা ব্যাধিস্ত্যাজ্যো ন সংশয়ঃ॥১৬৮

স্কান্দে।—

আধয়ো ব্যাধয়ো যস্য স্মরণান্নামকীর্ত্তনাৎ। তদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহম্ ॥

বিশ্বস্তঃ সন্নিত্যর্থঃ ॥ ১৬৬ ॥ ভগবতঃ খ্যাতিং কীর্ত্তিং নামাত্মিকাং, নামৈব বা ॥ ১৬৭ ॥ হেয়ং ত্যাজ্যং ন ভবতীত্যর্থঃ ॥ ১৬৮ ॥ সংকীর্ত্ত্যমানঃ কিংবা শ্রুতোঽনুভাবো যস্য তথাভূতঃ সন্।

অবশেষে পংক্তিপাবন হইয়া উঠে। ১৬৫। লঘুভাগবতে;—যিনি আনন্দযুক্ত হইয়া অনন্যমনে 'গোবিন্দ' এই নাম কীর্ত্তন করেন, সেই ধন্য ও পাবনপুরুষ এই ধরাকে ধারণ করিয়া আছেন। ১৬৬। হরিভক্তিসুধোদয়ে;—বিষ্ণুনামনিষ্ঠ রসনা যে কেবল একমাত্র বক্তাকেই রক্ষা করেন, তাহা নহে; ভগবানের নামাত্মিকা কীর্ত্তি শ্রবণ করাইয়া, নিশ্চয়ই সমগ্র জগৎকে পবিত্র করিয়া থাকেন। ১৬৭। শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে;—যাঁহার নাম গ্রহণ করিতে করিতে লোকে আপনাকে ও নিখিল শ্রোতৃবর্গকে সদ্যই পবিত্র করিয়া থাকেন, সেই তোমার চরণস্পর্শ লাভ করিলে আর কথা কি? এই জন্যই নৃসিংহপুরাণে প্রহ্লাদ বলিয়াছেন;-হে নৃসিংহ! যাঁহারা আনন্দান্বিত হইয়া উচ্চকণ্ঠে তোমার নাম গান করেন, তাঁহারাই সাধু, তাঁহারাই সর্ব্বজীবের অকপট ও স্বার্থশূন্য বন্ধু।

সর্ব্বব্যাধিনাশিত্ব। যথা বৃহন্নারদীয়পুরাণে;—আমি সত্য সত্য বলিতেছি, 'হে অচ্যুত! হে আনন্দ! হে গোবিন্দ! ইত্যাদি নামোচ্চারণে ভীত হইয়া রোগ সকল বিনষ্ট হয়। পরাশরসংহিতায় শাম্বের প্রতি ব্যাসের উক্তিতে;—হে শাম্ব! যখন অন্যান্য ঔষধেও ব্যাধিজনিত দুঃখ বিদূরিত হয় না, তখন তদ্দ্বারা উহার প্রতিকার কর্ত্তব্য নহে; তখন এক বার মাত্র হরিনামরূপ ঔষধ পান করিয়াই যে রোগ দূর করা উচিত, এ বিষয়ে আর সন্দেহ

বহ্নিপুরাণে।—

মহাব্যাধিসমাচ্ছন্নো রাজবাধোপপীড়িতঃ। নারায়ণেতি সংকীর্ত্ত্য নিরাতঙ্কো ভবেন্নরঃ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে।— সর্ব্বদুঃখোপশমনত্বম্।

সর্ব্বরোগোপশমনং সর্ব্বোপদ্রবনাশনম্। শান্তিদং সর্ব্বরিষ্টানাং হরের্নামানুকীর্ত্তনম্॥

ব্রহ্মবৈবর্ত্তে।—

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বোপদ্রবনাশনম্। সর্ব্বদুঃখক্ষয়করং হরিনামানুকীর্ত্তনম্॥

দ্বাদশস্কন্ধে।—সঙ্কীর্ত্ত্যমানো ভগবাননন্তঃ শ্রুতানুভাবো ব্যসনং হি পুংসাম্।
প্রবিশ্য চিত্তং বিধুনোত্যশেষং যথা তমোঽর্কোঽভ্রমিবাতিবাতঃ॥ ১৬৯॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—আর্ত্তা বিষণ্ণাঃ শিথিলাশ্চ ভীতা ঘোরেষু চ ব্যাধিষু বর্ত্তমানাঃ।
সঙ্কীর্ত্ত্য নারায়ণশব্দমেকং বিমুক্তদুঃখাঃ সুখিনো ভবন্তি॥ ১৭০॥

কীর্ত্তনাদ্দেবদেবস্য বিষ্ণোরমিততেজসঃ। যক্ষরাক্ষসবেতালভূতপ্রেতবিনায়কাঃ।
ডাকিন্যো বিদ্রবন্তি স্ম যে তথান্যে চ হিংসকাঃ। সর্ব্বানর্থহরং তস্য নামসঙ্কীর্ত্তনং স্মৃতম্॥

যদ্বা কোঽসৌ ভগবান্ তত্রাহ, শ্রুতঃ অনুভাবঃ পূতনামুক্তিপ্রদানাদিপ্রভাবো যস্যেতি। পুংসাং চিত্তং প্রবিশ্য নিঃশেষং দুঃখং ধুনোতি। হীতি সতামনুভবং প্রমাণয়তি। অর্কো গিরিগুহাদি-ধ্বান্তং ন নিবর্ত্তয়তীত্যপরিতোষাৎ দৃষ্টান্তান্তরমাহ, অতিবাতোঽভ্রমিবেতি॥ ১৬৯॥ আর্ত্তাঃ বিষভক্ষণাদিনা ব্যাকুলাঃ। বিষণ্ণাঃ দারিদ্র্যাদিনা দুঃখিতাঃ। শিথিলাঃ ভগ্নাঙ্গাঃ। ভীতাঃ

নাই। ১৬৮। স্কন্দপুরাণে;—যাঁহার স্মরণে ও নামকীর্ত্তনে, আদিব্যাধিসকল তখনই বিলয় প্রাপ্ত হয়, সেই অনন্তকে নমস্কার করি। অগ্নিপুরাণে;—মহাব্যাধিসমাচ্ছন্ন ও রাজ-বাধায় উৎপীড়িত মানব 'নারায়ণ' এই নাম সঙ্কীর্ত্তন করিয়া নিরাতঙ্ক হয়।

ভগবন্নামের সর্ব্বদুঃখোপশমনত্ব।—যথা বৃহদ্বিষ্ণুপুরাণে;—শ্রীহরির নামসঙ্কীর্ত্তন নিখিল-রোগ প্রশমন, যাবতীয় উপদ্রব বিনাশ ও সর্ব্বপ্রকার অশুভ শান্তি করেন। ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে;—হরিনামানুকীর্ত্তন সর্ব্বপাপপ্রশমন, সর্ব্বোপদ্রববিনাশন ও সর্ব্বদুঃখক্ষয়কর। শ্রীমদ্ভাগবতের দ্বাদশস্কন্ধে; অনন্ত ভগবানের নামগুণাদি সঙ্কীর্ত্তন অথবা তদীয় বিক্রমবৃত্তান্ত শ্রবণ করিলে, সেই ভগবান্ হৃদয় মধ্যে প্রবেশ করিয়া, সূর্য্যদেব যেরূপ তমোরাশি বিনাশ অথবা ঝঞ্ঝাবায়ু যেরূপ জলদজাল বিচ্ছিন্ন করে, সেইরূপ জীবগণের নিখিল দুঃখ নিঃশেষে বিধূনিত করেন, সন্দেহ নাই। ১৬৯। বিষ্ণুধর্ম্মোত্তরে;—যাঁহারা বিষভক্ষণাদির দ্বারা ব্যাকুল, দারিদ্র্যদুঃখে নিপীড়িত এবং ভগ্নাঙ্গ, শত্রুভয়ে ভীত ও ঘোরতর ব্যাধিগ্রস্ত, তাহারা একমাত্র 'নারায়ণ' এই শব্দ সঙ্কীর্ত্তন করিয়া সকল দুঃখের হস্ত হইতে নিষ্কৃতি লাভ করে ও সুখী হইয়া থাকে। ১৭০। অমিততেজা দেবদেব বিষ্ণুর নাম কীর্ত্তনমাত্রে যক্ষ, রাক্ষস, বেতাল, ভূত, প্রেত, বিনায়ক, ডাকিনী ও অপরাপর হিংস্রকগণ ভয়ে পলায়ন করে; ফল কথা, শ্রীহরির নামসঙ্কীর্ত্তন সর্ব্বানর্থবিনাশক বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। আরও প্রকাশিত

কিঞ্চ।—

নামসঙ্কীর্ত্তনং কৃত্বা ক্ষুত্তৃট্প্রস্খলিতাদিষু। বিয়োগং শীঘ্রমাপ্নোতি সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ॥ ১৭১॥

পাদ্মে দেবস্তুতিস্তবৌ।—

মোহানলোল্লসজ্জ্বালাজ্বলল্লোকেষু সর্ব্বদা। যন্নামাম্ভোধরচ্ছায়াং প্রবিষ্টো নৈব দহ্যতে॥১৭২॥

স্কান্দে।— কলিবাধাপহারিত্বম্।

কলিকালকুসর্পস্য তীক্ষ্ণদংষ্ট্রস্য মা ভয়ম্। গোবিন্দনামদাবেন দগ্ধো যাস্যতি ভস্মতাম্॥

বৃহন্নারদীয়ে কলিধর্ম্মপ্রসঙ্গে।—

হরিনামপরা যে চ ঘোরে কলিযুগে নরাঃ।ত এব কৃতকৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্॥

হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময়। ইতীরয়ন্তি যে নিত্যং ন হি তান্ বাধতে কলিঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

যেঽহর্নিশং জগদ্ধাতুর্বাসুদেবস্য কীর্ত্তনম্। কুর্ব্বন্তি তান্ নরব্যাঘ্র ন কলির্বাধতে নরান্॥১৭৩॥

শত্র্বাদিভ্যঃ॥১৭০॥ সর্ব্বৈরনর্থৈর্বিয়োগং শুদ্ধিমাপ্নোতি॥ ১৭১॥ সর্ব্বদা মোহোঽজ্ঞানং, গৃহাদি-বিষয়কমমতা বা, স এবানলঃ, তস্য উল্লসন্ত্যা নিত্যং বর্দ্ধমানয়া জ্বালয়া জ্বলৎসু লোকেষু মধ্যে যস্য ভগবতো নামৈব অম্ভোধরঃ বর্ষন্মেঘঃ তস্য ছায়াং প্রবিষ্টঃ সন্ নৈব দহ্যতে। তেন মহানলেন ন দগ্ধো ভবতি, মোহকৃতং দুঃখং কিমপি নানুভবতীত্যর্থঃ। পাঠান্তরে না নরঃ, অর্থঃ স এব॥ ১৭২॥ পূর্ব্বং কলৌ বিশেষতঃ পাপোন্মূলনং লিখিতম্, ইদানীং কলেঃ পাপকার্য্যকারণাদ্যখিলপরিকরস্য বিনাশিত্বং লিখতি, কলিকালেত্যাদিনা নরানিত্যন্তেন। মা ভয়ং ভয়ং নাস্তি। যে নরাঃ অহর্নিশং নিত্যং, তেন অহর্বা নিশাং বেত্যর্থঃ॥১৭৩॥

আছে;—ক্ষুৎকারকালে (হাঁচিবার সময়) এবং তৃষ্ণা ও প্রস্খলনাদিসময়ে নামসঙ্কীর্ত্তন করিয়া, অবিলম্বেই সর্ব্বপ্রকার অনর্থের হস্ত হইতে মুক্তিলাভ করে, সন্দেহ নাই। ১৭১। মোহ বা অজ্ঞানরূপ অনলের নিত্যপরিবর্দ্ধনশালিনী শিখায় বিশ্বসংসার প্রতিনিয়তই জ্বলিয়া মরিতেছে, কিন্তু ভগবানের নামরূপ বারিধরের শীতলচ্ছায়ায় প্রবিষ্ট হইলে; আর দগ্ধ হইতে হয়ই না। ১৭২।

কলিবাধাপহারিত্ব। যথা স্কন্দপুরাণে;—কলিকালরূপ তীক্ষ্ণদংষ্ট্র ক্রূর-প্রকৃতি আশীবিষের আর ভয় নাই, সে গোবিন্দনামরূপ দাবানলে দগ্ধ ও ভস্মীভূত হইয়া যাইবে। বৃহন্নারদীয়পুরাণে কলিধর্ম্মপ্রসঙ্গে;—যে সকল মনুষ্য এই ঘোর কলিযুগে হরিনামপরায়ণ, তাঁহারাই কৃতকৃত্য; নিশ্চয়ই কলি তাঁহাদিগকে বাধাপ্রদান করিতে পারে না। হে হরে! হে কেশব! হে গোবিন্দ! হে বাসুদেব! হে জগন্ময়! যাঁহারা এইরূপে নিত্য নামোচ্চারণ করেন, কলি কিছুতেই তাঁহাদিগকে বাধা দানে সমর্থ হয় না। বিষ্ণুধর্ম্মোত্তরে;—হে নরশার্দ্দূল! যাঁহারা দিবানিশি জগদ্বিধাতা বাসুদেবের নাম কীর্ত্তন করেন, কলি সেই সকল মনুষ্যকে বাধা প্রদান করিতে পারে না। ১৭৩।

নারক্যুদ্ধারকত্বম্।

নারসিংহে।—

যথা যথা হরের্নাম কীর্ত্তয়ন্তি স্ম নারকাঃ। তথা তথা হরৌ ভক্তিমুদ্বহন্তো দিবং যযুঃ ॥১৭৪॥

ইতিহাসোত্তমে।—

নরকে পচ্যমানানাং নরাণাং পাপকর্ম্মণাম্। মুক্তিঃ সঞ্জায়তে তস্মান্নামসঙ্কীর্ত্তনাদ্ধরেঃ ॥১৭৫

প্রারব্ধবিনাশিত্বম্।

ষষ্ঠস্কন্ধে —নাতঃ পরং কর্ম্মনিবন্ধকৃন্তনং মুমুক্ষতাং তীর্থপদানুকীর্ত্তনাৎ।

ন যৎ পুনঃ কর্ম্মসু সজ্জতে মনো রজস্তমোভ্যাং কলিলং ততোঽন্যথা ॥ ১৭৬ ॥

এবং পাপাৎ রক্ষকত্বং লিখিত্বা ইদানীং পাপফলভোগাদপি বর্ত্তমানাৎ রক্ষাং লিখতি, যথেতি দ্বাভ্যাম্। নারকাঃ নরকবর্ত্তিনো জনাঃ। দিবং শ্রীবিষ্ণুলোকমিত্যর্থঃ। এতদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা, যথাহি ধর্ম্মরাজতো নামমাহাত্ম্যমাকর্ণ্য শ্রীনারদেন গত্বোপদিষ্টং ভগবন্নাম-কীর্ত্তনং কুর্ব্বন্তো নরকভোগার্ত্তাঃ সন্তঃ সুখিনো ভূত্বা সর্ব্বে শ্রীবৈকুণ্ঠলোকং যযুরিতি ॥ ১৭৪ ॥ তস্মান্নরকান্মুক্তিঃ ॥ ১৭৫ ॥

এবং দুষ্প্রারব্ধনিবারকত্বমেব দর্শিতং, তদেবাভিব্যজ্য লিখতি, নাতঃ পরমিত্যাদিনা ভাসতে নর ইত্যন্তেন। কর্ম্মনিবন্ধনস্য পাপমূলস্য কৃন্তনং ছেদকমতঃ পরং নাস্তি। কস্মাৎ পরং, তীর্থপদস্য ভগবতোঽনুকীর্ত্তনাৎ। তত্র হেতুঃ, যৎ যতোঽনুকীর্ত্তনাৎ। অন্যথা প্রায়শ্চিত্তান্তরৈঃ রজস্তমোভ্যাং কলিলং মলিনমেব তিষ্ঠতি যৎ তন্মনঃ। যদ্যপি কর্ম্মনিবন্ধকৃন্তন-মিত্যশেষপ্রারব্ধকর্ম্মচ্ছেদনমেবাত্রোক্তং, তথাপ্যখিলপ্রারব্ধক্ষয়ে দেহপাতাপত্ত্যা ভগবদ্ভজনা-সম্ভবাৎ দুষ্প্রারব্ধক্ষয় এবাভিপ্রেতঃ। অতএব নামশ্রুতিভাষ্যে লিখিতং –প্রারব্ধপাপনিবর্ত্তক-ত্বঞ্চ কদাচিদুপাসকেচ্ছাবশাদিতি। অন্যথাত্র প্রস্তুতাজামিলাদিভির্বিরোধাপত্তেঃ। অথবা রোগাদিবিলাপনাদিনা নারক্যুদ্ধারপর্য্যন্তেন দুষ্প্রারব্ধনিবারকত্বং লিখিত্বা ইদানীং সর্ব্বপ্রারব্ধ-ক্ষপণং লিখতি, নাত ইত্যাদিনা। অর্থঃ পূর্ব্ববৎ। ততশ্চাশেষপ্রারব্ধক্ষয়েণ দেহপাতাপত্তৌ সত্যামপি নামসঙ্কীর্ত্তনপ্রভাবতো নিত্যপ্রলয়াদিন্যায়েন তদানীমেব ভগবদ্ভজনার্থং তদ্যোগ্য-দেহান্তরোৎপত্ত্যা, কিংবা পূর্ব্বদেহমেব সদ্যোজাতভগবদ্ভজনোচিতগুণবিশেষবত্তয়া নবীন-

---

নারকীর উদ্ধারকত্ব।—যথা নৃসিংহপুরাণে;—যে যে প্রকারে নারকিগণ হরিনাম কীর্ত্তন করিয়াছিল, শ্রীহরির প্রতিও তাহারা সেই সেই প্রকারেই হৃদয়ের অনুরাগ উদ্বহন করিতে করিতে বিষ্ণুলোকে সমুপস্থিত হইয়াছিল। ১৭৪। ইতিহাসোত্তমে;—পাপকর্ম্মনিরত সুতরাং নরকানলে পচ্যমান নরগণের, শ্রীহরি নামসঙ্কীর্ত্তনপ্রভাবেই সেই নরক হইতে মুক্তি লাভ হইয়া থাকে। ১৭৫।

প্রারব্ধবিনাশিত্ব।—যথা শ্রীমদ্ভাগবতের ষষ্ঠ স্কন্ধে;—তীর্থপাদ ভগবানের নামানুকীর্ত্তন ব্যতিরেকে আর কিছুই মুমুক্ষুদিগের কর্ম্মনিবন্ধ বা পাপমূলের উচ্ছেদক নহে, নামকীর্ত্তন ব্যতীত অপরাপর প্রায়শ্চিত্ত দ্বারা রজঃ ও তমোগুণের সম্পর্কে যেমন মলিন হইয়া থাকে,

দ্বাদশে চ।—যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ॥
উক্ত্যা কর্ম্মনিবন্ধেতি তথা কর্ম্মার্গলেতি চ। অবশ্যভোগ্যতাপত্তেঃ প্রারব্ধে পর্য্যবস্যতি॥১৭৭
অতএব শ্রীবৃহন্নারদীয়ে।—
গোবিন্দেতি জপন্ জন্তুঃ প্রত্যহং নিয়তেন্দ্রিয়ঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সুরবদ্ভাসতে নরঃ॥১৭৮

মিবাসৌ প্রাপেত্যুহ্যম্। যথা শ্রীধ্রুবেণ পরমপদারোহণসময়ে নিজপূর্ব্বদেহমেব পার্ষদোচিত-দেহগুণযুক্ততয়া ভিন্নমিব প্রাপ্তম্। তচ্চ বিভ্রদ্রূপং হিরণ্ময়মিত্যাদিষু শ্রীস্বামিপাদৈর্ব্যক্তং ব্যাখ্যাতমেব। এবমেব সুরবৎ ভাসতে নর ইত্যাদিবচনং সুসঙ্গচ্ছেত। যচ্চ বহিঃ সুখ-দুঃখফলকে প্রারব্ধে ক্ষীণেঽপি পশ্চাত্তস্য কদাচিৎ কস্যচিৎ কিঞ্চিৎ দেহাদৌ বাহ্যসুখং দুঃখঞ্চ দৃশ্যতে, তচ্চ লোকে ভক্তিমাহাত্ম্যসংগোপনার্থং শ্রীভগবতা ভক্তেন বা তেনৈবাত্মাচ্ছাদনার্থং শক্ত্যা সংপ্রদর্শ্যত ইতি জ্ঞেয়ম্। এবং সর্ব্বমনবদ্যম্॥ ১৭৬॥ তত্র চ যৎ ফলোন্মুখং কর্ম্ম তদেব প্রারব্ধমুচ্যতে। তচ্চ দ্বিবিধং বর্ত্তমানদেহোপভোগ্যমেকম্, অন্যচ্চ শরীরান্তরো-পভোগ্যম্। যথা ভরতস্য মৃগশরীরকারণম্। তচ্চ শ্রীভাগবতে শ্রীবাদরায়ণেনৈব সিদ্ধান্তিত-মস্তি মৃগদারকাভাসেন স্বারব্ধকর্ম্মণা যোগারম্ভণতো বিভ্রংশিত ইত্যাদিভিঃ। তত্র নাতঃ পরমিতি পূর্ব্বশ্লোকেন বর্ত্তমানশরীরভোগ্যপ্রারব্ধনাশনং লিখিত্বা ইদানীং শরীরান্তরে অবশ্য-ভোগ্যস্যাপি প্রারব্ধস্য ক্ষপণং লিখতি। যদ্বা দ্বাভ্যামেব শ্লোকাভ্যামশেষপ্রারব্ধবিনাশিত্ব-মেব দর্শয়তি যন্নামেতি। বিবশোঽপি গৃণন্ উচ্চারয়ন্ সন্। বিমুক্তাঃ কর্ম্মরূপা অর্গলাঃ অবশ্যভোগ্যত্বেন দুর্ব্বারা অপি প্রতিবন্ধা যস্য সঃ। উত্তমাং শ্রীবৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং গতিং ফলম্। তং ন যক্ষ্যন্তি নামসঙ্কীর্ত্তনাদিনা ন সেবিষ্যন্ত ইতি কলিদোষ উক্তঃ॥ ১৭৭॥
জন্তুঃ সৎকর্ম্মাদ্যভাবেন কীটাদিসদৃশোঽতিনীচোঽপীত্যর্থঃ। অন্বহং নিয়তেন্দ্রিয়ঃ সন্ সর্ব্ব-

---

তাহা এই নামকীর্ত্তনপ্রভাবেই পুনরায় কর্ম্মে আসক্ত হয় না। ১৬। ঐ পুরাণের দ্বাদশ-স্কন্ধে;—পতনোন্মুখ, আসন্নমৃত্যু, আতুর, অথবা যে কূপাদির মধ্যে পতিত হইয়াছে, কিংবা সোপানাদির উপর যাহার পদস্খলন হইতেছে, এতাদৃশ পুরুষ তত্তৎকালে বিবশ হইয়াও যাঁহার নামধেয় উচ্চারণ করিতে করিতে কর্ম্মরূপ অর্গল উন্মোচন করিয়া উত্তমা গতি বৈকুণ্ঠ লাভ করে, কলিযুগে জনগণ তাঁহার অর্চ্চনা করিবে না। একটি শ্লোকে 'কর্ম্মনিবন্ধ' ও অপর শ্লোকে 'কর্ম্মার্গল' এই উক্তি দ্বারা, ঐ কর্ম্ম যে অবশ্যভোগ্য, তাহা পাওয়া যাইতেছে। যে কর্ম্ম অবশ্যভোগ্য, তাহা প্রারব্ধ কর্ম্ম। কারণ প্রারব্ধ কর্ম্ম ভিন্ন আর আর কর্ম্ম যে অতি অবশ্য ভোগ করিতে হইবে, এমন কোন নিয়ম নাই। অতএব উপরোক্ত শ্লোকদ্বয়ে যে কর্ম্মের কথা বলা হইয়াছে, তন্মধ্যে 'নিবন্ধ' ও 'অর্গল' শব্দের প্রয়োগ দৃষ্টে সেই কর্ম্মের অবশ্যভোগ্যতা পাওয়া যাইতেছে বলিয়া, এস্থলে ঐ কর্ম্ম যে প্রারব্ধ কর্ম্ম, ইহাই পর্য্যবসিত হইতেছে। ১৭৭। অতএব বৃহন্নারদীয়পুরাণে;—সৎকর্ম্মাদির অভাবে কীটাদিজন্তুতুল্য

সর্ব্বাপরাধভঞ্জনত্বম্।

বিষ্ণুযামলে শ্রীভগবদুক্তৌ।—

মম নামানি লোকেঽস্মিন্ শ্রদ্ধয়া যস্তু কীর্ত্তয়েৎ। তস্যাপরাধকোটীস্তু ক্ষমাম্যেব ন সংশয়ঃ॥ ১৭৯॥

পুণ্ডরীকসহস্রেভ্যঃ সৌত্রামণির্ব্বিশিষ্যতে। সৌত্রামণিসহস্রেভ্যো রাজসূয়ো বিশিষ্যতে।

একমাষা পরিমিত স্বর্ণে হরিমূর্ত্তি প্রস্তুত করিয়া তাম্রাধারোপরি রত্নপূর্ণ ঘট স্থাপন পূর্ব্বক নিজ সাধ্যানুসারে তদুপরি ময়ূরবর্হ বা বংশনির্ম্মিত ছত্র, পাদুকা ও সঘৃত কাংস্যপাত্র রাখিতে হয়। অনন্তর গোধূম দ্বারা সেই পাত্র পূর্ণ করিয়া প্রভুর স্নানক্রিয়া সম্পাদন পূর্ব্বক তদুপরি স্থাপন করিবে। অনন্তর দুই খানি বস্ত্র দ্বারা প্রভুকে আবৃত করিয়া বিলেপন প্রদান করিবে এবং বারিকুম্ভস্থ প্রভুকে কুসুমমাল্যে পরিবেষ্টিত করিয়া মনোহর সুগন্ধি পুষ্প দ্বারা অর্চ্চনা করিবে। চরণযুগলে নারায়ণায় নমঃ, জানুযুগলে কেশবায় নমঃ, উরুযুগলে মাধবায় নমঃ, গুহ্যে কামাধিপায় নমঃ, কটিতে গোবিন্দায় নমঃ, নাভিতে মাধবমূর্ত্তয়ে নমঃ, জঠরে বিশ্বরূপায় নমঃ, বক্ষে কৌস্তুভধারিণে নমঃ, কণ্ঠে বৈকুণ্ঠায় নমঃ, নেত্রদ্বয়ে জ্যোতিরূপিণে মনঃ, মস্তকে সহস্রশীর্ষায় নমঃ, সর্ব্বাঙ্গে বিশ্বরূপিণে নমঃ, এই প্রকারে পূজা করিয়া স্ব স্ব নাম উচ্চারণ পূর্ব্বক আয়ুধ-সমূহের পূজা করিবে। ইহাই দেবপূজার বিধি। তৎপরে বিধানে শঙ্খাভ্যন্তরে জল, আতপতণ্ডুল ও কুসুম স্থাপন পূর্ব্বক তাহার উপরিভাগে নারিকেল ফল দিয়া অর্ঘ্য সমর্পণ করিবে। "হে নারায়ণ! হে জগন্নাথ! হে পীতাম্বর! হে জনার্দ্দন! হে মহাবিষ্ণো! হে সনাতন! আমাকে নরক-সমুদ্র হইতে পরিত্রাণ কর। মদীয় পূর্ব্বপুরুষেরা সপ্ত কল্প যাবৎ যে সমস্ত পাতকের অনুষ্ঠান করিয়াছেন, সেই সকল পাপ ক্ষয় প্রাপ্ত হউক। হে জগৎপতে। মদীয়

রাজসূয়সহস্রেভ্যো বঞ্জুলী চাধিকা নৃপ। বঞ্জুলীতি কৃতোচ্চারৈঃ কলিকালে তু মানবৈঃ॥
জন্মাযুতসহস্রে তু কৃতঃ পাপস্য সংক্ষয়ঃ॥ ১৩।॥

দত্ত্বা পূজার্ঘ্যদানন্তু ধূপনৈবেদ্যদীপকম্। কৃত্বা নীরাজনং বিষ্ণোর্গুরুং সম্পূজয়েত্ততঃ॥
দদ্যাদ্বস্ত্রাণি গাং ভূমিং ধান্যং চৈব সদক্ষিণম্। কুর্য্যাদ্বিত্তানুসারেণ সম্পূর্ণার্থং ব্রতস্য হি॥
সন্তুষ্টে তু গুরৌ বিষ্ণুঃ প্রীতো ভবতি নান্যথা। গুরুং সম্পূজয়েত্তস্মাত্তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ॥
রাত্রৌ তু জাগরঃ কার্য্যঃ শ্রোতব্যা বৈষ্ণবী কথা। গীতানামসহস্রন্তু পুরাণং শুকভাষিতম্।
পঠনীয়ং প্রযত্নেন হরেঃ সন্তোষকারণম্। প্রত্যেকং গোসহস্রস্য পঠতাং শৃণ্বতাং ফলম্॥
গীতং নৃত্যন্তু বাদিত্রং কারয়েৎ পুরতো হরেঃ। দাতব্যং গুরবে সর্ব্বং প্রভাতে দেবতাদিকম্॥
ক্ষমাপয়িত্বা দেবেশং গুরুঞ্চৈব বিশেষতঃ। কৃত্বা নৈমিত্তিকং সর্ব্বং ভোক্তব্যং বন্ধুভিঃ সহ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে জাগরণপ্রসঙ্গে।--
অগম্যাগমনে পাপমভক্ষ্যস্যাপি ভক্ষণে। পাপং বিলয়মায়াতি কীর্ত্তিতে বঞ্জুলীদিনে॥
যৎ পাপং ভূমিহরণে দেবস্বহরণে তথা। মণিকূটং তুলাকূটং স্বর্ণস্তেয়াদিকঞ্চ যৎ।
অজ্ঞানাদ্যৎ কৃতং পাপং জ্ঞাত্বা যৎ পাতকং কৃতম্। পূর্ব্বজন্মার্জ্জিতং পাপমিহ জন্মনি যৎ কৃতম্।
সর্ব্বং চ ক্ষয়মভ্যেতি কৃত্বৈকং বঞ্জুলীদিনম্। ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ॥ ১৩৬॥

ঘটস্থাপনাদিকমত্রাপি পূর্ব্ববৎ জ্ঞেয়ং। বিশেষশ্চান্যঃ স্বয়মেব বক্ষ্যতে। নারায়ণেত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ॥১৩৫

পিতৃপুরুষেরা আমার সহিত মুক্তি লাভ করুন্। হে দেবদেব! হে জনার্দ্দন! আমি আপনাকে এই অর্ঘ্য অর্পণ করিতেছি, ইহার দ্বারা মদীয় অতীত পিতৃগণ অদ্য ত্বৎ-সন্নিধানে বাস করুন। মৎকৃত এই বঞ্জুলী ব্রত সম্পূর্ণ সুসিদ্ধ হউক্। হে দেব! কি জ্ঞানে কি অজ্ঞানে যদি আমি দশমীবিদ্ধা দ্বাদশীব্রত করিয়া থাকি, তাহাও সম্পূর্ণতা প্রাপ্ত হউক্।” ইহাই অর্ঘ্য প্রদানের মন্ত্র। হে গৌরি! এইরূপ বিধানে সম্যক্ হরিকে অর্ঘ্য দিলে সহস্র কল্প যাবৎ হরিধামে অবস্থিতি করিতে পারে। একটী অশ্বমেধ যজ্ঞ সহস্র-অগ্নিষ্টোম হইতে শ্রেষ্ঠ; একটী বাজপেয় সহস্র-অশ্বমেধ হইতে, একটী পুণ্ডরীক সহস্র-বাজপেয় হইতে, একটী সৌত্রামণি সহস্র-পুণ্ডরীক হইতে, একটী রাজসূয় সহস্র-সৌত্রামণি হইতে এবং একটী বঞ্জুলী সহস্র-রাজসূয় হইতে প্রশস্ত। হে রাজন্! কলিযুগে “বঞ্জুলী” এই শব্দ উচ্চারণমাত্র মানবগণ অযুত সহস্র জন্মকৃত পাতক হইতে পরিমুক্ত হয় ৮-১৩৫। হরির অর্চ্চনা, অর্ঘ্যসমর্পণ, ধূপ দীপ নৈবেদ্য দান ও নীরাজন করিয়া গুরুদেবের পূজা করিবে। ব্রত সম্পূর্ণতার জন্য গুরুদেবকে সদক্ষিণ বসন, ধেনু, ভূমি ও ধান্য প্রদান করিবে। গুরুদেবের প্রীতি হইলে হরিও সন্তুষ্ট হন; সুতরাং জনার্দ্দনের প্রীত্যর্থ সম্যক্ বিধানে গুরুদেবের অর্চ্চনা করা কর্ত্তব্য। নিশাতে জাগরণ পূর্ব্বক হরিসম্বন্ধিনী কথা শ্রবণ করিবে এবং হরির প্রীত্যর্থ গীতা, সহস্রনাম ও শুককথিত পুরাণ সযত্নে অধ্যয়ন করিবে। উক্ত গীতাদি অধ্যয়ন বা শ্রবণ করিলে প্রত্যেকটীতে সহস্র ধেনুদানের ফল প্রাপ্ত হওয়া যায়। তদনন্তর হরির পুরোভাগে সংগীত, নৃত্য ও বাদ্য করা কর্ত্তব্য। পরে প্রাতঃকালে দেবমূর্ত্ত্যাদি সমস্ত গুরুকে নিবেদন করিতে হয়। তৎপরে

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনকসংবাদে।—

বঞ্জুলীবাসরে বিপ্র সম্প্রাপ্তে গরুড়ধ্বজঃ। স্বস্থানাদ্বসুধামেত্য কুরুতে চ স্থিতিং বিশন্॥ ১৩৭॥

বঞ্জুলীবিমুখং বিপ্রমালোক্য রবিনন্দনঃ। কুরুতে সংবিদং সাকং চিত্রগুপ্তেন হর্ষিতঃ॥

অয়মেষ্যতি মন্দাত্মা বিষ্ণুব্রতবহিষ্কৃতঃ। বশং মমেতি তৎ পুণ্যং মার্জ্জয়াদ্ধা পুরাকৃতম্॥ ১৩৮॥

শিরোর্ত্তির্নিরামেষা মাং সদৈব প্রবাধতে॥

কিঞ্চ।—সর্ব্বব্রতানাং চরণং সর্ব্বতীর্থাভিষেচনম্। সর্ব্বদানপ্রদানঞ্চ সমং স্যাদ্বঞ্জুলীব্রতম্॥১৩৯॥

তত্রান্নদানং বিপ্রায় বিধায় শ্রদ্ধয়ান্বিতঃ। প্রাপ্নোতি পুরুষো বিপ্র কলুষঃ কৃষ্ণসন্নিধিম্॥

লক্ষ্মীং নারায়ণং দেবং সৌবর্ণং তত্র পূজয়েৎ। যথাশক্ত্যন্নদানঞ্চ দত্ত্বা বৈকুণ্ঠমাপ্নুয়াৎ॥ ১৪০॥

অধমর্ণতয়া কামাল্লোভাদ্দম্ভাদপি দ্বিজ। হন্তি ত্রিপুরুষং পাপং বঞ্জুলী পুরুষৈঃ কৃতা॥

স এষ সর্ব্বশাস্ত্রার্থঃ সর্ব্ববুদ্ধিমতাং মতম্। হিতং সর্ব্বসমীচীনং যদ্বঞ্জুল্যামুপোষণম্।

কুর্য্যাদেবম্॥ ১৩৬॥ বিশন্ বঞ্জুলীব্রতকারিণাং মধ্যে প্রবিশন্। স্থিতিং কুরুতে বসতীত্যর্থঃ। আস্থিতমিতি পাঠেঽপি ভাবে ক্তপ্রত্যয়াৎ স এবার্থঃ। পাঠান্তরে তু বিশাং ধনিনাং প্রজানাংবা ইষ্টং দদাতীত্যর্থঃ। যদ্বা বিশাঞ্চ ধনিনাং ধনসম্বন্ধিবাঞ্ছাং পূরয়তীত্যর্থঃ॥১৩৭॥ সংবিদং মন্ত্রণাম্॥ ॥১৩৮॥ শিরসোঽর্ত্তিঃ পীড়া॥ ১৩৯॥ কলুষঃ পাপরূপোঽপি॥ ১৪০॥ অধমং ধনাভাবেন

দেবদেব হরি ও গুরু-সকাশে সম্যক্ ক্ষমা প্রার্থনা করত নৈমিত্তিক ক্রিয়া সম্পাদন পূর্ব্বক বন্ধুগণ সহ মিলিত হইয়া আহার করিবে। স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সংবাদে জাগরণ-প্রসঙ্গে লিখিত আছে, "বঞ্জুলী" শব্দ উচ্চারণ করিবামাত্র অগম্যাগমনজ ও অভক্ষ্যভক্ষণজ পাতক হইতে মুক্তি লাভ করা যায়। এই ব্রত সাধন করিলে ভূমিহরণজ, দেবস্বহরণজ, মণিকূট, তুলা-কূট, স্বর্ণস্তেয়জ, অজ্ঞানজ, জ্ঞানজ, পূর্ব্বজন্মার্জ্জিত ও ইহজন্মকৃত নিখিল পাপ বিদূরিত হইয়া থাকে। সেই ব্রতীকে মানসিক ক্লেশ বা মহাদুঃখজনক রোগাদি আক্রমণ করিতে সমর্থ হয় না। ১৩৬। ব্রহ্মবৈবর্ত্তে সূতশৌনক-সংবাদে লিখিত আছে যে, হে দ্বিজ! বঞ্জুলী-দিন সমাগত হইলে ভগবান্ গরুড়ধ্বজ হরি নিজ স্থান হইতে ধরাধামে অবতীর্ণ হইয়া বঞ্জুলী-ব্রতকারিগণের মধ্যে প্রবেশ পূর্ব্বক অধিষ্ঠান করেন। ১৩৭। রবিসুত যমরাজ বঞ্জুলী-বিমুখ দ্বিজাতিকে দেখিলে সানন্দে চিত্রগুপ্ত সহ পরামর্শ করিয়া বলেন যে, এই মূঢ়মতি হরিব্রত হইতে বহির্ভূত হইয়াছে, অধুনা ইহাকে আমার বশীভূত হইতে হইবে, সুতরাং এই ব্যক্তিকৃত পূর্ব্ব পুণ্য-সমূহ মার্জ্জন কর। ১৩৮। যেহেতু মদীয় এই শিরঃপীড়া নিরন্তরই আমাকে বাধা প্রদান করিতেছে। আরও লিখিত আছে, একমাত্র বঞ্জুলীব্রতের দ্বারা নিখিল তীর্থ-স্নানের ও সকল প্রকার দানের ফল প্রাপ্ত হওয়া যায়। ১৩৯। হে দ্বিজ! বঞ্জুলী ব্রতে শ্রদ্ধা সহকারে দ্বিজাতিকে অন্ন দান করিলে পাপিষ্ঠ ব্যক্তিও শ্রীহরির সান্নিধ্য লাভ করে। বঞ্জুলী ব্রতে সাধ্যানুসারে কাঞ্চনময় লক্ষ্মী ও নারায়ণকে অন্ন সমর্পণ করিলে বৈকুণ্ঠলাভ হয়। ১৪১। হে বিপ্র! ঋণবশীভূত হইয়া কিংবা কাম, লোভ ও দম্ভ সহকারে বঞ্জুলী ব্রতের অনুষ্ঠান করিলেও ত্রিপুরুষকৃত পাতক বিলয় প্রাপ্ত হয়। বঞ্জুলী উপবাসই শাস্ত্রসমূহের অর্থস্বরূপ, উহাই

উপবাসঃ যথাশক্ত্যা দানং ব্রাহ্মণপূজনম্। বিধায় বঞ্জুলীং চৈবং পুরুষো যাতি সদ্‌গতিম্ ॥১৪১॥

ইতি বঞ্জুলীব্রতম্ ॥

অথ ত্রিস্পৃশাব্রতম।

তত্রৈব।—শুক্লা বৈশাখমাসে তু সম্প্রাপ্তা মধুসূদনী। দ্বাদশী ত্রিস্পৃশা নাম পাপকোটিক্ষয়াবহা॥

ধন্যাঃ সর্ব্বে মনুষ্যাস্তে বৈশাখে মধুসূদনী। সম্প্রাপ্তা ত্রিস্পৃশা যৈস্তু বুধবারেণ সংযুতা॥

দ্বারকামাহাত্ম্যে।—

আদৌ নন্দা জয়া চান্তে মধ্যে ভদ্রা ভবেদ্যদি। উপবাসার্চ্চনে গীতে দুর্ল্লভা কৃষ্ণসন্নিধৌ॥

একেনৈবোপবাসেন উপবাসাযুতং ফলম্। জাগরে শতসাহস্রং নৃত্যে কোটিগুণং কলৌ॥

গৃহেঽপি কুর্ব্বতামেতাং কিম্পুনঃ কৃষ্ণসন্নিধৌ॥

পাদ্মে শ্রীসনৎকুমারব্যাসসংবাদে।—

সর্ব্বপাপপ্রশমনং মহাপাতকনাশনম্। শৃণু কৃত্বাবধানং ত্বং ত্রিস্পৃশাখ্যং মহাব্রতম্।

কামদং সস্পৃহাণাঞ্চ নিস্পৃহাণান্তু মোক্ষদম্। ত্রিস্পৃশাখ্যং ব্রতং বিষ্ণোঃ শৃণুষ গদতো মম॥

প্রত্যক্ষমর্চ্চিতস্তেন কলিকালেঽপি কেশবঃ। ত্রিস্পৃশাকীর্ত্তনং নিত্যং যঃ করোতি মহামুনে॥

ন পুরশ্চরণে চীর্ণে সর্ব্বপাপক্ষয়ো ভবেৎ। ত্রিস্পৃশা নামমাত্রেণ ভবতে নাত্র সংশয়ঃ॥

নাগমৈর্ন পুরাণৈশ্চ সমস্তৈস্তীর্থকোটিভিঃ। বহুভির্ব্রতসংঘৈশ্চ পূজিতৈস্ত্রিদশৈরপি॥

পরমদোষাবহং ঋণং যস্য তস্য ভাবস্তত্তা তয়া ঋণবত্ত্বতয়েত্যর্থঃ। অতঃ ত্রিপুরুষসম্বন্ধি পাপং হন্তি। যদ্বা ঋণিত্বেনাপি কৃত্বা। আগমাদিভির্ন মোক্ষো ভবতি॥ ১৪২॥

বুদ্ধিমান্‌দিগের মত এবং উহাই সর্ব্বসমীচীন হিতকর বলিয়া কীর্ত্তিত। বঞ্জুলীব্রতে উপবাস, সাধ্যানুসারে দান ও দ্বিজার্চ্চনা করিলে সদ্‌গতিলাভ হয়। ১৪১।

অতঃপর ত্রিস্পৃশাব্রত কথিত হইতেছে।—উক্ত পুরাণেই লিখিত আছে, বৈশাখমাসের মধুসূদনী শুক্লা দ্বাদশীর নামই ত্রিস্পৃশা। এই দ্বাদশী কোটিপাতক নাশিনী। যে সকল ব্যক্তি বৈশাখে বুধবারসমন্বিতা মধুসূদনী ত্রিস্পৃশা লাভ করেন, তাঁহারাই ধন্য। দ্বারকামাহাত্ম্যেও লিখিত আছে, প্রথমে নন্দা (একাদশী), মধ্যে ভদ্রা (দ্বাদশী) ও শেষে জয়া (ত্রয়োদশী) হইলে শ্রীহরিসমীপে উপবাস, পূজা ও গীত এই সমস্ত বিষয়ে সেই ত্রিস্পৃশা দুষ্প্রাপ্য। কলিকালে একটী মাত্র উপবাসে দশসহস্র উপবাসের ফল প্রাপ্ত হওয়া যায়, এবং জাগরণ দ্বারা তদপেক্ষা লক্ষ গুণ ও নৃত্য দ্বারা কোটিগুণিত ফল হইয়া থাকে। গৃহে অবস্থান করিয়াই এই ফল প্রাপ্ত হওয়া যায়, পরন্তু হরি-সমীপে অবস্থান পূর্ব্বক ঐ সকলের অনুষ্ঠান করিলে যে কি ফল হয়, তাহা অনির্ব্বচনীয়। পদ্মপুরাণে সনৎকুমার-ব্যাস-সংবাদে লিখিত আছে, হে দ্বিজ! ত্রিস্পৃশা নামক মহাব্রতের বিষয় মনোযোগ সহকারে অবধান কর। ইহা সকামগণের কামফলপ্রদ ও নিষ্কামগণের পক্ষে মোক্ষদ। শ্রীহরির ত্রিস্পৃশা নামক ব্রতের বিষয় বর্ণন করি, অবধান কর। হে মহর্ষে! প্রত্যহ ত্রিস্পৃশা নাম কীর্ত্তন করিলে এই কলিকালে প্রত্যক্ষ হরিকে পূজা করিতে পারা যায়। পুরশ্চরণ দ্বারা নিখিল পাতকের মোচন হয় না,

মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশা ন কৃতা যদি। মোক্ষার্থং দেবদেবেন সৃষ্টা দেবী তিথীশ্বরী ॥
বিষয়ৈর্বিপ্রযুক্তানাং ধ্যানধারণবর্জ্জিনাম্। কামভোগপ্রসক্তানাং ত্রিস্পৃশা মোক্ষদা সদা ॥১৪২॥
শঙ্করস্য পুরা প্রোক্তা চতুর্ব্বক্ত্রস্য সাগরে। ক্ষীরোদে প্রণতানাস্তু মৎসমীপে তু চক্রিণা ॥১৪৩॥
ত্রিস্পৃশাং যে করিষ্যন্তি বিষয়ৈরপি নির্জ্জিতাঃ। তেষামপি ময়া দত্তং মোক্ষং সাঙ্খ্যবিবর্জ্জিতম্ ॥
কুরুষ ত্বং মুনিশ্রেষ্ঠ ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীম্। বহুভির্মুনিসঙ্ঘৈস্তু ত্যক্ত্বা সাঙ্খ্যং মহামুনে ॥
কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রিস্পৃশা ভবতে যদা। সোমেন সোমজেনাপি পাপকোটিবিনাশিনী ॥
যস্যামুপোষণং কৃত্বা হত্যামুক্তো মহেশ্বরঃ ॥ হস্তাদ্ব্রহ্মকপালস্তু তৎক্ষণাৎ পতিতং মুনে।
গত্বা ভৃগূপদেশেন ত্রিস্পৃশা-সমুপোষণাৎ॥ ব্রহ্মহত্যা-সহস্রাণি ত্রিস্পৃশ-সমুপোষণাৎ।
বিলয়ং যান্তি বিপ্রেন্দ্র পাপেষন্যেষু কা কথা ॥ ন প্রয়াগে ন কাশ্যান্তু গোমত্যাং কৃষ্ণসন্নিধৌ।
মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশাসমুপোষণাৎ ॥ মরণেন প্রয়াগে তু মুক্তিঃ কাশ্যান্তথৈব চ।
স্নানমাত্রেণ গোমত্যাং মুক্তির্ভবতি নান্যথা। গৃহে চৈব ভবেন্মুক্তিস্ত্রিস্পৃশায়ামুপোষণাৎ ॥
বিষয়ে বর্ত্তমানস্য কামভোগান্বিতস্য চ। নিবৃত্তবিষয়স্যাপি মুক্তিঃ সাংখ্যেন দুর্ল্লভা ॥
তস্মাৎ কুরুষ বিপ্রেন্দ্র ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীম্ ॥

হে বিপ্র বিষয়ৈর্যুক্তানাম্ ॥ ১৪২ ॥ প্রণতানামন্যেষাঞ্চ প্রোক্তা ॥১৪৩॥ কুরুষেত্যাদি সনৎ

কিন্তু ত্রিস্পৃশানাম কীর্ত্তন করিবামাত্র নিঃসন্দেহ সমস্ত পাতক বিধ্বস্ত হয়। হে দ্বিজসত্তম! ত্রিস্পৃশা ব্রতের অনুষ্ঠান না করিলে নিখিল আগম, যাবতীয় পুরাণ, কোটি কোটি তীর্থ, অসংখ্য অসংখ্য ব্রত ও যাবতীয় দেবতার অর্চ্চনা দ্বারাও মুক্তিলাভের সম্ভাবনা নাই। দেবদেব হরি মুক্তির জন্য তিথিপ্রবরা ত্রিস্পৃশা দেবীর সৃষ্টি করিয়াছেন। হে দ্বিজ! ত্রিস্পৃশা তিথি বিষয়াসক্ত, ধ্যানধারণা-হীন, কাম-ভোগরত ব্যক্তিগণকেও নিরন্তর মুক্তি প্রদান করেন।১৪২। পুরাকালে মহাদেব ব্রহ্মার নিকট এই ত্রিস্পৃশাব্রত কীর্ত্তন করিয়াছিলেন এবং চক্রপাণি হরি ক্ষীরসমুদ্রে আমার নিকট ও অপরাপর ব্যক্তির সমীপে বর্ণন করেন।১৪৩। হরি কহিলেন, যাহারা বিষয়াসক্ত থাকিয়াও ত্রিস্পৃশা ব্রতের অনুষ্ঠান করে, আমি তাহাদিগকে বিনা জ্ঞানে মুক্তি অর্পণ করিয়া থাকি। সনৎকুমার বলিলেন, হে মহামুনে! তুমি ঋষিদিগের সহিত সাংখ্যবিসর্জ্জন পূর্ব্বক মুক্তিদাত্রী ত্রিস্পৃশার অনুষ্ঠান কর। হে দ্বিজ! কার্ত্তিকের শুক্লপক্ষে সোম বা বুধবার-সমন্বিতা ত্রিস্পৃশা হইলে উহা পাপ কোটি-হারিণী হয়। হে তাপস! মহেশ্বর ত্রিস্পৃশাদিনে অনাহারে থাকিয়া হত্যাজনিত পাতক হইতে পরিত্রাণ পাইয়াছিলেন। ভৃগুর উপদেশে উপবাস করাতে মহাদেবের হস্ত হইতে আশু ব্রহ্মার কপাল ভূপতিত হইয়াছিল। হে বিপ্রসত্তম! অন্যান্য পাতকের কথা দূরে থাকুক, ত্রিস্পৃশায় উপবাস করিয়া সহস্র সহস্র ব্রহ্মহত্যা পাপেরও বিমোচন হইয়াছে। হে দ্বিজ! প্রয়াগ, বারাণসী, গোমতী ও কৃষ্ণসমীপ, এ সমস্ত স্থানেও মোক্ষের সম্ভব নাই, কিন্তু ত্রিস্পৃশাতে উপবাস করিলে তৎক্ষণাৎ মোক্ষ প্রাপ্ত হইতে পারে। বারাণসী-ক্ষেত্রে ও প্রয়াগে মৃত্যু হইলে এবং গোমতীতে স্নান করিলে তবে মোক্ষ হয়; কিন্তু ত্রিস্পৃশা-

বেদব্যাস উবাচ।

কীদৃশী স্বামুনিবর ত্রিস্পৃশা দ্বাদশী বদ। বিমুক্তিদা যা মর্ত্ত্যানাং ত্বয়া প্রোক্তা মমাধুনা॥

সনৎকুমার উবাচ।

জাহ্নব্যাঃ পুরতো বিপ্র ত্রিস্পৃশা মাধবেন তু। প্রাচী-সরস্বতী-তীরে কথিতা সুমহাফলা॥

শ্রীজাহ্নব্যুবাচ।

কলিকল্মষপাপৌঘৈর্ব্রহ্মহত্যাদিকৈর্যুতাঃ। কলিকালে হৃষীকেশ স্নানং কুর্ব্বন্তি মজ্জলে।
তেষাং পাপশতৈর্দগ্ধং মদ্দেহং কলুষীকৃতম্। কথং যাস্যন্তি মে দেব পাতকং গরুড়ধ্বজ॥

শ্রীপ্রাচীমাধব উবাচ।

কথয়ামি ন সন্দেহো মা পুত্রি রোদনং কুরু। শ্রীস্থলং নাম মে স্থানং প্রাচীদেবী মমাগ্রতঃ।
বহতে ব্রহ্মতনয়া মদ্দৃষ্ট্যগ্রে সুরেশ্বরি। স্নানং কুরুষ নিত্যং ত্বং মন্ত্রপূতা ভবিষ্যসি॥
যত্র প্রাচী ব্রহ্মসুতা তত্রাহং নাস্তি সংশয়ঃ। তীর্থকোটিশতৈর্যুক্তঃ সুরৈঃ সহ বসাম্যহম্।
তত্র নশ্যন্তি পাপানি যত্র প্রাচী সরস্বতী। বিশেষতো মমাগ্রে তু কলিকালে বিশেষতঃ॥

শ্রীজাহ্নব্যুবাচ।

নাহং শক্নোমি দেবেশ আগন্তুং নিত্যমেব হি। কথং নশ্যন্তি পাপানি কথয়স্বেহ মাধব॥

শ্রীপ্রাচীমাধব উবাচ।

সরস্বত্যধিকা যা চ তীর্থকোটিশতাধিকা। মখকোট্যধিকা যাপি ব্রতদানাধিকা চ যা।

কুমারবাক্যং। মুনিসত্তৈঃ সহ ॥১৪৪॥ ভদ্রা দ্বাদশী ॥ ১৪৫ ॥ মৎপ্রসাদেনৈব ত্রিস্পৃশা লভ্যতে।

দিনে উপবাস করিলে গৃহে থাকিয়াও মুক্তি প্রাপ্ত হওয়া যায়। হে দ্বিজসত্তম! বিষয়ানুরাগী বা কামভোগবানের মুক্তি হইতে পারে না এবং বিষয়বাসনা বৰ্দ্ধিত হইলেও সাংখ্যশাস্ত্র দ্বারা মোক্ষের আশা নাই; সুতরাং মুক্তিদাত্রী ত্রিস্পৃশার ব্রত ধারণ কর। ব্যাস কহিলেন, হে তাপসশ্রেষ্ঠ! আপনি মৎসকাশে এইমাত্র বলিলেন যে, ত্রিস্পৃশা মানবগণের মুক্তিদাত্রী, অতএব সেই ত্রিস্পশাদ্বাদশীর লক্ষণ কীর্ত্তন করুন। সনৎকুমার কহিলেন, হে ব্রহ্মন্! শ্রীহরি পূর্ব্ববাহিনী সরস্বতীর তটে এই মহাফলদাত্রী ত্রিস্পৃশার বিষয় জাহ্নবীর সম্মুখে কীর্ত্তন করিয়াছিলেন। গঙ্গা হরিকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে মাধব! কলিযুগে মনুষ্যেরা ব্রহ্মবধাদিপাপে ও কলিকলুষে পরিলিপ্ত হইয়া মদীয় সলিলে অবগাহন করিবে। হে দেব! সেই সমস্ত ব্যক্তির শত শত পাতকে মদীয় দেহ কলুষিত হইয়া দগ্ধ হইবে। হে গরুড়ধ্বজ! আমার পাতকমোচনের উপায় কি? প্রাচীমাধব বলিলেন, হে বৎসে! রোদন সংবরণ কর, আমার বাক্যে সন্দিগ্ধ হইও না। হে সুরেশানি! শ্রীস্থল মদীয় অধিষ্ঠানভূমি, সেই স্থানে ব্রহ্মনন্দিনী প্রাচীসরস্বতী মদীয় পুরোভাগে প্রবাহিতা হইতেছেন, তুমি প্রত্যহ মদীয় দৃষ্টিপথবর্ত্তিনী হইয়া সেই জলে অবগাহন কর, তাহা হইলেই মন্ত্রবিশুদ্ধা হইতে পারিবে। ব্রহ্মপুত্রী প্রাচী সরস্বতী যেখানে বিরাজমানা, সেই স্থানেই আমাকে অধিষ্ঠিত জানিও, ইহাতে সন্দেহ করিও না। আমি শতকোটি তীর্থে পরিবৃত্ত হইয়া সুরগণ সহ সেইস্থানে অধিষ্ঠান করিয়া থাকি। পূর্ব্ববাহিনী সরস্বতী যেখানে বিরাজমানা,

তপোজপাধিকা নিত্যং চতুর্ব্বর্গফলপ্রদা। সাংখ্যযোগাধিকা যা চ ত্রিস্পৃশাং কুরু তাং শুভে॥
যস্মিন্ মাসে সমায়াতি সিতা চাপ্যসিতাথবা। কর্ত্তব্যা সা সরিৎশ্রেষ্ঠে তব পাপং হরিষ্যতি॥১৪৪॥

শ্রীমন্দাকিন্যুবাচ।

কীদৃশী ত্রিস্পৃশা দেব মমাচক্ষ্ব মাধব। ঈদৃশী মহিমা যস্যাস্ত্বয়া প্রোক্তা মমাধুনা॥
দশম্যেকাদশী ভদ্রা দিনৈকস্মিন্ যদা ভবেৎ। ত্রিস্পৃশা সা ভবেদ্দেব ন বেদ্মি বদ মে প্রভো॥১৪৫॥

শ্রীপ্রাচীমাধব উবাচ।

আসুরী ত্রিস্পৃশা দেবি যা ত্বয়া পরিকীর্ত্তিতা। বর্জ্জনীয়া প্রযত্নেন ব্রতহীনো যথা যতিঃ॥
অসুরাণাং রাক্ষসানামায়ুর্ব্বলবিবর্দ্ধিনী। বর্জ্জনীয়া প্রযত্নেন যথা নারী রজস্বলা॥
যথা রজস্বলাসঙ্গমন্যায্যং বর্জ্জিতং সদা। তথা দশমিসংযুক্তং মদ্দিনং বৈষ্ণবৈর্নরৈঃ॥
হত্যাযুতশতং হন্তি মৎপ্রসাদেন লভ্যতে। মৎপ্রসাদবিহীনানাং ত্রিস্পৃশা যাতি জাহ্নবি॥১৪৬॥

যাতি ব্যর্থতামিতি শেষঃ॥ ১৪৬॥ বিভবসারতঃ নিজধনাদ্যনুসারেণ॥ ১৪৭॥ পাত্রং ঘটঞ্চ ন্যসে-

কলিকালে তথায়, বিশেষতঃ মৎ-পুরোভাগে নিখিল পাপের ধ্বংস হইয়া থাকে। গঙ্গা কহিলেন, হে দেবদেব! হে মাধব! আমি প্রত্যহ আসিতে পারিব না, সুতরাং কিরূপে মদীয় পাতক-পুঞ্জ দূরীভূত হইবে? প্রাচীমাধব বলিলেন, গঙ্গে! হে কল্যাণি! যাহা সরস্বতী হইতেও শ্রেষ্ঠ, যাহা শতকোটি তীর্থ হইতেও প্রধান, যাহা যজ্ঞকোটি হইতেও প্রশস্ত, যাহা তপ বা জপ অপেক্ষাও শ্রেষ্ঠ, যাহা প্রত্যহ চতুর্ব্বর্গফলদাত্রী এবং সাংখ্যযোগ হইতেও যাহার প্রাধান্য কীর্ত্তিত হয়, সেই ত্রিস্পৃশাব্রতের অনুষ্ঠান কর। হে সরিদ্বরে! কি শুক্ল, কি কৃষ্ণ, যে কোন পক্ষে হউক্, ত্রিস্পৃশা দৃষ্ট হইলেই তদ্ব্রতের আচরণ করিবে। এইরূপ করিলেই ত্রিস্পৃশা ত্বদীয় পাপরাশি বিনাশ করিবেন। ৪৪। গঙ্গা বলিলেন, হে দেব! হে মাধব! আপনি যাহার এইরূপ মাহাত্ম্য বর্ণন করিলেন, সেই ত্রিস্পৃশা কিপ্রকার, আমার নিকট প্রকাশ করুন্। একদিনে দশমী, একাদশী ও দ্বাদশী হইলেই ত্রিস্পৃশা হয়, এইমাত্র অবগত আছি। হে ভগবন্! ইহা ব্যতীত অন্য কিছুই বিদিত নহি। অতএব এ বিষয় মৎসকাশে বর্ণন করুন্। ১৪৫। প্রাচীমাধব বলিলেন, দেবি! তুমি যাহা বলিলে, উহাকে আসুরী ত্রিস্পৃশা কহে। ব্রতবর্জ্জিত যতির ন্যায় উহা পরিত্যাজ্য। ঐ ত্রিস্পৃশা অসুরগণের ও রাক্ষসকুলের পরমায়ুর্ব্বর্দ্ধিনী ও বলবৃদ্ধিকরী; সুতরাং রজস্বলা নারীর ন্যায় ঐ ত্রিস্পৃশা পরিত্যাজ্যা। রজস্বলা নারীর সহবাস যেরূপ অন্যায্য ও ত্যাজ্য, সেইরূপ দশমীবিদ্ধ মদ্দিনও বৈষ্ণবগণ কর্ত্তৃক পরিত্যাজ্য। হে গঙ্গে! আমি প্রসন্ন থাকিলেই ত্রিস্পৃশা লাভ করিতে পারে; যে ব্যক্তির প্রতি মদীয় প্রসাদচিহ্ন দৃষ্ট হয়, উক্ত ত্রিস্পৃশা সেই ব্যক্তিরই শত-অযুত-হত্যাপাপ দূর করিয়া দেন; কিন্তু যাহার উপর আমার প্রসন্নতা নাই, তাহার পক্ষে ত্রিস্পৃশা বিফল। ১৪৬। একাদশী, তৎপরে দ্বাদশী এবং নিশাশেষে ত্রয়োদশী হইলেই তাহাকে ত্রিস্পৃশা কহে; কিন্তু দশমীবিদ্ধ হইলে ত্রিস্পৃশা হয় না। দশমীবিদ্ধা একাদশী করিলে কালকূটবিষ ও কুক্কুরমল ভোজন করা হয়। হে গঙ্গে! ইহা বিদিত হইয়া দশমীবিদ্ধ মদ্দিন ত্যাগ করিবে; সেইদিনে ব্রত করিলে কোটিজন্মার্জ্জিত পুণ্যের

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী। ত্রিস্পৃশা সা তু বিজ্ঞেয়া দশমীসংযুতা নহি॥
ভুক্তং হালাহলং তেন শ্ববিষ্ঠাভক্ষণং কৃতম্। দশমীমিশ্রিতং যেন কৃতমেকাদশীব্রতম্॥
ইতি জ্ঞাত্বা ন কর্ত্তব্যং মদ্দিনং দশমীযুতম্। জন্মকোটিকৃতং পুণ্যং সন্তানং যাতি চ ক্ষয়ম্॥
পক্ষবৃদ্ধৌ বিশেষেণ সন্দেহে সমুপস্থিতে। মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যা দ্বাদশী মম বল্লভা॥
মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যং মদ্দিনং মৎপরায়ণৈঃ। মদ্দিনং তদ্বিজানীয়াদ্দশমীবেধবর্জ্জিতম্॥

শ্রীবেদব্যাস উবাচ।

বিধানং ব্রূহি মে ব্রহ্মন্ মুনে যেন করোম্যহম্॥

শ্রীসনৎকুমার উবাচ।

দামোদরং হেমময়ং কৃত্বা বিভবসারতঃ। পাত্রং তাম্রময়ং কার্য্যং তণ্ডুলৈঃ পরিপুরিতম্॥১৪৭॥
সজলন্তু ঘটং শুদ্ধং পঞ্চরত্নসমন্বিতম্। বেষ্টিতং পুষ্পমালাভিঃ কর্পূরাগুরুবাসিতম্।
ন্যসেত্তাম্রময়ং দেবং স্নাপয়িত্বা বিলেপিতম্। পরিধানং ততঃ কার্য্যং বস্ত্রযুগ্মেন ভক্তিতঃ।
মন্ত্রৈস্তু পূজনং কার্য্যং গুরুণা সমুদীরিতৈঃ। পুষ্পৈঃ কালোদ্ভবৈঃ শুভ্রৈস্তুলসীদলকোমলৈঃ।
ছত্রন্তু বৈণবং দদ্যাৎ পাদুকাম্বরসংযুতম্। নৈবেদ্যানি বিচিত্রাণি ফলানি সুবহূন্যপি।
উপবীতং তু দাতব্যং সোত্তরীয়ং নবং দৃঢ়ম্। বৈণবং দাপয়েদ্দণ্ডং সুরূপং সুনতং শুভম্॥১৪৮॥

দিত্যন্বয়ঃ॥ ১৪৮॥ শ্রীকণ্ঠসংজ্ঞকম্ ইতি শ্রীকণ্ঠায় নম ইতি জ্ঞেয়ম্। এবমন্যত্রাপি। উরগায়েতি

হ্রাস হয় এবং সন্তান বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। যদি পক্ষবৃদ্ধি হয় এবং বিশেষ সংশয় ঘটে, তাহা হইলে আমার আদেশে আমার বল্লভা দ্বাদশীর ব্রত আচরণ করিবে। আমার আদেশে মদ্দিনে ব্রত করাই মৎপরায়ণ ব্যক্তিগণের কর্ত্তব্য। মদ্দিন কাহার নাম, ইহা জিজ্ঞাস্য হইলে তদ্বিষয়ের উত্তর এই যে, দশমীবেধবর্জ্জিত একাদশীকেই আমার দিন জানিবে। ব্যাস কহিলেন, হে ব্রহ্মন্! হে তাপস! ব্রতের বিধান মৎসকাশে কীর্ত্তন করুন, আমি সেই বিধানে ব্রতানুষ্ঠান করিব। সনৎকুমার বলিলেন, ঐশ্বর্য্যানুসারে দামোদরের কাঞ্চনময়ী মূর্ত্তি প্রস্তুত করিয়া তণ্ডুলপূর্ণ তাম্রকুম্ভ নির্ম্মাণ করিবে। ১৪৭। সেই ঘটে বিশুদ্ধ জল ও পঞ্চরত্ন দিতে হয় এবং কুসুমমাল্য দ্বারা বেষ্টিত করিয়া তাহাকে কর্পূর ও অগুরু সংযোগে সুগন্ধ করিবে। এই প্রকারে ঘট স্থাপন পূর্ব্বক দেবমূর্ত্তিকে স্নান করাইয়া তদঙ্গে বিলেপন অর্পণ করত স্থাপন করিবে। তদনন্তর বসনদ্বয় পরিধান করাইয়া ভক্তি সহকারে গুরুদেবের মুখপদ্মকথিত মন্ত্রোচ্চারণ সহকারে ঋতুজাত শুক্লপুষ্প ও কোমল তুলসীদল দ্বারা অর্চ্চনা করিবে। বেণুদণ্ডযুক্ত ছত্র ও সবস্ত্র পাদুকা প্রভুকে প্রদান করিতে হয়। তদনন্তর বিবিধ নৈবেদ্য, নানারূপ ফল, উত্তরীয়, যজ্ঞসূত্র এবং নূতন দৃঢ় সুন্দর দীর্ঘ বেণুদণ্ড অর্পণ করিবে। ১৪৮। চরণযুগলে দামোদরায়, জানুদ্বয়ে মাধবায়, গুহ্যে কামপতয়ে, কটিতে বামনমূর্ত্তয়ে, নাভিদেশে পদ্মনাভায়, উদরে বিশ্বমূর্ত্তয়ে, হৃদয়ে জ্ঞানগম্যায়, কণ্ঠে শ্রীকণ্ঠায়, বাহুতে সহস্রবাহবে, নেত্রদ্বয়ে যোগনায়কায়, ললাটে উরুগায় ও মস্তকে সহস্রশিরসে নমঃ বলিয়া পূজা করিয়া স্ব স্ব নামে আয়ুধসকলের এবং চারুরূপিণে নমঃ বলিয়া সর্ব্বাঙ্গের অর্চ্চনা করিবে। তৎপরে ভক্তিসহকারে বিধানে অর্ঘ্য

দামোদরায় পাদৌ তু জানুনী মাধবায় তু। গুহ্যন্তু কামপতয়ে কটিং বামনমূর্ত্তয়ে।
পদ্মনাভায় নাভিন্তু উদরং বিশ্বমূর্ত্তয়ে। হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং শ্রীকণ্ঠসংজ্ঞকে।
সহস্রবাহবে বাহূং চক্ষুষী যোগনায়কে। ললাটমুরুগায়েতি সহস্রশিরসে শিরঃ।
স্বনাম্না চায়ুধাদীনি সর্ব্বাঙ্গং চারুরূপিণে। সম্পূজ্য বিধিবদ্ভক্ত্যা অর্ঘ্যং দদ্যাদ্বিধানতঃ॥ ৪৯॥
শুভ্রেণ নারিকেলেন শঙ্খোপরিস্থিতেন হি। সূত্রেণ বেষ্টিতেনৈব উভাভ্যাং পাণিসংস্থিতম্॥ ৫০
স্মৃতো হরসি পাপানি সত্যং যদি জনার্দ্দন। দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ মনসো দুর্ব্বিচিন্তিতম্।
নারকঞ্চ ভয়ং দেব ভয়ং দুর্গতিসম্ভবম্। ভয়মন্যৎ মহাদেব ঐহিকং পারলৌকিকম্।
সর্ব্বং নাশয় মে বিষ্ণো গৃহাণার্ঘ্যং জনার্দ্দন। মম ভক্তিঃ সদৈবাস্তু দামোদর তবোপরি॥
ধূপদীপস্তু নৈবেদ্যং কুর্য্যান্নীরাজনন্ততঃ॥ ১৫১॥
শিরোপরি মুনিশ্রেষ্ঠ ভ্রাময়েজ্জলজং হরেঃ। কৃত্বা বিধানমেতদ্ধি পূজয়েৎ স্বগুরুং ততঃ।
দদ্যাদ্বস্ত্রাণি শুভ্রাণি গন্ধমাল্যাদিনার্চ্চয়েৎ। উপানহৌ চ চ্ছত্রঞ্চ মুদ্রিকাঞ্চ কমণ্ডলুম্॥১৫২॥
ভোজনঞ্চৈব তাম্বূলং সপ্তধান্যং সুদক্ষিণম্। সম্পূজ্য দেবদেবেশং কুর্য্যাজ্জাগরণং হরেঃ।
গীতনৃত্যসমাযুক্তং তথা শাস্ত্রসমন্বিতম্। নিশান্তে পুনরীশায় দত্ত্বা চার্ঘ্যং বিধানতঃ।
স্নানাদিকাং ক্রিয়াং কৃত্বা ভুঞ্জীয়াদ্ব্রাহ্মণৈঃ সহ॥ ১৫৩॥
ইতি ত্রিস্পৃশাব্রতম্।

পাঠে উরগশয়নায়েতি জ্ঞেয়ম্॥ ৪৯॥ উভাভ্যাং পাণিভ্যামর্ঘ্যং দদ্যাদিতি পূর্ব্বেণান্বয়ঃ। অর্ঘ্যমেব বিশিনষ্টি পাণ্যোঃ সংস্থিতমিতি॥ ১৫০॥

স্মৃত ইত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ। ১৫১॥
শিরসঃ উপরি বিসর্গলোপেহপি পুনঃ সন্ধিরার্ষঃ। জলজং শঙ্খম্॥ ১৫২॥ ভোজনং ভোজ্যং॥১৫৩॥

সমর্পণ করিতে হয়। শঙ্খের উপরিভাগে পবিত্র নারিকেল রাখিয়া সূত্র দ্বারা পরিবেষ্টন পূর্ব্বক করদ্বয়ে ধারণকরত (বক্ষ্যমাণ) মন্ত্রে অর্ঘ্য দিবে। ১৪২। হে জনার্দ্দন! হে দেব! হে মহাদেব! আপনাকে স্মরণ করিলে যদি পাতকপুঞ্জ বিনষ্ট হয়, তবে মদীয় দুঃস্বপ্নভয়, দুর্নিমিত্তভয়, মানসিক দুশ্চিন্তাজনিত ভয়, নিরয়ভীতি, দুর্গতিভয়, অপরাপর ভয়, ঐহিক ও পারলৌকিক ভয় প্রভৃতি বিনাশ করুন্। হে বিষ্ণো! হে জনার্দ্দন! হে দামোদর! মৎপ্রদত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন। আপনার প্রতি নিরন্তর মদীয় ভক্তি বিদ্যমান থাকুক্।" (এই মন্ত্রে অর্ঘ প্রদান করিবে।) তৎপরে ধূপ, দীপ ও নৈবেদ্য দিয়া নীরাজন করিতে হয়। ৫১। হে ঋষিসত্তম! তৎপরে দেবদেবের শিরোদেশে শঙ্খ ভ্রামিত করিবে এইপ্রকার করিয়া উক্ত বিধানে গুরুদেবের অর্চ্চনা করিবে। শুক্ল বসন, গন্ধ, মাল্য, পাদুকা, ছত্র, অঙ্গুরী, কমণ্ডলু, ভক্ষ্যবস্তু, তাম্বূল, সপ্তধান্য ও উৎকৃষ্ট দক্ষিণা এই সকল দ্বারা দেবদেবের অর্চ্চনা করত গীত, নৃত্য ও শাস্ত্র কথায় হরির জাগরণ করিতে হয়। নিশার শেষে পুনর্ব্বার দেবদেবকে যথাবিধি অর্ঘ্যার্পণ পূর্ব্বক স্নানাদি সম্পাদন করিয়া দ্বিজাতিগণের সহিত আহার করিবে। ১৫২—১৫৩।

অনন্তর পক্ষবর্দ্ধিনীব্রত কথিত হইতেছে।—পদ্মপুরাণে ব্রহ্মোক্তি আছে যে, অমাবস্যা বা

অথ পক্ষবর্দ্ধিনীব্রতম্।

পাদ্মে শ্রীব্রহ্মোক্তৌ।—

অমা বা যদি বা পূর্ণা সম্পূর্ণা জায়তে যদা। ভূত্বা চ ষষ্টিঘটিকা দৃশ্যতে প্রতিপদ্দিনে।
অশ্বমেধাযুতৈস্তুল্যা সা ভবেৎ পক্ষবর্দ্ধিনী। পূজাবিধিন্তু বিপ্রেন্দ্রাঃ শ্রোতুমর্হথ সাম্প্রতম্॥
মন্ত্রৈঃ সম্পূজিতো বিষ্ণুরর্ঘ্যদানেন তুষ্যতি। জলপূর্ণং নবং কুম্ভং চন্দনেনৈব চর্চ্চিতম্।
পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালা-বিভূষিতম্। স্থাপ্যং তাম্রময়ং পাত্রং সগোধূমং ঘটোপরি।
সৌবর্ণং কারয়েদ্দেবং মাসসংজ্ঞা-বিধানকম্ পঞ্চামৃতেন স্নপনং কর্ত্তব্যং মাধবস্য চ।
বিলেপনন্তু কর্ত্তব্যং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ বস্ত্রযুগ্মন্তু দাতব্যং ছত্রোপানৎ-সুসংযুতম্।
পূজয়েদ্দেবতামীশং কুম্ভপাত্রোপরি স্থিতম্। পদ্মনাভায় পাদৌ তু জানুনী যোগমূর্ত্তয়ে।
ঊরুযুগ্মং নৃসিংহায় কটিং জ্ঞানপ্রদায় চ। উদরং বিশ্বনাথায় হৃদয়ং শ্রীধরায় চ।
কণ্ঠং কৌস্তুভকণ্ঠায় বাহূ ক্ষত্রান্তকায় চ। ললাটং ব্যোমমূর্ত্তায় শিরো বৈ সর্ব্বরূপিণে।
স্বনাম্না চৈব শস্ত্রাণি সর্ব্বাঙ্গং দিব্যরূপিণে॥ ১৫৪॥

এবং সংপূজ্য বিধিবৎ ততোঽর্ঘ্যং সংপ্রদাপয়েৎ। নারিকেলেন শুভ্রেণ দেবদেবস্য চক্রিণঃ॥

তত্র অর্ঘ্যমন্ত্রঃ।

সংসারার্ণবপোতায় পাপকক্ষমহানল। নরকাগ্নিপ্রশমন জন্মমৃত্যুজরাপহ।
মামুদ্ধর জগন্নাথ পতিতং ভবসাগরে। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পদ্মনাভ নমোঽস্তু তে॥

ষষ্টিঘটিকা ব্যাপ্য ভূত্বা সম্পূর্ণা যদি দৃশ্যতে। অতএব প্রতিপদ্দিনে চ কিঞ্চিদ্দৃশ্যতে॥১৫৪॥
অর্ঘ্যমন্ত্রঃ সংসারেত্যাদিঃ॥ ১৫৫॥

পূর্ণিমা ষষ্টিদণ্ডব্যাপিনী হইয়া সম্পূর্ণা দৃষ্ট হইলে অথচ প্রতিপদে কিঞ্চিন্মাত্র থাকিলে তৎপূর্ব্ব দ্বাদশীর নামই পক্ষবর্দ্ধিনী। এই পক্ষবর্দ্ধিনী দশসহস্র অশ্বমেধ সদৃশ ফল প্রদান করেন। হে বিপ্রসত্তম! এক্ষণে পূজার বিধান বলিতেছি, অবধান কর। মন্ত্র পাঠ সহকারে পূজা করিয়া অর্ঘ্য দানে হরি প্রীত হয়েন। নূতন কুম্ভ জলপূর্ণ করিয়া চন্দন দ্বারা লেপন করিবে, পরে উহাতে পঞ্চরত্ন দিয়া কুসুমমাল্য দ্বারা অলঙ্কৃত করত স্থাপন করিতে হয়। তদনন্তর ঘটোপরি গোধূমপূর্ণ তাম্রপাত্র স্থাপন করিবে। যে মাসে পক্ষবর্দ্ধিনী হইবে, হরির সেই মাসের নামানুযায়ী কাঞ্চনময়ী মূর্ত্তি প্রস্তুত করিবে। পরে কুম্ভপাত্রোপরি কেশব-প্রতিমাকে পঞ্চামৃতযোগে স্নান করাইয়া কুঙ্কুম, অগুরু ও চন্দনবিলেপন করত বসনদ্বয়, ছত্র ও পাদুকা অর্পণ করিবে। তদনন্তর অর্চ্চনা করিতে হয় পদ্মনাভায় বলিয়া চরণদ্বয়ে, যোগমূর্ত্তয়ে বলিয়া জানুযুগলে, নৃসিংহায় বলিয়া ঊরুদ্বয়ে, জ্ঞানপ্রদায় বলিয়া কটিতে, বিশ্বনাথায় বলিয়া জঠরে, শ্রীধরায় বলিয়া হৃৎপ্রদেশে, কৌস্তুভকণ্ঠায় বলিয়া কণ্ঠে, ক্ষত্রান্তকায় বলিয়া বাহুযুগলে, ব্যোমমূর্ত্তায় বলিয়া ভালদেশে এবং সর্ব্বরূপিণে বলিয়া মস্তকে পূজা করিয়া আয়ুধসমূহের স্ব স্ব নাম দ্বারা অর্চ্চনা পূর্ব্বক 'বিশ্বরূপিণে নমঃ' এই মন্ত্রে সর্ব্বাঙ্গে পূজা করিবে। ৫৪। এইরূপে অর্চ্চনা করিয়া দেবদেব জনার্দ্দনকে শুভ্র নারিকেলফল দ্বারা অর্ঘ্য দিতে হয়।

নৈবেদ্যানি প্রদেয়ানি ঘৃতপক্কানি চক্রিণে। ফলানি সুমনোজ্ঞানি স্বাদূনি রসবন্তি চ।
সাগুরুঞ্চ সকর্পূরং দদ্যাদ্ধূপন্তু মাধবে। সঘৃতং গুগ্‌গুলুঞ্চাপি দদ্যাদ্বিত্তানুসারতঃ॥
তাম্বূলন্তু সকর্পূরং দদ্যাদ্দেবস্য ভক্তিতঃ। ঘৃতেন দীপকং দদ্যাত্তিলতৈলেন বা পুনঃ॥
কৃত্বা সম্যগ্বিধানেন গুরুপূজান্তু কারয়েৎ। বস্ত্রাণি চৈব সোষ্ণীষং কঞ্চুকঞ্চ প্রদাপয়েৎ।
দক্ষিণাঞ্চ যথাশক্তি গুরবে সংপ্রদাপয়েৎ। ভোজনৈশ্চৈব তাম্বূলং দত্ত্বার্ঘ্যং সংপ্রতোষয়েৎ।
স্ববৃত্তৈর্বর্ত্তমানৈস্তু যথাশক্ত্যা চ নির্ধনৈঃ। কার্য্যা সম্যক্ প্রযত্নেন দ্বাদশী পক্ষবর্দ্ধিনী।
ততো জাগরণং কুর্য্যাদ্গীতনৃত্যসমন্বিতম্॥ ১৫৫॥

ইতি পক্ষবর্দ্ধিনীব্রতম্।

অথ জয়াব্রতম্।

ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠমান্ধাতৃসংবাদে।—

দ্বাদশ্যাস্তু সিতে পক্ষে ঋক্ষং যদি পুনর্ব্বসুঃ। নাম্না সা তু জয়া খ্যাতা তিথীনামুত্তমা তিথিঃ॥
তামুপোষ্য নরো ঘোরে নরকে নৈব মজ্জতি।
অগ্নিষ্টোমাদি-যজ্ঞানাং ফলমাপ্নোত্যসংশয়ম্॥ ইতি।
জয়াব্রতমনুষ্ঠেয়ং যথৈবোন্মীলনীব্রতম্॥

তদুক্তং মার্কণ্ডেয়েন।—

শালগ্রামশিলা-বারি তুলসীজলমেব চ। সমমেবোদ্ধরেত্তত্র বিজয়াব্রতমাচরেৎ॥

অথ বিজয়াব্রতম্।

ব্রহ্মপুরাণে তত্রৈব।—

যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ। বিজয়া সা তিথিঃ প্রোক্তা তিথীনামুত্তমা তিথিঃ॥

অর্ঘ্যমন্ত্র।—"হে সংসারসাগরের পোতরূপ! হে পাতকতৃণদাহকারিন্! হে নরকাগ্নিদমন! হে জন্মমৃত্যুজরাহারিন্! হে জগন্নাথ! আমি ভবসাগরে পতিত হইয়াছি, আমাকে উদ্ধার কর। হে পদ্মনাভ! মদ্দত্ত এই অর্ঘ্য গ্রহণ কর, তোমাকে নমস্কার।" এই মন্ত্রে অর্ঘ্য প্রদান করিবে। চক্রধারী হরিকে ঘৃতপক্ক নৈবেদ্য এবং সুমনোজ্ঞ সুস্বাদু রসবৎ ফল সমস্ত অর্পণ করিতে হয়। সম্পত্তি অনুসারে হরিকে অগুরু, কর্পূর ও সঘৃত গুগ্‌গুলুধূপ প্রদান করিবে। তৎপরে ভক্তি সহকারে প্রভুকে ঘৃত বা তিলতৈলযোগে দীপ অর্পণ পূর্ব্বক পুনরায় সম্যক্‌রূপে যথাবিধি গুরুদেবের অর্চ্চনা করিবে এবং তাঁহাকে বসন, উষ্ণীষ ও কঞ্চুক অর্পণ করিতে হয়। তদনন্তর শক্ত্যনুসারে গুরুদক্ষিণা দিয়া ভক্ষ্য, তাম্বূল ও অর্ঘ্য দান দ্বারা গুরুর প্রীতি সম্পাদন করিবে। সযত্নে সম্যক্ বিধানে পক্ষবর্দ্ধিনী দ্বাদশীর ব্রত করা স্ববৃত্তিস্থ ধনহীন ব্যক্তিরও কর্ত্তব্য এবং উক্তদিনে গীত ও নৃত্যসহকারে জাগরণও করিবে। ১৫৫।

অতঃপর জয়াব্রত কথিত হইতেছে।—ব্রহ্মপুরাণে বশিষ্ঠ-মান্ধাতৃসংবাদে লিখিত আছে, শুক্ল পক্ষের দ্বাদশীতে পুনর্ব্বসু নক্ষত্র হইলে তাহারই নাম জয়া। এই তিথি সর্ব্বতিথি-প্রধান বলিয়া কীর্ত্তিত। এই তিথিতে উপবাস করিলে ভীষণ নিরয় হইতে উদ্ধার হয় এবং নিঃসন্দেহ

বিষ্ণুধর্ম্মোত্তরে চ।—

যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ। তদা সা তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা॥
তস্যাং স্নাতঃ সর্ব্বতীর্থে স্নাতো ভবতি মানবঃ। সংপূজ্য বর্ষপূজায়াঃ সকলং ফলমশ্নুতে॥
একজপ্যাৎ সহস্রস্য জপ্তস্যাপ্নোতি যৎ ফলম্। দানং সহস্রগুণিতং তথা বৈ বিপ্রভোজনম্।
হোমস্তত্রোপবাসশ্চ সহস্রগুণিতো ভবেৎ॥ ১৫৬।

অথ বিজয়া-ব্রতবিধিঃ।

আদৌ গুরুং নমস্কৃত্য ততঃ সঙ্কল্পমাচরেৎ। শরশার্ঙ্গধরং দেবং সৌবর্ণং রচয়েত্তথা।

অথ বিজয়াব্রতসঙ্কল্পমন্ত্রঃ।

দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি। ভোক্ষ্যে ত্রিবিক্রমানন্ত শরণং মে ভবাচ্যুত॥
সোপবীতন্তু কলসং পূর্ব্ববৎ স্থাপয়েদ্ব্রতী। পাত্রং তদুপরি ন্যস্যেত্তাম্রং বৈণবমেব বা॥
তত্রোপবেশ্য সংস্থাপ্য দেবং বিশদচন্দনৈঃ। আলিপ্য শুভ্রং বসনং দদ্যাচ্ছত্রঞ্চ পাদুকে॥ ৫৭॥
বাসুদেবায়েতি শিরঃ শ্রীধরায়েতি বৈ মুখম্। কৃষ্ণায়েতি চ কণ্ঠং বৈ বক্ষঃ শ্রীপতয়ে ইতি।

ঘোর ইতি স্বরূপমাত্রনির্দ্দেশঃ। উন্মীলনীব্রতমিব জয়াব্রতং কার্য্যমিতি তত্র যো বিধিরুক্তঃ সোঽত্রাপি দ্রষ্টব্য ইত্যর্থঃ। বিজয়াব্রতন্তু নদ্যাদিসঙ্গম এব কার্য্যং॥ ১৫৬॥

অগ্নিষ্টোমাদি যজ্ঞের ফল প্রাপ্ত হইতে পারে উন্মীলনীব্রতের প্রণালী অনুসারে জয়াব্রতের অনুষ্ঠান করিতে হয়। নদী প্রভৃতির সঙ্গমস্থানে বিজয়াব্রত করা বৈষ্ণবের কর্ত্তব্য। যদি নদী প্রভৃতির সঙ্গম প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে সঙ্গম কল্পনা করিয়া লইতে হয়। ঐরূপে জয়াব্রত অনুষ্ঠান করা বিদ্বানের উচিত। মার্কণ্ডেয় ঋষি সঙ্গমসম্বন্ধে এইরূপ বলিয়াছেন. যে, শালগ্রামশিলোদক ও তুলসীজল মিশ্রিত করিয়া সেই সঙ্গমস্থানে বিজয়াব্রতের অনুষ্ঠান করিতে হয়।

অতঃপর বিজয়াব্রত কথিত হইতেছে।—ব্রহ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে,শুক্লপক্ষীয়া দ্বাদশীতিথিতে শ্রবণাযোগ হইলেই তাহার নাম বিজয়া। এই তিথি সর্ব্বতিথিশ্রেষ্ঠা বলিয়া অভিহিত। বিষ্ণুধর্ম্মোত্তরেও লিখিত আছে, শুক্লপক্ষীয়া দ্বাদশীতিথিতে শ্রবণা নক্ষত্রের যোগ হইলে সেই মহাপুণ্যস্বরূপিণী দ্বাদশীকে বিজয়া কহে। এই তিথিতে স্নান করিলে সর্ব্বতীর্থস্নানজনিত পুণ্য লাভ হয়। উক্ত তিথিতে পূজা করিলে বর্ষকৃত পূজার ফল প্রাপ্ত হওয়া যায়। উক্তদিনে বারৈকমাত্র জপ দ্বারা জপসহস্রের পুণ্যসঞ্চয় হয়। উক্ত তিথিতে কৃত দান, বিপ্রভোজন, হোম, তপঃ ও উপবাস সহস্রগুণ ফলপ্রদ হইয়া থাকে। ১৫৬।

অনন্তর বিজয়াদ্বাদশীব্রতবিধি ব্যক্ত হইতেছে। - অগ্রে গুরুদেবকে প্রণাম পূর্ব্বক ব্রতের সঙ্কল্প করিয়া কাঞ্চনময়ী শার্ঙ্গধরমূর্ত্তি ও স্বর্ণময় শর প্রস্তুত করিবে।

অনন্তর বিজয়াব্রতের সঙ্কল্পমন্ত্র কথিত হইতেছে।—হে ত্রিবিক্রম! হে অনন্ত! আমি দ্বাদশীতে উপবাস পূর্ব্বক পরদিন আহার করিব। হে অচ্যুত! আপনি মদীয় শরণ্য হউন্। এই মন্ত্রে সংকল্প করিবে। ব্রতী ব্যক্তি পূর্ব্ববৎ যজ্ঞসূত্র সহ কুম্ভ স্থাপন পূর্ব্বক তদুপরি তাম্রপাত্র বা

শস্ত্রাস্ত্রধারিণে বাহুং কক্ষে চ ব্যাপকায় বৈ। গিরিশায়োদরং মেঢ্রং ত্রৈলোক্যজননায় চ ॥
জঘনং চার্চ্চয়েদ্বিদ্বান্ সর্ব্বাধিপতয়ে ইতি। সর্ব্বাত্মনে ইতি পদাবেবমঙ্গানি পূজয়েৎ ॥১৫৮॥

অথ তত্র বিজয়াব্রতার্ঘ্যমন্ত্রঃ।

শঙ্খচক্রগদাপদ্মসারঙ্গ-শরভূষিত। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং শার্ঙ্গপাণে নমোঽস্তু তে ॥
ইত্যর্ঘ্যং পূর্ব্ববৎ কৃত্বা ধূপদীপৌ সমর্প্য চ। ঘৃতপক্কপ্রধানানি নৈবেদ্যানি নিবেদয়েৎ ॥
তাম্বূলাদীনি দত্ত্বাথ কৃত্বা জাগরণং নিশি। প্রাতঃ স্নাত্বার্চ্চয়িত্বেশং পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ ॥

অথ তত্র বিজয়াব্রতে প্রার্থনামন্ত্রঃ।

নমস্তে অস্তু গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক। অঘোরং চাক্ষয়ং কৃত্বা সর্ব্বসৌখ্যপ্রদো ভব ॥
ইতি প্রার্থ্য ততঃ সর্ব্বং দত্ত্বা চার্ঘ্যং প্রতোষ্য হি।
ভক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা সুখং পারণমাচরেৎ ॥ ১৫৯ ॥
ভাদ্রে মাসি বুধস্যাহ্নি যদি স্যাদ্বিজয়াব্রতম্। তদা সর্ব্বব্রতেভ্যোঽস্য মাহাত্ম্যমতিরিচ্যতে ॥১৬০॥

অথ জয়ন্তীব্রতম্।

ব্রহ্মপুরাণে।—

যদা তু শুক্লদ্বাদশ্যাং প্রাজাপত্যং প্রজায়তে। জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ ॥

শরং শার্ঙ্গাখ্যায়ুধং ধারয়তীতি তথা তং ॥

অবয়বপূজামন্ত্রং লিখতি বাসুদেবায়েতি দ্বাভ্যাং। পূর্ব্ববৎ সর্ব্বত্রৈব নমঃশব্দপ্রয়োগো জ্ঞেয়ঃ। পূজয়েদিত্যুত্তরেণ শির-আদীনাং সর্ব্বেষামন্বয়ঃ ॥ ১৫৬—১৫৮ ॥ অর্ঘ্যমন্ত্রঃ শঙ্খেত্যাদিঃ। সর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদিকং ॥ ১৫৯ ॥ কালবিশেষে চাস্য ব্রতস্য ফলবিশেষং লিখতি ভাদ্র ইতি। তদানীং শ্রীবামনদেবপ্রাদুর্ভাবাৎ। এবমগ্রেঽপি ॥ ১৬০ ॥

বেণুপাত্র রাখিয়া তাহার উপরিভাগে প্রভুকে স্থাপন করিবে এবং শ্বেতচন্দনে দেবদেবের অঙ্গলেপন পূর্ব্বক শুভ্রবস্ত্র, ছত্র ও পাদুকা প্রদান করিবে।১৫৭। সুধী ব্যক্তি মস্তকে বাসুদেবায় নমঃ বলিয়া, বদনে শ্রীধরায়, কণ্ঠে কৃষ্ণায়, বক্ষে শ্রীপতয়ে, বাহুতে শস্ত্রাস্ত্রধারিণে, কক্ষে ব্যাপকায়, জঠরে গিরিশায়, চক্ষুতে ত্রৈলোক্যজননায়, জঘনে সর্ব্বাধিপতয়ে এবং চরণযুগলে সর্ব্বাত্মনে নমঃ বলিয়া অর্চ্চনা করিবেন। ১৫৮।

অনন্তর বিজয়া-দ্বাদশীর অর্ঘ্যমন্ত্র বিবৃত হইতেছে।—হে শার্ঙ্গপাণে! মদ্দত্ত এই অর্ঘ্য গ্রহণ কর, তোমাকে নমস্কার। এই মন্ত্রে পূর্ব্ববৎ অর্ঘ্য দিয়া ধূপ দীপ নিবেদন পূর্ব্বক ঘৃতপক্ক উত্তম নৈবেদ্য ও তাম্বূলাদি প্রদান করত রাত্রিকালে জাগরণ করিবে। তৎপরে প্রাতঃস্নান পূর্ব্বক প্রভুর অর্চ্চনা করিয়া কুসুমাঞ্জলি দিতে হয়।

অনন্তর বিজয়াদ্বাদশীব্রতের প্রার্থনা-মন্ত্র কথিত হইতেছে।—হে গোবিন্দ! হে বুধশ্রবণ-সংজ্ঞাধারিন্! আমাকে অঘোর ও অক্ষয় করিয়া সর্ব্বথা আমার সুখদায়ী হউন্। এই প্রকারে প্রার্থনা পূর্ব্বক শ্রীমূর্ত্ত্যাদি প্রদান করত অর্ঘ্য দ্বারা গুরুর প্রীতিবিধান করিবে। তদনন্তর ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া নিজে সুখে পারণ করিবে।১৫৯। ভাদ্রমাসে বুধবারে বিজয়াদ্বাদশীব্রত হইলে যাবতীয় ব্রত হইতে এই ব্রতের মাহাত্ম্য অধিক হইয়া থাকে। ১৬০।

সপ্তজন্মকৃতং পাপং স্বল্পংবা যদি বা বহু। তৎ ক্ষয়ং যাতি গোবিন্দং তস্যামভ্যর্চ্চ্য ভক্তিতঃ॥

স্কান্দে চ শ্রীব্রহ্মনারদসংবাদে।—

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বপুণ্যফলপ্রদম্। দ্বাদশ্যাং রোহিণীযোগে জয়ন্তীনাম সুব্রতম্॥

কিঞ্চ।—

জীবতাং যাতি যৎকালো জয়ন্তীবাসরং বিনা। তৎখণ্ডমায়ুষো ব্যর্থং নরাণামুপজায়তে॥ ৬১॥

অথ তদ্ব্রতবিধিঃ।

গুরুং প্রণম্য সম্প্রার্থ্য গৃহ্নীয়ান্নিয়মং কৃতী। কৃষ্ণৈস্তিলৈশ্চ মধ্যাহ্নে স্নায়াদ্ধাত্রীফলেন চ॥

অথ সঙ্কল্পমন্ত্রঃ।

জয়ন্ত্যাস্তু নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর। ভোক্ষ্যামি পুণ্ডরীকাক্ষ শরণঞ্চরণৌ তব॥ ১৬২॥

প্রাজাপত্যং রোহিণীনক্ষত্রং। জয়ন্তীবাসরং তদ্ব্রতং বিনেত্যর্থঃ॥ ১৬১॥

গুরুং সংপ্রার্থ্য চ। প্রার্থনাপ্রকারশ্চোক্তঃ স্কান্দে নারদং প্রতি শ্রীব্রহ্মণা।—আদৌ গুরু-গৃহং গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎপাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্ট্বা চ মৌলিনা। কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়েত গুরুং ততঃ। নিয়মং দেহি বিপ্রেন্দ্র দ্বাদশ্যাঞ্চ মম প্রভো ইতি। নিয়মং ব্রত-সঙ্কল্পং। গৃহ্নীয়াচ্ছ্রদ্ধয়া চরেৎ। তথা চ তত্রৈব।—গৃহ্নীয়ান্নিয়মং পূর্ব্বং দন্তধাবনপূর্ব্বকং। নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিয়মং বিনেতি। এতচ্চ পূর্ব্ব-লিখিতানুসারেণ একাদশ্যামেবেতি বোদ্ধব্যম্ অথ দ্বাদশীকৃত্যমাহ কৃষ্ণৈরিত্যাদিনা। কৃষ্ণতিলৈর্ধাত্রীফলেন স্নায়াদিতি ধাত্রীফলেন শিরোহভ্যঙ্গং কৃষ্ণতিলৈশ্চ গাত্রপরিমার্জ্জনং কুর্য্যাদিত্যর্থঃ। তথা চ তত্রৈব। উপোষিতশ্চ মধ্যাহ্নে স্নায়াৎ কৃষ্ণতিলৈস্ততঃ। কৃত্বা মূর্দ্ধ্নি ফলং ধাত্র্যা মহাপুণ্যবিবৃদ্ধয় ইতি॥১৬২॥ পূর্ব্ব-বদিতি। জলপূর্ণং নবং কুম্ভং চন্দনেনৈব চর্চ্চিতং। পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালাবিভূষিতমিতি যথা·

অনন্তর জয়ন্তীব্রত কথিত হইতেছে।—ব্রহ্মপুরাণে লিখিত আছে, শুক্লপক্ষীয়া দ্বাদশী তিথিতে রোহিণী নক্ষত্র হইলেই তাহাকে জয়ন্তীদ্বাদশী কহে। এই তিথি নিখিল-পাতকহারিণী। জয়ন্তীদ্বাদশীতে ভক্তি সহকারে হরির পূজা করিলে সপ্তজন্মসঞ্চিত অপরিমিত বা ভূরিপ্রমাণ পাপও বিদূরিত হয়। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, দ্বাদশী তিথিতে রোহিণী নক্ষত্রের যোগ হইলেই সেই দিন জয়ন্তীব্রত করিতে হয়। এই ব্রত করিলে নিখিল পাতক বিদূরিত হয় এবং যাবতীয় পুণ্যফল প্রাপ্ত হওয়া যায়। আরও লিখিত আছে, জীবিতাবস্থায় জয়ন্তীবাসর ব্যতীত দিন গত হইলে সেই অতীত পরমায়ুকাল বিফল হয়। ১৬১।

অতঃপর জয়ন্তীব্রতের বিধান কথিত হইতেছে।—কৃতী ব্যক্তি গুরুদেবকে বন্দনা ও প্রার্থনা করত নিয়ম গ্রহণ (সঙ্কল্প) করিবে, তাহাতে কৃষ্ণতিল ও ধাত্রীফল দ্বারা মধ্যাহ্নসময়ে স্নান করিতে হয়।

জয়ন্তীব্রতকরণকালীন সঙ্কল্পমন্ত্র কথিত হইতেছে।—হে পরমেশ্বর! জয়ন্তীদ্বাদশীতে উপ-বাস পূর্ব্বক পরদিন প্রভাতে আহার করিব। হে পদ্মপলাশলোচন! ভবদীয় পাদপদ্ম মদীয় আশ্রয়স্থল হউক্। ১৬২। (এই মন্ত্রে সঙ্কল্প করিয়া) পূর্ব্ববৎ ঘটস্থাপন পূর্ব্বক তদুপরি সতিল

পূর্ব্ববৎ স্থাপয়েৎ কুম্ভং তস্যোপরি চ ভাজনম্।
হৈরণ্যং রাজতং তাম্রং বৈণবং বা তিলৈর্ভৃতম্॥ ১৬৩॥

তত্র চ স্নাপিতং হৈমং দেবকীস্তনপায়িনম্। মাতৃবক্ত্রেক্ষকং দেবং নিবেশ্যাবাহয়েদ্ব্রতী॥

অথ তত্র জয়ন্তীব্রতে আবাহনমন্ত্রঃ।

এহি এহি জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম। পরিবারগণোপেত লক্ষ্ম্যা সহ জগৎপতে॥১৬৪॥

প্রতিষ্ঠাপ্য মনোজ্যোতিরিতি মন্ত্রেণ বৈষ্ণবঃ। পাদ্যাদীনুপকল্প্যানুলেপনৈরনুলেপয়েৎ॥১৬৫॥

পক্ষবর্দ্ধিনীব্রতে প্রোক্তং তদ্বদিত্যর্থঃ। তথা চ স্কান্দে তত্রৈব।—কৃত্বা মাধ্যাহ্নিকং কর্ম্ম স্থাপয়েদব্রণং ঘটং। পঞ্চরত্নসমাযুক্তং পবিত্রোদকপূরিতং। সচন্দনং গন্ধযুক্তং কর্পূরেণ সুবাসিতং। সুধূপবাসিতং শুভ্রপুষ্পমালাভিশোভিতমিতি। তস্য কুম্ভস্যোপরি ভাজনঞ্চ পাত্রং স্থাপয়েৎ। তদেব বিশিনষ্টি হৈরণ্যমিতি। তত্র পূর্ব্বপূর্ব্বাভাবে উত্তরোত্তরং স্থাপয়েদিতি জ্ঞেয়ং। তথা চ তত্রৈব। তস্যোপরি ন্যসেৎ পাত্রং সৌবর্ণং শ্রদ্ধয়ান্বিতঃ। তদভাবেন বৈ রূপ্যং তাম্রং বেণুময়ং মুনে ইতি॥১৬৩॥ দেবকীস্তনপায়িনমিতি হেম্না শ্রীদেবক্যাঃ প্রতিমাং কৃত্বা তদঙ্কে স্তনপানপরাং শ্রীভগবন্মূর্ত্তিং শাস্ত্রোক্তলক্ষণাং কৃত্বা তত্র পাত্রে নিবেশ্যাবাহয়েদিত্যর্থঃ। কথম্ভূতং?—স্নাপিতং ক্ষীরাদিনা কারিতস্নানং। তল্লক্ষণং কিঞ্চিল্লিখতি। মাতুর্দ্দেবক্যা বক্ত্রেক্ষকং মুখমবলোকয়ন্তমিত্যর্থঃ। তথা চ তত্রৈব। —তস্যোপরি ন্যসেদ্দেবীং হৈমীং লক্ষণসংযুতাং। দদমানাস্তু পুত্রস্য স্তন্যং বৈ বিস্মিতাননাং। পিবন্মাতুঃ স্তনং ভদ্রমাননং পাণিনা স্পৃশন্। অবলোকমানঃ প্রেম্না বৈ মুখং মাতুর্মুহুর্মুহুরিতি॥

অনুলেপনৈস্তুলসীকাষ্ঠ-চন্দন-মিশ্রিত-মলয়জকুঙ্কুম-কর্পূরাগুরু-কস্তুরিকাদিপঙ্কৈঃ। অনুলেপয়েদ্দেবং। তথা চ স্কান্দে তত্রৈব।—তুলসীদারুজাতেন চন্দনেন বিলেপনং। কুঙ্কুমেন মহাভাগ কর্পূরাগুরুচর্চ্চিতং। পঙ্ককাশ্মীর-গন্ধৈশ্চ-মৃগনাভিবিমিশ্রতমিতি। অত্র চ প্রকল্পয়েদিতি পূর্ব্বশ্লোকস্থ-ক্রিয়য়ান্বয়ঃ॥১৬৪-১৬৫॥ পুষ্পাণি মল্লিকা-মালতী-চম্পকাদীনি। আদিশব্দেন তুলসীমঞ্জরী-দল-বিল্বপত্রাদীনি। তথা কুষ্মাণ্ড-নারিকেল-ফলাদীনি চ গ্রাহ্যাণি। তথা চ তত্রৈব। মল্লিকামালতীপুষ্পৈশ্চম্পকৈঃ কেতকীদলৈঃ। বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ তুলসীদলকোমলৈঃ। অন্যৈর্নানাবিধৈঃ পুষ্পৈঃ করবীরৈঃ সিতাসিতৈঃ। যূথিকাশতপত্রৈশ্চ তথান্যৈঃ কালসম্ভবৈঃ। পূজনীয়ো

কাঞ্চনপাত্র বা রৌপ্যপাত্র অথবা বেণুপাত্র স্থাপন করিবে। ১৬৩। তৎপরে ব্রতী জন তাহার উপরিভাগে দেবকীস্তনপায়ী,জননীর বদন প্রতি ঈক্ষণকারী ভগবানের কাঞ্চনপ্রতিমা স্নপনান্তে স্থাপন করিয়া আবাহন করিবে।

জয়ন্তীব্রতের আবাহনমন্ত্র কথিত হইতেছে।—হে জগন্নাথ! হে পুরুষশ্রেষ্ঠ! হে জগৎপতে! আপনি কমলাদেবীর সহিত সপরিবারে আগমন করুন্। ১৬৪। তৎপরে বিষ্ণুভক্তিপরায়ণ ব্যক্তি দেবপ্রতিমার প্রতিষ্ঠা করত "মনোজূতিঃ" প্রভৃতি মন্ত্র উচ্চারণ দ্বারা পাদ্যাদি অর্পণ করিবে। তদনন্তর তুলসীকাষ্ঠচন্দনসংযুক্ত শ্বেতচন্দন, কুঙ্কুম, কর্পূর, অগুরু ও কস্তুরী প্রভৃতির গন্ধ দ্বারা প্রভুর অঙ্গে বিলেপন প্রদান করিতে হয়। ১৬৫। পরে শুভ্রবসনদ্বয় অর্পণ

বস্ত্রযুগ্মং সিতং দত্বা পুষ্পাদীনি সমর্পয়েৎ। দীপান্ প্রজ্বালয়েচ্ছক্ত্যা কুর্য্যাৎ কুসুমমণ্ডপম্ ॥১৬৬॥
গীতবাদ্যাদিভিঃ শান্তিপাঠৈঃ স্তোত্রৈশ্চ কীর্ত্তনৈঃ।
আরভেতাশঠঃ পূজাং গুরুং সম্পূজ্য ভক্তিতঃ॥ ১৬৭ ॥

অথ তত্রাদৌ শ্রীদেবকীপূজা।

অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনি। অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতো ভবভয়স্য তু॥
পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে। পূজিতা মে তথা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে॥
যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্বৃতিঃ পরা। তামেব নির্বৃতিং দেবি স্বপুত্রাৎ দর্শয়স্ব মে।
মন্ত্রেণানেন সংপূজ্য দেবকীং কৃষ্ণমর্চ্চয়েৎ। ততঃ সমাতৃকায়ার্ঘ্যং তস্মৈ পূর্ব্ববদর্পয়েৎ॥

অথ তত্র পূজামন্ত্রঃ।

অবতারসহস্রাণি করোষি মধুসূদন। ন তে সংখ্যা বতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি॥
দেবা ব্রহ্মাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব। অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতম্॥
বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতং চৈব নাশয়। কুরুষ মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহ ॥ ইতি॥

মহাভাগো মহাভক্ত্যা জনার্দ্দনঃ। কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্দ্দাড়িমৈস্তথা। বীজপূরৈঃ পূগফলৈঃ সুনিষ্পন্নৈঃ সুশোভনৈঃ। দ্রাক্ষাফলৈর্জ্জাতিফলৈ রম্ভাবৃক্ষসমুদ্ভবৈরিতি ॥১৬৬॥ স্তোত্রাদীনি চ তত্রৈবোক্তানি।—শান্তিপাঠং শাস্ত্রপাঠং গীতাপাঠং তৃতীয়কং। সহস্রনাম চাতুর্থং পঞ্চমং গজমোক্ষণং। বালস্য চরিতং বিষ্ণোঃ পঠনীয়ং পুনঃপুনরিতি। অশঠঃ ভগবদর্চ্চনগুরুপূজাদৌ বিত্তাদিশাঠ্যহীনঃ সন্। তথা চ তত্রৈব।—শ্রাদ্ধে দানে তথা পর্ব্বতীর্থব্রতমখেষু চ. বিত্তশাঠ্যং ন কুর্ব্বীত সর্ব্বধর্ম্ম প্রয়োজনে। ভবিষ্যে চ। –বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরং। ন তৎফলমবাপ্নোতি দেবদ্রোহী স উচ্যতে। প্রথমং ভক্ত্যা গুরুং সম্যক্ পূজয়িত্বা পশ্চাৎ পূজামারভেত। তথা স্কান্দে তত্রৈব।—অতিক্রম্য নরো যস্তু গুরুং ধর্ম্মোপদেশকং। বিপ্রেন্দ্র স্বেচ্ছয়া পুণ্যং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ। অভিবাদ্য গুরুং তস্মাদ্ধর্ম্মকার্য্যাণি কারয়েৎ। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ যদীচ্ছেদাত্মনো হিতং॥ দদ্যাৎ স্বশক্তিতো ভক্ত্যা গাং মহীং কাঞ্চনং বসু। গুরুং ধান্যঞ্চ বস্ত্রঞ্চ ভূষণং মধুরং বচঃ। ততঃ পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চেতি ॥ ১৬৭ ॥

অনেন অদিত ইত্যাদিনাদৌ দেবকীং সংপূজ্য ততঃ কৃষ্ণং পূজয়েৎ। সমাতৃকায় দেবকীসহিতায়। তথা চ তত্রৈব।—কৃষ্ণায় প্রথমং দদ্যাৎ দেবকীসহিতায় চ। অর্ঘ্যং মুনিবরশ্রেষ্ঠ

পূর্ব্বক পুষ্প প্রভৃতি প্রদান করিয়া সাধ্যানুসারে দীপসমূহ প্রজ্বলিত করত কুসুমমণ্ডপ প্রস্তুত করিবে। ১৬৬। তৎপরে বিত্তশাঠ্য ত্যাগ করত ভক্তিমান্ হইয়া শ্রীগুরুর অর্চ্চনা পূর্ব্বক গীত, বাদ্য, শান্তিপাঠ ও স্তবপাঠাদি দ্বারা দেবপ্রতিমার অর্চ্চনায় প্রবৃত্ত হইবে। ১৬৭।

উক্ত পূজার প্রারম্ভে দেবকীর অর্চ্চনা করিতে হয়, তাহাই বিবৃত হইতেছে।—হে অদিতে! হে দেবজননি! আপনি নিখিল পাতকহারিণী, আমি সংসারভয়ে ভীত হইয়া আপনার অর্চ্চনা করিতেছি। হে বরাননে! হে সুব্রতে! সুরগণ কর্ত্তৃক অর্চ্চিত হইয়া যেরূপ আপনি প্রীতি লাভ করিয়াছেন, সেইরূপ ভক্তি সহকারে মৎকর্ত্তৃক পূজিত হইয়া প্রীত হউন্।

অথ অর্ঘ্যমন্ত্রঃ।

জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তারণায় চ। দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ॥
কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবক্যা সহিতো হরে॥১৬৮॥

অথ অর্ঘ্যমাহাত্ম্যঞ্চ।

স্কান্দে তত্রৈব।—দত্ত্বা চ সকলামুর্ব্বীং সসাগরনগান্বিতাম্।
অর্ঘ্যদানেন তৎ পুণ্যং লভতে মানবো ভুবি॥ ইতি। ১৬৯
ধূপদীপৌ সমর্প্যাথ নৈবেদ্যং বিবিধং শুভম্। ফলানি চ বিচিত্রাণি তাম্বূলাদীনি চার্পয়েৎ॥১৭০॥
কৃত্বা নীরাজনং গীতং নৃত্যাদ্যুৎসবমাচরন্। কুর্য্যাজ্জাগরণং কৃষ্ণবাল্যলীলাকথাদিনা॥ ১৭১॥

সর্ব্বকামফলপ্রদমিতি। অতএব মন্ত্রেঽপি দেবক্যা সহিতো হরে ইতি। মন্ত্রবিশেষশ্চ তত্রৈব।—শ্রীকৃষ্ণায় দেবকীসহিতায় সগণায় সপরিবারায় লক্ষ্মীসহিতায় অর্ঘ্যং নম ইতি। পূর্ব্ববৎ ইতি নারিকেলেন শুভ্রেণেত্যাদিকং যৎ পক্ষবর্দ্ধিনীব্রতাদাবপ্যুক্তং, তদনুসারতঃ পুষ্পাদি-সহিতং শুভ্র-নারিকেলশস্যং শঙ্খে নিধায় তেনার্ঘ্যং দদ্যাদিত্যর্থঃ॥ ১৬৮॥

সকলাং পৃথ্বীং দত্ত্বা যৎ পুণ্যং লভতে তদর্ঘ্যদানেন লভতে ইত্যর্থঃ॥১৬৯॥ বিবিধং ঘৃতপক্ক-পায়সাদ্যনেকপ্রকারং শুভং পরমোৎকৃষ্টং ফলানি চ কুষ্মাণ্ডাদীনি তানি স্কান্দোক্তানি লিখিতান্যেব। আদিশব্দেন দর্পণচ্ছত্রচামরাদীনি॥১৭০॥ কৃষ্ণস্য বাল্যলীলায়াঃ কথা কথনং তদাদিনা। আদিশব্দেন তচ্ছ্রবণাদি প্রৌঢ়লীলাকথাদি চ। তথা চ তত্রৈব।—বালস্যাচরিতং বিষ্ণোরিতি লিখিতমেব। কিঞ্চ জাগরণপ্রসঙ্গে।—চরিতং দেবকীসূনোর্ব্বাচনীয়ং বিচক্ষণৈরিতি।১৭১॥

হে দেবি! ভগবান্ জনার্দ্দনকে তনয়রূপে প্রাপ্ত হইয়া যেরূপ পরমানন্দ লাভ করিয়াছেন,আপনি সেই নন্দন সহ আমাকে তাদৃশ আনন্দ প্রদান করুন্। এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক দেবকীর অর্চ্চনা করিয়া কৃষ্ণপূজায় প্রবৃত্ত হইবে। তৎপরে সমাতৃক প্রভুকে অর্ঘ্য সমর্পণ করিতে হয়।

উক্ত বিষয়ে পূজামন্ত্র কথিত হইতেছে।—হে মধুসূদন! আপনি সহস্র সহস্র অবতার গ্রহণ করিয়া থাকেন,ধরাধামে এরূপ কেহ নাই যে,আপনার সেই অবতার-সমূহের গণনা করিয়া শেষ করিতে পারে। হে প্রভো! আপনার স্বরূপ ব্রহ্মাদি সুরগণেরও অবিদিত, আপনি জননীর অঙ্কে শয়ান আছেন, আমি আপনাকে অর্চ্চনা করিব। হে দেব! হে ভবভয়হারিন্! মদীয় বাঞ্ছা পূর্ণ করুন, পাতক ধ্বংস করুন্ এবং মৎপ্রতি করুণা প্রদর্শন করুন্। ইহাই পূজামন্ত্র।

উক্ত পূজার অর্ঘ্যমন্ত্র কথিত হইতেছে। হে শ্রীহরে! কংসকুল নির্ম্মূল,ধরাভার অপনোদন, দেবগণের মঙ্গল সাধন, ধর্ম্ম সংস্থাপন, কৌরব নিপাত ও দানব নিধন করিবার জন্য আপনার উৎপত্তি। আমি আপনাকে অর্ঘ্য সমর্পণ করিতেছি, আপনি দেবকী সমভিব্যাহারে উহা গ্রহণ করুন্। ১৬৮।

অনন্তর অর্ঘ্যমাহাত্ম্য কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে, ধরণীতলে ভগবান্ হরিকে অর্ঘ্য প্রদান করিলে সসাগরা সপর্ব্বতা বসুমতী দানের পুণ্য প্রাপ্ত হওয়া যায়। ১৬৯। তৎপরে ধূপ, দীপ, নানারূপ পরমোত্তম নৈবেদ্য ও উৎকৃষ্ট উৎকৃষ্ট ফল

অথ তন্মাহাত্ম্যম্।

স্কান্দে তত্রৈব।—

জাগরে পদ্মনাভস্য পুরাণং পঠতে তু যঃ। জন্মকোটিকৃতং পাপং দহতে তূলরাশিবৎ॥ ইতি॥১৭২॥
প্রাতঃ কৃত্বা ক্রিয়াং নিত্যাং তন্মূর্ত্তিং গুরবেঽর্পয়েৎ। বস্ত্রাদিকং দক্ষিণাঞ্চ দত্ত্বা কুর্ব্বীত পারণম্॥
কিঞ্চ তত্রৈব।—

বিধিনানেন সংযুক্তাং জয়ন্তীঞ্চ করোতি যঃ। নারী বোদ্ধরতে ভক্ত্যা পুরুষানেকবিংশতিম্॥
সংক্ষেপেণ চ যঃ কুর্য্যাজ্জয়ন্তীং হরিবল্লভাম্। মানসেষ্টফলং প্রাপ্য বিষ্ণুলোকং স গচ্ছতি॥১৭৩॥

অথ পাপনাশিনীব্রতম্।

ব্রহ্মপুরাণে তত্রৈব।—

যদা তু শুক্লদ্বাদশ্যাং পুষ্যা ভবতি কর্হিচিৎ। তদা সা তু মহাপুণ্যা কথিতা পাপনাশিনী॥
সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা। তস্যামারাধিতঃ কৃষ্ণো দত্তবানখিলাং ভুবম্॥
বাচিকান্মানসাৎ পাপাৎ কায়িকাচ্চ বিশেষতঃ। সপ্তজন্মকৃতাদ্দেবারাম্মুচ্যতে নাত্র সংশয়ঃ॥
ইমামেকামুপোষ্যৈব পুষ্যানক্ষত্রসংযুতাম্। একাদশী-সহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ॥
স্নানং দানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্। যদস্যাং ক্রিয়তে কিঞ্চিত্তদনন্তগুণং ভবেৎ॥
তস্মাদেষা প্রযত্নেন কর্ত্তব্যা ফলকাঙ্ক্ষিভিঃ॥

অথ তদ্ব্রতবিধিঃ।

গুরুং প্রণম্য নিয়মং স্বীকুর্য্যাৎ ব্রতহেতুকম্। কুম্ভমামলকীমূলে পূর্ব্ববৎ স্থাপয়েদ্ব্রতী॥

দহতে দহতি। তূলরাশিবদিতি যথাগ্নিস্তূলরাশিং সদ্যো দহেৎ তদ্বদিত্যর্থঃ॥১৭২॥ তাং মূর্ত্তিং পূর্ব্বনির্ম্মিতাং পূজিতাং শ্রীদেবকীসহিতাং ভগবৎ-প্রতিকৃতিং। এবং বিসর্জ্জনং কৃতমস্তীতি বোদ্ধব্যং। তচ্চ সর্ব্বত্র সাধারণতয়া প্রাপ্তত্বাৎ ন স্পষ্টং লিখিতং। আদিশব্দেন শক্তৌ কুণ্ডল-কঞ্চুকোষ্ণীষমুদ্রিকাদি॥ ১৭৩॥

নিবেদন পূর্ব্বক তাম্বূল প্রভৃতি প্রদান করিবে। ১৭০। তদনন্তর নীরাজন করত নৃত্যগীতাদি উৎসব ও শ্রীকৃষ্ণের শৈশবলীলা প্রভৃতি কীর্ত্তন সহকারে জাগরণ করিবে। ১৭১।

অনন্তর দ্বাদশীকৃত জাগরণ-মাহাত্ম্য কথিত হইতেছে।—স্কন্দপুরাণে উক্ত প্রকরণেই বর্ণিত আছে, কমলনাভ হরির জাগরণে পুরাণাধ্যয়ন করিলে কোটি-জন্মার্জ্জিত পাতক তূলরাশিবৎ ভস্মীভূত হয়। ১৭২। প্রভাতে নিত্যকর্ম্ম সমাধা করিয়া উক্ত ভগবৎ-প্রতিমা, বসনাদি ও দক্ষিণা শ্রীগুরুকে দান করিয়া পারণ করিতে হয়। উক্ত পুরাণে আরও লিখিত আছে যে, ভক্তি সহকারে এইরূপ প্রণালীতে জয়ন্তীব্রত সমাধা করিলে কি নর, কি নারী সকলেই একবিংশতি কুল পরিত্রাণ করিতে সমর্থ হয়। সংক্ষেপে হরিপ্রীতিকরী জয়ন্তীর ব্রতানুষ্ঠান করিলে মানসিক অভীপ্সিত সিদ্ধ হয় এবং হরিধামে প্রস্থান করিতে পারে। ১৭৩।

অনন্তর পাপনাশিনীব্রত বিবৃত হইতেছে।—ব্রহ্মপুরাণের পূর্ব্বোক্ত প্রকরণে লিখিত আছে, শুক্লপক্ষীয়া দ্বাদশী তিথিতে পুষ্যা নক্ষত্রের যোগ হইলে তাহারই নাম পাপনাশিনী।

অথ তত্র সঙ্কল্পমন্ত্রঃ।

দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি। ভোক্ষ্যামি জামদগ্ন্যেশ শরণং মে ভবাচ্যুত॥ ইতি॥
বারিপূর্ণং ততঃ পাত্রং ন্যসেৎ কুম্ভোপরি ব্রতী। সুন্দরং তাম্ররচিতং বেণুরচিতমেব বা।
মাষকেণ তদর্দ্ধেন তদর্দ্ধেনাথবা কৃতম্। হৈমং পরশুরামঞ্চ স্নপিতং স্থাপয়েত্ততঃ॥
দত্ত্বা বস্ত্রযুগচ্ছত্রপাদুকাঃ শ্বেতচন্দনৈঃ। আলিপ্য তুলসীপুষ্পৈরভ্যর্চ্চ্যাঙ্গানি পূজয়েৎ॥ ১৭৪॥

অথ তত্র অঙ্গপূজা।

বিশোকায়েতি চরণৌ জানুনী বিশ্বরূপিণে। হয়গ্রীবায়েতি চোরূ কটিং দামোদরায় চ॥
কন্দর্পায়েতি বৈ গুহ্যং নাভিং বৈ পদ্মমালিনে।
অনন্তায়েতি জঠরংশ্রীকণ্ঠায়েতি বৈ গলম্॥
বাহূ হৈমাঙ্গদায়েতি বৈকুণ্ঠায়েতি মস্তকম্। জ্যোতীরূপায়েতি নেত্রে নাসাগ্রং শোকনাশিনে॥

মাষকেণ সুবর্ণস্যেতি জ্ঞেয়ং। হৈমমিতি বিশেষণাৎ। কৃতং বিনির্ম্মিতং॥ ১৭৪॥
বিশোকায় নমঃ ইতি চরণৌ যজেৎ পূজয়েদিত্যুত্তরেণান্বয়ঃ। এবং পূর্ব্ববৎ সর্ব্বত্রৈবোহ্যেয়ং।

এই তিথি মহাপুণ্যস্বরূপিণী। এই তিথিতে নরপতি সগর, ককুৎস্থ, ধুন্ধুমার ও গাধি এই সকল ব্যক্তি হরির উপাসনা করাতে ভগবান্ তাঁহাদিগকে সমস্ত ধরণীমণ্ডল প্রদান করিয়াছিলেন। এই ব্রতের অনুষ্ঠান করিলে বাচিক, মানসিক, অধিকন্তু সপ্ত-জন্মার্জ্জিত শারীরিক পাতক হইতে নিঃসন্দেহ মুক্তি লাভ হইয়া থাকে। পুষ্যানক্ষত্রান্বিত দ্বাদশীতে উপবাসী থাকিলে একাদশীসহস্রজনিত ফল লাভ করিতে পারে। এই পাপনাশিনী দ্বাদশীতে কি স্নান, কি দান, কি জপ, কি হোম, কি বেদাধ্যয়ন, কি দেবপূজা যে কোন কর্ম্ম করা যায়, তৎসমস্তই অনন্তগুণ ফলপ্রদ হইয়া থাকে; সুতরাং সযত্নে এই পাপনাশিনীব্রত করা সকাম ব্যক্তিগণের কর্ত্তব্য।

অতঃপর পাপনাশিনীব্রতের বিধান বিবৃত হইতেছে।—প্রথমতঃ ব্রতী ব্যক্তি শ্রীগুরুকে নমস্কার পূর্ব্বক ব্রতার্থ নিয়ম গ্রহণ (সঙ্কল্প) করিবে এবং পূর্ব্ব পূর্ব্ব ব্রতবৎ ধাত্রীবৃক্ষমূলে কুম্ভ সংস্থাপন করিবে।

অনন্তর পাপনাশিনীব্রতের সঙ্কল্পমন্ত্র কথিত হইতেছে।—হে জামদগ্ন্যেশ! হে অচ্যুত! আমি দ্বাদশীতে উপবাসী থাকিয়া তৎপরদিনে আহার করিব, আপনি আমার শরণ হউন্। পরে ব্রতী জন ঘটোপরি মনোরম তাম্রপাত্র বা বেণুপাত্র জলপূরিত করিয়া স্থাপন করিবে। তৎপরে একমাষাপ্রমাণ অথবা অর্দ্ধমাষকমিত বা তদর্দ্ধপরিমিত কাঞ্চন দ্বারা ভৃগুরামের প্রতিমা প্রস্তুত করত স্নান করাইয়া পূর্ব্বোক্ত পাত্রে স্থাপন করিবে। পরে বসনদ্বয়, ছত্র ও পাদুকা দিয়া শ্বেতচন্দন দ্বারা বিলেপন পূর্ব্বক তুলসীমিশ্রিত কুসুম দ্বারা অর্চ্চনা করত অঙ্গপূজা করিবে। ১৭৪।

অতঃপর পাপনাশিনীব্রতের অঙ্গপূজা বিবৃত হইতেছে।—পদদ্বয়ে বিশোকায় নমঃ, জানু-যুগলে বিশ্বরূপিণে নমঃ, ঊরুযুগলে হয়গ্রীবায় নমঃ, কটিদেশে দামোদরায় নমঃ, গুহ্যে কন্দর্পায়

ললাটং বামনায়েতি রামায়েতি শ্রবৌ যজেৎ। সর্ব্বাত্মনে সমস্তাঙ্গং শস্ত্রাণিস্বস্বসংজ্ঞয়া।
প্রদায় পূর্ব্ববচ্চার্ঘ্যং ধূপদীপৌ সমর্প্য চ। নৈবেদ্যাদি প্রদায়াথ দেবং সম্প্রার্থয়েচ্চ তম্॥

অথ তত্র অর্ঘ্যমন্ত্রঃ।

নমস্তে দেবদেবেশ জামদগ্ন্য নমোঽস্তু তে। গৃহাণার্ঘ্যং ময়া দত্তমামলক্যা সহিতো হরে॥

অথ তত্র প্রার্থনামন্ত্রঃ।

জামদগ্ন্য নমস্তেঽস্তু ক্ষত্রিয়ান্তকরায় চ। সর্ব্বাণি যানি পাপানি সপ্তজন্মকৃতান্যপি॥
ক্ষয়ং যান্তু মমৈবাদ্য ত্বৎপ্রসাদাচ্চ ভার্গব। বচিকং মানসং পাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা॥
আয়ুর্যশস্তথারোগ্যং ধনং ধান্যঞ্চ সম্পদং। সৌভাগ্যং তব ভক্তস্ত সন্তানং ভবেৎ॥
সর্ব্বান্ কামানাপ্নুবানি দিব্যং সৌখ্যং নিরন্তরম্। অন্তেঽপ্যস্তু মমেশান ভক্তিস্বচ্চরণে প্রভো।
জনার্দ্দন হৃষীকেশ লক্ষ্মীনাথ সুরার্চ্চিত। রাম রাম মহাবাহো কার্ত্তবীর্য্যবিনাশন॥১৭৫॥
এতৎ সর্ব্বং ময়া দত্তং জ্ঞানং জ্ঞেয়ং তবাচ্যুত। মামুদ্ধর জগন্নাথ দয়াং কৃত্বা মমোপরি॥১৭৬॥

অতো যত্রেতি শব্দো নাস্তি, তত্র সোঽধ্যাহার্য্য ইতি। যতে এতে সর্ব্বে ময়া ইতি। তং শ্রীপরশুরামরূপং॥ ১৭৫॥ জ্ঞানাদিকঞ্চ সর্ব্বং তব তুভ্যং দত্তমর্পিতং॥ ১৭৬॥

নমঃ, নাভিতে পদ্মমালিনে নমঃ, উদরে অনন্তায় নমঃ, গলে শ্রীকণ্ঠায় নমঃ, বাহুযুগলে হৈমাঙ্গদায় নমঃ, মস্তকে বৈকুণ্ঠায় নমঃ, চক্ষুর্দ্বয়ে জ্যোতীরূপায় নমঃ, নাসিকাগ্রে শোকনাশিনে নমঃ, ভালদেশে বামনায় নমঃ, কর্ণদ্বয়ে রামায় নমঃ বলিয়া পূজা করিয়া সর্ব্বাঙ্গে সর্ব্বাত্মনে নমঃ, বলিয়া অর্চ্চনা করিবে। তৎপরে স্ব স্ব নাম উচ্চারণ পূর্ব্বক আয়ুধ-সমূহের পূজা করিবে। তদনন্তর পূর্ব্ববৎ অর্ঘ্য ও ধূপ দীপ দিয়া নৈবেদ্য প্রভৃতি অর্পণ করত প্রার্থনা করিতে হয়।

উক্ত অর্ঘ্যদানের মন্ত্র বিবৃত হইতেছে।—হে দেবদেবেশ! তোমাকে নমস্কার। হে জামদগ্ন্য! তোমাকে নমস্কার। হে হরে! মদ্দত্ত আমলকী-সমন্বিত এই অর্ঘ্য গ্রহণ কর।

অনন্তর যে মন্ত্রে প্রার্থনা করিবে,তাহা কথিত হইতেছে। হে জামদগ্ন্য! হে ক্ষত্রকুলান্তক! হে ভার্গব! ভবদীয় প্রসাদে অদ্য আমার সপ্তজন্মকৃত পাতক বিনষ্ট হউক্। আমি জ্ঞানে বা অজ্ঞানে যে সমস্ত বাচিক ও মানসিক পাতকের অনুষ্ঠান করিয়াছি, তৎসমস্ত ক্ষয় প্রাপ্ত হউক। হে দেব! ভবদীয় ভক্তের পরমায়ুঃ, যশঃ, আরোগ্য, ধন, ধান্য সম্পদ্, সৌভাগ্য ও সন্ততি প্রভৃতি ভূরিপরিমাণে হউক্, এবং যাবতীয় কাম ও সর্ব্বদা অলৌকিক আনন্দ প্রাপ্ত হউক্। হে জনার্দ্দন! হে হৃষীকেশ! হে লক্ষ্মীপতে! হে দেবপূজিত! হে রাম! হে রাম! হে দীর্ঘবাহো! হে কার্ত্তবীর্য্যান্তক! হে ঈশান! হে প্রভো! অন্তিমে ত্বৎ-পদে মদীয় ভক্তি অচলা থাকুক্। ১৭৫। হে অচ্যুত! আপনাকে জ্ঞান ও জ্ঞেয় সমস্তই প্রদান করিলাম। হে জগন্নাথ! মৎপ্রতি করুণা প্রদর্শন পূর্ব্বক আমাকে পরিত্রাণ করুন্। এই মন্ত্রে প্রার্থনা করিবে। ১৭৬।

অতঃপর ধাত্রীপূজা বিবৃত হইতেছে।— আমার পিতৃপিতামহগণ এবং অন্যান্য পুত্রহীন ও সগোত্র যাঁহারা বৃক্ষযোনি বা কীটযোনি প্রাপ্ত হইয়াছেন, যাঁহারা রৌরব ও মহারৌরব নরকে

অথ ধাত্রীপূজা।

পিত্তা পিতামহাশ্চান্যে অপুত্রা যে চ গোত্রিণঃ। বৃক্ষযোনিং গতা যে চ যে চ কীটত্বমাগতাঃ।
রৌরবে নরকে যে চ মহারৌরবসংজ্ঞকে। বিযোনিং চ গতা যে চ যে চ ব্রহ্মাণ্ডমধ্যগাঃ।
পিশাচত্বং গতা যে চ যে চ প্রেতত্বমাগতাঃ। তে পিবন্তু ময়া দত্তং ধাত্রীমূলে সদা পয়ঃ।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু ধাত্রীমূলনিষেচনাৎ। ইতি ধাত্রীং চাভিষিচ্য বারানষ্টোত্তরং শতম্।
তাঞ্চ প্রদক্ষিণীকৃত্য কুর্য্যাজ্জাগরণং ব্রতী। প্রাতশ্চ দেবং নীরাজ্য নিত্যং কর্ম্ম সমাপ্য চ।
মূর্ত্ত্যাদি গুরবে দত্ত্বা প্রাগ্বৎ পারণমাচরেৎ॥ ফাল্গুনে মাসি যদ্যোষা দ্বাদশী পাপনাশিনী।
ভবেত্তদা ব্রতস্যাস্য মহিমা স্যাদ্বিশেষতঃ॥ ১৭৭॥
ইতি ক্রমেণ লিখিতং বিজয়াদি ব্রতত্রয়ম্। ভবিষ্যোত্তর-স্কান্দাভ্যাং শ্রীব্রহ্মাণ্ডপুরাণতঃ॥১৭৮॥
অন্যেঽপি দ্বাদশী-ভেদা বহবঃ সন্তি বিশ্রুতাঃ। অগ্রতো লেখনীয়াস্তে তত্তন্মাসপ্রসঙ্গতঃ॥১৭৯॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে
বিষ্ণুব্রতোৎসবো নাম ত্রয়োদশবিলাসঃ॥ ১৩॥

প্রাগ্বৎ শক্ত্যা ব্রাহ্মণভোজনাদিনা॥ ১৭৭॥ বিজয়াদিব্রতত্রয়ং তত্তদ্বিধিশ্চ ভবিষ্যোত্তরাদিতো লিখিতমিতি তত্র তত্রোক্তং সংক্ষিপ্যার্থতো লিখিতং,ন তু তত্তদ্বচনানি সংগৃহীতানি গ্রন্থবিস্তরভয়াদিত্যর্থঃ। অতএব তত্তদ্বিধিলিখনে ভবিষ্যোত্তর ইত্যাদিকং নোল্লিখিতং। ক্রমেণেতি ভবিষ্যোত্তরতো বিজয়া-ব্রতং স্কন্দপুরাণাজ্জয়ন্তীব্রতং ব্রহ্মাণ্ডপুরাণাচ্চ পাপনাশিনীব্রতমিতি॥ ১৭৮॥ অন্যেঽপি মৎস্যাদিদ্বাদশ্যো নির্জ্জলাদ্যাশ্চ॥

ইতি ত্রয়োদশ-বিলাসঃ॥ ১৩॥

নিপতিত, যাঁহারা বিযোনিগত, যে সকল ব্যক্তি ব্রহ্মাণ্ডমধ্যস্থ এবং যাঁহারা পিশাচযোনি বা প্রেতযোনি প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা সর্ব্বদা এই ধাত্রীমূলে মদ্দত্ত জল পান করুন্। এই ধাত্রীমূল-সেচনফলে তাঁহারা প্রীতি লাভ করুন্। এই মন্ত্র উচ্চারণ করত ধাত্রীতরুকে অষ্টাধিক শতবার সেচন পূর্ব্বক প্রদক্ষিণ করিয়া জাগরণ করা ব্রতী ব্যক্তির কর্ত্তব্য। তৎপরে প্রভাতে প্রভুর আরাত্রিক করিয়া নিত্যক্রিয়া সাধন করত দেবপ্রতিমাদি নিখিল দ্রব্য শ্রীগুরুকে প্রদান করিবে। তৎপরে পূর্ব্ববৎ পারণ করিতে হয়। ফাল্গুনমাসে পাপনাশিনী দ্বাদশী হইলে এই ব্রতের মাহাত্ম্য অধিকতর হয়।১৭৭। ভবিষ্যোত্তর-পুরাণ, স্কন্দপুরাণের ও ব্রহ্মাণ্ডপুরাণের মতে যথাক্রমে বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী নামক তিনটী ব্রতের বিধি লিপিবদ্ধ করিলাম। ১৭৮। এতদ্ব্যতীত অপরাপর যে সমস্ত দ্বাদশী-ভেদ শ্রুতিগোচর হয়, অতঃপর তত্তন্মাসপ্রসঙ্গে তাহা বিবৃত হইবে। ১৭৯।

ইতি বিষ্ণুব্রতোৎসব নামক ত্রয়োদশ বিলাস সমাপ্ত।

চতুর্দ্দশবিলাসঃ।

অগত্যেকগতিং নত্বা হীনার্থাধিকসাধকম্। চৈতন্যদেবং লিখ্যন্তে মাসপূজামহোৎসবাঃ ॥১॥

অথ মাসকৃত্যানি।

আগ্রহায়ণিকো মাসো মাসেষু প্রবরঃ স্মৃতঃ। মাসানাং মার্গশীর্ষোঽহমিত্যুক্তো মাধবেন যঃ ॥২॥
স্নানদানব্রতার্চ্চাদিক্রিয়াঃ সনিয়মং কৃতাঃ। মাঘাদাবিব মার্গেঽস্মিন্ ভগবদ্ভক্তিভূতিদাঃ ॥ ৩ ॥

এবং শ্রীবৈষ্ণবানাং প্রত্যহকৃত্যানি প্রতিপক্ষকৃত্যানি চ লিখিত্বা অধুনা প্রতিমাসকৃত্যানি লিখিতুং পরমগুরু-শ্রীভগবন্মাহাত্ম্যেনৈব তৎ সিধ্যতীত্যভিপ্রেত্য তন্নমস্কার-পূর্ব্বকমারভতে অগতীতি। শ্রীভগবন্মাহাত্ম্যমেব দর্শয়তি অগতীনামেকামনন্যাং গতিং শরণং। ন চ গতিমাত্রং কিন্তু হীনানাং সজ্জন্মকর্ম্মহীনানামতিনীচজনানাং যেঽর্থাঃ প্রয়োজনানি ধর্ম্মাদয়ো বা তেষামধিকং যথা স্যাত্তথা সাধকমিতি। মাসেষু দ্বাদশসু যে ভগবৎ-পূজাবিশেষরূপা মহোৎসবাস্তে ॥ ১ ॥

তত্রাদৌ মার্গশীর্ষমাসস্য কৃত্যানি লিখন্ তস্য সর্ব্বমাসাদ্যতাং দর্শয়ন্ তন্মাহাত্ম্যং লিখতি আগ্রহায়ণিক ইতি। হায়নস্য সংবৎসরস্য অগ্রবর্ত্তিত্বাদাগ্রহায়ণিক ইতি ব্যুৎপত্ত্যা সর্ব্বমাসাদ্যত্বেন সিদ্ধং তস্য শ্রৈষ্ঠ্যমেব লিখতি মাসেষ্বিতি। তত্র হেতুঃ মাসানামিতি। যঃ আগ্রহায়ণিকঃ মাধবেন মধুকুলসমুদ্রচন্দ্রেণ শ্রীভগবতা স্বয়মেব বিভূত্যধ্যায়ে উক্তঃ ॥ ২ ॥

তত্রাদৌ শ্রীভগবদ্বিভূতিত্বেন তৎ-প্রিয়তয়া মাঘাদি-সাদৃশ্যাৎ মাঘাদিকৃত্যানাং স্নানাদি-সৎকর্ম্মণামত্রাপ্যাচরণাৎ ফলবিশেষঃ স্যাদিতি পুরাণোক্তমার্গশীর্ষমাহাত্ম্যানুসারেণ লিখতি স্নানেতি। ব্রতং ভক্ষ্যাদিনিয়মঃ। অর্চ্চা ভগবৎ-পূজা। আদিশব্দেন ভগবদ্বার্ত্তা-বৈষ্ণব-সঙ্গমাদি। সনিয়মং সসঙ্কল্পং সনিশ্চয়ং বা যথা স্যাৎ। অন্যথা শৈথিল্যসম্ভবাৎ। ভগবদ্ভক্তিং ভূতিঞ্চ সম্পদং। যদ্বা ভগবদ্ভক্তিরূপাং লক্ষ্মীং দদাতীতি তথা তাঃ ॥ ৩ ॥ ইদানীং তত্র কৃত্যবিশেষং দর্শয়তি তুলসীতি দ্বাভ্যাং। বৈষ্ণবৈঃ সহ নৃত্যগীতাদিরূপো যো মহোৎসবস্তেন।

যিনি সজ্জন্ম-কর্ম্মহীন অতিনীচ ব্যক্তিগণেরও ধর্ম্মাদির সাধক, সেই অগতির গতি চৈতন্যদেবকে প্রণাম পূর্ব্বক মাস-পূজা-মহোৎসব লিখিতে প্রবৃত্ত হইলাম। ১।

অতঃপর মাসকৃত্য বিবৃত হইতেছে।—ভগবান্ শ্রীকৃষ্ণ (অর্জ্জুনসকাশে) বলিয়াছিলেন, মাসসমূহের মধ্যে আমাকেই অগ্রহায়ণ মাস-স্বরূপ জানিও, সুতরাং অগ্রহায়ণই সকল মাসের মধ্যে প্রধান। ২।

প্রথমতঃ অগ্রহায়ণকৃত্য কথিত হইতেছে :—ব্রত ও পূজাদি করিলে ঐ সকল কর্ম্ম মাঘাদিবৎ ভগবদ্ভক্তিরূপা লক্ষ্মী প্রদান করেন। ৩। বিশেষতঃ অগ্রহায়ণ মাসে বৈষ্ণবগণ সহ মিলিত হইয়া নৃত্যগীতাদি মহোৎসব সহকারে তুলসীকাননে ভগবান্ শ্রীহরির পূজা করিবে। ৪।

তুলসীকাননে পূজ্যো মার্গে মাসি বিশেষতঃ। ভগবান্ত্যাগীতাদিমহেন সহ বৈষ্ণবৈঃ॥ ৪॥
বিশেষতশ্চ মাসেঽস্মিন্ বস্ত্রং শীতনিবারণম্। চিত্রং ভগবতে দত্ত্বাজ্জগজ্জাড্যহরং হি তৎ॥ ৫॥
কিঞ্চ বিষ্ণুধর্ম্মে।—মার্গশীর্ষে ত্বেকভক্তং কৃত্বা যোঽভ্যর্চ্চয়েদ্ধরিম্।

ভোজয়িত্বা দ্বিজান্মুক্তঃ স্যাদিত্যাহ কলিপ্রিয়ঃ॥ ৬॥

নক্তংব্রতেন যো মাসং মার্গশীর্ষং হরিপ্রিয়ম্। নয়েদসৌ নরো যাতি বিষ্ণুলোকং সনাতনম্॥ইতি॥
ক্রমাদ্দশাবতারণাং মৎস্যাদীনাং সিতাসু চ। যন্মার্গাদিদ্বাদশীষু ব্রতং দুর্ব্বাসসোদিতম্॥
গৌতমীয়তন্ত্রে।—
মার্গশীর্ষে তথা মাসি প্রাতঃ স্নাত্বা নরোত্তমঃ। ক্রমপূজাং সমাসাদ্য জপহোমৌ তথাচরেৎ॥
পায়সং গুড়সংমিশ্রং প্রত্যহং বিনিবেদয়েৎ। এবং মাসার্চ্চনং কৃত্বা ভবেদ্ভাগ্যধরঃ পুমান্॥
দেহান্তে মোক্ষমাপ্নোতি প্রসাদাৎ শার্ঙ্গধন্বনঃ।তৎ কার্য্যং তত্র তত্রৈব জ্ঞাত্বা বারাহতো বিধিম্॥

তত্তৎ ফলঞ্চ তত্রোক্তং কাম্যত্বাত্তন্ন লিখ্যতে॥

ভগবান্ পূজ্যঃ॥ ৪॥ চিত্রং বহুপ্রকারকং॥ ৫॥ মুক্তঃ স্যাৎ শ্রীবৈকুণ্ঠপ্রাপ্ত্যা পুনঃ সংসারবন্ধাভাবাৎ। কলিপ্রিয়ঃ শ্রীনারদঃ॥ ৬॥ অধুনা তত্র কৃত্যং শ্রীবরাহপুরাণোক্তং মৎস্যদ্বাদশীব্রতমুদ্দিশন্ তৎপ্রসঙ্গাৎ সাম্যেন দ্বাদশমাসব্রতানামেব কৃত্যতা সংক্ষেপেণৈকত্র এব লিখতি ক্রমাদিতি দ্বাভ্যাং। শ্রীমৎস্যাদীনাং দশাবতারাণাং ক্রমেণ মার্গশীর্ষাদি দ্বাদশমাসেষু। তথা শ্রীপদ্মনাভস্যাশ্বিনে শ্রীযোগেশ্বরস্য চ কার্ত্তিকে ইত্যেবং মার্গশীর্ষাদি-মাসেষু শুক্লদ্বাদশীষু দুর্ব্বাসসা মুনীশ্বরেণ যদ্ব্রতমুক্তং তত্র তত্র ব্রতে বিধিং শ্রীবরাহপুরাণতো জ্ঞাত্বা তৎ কার্য্যমেব। বৈষ্ণবৈঃ বিষ্ণুব্রতত্বাৎ। অতএব তস্য ফলং। যদ্বা অনির্ব্বচনীয়ং ফলং। তত্র বারাহে উক্তং দুর্ব্বাসসৈব। নন্বু তর্হি তত্তদ্ব্রতং ফলঞ্চ বিবৃত্য লিখ্যতাং তত্র লিখতি কাম্যত্বাদিতি। প্রায়োঽত্র

অধিকন্তু এই মাসে শীত নিবারণার্থ বহুবিধ বিচিত্র বস্ত্র ভগবান্‌কে অর্পণ করিতে হয়, যে হেতু ঐ বস্ত্রদানই দাতার সংসারজনিত জাড্যহরণ করে।৫। আরও বিষ্ণুধর্ম্মে লিখিত আছে, নারদ বলিয়াছেন, অগ্রহায়ণ মাসে একাহারী হইয়া হরির পূজা করত ব্রাহ্মণ ভোজন করাইলে মুক্তি লাভ করিতে পারে।৬। নক্তব্রতাচরণ পূর্ব্বক হরিপ্রিয় অগ্রহায়ণ মাস অতিবাহিত করিলে সনাতন বিষ্ণুধামে গমন করে। মহর্ষি দুর্ব্বাসা মার্গশীর্ষাদি দ্বাদশ মাসের শুক্লা দ্বাদশী-সমূহে মৎস্যাদি দশাবতারের (এবং আশ্বিনে পদ্মনাভের ও কার্ত্তিকে যোগেশ্বরের) যে ব্রত কীর্ত্তন করিয়াছেন, সেই সকল ব্রত সাধন করা বৈষ্ণবের কর্ত্তব্য। গৌতমীয় তন্ত্রে লিখিত আছে, অগ্রহায়ণ মাসে প্রাতঃস্নান পূর্ব্বক ক্রমপূজা সমাপন করিয়া জপ ও হোম করা নরশ্রেষ্ঠের কর্ত্তব্য।এই মাসে প্রতিদিন ভগবান্‌কে সগুড় পায়স অর্পণ করিতে হয়। পূর্ণমাস এইরূপ করিলে ভাগ্যবান্ হইতে পারে এবং শার্ঙ্গধন্বা মাধবের প্রসাদে দেহাবসানে মুক্তি প্রাপ্ত হয়। বরাহপুরাণোক্ত বিধান বিদিত হইয়া নক্তব্রতের আচরণ করিবে। সেই ব্রতের ফল উক্ত পুরাণে তত্তৎস্থলেই বিবৃত আছে। কাম্যত্বনিবন্ধন এখানে তাহা বর্ণিত হইল না। ভাগবতের দশমস্কন্ধে লিখিত আছে, নন্দব্রজবাসিনী কুমারীগণ হেমন্ত ঋতুর প্রথম

তথা চ দশমে।—

হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ। চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতম্॥ ৭॥

অথ পৌষকৃত্যম্।

পঞ্চরাত্রে।—

পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ। মাসমাত্রং হরিপ্রীত্যৈ ত্রিবারং স্নানমাচরেৎ॥ ৮॥
ত্রিকালং পূজয়েৎ কৃষ্ণং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ। পৌষস্য দ্বাদশীং শুক্লাং যাবৎ পুণ্যফলপ্রদাম্।
মাসমেকং তদর্দ্ধংবা দশাহং বা তদর্দ্ধকং। কৃত্বা যাতি হরেঃ স্থানং পূজাং দধ্যোদনোৎসবাম্॥৯॥
গীতৈর্বাদ্যৈর্নৃত্যৈর্ভক্তৈর্দধিভক্তং সমং নয়েৎ। অর্পয়িত্বা হরৌ ভক্ত্যা প্রসাদঞ্চানয়েত্ততঃ॥
যঃ প্রসাদং হরের্ভক্ত্যা গৃহ্লাতি প্রদদাতি চ। ভুঙ্ক্তে চ বৈষ্ণবৈঃ সার্দ্ধং সোঽনন্তফলমশ্নুতে॥
ঘৃতপ্রস্থেন দেবেশং পৌষপুষ্যসিতে নরঃ। স্নাপয়িত্বাশ্বমেধস্য ফলমাপ্নোত্যসংশয়ম্॥ ১০॥

অথ মাঘকৃত্যম্।

পাদ্মে মাঘমাহাত্ম্যে বিদ্যাধরধ্রুবসংবাদে।—

মাঘে মাসি কুরু স্নানং মণিকূটনদীজলে। ঋষিসিদ্ধাসুরৈর্জুষ্টে কথয়ামি চ তদ্বিধিম্॥
তব ভাগ্যবশান্মাঘো নিকটঃ পঞ্চমেঽহনি। পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ।
মাসমেকং নিরাহারস্ত্রিবারং স্নানমাচরেৎ। ত্রিকালমর্চ্চয়েদ্বিষ্ণুং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ।
মাঘস্যৈকাদশীং শুক্লাং যাবদ্বিদ্যাধরোত্তম॥ ইতি॥

গ্রন্থে বৈষ্ণবানামাবশ্যককৃত্যস্যৈব লিখনাৎ। অত্র যত্তদিত্যাদৌ বীপ্সায়া অভাবেঽপি ব্রতানাং বহুত্বাত্তথা তত্র তত্রেত্যাদৌ বীপ্সাপ্রয়োগাচ্চান্যত্রাপি বীপ্সা বিতর্ক্যেবেতি॥ ৭॥

স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী সন্॥ ৮॥ দধ্যোদনেন তদর্পণেন তদ্রূপো বা উৎসবো যস্যাং তাং হরেঃ পূজাং কৃত্বা॥ ৯॥ নৃত্যৈঃ নৃত্যৈঃ। ভক্তৈঃ বৈষ্ণবৈঃ সমং গীতাদিভির্দ্দধিমিশ্রিতং ভক্তং নয়েৎ ভগবদগ্রে সমর্পণায়। প্রসাদম্ উচ্ছিষ্টরূপং তৎ॥ ১০॥

মাসে (অগ্রহায়ণে) হবিষ্যাশী হইয়া কাত্যায়নী-পূজনরূপ ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন। ৭।

অনন্তর পৌষকৃত্য।—পঞ্চরাত্রে লিখিত আছে, পৌষমাসের শুক্লপক্ষীয়া একাদশী তিথি হইতে আরম্ভ করিয়া একমাস যাবৎ ভূতলে শয়ন ও জনার্দ্দনের প্রীত্যর্থ প্রত্যহ বারত্রয় স্নান করিবে। ৮। জিতেন্দ্রিয় হইয়া ভোগবাসনা ত্যাগ করত পৌষমাসের পুণ্যফলদাত্রী শুক্লা দ্বাদশী যাবৎ প্রত্যহ তিন সন্ধ্যা হরির অর্চ্চনা করিতে হয়। সম্পূর্ণ পৌষমাস বা অর্দ্ধমাস অথবা দশ দিন কিংবা পঞ্চদিবসও দধ্যোদনার্পণরূপ উৎসব সহকারে হরিপূজা করিলে হরি-পদে গমন করিতে পারে। ৯। হরিকে নিবেদন করিবার জন্য বৈষ্ণববর্গ সহ মিলিত হইয়া নৃত্য, গীত ও বাদ্য সহকারে দধিমিশ্রিত অন্ন লইয়া যাইবে। তদনন্তর ভক্তি সহকারে নিবেদন পূর্ব্বক হরি-সকাশ হইতে প্রসাদ আনয়ন করিবে। ভক্তিমান্ হইয়া শ্রীহরির প্রসাদ গ্রহণ করিলে, অন্যকে অর্পণ করিলে অথবা বৈষ্ণবকুল-সহ মিলিত হইয়া আহার করিলে অনন্ত ফল প্রাপ্ত হওয়া যায়।

পাদ্মে শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যসংবাদে।—

সংপ্রাপ্তে মকরাদিত্যে পুণ্যে পুণ্যপ্রদে সদা। সংকার্য্যাস্তিথয়ঃ সর্ব্বাঃ স্নানদানাদিকৈঃ সদা ॥১১॥
কর্ত্তব্যো নিয়মঃ কশ্চিদ্ব্রতরূপী নরোত্তমৈঃ। ফলাতিশয়হেতোর্ব্বৈ কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদ্বুধঃ ॥
ভূমৌ শয়ীত হোতব্যমাজ্যং তিলবিমিশ্রিতম্। ত্রিকালং চার্চ্চয়েন্নিত্যং বাসুদেবং সনাতনম্ ॥১২॥
দাতব্যো দীপকোঽখণ্ডো দেবমুদ্দিশ্য মাধবম্। ইন্ধনং কম্বলং বস্ত্রমুপানৎকুঙ্কুমং ঘৃতম্।
তৈলং কার্পাসকোষঞ্চ তুলীং তুলবতীং পটীম্। অন্নঞ্চৈব যথাশক্তি দেয়ং মাঘে নরাধিপঃ।
স্বর্ণঞ্চ রত্তিকামাত্রং দদ্যাদ্বেদবিদে তথা। পরস্যাগ্নিং ন সেবেত ত্যজেদ্বিপ্রঃ প্রতিগ্রহম্।
মাঘান্তে ভোজয়েদ্বিপ্রান্ যথাশক্তি নরাধিপ। দেয়া চ দক্ষিণা তেভ্য আত্মনঃ শ্রেয় ইচ্ছতা ॥১৩॥

মাঘকৃত্যং চাখিলং পদ্মপুরাণাদৌ ব্যক্তমেকত্রৈবোক্তত্বাৎ পূর্ব্ববদর্থতঃ সংগৃহ্য স্বয়মলিখিত্বা তত্তদ্বচনৈরেব লিখতি সম্প্রাপ্ত ইত্যাদিনা প্রীয়তামিত্যন্তেন। সংকার্য্যাঃ সম্মাননীয়াঃ। অগ্রতো যথাশক্তীত্যুক্ত্যা সর্ব্বত্র তথৈব বোদ্ধব্যং শাস্ত্রেষশক্যস্যাবিধেয়ত্বাৎ। আদিশব্দাৎ কিঞ্চিদ্ভক্ষ্য-ত্যাগাদি ॥ ১১॥ তদেবাভিব্যঞ্জয়তি কর্ত্তব্য ইত্যাদিনা নিয়মমেবাহ ফলেতি দ্বাভ্যাং। কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদিতি নিত্যং প্রবৃত্তানাং ভক্ষ্যাণাং মধ্যে কিঞ্চিত্ত্যজেদিত্যর্থঃ ॥ ১২॥ অখণ্ডঃ অহোরাত্রমাসব্যাপী ॥১৩॥ উদ্যাপনং অচ্ছিদ্রবাচনাদিনা নিয়মসমাপনমেব ন তু পুনর্ম্মাঘ-

পৌষমাসে পুষ্যাসমন্বিত পূর্ণিমাতে প্রস্থমিত (পাঁচ সের) ঘৃত দ্বারা দেবদেব হরিকে স্নান করাইলে নিঃসন্দেহ অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করিতে পারে। ১০।

অতঃপর মাঘকৃত্য বর্ণিত হইতেছে।—পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে বিদ্যাধর-ধ্রুব সংবাদে ধ্রুবের উক্তি আছে যে, হে বিদ্যাধর! মাঘমাসে ঋষি, সিদ্ধ ও অসুর কর্ত্তৃক সেবিত মণিকূট গিরির নদীজলে অবগাহন কর। আমি তদ্বিধি তোমার নিকট বর্ণন করিতেছি। ত্বদীয় সৌভাগ্যবশেই মাঘমাস আগত প্রায়, অদ্য হইতে পঞ্চম দিবসেই মাঘমাস আগত হইবে। পৌষের শুক্লপক্ষীয়া একাদশী তিথি হইতে আরম্ভ করিয়া পূর্ণ একমাস পর্য্যন্ত ভূতলে শয়ন, উপবাস ও প্রত্যহ বারত্রয় স্নান করিবে। হে বিদ্যাধরোত্তম! মাঘমাসের শুক্লপক্ষীয়া দ্বাদশী যাবৎ জিতেন্দ্রিয় হইয়া ভোগবাসনা বিসর্জ্জন পূর্ব্বক প্রত্যহ তিনবার শ্রীহরির পূজা করিবে। পদ্মপুরাণে দত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যার্জ্জুনসংবাদে লিখিত আছে, সূর্য্য মকররাশিস্থ হইলে সেই পুণ্যস্বরূপ পুণ্যজনন কালে নিরন্তর স্নানদানাদি দ্বারা তিথিসমূহের সংকার করিতে হয়। ১১। মাঘমাসে ব্রতস্বরূপ কোন নিয়ম ধারণ করা নরশ্রেষ্ঠদিগের কর্ত্তব্য। প্রত্যহ যাহা ভোজন করা যায়, সুধীগণ তন্মধ্য হইতে কিছু কিছু মাঘমাসে পরিত্যাগ করি-বেন, তাহা হইলে অধিকতর ফল হয়। এই মাসে ভূমিশায়ী হইয়া থাকিবে, সতিল ঘৃত দ্বারা হোম করিবে এবং প্রত্যহ তিনবার সনাতন হরির পূজা করিবে। ১২। হে রাজন্! এই মাসে পূর্ণ একমাস পর্য্যন্ত ভগবান্ হরির উদ্দেশে সতত শক্ত্যনুসারে অখণ্ড (অহোরাত্র-স্থায়ী) দীপ, কাষ্ঠ, কম্বল, বসন, পাদুকা, কুঙ্কুম, ঘৃত, তৈল, কার্পাসকোষ, তুলী, তুলাবতী পটী (বস্ত্রবিশেষ) ও অন্ন দান করিবে এবং প্রতিদিন রত্তিমাত্র স্বর্ণও বেদবিদ্ ব্রাহ্মণকে

একাদশী-বিধানেন মাঘস্যোদ্‌যাপনং তথা। কর্ত্তব্যং শ্রদ্দধানেন অক্ষয়স্বর্গবাঞ্ছয়া ॥ ১৪ ॥
মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব। স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য স্নায়ান্মৌনং সমাশ্রিতঃ। বাসুদেবং হরিং বিষ্ণুং মাধবঞ্চ স্মরেৎ পুনঃ ॥১৫॥
কিঞ্চ।—উষ্ণেন বারিণা স্নানং যদ্‌গৃহে ক্রিয়তে নরৈঃ। ষড়ব্দফলদং তদ্ধি মকরস্থে দিবাকরে ॥
বহিঃস্নানন্তু বাপ্যাদৌ দ্বাদশাব্দফলং স্মৃতং। তড়াগে দ্বিগুণং রাজন্ বাপ্যাং তচ্চ চতুর্গুণম্।
দশধা দেবখাতে তু শতধা তু মহানদীম্। শতঞ্চতুর্গুণং রাজন্ মহানদ্যোস্তু সঙ্গমে।
সহস্রগুণিতং সর্ব্বং তৎ ফলং মকরে রবৌ। গঙ্গায়াং স্নানমাত্রেণ লভতে মানুষো নৃপ ॥ ১৬ ॥
শতেন গুণিতং মাঘে সহস্রং রাজসত্তম। নির্দ্দিষ্টমৃষিভিঃ স্নানং গঙ্গাযামুনসঙ্গমে ॥ ১৭ ॥
কিঞ্চ।—অপ্রাবৃতশরীরস্তু যঃ কষ্টং স্নানমাচরেৎ। পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥
ভবিষ্যোত্তরে চ শ্রীভগবদ্‌যুধিষ্ঠিরসংবাদে।—

পৌষফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী সদা ভবেৎ ॥ ১৮ ॥

তত্র চোত্থায় নিয়মং গৃহ্নীয়াদ্বিধিপূর্ব্বকম্। মাঘমাসমিমং পূর্ণং স্নাস্যেঽহং দেব মাধব।

কৃত্যাকরণাত্মকম্, একাদশীব্রতবত্তস্য নিত্যত্বাৎ। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ১৪ ॥ তত্র স্নানবিধৌ বিশেষমাহ মকরস্থ ইতি দ্বাভ্যাং। গোবিন্দেত্যাদিনা ভক্ত্যা পুনঃপুনঃ সম্বোধনম্। স্নানে নামকীর্ত্তনবিশেষো বা। তথা বাসুদেবমিত্যাদীনি চ নামানি স্মরেৎ মনসি জপেৎ লঘু লঘু কীর্ত্তয়েদিতি বা। পুনরিতি মুহুরিত্যর্থঃ ॥ ১৫ ॥ মহানদীং প্রতি তস্যামিত্যর্থঃ ॥১৬॥ শতেন গুণিতং সহস্রলক্ষমিত্যর্থঃ ॥ ১৭ ॥ অপ্রাবৃতশরীরত্বঞ্চ স্নানসঙ্কল্পং স্নানার্থগমনঞ্চারভ্য তর্পণাবধি গৃহাগমনপর্য্যন্তং বোদ্ধব্যম্ ॥ ১৮ ॥ মাঘমাসমিতি মাঘস্নানারম্ভে সঙ্কল্পবিশেষো দর্শিতঃ।

দান করা কর্ত্তব্য। এই মাসে পরের অগ্নি সেবন ও প্রতিগ্রহ বর্জ্জন করা ব্রাহ্মণের কর্ত্তব্য। হে নৃপ! মাঘমাসের শেষদিনে ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া দক্ষিণা দান করা কল্যাণ-কামীর উচিত।১৩। অক্ষয়স্বর্গকামী ব্যক্তি শ্রদ্ধাবান্ হইয়া একাদশীর নিয়মানুসারে মাঘব্রতের উদ্‌যাপন করিবেন। ১৪। হে গোবিন্দ! হে অচ্যুত! হে মাধব! আমি মকর-রাশিগত সূর্য্যে স্নান করিতেছি। হে প্রভো! এই স্নান বশতঃ আপনি যথাবিহিত ফল প্রদান করুন্। এই মন্ত্র পাঠ করত মৌনভাবে স্নান করিবে। তদনন্তর পুনর্ব্বার বাসুদেব হরি, বিষ্ণু ও মাধব নাম স্মরণ করিতে হয়।১৫। আরও লিখিত আছে,মকররাশিগত ভাস্করে গৃহে উষ্ণজলে স্নান করিলে ষড়্‌বর্ষস্নানের ফল প্রাপ্ত হওয়া যায়। হে নরাধিপ! মুনিগণ বলিয়াছেন যে, গৃহের বাহিরে দীর্ঘিকায় স্নান দ্বাদশবার্ষিকস্নানের ফল প্রদান করে এবং তড়াগস্নান উহার দ্বিগুণ, বৃহৎ জলাশয়ে চতুর্গুণ, দেবখাতে দশগুণ ও মহানদীতে স্নান শতগুণ ফলপ্রদ বলিয়া কীর্ত্তিত। হে নৃপ! মহানদী-সঙ্গমে স্নান করিলে চতুঃশতগুণ ফল লাভ হয় এবং মকররাশিস্থ ভাস্করে গঙ্গাস্নান করিলে ঐ সমস্ত ফলের সহস্রগুণ অধিক ফল হইয়া থাকে।১৬। হে নৃপশ্রেষ্ঠ! মুনিগণ স্থির করিয়াছেন যে, মাঘ মাসে গঙ্গা-যমুনা-সঙ্গমে (প্রয়াগধামে) স্নান করিলে লক্ষগুণ ফল প্রাপ্ত হওয়া যায়।১৭। আরও লিখিত

কিঞ্চ।—অপ্রাবৃতশরীরস্তু যঃ কুর্য্যাৎ স্নানমাচরেৎ। বেদোক্তবিধিনা পার্থ সূর্য্যায়ার্ঘ্যং নিবেদয়েৎ॥
পিতৄন্ সন্তর্প্য তত্রস্থঃ সমুত্তীর্য্য জলাশয়াৎ। পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ॥
ততঃ স্নাত্বা শুভে তীর্থে দত্ত্বা শিরসি বৈ মৃদম্। ইষ্টং দেবং নমস্কৃত্য পূজয়েন্মধুসূদনম্॥
শঙ্খচক্রধরং দেবং মাধবং নাম পূজয়েৎ। বহ্নিং হুত্বা বিধানেন ততশ্চৈকমনা ভবেৎ॥
তিল আমলকান্যেব তীর্থে দেয়ঞ্চ গোময়ম্। তথা প্রজ্বালয়েদ্বহ্নিং নিঃশীতার্থং দ্বিজন্মনাম্॥
ভোজনং দ্বিজদম্পত্যোঃ পূজয়েচ্চ বিলেপনৈঃ। কম্বলাজিনরত্নানি বাসাংসি বিবিধানি চ॥১৯
চৈলকানি চ দেয়ানি প্রচ্ছাদনপটস্তথা। উপানহৌ তথা রাজন্ মাঘস্নানেন দাপয়েৎ।
অনেন বিধিনা রাজন্ মাধবঃ প্রীয়তামিতি॥ ২০॥

অথ মাঘস্নানস্য নিত্যত্বম্।

ভবিষ্যোত্তরে তত্রৈব।—
প্রয়াগং পুষ্করং প্রাপ্য কুরুক্ষেত্রমথাপি বা। যত্র বা তত্র বা স্নায়ান্মাঘে নিত্যমিতি শ্রুতিঃ॥
কিঞ্চ।—অবশ্যমিতি কর্ত্তব্যং মাঘস্নানং যথাবিধি॥
পাদ্মে।—অকামো বা সকামো বা মাঘস্নায়ী ভবেন্নরঃ।

তত্র স্নানবিধিশ্চ সাধারণ এবেতি নাত্র লিখিতঃ॥ ১৯॥ চৈলকানি কন্থাদীনি। মাধবঃ প্রীয়তামিত্যনেন বিধিনা দাপয়েৎ দদ্যাৎ॥ ২০॥

আছে, অপ্রাবৃত দেহে স্নান করিলে অর্থাৎ যাবৎ পুনরায় গৃহে ফিরিয়া আসা যায়, তাবৎ শরীরে বস্ত্রাচ্ছাদন না দিয়া ক্লেশ স্বীকার করত স্নান করিলে পদে পদে অশ্বমেধের ফল প্রাপ্ত হইতে পারে। ভবিষ্যোত্তর-পুরাণে ভগবান্ ও যুধিষ্ঠির-সংবাদে লিখিত আছে, পৌষ ও ফাল্গুন এই উভয়ের মধ্যে অর্থাৎ মাঘমাসে সতত প্রাতঃস্নান কর্ত্তব্য ১৮। প্রভাতে গাত্রোত্থান করিয়া হে দেব! হে মাধব! আমি পূর্ণ মাঘমাস স্নান করিব এই বলিয়া বিধানে নিয়ম গ্রহণ করিতে হয়। আরও লিখিত আছে, হে যুধিষ্ঠির! পূর্ণ মাঘ মাস অপ্রাবৃত-দেহে স্নান করিলে, বেদবিধানে সূর্য্যার্ঘ্য প্রদান করিলে এবং সলিলগর্ভে অবস্থিতি পূর্ব্বক পিতৃ তর্পণ করিয়া জলাশয় হইতে গৃহে প্রত্যাগত হইলে পদে পদে অশ্বমেধফল প্রাপ্ত হইতে পারে। তৎপরে মস্তকে মৃত্তিকা দিয়া পবিত্র তীর্থে স্নান করিয়া অভীষ্ট-দেবকে বন্দনা পূর্ব্বক হরির অর্চ্চনা করিবে। ভগবান্‌কে শঙ্খচক্রধারী মাধব নামে অর্চ্চনা করিয়া যথাবিধি হোম করত একমনা হইয়া রহিবে। পরে তিল ও আমলকীফল অর্পণ পূর্ব্বক তীর্থে (ঘাটে) গোময় লেপন করত দ্বিজাতিকুলের শীত-নিবারণার্থ বহ্নি প্রজ্বালিত করিবে। আহারীয় ও বিলেপন প্রদান এবং কম্বল, অজিন, রত্ন ও নানারূপ বস্ত্র সমর্পণ পূর্ব্বক দ্বিজদম্পতীর অর্চ্চনা করিতে হয়। ১৯। মাঘ স্নানে কন্থা, আচ্ছাদন বসন ও পাদুকা অর্পণ করিতে হয়। হে নৃপ! এইরূপ নিয়মে মাঘ মাসে স্নান করিলে ভগবান্ হরি সন্তুষ্ট হইয়া থাকেন। ২০।

* অনন্তর মাঘ-স্নানের নিত্যতা কথিত হইতেছে।—ভবিষ্যোত্তর-পুরাণের পূর্ব্বোক্ত

কিঞ্চ তত্রৈব শ্রীদত্তাত্রেয়কার্ত্তবীর্য্যসংবাদে।—

অমাঘস্নায়িনাং নৃণাং নিষ্ফলং জন্মকীর্ত্তনম্। অসূর্য্যগগনং যদ্বদচন্দ্রমুড়ুমণ্ডলম্।
তদ্বন্ন ভাতি সৎকর্ম্ম মাঘস্নানং বিনা নৃপ। বুদ্বুদা ইব তোয়েষু পুত্তিকা ইব জন্তুষু।
জায়ন্তে মরণায়ৈব মাঘস্নানবিবর্জ্জিতাঃ॥ ২১॥

কিঞ্চ।—ব্রতদানতপোভিশ্চ ন তথা প্রীয়তে হরিঃ। মাঘে মজ্জনমাত্রেণ যথা প্রীণাতি মাধবঃ॥
কিঞ্চ।— প্রীতয়ে বাসুদেবস্য মাঘস্নানং প্রকীর্ত্তিতম্॥ ২২॥

অথ তত্রাধিকারিনির্ণয়ঃ।

পাদ্মে তত্রৈব।—

সর্ব্বেঽধিকারিণো হ্যত্র বিষ্ণুভক্তৌ যথা নৃপ। সর্ব্বেষাং স্বর্গদো মাঘঃ সর্ব্বেষাং পাপনাশনঃ॥

অতএব ভবিষ্যোত্তরে তত্রৈব।—

ব্রহ্মচারী গৃহস্থশ্চ বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ। প্রাতঃ সর্ব্বে প্রশংসন্তি সদা মাঘস্য মজ্জনম্॥ ২৪

পুত্তিকাঃ সূক্ষ্মকীটবিশেষাঃ সদ্যোজন্মমরণাঃ। এবং মাঘস্নানাভাবেন জন্মকর্ম্মাদিবৈফল্যান্নিত্যত্বং সাধিতম্॥ ২১॥ অধুনা ভগবত্তোষণত্বাৎ পরমনিত্যত্বমাহ ব্রতেতি সার্দ্ধেন॥ ২২॥
অত্র মাঘস্নানে। বিষ্ণুভক্তাবিতি দৃষ্টান্তেন মাঘস্নানস্যাপি বিষ্ণুভক্তিত্বমভিপ্রেতম্॥ ২৩॥
প্রাতর্ম্মজ্জনম্॥ ২৪॥ নরঃ পুরুষঃ॥ ২৫॥

প্রকরণেই লিখিত আছে, মাঘমাসে প্রয়াগ, বা কুরুক্ষেত্র প্রাপ্ত হইয়া অথবা অন্য যে স্থানেই হউক্ না কেন, প্রত্যহ স্নান করা কর্ত্তব্য। এইরূপ শ্রুত্যুক্তি প্রসিদ্ধ আছে। আরও লিখিত আছে, বিধানে মাঘ মাসে স্নান করা অবশ্য উচিত। পদ্মপুরাণে লিখিত আছে, মাঘমাসে স্নান করা কি সকাম কি নিষ্কাম সকলেরই কর্ত্তব্য। উক্ত পুরাণের দত্তাত্রেয়-কার্ত্তবীর্য্য সংবাদে আরও লিখিত আছে, মাঘমাসে স্নান না করিলে তাহার জন্মধারণই বৃথা। হে রাজন্! আদিত্যমণ্ডল, চন্দ্রমণ্ডল ও নক্ষত্রমণ্ডল ব্যতীত যেরূপ নভোমার্গের শোভা হয় না, সেইরূপ মাঘস্নান ভিন্নও সংক্রিয়ার শোভা হয় না। যেরূপ জলমধ্যে বুদ্বুদ ও জন্তুমধ্যে পুত্তিকা (সূক্ষ্মকীটবিশেষ) জন্ম গ্রহণ পূর্ব্বক সদ্যই দেহত্যাগ করে, তদ্রূপ মাঘ-স্নান-বর্জ্জিত ব্যক্তিরাও জন্ম পরিগ্রহ করিয়া মৃতস্বরূপ হইয়া থাকে। অর্থাৎ মাঘস্নান ভিন্ন তাহাদিগের জন্ম ও কর্ম্ম সমস্তই নিষ্ফল হয়।২১। আরও লিখিত আছে, মাঘস্নানকারীর প্রতি হরি যেমন সন্তোষ লাভ করেন, কি ব্রত, কি দান, কি তপঃ কিছুতেই সেরূপ সন্তুষ্ট হন না। কেবলমাত্র শ্রীহরির প্রীত্যর্থ মাঘ-স্নান বর্ণিত হইল।২২।

অতঃপর মাঘস্নানে অধিকারি নিরূপণ হইতেছে।—পদ্মপুরাণে পূর্ব্বোক্ত প্রকরণে লিখিত আছে, হে নৃপ! হরিভক্তিতে যেরূপ সকলেই অধিকারী, সেইরূপ মাঘমাস সর্ব্বজন সম্বন্ধেই স্বর্গপ্রদ ও সর্ব্বজন সম্বন্ধেই পাতকত্রাসকর।২৩। ভবিষ্যোত্তরপুরাণে পূর্ব্বোক্ত স্থলে লিখিত আছে, ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ ও ভিক্ষু ইহারা সর্ব্বদা মাঘ মাসের প্রাতঃস্নানের আদর করেন।২৪। সম্পূর্ণ মাঘ মাস পবিত্র তীর্থে স্নান করিলে কি বালক, কি যুবা, কি বৃদ্ধ, কি

বালাস্তরুণকা বৃদ্ধা নরনারীনপুংসকাঃ। স্নাত্বা মাঘং শুভে তীর্থে প্রাপ্নুবন্তীপ্সিতং ফলম্।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যো মন্ত্রবৎ স্নানমাচরেৎ। তূষ্ণীমেব তু শূদ্রস্য স্ত্রীণাঞ্চ কুরুনন্দন॥২৫॥

অথ মাঘমাহাত্ম্যম্।

তত্র কাত্যায়নঃ।—

মাঘস্নায়ী নরো যঃ স্যাদ্দুর্গতিং নৈব পশ্যতি। তন্নাস্তি মানুষে লোকে কিল্বিষং যন্ন শোধয়েৎ॥

ভবিষ্যোত্তরে তত্রৈব।—

মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ। ব্রহ্মঘ্নং বা সুরাপংবা কং পতন্তং পুনীমহে॥
প্রাসাদা যত্র সৌবর্ণাঃ স্ত্রিয়শ্চাপ্সরসো যথা। দধিকুল্যাস্তথা যত্র নদ্যঃ পায়সকর্দ্দমাঃ।
তত্র তে যান্তি মজ্জন্তি যে মাঘে ভাস্করোদয়ে॥

কিঞ্চ।—পিতৃপিতামহৈঃ সার্দ্ধং তথৈব প্রপিতামহৈঃ। মাতৃমাতামহৈঃ সার্দ্ধং বৃদ্ধমাতামহৈস্তথা॥
একবিংশকুলৈঃ সার্দ্ধং ভোগান্ ভুক্ত্বা যথেপ্সিতান্। মাঘমাস্যুষসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি॥

যো মাঘমাস্যুষসি সূর্য্যকরাভিতাম্রে, স্নানং সমাচরতি চারু-নদীপ্রবাহে।
উদ্ধৃত্য সপ্তপুরুষান্ পিতৃমাতৃতশ্চ, স্বর্গং প্রয়াত্যমলদেহধরো নরোঽসৌ॥

তৎসমো বিষ্ণুভক্তো নাস্তীতি পরমগুহ্যমেতৎ। ত্বং শৃণ্বিতি ভাবঃ॥ ২৬॥ বৈষ্ণবানি ব্রতানি

স্ত্রীজাতি, কি ক্লীব সকলেই অভিলাষানুরূপ ফল লাভ করিয়া থাকে। হে কৌরব! ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ মন্ত্রপাঠ পূর্ব্বক স্নান করিবেন; কিন্তু শূদ্র ও নারীজাতির পক্ষে মন্ত্রপাঠ নাই, কেবলমাত্র মৌনাবলম্বন করিয়া স্নান করিতে হয়। ২৫।

অনন্তর মাঘমাহাত্ম্য বিবৃত হইতেছে।—কাত্যায়ন ঋষির উক্তি আছে, যে ব্যক্তি মাঘস্নায়ী, তাহাকে দুর্গতি প্রাপ্ত হইতে হয় না। মর্ত্ত্যলোকে তাদৃশ পাপ দৃষ্ট হয় না, যাহা মাঘস্নান দ্বারা ধ্বংস না হয়। ভবিষ্যোত্তরে পূর্ব্বোক্ত প্রসঙ্গেই বর্ণিত আছে, মাঘমাসে অরুণোদয়-সময়ে সলিলরাশি হইতে এই কথা উচ্চারিত হয় যে, "কোন্ ব্যক্তি ব্রহ্মহত্যা করিয়াছে? কে সুরা পান করিয়াছে? কে পতিত হইয়াছে? আমরা তাহাদিগের শুদ্ধিবিধান করিব।" যে স্থানে মন্দির সকল স্বর্ণনির্ম্মিত, অপ্সরাগণই যে স্থানের রমণী, যে স্থানে দধিকুল্যা শোভা পায় এবং পায়সই যে স্থানের নদীপঙ্ক, মাঘমাসে অরুণোদয়স্নায়ীরা সেই ধামে গমন করে। আরও লিখিত আছে, মাঘমাসের প্রভাতে স্নান করিলে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, বৃদ্ধপ্রমাতামহ ও একবিংশতিকুল সহ অভিলাষানুরূপ ভোগ সম্ভোগ করত বৈকুণ্ঠধামে গমন করে। যখন মাঘমাসের অরুণোদয়-সময়ে পূর্ব্বদিক্ তাম্রবর্ণে রঞ্জিত হয়, তখন মনোরম নদীপ্রবাহে স্নান করিলে স্বীয় পিতৃ-মাতৃ-সহ দিব্য দেহ পরিগ্রহ করিয়া অমরপুরে গতি লাভ করিতে পারে। গরুড়পুরাণে নারদেন্দ্র-সংবাদে লিখিত আছে, হে দেবসত্তম! মাঘমাস অতি দুষ্প্রাপ্য এবং বৈষ্ণব, দেবতা, ঋষি ও মুনিজনের পরমপ্রীতিপদ। হে শচীপতে! এই মাঘমাস শ্রীহরির অধিকতর প্রীতিকর। যাবতীয় মাসের মধ্যে এই মাসই প্রধান। হে অমরেশ! পৌষী পৌর্ণমাসীর পর হইতে পুনর্ব্বার পূর্ণিমাগমন পর্য্যন্ত সময়কে মাঘমাস বলা যায়। ঐ

সৌপর্ণে শ্রীনারদেন্দ্রসংবাদে।—

দুর্লভো মাঘমাসস্তু বৈষ্ণবানামতিপ্রিয়ঃ। দেবতানামৃষীণাঞ্চ মুনীনাং সুরনায়ক॥
বিশেষেণ শচীনাথ মাধবস্যাতিবল্লভঃ। অধিকো মাঘমাসস্তু মাসানান্তু শচীপতে॥
পৌষ্যান্তু সমতীতায়াং যাবত্তবতি পূর্ণিমা। মাঘমাসস্য দেবেন্দ্র পূজা বিষ্ণোর্ব্বিধীয়তে।
স্নানং বিলেপনং ধূপং নৈবেদ্যাদি চ শক্তিতঃ। মাঘমাসকৃতং বিষ্ণোঃ সর্ব্বং ভবতি চাক্ষয়ম্॥
মাসার্দ্ধং বা সমগ্রংবা দশাহং বা তদর্দ্ধকম্। যথাশক্ত্যা হরেঃ পূজাং কুর্ব্বন্নাপ্নোতি তৎপদম্॥

স্কান্দে ব্রহ্মনারদ-সংবাদে।—

মাঘস্নানস্য মাহাত্ম্যং শৃণু ভাগবতপ্রিয়। ত্বৎসমো নাস্তি লোকেঽস্মিন্ বিষ্ণোর্ভক্তো মহামুনে॥২৬
চক্রতীর্থে হরিং দৃষ্ট্বা মথুরায়াঞ্চ কেশবম্। যৎ ফলং লভতে জন্তুর্মাঘস্নানেন তৎ ফলম্॥
জিতেন্দ্রিয়ঃ শান্তমনাঃ সদাচারেণ সংযুতঃ। স্নানং করোতি যো মাঘে সংসারী ন ভবেৎ পুনঃ॥
ওঁকারঃ সর্ব্ববেদানাং যথাদৌ পরিগীয়তে। তথা বিষ্ণুব্রতানান্তু মাঘস্নানং মহামুনে॥ ইত্যাদি

কিঞ্চ তত্রৈবান্যত্র।—

মনসাপি চিকীর্ষন্তি মাঘস্নানন্তু যে নরাঃ। তে ঘোরং ন প্রযান্তন্তি সংসারদুঃখসংকুলম্॥
সৌরিমার্গং মহাঘোরং যমদূতান্ যমন্তথা। স্বপ্নেঽপি ন হি পশ্যন্তি মাঘস্নানরতা নরাঃ॥
যদীচ্ছেদ্বিষ্ণুনা বাসং সুতান্ সম্পদমাত্মনঃ। মাঘস্নানং তদা কার্য্যং বর্ষে বর্ষে চ নারদ॥
ব্রতানি বৈষ্ণবানীহ মনসাপি চিকীর্ষতি। তত্তস্য বিলয়ং যাতি পাপং জন্মশতোদ্ভবম্॥ ২৭॥

মাঘস্নানাদীনি। ইহ ভারতে বর্ষে যদ্বা অস্মিন্ মাঘমাসে রিষ্ণুদেশেঽন্যান্যপি ব্রতানি একভক্তাদীনি যশ্চকীর্ষতি। তস্য তন্মহাপাতকাদিকম্॥ ২৭॥ পদমেবাহ স্থানমিতি॥ ২৮॥ নন্বু স্নান-

---

কালেই যথাবিধানে হরির অর্চ্চনা করা উচিত। এই মাসে শ্রীহরিকে স্নান করাইলে এবং সাধ্যানুসারে বিলেপন, ধূপ ও নৈবেদ্য প্রভৃতি প্রদান করিলে ঐ সমস্ত অক্ষয় হয়। সম্পূর্ণ মাঘমাস,কিংবা অর্দ্ধ মাস বা দশ দিন অথবা পাঁচ দিন মাত্রও সাধ্যানুসারে হরির অর্চ্চনা করিলে তদীয় ধামে গতি লাভ হয়। স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সংবাদে লিখিত আছে, হে ভাগবতপ্রিয় নারদ! ত্বৎ-সদৃশ হরিভক্ত ইহধামে দ্বিতীয় নাই। অতএব মাঘ-মাহাত্ম্য বর্ণন করি, অবধান কর।২৬। চক্রতীর্থে হরিকে এবং মথুরাপুরে কেশবকে দেখিলে যে ফল হয়,মাঘস্নায়ী ব্যক্তি সেই ফল লাভ করেন। জিতেন্দ্রিয়,শান্তমনা ও সদাচারনিষ্ঠ হইয়া মাঘমাসে স্নান করিলে আর পুনরায় সংসারে জন্মধারণ করিতে হয় না। হে মহর্ষে! প্রণব যেরূপ বেদের আদি, সেইরূপ যাবতীয় হরিব্রতের মধ্যে মাঘস্নানরূপ ব্রতই আদিম। উক্ত প্রকরণে এবং অন্যত্র আরও লিখিত আছে, মনে মনেও মাঘস্নানের বাসনা করিলে ঘোর ক্লেশসঙ্কুল সংসার হইতে পরিত্রাণ লাভ হয়। স্বপ্নেও মাঘস্নায়ীদিগকে মহাঘোর শমনমার্গ, শমনদূত বা শমনরাজকে দর্শন করিতে হয় না। হে দেবর্ষে বিষ্ণু-সহবাসে অভিলাষ থাকিলে অথবা সন্তান বা সম্পত্তির অভিলাষ হইলে বর্ষে বর্ষে মাঘস্নান করা বিধেয়। যিনি ইহধামে মনে মনেও হরিব্রত সাধনের বাসনা করেন,তাঁহার শত-জন্মার্জ্জিত পাতকপুঞ্জ বিধ্বস্ত হয়।২৭। ব্রতবান্ হইয়া নিরন্তর সংযতচিত্তে মাঘমাসে (নিত্য) স্নান করিলে

মাঘস্নানং নরঃ কৃত্বা সদা দান্তমনা ব্রতী। প্রাপ্নোতি চ পদং বিষ্ণোঃ স্থানং ত্রৈলোক্যবন্দিতম্।
কৃত্বা ভূরি মহাপাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা। মাঘস্নানেন বিপ্রেন্দ্র দহ্যতে তূলরাশিবৎ॥
কর্ম্মণা মনসা বাচা যৎ পাপং সমুপার্জ্জিতম্। দহ্যতে নাত্র সন্দেহো মাঘস্নানেন নারদ॥
স্নানং দানং জপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনম্। নরৈর্যৎ ক্রিয়তে মাঘে তদনন্তফলং স্মৃতম্॥২৮॥
বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরম্। ন তৎ ফলমবাপ্নোতি যো লোভাক্রান্তমানসঃ।
যে ভবিষ্যন্তি যেঽতীতা আকল্পং পুরুষাঃ কুলে। তাংস্তারয়তি বিপ্রেন্দ্র মাঘস্নানেন মাধবঃ॥২৯॥
সংপ্রাপ্তে মাঘমাসে তু তপস্বিজনবল্লভে। বিলয়ং যান্তি পাপানি তমঃ সূর্য্যোদয়ে যথা॥
যতিবৎ পথি গচ্ছেত মৌনী পৈশুন্যবর্জ্জিতঃ॥ ৩০॥
যদীচ্ছেৎ বিপুলান্ ভোগান্ বৈষ্ণবং পদমব্যয়ং। মহানদীজলে স্নাত্বা ইতরে বাপি নারদ।
স্নাপয়িত্বা হরিং ভক্ত্যা পূজয়েত্তুলসীদলৈঃ॥ ৩১॥

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনক-সংবাদে।—

ন মাঘমাস-স্নানস্য সমমন্যদ্ভুবিহ। তপঃ কিমপি তত্ত্বার্থবেদিনো মুনয়ো বিদুঃ॥
শীতকালে সুশীতেন জলেন স্বং বপুর্নরঃ। প্রক্ষাল্য সদ্যো নিয়তং বিশোধয়তি দুষ্কৃতম্॥

মাত্রেণৈব সর্ব্বসিদ্ধেঃ কিং দানাদিনা তত্রাহ বিভব ইতি। শক্তৌ বিত্তশাঠ্যেন ফলং ন সম্যক্ সিধ্যেদিতি ভাবঃ॥ ২৯॥ মাহাত্ম্যকথনান্তরে চ মাঘপ্রাতঃস্নানার্থগমনবিধিমাহ যতিবদিতি। হিংসাদিশূন্যঃ। মৌনী ভগবন্নামকীর্ত্তনাতিরিক্তবচনরহিতঃ বিশেষতঃ পৈশুন্যেন মাঘকৃত্য-ত্যাগাদিপরদোষসূচনেন বর্জ্জিতো হীনঃ সন্ পথি গচ্ছেৎ। যদ্বা মাহাত্ম্যমেবাহ মাঘস্নানতঃ। যদ্বা মাঘে সংপ্রাপ্তে সতি সর্ব্বোঽপি জনঃ যতিবৎ মৌনী আত্মারামত্বাদি-মুনি-ধর্ম্মযুক্তঃ সন্, অতএব পৈশুন্যবর্জ্জিতঃ সন্ পথি সন্মার্গে গচ্ছেৎ। সংযত ইতি পাঠেঽপি তাদৃগেবার্থঃ॥ ৩০॥ যদীচ্ছেত্তদা পূজয়েদিতি সার্দ্ধেনান্বয়ঃ॥ ৩১॥ দাসঃ কৈবর্ত্তঃ তস্য সততজলচারিত্বেন স্বতএব স্নানসুখং

ত্রিভুবনপূজ্য হরিপদ লাভ করিতে পারে। হে দ্বিজসত্তম! মাঘস্নায়ীর জ্ঞানাজ্ঞানকৃত ভূরি ভূরি মহাপাতকও তূলরাশিবৎ ভস্মীভূত হয়। হে দেবর্ষে! মাঘস্নান করিলে নিঃসন্দেহ কর্ম্মজ, মনোজ ও বাক্যজ ত্রিবিধ পাপ ভস্মীভূত হইয়া থাকে। ঋষিগণ কর্ত্তৃক স্মৃত আছে যে, জনার্দ্দনের উদ্দেশে মাঘমাসে স্নান, দান, জপ বা হোম প্রভৃতি করিলে তৎসমস্ত অনন্ত ফল প্রদান করে।২৮। সম্পত্তি বিদ্যমানেও মোহবশে লুব্ধ হইয়া ব্যয়সংক্ষেপ করত কার্য্য করিলে তাহা নিষ্ফল হয়। হে দ্বিজসত্তম! বংশে একজন মাঘস্নায়ী হইলে কল্পকাল যাবৎ সেই বংশে যত পুরুষ জন্মগ্রহণ করিবে ও যাহারা পূর্ব্বে জন্মিয়াছে, হরি তাহাদিগকে পরিত্রাণ করেন। ২৯। আদিত্যোদয়ে যেমন তিমিররাশি বিদূরিত হয়, তদ্রূপ তাপসজনবল্লভ মাঘমাস সমাগত হইলে পাতকপুঞ্জও বিধ্বস্ত হইয়া যায়। মাঘস্নানার্থ পথিগমনকালে যতিবৎ পৈশুন্য (পরদোষ কীর্ত্তন) বর্জ্জিত হইয়া মৌনভাব ধারণ করিতে হয়। ৩০। হে দেবর্ষে! বিপুল ভোগ বা অনশ্বর হরিধাম প্রাপ্তির বাসনা থাকিলে মহানদী-সলিলে বা অন্য জলে স্বয়ং স্নানপূর্ব্বক কেশব দেবকে স্নান করাইয়া তুলসীদল দ্বারা ভক্তি সহকারে অর্চ্চনা করিবে।৩১। ব্রহ্মবৈবর্ত্তে সূত-শৌনক-সংবাদে

কিঞ্চ।—

অপি শূদ্রোঽপি দাসোঽপি মাঘস্নানপরায়ণঃ। প্রোক্তো মুখ্যতমো বিপ্রো ন তু তদ্বিমুখো দ্বিজঃ॥
যত্র সাক্ষাদ্দিনাধীশো ভবেদুদয়মাস্থিতঃ। ততঃ কিমপরং নাম প্রশস্তং ধর্মসাধনম্ ॥৩২॥
মাঘস্নানং সমুদ্দিশ্যোষসি গেহাৎ সমুত্থিতঃ।
যাবৎ পদান্যশ্বমেধসমানি স্যুর্দদাতি যঃ॥ যথা যথা পুমান্ মাঘে প্রাতরুত্থায় ধাবতি।
তথা তথাঽভুক্তকর্ম-সংক্ষয়াদ্দয়তে যমঃ॥ যৎ ফলং কপিলাদানে কুরুক্ষেত্রে রবিগ্রহে।
তদবশ্যমবাপ্নোতি মাঘস্নানং করোতি যঃ॥ ৩৩॥

পাদ্মে ভূমিখণ্ডে শ্রীবশিষ্ঠদিলীপসংবাদে।—

সম্যগুক্তং পরং শ্রেয়ো লোকদ্বয়হিতাবহম্। নির্মলীকরণং তেন মুনীনাং বনবাসিনাম্॥
ক্রতুভুক্কামিনীনাং যে প্রত্যাসত্তিমখণ্ডিতাম্। কাময়ন্তে মৃগার্কে তে স্রোতসি স্নান্ত সর্বদা॥

সিধ্যেত। সোঽপি যদি মাঘস্নানং নিয়মেন করোতীত্যর্থঃ। অথবা অন্ত্যজত্বে তাৎপর্য্যম্। মুখ্যতমঃ সর্ববেদার্থতত্ত্বজ্ঞো বিপ্রঃ প্রোক্তঃ। উদয়মাস্থিত ইতি কিঞ্চিদভ্যুদিতে রবাবিতি স্নানকালাভিপ্রায়েণ ॥৩২॥ যাবন্তি পদানি যো দদাতি ন্যস্যতি তস্য তাবন্তি পদানি অশ্বমেধযজ্ঞ-সমানি স্যুরিত্যর্থঃ। য ইতি অধিকার্যানপেক্ষয়া যঃ কশ্চিদিতি ভাবঃ। অভুক্তানাং নরকপাতনা-দিনা অকৃতভোগানামপি কর্মণাং সম্যক্ ক্ষতাদ্ধেতোঃ ॥৩৩॥ কদাচিন্মাঘে মৃগয়ার্থং বনপ্রবিষ্টেন রাত্রৌ বনান্তরেবোষিতেন প্রাতস্ততো নিবৃত্তেন রাজ্ঞা দিলীপেন পথি গচ্ছতো বানপ্রস্থমুনে-রাজ্ঞয়া সরসি স্নাত্বা গৃহমাগত্য তন্মুন্যুক্তং মাঘমাহাত্ম্যং সবিস্ময়ং পরিপৃষ্টস্য তং প্রতি বাক্যং

লিখিত আছে, হে ভৃগুকুলতিলক! তত্ত্বার্থবিৎ মুনিগণ মাঘস্নানসদৃশ অন্য কোন তপস্যাই বিদিত নহেন। শীতঋতুতে শীতলসলিলে নিজদেহ সদ্যঃ প্রক্ষালন করিলে নিয়ত দুষ্কৃতের পরিশুদ্ধি হয়। আরও লিখিত আছে, মাঘমাসে যথানিয়মে স্নান করিলে শূদ্র বা কৈবর্ত্তও সর্ববেদার্থবিদ্ ব্রাহ্মণ বলিয়া কীর্ত্তিত হইতে পারে, কিন্তু ব্রাহ্মণ হইয়া মাঘস্নানবিমুখ হইলে প্রাধান্য লাভ করিতে পারিবেন না। দিনপতি সূর্য্যদেবের ঈষদুদয়কাল ব্যতীত মাঘস্নানার্থ ধর্মসাধন-বিষয়ে প্রশস্ত কাল আর নাই। ৩২। মাঘস্নানোদ্দেশে উষাতেই গৃহ হইতে উত্থিত (নিষ্ক্রান্ত) হইতে হয়। মাঘস্নানোদ্দেশে যত পদ গমন করা যায়, তত পদেই অশ্বমেধ-ফল লাভ হয় মাঘ-স্নানার্থ গাত্রোত্থান পূর্ব্বক যত পদ প্রধাবিত হওয়া যায়, তত পদক্ষেপেই অকৃতভোগ কর্ম্ম সকলেরও ক্ষয় হইয়া যায়, সুতরাং শমনরাজ সেই ব্যক্তির প্রতি দয়া প্রকাশ করিয়া থাকেন। কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণ-কালে কপিলাদান করিলে যে ফল হয়, মাঘমাসে নিত্য-স্নান করিলে নিঃসন্দেহ সেই ফল প্রাপ্ত হইতে পারে। ৩৩। পদ্মপুরাণে ভূমিখণ্ডে বশিষ্ঠ-দিলীপ-সংবাদে আছে (কোন সময়ে মাঘ মাসে নরপতি দিলীপ মৃগয়ার্থ বনমধ্যে প্রবেশ করিয়া রাত্রে তথায় অবস্থিতি করেন। পরদিন প্রভাতে গমনকালে পথিমধ্যে জনৈক বানপ্রস্থ ঋষির আদেশে সরসীসলিলে স্নান করিয়া স্বগৃহে প্রস্থান করেন। অনন্তর বশিষ্ঠ-সকাশে পূর্ব্বোক্ত ঋষিপ্রোক্ত মাঘমাহাত্ম্যের বিষয় সবিস্ময়চিত্তে প্রশ্ন করিলে ভগবান্ বশিষ্ঠ নরপতিকে বলিলেন,) হে নৃপতে! সেই মুনি

বিনা বহ্নিং বিনা যজ্ঞমিষ্টাপূর্ত্তং বিনাপি যে। বাঞ্ছন্তি স্বর্গতিং স্নান্তু প্রাতর্ম্মাঘে বহির্জলে॥
গোভূমিতিলবাসাংসি স্বর্ণধেন্বন্নকানি যে। অদত্ত্বেচ্ছন্তি নাকং তে মাঘে স্নান্তু নরাধিপ॥ ৩৪॥
ত্রিরাত্রৈরিন্দুব্রতৈঃ কৃচ্ছ্রৈঃ পরাকৈশ্চ নিজাং তনুম্। অশোষ্যেচ্ছন্তি যে স্বর্গং তপসি স্নান্তু তে সদা॥
হরেরর্চ্চা তু বৈশাখে তপঃ পূজা চ কার্ত্তিকে। তপঃ পূজা তথা স্নানং ত্রয়ং মাঘে বিশিষ্যতে॥৩৫
কিঞ্চ।—
নিরন্না হ্যদিতিঃ সস্নৌ মাঘান্ দ্বাদশ মানসে। পুত্রান্ সা দ্বাদশাদিত্যান্ লেভে ত্রৈলোক্যদীপকান্॥
সুভগা রোহিণী মাঘাদ্দানশীলা হ্যরুন্ধতী। শচী চ রূপসম্পন্না অনসূয়া পতিব্রতা॥ ৩৬॥
উত্তমে বিষয়ে রাজন্ প্রাসাদে সাপ্তভৌমিকে। তুমুলীকৃতশোভাঢ্যে রত্নকৈঃ খচিতাজিরে।
দ্বিপকর্ণমরুচ্ছন্নে রূপবৎ-স্ত্রীজনাকুলে। গীতবাদিত্রনির্ঘোষে মঙ্গলাচারশোভিতে।
বেদধ্বনিপবিত্রে চ বিদ্বদ্বিপ্রৈরলঙ্কৃতে। সুরার্চ্চনরতে রম্যে সদাতিথিনিষেবিতে॥ ৩৭॥
মুদিতাস্তে বসন্তীহ যৈঃ স্নাতং মকরে রবৌ। যৈর্দত্তং বহুধা মাঘে মুরারিঃ পূজিতস্তু যৈঃ।

সম্যগুক্তমিত্যাদি। ক্রতুভুক্‌কামিন্যোঽপ্সরসঃ প্রত্যাসত্তিং সম্ভোগং॥ ৩৪॥ ত্রিরাত্রৈরিন্দুব্রতৈশ্চ ॥৩৫॥ মাঘাৎ মাঘস্নানাদিকরণাৎ॥৩৬॥ সাপ্তভৌমিকে উপর্য্যুপরি রচিতসপ্তভূমিকে। তুমুলীকৃতয়া বাহুল্যেনান্যোন্যসংকীর্ণয়া শোভয়া যুক্তে॥৩৭॥ কিঞ্চ যৈর্দত্তং তে চ বসন্তীতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। যদ্বা তেষাং কিংবক্তব্যমিতি শেষঃ। সর্ব্বত্রৈব হেতুঃ ধর্ম্মমূলমিতি। নিষ্কামানাঞ্চ জ্ঞানং দদাতীতি তথা।

বনবাসী তাপসগণের সমক্ষে পরম কল্যাণকর, উভয়ত্র হিতাবহ ও পবিত্রকর বিষয় সম্যক্ কীর্ত্তন করিয়াছিলেন। (আমি তাহা বলিতেছি, অবধান করুন্।) যাহারা যজ্ঞভুক্-রমণীগণের (অপ্সরাদিগের) সহিত অখণ্ড (অবিচ্ছেদ) সম্ভোগের বাসনা করেন, তাঁহারা মকররাশিস্থ সূর্য্যে (মাঘমাসে) নিরন্তর স্রোতোজলে অবগাহন করুন্। অগ্নি ব্যতীত, হোমাদি ব্যতীত, যজ্ঞ ব্যতীত ও ইষ্টাপূর্ত্ত ক্রিয়া ব্যতীত স্বর্গ লাভে যাঁহাদিগের অভিলাষ থাকে, তাঁহারা মাঘমাসে বহির্জলে (নদ্যাদি স্রোতোজলে) প্রাতঃস্নান করুন্। হে নরাধিপ! গো, ভূমি, তিল, বসন, স্বর্ণ, ধেনু ও অন্ন দান ব্যতিরেকে স্বর্গ-লোক লাভে যাঁহারা অভিলাষী, তাঁহারা মাঘমাসে স্নান করুন্। ৩৪। ত্রিরাত্র, ইন্দুব্রত (চান্দ্রায়ণ), কৃচ্ছ্র ও পরাক প্রভৃতি ব্রত সাধন দ্বারা স্বদেহ শোষণ না করিয়া স্বর্গলাভে যাঁহাদিগের বাসনা থাকে, তাঁহারা মাঘমাসে নিরন্তর স্নান করুন্। বৈশাখমাসে হরিপূজা, কার্ত্তিকে তপস্যা ও পূজা এবং মাঘে তপ, পূজা ও স্নান এই তিনটীই কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট। ৩৫। আরও লিখিত আছে যে, অদিতি দ্বাদশ বর্ষ পর্য্যন্ত প্রতি মাঘমাসে নিরাহারে থাকিয়া মানসসরোবরে স্নান করিয়াছিলেন, সেই ফলে ত্রিভুবনপ্রকাশক দ্বাদশ আদিত্যকে পুত্র প্রাপ্ত হন। মাঘস্নানের ফলেই রোহিণী ভাগ্যবতী, অরুন্ধতী দানশীলা, শচী রূপবতী এবং অনসূয়া পতিব্রতা হইয়াছেন। ৩৬। হে নৃপ! যাহা তুমুলীকৃত (বিবিধ) শোভায় সুশোভিত, যাহার প্রাঙ্গণভূমি বিবিধ রত্নে খচিত, যাহা গজকর্ণের আন্দোলন-বায়ুতে সমাকীর্ণ, রূপবতী রমণীগণে পরিব্যাপ্ত, গীতবাদিত্রনিনাদে নিনাদিত, মঙ্গলাচারে সমলঙ্কৃত, বেদধ্বনি দ্বারা পবিত্রিত, বিদ্বন্মণ্ডলীতে সমলঙ্কৃত, দেবপূজামহোৎসবে সমাকুল, রমণীয় ও

ইষ্টবস্তুপরিত্যাগান্নিয়মস্ত চ পালনাৎ। ধর্ম্মমূলং সদা মাঘঃ পাপমূলং নিকৃন্ততি॥
এতদেব পরং পথ্যমর্থমূলঞ্চ কীর্ত্তিতম্। কামমূলং ফলদ্বারং নিষ্কামজ্ঞানদঃ সদা॥ ৩৮॥
যে লোকা দানশীলানাং যে লোকা বিপিনৌকসাম্।
লোকা যেঽতিথিভক্তানাং তে মাঘস্নায়িনাং নৃণাম্॥
দেবলোকান্নিবর্ত্তন্তে পুণ্যৈরন্যৈঃ পরন্তপ। কদাচিৎ ন নিবর্ত্তন্তে মাঘস্নানরতা দিবঃ॥
নাতঃ পরতরং কিঞ্চিৎ পবিত্রং পাপনাশনম্। এতদেব পরং পথ্যং সদ্যো দুরিতনাশনম্॥
বিদ্যাধরায় সঙ্গীতং ভৃগুণা মণিপর্ব্বতে। বিকুণ্ডলায় চান্যত্র দেবদূতেন ধীমতা॥
ভৃগুবিদ্যাধর-সংবাদে।—
মাঘস্নানৈর্ব্বিপন্নাশো মাঘস্নানৈরঘক্ষয়ঃ। সর্ব্বব্রতাধিকো মাঘঃ সর্ব্বদানফলপ্রদঃ॥৩৯॥
মাঘো গর্জ্জতি যাগেভ্যো মাঘো যোগাচ্চ গর্জ্জতি। তীব্রাচ্চ তপসো মাঘো ভো বিদ্যাধর গর্জ্জতি॥
পুষ্করে চ কুরুক্ষেত্রে ব্রহ্মাবর্ত্তে পৃথূদকে। অবিমুক্তে প্রয়াগে চ গঙ্গাসাগরসঙ্গমে।
যৎ ফলং দশভির্ব্বর্ষৈঃ প্রাপ্যতে নিয়মৈর্নরৈঃ। তৎ ফলং লভতে মাঘে ত্র্যহং স্নানান্ন সংশয়ঃ॥
স্বর্গভোগে চিরং বাঞ্ছা যেষাং মনসি বর্ত্ততে। যত্র ক্বাপি জলে তৈস্তু স্নাতব্যং মৃগভাস্করে॥৪০॥

এবং চতুর্ব্বর্গপ্রদত্বমুক্তং॥ ৪৮॥ তত্র চাশেষধর্ম্মতো মাঘস্নানস্যাধিকোৎকর্ষমাহ যে লোকা ইতি চতুর্ভিঃ॥ ৩৯॥ গর্জ্জতি অধিক্ষিপতি ততোঽপি বিশিষ্ট ইত্যর্থঃ॥৪০॥ রূপে সৌন্দর্য্যে। সুভ·

নিরন্তর অতিথিগণে নিষেবিত, বিশাল রাজ্যের তাদৃশ সাপ্তভৌমিক প্রাসাদে (সাত তালা রাজবাটীতে) মাঘস্নায়ী ও মাঘমাসে বহুবিধরূপে মুরারি-পূজকগণই প্রমুদিতচিত্তে অবস্থিতি করেন। ইষ্ট দ্রব্য বর্জ্জন ও নিয়মপালন নিবন্ধন মাঘমাস নিরন্তরই ধর্ম্মের মূলস্বরূপ অর্থাৎ এই মাসে অভীষ্টবস্তু সেবন ত্যাগ করিতে হয় এবং যথাবিধি নিয়ম পালন করিতে হয়, এই জন্যই মাঘমাস সমস্ত ধর্ম্মের মূলীভূত কারণ বলিয়া অভিহিত। এই মাস সমূলে পাতকসমূহ ছেদন করে। মাঘমাসই পরম পথ্যস্বরূপ, অর্থমূল, কামমূল ও ফলের দ্বারস্বরূপ, ইহা নিষ্কামগণের পক্ষে নিরন্তর জ্ঞানপ্রদ। ৩৮। দাতৃগণ যে সমস্ত লোকে গমন করে, বনাশ্রমীরা যে লোক প্রাপ্ত হয়, অতিথিভক্তেরা যে সমস্ত স্থানে প্রস্থান করে, মাঘস্নায়ী ব্যক্তিগণেরও সেই সমস্ত লোক লাভ হইয়া থাকে। হে পরন্তপ! অন্যান্য পুণ্য দ্বারা (তৎফলভোগান্তে) স্বর্গধাম হইতে বিচ্যুত হইতে হয়, কিন্তু মাঘস্নায়ীকে কদাচ সুরপুর হইতে পরিভ্রষ্ট হইতে হয় না। মাঘস্নান হইতে পবিত্র বা পাতকহারক অন্য কিছু দৃষ্ট হয় না। ইহাই পরম পথ্যস্বরূপ এবং ইহাই সদ্যঃ পাতকনাশন। মণিগিরিতে ভৃগুঋষি বিদ্যাধর সকাশে এবং ধীমান্ দেবদূতও অন্যত্র বিকুণ্ডলসন্নিধানে এই বিষয় কীর্ত্তন করিয়াছিলেন। ভৃগুবিদ্যাধর-সংবাদে লিখিত আছে যে, মাঘস্নান দ্বারাই বিপৎক্ষয়, ও মাঘস্নান দ্বারাই পাতকনাশ হয়। মাঘস্নানই সর্ব্ব-ব্রতাপেক্ষা শ্রেষ্ঠ ও সর্ব্বপ্রকার-দান-ফলপ্রদ। ৩৯। হে বিদ্যাধর! কি যাগ, কি যোগ, কি তীব্র তপস্যা সকলের উপরেই মাঘ গর্জ্জন (অধিক্ষেপ বা তিরস্কার) করেন। দশবর্ষ যাবৎ পুষ্কর, কুরুক্ষেত্র, ব্রহ্মাবর্ত্ত, পৃথূদক, অবিমুক্ত (বারাণসী), প্রয়াগ, সিন্ধুসঙ্গম এই সমস্ত স্থলে নিয়মবান্

আয়ুরারোগ্যসম্পত্তী রূপে সুভগতা-গুণে। যেষাং মনোরথাস্তৈস্তু ন ত্যাজ্যং মাঘমজ্জনম্॥
যে বিভ্যতি নরকাব্দের্দারিদ্র্যাব্দেশ্চ নিত্যশঃ। সর্ব্বথা তৈঃ প্রযত্নেন মাঘে কার্য্যং নিমজ্জনম্।
দারিদ্র্যপাপদৌর্ভাগ্যপঙ্কপ্রক্ষালনায় চ। মাঘস্নানায় চান্যোঽস্তি উপায়ো দেবসত্তম।
শ্রদ্ধাহীনানি কর্ম্মাণি মতান্যল্পফলানি বৈ। ফলং দদাতি সম্পূর্ণং মাঘস্নানং যথা তথা॥ ৪১॥
অকামো বা সকামো বা যত্র ক্বাপি বহির্জ্জলে। ইহামুত্র চ দুঃখানি মাঘস্নায়ী ন বিন্দতি॥
পক্ষদ্বয়ে যথা চন্দ্রঃ ক্ষীয়তে বর্দ্ধতে তথা। পাতকং ক্ষীয়তে মাঘে পুণ্যরাশিশ্চ বর্দ্ধতে॥
যথাব্দৌ খলু জায়ন্তে রত্নানি বিবিধানি চ। স্নানপুণ্যানি জায়ন্তে নরাণাং মাঘতস্তথা॥
আয়ুর্বিত্তকলত্রাণি সম্পদঃ প্রভবন্তি চ। কামধেনুর্যথা কামং চিন্তামণিশ্চ চিন্তিতম্।
মাঘস্নানং দদাতীহ তদ্বৎ সর্ব্বমনোরথান্॥ কৃতে তপঃ পরং জ্ঞানং ত্রেতায়াং যজনস্তথা।
দ্বাপরে তু কলৌ দানং মাঘঃ সর্ব্বযুগেষু চ॥ ৪২॥
সর্ব্বেষাং সর্ব্ববর্ণানামাশ্রমাণাঞ্চ ভূপতে। মাঘস্নানন্তু ধর্ম্মস্য ধারাভিঃ খলু বর্ষতি॥

তত্রৈব শ্রীদত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যার্জ্জুনসংবাদে।—

প্রীতয়ে বাসুদেবস্য সর্ব্বপাপাপনুত্তয়ে। মাঘস্নানং প্রকুর্ব্বীত স্বর্গলাভায় মানবঃ॥
ন সমং ভবতে কিঞ্চিৎ তেজঃ সৌরেণ তেজসা। তদ্বৎ স্নানেন মাঘস্য ন সমাঃ ক্রতুজাঃ ক্রিয়াঃ॥
কিং রক্ষিতেন দেহেন সুপুষ্টেন বলীয়সা। অধ্রুবেণ সুজীর্ণেন মাঘস্নানং বিনা ভবেৎ॥ ৪৩॥

গতা জগদ্বল্লভতা তদ্রূপে গুণে॥ ৪১॥ বহির্জ্জলে মাঘস্নায়ী॥ ৪২॥ সর্ব্বেষামাশ্রমাণামিতি সম্বন্ধঃ যদ্বা সর্ব্বেষামিতি বালবৃদ্ধাদীনামিত-বস্থা পরিহৃতা॥ ৪৩॥ দোষশতব্যাপ্তমপি শরীরং মাঘস্নানেন

হইয়া থাকিলে যে ফললাভ হয়, মাঘে তিন দিন মাত্র স্নান করিলেই নিঃসন্দেহ তৎসমস্ত প্রাপ্ত হওয়া যায়। যাঁহাদিগের চিত্তে স্বর্গভোগের চিরবাঞ্ছা বিদ্যমান, মকররাশিস্থ ভাস্করে যে কোন জলে স্নান করা তাঁহাদিগের বিধেয়। ৪০। যাঁহারা পরমায়ুঃ, নীরোগিতা, সম্পত্তি, সৌন্দর্য্য ও জগৎপ্রিয়তারূপ গুণে অভিলাষী, মাঘস্নান ত্যাগ করা তাঁহাদিগের কর্ত্তব্য নহে। যাহারা নরকসাগর ও দুঃখসাগর হইতে সর্ব্বথা ভীত, সর্ব্বথা যত্ন সহকারে মাঘ স্নান করা তাঁহাদিগের কর্ত্তব্য। হে দেবসত্তম! দুঃখ, পাতক ও অসৌভাগ্যরূপ পঙ্ক ধৌত করণার্থ মাঘ-স্নান ব্যতিরেকে উপায়ান্তর নাই। কর্ম্ম শ্রদ্ধাহীন হইলে অল্পফলপ্রদ হয় বলিয়া কথিত, কিন্তু যে রূপেই ক্রিয়মাণ হউক্ না, মাঘস্নান সম্পূর্ণ ফল দান করেন। ৪১। সকাম হইয়া বা অকাম হইয়া যে কোনরূপে হউক্, মাঘমাসে বহির্জ্জলে স্নান করিলে ইহ বা পর কোন লোকেই ক্লেশ ভোগ করিতে হয় না। কৃষ্ণপক্ষে যেমন চন্দ্রের ক্ষয় ও শুক্লপক্ষে বৃদ্ধি হয়, সেইরূপ মাঘমাসে পাপ ক্ষীণ ও পুণ্যরাশি বর্দ্ধিত হইয়া থাকে। সাগরে যেরূপ বিবিধরত্নের উৎপত্তি হয়,মাঘেও সেই-রূপ মানবগণের সম্বন্ধে স্নানজনিত বহু পুণ্য সঞ্জাত হয়, এবং আয়ু, ধন, ভার্য্যা ও সম্পদ্ লাভ হইয়া থাকে। কামধেনু যেরূপ কামনা পূরণ ও চিন্তামণি চিন্তিত বস্তু অর্পণ করেন, মাঘস্নানও সেইরূপ অখিল মনোরথ সুসিদ্ধ করিয়া দেন। সত্যযুগে তপঃ, ত্রেতায় জ্ঞান, দ্বাপরে যজন ও কলিতে দান প্রধান; কিন্তু মাঘস্নান সর্ব্বযুগেই শ্রেষ্ঠ। ৪২। হে রাজন্! মাঘস্নান নিখিল বর্ণ ও

অস্থিস্তম্ভং স্নায়ুবদ্ধং মাংসক্ষতজলেপনম্। চর্ম্মাবনদ্ধং দুর্গন্ধি পূর্ণং মূত্রপুরীষয়োঃ।
জরাশোকবিপদ্ব্যাপ্তং রোগমন্দিরমাতুরম্। রজস্বলমনিত্যঞ্চ সর্ব্বদোষসমাশ্রয়ম্।
পরোপতাপপাপার্ত্তি-পরদ্রোহ-পরের্ষকম্। লোলুপং পিশুনং ক্রূরং কৃতঘ্নং ক্ষণিকং তথা ॥৪৪॥
দুষ্পূরং দুর্দ্ধরং দুষ্টং দোষত্রয়বিদূষিতম্। অশুচিস্রাবি সচ্ছিদ্রং তাপত্রয়বিমোহিতম্।
নিসর্গতোঽধর্ম্মরতং তৃষ্ণাশতসমাকুলম্। কামক্রোধমহালোভ-নরকদ্বারসংস্থিতম্।
কৃমি-বর্চ্চস্ক-ভস্মাদি পরিণামে শুনাং হবিঃ। ঈদৃক্ শরীরকং ব্যর্থং মাঘস্নানবিবর্জ্জিতম্॥
অবৈষ্ণবো হতো বিপ্রো হতং শ্রাদ্ধমযোগি চ। অশ্রদ্ধয়া হতং সর্ব্বং যৎ কৃতং পারলৌকিকম্।
ইহ লোকে হতো নৃণাং দারিদ্র্যেণ যথা নৃপ। মনুষ্যাণাং তথা জন্ম মাঘস্নানং বিনা হতম্ ॥৪৫॥
মকরস্থে রবৌ যো হি ন স্নাত্যনুদিতে রবৌ। কথং পাপৈঃ প্রমুচ্যেত স কথং ত্রিদিবং ব্রজেৎ॥
ব্রহ্মহা হেমহারী চ সুরাপো গুরুতল্পগঃ। মাঘস্নায়ী বিপাপঃ স্যাৎ তৎসংসর্গী চ পঞ্চমঃ॥
মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ। ব্রহ্মঘ্নং বা সুরাপংবা কং পতন্তং পুনীমহে॥

পরমোত্তমং সার্থকঞ্চ ভবেৎ, অন্যথা তদ্ধারণমেব ব্যর্থমিত্যাহ অস্থীতি ষড়্ভিঃ। আতুরং বিবশং। রজস্বলং রজোগুণপ্রধানং। কর্ম্মভূমৌমনুষ্যজন্ম প্রাপ্তেঃ পরেষামুপতাপাদয়ঃ তথা পরেষাং দ্রোহঃ পরেষামীর্ষা চ যস্মাৎ তৎ। তত্রোপতাপো নিন্দাদিনা, পাপঞ্চ ক্রোধোৎপাদনাদিনা, আর্ত্তিঃ প্রহারাদিনা, দ্রোহঃ অমঙ্গলচিন্তাদিনা। ঈর্ষা চাক্ষান্তিঃ ॥ ৪৪ ॥ দোষত্রয়ং পিত্তাদি। কামাদি যন্নরকদ্বারং তস্মিন্ সম্যক্ স্থিতং বর্ত্তমানং। পরিণামে মরণে কৃম্যাদিরূপম্। অতএব শুনাং হবিঃ পরমভক্ষ্যং ॥৪৫॥ রবাবনুদিতে সতীত্যত্রোক্তং,ভবিষ্যোত্তরে চ ভাস্করোদয় ইত্যুক্তং

যাবতীয় আশ্রমের সম্বন্ধেই ধর্ম্মধারা বর্ষণ করেন। উক্ত স্থানেই দত্তাত্রেয়-কার্ত্তবীর্য্যার্জ্জুন-সংবাদে লিখিত আছে, হরিপ্রীত্যর্থ, নিখিল পাতক-বিনাশার্থ ও স্বর্গলাভার্থ মাঘস্নান করা মানবগণের কর্ত্তব্য। কোন তেজই যেরূপ সূর্য্যতেজের সদৃশ নহে, সেইরূপ মাঘস্নানের সহিত কোন যজ্ঞ-ক্রিয়ারই তুলনা হয় না। বিনা মাঘস্নানে হৃষ্ট পুষ্ট বলিষ্ঠ দেহ রক্ষণে কি ফল? ৪৩। শরীর অস্থিস্তম্ভে নিবদ্ধ, স্নায়ুবদ্ধ, মাংস-শোণিতলিপ্ত, চর্ম্মাবৃত, দুর্গন্ধি, মলমূত্রে পূরিত, জরা-শোক-ব্যাপ্ত, বিপৎসঙ্কুল, ব্যাধিমন্দিরস্বরূপ, বিবশ, রজোগুণপ্রধান, অনিত্য ও সর্ব্বদোষের আধার। পরসন্তাপ, পাতক, পরপীড়ন, পরদ্রোহ ও ঈর্ষা এ সমস্তই দেহ হইতে জন্মে। এই দেহ লোভের বশীভূত, পিশুন (খল), ক্রূর, কৃতঘ্ন, ক্ষণবিধ্বংসী, দুষ্পূরণীয়, দুর্দ্ধর, দোষের আধার, পিত্তাদি-ত্রিদোষান্বিত, অপবিত্র, অশুচিস্রাবী, ছিদ্র-বিশিষ্ট, আধ্যাত্মিকাদি ত্রিতাপে বিমুগ্ধ, স্বতই অধর্ম্মে লিপ্ত, তৃষ্ণাশত-ব্যাপ্ত, নরকের দ্বার-স্বরূপ, কামক্রোধাদিতে অধিষ্ঠিত এবং মরণান্তে কৃমি, বিষ্ঠা ও ভস্মস্বরূপ, সুতরাং তখন কুক্কুরের উপাদেয় ভক্ষ্য; অতএব এতাদৃশ দেহ মাঘস্নান-বর্জ্জিত হইলে বিফল সন্দেহ নাই। হে রাজন্! ব্রাহ্মণ বিষ্ণুভক্তিহীন হইলে, শ্রাদ্ধ অযথা প্রযুক্ত হইলে, পারলৌকিক ক্রিয়া অশ্রদ্ধায় অনুষ্ঠিত হইলে যেরূপ হত (বিফল) হয় এবং দারিদ্র্য দ্বারা যেরূপ নরগণ সম্বন্ধে ইহলোক হত হইয়া থাকে, মাঘস্নান-রহিত মানব-জন্মও সেইরূপ বিফল। ৪৩। মকরস্থ সূর্য্যে ভাস্করদেবের অনুদয় কালে স্নান না করিলে

উপপাপানি সর্ব্বাণি পাতকানি মহান্তি চ। ভস্মীভবন্তি সর্ব্বাণি মাঘস্নায়িনি মানবে॥
বেপন্তে সর্ব্বপাপানি মাঘমাসসমাগমাৎ। নাশকালোঽয়মস্মাকং যদি স্নাস্যতি বারিণি॥
পাবকা ইব দীপ্যন্তে মাঘস্নানৈর্নরোত্তমাঃ। বিমুক্তাঃ সর্ব্বপাপেভ্যো মেঘেভ্য ইব চন্দ্রমাঃ॥৪৬॥
আর্দ্রং শুষ্কং লঘু স্থূলং বাঙ্মনঃকর্ম্মভিঃ কৃতম্। মাঘস্নানং দহেৎ পাপং পাবকঃ সমিধো যথা॥
প্রামাদিকঞ্চ যৎ পাপং জ্ঞানাজ্ঞানকৃতঞ্চ যৎ। স্নানমাত্রেণ তন্নশ্যেন্মকরস্থে দিবাকরে॥
নিষ্পাপাস্ত্রিদিবং যান্তি পাপিষ্ঠা যান্তি শুদ্ধতাম্। সন্দেহোঽত্র ন কর্ত্তব্যো মাঘস্নানে নরাধিপ॥
এতদেব পরো মন্ত্র এতচ্চ পরমন্তপঃ। প্রায়শ্চিত্তং পরঞ্চৈতৎ মাঘস্নানমনুত্তমম্॥ ৪৭॥
নৃণাং জন্মান্তরাভ্যাসান্মাঘস্নানে মতির্ভবেৎ।
অধ্যাত্মজ্ঞানকৌশল্যং জন্মাভ্যাসাদ্যথা ভবেৎ॥ সংসারকর্দ্দমানাঞ্চ প্রক্ষালনবিশারদম্।
পাবনং পাবনানাঞ্চ মাঘস্নানমনুত্তমম্॥ স্নান্তি মাঘে নরা রাজন্ সর্ব্বকামফলপ্রদে।
তে কথং ভুঞ্জতে ভোগান্ চন্দ্রসূর্য্যগ্রহোপমান্॥ ৪৮॥

তথা পূর্ব্বমত্রাপি কিঞ্চিদভ্যুদিতে রবাবিতি। এবমরুণোদয়কালমারভ্যার্দ্ধোদয়পর্য্যন্তং মাঘপ্রাতঃস্নানকালোঽবগন্তব্যঃ॥ ৪৬॥ আর্দ্রং সদ্যঃকৃতং, শুষ্কং চিরকৃতং॥ ৪৭॥ অতঃ অনুত্তমং সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ। চন্দ্রসূর্য্যগ্রহয়োরুপমান্ তদ্ভোগ্যতুল্যানিত্যর্থঃ॥ ৪৯। মাঘস্নানেন ন তুলয়ন্তি সদৃশা ন ভবন্তীত্যর্থঃ। তীর্থে চ যন্মাঘস্নানং তেন চ বিশেষতো ন তুলয়ন্ত্যেব। একবিংশদিতি

কিরূপে পাতক মোচন হইবে, কিরূপেই বা সুরপুরে প্রয়াণ করিবে? মাঘস্নান করিলে ব্রহ্মঘাতী, স্বর্ণস্তেয়ী, সুরাপায়ী, গুরুদারগামী ও ঐ পাতকি-চতুষ্টয়ের সংসর্গী, এই পঞ্চবিধ ব্যক্তিও পাতক হইতে পরিত্রাণ প্রাপ্ত হয়। "কোন্ ব্যক্তি ব্রহ্ম বধ করিয়াছে, কে সুরাপান করিয়াছে, কে পতিত হইয়াছে, আমরা তাহাদিগের শুদ্ধি বিধান করিব।" মাঘমাসে সূর্য্যদেবের ঈষদুদয়সময়ে জলগর্ভ হইতে এই কথা উচ্চারিত হয়। মাঘে প্রাতঃস্নান করিলে নিখিল উপপাপ ও সমুদায় মহাপাপ দগ্ধ হইয়া যায়। "মাঘ-সমাগম নিবন্ধন জলে স্নান করিলে আমাদিগের ক্ষয়কাল উপস্থিত হইবে" এই মনে করিয়া পাতকরাশি কম্পিত হইতে থাকে। সাধুগণ মাঘস্নান দ্বারা নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া মেঘনির্ম্মুক্ত চন্দ্রমার ন্যায় ও অগ্নিবৎ (সতেজে) প্রকাশিত হয়েন।৪৬। বহ্নি দ্বারা যেরূপ কাষ্ঠ ভস্মীভূত হয়, সেইরূপ মাঘস্নানও বাক্যজ, মনোজ ও কর্ম্মজ, আধুনিক ও পূর্ব্বকৃত, স্বল্প বা ভূরিপরিমিত যাবতীয় পাপই দগ্ধ করিয়া দেয়। মকররাশিগত সূর্য্যে স্নান করিলে তৎক্ষণাৎ প্রমাদকৃত নিখিল পাতক বিধ্বস্ত হয়। হে রাজন্! মাঘস্নান-ফলে নিষ্পাপীর স্বর্গপ্রাপ্তি ও পাপিষ্ঠগণের শুদ্ধিলাভ হয়, ইহাতে সংশয় করিবেন না। অত্যুত্তম মাঘস্নানই মহামন্ত্র, পরম তপঃ ও পরম প্রায়শ্চিত্তস্বরূপ।৪৭। জন্মান্তরীয় অভ্যাসবশে যেরূপ অধ্যাত্মজ্ঞানের নৈপুণ্য দৃষ্ট হয়, তদ্রূপ পূর্ব্বজন্মের অভ্যাসবশেই মাঘস্নানে মনুষ্যের মতি জন্মে। নিখিল পবিত্রকারীরও পবিত্রজনক অত্যুত্তম মাঘস্নান সংসাররূপ পঙ্কের বিদূরণবিষয়ে সুদক্ষ। হে নৃপ! যাঁহারা সর্ব্বকামদ মাঘমাসে স্নান করেন, তাঁহারা কিরূপে আর চন্দ্রসূর্য্য-সদৃশ ভোগ উপভোগ করিবেন? ॥ ৪৮॥ আরও লিখিত

কিঞ্চ।—

নানবাপ্তোঽত্র তস্যাস্তি পুরুষার্থো হি কশ্চন। নাক্ষীণং পাতকং কিঞ্চিন্মাঘে মজ্জতি যো নরঃ ॥৪৯॥

তুলয়ন্তি ন তেনাত্র যজ্ঞাঃ সর্ব্বে সদক্ষিণাঃ। মাঘস্নানেন রাজেন্দ্র তীর্থে চৈব বিশেষতঃ ॥

ন চান্যৎ স্বর্গদং কর্ম্ম ন চান্যৎ পাপনাশনম্। ন চান্যৎ মোক্ষদং চাত্র মাঘস্নানসমং ভুবি ॥

কিঞ্চান্যত্র।—

একবিংশৎকুলৈঃ সার্দ্ধং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্। মাঘে মাসেঽম্ভসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥

তত্রৈব কুণ্ডবিকুণ্ডলোপাখ্যানানন্তরম্।—

শ্রীকার্ত্তবীর্য্য উবাচ।

হেতুনা কেন বিপ্রর্ষে মাঘস্নানে মহাদ্ভুতঃ। প্রভাবো বর্ণিতো নূনং তন্মে কথয় সুব্রত ॥

গতপাতো যদেকেন দ্বিতীয়েন দিবং গতঃ। বৈশ্যো মাঘজপুণ্যেন ব্রূহি মে তৎ কুতূহলাৎ ॥

শ্রীদত্তাত্রেয় উবাচ।

নিসর্গাৎ সলিলং মেধ্যং নির্ম্মলং শুচি পাবনম্। মলহং পুরুষব্যাঘ্র দ্রাবকং দাহকং তথা।

ধারকং সর্ব্বভূতানাং পোষকং জীবনঞ্চ তৎ। আপো নারায়ণো দেবঃ সর্ব্ববেদেষু পঠ্যতে ॥৫০॥

গ্রহাণাঞ্চ যথা সূর্য্যো নক্ষত্রাণাং যথা শশী। মাসানাং হি তথা মাঘঃ শ্রেষ্ঠঃ সর্ব্বেষু কর্ম্মসু ॥

মকরস্থে রবৌ মাঘে প্রাতঃকালে তথামলে। গোষ্পদেঽপি জলে স্নানং স্বর্গদং পাপিনামপি ॥

যোগোঽয়ং দুর্ল্লভো রাজন্ ত্রৈলোক্যে সচরাচরে। অস্মিন্ মাসে হ্যশক্তোঽপি স্নায়াদপি দিনত্রয়ম্ ॥

দদ্যাৎ কিঞ্চিদ্‌যথাশক্তি দারিদ্র্যাভাবমিচ্ছতি। ত্রিস্নানেনাপি মাঘে স্যুর্ধনিনো দীর্ঘজীবিনঃ।

পঞ্চ বা সপ্ত বাহানি চন্দ্রবদ্বর্দ্ধতে ফলম্ ॥

পিতৃমাতৃভার্য্যাণাং প্রত্যেকং সপ্ততয়া একবিংশতিভিঃ কুলৈঃ সহ। দ্রাবকং আর্দ্রীকারকং। দাহকং পানেনাজীর্ণনাশকমিত্যর্থঃ ॥ ৫০ ॥ এবং স্বতএব মহাপ্রভাবযুক্তং জলং তত্র চ ভগবৎ-

---

আছে, মাঘমাসে স্নান করিলে কোনরূপ পুরুষার্থই অপ্রাপ্য থাকে না এবং কোনরূপ পাতকও অবিনষ্ট থাকিবার সম্ভাবনা নাই। ৪৯। হে নৃপসত্তম! মাঘমাসে সাধারণ সলিলে স্নান করিলে সদক্ষিণ যজ্ঞও যখন সেই স্নানের সদৃশ হইতে পারে না, তখন তীর্থে কৃত মাঘস্নানের বিষয় আর কি বর্ণন করিব? উহা যে বিশেষফলপ্রদ, তাহাতে সন্দেহ নাই। হে রাজন্! এই পৃথিবীতে মাঘস্নানের সদৃশ অপর স্বর্গজনন কার্য্য বা অন্য পাপহর কার্য্য আর নাই এবং অপর কোনরূপ মুক্তিপ্রদ কার্য্যও মাঘস্নানের সদৃশ লক্ষিত হয় না। অন্যত্রও লিখিত আছে, মাঘমাসে জলে অবগাহন করিলে একবিংশতি কুল সহ বাঞ্ছিত ভোগ করিয়া হরিধামে প্রস্থান করে। উক্ত স্থানে কুণ্ডবিকুণ্ডলোপাখ্যানের শেষে দত্তাত্রেয়ের প্রতি কার্ত্তবীর্য্যার্জ্জুনের উক্তি আছে যে, হে বিপ্রর্ষে! হে সুব্রত! কি হেতু মাঘস্নানের অত্যাশ্চর্য্য প্রভাব কীর্ত্তিত হইল, তাহা মৎসকাশে কীর্ত্তন করুন্। মাঘকৃত এক পুণ্যফলে বৈশ্যের পাপধ্বংস হইল, দ্বিতীয় পুণ্যফলে স্বর্গধামপ্রাপ্তি হইল; সুতরাং আমি কুতূহলী হইয়া জিজ্ঞাসা করিতেছি, কীর্ত্তন করুন্। দত্তাত্রেয় বলিলেন, হে নরশ্রেষ্ঠ! জল স্বাভাবিকই মেধ্য, মলহীন, শুচি, পবিত্রজনন, মলহারক, দ্রাবক

নারদীয়ে চ।—

দেবৈস্তেজঃ পরিক্ষিপ্তং মাঘমাসে জলেষু বৈ। অতঃ পবিত্রং হি জলমশেষাঘৌঘনাশনম্॥ ইতি॥৫১॥

অন্যানি মাঘমাহাত্ম্যবচনানি বিশেষতঃ। উপাখ্যানেষু বর্ত্তন্তে পাদ্মাদৌ তত্র তত্র হি॥ ৫২॥

ইত্থঞ্চ মাঘস্নানস্য প্রায়োঽত্র মহিমোদিতঃ। মাঘকৃত্যেষু যৎ প্রাতঃস্নানস্যৈব প্রধানতা॥ ৫৩॥

বাসন্তী পঞ্চমী মাঘে ভৈমী চৈকাদশী সিতা। বারাহী দ্বাদশী যা চ তাসু কুর্য্যান্মহোৎসবম্॥৫৪॥

অথ বসন্তপঞ্চমী।

মাঘস্য শুক্লপঞ্চম্যাং মহাপূজাং সমাচরেৎ। নবৈঃ প্রবালৈঃ কুসুমৈরনুলেপৈর্ব্বিশেষতঃ॥

নীরাজনোৎসবং কৃত্বা ভক্ত্যা সংমান্য বৈষ্ণবান্। বসন্তরাগং জনয়ন্ গীতনৃত্যাদি কারয়েৎ॥

তদুক্তম্।—শ্রীপঞ্চমীং সমারভ্য যাবৎ স্যাচ্ছয়নং হরেঃ। তাবৎ বসন্তরাগস্য গানমুক্তং মনীষিভিঃ॥

বসন্তরাগঃ কর্ত্তব্যো নান্যথা তু কদাচন॥ ইতি॥ ৫৫॥

সম্বন্ধবিশেষবাত কালবিশেষে ভাববিশেষো ভবতীতি পরিহরাত গ্রহাণামিতি দ্বাভ্যাং॥৫১॥ গ্রন্থবিস্তরভীত্যা পরিত্যক্তানি চ মাঘমাহাত্ম্যাদিবর্ত্তীনি বচনান্যন্যান্যপি দর্শয়তি অন্যানীতি॥৫২॥ নন্ধু পূর্ব্বং মাঘে স্নানাদিসৎকর্ম্মবৎ কর্ম্মান্তরমপি বিহিতং সামান্যতো মাঘমাহাত্ম্যাদি-লিখনাচ্চ তদেব দৃঢ়ীকৃতম্, অধুনা চান্তে স্নানমাহাত্ম্যমেব শ্রূয়তে। এবমুপক্রমোপসংহারয়োরেকার্থতা ন স্যাৎ। সত্যং মাঘে প্রাতঃস্নানস্যৈব প্রধানত্বাৎ, তথাপি লিখিতমিতি লিখতি ইত্থঞ্চেতি। প্রধানতা মুখ্যতা, অতএব স্নানস্যৈব নিত্যত্বং লিখিতমিতি দিক্॥ ৫৩॥ তত্রৈব তিথিবিশেষেষু কৃত্যং মহোৎসববিশেষং লিখতি বাসন্তীতি॥ ৫৪॥

(আর্দ্রীকারক), দাহক (অজীর্ণনাশক), ধারক, ভূতগণের পোষক ও জীবনস্বরূপ। জলকে নারায়ণ বলিয়া কীর্ত্তন করেন।৫০। গ্রহগণমধ্যে যেমন সূর্য্য ও নক্ষত্রমধ্যে যেমন শশাঙ্ক প্রধান, তদ্রূপ ক্রিয়া-করণে যাবতীয় মাসের মধ্যে মাঘমাসই শ্রেষ্ঠ। মকররাশিগত-সূর্য্যযুক্ত মাঘমাসে নিরন্ধকার প্রভাতে গোষ্পদসলিলে অবগাহন করিলেও তাহা পাপিগণের পক্ষে স্বর্গজনক হইয়া থাকে। হে নৃপ! এই যোগ সচরাচর ত্রিভুবনমধ্যে অতি দুষ্প্রাপ্য। যদি পূর্ণ মাঘমাসে স্নান করিতে সক্ষম না হয়, তাহা হইলে দিবসত্রয় স্নান করিতে পারে এবং স্বীয় দারিদ্রনাশে বাসনা থাকিলে সাধ্যানুসারে কিঞ্চিৎ দান করাও কর্ত্তব্য। মাঘমাসে তিন দিনমাত্র স্নান করিলেই ধনবান্ ও দীর্ঘজীবী হইতে পারে। পঞ্চাহ বা সপ্তাহ স্নান করিলে চন্দ্রবৎ ফল-বৃদ্ধি হয়। নারদীয়-পুরাণে লিখিত আছে, সুরগণকর্ত্তৃক তাঁহাদিগের স্বস্ব তেজ মাঘমাসীয় সলিলে নিক্ষিপ্ত হইয়াছে; এই হেতু উক্ত মাসে জল পবিত্র ও নিখিল-পাতকনাশন।৫১। মাঘমাস-মাহাত্ম্যসম্বন্ধি অন্যান্য প্রমাণ পদ্মপুরাণ প্রভৃতির তত্তদুপাখ্যানে লিখিত আছে।৫২। এস্থানে এইরূপই মাঘস্নান-মাহাত্ম্য কীর্ত্তিত হইল। মাঘমাসের যাবতীয় ক্রিয়ার মধ্যে প্রাতঃস্নানই শ্রেষ্ঠ।৫৩। এই মাসে শুক্লা বাসন্তী পঞ্চমী, ভৈমী একাদশী ও বারাহী দ্বাদশী এই মহোৎসবত্রয় সম্পাদন করিতে হয়।৫৪।

অতঃপর বসন্তপঞ্চমী বিবৃত হইতেছে।—মাঘী শুক্লা পঞ্চমী তিথিতে নব পত্র, কুসুম ও অনুলেপন দ্বারা শ্রীহরির মহাপূজা সাধন করা কর্ত্তব্য। বিশেষতঃ ভক্তিমান্ হইয়া নীরাজনোৎ-

কৃত্বা বসন্তপঞ্চম্যাং শ্রীকৃষ্ণস্যার্চ্চনোৎসবম্। স্যাদ্বসন্ত ইব প্রেয়ান্ বৃন্দাবনবিহারিণঃ ॥ ৫৬ ॥

অথ ভীষ্মাষ্টমী।

মাঘস্য চাষ্টমীং শুক্লামারভ্য দিনপঞ্চকম্। তর্পয়েদথবাষ্টম্যাং ভীষ্মং ভাগবতোত্তমম্ ॥ ৫৭ ॥
নিত্যতর্পণতঃ পশ্চাৎ সলিলান্তরুদঙ্মুখঃ। নিবীতী তর্পণং কুর্য্যাদ্গাঙ্গেয়স্য মহাত্মনঃ ॥

অথ তত্র মন্ত্রঃ।

বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ। অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥ ৫৮ ॥

অথ ভৈম্যেকাদশী।

তত্র মাৎস্যে।— শ্রীব্রহ্মোবাচ।

কথমারোগ্যমৈশ্বর্য্যমনন্তমমরেশ্বর। স্বল্পেন তপসা দেব ভবেন্মোক্ষো যথা নৃণাম্ ॥ ৫৯ ॥

তত্রৈব বসন্তপঞ্চমীমহোৎসবো বিশেষতঃ কার্য্য ইতি লিখতি মাঘস্যেতি। তত্রৈব কৃত্যবিশেষং লিখতি নবৈরিতি সার্দ্ধেন। জনয়ন্নিতি ভগবচ্ছয়নে সতি তদ্গানাদন্তর্হিতমিব প্রাদুর্ভাবয়ন্নিত্যর্থঃ ॥ ৫৫ ॥ বসন্তপঞ্চম্যুৎসবমাহাত্ম্যং লিখতি কৃত্বেতি। বৃন্দাবনবিহারিণ ইতি বসন্তে বৃন্দাবনস্য শোভা-বিশেষ-প্রকটনাদ্যথাসৌ সদা তদ্বিহারশীলস্য ভগবতোঽত্যন্তপ্রিয়ো ভবতি, তথা সোঽপি স্যাদিত্যর্থঃ ॥ ৫৬ ॥

ভাগবতেষু মধ্যে উত্তমং। তৎপ্রতিজ্ঞাপালনায় নিজপ্রতিজ্ঞাত্যাগেন সাক্ষাদ্ভগবতৈব ভক্তবাৎসল্যবিশেষপ্রকটনেন নিজভক্তবশত্বদর্শনাৎ। তচ্চ স্বনিগমেত্যাদিবচনৈঃ প্রথমস্কন্ধাদৌ প্রসিদ্ধমেব। অতস্তত্তর্পণং বৈষ্ণবৈঃ কার্য্যমেবেতি ভাবঃ ॥ ৫৭ ॥

তদ্বিধিং লিখতি নিত্যেতি। তত্র চ জীবৎপিতৃপিতামহকো ভীষ্মতর্পণং ন কুর্য্যাদিতি জ্ঞেয়ং, জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োরিতি পাদ্মেঽভিধানাৎ ॥ ৫৮ ॥

তপসা কৃচ্ছ্রেণ ॥ ৫৯ ॥ ভেদকৃৎ প্রকাশক ইত্যর্থঃ ভবিতেত্যাদি ভবিষ্যৎপ্রয়োগো ভবিষ্য-

---

সব সহকারে বৈষ্ণববর্গের সম্মান করত বসন্তরাগ আলাপ ও নৃত্যগীতাদি করাইবে। এই বিষয়ে কথিত আছে, সুধীগণ বলেন, শ্রীপঞ্চমীতে আরম্ভ করিয়া হরির শয়ন যাবৎ বসন্তরাগ আলাপ করিতে হয়, তদ্ব্যতীত অন্য সময়ে বসন্তরাগ আলাপ নিষিদ্ধ।৫৫। বসন্তপঞ্চমীতে শ্রীহরির পূজা-বিষয়ক উৎসব করিলে সেই পূজক বসন্তঋতুবৎ বৃন্দাবননাথের প্রিয়পাত্র হইতে পারেন। ৫৬।

অতঃপর ভীষ্মাষ্টমী বিবৃত হইতেছে।—মাঘী শুক্লা অষ্টমী তিথি হইতে আরম্ভ করিয়া পঞ্চাহ পর্য্যন্ত ভাগবতশ্রেষ্ঠ ভীষ্মের তর্পণ করা কর্ত্তব্য কিংবা কেবলমাত্র অষ্টমীতেই তর্পণ করিবে। ৫৭। নিত্যতর্পণান্তে সলিলগর্ত্তে উত্তরাস্য হইয়া যজ্ঞোপবীত কণ্ঠদেশে মাল্যবৎ ধারণ করত মহাত্মা ভীষ্মের তর্পণ করিতে হয়।

ভীষ্মতর্পণের মন্ত্র।—"ব্যাঘ্রপদ-গোত্রজাত, সাঙ্কৃতি প্রবরযুক্ত, পুত্রহীন ভীষ্মবর্ম্মাকে এই জল অর্পণ করিতেছি।" (এই মন্ত্রে তর্পণ করিবে)। ৫৮।

অনন্তর ভৈমী একাদশী বিবৃত হইতেছে।—মৎস্যপুরাণে ব্রহ্মার উক্তি আছে, হে অমরেশ্বর! হে দেব! স্বল্পপরিমিত তপোঽনুষ্ঠান দ্বারা কিরূপে মানবগণ নীরোগতা, বিপুল ঐশ্বর্য্য ও মোক্ষ

শ্রীমহেশ্বর উবাচ।

ত্বয়া পৃষ্টস্য ধর্ম্মস্য রহস্যস্যাস্য ভেদকৃৎ। ভবিতা স তদা ব্রহ্মন্ কর্ত্তা চৈব বৃকোদরঃ॥
কিঞ্চ।—ইদং ব্রতমশেষাণাং ব্রতানামধিকং যতঃ। কথয়িষ্যতি বিশ্বাত্মা বাসুদেবো জগদ্গুরুঃ॥
অশেষযজ্ঞফলদমশেষাঘবিনাশনম্। অশেষদুষ্টশমনমশেষসুরপূজিতম্।
পবিত্রাণাং পবিত্রঞ্চ মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। ভবিষ্যঞ্চ ভবিষ্যাণাং পুরাণানাং পুরাতনম্ ॥ ৬০ ॥
তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ।—
যদ্যষ্টমীচতুর্দ্দশ্যোর্দ্বাদশীষথ ভারত। অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্তস্ত্বমুপোষিতুম্।
ততঃ পুণ্যামিমাং ভীম তিথিং পাপপ্রণাশিনীম্। উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদম্॥
কিঞ্চ তত্রৈব তদ্ব্রতবিধিকথনান্তে।—
ইদমেব কৃতং মহেন্দ্রমুখ্যৈর্ব্বসুভিশ্চৈব সুরাদিভিস্তথা।
ফলমস্য ন শক্যতে হি বক্তুং, যদি জিহ্বাযুতকোটয়ো মুখে স্যুঃ॥ ইতি ॥ ৬১ ॥
ব্রতে কৃত্যবিধিশ্চাস্মিন্ পূজাবিধিবিশেষবান্। বৈষ্ণবৈশ্চেদপেক্ষ্যঃ স্যাজ্‌জ্ঞেয়ো মৎস্যপুরাণতঃ॥

কথনাৎ। ভবিষ্যাণাং ব্রতানাং মধ্যে ভবিষ্যং পরমাস্ত্য। ন কেবলং ভবিষ্যমেব, কিন্তু পুরাণানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে পুরাতনং সর্ব্বাদ্যমিত্যর্থঃ। এবং মাহাত্ম্যবিশেষো দর্শিতঃ। তথা চ তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ। কুরু ব্রতমিদং সম্যক্ স্নেহাত্তব ময়েরিতং। ত্বয়া কৃতমিদং ধীর ত্বন্নামাঙ্কং ভবিষ্যতি। সা ভীমদ্বাদশী হ্যেষা সর্ব্বপাপহরা শুভা। যা তু কল্যাণিনী নাম পুরাকল্পেষু পঠ্যত ইতি ॥৬০॥ দ্বাদশীষু একাদশীষু। অন্যদিনেষু জন্মাষ্টম্যাদিষু। ঋক্ষেষু শ্রবণদ্বাদশ্যাদিষু॥ ৬১ ॥ পূজাবিধিবিশেষযুক্তঃ। অস্মিন্ ব্রতে কৃত্যবিধির্যঃ স চেদ্যদি অপেক্ষ্যঃ স্যাদিতি তাদৃশকৃত্যবিধেরাবশ্যকত্বাভাবেন বৈষ্ণবৈর্নাত্যন্তাপেক্ষণাদিতি দিক্। তদ্বিধিস্তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ। তথা হি :—মাঘমাসস্য দশমী যদা শুক্লা ভবেত্তদা। ঘৃতেনাভ্যঞ্জনং কৃত্বা তিলৈঃ স্নানং সমাচরেৎ। তথৈব বিষ্ণুমভ্যর্চ্চ্য নমো নারায়ণেতি চ। কৃষ্ণায় পাদৌ সংপূজ্য শিরঃ সর্ব্বাত্মনেতি চ। বৈকুণ্ঠায়েতি বৈকণ্ঠমুরঃ শ্রীবৎসধারিণে। শঙ্খিনে চক্রিণে তদ্বদ্গদিনে বরদায় বৈ। সর্ব্বে নারায়ণায়েতি সংপূজ্যা বাহবঃ ক্রমাৎ। দামোদরায়েত্যুদরং মেঢ্রং পঞ্চশরায় বৈ।

প্রাপ্ত হইতে পারে, তাহা কীর্ত্তন করুন।৫৯। শ্রীমহাদেব কহিলেন, হে ব্রহ্মন্! ভীমই স্বং কর্ত্তৃক জিজ্ঞাসিত এই রহস্যধর্ম্মের প্রকাশক ও কর্ত্তা হইবেন। আরও লিখিত আছে, জগদাত্মা জগদ্গুরু শ্রীহরি সর্ব্বশ্রেষ্ঠ এই ব্রতের বিধান বর্ণন করিবেন। এই ব্রত দ্বারা সমস্ত যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায়। ইহা নিখিল পাতকনাশন, যাবতীয় দুষ্টপ্রশমনকারী, অখিল সুরগণ কর্ত্তৃক বন্দিত, পবিত্র হইতেও পবিত্র, মঙ্গলেরও মঙ্গল, ভবিষ্য ব্রতসমূহের ভবিষ্য অর্থাৎ ভবিষ্যতে যে সকল ব্রত উদ্ভাবিত হইবে, তন্মধ্যেও ভবিষ্য (ইহার সদৃশ ব্রত ভবিষ্যতে আর হইবে না), এবং পুরাকৃত সমূহের মধ্যেও পুরাতন অর্থাৎ এই ব্রতই সকলের আদি।৬০। উক্ত পুরাণে ভীমের প্রতি ভগবানের উক্তি আছে যে,হে বৃকোদর! অষ্টমী, চতুর্দ্দশী, দ্বাদশী এবং অপরাপর দিনে ও নক্ষত্রাদিতে উপবাসী থাকিতে অক্ষম হইলে পাতকহারিণী পুণ্যস্বরূপা এই তিথিতে বক্ষ্যমাণ

অথ ফাল্গুনকৃত্যম্।

তত্র যমঃ।—

প্রাতঃস্নায়ী ভবেন্নিত্যং মাসৌ দ্বৌ মাঘফাল্গুনৌ। দেবান্ পিতৄন্ সমভ্যর্চ্চ্য মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ॥

কিঞ্চান্যত্র।

যদীচ্ছেদ্বিপুলান্ ভোগান্ চন্দ্রসূর্য্যোপমান্ শুভান্। মাঘফাল্গুনয়োর্ম্মধ্যে প্রাতঃস্নায়ী তদা ভবেৎ॥

গৌতমীয়ে।—

ফাল্গুনে দেবকীপুত্রং পূজয়েৎ স্বর্ণচম্পকৈঃ। চূতসৌগন্ধিকুসুমৈর্ধূপৈর্গন্ধৈঃ সুবিস্তরৈঃ॥ ইতি।৬২॥

দমনকের অধিবাসমন্ত্র।—হে দমনক! সুরেশ্বর কমলাপতি হরির অর্চ্চনার্থ তুমি এখানে উপস্থিত হও, এখানে সন্নিহিত হও, তোমাকে প্রণাম করি।১০৮। তৎপরে দমনকতরুর পূর্ব্বাদি-ক্রমে আট দিকে বীজ (ক্লীং) ও রতি সহ বিধানে কামদেব, ভস্মশরীর, অনঙ্গ, মন্মথ, বসন্ত-

তত্র প্রণামমন্ত্রঃ

নমোঽস্তু পুষ্পবাণায় জগদাহ্লাদকারিণে। মন্মথায় জগন্নেত্রে রতিপ্রীতিপ্রদায়িনে॥ ইতি।

আমন্ত্রিতোঽসি দেবেশ পুরাণ পুরুষোত্তম। অতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব॥

নিবেদয়াম্যহং তুভ্যং প্রাতর্দমনকং শুভম্। সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো নমস্তেঽস্তু প্রসীদ মে॥

ইত্থমামন্ত্র্য দেবেশং দত্ত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ। গীত-নৃত্যাদিনা রাত্রৌ কুর্য্যাজ্জাগরণং মুদা॥ ১১০॥

অথ দমনকার্পণবিধিঃ।

প্রাতঃস্নানাদি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ। দমনারোপণার্থঞ্চ মহাপূজাং সমাচরেৎ॥

ততো দমনকং ভক্ত্যা পাণিভ্যাং পরিগৃহ্য চ। ঘণ্টাদিবাদ্যঘোষেণ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ॥১১১॥

অথ দমনকারোপণমন্ত্রঃ।

দেবদেব জগন্নাথ বাঞ্ছিতার্থপ্রদায়ক। কৃৎস্নান্ পূরয় মে কৃষ্ণ কামান্ কামেশ্বরীপ্রিয়॥

ইদং দমনকং দেব গৃহাণ মদনুগ্রহাৎ। ইমাং সাংবৎসরীং পূজাং ভগবন্নিহ পূরয়॥ইতি॥১১২॥

ঢস্য ভগবতোঽগ্রে যত্তদেব, কিংবা শক্তৌসত্যাং দমনকাধিবাসস্থানে পুত্রাদিদ্বারেণ পৃথক্ কুর্য্যাৎ॥ ১১০॥ সমর্পয়েদিতি সমর্পণপক্ষাদৌ দেবস্য শিরসি দমনকমঞ্জরীমারোপয়েৎ, ততো যথাশোভং শ্রীচরণাদাবারোপয়েদিতি জ্ঞেয়ম্॥ ১১১॥ কামেশ্বরী রতিঃ তস্যাঃ প্রিয়েতি, কৃষ্ণস্য কামদেবত্বেনার্চ্চনাৎ। যদ্বা সর্ব্বকামপ্রদা ভগবতী লক্ষ্মীঃ। যদ্বা শ্রীকৃষ্ণস্য সর্ব্বকামপূরণী শ্রীরাধা তৎপ্রিয়েতি সম্বোধনং কামবিশেষপূরণার্থং। প্রীত্যা দমনগ্রহণার্থং বা ইতি দিক্॥১১২॥ দাম-নকীং দমনকমঞ্জরীবিরচিতাং মালাং ভগবতে সমর্প্য অনন্তরং গন্ধাদ্যুপচারান্ পঞ্চ সমর্প্য গীত-

---

সখ, স্মর, ইক্ষুচাপ ও পুষ্পবাণ যথাক্রমে ইহাঁদের অর্চ্চনা করিবে। ১০৯। তদনন্তর এক শত আটবার কামগায়ত্রী পাঠ পূর্ব্বক দমনকতরু অভিমন্ত্রিত করিয়া মন্ত্র পাঠ দ্বারা কন্দর্পকে কুসুমা-ঞ্জলি অর্পণ ও প্রণতি করিবে।

উক্ত বিষয়ের মন্ত্র যথা।—আপনি কুসুমশর ধারণ করিতেছেন, আপনি জগতের আনন্দ বিধান করিয়া থাকেন, আপনি মন্মথ, জগতের নেতা ও রতির সন্তোষজনক, আপনাকে নম-স্কার করি। হে দেবেশ! হে পুরাণ! হে পুরুষপ্রবর! হে কেশব! আপনাকে আমন্ত্রণ করি-য়াছি, প্রভাতে আপনার অর্চ্চনা করিব। আপনি সন্নিহিত হউন্। হে বিষ্ণো! আমি প্রভাতে আপনাকে বিশুদ্ধ দমনক নিবেদন করিব, আপনি সর্ব্বদা প্রীত হউন্, আমি নিরন্তর আপনাকে বন্দনা করি। এইরূপে দেবদেবকে আমন্ত্রণ করত পুনরায় কুসুমাঞ্জলি অর্পণ পূর্ব্বক সানন্দে নৃত্যগীতাদি সহকারে নিশাজাগরণ করিবে। ১১০।

অতঃপর দমনকপ্রদান-বিধি কথিত হইতেছে।— প্রাতঃস্নান প্রভৃতি যাবতীয় কার্য্য সম্পাদন করত নিত্য-পূজান্তে দমনকারোপণার্থ মহাপূজার অনুষ্ঠান করিবে। তৎপরে ভক্তিসহকারে দুই করে দমনক লইয়া ঘণ্টাদি বাদন সহকারে শ্রীহরিকে প্রদান করিতে হয়। ১১১।

অনন্তর দমনকারোপণমন্ত্র লিখিত হইতেছে।—হে দেবদেব! হে জগন্নাথ! হে বাঞ্ছিতপ্রদ! হে কামেশ্বরীবল্লভ! মদীয় নিখিল কামনা পূর্ণ করিয়া দিউন্। হে দেব! হে প্রভো! মৎপ্রতি

ততো দামনকীং মালাং গন্ধাদীনি সমর্প্য চ।
গীতাদিনোৎসবং কৃত্বা শ্রীকৃষ্ণং প্রার্থয়েদিদম্ ॥ ১১৩ ॥
মণি-বিদ্রুমমালাভির্মন্দারকুসুমাদিভিঃ। ইয়ং সাংবৎসরী পূজা তবাস্তু গরুড়ধ্বজ ॥ ১১৪ ॥
বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি। তদ্বদ্দামনকীং মালাং পূজাঞ্চ হৃদয়ে বহ ॥ ইত্যাদি।
ভগবন্তং প্রণম্যাথ গুরুং সংপূজ্য ভক্তিতঃ। সংপূজ্য ব্রাহ্মণান্ শক্ত্যা ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥১১৫॥
পারণাহে ন লভ্যেত দ্বাদশীঘটিকাপি চেৎ। তদা ত্রয়োদশী গ্রাহ্যা পবিত্রা দমনার্পণে ॥ ১১৬ ॥
ন কৃষ্ণে দমনারোপঃ স্যান্মধৌ বিঘ্নতো যদি।
বৈশাখ্যাং শ্রাবণে মাসি কর্ত্তব্যং বা তদর্পণম্ ॥ ১১৭ ॥

অতএবোক্তং ব্রহ্মণা দেবীপুরাণে।—

চৈত্রাদৌ কারয়েৎ পূজাং সম্যগ্বৎস যথাবিধি। গন্ধধূপার্ঘ্যনৈবেদ্যৈর্মাল্যৈর্দমনকোদ্ভবৈঃ।
সহোমং পূজয়েদ্দেবং সর্ব্বকামানবাপ্নুয়াৎ। সর্ব্বতীর্থাভিষেকস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ১১৮॥

নৃত্যাদিনা মহোৎসবং দমনকারোপণযাত্রাসম্বন্ধিনং কৃত্বা মণিবিদ্রুমেত্যাদি প্রার্থয়েৎ ॥ ১১৩ ॥ ইয়ং মৎকৃতদমনকার্পণরূপা পূজৈব মণিবিদ্রুমমালাদিভিঃ পূজা তবাস্তু। তাভির্যথা প্রীয়সে অনয়াপি তথা প্রীতো ভবেতি ভাবঃ ॥ ১১৪॥ পূজাঞ্চ হৃদয়ে বহ প্রীত্যা স্বীকুরু ॥ ১১৫ ॥ এবং বিধিং বিলিখ্য তত্র কালং নিশ্চিনোতি পারণাহ ইতি দ্বাভ্যাং॥১১৬॥ বিঘ্নতো যদি মধৌ চৈত্রে ন স্যাৎ, তদা বৈশাখ্যাং পূর্ণিমায়াং দ্বাদশ্যাংবা শ্রাবণে বা তস্য দমনকস্যার্পণং কর্ত্তব্যং। শ্রাবণেঽপি তথৈব বোদ্ধব্যং। সর্ব্বত্র ভগবন্মহোৎসবে দ্বাদশ্যেব প্রশস্তা ভগবত্তিথিত্বাৎ ॥ ১১৭ ॥ আদিশব্দেন বৈশাখাদিঃ। দমনকারোপণমাহাত্ম্যঞ্চাহ সর্ব্বকামানিতি পাদত্রয়েণ ॥১১৮॥ কর্ম্মসাক্ষিণি সূর্য্যে ॥১১৯॥

অনুগ্রহ প্রদর্শন পূর্ব্বক এই দমনকগ্রহণ করুন এবং ইহধামে মদীয় এই বার্ষিকী পূজা পরিপূর্ণ করিয়া দিউন্।১১২। তৎপরে দামনকী মালা ও গন্ধ প্রভৃতি প্রদান করিয়া গীতাদি উৎসব সহকারে হরির নিকট প্রার্থনা করিবে। ১১৩। হে খগধ্বজ! মণি, প্রবাল ও মন্দার পুষ্পাদিরচিত মালা দ্বারা যেরূপ পূজা হয়, মৎকৃত দমনকপ্রদানরূপ এই বার্ষিকী পূজাও আপনার সম্বন্ধে তদ্রূপ হউক্।১১৪। হে ভগবন্! যেরূপ নিরন্তর বক্ষঃপ্রদেশে বনমালা ও কৌস্তুভ ধারণ করিতেছেন, তদ্রূপ এই দামনকমালারূপ পূজাও স্বহৃদয়ে ধারণ করুন্। তৎপরে প্রভুকে নমস্কার করিয়া ভক্তি সহকারে গুরুদেবের পূজা করত শক্ত্যনুসারে দ্বিজাতিবর্গের অর্চ্চনা করিবে। তৎপরে বন্ধুগণ সহ মিলিত হইয়া ভোজন করিতে হয়। পারণদিনে একদণ্ডমাত্রও দ্বাদশী না পাইলে দমনকদানবিষয়ে শুদ্ধা ত্রয়োদশীই গ্রাহ্যা। ১১৬। কোনরূপ ব্যাঘাতনিবন্ধন চৈত্রমাসে হরিকে দমনকদান করিতে না পারিলে বৈশাখমাসে পৌর্ণমাসী বা শ্রাবণের শুক্লপক্ষীয়া দ্বাদশীতিথিতে ঐ মহোৎসব সম্পাদন করিবে।১১৭। দেবীপুরাণে ব্রহ্মার উক্তি আছে যে, হে তাত! চৈত্রমাসে অথবা বৈশাখে বিধানে গন্ধ, ধূপ, অর্ঘ্য, নৈবেদ্য ও দামনকী মালা, এই সমস্ত দ্বারা হরির অর্চ্চনা করাইবে। হোম সহকারে ভগবানের অর্চ্চনা করিলে নিখিল কামনা সিদ্ধ হয় এবং অখিল তীর্থাভিষেকের ফল লাভ হইয়া থাকে।১১৮।

অথ বৈশাখকৃত্যম্।

পাদ্মে পাতালখণ্ডে নারদাম্বরীষসংবাদে।—

মাধবে মাসি সম্প্রাপ্তে মেষস্থে কর্ম্মসাক্ষিণি। কেশবপ্রীতয়ে কুর্য্যাৎ কেশবব্রতসঞ্চয়ম্॥
দদ্যাদনেকদানানি তিলাজ্যপ্রভৃতীন্যপি। জন্মকোটিসমুদ্ভূত-পাতকান্তকরাণি চ।
জলান্নশর্করাধেনুতিলধেন্বমুখানি চ। বিত্তমানেন দেয়ানি দানানীপ্সিতসিদ্ধয়ে।
বৈশাখে বিধিনা স্নানদ্বয়ং নদ্যাদিকে বহিঃ॥ ১১৯॥
হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ ভূশয্যা নিয়মস্থিতিঃ। ব্রতং দানং দমো দেব-মধুসূদন-পূজনম্॥
মাধবে মাসি কুর্ব্বীত মধুসূদনতুষ্টিদম্। তিলোদকসুবর্ণান্ন-শর্করাম্বররোহিণীঃ।
পাদত্রাণাতপত্রাম্বু-কুম্ভান্ দদ্যাৎদ্বিজাতিষু। ত্রিসন্ধ্যং পূজয়েদীশং ভক্তিতো মধুসূদনম্।
সাক্ষাদ্বিমলয়া লক্ষ্ম্যা সমুপেতং সমাহিতঃ॥

তত্রৈব বরাহ-ধরণীসংবাদে।—

বিশেষাদিহ দাতব্যাস্তিলা মধুসমন্বিতাঃ। ধর্ম্মায় মহতে দীর্ঘ-দুরিতক্ষয়হেতবে॥ ইতি।
যদ্যপ্যাস্তেঽখিলং কৃত্যং মাহাত্ম্যলিখনে স্ফুটম্।
তথাপ্যেকত্র সংগৃহ্য ব্যলেখীদং সমাসতঃ॥ ১২০॥

অথ বৈশাখকৃত্যনিত্যতা।

বরাহধরণীসংবাদে।—

যঃ পরিত্যজ্য বৈশাখং ব্রতমন্যদুপাচরেৎ। স করস্থং মহারত্নং হিত্বা লোষ্ট্রং হি যাচতে॥

নিয়মে স্থিতিঃ। সঙ্কল্পপরিপালনং একত্র বাসাদি বা। ব্রতম্ একভক্তাদি দমঃ ইন্দ্রিয়নিগ্রহঃ। রোহিণীঃ গাঃ॥১২০॥ বৈশাখং বৈশাখ্যনিয়মব্রতমিত্যর্থঃ॥১২১॥ মাধবেন শ্রীকৃষ্ণেন সমঃ বিভু-

---

অতঃপর বৈশাখকৃত্য লিখিত হইতেছে।—পদ্মপুরাণে পাতালখণ্ডে নারদাম্বরীষ-সংবাদে বিবৃত আছে, বৈশাখমাসে আদিত্যদেব মেষরাশিস্থ হইলে শ্রীহরির প্রীত্যর্থ কেশবব্রতের অনুষ্ঠান করিবে। তিল, ঘৃত ইত্যাদি দ্রব্য বৈশাখমাসে প্রদান করিলে উক্ত দান দ্বারা কোটিজন্মার্জ্জিত পাপের ক্ষয় হয়। সম্পত্তিসত্ত্বে মনোরথসিদ্ধার্থ বৈশাখমাসে জল, অন্ন, শর্করা, ধেনু ও তিলধেনু দান করা এবং বিধানে বহিঃস্থ নদী প্রভৃতিতে (প্রত্যহ) বারদ্বয় স্নান করা কর্ত্তব্য। ১১৯। বৈশাখমাসে হবিষ্য ভোজন, ব্রহ্মচর্য্যানুষ্ঠান, ধরাশয়ন, সঙ্কল্পের রক্ষণ, ব্রত, স্নান, ইন্দ্রিয়সংযম ও হরিপূজা এই সকল অবশ্য কর্ত্তব্য। এই সমস্ত ক্রিয়া হরির প্রীতিকর। এতদ্ভিন্ন ঐ মাসে দ্বিজাতিগণকে তিল, জল, স্বর্ণ, অন্ন, শর্করা, বসন, ধেনু, পাদুকা, ছত্র ও জলপূরিত কুম্ভ প্রদান করিতে হয়। ঐ মাসে ত্রিসন্ধ্যা স্থিরমনে ভক্তিসহকারে বিমলা লক্ষ্মী সহ সাক্ষাৎ দেবেশ্বর হরিকে অর্চ্চনা করিবে। উক্ত পুরাণে বরাহ-পৃথ্বীসংবাদে বিবৃত আছে যে, বৈশাখমাসে বিশাল পাতকের বিনাশার্থ মহান্ ধর্ম্মকে মধুসমন্বিত তিল অর্পণ করিতে হয়। মাহাত্ম্যবর্ণনবিষয়ে বহুসংখ্যক স্পষ্টীকৃত কৃত্য আছে সত্য, কিন্তু এ স্থলে সংগ্রহ পূর্ব্বক সংক্ষেপে বর্ণিত হইতেছে। ১২০।

কিঞ্চ :— অবৈশাখী ভবেচ্ছাখী বিপ্রঃ শ্রৌতপরোঽপি চ। ইতি॥ ১২১॥

অথ সামান্যতো বৈশাখমাহাত্ম্যম্।

তত্রৈব নারদাম্বরীষসংবাদে।—

ন মাধবসমো মাসো ন মাধবসমো বিভুঃ। পোতোঽধিগরিতাম্ভোধিমজ্জমানজনস্য যঃ॥ ১২২॥

দত্তং জপ্তং হুতং স্নাতং যদ্ভক্ত্যা মাসি মাধবে। তদক্ষয়ং ভবেদ্ভূপ পুণ্যং মাধববল্লভে॥ ১২৩॥

কিঞ্চ।—বৈশাখান্তানি পাপানি সূর্য্যান্তানি তমাংসি চ।

পরাপকারপৈশুন্য-প্রান্তানি সুকৃতানি চ॥

কার্ত্তিকে মাসি যৎ কিঞ্চিত্তুলাসংস্থে দিবাকরে। স্নানদানাদিকং রাজংস্তৎ পরার্দ্ধগুণং ভবেৎ॥

তস্মাৎ সহস্রগুণিতং মাঘে মকরগে রবৌ। ততোঽপি শতসংখ্যাকং বৈশাখে মেষগে ভগে॥

তে ধন্যাস্তে সুকৃতিনো নরা বৈশাখমাসি যে। প্রাতঃ স্নাত্বা বিধানেন পূজয়ন্তি মধুদ্বিষম্॥

রীশ্বরো যথা নাস্তীতি দৃষ্টান্তোঽবগন্তব্যঃ। এবমগ্রেঽপি। যো মাসঃ॥ ১২২। মাধবস্য বল্লভ ইতি সর্ব্বত্রৈব হেতুর্দ্রষ্টব্যঃ॥ ১২৩॥ ভগে সূর্য্যে। তিষ্যে কলিযুগে॥১২৪॥ ভগবদ্ধর্ম্মকাঙ্ক্ষিণঃ সন্তঃ

অনন্তর বৈশাখকৃত্যের নিত্যতা বিবৃত হইতেছে।—বরাহ-ধরণী-সংবাদে লিখিত আছে, বৈশাখব্রত পরিহার পূর্ব্বক ব্রতান্তরের অনুষ্ঠান করিলে উহা হস্তস্থ মহারত্ন ত্যাগ করত লোষ্ট্র প্রার্থনার ন্যায় হয়! বৈশাখব্রতের অনুষ্ঠান না করিলে বেদপারগ ব্রাহ্মণকেও বৃক্ষ হইয়া জন্মগ্রহণ করিতে হয়। ১২১।

অনন্তর সামান্যতঃ বৈশাখমাহাত্ম্য বিবৃত হইতেছে।—উক্ত পুরাণে নারদাম্বরীষসংবাদে লিখিত আছে, যেরূপ শ্রীহরির সদৃশ ঈশ্বর নাই, সেইরূপ অতীব পাপসাগরে নিমগ্ন ব্যক্তির পক্ষে বৈশাখের সদৃশ তরণীও আর দৃষ্ট হয় না। ১২২। হে রাজন্! হরিপ্রিয় বৈশাখে ভক্তি সহকারে দান, জপ, হোম ও স্নান ইত্যাদি যে কোন ক্রিয়ার অনুষ্ঠান করা যায়, তৎসমস্তই অক্ষয় পুণ্য-স্বরূপ হইয়া থাকে। ১২৩।

আরও লিখিত আছে, হে মহীপতে! যাবৎ বৈশাখমাস সমাগত না হয়, তাবৎকালই পাতক বিদ্যমান থাকে; আদিত্যদেবের অনুদয় যাবৎই তিমিররাশি দৃষ্ট হয় এবং যাবৎ অপকার-রূপ খলতা দৃষ্ট না হয়, ততদিনই পুণ্য বিরাজ করে। হে মহারাজ! তুলারাশিগত সূর্য্যে কার্ত্তিকমাসে স্নানদানাদি যে কোন কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাই দ্বিপরার্দ্ধ গুণ ফল প্রদান করে; আবার মকররাশিগত ভাস্করে মাঘমাসে ঐ সমস্ত কর্ম্ম তদপেক্ষা সহস্রগুণিত হয় এবং মেষরাশি গত সূর্য্যে বৈশাখমাসে তদপেক্ষাও শতগুণিত হইয়া থাকে। যাঁহারা বৈশাখমাসে প্রাতঃস্নান করিয়া বিধানে হরির অর্চ্চনা করেন, তাঁহারাই ধন্যবাদার্হ ও পুণ্যবান্ বলিয়া কীর্ত্তিত। আরও কথিত আছে, হে মহীপ! পুনর্ব্বার কলিকালে এই অশ্বমেধাদি গোপনীয় থাকিবে না, কেন না বৈশাখমাস সমধিকমাহাত্ম্যবিশিষ্ট অর্থাৎ বৈশাখমাসের ফলেই মানবগণ অশ্বমেধাদির ফল প্রাপ্ত হইবে। কলিকালে মানবগণ নরকসাগরে পতিত হইবে বলিয়াই দেবদেব হরি বিরলপ্রচার বৈশাখমাসের উৎপাদন করিয়াছেন। উক্ত স্থানে আরও কথিত আছে, হে রাজন্! ভারতবর্ষে

কিঞ্চ—পুনঃ কলিযুগে রাজন্ নৈতদ্গোপ্যং ভবিষ্যতি।
অশ্বমেধাধিকং যস্মান্মাহাত্ম্যং মাধবস্য চ॥
তস্মিংস্তিষ্যে নরৈঃ পাপৈর্মগ্নং নরকার্ণবে। অতস্তু বিরলস্তস্য প্রচারোঽত্র বিনির্মিতঃ॥
কিঞ্চ তত্রৈব।—
দুর্লভং ভারতে বর্ষে জন্ম তত্র মনুষ্যতা। মানুষ্যে দুর্লভং লোকে স্বস্বধর্ম্মপ্রবর্ত্তনম্।
ততোঽপি ভক্তির্ভূপাল বাসুদেবেঽতিদুর্লভা। তত্রাপি দুর্লভো মাসো মাধবো মাধবপ্রিয়ঃ।
তমবাপ্য ততো মাসং স্নানদানজপাদিকম্। কুর্ব্বন্তি বিধিনা যে তু ধন্যাস্তে কৃতিনো নরাঃ॥ ২৪॥
তেষাং দর্শনমাত্রেণ পাপিনোঽপি বিকল্মষাঃ। ভবন্তি ভগবদ্ভাব-ভাবিতা ধর্ম্মকাঙ্ক্ষিণঃ॥

অথ তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যম্।

তত্রৈব।—প্রাতঃস্নানঞ্চ বৈশাখে যজ্ঞদানমুপোষণম্ হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ মহাপাতকনাশনম্॥
কিঞ্চ।—
বৈশাখং সকলং মাসং নিত্যস্নায়ী জিতেন্দ্রিয়ঃ। জপন্ হবিষ্যভুক্ শান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
একভক্তমথো নক্ত-মযাচিতমতন্দ্রিতঃ। মাধবে মাসি যঃ কুর্য্যাল্লভতে সর্ব্বমীপ্সিতম্॥
বরাহ-ধরণী-সংবাদে।—

বৈশাখে মাসি যো বিপ্রান্ ভোজয়েদ্ভক্তিতৎপরঃ।
সিক্থে সিক্থে ভবেত্তৃপ্তিঃ পিতৄণাং যুগসংখ্যয়া॥১২৫॥

ভগবদ্ভাবভাবিতা ভবন্তি॥ ১২৫॥ মধুরাধিকভোজনানি মধুরদ্রব্যপ্রধানভোগ্যানি। যবাশনং

স্বস্বধর্ম্মপ্রবর্ত্তন আরও দুর্লভ; আবার ভারতে শ্রীহরিভক্তি তদপেক্ষাও দুষ্প্রাপ্য এবং আবার হরিপ্রিয় বৈশাখমাস তদপেক্ষা দুর্লভ; হে রাজন্! যাহারা তাদৃশ বৈশাখমাস লাভ করিয়া বিধানে স্নান, দান ও জপাদির অনুষ্ঠান করে, তাহারই ধন্য ও তাহারই কৃতী। ২৪। ঐ সকল ব্যক্তির দর্শনমাত্র পাতকীরা বিশুদ্ধি লাভ করে এবং ভগবদ্ধর্ম্মেপ্সু হইয়া ভগবদ্ভাবে ভাবিত হয়।

এক্ষণে বৈশাখমাসে কর্ম্মবিশেষের মাহাত্ম্য কথিত হইতেছে।—পদ্মপুরাণে লিখিত আছে, বৈশাখমাসে কৃত প্রাতঃস্নান, যজ্ঞ, দান, উপবাস, হবিষ্যভোজন ও ব্রহ্মচর্য্যানুষ্ঠান মহাপাপহর বলিয়া কথিত। আরও লিখিত আছে, পূর্ণ বৈশাখমাস প্রত্যহ প্রাতঃস্নান, ইন্দ্রিয়-সংযম, জপ ও হবিষ্য সেবন করিলে এবং শান্তভাব ধারণ করিলে নিখিল পাতক হইতে পরিত্রাণ পাওয়া যায়। যিনি অনলসভাবে থাকিয়া বৈশাখমাসে একাহারী অথবা নক্তভোজী বা অযাচিতব্রতী হইয়া অবস্থিতি করেন, তাঁহার যাবতীয় অভীষ্ট-সিদ্ধি হয়। বরাহ-পৃথ্বীসংবাদে লিখিত আছে, যে ব্যক্তি বৈশাখমাসে ভক্তিসহকারে দ্বিজাতিগণকে ভোজন করাইয়া থাকেন, প্রত্যেক গ্রাসে যুগপরিমাণে তদীয় পিতৃবর্গের তৃপ্তি সাধিত হয়। ১২৫। যাঁহারা বৈশাখ মাসে মধুরদ্রব্য-প্রধান আহারীয়, যবান্ন, তিল, বারিপাত্র, ছত্র, বসন ও পাদুকা প্রদান করেন, তাঁহাদিগকে ধন্যবাদার্হ বলা যায়; ঐ সমস্ত দান দ্বারা শ্রীহরি প্রীত থাকেন। এইরূপ করিলে যে পুণ্য সঞ্চিত

যচ্ছন্তি তত্র মধুরাধিকভোজনানি, যে বা যবাশনতিলোদকভোজনানি।
ছত্রাম্বরাণি চরণোচিতরক্ষণানি, ধন্যাস্ত এব পরিতো হরিতোষণানি॥
এবং কৃতেন যৎ পুণ্যং প্রাপ্যতে নিয়মৈশ্চ তৈঃ। তৎ কেন গণনাং যাতি বর্ষকোটিশতৈরপি॥
পুত্রপৌত্রাদিসম্পত্তি দীর্ঘায়ুংষি যথেপ্সিতম্। ইহাপ্নোতি পরত্রাপি মামেব প্রতিপদ্যতে॥ ১২৬॥

অথ তত্র প্রাতঃস্নানমাহাত্ম্যম্।

তত্রৈব নারদাম্বরীষসংবাদে।—

অম্বরীষ মহাপুণ্যপ্রাপ্তয়ে কুরু বীক্ষণম্। মাধবে মাসি যৈঃ স্নাতং প্রাতর্নিয়মসংযুতৈঃ।
যদানন্দপুরে প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ। তৎ প্রাতর্মাধবে মাসি স্নানেনৈকেন লভ্যতে॥
কিঞ্চ।- যথৈব মাধবো ধ্যাতো বিনাশয়তি কিল্বিষম্।
তথৈব মাধবে স্নানং নিয়মেন বিনির্ম্মিতম্॥১২৭॥

অথ তত্র শ্রীভগবৎ-পূজামাহাত্ম্যম্।

তত্রৈব বিধিকথনে।—

বিশেষাদপি বৈশাখে যোঽর্চ্চয়েন্মধুসূদনম্। সর্ব্বসংবৎসরং যাবদর্চ্চিতস্তেন মাধবঃ॥১২৮॥
কিঞ্চ।—যশ্চাপি নিঃস্বঃ পুরুষো মাধবে মাসি মাধবম্। পুষ্পার্চ্চনবিধানেন পূজয়েন্মধুসূদনম্।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ পিতৄণাং তারয়েচ্ছতম্। স জন্মশতসাহস্রং ন শোকফলভাগ ভবেৎ।

যবান্নং। তস্য পুনরুক্তির্ব্বিশেষায়॥ ১২৬॥ আনন্দপুরে তীর্থবিশেষে। তৎফলং॥১২৭॥বিশেষাৎ অন্যমাসত আধিক্যেন য এককালমভ্যর্চ্চয়েৎ। অপিশব্দস্ত্বর্থে॥.২৮॥পুষ্পৈর্যদর্চ্চনবিধানং পূজাকরণং

হয়, শতকোটি বর্ষেও তাহা গণনা করিয়া শেষ করা যায় না। ঐরূপ করিলে ইহলোকে পুত্র-পৌত্রাদি সম্পদ্, দীর্ঘায়ু ও অভীষ্ট বস্তু, সমস্তই প্রাপ্ত হইতে পারে এবং পরকালে আমাকে প্রাপ্ত হয়।২:৬।

অতঃপর বৈশাখমাসকৃত প্রাতঃস্নানমাহাত্ম্য কথিত হইতেছে।—উক্ত পুরাণে নারদাম্বরীষ-সংবাদে লিখিত আছে, হে অম্বরীষ! যে সকল ব্যক্তি বৈশাখমাসে নিয়মবান্ হইয়া প্রাতঃকালে স্নান করেন, মহাপুণ্যলাভার্থ তাঁহাদিগকে দর্শন কর। আনন্দপুরে (তীর্থবিশেষে) কোটি বর্ষ বাস করিলে যে ফল হয়, বৈশাখে বারৈকমাত্র প্রাতঃস্নান দ্বারা সেই ফল প্রাপ্ত হওয়া যায়। আরও লিখিত আছে, হরিকে ধ্যান করিলে যেমন পাতকের ক্ষয় হয়, তদ্রূপ (পাপবিদূরণার্থই) নিয়ম সহ বৈশাখ-স্নান সমুৎপাদিত হইয়াছে অর্থাৎ যথানিয়মে বৈশাখস্নান দ্বারাও তদ্রূপ পাতকের ক্ষয় হয়। ১২৭।

অনন্তর বৈশাখমাসে হরিপূজার মাহাত্ম্য বিবৃত হইতেছে—উক্ত পুরাণে বিধিকথনবিষয়ে লিখিত আছে, বিশেষরূপে বৈশাখমাসে শ্রীহরির অর্চ্চনা করিলে তদ্দ্বারাই শ্রীহরির সংবৎসর-ব্যাপিনী পূজা সাধিত হয়।১২৮। আরও লিখিত আছে, ধনহীন ব্যক্তি যদি বৈশাখমাসে কেবল-মাত্র পুষ্প দ্বারা হরির অর্চ্চনা করেন, তাহা হইলে অখিল পাতক হইতে মুক্ত হইয়া শতসংখ্য পিতৃকুল পরিত্রাণে সমর্থ হন, সেই ব্যক্তিকে শত সহস্র জন্ম শোক প্রাপ্ত হইতে হয় না।

ন চ ব্যাধিভয়ং তস্য ন দারিদ্র্যং ন বন্ধনম্। স বিষ্ণুভক্তো জায়েত ধন্যো জন্মনি জন্মনি॥
যাবদ্যুগসহস্রাণি শতমষ্টোত্তরং ভবেৎ। তাবৎ স্বর্গে বসেদ্বীর ভূপতিশ্চ পুনর্ভবেৎ ॥১২৯॥
ভুঙ্‌ক্তে বিবিধান্ ভোগান্ বিহৃত্য চ যথাসুখম্। মাধবস্য প্রসাদেন মাধবে লীয়তে ততঃ ॥১৩০

কিঞ্চ বরাহধরণীসংবাদে —

বিধিনাবিধিনা বাপি যে যজন্তি নরা ধরে।
মাধবে মাসি মাং ভক্ত্যা তৈশ্চ যাজ্যোঽস্ম্যহং সদা ॥১৩১॥

যে যজন্তি ধরে নিত্যমধ্বরৈর্ব্বিবিধৈরপি। মাধবে যজতে যো মাং তেভ্যস্তদধিকং ফলম্॥ইতি
বৈশাখস্য পরঞ্চান্তে তত্রোপাখ্যানপঙ্‌ক্তিষু। সামান্যেন চ মাহাত্ম্যং বিশেষেণ চ সর্ব্বশঃ ॥১৩২॥

অথ তত্র স্নানবিধিঃ।

তত্রৈব নারদাম্বরীষসংবাদে।

মেষসংক্রমণে ভানোর্মাধবে মাসি যত্নতঃ। মহানদ্যাং নদীতীর্থে নদে সরসি নির্ঝরে।
দেবখাতে তথা স্নায়াৎ যথাপ্রাপ্তে জলাশয়ে। দীর্ঘিকা-কূপবাপীষু নিয়তাত্মা হরিং স্মরন্।
মধুমাসস্য শুক্লায়ামেকাদশ্যামুপোষিতঃ। পঞ্চদশ্যাঞ্চ বা বীর মেষসংক্রমণেঽপি বা॥
বৈশাখস্নাননিয়মং ব্রাহ্মণানামনুজ্ঞয়া। মধুসূদনমভ্যর্চ্চ্য কুর্য্যাৎ সবনপূর্ব্বকম্॥
বৈশাখং সকলং মাসং মেষসংক্রমণে রবেঃ। প্রাতঃ সনিয়মং স্নাস্যে প্রীয়তাং মধুসূদনঃ॥
মধুহন্তুঃ প্রসাদেন ব্রাহ্মণানামনুজ্ঞয়া। নির্ব্বিঘ্নমস্তু মে পুণ্যং বৈশাখস্নানমন্বহম্।
মাধবে মেষগে ভানৌ মুরারে মধুসূদন। প্রাতঃস্নানেন মে নাথ যথোক্তফলদো ভব॥

তেনাপি কেবলেন॥ ১২৯ ॥ লীয়তে সংযোগং প্রাপ্নোতি॥১৩০॥ সদা যাজ্যঃ কৃতপূজোঽস্মীত্যর্থঃ। যদ্বা সদৈব মৎপূজাং তে করিষ্যন্তি মদ্ভক্ততাং প্রাপ্তা ইত্যর্থঃ ॥১৩১॥ তস্মাধিকং ফলং স্যাৎ। অলিখিতমপি যুক্ত্যা সংগৃহ্লাতি। বৈশাখস্যেতি। পরঞ্চ মাহাত্ম্যমান্তে। তত্র পদ্মপুরাণাদৌ উপাখ্যান-

---

করেন, তৎপরে পুনর্ব্বার নৃপতিরূপে ধরাতলে অবতীর্ণ হন। ১২৯। পরে তিনি নৃপতিপদে প্রতিষ্ঠিত হইয়া নানারূপ ভোগ সম্ভোগ পূর্ব্বক যথাসুখে বিহার করিয়া হরির অনুগ্রহে তৎ-সংযোগ লাভ করেন। ১৩০। আরও লিখিত আছে, হে পৃথ্বি! কি বিধানে কি, অবিধানে যে কোন প্রকারে হউক, বৈশাখমাসে আমার অর্চ্চনা করিলেই আমি তৎকর্ত্তৃক নিরন্তর পূজনীয় হই। ১৩১। হে ধরণি! যাঁহারা নানারূপ মধুর সামগ্রী দ্বারা আমার অর্চ্চনা করেন, তাঁহারা উক্ত ফল অপেক্ষা অধিকতর ফল প্রাপ্ত হইয়া থাকেন। পদ্মপুরাণাদিতে ইতিহাসোপাখ্যানে বৈশাখমাহাত্ম্য সামান্যতঃ ও সবিস্তার কীর্ত্তিত আছে।১৩২।

অতঃপর বৈশাখস্নানের বিধি বর্ণিত হইতেছে।—পদ্মপুরাণে নারদাম্বরীষ-সংবাদে লিখিত আছে, ভাস্করদেব মেষরাশিগত হইলে বৈশাখমাসে মহানদীতে, নদীতীর্থে, নদে, সরসীতে, নির্ঝরে, দেবখাতে, কূপে, বাপীতে বা অন্য কোন জলাশয়ে সংযতমনে সযত্নে শ্রীহরি স্মরণ করতস্নান করা কর্ত্তব্য। হে বীর! চৈত্রমাসের শুক্লপক্ষীয়া একাদশী তিথিতে উপবাসী থাকিয়া কিংবা পৌর্ণ-মাসী বা মেষসংক্রমণদিনে দ্বিজাতিবর্গের অনুজ্ঞা লইয়া স্নানান্তে হরির পূজা সাধনপূর্ব্বক বৈশাখ-

যথা তে মাধবো মাসো বল্লভো মধুসূদন। প্রাতঃস্নানেন মে তস্মিন্ ফলদো ভব পাপহা॥ এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্যতঃ। স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ॥ ইতি। বিধানঞ্চ পরং জ্ঞেয়ং প্রসিদ্ধং স্মৃতিশাস্ত্রতঃ। তৎ কিঞ্চিল্লিখিতং পূর্ব্বং প্রাতঃস্নানপ্রসঙ্গতঃ॥১৩৩॥

অথ বিশেষতস্তত্রাক্ষয়তৃতীয়াকৃত্যম্।

আদৌ তন্মাহাত্ম্যম্

মাৎস্যে।—বৈশাখে মাসি শুক্লায়াং তৃতীয়ায়াং জনার্দ্দনঃ। যবানুৎপাদয়ামাস যুগঞ্চ কৃতবান্ কৃতম্॥ ব্রহ্মলোকাৎ ত্রিপথগাং পৃথিব্যামবতারয়ৎ। তস্যাঃ কার্য্যো যবৈর্হোমো যবৈর্ব্বিষ্ণুং সমর্চ্চয়েৎ॥ যবান্ দদ্যাদ্দ্বিজাতিভ্যঃ প্রয়তঃ প্রাশয়েদ্যবান্।

পাদ্মে চ শ্রীবরাহধরণীসংবাদে।—

ত্রেতাযুগং তৃতীয়ায়াং শুক্লায়াং মাসি মাধবে। প্রবৃত্তঞ্চ ত্রয়ীধর্ম্মাঃ প্রবৃত্তাস্তে প্রবর্ত্তিতাঃ॥ অক্ষয়া সোচ্যতে লোকে তৃতীয়া হরিবল্লভা। স্নানে দানেঽর্চ্চনে শ্রাদ্ধে জপে পূর্ব্বজতর্পণে। যেঽর্চ্চয়ন্তি যবৈর্ব্বিষ্ণুং শ্রাদ্ধং কুর্ব্বন্তি যত্নতঃ। তস্যাং দদতি দানানি ধন্যাস্তে বৈষ্ণবা নরাঃ॥১৩৪

পঙ্‌ক্তিষু ইতিহাসপরম্পরাসু॥১৩২॥ সবনং স্নানং॥১৩৩॥ ত্রয়ী বেদত্রয়ং। তয়া ত্রয্যা প্রবর্ত্তিতা

স্নানের নিয়ম গ্রহণ করিবে। সূর্য্যের মেষসংক্রমণে সমগ্র বৈশাখমাস প্রাতঃস্নান করিব, শ্রীহরি এতদ্দ্বারা সন্তুষ্ট হউন্। মধুসূদনের অনুগ্রহে দ্বিজাতিগণের অনুমতিতে প্রত্যহ বৈশাখ-স্নানজ পুণ্য বিঘ্নহীন হউক্। হে মুরারে! হে মধুসূদন! হে নাথ! মকররাশিগত সূর্য্যে বৈশাখ-মাসে প্রাতঃস্নান দ্বারা মৎসম্বন্ধে যথাযথ ফল প্রদান করুন্। হে মধুরিপো! আপনি নিখিল পাতকহারী, বৈশাখমাস যেরূপ আপনার প্রিয়, সেইরূপ ঐ বৈশাখস্নানে মৎসম্বন্ধে আপনি ফল প্রদান করুন্। এই মন্ত্রসমূহ পাঠপূর্ব্বক জলে চরণদ্বয় ধৌত করিয়া মৌনভাবে হরি স্মরণ করিতে করিতে বিধানে স্নান করিবে। অন্যান্য বিধান স্মৃতিশাস্ত্র হইতে জ্ঞাতব্য। ইতিপূর্ব্বে স্নানপ্রসঙ্গে এই বিধানের কিছু কিছু বর্ণিত হইয়াছে। ১৩৩।

অতঃপর বৈশাখমাসের অক্ষয়তৃতীয়াকৃত্য বিবৃত হইতেছে। —তন্মধ্যে প্রথমতঃ অক্ষয়তৃতীয়ার মাহাত্ম্য।—মৎস্যপুরাণে লিখিত আছে, ভগবান্ হরি বৈশাখের শুক্লা তৃতীয়াতে যবের সৃষ্টি ও সত্যযুগের বিধান করেন এবং ত্রিপথগা সুরধুনীকে ব্রহ্মপুর হইতে ধরাধামে অবতরণ করাইয়াছিলেন; এই হেতু উক্ত তিথিতে যবহোম ও যব দ্বারা হরির পূজা করা কর্ত্তব্য। উক্ত দিনে দ্বিজাতিগণকে যব দান পূর্ব্বক সযত্নে যব ভোজন করাইতে হয়। পদ্মপুরাণে বরাহপৃথ্বীসংবাদে লিখিত আছে, বৈশাখী শুক্লা তৃতীয়া তিথিতে সত্যযুগের উদয় এবং তদ্দিন হইতেই ত্রিবেদ-প্রতিপাদ্য ধর্ম্মের প্রবর্ত্তন হইয়াছে। এই তৃতীয়াতে স্নান, দান, পূজা, শ্রাদ্ধ, জপ ও পিতৃতর্পণ প্রভৃতি করিলে অক্ষয় হয়। এই তিথি শ্রীহরির পরম প্রীতিকরী। যাঁহারা এই তিথিতে সযত্নে যবদ্বারা হরির অর্চ্চনা করেন এবং যবশ্রাদ্ধ ও যবদান করেন, তাঁহারা ধন্যবাদার্হ ও বৈষ্ণব বলিয়া পরিগণিত। ১৩৪।

অতঃপর শুক্লা সপ্তমীর বিষয় বলা যাইতেছে —উক্ত পুরাণের নারদাম্বরীষসংবাদে লিখিত

অথ শুক্লা সপ্তমী।

তত্রৈব নারদাম্বরীষসংবাদে।—

বৈশাখশুক্লসপ্তম্যাং জাহ্নবী জহ্নুনা পুরা। ক্রোধাৎ পীতা পুনস্ত্যক্তা কর্ণরন্ধ্রাত্তু দক্ষিণাৎ॥

তস্যাং সমর্চ্চয়েদ্দেবীং গঙ্গাং ভুবনমেখলাম্। স্নাত্বা সম্যগ্বিধানেন স ধন্যঃ সুকৃতী নরঃ॥

তস্যাং সন্তর্পয়েদ্দেবান্ পিতৄন্ মর্ত্ত্যান্ যথাবিধি।সাক্ষাৎ পশ্যন্তি তে গঙ্গাস্নাতকং গতকল্মষম্॥১৩৫॥

অথ নরসিংহচতুর্দ্দশী।

বৈশাখস্য চতুর্দ্দশ্যাং শুক্লায়াং শ্রীনৃকেশরী। জাতস্তদস্যাং তৎপূজোৎসবং কুর্ব্বীত সব্রতম্॥১৩৬

অথ নরসিংহচতুর্দ্দশীব্রতনিত্যতা।

বৃহন্নারসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহপ্রহ্লাদসংবাদে ব্রতবিধিকথনে।—

বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং মম সন্তুষ্টিকারণম্। মহাগুহ্যমিদং শ্রেষ্ঠং মানবৈর্ভবভীরুভিঃ॥ ১৩৭॥

কিঞ্চ।—বিজ্ঞায় মদ্দিনং যস্তু লঙ্ঘয়েৎ স তু পাপভাক্। এবং জ্ঞাত্বা প্রকর্ত্তব্যং মদ্দিনে ব্রতমুত্তমম্।

অন্যথা নরকং যাতি যাবচ্চন্দ্রদিবাকরৌ॥১৩৮॥

তত্রৈব।— অথ তত্রাধিকারিনির্ণয়ঃ।

সর্ব্বেষামেব লোকানামধিকারোঽস্তি মদ্ব্রতে। মদ্ভক্তৈস্তু বিশেষেণ প্রণেয়ং মৎপরায়ণৈঃ॥১৩৯॥

ধর্ম্মাশ্চ প্রবৃত্তাঃ॥১৩৪॥ কৃতস্নানং স্বার্থে কন্॥১৩৫॥ ব্রতমুপবাসাদিনিয়মস্তৎসহিতং॥১৩৬॥ বর্ষে বর্ষে ইতি বীপ্সয়া নিত্যত্বং সাধ্যতে, তচ্চ হেমাদ্রিপ্রভৃতিভিরেকাদশীপ্রকরণাদৌ বিবৃতমেবাস্তি॥১৩৭॥ অকরণপ্রত্যবায়েন চ নিত্যত্বমাহ বিজ্ঞায়েতি। বিশেষেণ জ্ঞাত্বাপি জ্ঞাননিষ্ঠৈঽহপীত্যর্থঃ॥১৩৮॥ প্রণেয়ং কর্ত্তব্যং। মৎপরায়ণৈর্মদেকনিষ্ঠৈরিতি তদ্ব্রতস্য তদ্ভক্তিবিশেষরূপত্বাদিতি

আছে, জহ্নুনামা ঋষিবর রোষবশে বৈশাখের শুক্লা সপ্তমীতিথিতে গঙ্গাদেবীকে পান করত পুনর্ব্বার দক্ষিণ কর্ণদ্বারা পরিত্যাগ করেন, এই হেতু ঐ তিথিতে ভুবনমেখলা স্বর্ণদীকে অর্চ্চনা করিতে হয়। সম্যক্ বিধানে ঐ দিনে গঙ্গায় স্নান করিলে ধন্য ও পুণ্যবান্ হইতে পারে। ঐ দিনে দেবতা, পিতৃবর্গ ও মর্ত্ত্যগণকে বিধানে তর্পণ করিলে তাঁহারা সেই গঙ্গাস্নায়ীকে নিকলুষ দর্শন করিয়া থাকেন। ৩৫।

অতঃপর নরসিংহচতুর্দ্দশীর বিষয় বর্ণিত হইতেছে।—বৈশাখের শুক্লা চতুর্দ্দশীতিথিতে নৃসিংহদেবের অর্চ্চনারূপ উৎসব সম্পাদন করা কর্ত্তব্য। ১৩৬।

অধুনা নৃসিংহচতুর্দ্দশীব্রতের নিত্যতা কথিত হইতেছে।—বৃহন্নারসিংহপুরাণে ভগবন্নৃসিংহ-প্রহ্লাদ-সংবাদে ব্রতবিধিবর্ণনে আছে, হে প্রহ্লাদ! যাঁহারা ভবভয়ে ভীরু তাঁহারা মৎপ্রীত্যর্থ বৎসরে বৎসরে এই অতি গোপনীয় ব্রতরাজ চতুর্দ্দশীব্রতের অনুষ্ঠান করিবেন।১৩৭। আরও লিখিত আছে, মদ্দিন বিদিত থাকিয়াও তাহা লঙ্ঘন করিলে পাতকে লিপ্ত হইতে হয়; সুতরাং ইহা জ্ঞাত হইয়া মদ্দিনে ব্রতোত্তমের অনুষ্ঠান করিবে; নতুবা চন্দ্র-সূর্য্যের স্থিতিকাল যাবৎ নিরয়বাস করিতে হয়। ১৩৮।

এক্ষণে নৃসিংহচতুর্দ্দশীব্রতের অধিকারিনিরূপণ হইতেছে।—উক্ত পুরাণেই লিখিত আছে,

অথ তন্মাহাত্ম্যম্।

তত্রৈব।— শ্রীপ্রহ্লাদ উবাচ।

নমস্তে ভগবন্ বিষ্ণো নৃসিংহবপুষে নমঃ। ত্বদ্ভক্তোঽহং সুরেশৈকং ত্বাং প্রপৃচ্ছামি তত্ত্বতঃ॥
স্বামিংস্ত্বয়ি মমোৎপন্না ভক্তির্বহুবিধা কথম্। কথন্তে সুপ্রিয়ো জাতঃ কারণং বদ মে প্রভো॥

শ্রীনৃসিংহ উবাচ।

কথয়ামি মহাপ্রাজ্ঞ শৃণুষ্বৈকাগ্রমানসঃ। ভক্তের্যৎ কারণং বৎস প্রিয়ত্বস্য চ তৎ পুনঃ॥
পুরাকল্পে হ্যভূর্বিপ্রঃ কিঞ্চিত্বং নাপ্যধীতবান্। নাম্না চ বসুদেবো হি বেশ্যায়াং তৎপরো হ্যভূঃ॥
তস্মিন্ জন্মনি নৈব ত্বং চকর্থ সুকৃতং কিয়ৎ। মুক্ত্বা তু মদ্ব্রতং চৈকং বেশ্যাসঙ্গতিলালসঃ।
মদ্ব্রতস্য প্রভাবেণ ভক্তির্জাতা তবেদৃশী॥

প্রহ্লাদ উবাচ।

শ্রীনৃসিংহাচ্যুত স্বামিন্ কস্য পুত্রেণ কিং কৃতম্। বেশ্যায়াং বর্ত্তমানেন কথং তদ্ধি কৃতং ময়া।
আখ্যানং বিস্তরেণেদং বক্তুমর্হসি সাম্প্রতম্॥ ১৪০॥

নৃসিংহ উবাচ।

পুরাবন্তিপুরে হ্যাসীদ্ব্রাহ্মণো বেদপারগঃ। তন্নাম বসুশর্ম্মেতি সর্ব্বলোকেষু বিশ্রুতম্॥
নিত্যং হোমক্রিয়ামেষ করোতি দ্বিজসত্তমঃ। ব্রহ্মক্রিয়াসু সততং সর্ব্বাসু কিল তৎপরঃ॥

দিক্॥১৩৯॥ কথংবা তদ্ব্রতং কৃতং॥ ১৪০॥ ব্রহ্মক্রিয়াসু বৈদিককর্ম্মসু॥১৪১॥ অধ্যয়নং নাকৃথাঃ

যাবতীয় লোকই মদ্ব্রতে অধিকারী; বিশেষতঃ এই ব্রত করা মদ্ভক্ত ও মন্নিষ্ঠ ব্যক্তিগণের অবশ্য কর্ত্তব্য। ১৩৯।

অতঃপর নৃসিংহচতুর্দ্দশীব্রতের মাহাত্ম্য কথিত হইতেছে।—উক্ত পুরাণেই প্রহ্লাদের উক্তি আছে, হে ভগবন্! হে বিষ্ণো! হে নৃসিংহমূর্ত্তে! আপনাকে প্রণাম করি। হে সুরেশ্বর! আমি ত্বদীয় ভক্ত, যথার্থতঃ কেবলমাত্র ত্বৎ-সকাশেই জিজ্ঞাসা করিতেছি। হে প্রভো! আপনার প্রতি কিরূপে মদীয় বহুবিধা ভক্তির উদয় হইল? কিরূপেই বা আমি আপনার প্রিয়পাত্র হইলাম? হে ভগবন্! আমার নিকট তাহা কীর্ত্তন করুন্। নৃসিংহদেব বলিলেন, হে মহামতে! হে বৎস! মদ্ভক্তি ও মৎ-প্রিয়ত্ব লাভের কারণ বলিতেছি, অবহিত হইয়া শ্রবণ কর। হে তাত! পূর্ব্বজন্মে তুমি ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়াছিলে, কিন্তু কিছুমাত্র অধ্যয়ন কর নাই। তুমি বসুদেব নামে প্রথিত ছিলে এবং নিরন্তর বেশ্যাসক্ত হইয়া দিন যাপন করিতে। সে জন্মে আমার একটী মাত্র ব্রত ছাড়া তোমার আর কিছু পুণ্যকর্ম্ম ছিল না, সর্ব্বদা বেশ্যাতেই আসক্ত হইয়াছিলে। সেই মদ্ব্রতের প্রসাদেই এতাদৃশী ভক্তি প্রাপ্ত হইয়াছ। প্রহ্লাদ বলিলেন, হে নৃসিংহ! হে অচ্যুত! হে প্রভো! আমি কাহার তনয় ছিলাম, কি কার্য্যই বা করিয়াছিলাম, বেশ্যাসক্ত থাকিয়াই বা কিরূপে ত্বদ্ব্রতের অনুষ্ঠান করিলাম, এই সমস্ত সবিস্তর প্রকাশ করুন। ১৪০। নৃসিংহ কহিলেন, হে তাত! পুরাকালে অবন্তীনগরে সর্ব্বজন প্রথিত বসুশর্ম্মা নামে জনৈক বেদবিচক্ষণ ব্রাহ্মণ

অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্টাঃ সর্ব্বে সুরোত্তমাঃ। তেনাপি বিদ্যমানেন ন কৃতং দুষ্কৃতং কিয়ৎ॥
তস্য ভার্য্যা সুশীলাভূদ্বিখ্যাতা ভুবনত্রয়ে। পতিব্রতা সদাচারা পতিভক্তিপরায়ণা॥
জজ্ঞিরে চ সুতাঃ পঞ্চ তস্যাং দ্বিজবরাত্ততঃ। সদাচারাঃ সুবিদ্বাংসঃ পিতৃভক্তিপরায়ণাঃ।
তেষাং মধ্যে কনিষ্ঠস্ত্বং বেশ্যায়াং তৎপরঃ সদা॥ ১১১॥
তাং সন্নিষেবমাণেন সুরাপানং কৃতং ত্বয়া। সদা পাপরতস্ত্বং হি নাকৃথাধ্যয়নং ভৃশম্॥
বিলাসিনীগৃহে নিত্যং বসতির্হ্যভবত্তব। একদা তদ্গৃহে হ্যাসীত্তয়া সহ মহান্ কলিঃ।
ততঃ কলহভাবেন ভোজনং ন কৃতং ত্বয়া। অজ্ঞানান্মদ্ব্রতং চক্রে এতানামুত্তমং ব্রতম্॥
তয়া সহ বিবাদেন রাত্রৌ জাগরণং কৃতম্। বেশ্যায়া অপি তৎ সর্ব্বং প্রজাতন্তু ত্বয়া সমম্॥
রাত্রৌ জাগরণে তস্যাঃ সঞ্জাতং কায়শোধনম্। যুবয়োর্মদ্ব্রতং জাতমজ্ঞানাদ্বহুপুণ্যদম্॥ ১৪২॥
যেন চীর্ণব্রতেনাদ্য মোদন্তে দিবি দেবতাঃ সৃষ্ট্যর্থন্তু ততো ব্রহ্মা চক্রে মদ্ব্রতমুত্তমম্॥
মদ্ব্রতস্য প্রভাবেণ নির্ম্মিতং সচরাচরম্। ঈশ্বরেণাপি তচ্চীর্ণং বধার্থং ত্রিপুরস্য চ।
মহিম্নৈব ব্রতস্যাস্য ত্রিপুরং সংনিপাতিতম্॥ অন্যৈশ্চ বহুভির্দেবৈঋষিভিশ্চ পুরাতনৈঃ।
রাজভিশ্চ মহাপ্রাজ্ঞৈর্বিহিতং ব্রতমুত্তমম্। এতদ্ব্রতপ্রভাবেন সর্ব্বে সিদ্ধিমুপাগতাঃ।
বেশ্যাপি মৎপ্রিয়া জাতা ত্রৈলোক্যে সুখচারিণী। ঈদৃশং মদ্ব্রতং বৎস ত্রৈলোক্যে চৈব বিশ্রুতম্॥
ধূর্ত্তায়াশ্চ বিলাসিন্যা ব্রতমেতদুপস্থিতম্। প্রহ্লাদ তেন তে ভক্তির্ময়ি জাতা হ্যনুত্তমা॥১৪৩॥

নাকার্ষীঃ সন্ধিরার্ষঃ॥ ১৪২॥ চীর্ণেন কৃতেন ব্রতেন॥ ১৪৩॥ বিলীনা প্রবিষ্টা ময়ীতি শেষঃ।

বাস করিতেন। তিনি প্রত্যহ হোমানুষ্ঠানে রত ও নিখিল বৈদিকক্রিয়ায় নিরত ছিলেন। তিনি অগ্নিষ্টোমাদি যজ্ঞ-সমূহ দ্বারা দেবতোদ্দেশে যাগানুষ্ঠান করিতেন। জীবিতাবস্থায় তাঁহার কোনরূপ দুষ্ক্রিয়াই নেত্রগোচর হয় নাই। সুশীলা নাম্নী তদীয় পত্নী নিরন্তর সদাচারানুষ্ঠান ও পতিভক্তি প্রদর্শন করাতে ত্রিলোকে প্রসিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন। কালসহকারে সেই বিপ্রের ঔরসে সুশীলার উদরে পাঁচটী পুত্রের উৎপত্তি হইল। পুত্রগণ বিদ্যায় বিচক্ষণ, সদাচারপরায়ণ ও পিতৃভক্তিমান্ হইল; কিন্তু তন্মধ্যে সর্ব্বকনিষ্ঠটী নিরন্তর বেশ্যারত হইয়া উঠিল। তুমিই সেই কনিষ্ঠ সন্তান। ১৪১। তুমি নিরন্তর বেশ্যারত থাকাতে মদ্যপানে ও পাপকার্য্যে লিপ্ত হইয়া কিঞ্চিন্মাত্রও অধ্যয়ন করিলে না, নিরন্তর বেশ্যালয়েই তোমার বাস হইল। এক দিন সেই বেশ্যার সহিত তোমার তুমুল কলহ সংঘটিত হইল, সেই হেতু সেদিন তুমি নিরাহারে অবস্থান করিলে। সেই দিন অজ্ঞানবশে ত্বৎ-কর্ত্তৃক মদ্ব্রতরাজের অনুষ্ঠান হয় এবং সেই বেশ্যাসহ কলহ নিবন্ধন নিশাজাগরণও ঘটিয়া উঠিল। তোমার সঙ্গ নিবন্ধন সেই বেশ্যা কর্ত্তৃকও ব্রতাদি সমস্ত আচরিত হয় এবং নিশাজাগরণ বশতঃ তদীয় দেহও পবিত্র হইল। এই প্রকারে তুমি অজ্ঞানে বহুপুণ্যপ্রদ মদ্ব্রত অনুষ্ঠান করিয়াছিলে। ১৪২। এই ব্রত করিয়াই সুরগণ অধুনা সুরধামে আনন্দ ভোগ করিতেছেন। ব্রহ্মাও মদীয় এই ব্রত সাধন করেন, এই ব্রতের প্রসাদেই তিনি চরাচর বিশ্বের স্রষ্টা হইয়াছেন। মহেশ্বর ত্রিপুর বিনাশার্থ এই ব্রতের অনুষ্ঠান করিয়া

সা বেশ্যা ত্বপ্সরা জাতা দিবি ভোগাননেকশঃ। ভুক্ত্বা কামং বিলীনা তু ত্বং প্রহ্লাদ বিবিষ্ট মাম্॥
কার্য্যার্থমবতারস্তে মচ্ছরীরাৎ পৃথক্ ত্বসৌ। বিধায় সর্ব্বকার্য্যাণি শীঘ্রং ময়ি গমিষ্যসি॥
য ইদং মদ্‌ব্রতাগ্র্যন্ত প্রবিধাস্যন্তি মানবাঃ। ন তেষাং পুনরাবৃত্তিঃ কল্পকোটিশতৈরপি।
অপুত্রো লভতে পুত্রান্ মদ্ভক্তাংশ্চ সুবর্চ্চসঃ। দরিদ্রো লভতে লক্ষ্মীং ধনদস্য চ যাদৃশী।
তেজস্কামো লভেত্তেজো রাজ্যেপ্সু রাজ্যমুত্তমম্। আয়ুষ্কামো লভেদায়ুর্যাদৃশস্তু শিবস্য চ
স্ত্রীণাং ব্রতমিদং সাধুপুত্রদং ভাগ্যদন্তথা। অবৈধব্যকরং তাসাং পুত্রশোকবিনাশনম্।
ধনধান্যকরঞ্চৈব পতিপ্রিয়করং শুভম্। সার্ব্বভৌমং সুখং তাসাং দিব্যসৌখ্যং ভবেত্ততঃ॥
স্ত্রিয়ো বা পুরুষো বাপি কুর্ব্বন্তি ব্রতমুত্তমম্। তেভ্যো দদাম্যহং সৌখ্যং ভুক্তিমুক্তিফলন্তথা॥
বহুনোক্তেন কিং বৎস ব্রতস্যাস্য ফলস্য হি। মদ্‌ব্রতস্য ফলং বক্তুং নাহং শক্তো ন শঙ্করঃ॥
ব্রহ্মা চতুর্ভির্ব্বক্ত্রৈশ্চ নালং স্যাজ্জীবিতাবধি॥

কিঞ্চ তত্রৈব ব্রতবিধিকথনে।—

যথা যথা প্রবৃত্তিঃ স্যাৎ পাতকস্য কলৌ যুগে। তথা তথা বিধাস্যন্তি মদ্‌ব্রতং বিরলং জনাঃ॥
মদ্‌ব্রতস্য বিধানেন মতির্ন স্যাৎ দুরাত্মনাম্। সদা পাপরতানাস্তু পুরুষাণাং বিকর্ম্মণি॥
বিচার্য্যৈবং প্রকর্ত্তব্যঃ মাধবে মাসি মদ্‌ব্রতম্। প্রাপ্তে ভূতদিনে বৎস সর্ব্বকল্মষনাশনম্॥১৪৪॥

মাং বিবিষ্ট প্রাবিশঃ। কার্য্যার্থং ভক্তিপ্রবর্ত্তনার্থং॥ ১৪৪॥ মানুষাণাং জায়তে। মহাত্মনামিতি

ইহারই প্রসাদে উক্ত ত্রিপুর নষ্ট করেন। অন্যান্য বহুসংখ্য দেবতা, প্রাচীন ঋষি ও মহামতি নৃপতিগণ এই ব্রতোত্তমের অনুষ্ঠান করিয়াছিলেন। এই ব্রতের প্রসাদে সকলেই সিদ্ধিলাভ করিয়াছেন এবং বেশ্যাও ইহার প্রসাদে ত্রিভুবনসুখচারিণী ও আমার প্রিয়পাত্রী হইয়াছে। হে তাত! আমার এই ব্রত ত্রিভুবনে বিদিত, ধূর্ত্তা বিলাসিনী নারীর জন্যও এই ব্রত উপস্থিত হয় অর্থাৎ তাহারাও এই ব্রত করিয়া তৎফল লাভ করিতে পারে। হে প্রহ্লাদ! এই কারণেই আমার প্রতি ত্বদীয় উত্তমা ভক্তি জন্মিয়াছে। ১৪৩। সেই বেশ্যা সুরপুরে অপ্সরারূপে বহুবিধ ভোগ সম্ভোগ করত আমাতে বিলীনা হইয়াছে, তুমিও আমাতে প্রবেশ করিয়াছ। কার্য্যসাধনার্থ মদীয় দেহ হইতে পৃথক্ হইয়াই তোমার এই অবতার হইয়াছে, তুমি আবশ্যকীয় কর্ম্ম সম্পাদন পূর্ব্বক আশু আমাতে প্রবিষ্ট হইবে। মদীয় এই ব্রতরাজের অনুষ্ঠান করিলে শতকোটি কল্পেও আর সংসারে পুনরাগমন করিতে হয় না।

এই ব্রতের প্রসাদে পুত্রহীনের পরম সুন্দর মদ্ভক্ত পুত্র লাভ হয়, দীনজন কুবের সদৃশ লক্ষ্মীবান্ হইতে পারে এবং তেজস্কামী তেজঃ, রাজ্যেপ্সু রাজ্য ও আয়ুষ্কামী শিবসদৃশ দীর্ঘায়ু প্রাপ্ত হয়। এই ব্রত নারীগণের পক্ষে সচ্চরিত্র-পুত্রপ্রদ, সৌভাগ্যজনক, অবৈধব্যকর, সুত-শোক-নাশন, ধনধান্যপ্রদ, স্বামিহিতকর ও পবিত্র। এই ব্রত করিলে তৎপ্রসাদে নারীগণ সার্ব্বভৌমানন্দ ও স্বর্গসুখ প্রাপ্ত হইতে পারে। হে প্রহ্লাদ! এই ব্রতোত্তমের অনুষ্ঠান করিলে কি নর কি নারী, সকলকেই সুখ ও ভুক্তি-মুক্তি-ফল অর্পণ করিয়া থাকি। হে তাত! এই ব্রত-ফলের বিষয় অধিক আর কি কহিব, ইহার ফল অর্পণে আমার বা শিবেরও শক্তি নাই;

যেনৈব ক্রিয়মাণেন সহস্রদ্বাদশীফলম্। জায়তে ন মৃষা বচ্মি মানুষাণাং মহাত্মনাম্ ॥১৪৫॥
তদন্তে চ।—য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ব্রতং পাপপ্রণাশনম্। তস্য শ্রবণমাত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি॥
পবিত্রং পরমং গুহ্যং কীর্ত্তয়েদ্যস্তু মানবঃ। সর্ব্বান্ কামানবাপ্নোতি ব্রতস্যাস্য ফলং লভেৎ॥১৪৬॥

অথ তদ্ব্রতদিননির্ণয়ঃ।

আগমে।—বৈশাখে শুক্লপক্ষে তু চতুর্দ্দশ্যাং মহাতিথৌ। সায়ং প্রহ্লাদ-ধিক্কারমসহিষ্ণুঃ পরো হরিঃ।

সদ্যঃ কটকটাশব্দবিস্মাপিতসভাজনঃ। লীলয়া স্তম্ভগর্ভান্তাদুদ্ভূতঃ শব্দভীষণঃ॥

নৃহরেরবতারাত্তাং যত্নতঃ সমুপোষয়েৎ। মহাপুণ্যতমাং তাঞ্চ সায়ং বিষ্ণুং প্রপূজয়েৎ॥

বৃহন্নারসিংহে।—

বৈশাখশুক্লপক্ষস্য চতুর্দ্দশ্যাং সমাচরেৎ। মজ্জন্মসম্ভবং পুণ্যং ব্রতং পাপপ্রণাশনম্॥

কিঞ্চ।—

স্বাতীনক্ষত্রযোগে তু শনিবারে হি মদ্ব্রতম্। সিদ্ধিযোগস্য যোগে চ লভ্যতে দৈবযোগতঃ॥
সর্ব্বৈরেতৈস্তু সংযুক্তৈর্হত্যাকোটিবিনাশনম্॥ ১৪৭॥

মদ্ব্রতানুষ্ঠানাৎ। ন চাত্রাসম্ভাবনাদিকং কার্য্যমিত্যাহ ন মৃষা বচ্মীতি॥ ১৪৫॥ ন তাবদনুষ্ঠানাৎ, শ্রবণাদিনাপি মহাফলং স্যাদিতি লিখতি য ইতি॥ ১৪৬।

দৈবযোগতঃ কদাচিন্মহাভাগ্যেনৈব লভ্যতে ইত্যর্থঃ যতঃ সর্ব্বৈরিতি ॥ ১৪৭॥ কেবলং

বিধাতা আজীবন চতুর্ম্মুখে কীর্ত্তন করিতেও সক্ষম নহেন। উক্ত স্থলে ব্রতবিধি কথনে আরও লিখিত আছে যে, কলিকালে যখন যখন পাপের উদ্ভব হয় তখনই মানবগণ এই বিরলভাবে ব্রতের বিধান করেন। এই ব্রতানুষ্ঠান করিলে দুরাত্মা ও নিরন্তর পাপলিপ্ত ব্যক্তিগণেরও মতি বিরুদ্ধ ধর্ম্মে প্রবর্ত্তিত হয় না। হে তাত! এইরূপ বিবেচনা করিয়া বৈশাখের শুক্লা চতুর্দ্দশীতে সর্ব্বপাপহর মদ্ব্রত করা কর্ত্তব্য। ১৪৪। হে প্রহ্লাদ! আমার কথা মিথ্যা বিবেচনা করিও না, কেবলমাত্র এই চতুর্দ্দশী-ব্রতের ফলেই মহানুভব মানবগণ সহস্র দ্বাদশীফল প্রাপ্ত হইতে পারে। । ১৪৫। প্রকরণের শেষে লিখিত আছে, ভক্তি সহকারে এই পাপহর ব্রত-বিষয় শ্রবণ করিলে উক্ত ব্রহ্মহত্যাপাপের বিমোচন হয়। এই গোপনীয় পবিত্র ব্রত কীর্ত্তন করিলে কীর্ত্তনকারীর যাবতীয় অভীষ্ট পূর্ণ হয় ও ব্রতফল লাভ হইয়া থাকে॥ ১৪৬।

অতঃপর নৃসিংহচতুর্দ্দশী-ব্রতের দিন-নির্ণয় হইতেছে।—আগমে লিখিত আছে, বৈশাখী শুক্লা চতুর্দ্দশী মহাতিথির সন্ধ্যা-সময়ে প্রহ্লাদের প্রতি (তৎপিতার) ধিক্কার (তাড়না) সহ্য করিতে না পারিয়া পরমপুরুষ হরি তৎক্ষণাৎ কটকটা শব্দে সভাস্থ সকলকে চমকিত করিয়া লীলাবশে স্তম্ভাভ্যন্তর হইতে ভীষণ শব্দ সহকারে প্রাদুর্ভূত হইলেন। নৃসিংহদেব অবতীর্ণ হইয়াছিলেন বলিয়া এই মহাপুণ্য-স্বরূপা তিথিতে উপবাসী থাকিয়া সন্ধ্যা-সময়ে সযত্নে জনার্দ্দনে অর্চ্চনা করা কর্ত্তব্য। বৃহন্নারসিংহ-পুরাণে নৃসিংহদেবের উক্তি আছে, বৈশাখী শুক্লা চতুর্দ্দশীতে মদীয় জন্ম হেতু সমুদ্ভূত, পাপহর, পুণ্য ব্রতের অনুষ্ঠান করিবে। আরও লিখিত আছে, দৈবাৎ স্বাতীনক্ষত্রসমন্বিত শনিবারে বা সিদ্ধি যোগের

কেবলঞ্চ প্রকর্ত্তব্যং মদ্দিনং ফলকাঙ্ক্ষিভিঃ। বৈষ্ণবৈর্ন তু কর্ত্তব্যা স্মরবিদ্ধা চতুর্দ্দশী ॥

আগমে।—

প্রিয়া চতুর্দ্দশী ভৌমে কর্ত্তব্যা কিল্বিষাপহা। কামবিদ্ধা ন কর্ত্তব্যা স্বাতীভৌমযুতা যদি ॥১৪৮॥

অথ তদ্ব্রতবিধিঃ।

তত্রৈব।—

প্রাতরুত্থায় কুর্ব্বীত নিয়মং মনসা স্মরন্। মামেব মদ্দিনে বৎস দন্তধাবনপূর্ব্বকম্ ॥১৪৯॥

অথ নিয়মমন্ত্রঃ।

শ্রীনৃসিংহ মহাভীম দয়াং কুরু মমোপরি। অদ্যাহং তে বিধাস্যামি ব্রতং নির্ব্বিঘ্নতাং নয় ॥ ইতি ॥
ব্রতস্থেন ন বক্তব্যং মদ্দিনে পাপিভিঃ সহ। মিথ্যালাপা ন কর্ত্তব্যাঃ সমগ্রফলকাঙ্ক্ষিভিঃ ॥১৫০॥
স্ত্রিয়ং দ্যূতং বিহায়োচ্চৈর্ব্রতস্থেন মহাত্মনা। স্মর্ত্তব্যং মম রূপঞ্চ মদ্দিনে সকলে শুভে ॥
ততো মধ্যাহ্নবেলায়াং নদ্যাদৌ বিমলে জলে। গৃহে বা দেবখাতে বা তড়াগে বাতিশোভনে।
বৈদিকেন চ মন্ত্রেণ স্নানং কুর্য্যাদ্বিচক্ষণঃ। মৃত্তিকাগোময়েনৈব তথা ধাত্রীফলেন বা।
তিলৈর্ব্বা সর্ব্বপাপঘ্নৈঃ স্নানং কৃত্বা মহাত্মভিঃ। পরিধায় শুচির্ব্বস্ত্রে নিত্যকর্ম্ম সমাচরেৎ ॥
ততো গৃহং সমাগত্য স্মরন্ মাং ভক্তিযোগতঃ। গোময়েন বিলিপ্যাথ কুর্য্যাদষ্টদলাম্বুজম্ ॥

তত্তদ্যোগহীনমপি ফলাকাঙ্ক্ষিভিরপি কর্ত্তব্যমেব নিত্যত্বাৎ। স্মরস্ত্রয়োদশী তেন বিদ্ধা ॥১৪৮॥
প্রাতশ্চতুর্দ্দশীপ্রভাতে। সর্ব্বব্রতসাধারণত্বাৎ। পূর্ব্বদিনে চৈকভক্তাদিসংযমো বিজ্ঞেয়ে এব। দন্তধাবনন্তু উপবাসদিনে কাষ্ঠেন তন্নিষেধাৎ তৃণাদিনা বোদ্ধব্যং ॥১৪৯ ১৫০॥ তাম্রং তাম্রময়ং।

সংযোগে মদ্ব্রত হইলে উক্ত ব্রত হত্যাকোটিজনিত পাপ ধ্বংস করিয়া দেয়। ১৪৭। উক্ত যোগ না ঘটিলে ফলেচ্ছু ব্যক্তিরা কেবলমাত্র শুদ্ধা চতুর্দ্দশীতে উপবাস করিবেন। ত্রয়োদশী-বিদ্ধা চতুর্দ্দশীতে উপবাস করা বৈষ্ণবের অকর্ত্তব্য। আগমে লিখিত আছে, কুজবারে মৎপ্রীতিকরী চতুর্দ্দশী হইলে তাহাতে মদ্ব্রতানুষ্ঠান নিখিল পাপনাশন জানিবে। ত্রয়োদশীবিদ্ধা চতুর্দ্দশীতে কুজবার বা স্বাতীনক্ষত্রের যোগ হইলেও সে দিনে ব্রত অকরণীয়। ১৪৮।

এক্ষণে নৃসিংহচতুর্দ্দশী-ব্রতের বিধান কথিত হইতেছে।—নৃসিংহ বলিলেন, হে "তাত! প্রভাতে গাত্রোত্থান করত দশনধাবন পূর্ব্বক আমাকে হৃদয়ে স্মরণ করিতে করিতে নিয়ম গ্রহণ করিবে। ১৪৯।

উক্ত নিয়মমন্ত্র।—হে নৃসিংহ! হে মহাভীম!-মৎপ্রতি কৃপা প্রদর্শন করুন, আমি অদ্য ত্বদ্-ব্রতের অনুষ্ঠান করিতেছি, ইহা নিরাপদে সম্পন্ন করিয়া দিউন্। পাপিগণের সহিত আলাপ করা ব্রতদিনে ব্রতীর অনুচিত। যিনি ব্রতের সম্পূর্ণ ফল কামনা করেন মিথ্যালাপ করা তাঁহার পক্ষে অকর্ত্তব্য। ১৫০। মহানুভব ব্রতী জন একেবারে ভার্য্যা ও দ্যূতক্রীড়া বিসর্জ্জন পূর্ব্বক সমস্ত দিবস মদীয় রূপ স্মরণ করিবেন। তৎপরে সুধী ব্যক্তি মধ্যাহ্ন-সময়ে নদী প্রভৃতির বিমল সলিলে বা গৃহে অথবা দেবখাতে কিংবা মনোরম তড়াগে বৈদিক-মন্ত্রোচ্চারণ

কলসং তত্র সংস্থাপ্য তাম্রং রত্নসমন্বিতম্। তস্যোপরি ন্যসেৎ পাত্রং তণ্ডুলৈঃ পরিপূরিতম্।
হৈমী মূর্ত্তিস্তু তত্রৈব স্থাপ্যা লক্ষ্মীস্তথৈব চ ॥ ১৫১ ॥
পলেন চ তদর্দ্ধেন তদর্দ্ধার্দ্ধেন বা পুনঃ। যথা শক্তিস্তথা কার্য্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ।
পঞ্চামৃতেন তে স্নাপ্য পূজনং তু সমাচরেৎ ॥ ১৫২ ॥
ততো ব্রাহ্মণমাহূয় তমাচার্য্যমলোলুপম্। কুর্য্যাচ্ছাস্ত্রসমাযুক্তং শান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্ ॥
তেনৈব কারয়েৎ পূজাং দৃষ্ট্বা শাস্ত্রানুসারতঃ।
আচার্য্যবচনাদ্ধীমান্ পূজাং কুর্য্যাচ্চরন্ ব্রতম্ ॥ ১৫৩ ॥

অথ তত্র অগ্রে প্রহ্লাদপূজা।

তথা চাগমে।—
প্রহ্লাদ-ক্লেশনাশায় যা হি পুণ্যা চতুর্দ্দশী। পূজয়েত্তত্র যত্নেন হরেঃ প্রহ্লাদমগ্রতঃ ॥ ৫৪ ॥
বৃহন্নারসিংহে।—
যদ্রূপং কারয়েত্তত্র পুষ্পস্তবকশোভিতম্। ঋতুকালোদ্ভবৈঃ পুষ্পৈঃ পূজ্যোঽহঞ্চ যথাবিধি ॥১৫৫॥
উপচারৈঃ ষোড়শভির্ম্মন্ত্রৈর্নামভিস্তথা। ততঃ পৌরাণিকৈর্ম্মন্ত্রৈঃ পূজনীয়ো বিশেষতঃ ॥

মূর্ত্তিঃ শ্রীনারসিংহী। তথৈব লক্ষ্মীঃ হৈমী লক্ষ্মীমূর্ত্তিশ্চ ॥ ১৫১ ॥ কার্য্যে দ্বে মূর্ত্তী, কার্য্যেতি প্রত্যেকং সম্বন্ধঃ ॥ ১৫২ ॥ তে দ্বে মূর্ত্তী স্নাপ্য স্নাপয়িত্বা ॥ ১৫৩ ॥
দৃষ্ট্বা শাস্ত্রোক্তবিধিং জ্ঞাত্বা। আচার্য্যাজ্ঞয়া পশ্চাৎ স্বয়মপি পূজয়েদিত্যাহ আচার্য্যেতি ॥১৫৫॥

সহকারে স্নান করিবেন। কিংবা মহানুভব ব্রতী মৃত্তিকা, গোময়, আমলকী-ফল ও সর্ব্ব-পাপহর তিল দ্বারা স্নান করিয়া বিশুদ্ধ ভাবে বসনযুগল পরিধান পূর্ব্বক নিত্য-ক্রিয়ার অনুষ্ঠান করিবে। তদনন্তর ভক্তিমান্ হইয়া আমাকে ধ্যান করিতে করিতে গৃহে প্রত্যাগত হইবে। পরে গোময়োপলিপ্ত ভূমির উপর অষ্টদল পদ্ম অঙ্কিত করিয়া তাহাতে সরত্ন তাম্রকুম্ভ স্থাপন পূর্ব্বক তদুপরি অক্ষতপূর্ণ পাত্র স্থাপন করিবে। তদুপরি নৃসিংহদেবের ও লক্ষ্মী-দেবীর স্বর্ণ-মূর্ত্তি স্থাপন করিতে হয়। ১৫১। অর্থবিষয়ে কৃপণতা পরিত্যাগ পূর্ব্বক শক্ত্যনুসারে, এক পল, অর্দ্ধ পল বা তদর্দ্ধ পল স্বর্ণ দ্বারা নৃসিংহদেবের ও লক্ষ্মী-দেবীর মূর্ত্তি প্রস্তুত করত পঞ্চামৃতে স্নান করাইয়া অর্চ্চনা করিবে। ১৫২। তৎপরে লোভহীন, শাস্ত্রদর্শী, দান্ত, শান্ত, জিতেন্দ্রিয় দ্বিজাতিকে আমন্ত্রণ পূর্ব্বক আচার্য্য-পদে বরণ করিবে এবং শাস্ত্রদৃষ্ট্যনুসারে তাঁহার দ্বারা অর্চ্চনা করাইবে। আচার্য্যের বচনানুসারে ব্রতসাধন ও পূজা করাই বুদ্ধিমানের উচিত। ১৫৩।
এস্থানে প্রথমে প্রহ্লাদের অর্চ্চনা করাই বিধেয়। আগমে লিখিত আছে, প্রহ্লাদের দুঃখনাশার্থ যে পবিত্রা চতুর্দ্দশীর উদ্ভব, সেই তিথিতে নৃসিংহ-পূজার পূর্ব্বে সযত্নে প্রহ্লাদের অর্চ্চনা করা কর্ত্তব্য। বৃহন্নারসিংহ-পুরাণে লিখিত আছে, ঐ স্থানে কুসুমস্তবক দ্বারা মদীয় মূর্ত্তি প্রস্তুত করত ঋতুকালজাত পুষ্প দ্বারা বিধানে অর্চ্চনা করিবে। ১৫৫। মদীয় মন্ত্র, মদীয় নাম ও পৌরাণিক মন্ত্রসমূহে বিশেষ প্রকারে ষোড়শোপচারে মদীয় অর্চ্চনা করিবে।

অথ তত্র চন্দনমন্ত্রঃ।

চন্দনং শীতলং দিব্যং চন্দ্রকুঙ্কুমমিশ্রিতম্। দদামি তে প্রতুষ্ট্যর্থং নৃসিংহ পরমেশ্বর ॥ ইতি ॥

পুষ্পমন্ত্রঃ।

কালোদ্ভবানি পুষ্পাণি তুলস্যাদীনি বৈ প্রভো। পূজয়ামি নৃসিংহেশ লক্ষ্ম্যা সহ নমোঽস্তু তে ॥

ধূপমন্ত্রঃ।

কালাগুরুময়ং ধূপং সর্ব্বদেবসুদুর্ল্লভম্। করোমি তে মহাবিষ্ণো সর্ব্বকামসমৃদ্ধয়ে ॥

অথ দীপমন্ত্রঃ।

দীপঃ পাপহরঃ প্রোক্তস্তমসাং রাশিনাশনঃ। দীপেন লভ্যতে তেজস্তস্মাদ্দীপং দদামি তে ॥ইতি॥

অথ নৈবেদ্যমন্ত্রঃ।

নৈবেদ্যং সৌখ্যদং চাস্তু ভক্ষ্যভোজ্যসমন্বিতম্। দদামি তে রমাকান্ত সর্ব্বপাপক্ষয়ং কুরু ॥ ইতি॥

অথ অর্ঘ্যমন্ত্রঃ।

নৃসিংহাচ্যুত দেবেশ লক্ষ্মীকান্ত জগৎপতে। অনেনার্ঘ্যপ্রদানেন সফলাঃ স্যুর্ম্মনোরথাঃ ॥ ইতি ॥

অথ পূজামন্ত্রঃ।

পীতাম্বর মহাবিষ্ণো প্রহ্লাদভয়নাশকৃৎ। যথাভূতার্চ্চনেনাথ যথোক্তফলদো ভব ॥ ইতি ॥১৫৬॥

রাত্রৌ জাগরণং কুর্য্যাদ্গীতবাদিত্রনিস্বনৈঃ। পুরাণপঠনং নৃত্যং শ্রোতব্যং মৎকথানকম্ ॥ ১৫৭ ॥

পূজাবিধিমাহ মন্ত্ররূপমিতি নবভিঃ। মদীয়মূর্ত্তিং ॥ ১৫৫॥ যথাভূতেন যথোপপন্নেন সম্যক্ সম্পাদয়িতু-মশক্তেনার্চ্চনেনাপি ॥ ১৫৬ ॥ মম কথানকং কথা ॥ ১৫৭ ॥

তন্মধ্যে চন্দনদান-মন্ত্র কথিত হইতেছে।—হে নৃসিংহ! হে পরমেশ্বর! আপনার প্রীত্যর্থ কর্পূর-কুঙ্কুমান্বিত উত্তম শীতল চন্দন অর্পণ করিলাম।

উক্ত পূজায় পুষ্পদান-মন্ত্র।—হে নৃসিংহ! হে ঈশ! যথাকালজাত কুসুম ও তুলসীদল দ্বারা আপনার ও লক্ষ্মী-দেবীর অর্চ্চনা করিতেছি, আপনাকে প্রণাম।

উক্ত পূজায় ধূপদান-মন্ত্র।—হে মহাবিষ্ণো! নিখিল কামসমৃদ্ধি লাভের জন্য সর্ব্বদেব-দুর্ল্লভ কালাগুরু-ধূপ আপনাকে প্রদান করিলাম।

উক্ত পূজায় দীপদানমন্ত্র।—দীপ দ্বারা পাতকনাশ ও অন্ধকাররাশি বিনাশ পায়, দীপ দ্বারা তেজোলাভ হয়; সুতরাং আপনাকে দীপ অর্পণ করিতেছি।

উক্ত পূজায় নৈবেদ্যদানমন্ত্র।—হে লক্ষ্মীপতে! ভক্ষ্য-ভোজ্যযুক্ত সুখকর নৈবেদ্য আপনাকে প্রদান করিতেছি, আপনি নিখিল পাতক দূর করুন্।

উক্ত পূজায় অর্ঘ্যদানমন্ত্র।—হে নৃসিংহ! হে অচ্যুত! হে রমাকান্ত! হে বিশ্বপতে! আপনাকে এই অর্ঘ্য সমর্পণ করিতেছি, ইহার প্রসাদে আমার মনোরথ সফল হউক্।

অনন্তর পূজামন্ত্র।—হে পীতাম্বর! হে মহাবিষ্ণো! হে প্রহ্লাদভয়হারিন্! চতুর্দ্দশী-পূজনে যথাবিহিত ফল প্রদান করুন্। ১৫৬ তৎপরে গীত ও বাদ্য করত নিশাকালে জাগরণ, পুরাণাধ্যয়ন, নৃত্য ও মৎকথা শ্রবণ করিবে ১৫৭। তদনন্তর প্রভাতে স্নানান্তে অনলস হইয়া পূর্ব্ব-

ততঃ প্রভাতসময়ে স্নানং কৃত্বা হ্যতন্দ্রিতঃ। পূর্ব্বোক্তেন বিধানেন পূজয়েন্মাং প্রযত্নতঃ॥

কিঞ্চ।—মদ্বংশে যে নরা জাতা যে জনিষ্যন্তি মৎপুরঃ। তাংস্ত্বমুদ্ধর দেবেশ দুঃসহাদ্ভবসাগরাৎ॥

পাতকার্ণবমগ্নস্য ব্যাধিদুঃখাম্বুরাশিভিঃ। তীব্রৈস্তু পরিভূতস্য মহাদুঃখগতস্য মে।
করাবলম্বনং দেহি শেষশায়িন্ জগৎপতে। শ্রীনৃসিংহ রমাকান্ত ভক্তানাং ভয়নাশন॥
ক্ষীরাম্বুধিনিবাস ত্বং প্রীয়মাণো জনার্দ্দন। ব্রতেনানেন মে দেব ভুক্তিমুক্তিপ্রদো ভব॥
এবং প্রার্থ্য ততো দেবং বিসর্জ্য চ যথাবিধি। উপহারাদিকং সর্ব্বমাচার্য্যায় নিবেদয়েৎ॥
দক্ষিণাভিঃ সুসন্তোষ্য ব্রাহ্মণাংশ্চ বিসর্জ্জয়েৎ। মম ধ্যানসমাযুক্তো ভুঞ্জীত সহ বন্ধুভিঃ॥ইতি॥

অথ তত্র পৌর্ণমাসী।

পাদ্মে তত্রৈব শ্রীযম-ব্রাহ্মণসংবাদে।—

মেষসংক্রমমারভ্য তিথয়স্ত্রিংশদুত্তমাঃ। সর্ব্বযজ্ঞাধিকাঃ পুণ্যাঃ পুরাণেষু প্রকীর্ত্তিতাঃ॥
তত্রাপি পূর্ণিমা পুণ্যা মাধবী মাধবপ্রিয়া। যেয়ং বরাহকল্পস্য তিথিরাদ্যা মহাফলা॥১৫৮॥

কিঞ্চ।—স্নানদানার্চ্চনশ্রাদ্ধক্রিয়া-পুণ্যবিবর্জ্জিতা। যস্যাতীতা চ বৈশাখী স নূনং নিরয়ালয়ঃ॥
ন বেদেন সমং শাস্ত্রং ন তীর্থং গঙ্গয়া সমম্ ন দানং জলগোতুল্যং ন বৈশাখীসমা তিথিঃ॥

মাধবী বৈশাখী॥ ১৫৮॥ ত্রয়াণাং শ্রীব্রহ্মাদীনাং চতুর্থঃ। সারূপ্যাদি-প্রাপ্ত্যা ভগবতঃ সদা-

---

কথিত বিধানে সযত্নে মদীয় অর্চ্চনা করিতে হয়। আরও লিখিত আছে, হে দেবেশ! যাহারা মদ্বংশে জন্ম গ্রহণ করিয়াছে অথবা আমার অগ্রে (পরে) জন্ম গ্রহণ করিবে, তাহাদিগকে দুঃসহ সংসার-সমুদ্র হইতে পরিত্রাণ কর। হে শেষশায়িন্! হে বিশ্বপতে! আমি পাপসাগরে নিমগ্ন হইয়াছি, ভীষণ ব্যাধিরূপ দুঃখসলিলে পরাভূত হইয়াছি এবং মহাদুঃখে নিমগ্ন হইয়াছি, আপনি আমাকে করাবলম্বন অর্পণ করুন্। হে শ্রীনৃসিংহ! হে রমাপতে! হে ভক্তভয়ভঞ্জন! হে ক্ষীরোদবাসিন্! হে জনার্দ্দন! হে দেব! এই ব্রত দ্বারা আপনি মৎপ্রতি সন্তুষ্ট হইয়া ভুক্তি মুক্তি প্রদান করুন্। এইরূপে প্রার্থনা করিয়া বিধানে প্রভুকে বিসর্জ্জন পূর্ব্বক উপহার প্রভৃতি যাবতীয় দ্রব্য আচার্য্যকে নিবেদন করিবে। তৎপরে দক্ষিণা প্রভৃতি দ্বারা সম্যক্রূপে দ্বিজাতিগণকে প্রীত করিয়া বিসর্জ্জন করিবে এবং মদ্ধ্যাননিবিষ্ট হইয়া বন্ধুবর্গের সহিত আহার করিবে।

অনন্তর বৈশাখী পূর্ণিমার বিষয় বর্ণিত হইতেছে।—পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই যম ব্রাহ্মণসংবাদে লিখিত আছে, পুরাণে এইরূপ কীর্ত্তিত আছে, মেষসংক্রম হইতে আরম্ভ করিয়া ত্রিংশৎসংখ্য উত্তমা তিথি সর্ব্বযজ্ঞ অপেক্ষা সমধিক-পুণ্য-স্বরূপা। আবার তন্মধ্যে হরি-প্রীতিকরী বৈশাখী পৌর্ণমাসী অধিকতর পুণ্য-স্বরূপিণী। এই তিথিই বরাহকল্পের আদি ও মহাফলদায়িনী বলিয়া প্রসিদ্ধ। ১৫৮। আরও লিখিত আছে, বৈশাখী পৌর্ণমাসী যে ব্যক্তির সম্বন্ধে স্নানদানরহিত, মৎপূজাবর্জ্জিত ও শ্রাদ্ধাদি-পুণ্যকর্ম্মহীন হইয়া যায়, সেই ব্যক্তি নরকে গমন করে সন্দেহ নাই। বেদের সদৃশ শাস্ত্র নাই, জাহ্নবী সদৃশ তীর্থ নাই, জলদান ও গোদান সদৃশ দান নাই এবং বৈশাখী পূর্ণিমার তুল্য তিথি আর নাই। যে হরিভক্ত বৈশাখী পৌর্ণ-

জলধেনুঞ্চ যো দদ্যাৎ বৈশাখ্যাং বিষ্ণুতৎপরঃ। ত্রয়াণামপি দেবানাং চতুর্থোঽয়ং বিশেষতঃ ॥১৫৯
তত্রৈব ধনশর্ম্মাণং প্রতি প্রেতোক্তৌ।—

ময়া নৈকাপি বৈশাখী পূর্ণা পূর্ণফলপ্রদা। স্নানদানক্রিয়াপূজাস্বকৃতৈঃ পরিপালিতা ॥ ১৬০॥
তেন মে বৈদিকং কর্ম্ম জাতং সর্ব্বঞ্চ নিষ্ফলম্। ততো বৈশাখনামাহং প্রেতো জাতোঽস্মি গর্ব্বতঃ॥
কিঞ্চ তত্রৈব।—

পাপেন্ধনদবজ্বালা তমোদ্রুমকুঠারিকা কৃতা নৈকাপি বৈশাখী বিধিনা তত্র পূর্ণিমা ॥ ১৬১॥
অব্রতা যস্য বৈশাখী স বৈ শাখী ভবেন্নরঃ। দশ জন্মানি চ ততস্তির্য্যগ্‌যোনিষু জায়তে ॥১৬২

অথ সমস্তবৈশাখাশক্তকৃত্যম্।

তত্রৈব শ্রীযম-ব্রাহ্মণসংবাদে।—
ত্রয়োদশ্যাং চতুর্দ্দশ্যাং বৈশাখ্যাঞ্চ দিনত্রয়ম্। সর্ব্বাশক্তোঽপি বিধিনা নারী বা পুরুষোঽপি বা।

সমীপবর্ত্তিনিত্যপার্ষদো ভবতীত্যর্থঃ॥ ১৫৯॥ স্নানদানার্চ্চনেতি শ্লোকোক্তং বৈশাখীকৃত্যনিত্যত্বমেব বচনান্তরৈর্দ্রঢ়য়তি ময়েতি চতুর্ভিঃ। তত্র চেয়মাখ্যায়িকা —কশ্চিচ্ছ্রোত্রিয়ো বিপ্রঃ পূর্ব্বজন্মনি নিখিলং বৈদিককর্ম্মাকরোৎ, কেবলং পৌরাণিকং বৈশাখীকৃত্যমপ্যেকং ন চকার, তেন সর্ব্বং তস্য বৈদিকং কর্ম্ম বিফলমভূৎ, প্রত্যুত ভগবৎপ্রিয়বৈশাখানাদরেণ প্রেতত্বং জাতমিতি। তত্র চ ধনশর্ম্মণো বিপ্রস্য পথি দৃষ্টৈস্তদাদিপ্রেতৈঃ সহ সংবাদে তত্তন্নামকারণনির্ব্বাচনে নিজনামকারণং নির্ব্বক্তি ময়েতি দ্বাভ্যাং। স্নানাদিরূপস্বকৃতৈঃ। তত্র ক্রিয়া শ্রাদ্ধাদি ॥ ১৬০ ॥ গর্ব্বতঃ বৈদিকত্বাভিমানাৎ ॥ অয়মেব বৈশাখ্যপরিপালনে হেতুঃ ॥ ১৬১ ॥ বৈ নিশ্চিতং। স শাখী বৃক্ষো ভবেৎ ॥ ১৬২ ॥

মাসীতে জলদান ও গোদান করেন, তিনি বিশেষ প্রকারে ব্রহ্মাদি ত্রিদেবমধ্যে চতুর্থ বলিয়া গণ্য অর্থাৎ তাঁহার সারূপ্যাদি লাভ হয়, সুতরাং নিরন্তর ভগবানের সন্নিহিত থাকেন। ১৫৯। উক্ত স্থলেই ধনশর্ম্মার প্রতি প্রেতোক্তি আছে যে, স্নান, দান, অর্চ্চনা বা পুণ্য দ্বারা একটীমাত্রও পূর্ণফলপ্রদা বৈশাখী পূর্ণিমা পালন করি নাই। ১৬০। সেই হেতু মৎকৃত বৈদিক কার্য্য-সকল বিফল হইয়াছে এবং অহঙ্কারবশে আমাকে বৈশাখনামক প্রেত হইয়া জন্ম গ্রহণ করিতে হইয়াছে। উক্ত স্থানে আরও লিখিত আছে, আমি বৈশাখ মাসে পাপরূপ কাষ্ঠের দাবানল-স্বরূপা ও তমোদ্রুমের কুঠার-স্বরূপিণী বৈশাখী পূর্ণিমার একটীমাত্রও বিধানে পালন করি নাই। ১৬১। বৈশাখী পৌর্ণমাসী যে ব্যক্তির সম্বন্ধে ব্রতবর্জ্জিত হয়, সে তরুরূপে জন্মলাভ করে এবং তদনন্তর তাহাকে দশজন্ম তির্য্যক্‌যোনিতে দেহ ধারণ করিতে হয়। ১৬২।

অতঃপর সমস্ত বৈশাখ-কৃত্যে অক্ষমের প্রতি ব্যবস্থা কথিত হইতেছে। উক্ত স্থলেই যম-ব্রাহ্মণ-সংবাদে লিখিত আছে, কি নর কি নারী, যে কেহ হউক না, যাবতীয় নিয়ম পালনে সক্ষম না হইলে বৈশাখী শুক্লা ত্রয়োদশী, চতুর্দ্দশী ও পৌর্ণমাসী এই তিন দিনে বিধানে পূর্ব্বকথিত নিয়মবান্ হইয়া নিজ শক্ত্যনুসারে প্রভাতে স্নান করিলে পাতক হইতে উত্তীর্ণ হইয়া

পূর্ব্বোক্ত-নিয়মৈর্যুক্তঃ প্রাতঃ স্নাত্বা স্বশক্তিতঃ। বিমুক্তঃ পাতকৈঃ সর্ব্বৈঃ স্বর্গমক্ষয়মশ্নুতে॥
বৈশাখ্যামপ্যশক্ত্যা বা ভোজয়েদ্‌ব্রাহ্মণান্ দশ॥ ইতি॥ ১৬৩॥
ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীমদ্ভগবদ্ভক্তিবিলাসে
ষাণ্মাসিকো নাম চতুর্দ্দশবিলাসঃ॥ ১৪॥

পঞ্চদশ-বিলাসঃ।

যস্মাজ্জলবিহারাদি-মহোৎসবপরম্পরা। সিধ্যেদ্দীনতরস্যাপি তং শ্রীচৈতন্যমাশ্রয়ে॥ ১॥

অথ জ্যৈষ্ঠকৃত্যম্।

আরভ্য রাকাং বৈশাখীং জ্যৈষ্ঠীং যাবন্মহোৎসবম্। কুর্য্যাৎ সংপূজয়ন্নিত্যং কৃষ্ণং জলবিহারিণম্॥
তত্রৌষ্ণ্যতারতম্যাদ্ধি কৃষ্ণং তোয়স্থমাচরেৎ। বৈশাখেঽপি তথাষাঢ়ে শ্রাবণেঽপ্যন্ত্র বর্জ্জিতে॥২

অক্ষয়ং স্বর্গং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ॥ ১৬৩॥

ইতি চতুর্দ্দশো বিলাসঃ॥ ১৪॥

এবামাগ্রহায়ণিকাদিবৈশাখান্তমাসষট্‌কস্য কৃত্যং লিখিত্বেদানীং জ্যৈষ্ঠাদীনাং লিখন্ ভগবতঃ প্রভাববিশেষং দর্শয়ন্ তং শরণং যাতি যস্মাদিতি। আদিশব্দেন ক্ষীরাব্ধিমহোৎসব জন্মমহোৎসবপার্শ্বপরিবর্ত্তনমহোৎসববিজয়োৎসবাদি। এবং মহোৎসবানাং পরম্পরা শ্রেণী। এবমশক্তস্যাপি মম তল্লিখনে তৎসবস্তৎপ্রভাবেন সেৎস্যতীতি ভাবঃ॥ ১॥

তত্র জলবিহারমহোৎসবে। ঔষ্ণ্যস্য তাপস্য তারতম্যং ন্যূনাধিকত্বং তস্মাৎ। ন্যূনপক্ষে পঞ্চমী, তদ্বিচার্য্যৈবেত্যর্থঃ। অতো বৈশাখেঽপ্যৌষ্ণ্যাতিশয়ে সতি কুর্য্যাৎ। কদাচিৎ কুত্রাপি জ্যৈষ্ঠেঽতিশীতানুবৃত্তৌ ন কুর্য্যাদিত্যভিপ্রায়ঃ। অতএব গারুড়ে।—কচিজ্জ্যৈষ্ঠে ইতি কচিদ্‌গ্রীষ্ম ইতি কচিৎ কুর্কটরাশিগতে সূর্য্য ইতি কচিচ্চ মাসে মাধবসংজ্ঞক ইতি বিকল্পো দর্শিতঃ। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। শীতাভাবেঽপি মেঘাগমদিনে ন কুর্য্যাদিতি লিখতি অভ্রেতি। ঘনাগম ইত্যগ্রতো লেখ্যবচনাৎ॥ ১॥ অর্কাংশুতঃ উত্তাপে ঘর্ম্ম প্রাচুর্য্যে জাতে মধ্যাহ্নসময়ে ইত্যর্থঃ। পাত্রে তাম্রাদি-

---

অক্ষয় স্বর্গ প্রাপ্ত হইতে পারে। বৈশাখী পূর্ণিমায় অক্ষম হইলে দশটী ব্রাহ্মণ ভোজন করাইতে হয়। ১৬৩। ইতি ষাণ্মাসিক নামক চতুর্দ্দশ বিলাস সমাপ্ত।

যাঁহার প্রসাদে দীনজনেরও সলিল-বিহারাদি মহোৎসব সকল সিদ্ধ হয়, সেই চৈতন্যদেবের শরণ গ্রহণ করি। ১।

অতঃপর জ্যৈষ্ঠকৃত্য বর্ণিত হইতেছে।—বৈশাখী পৌর্ণমাসী হইতে আরম্ভ করিয়া জ্যৈষ্ঠ-পূর্ণিমা যাবৎ প্রত্যহ সলিলবিহারী হরির অর্চনা পূর্ব্বক মহোৎসব সম্পাদন করিবে। তৎকালে উষ্ণতার ন্যূনাধিক্য নিবন্ধন হরিকে সলিলে স্থাপন করিতে হয়। বৈশাখ, আষাঢ় বা শ্রাবণ-

অথ জলে ভগবৎপূজাবিধি।

উত্তাপেঽর্কাংশুতো জাতে শীতলেন সুগন্ধিনা। জলেন পূরিতে পাত্রে শ্রীকৃষ্ণমুপবেশয়েৎ॥ ৩॥
নিত্যার্চ্চাবিধিনাভ্যর্চ্চ্য সায়ং সন্ধ্যামুপাস্য চ। দেবং সিংহাসনে নীত্বা গন্ধাদিভিরথার্চ্চয়েৎ॥ ৪॥

নীরাজ্য দেবং সর্ব্বেভ্যো দত্ত্বা তীর্থং ভজেৎ স্বয়ং।
দ্বাদশ্যান্তু বিশেষেণ রাত্রৌ তোয়স্থমর্চ্চয়েৎ॥ ৫॥

অথ তন্মাহাত্ম্যম্।

গারুড়ে।—

স্বর্ণপাত্রেঽথবা রৌপ্যে তাম্রে বা মৃন্ময়েঽপি বা। তোয়স্থং যোঽর্চ্চয়েদ্দেবং শালগ্রামসমুদ্ভবম্।
চক্রাঙ্কিতং বা ভূপাল নিবৃত্তে মধুমাধবে। প্রতিমাসং মহাভাগ তস্য পুণ্যমনন্তকম্॥
যাবদ্ধরাধরো লোকে যাবচ্চন্দ্রদিবাকরৌ। তাবত্তস্য কুলে কশ্চিন্ন ভবেদ্ভূপ নারকী॥
তস্মাজ্জ্যৈষ্ঠে সদা ভূপ তোয়স্থং পূজয়েদ্ধরিম্। বীততাপো নরস্তিষ্ঠেদ্যাবদাহূতসংপ্লবম্।
কৃতৈঃ সুশীতলৈস্তোয়ৈস্তুলসীদলবাসিতৈঃ॥ ৬॥

নির্ম্মিতশ্রীমূর্ত্তি-নিবেশনযোগ্যভাজনে॥৩॥ নিত্যার্চ্চায়া নিত্যং ক্রিয়মাণপূজয়া বিধির্যঃ প্রকারস্তেন ॥৪॥তীর্থং শ্রীচরণোদকং সর্ব্ববৈষ্ণবেভ্যো বিভজ্য দত্ত্বা স্বয়ং ভজেৎ প্রাশ্নীয়াৎ। দ্বাদশীরাত্রৌ চাবশ্যং জলশায়ী ভগবান্ পূজনীয় ইতি লিখতি দ্বাদশ্যামিতি। দ্বাদশ্যান্তু বিশেষণেত্যাদিগারুড়োক্তেঃ। তচ্চাগ্রে সমগ্রং ব্যক্তং ভাবি॥৫-৬॥শুচিরাষাঢ়ঃ শুক্রো জ্যৈষ্ঠঃ॥৭ তে নরা ভুবি দেবতাঃ পরমপূজ্যা

মাসে মেঘরহিত সময়ে হরিকে জলস্থ করিয়া রাখিবে, কিন্তু শীতের উপলব্ধি হইলে আর তদ্‌ভাবে রাখিবে না। ২।

অনন্তর জলে ভগবৎ-পূজাবিধি ব্যক্ত হইতেছে।— যদি রবিতাপ বশতঃ গ্রীষ্মের আধিক্য বোধ হয়, তবে মধ্যাহ্নে সুবাসিত শীতল জলপূর্ণ পাত্রে হরিকে উপবেশন করাইয়া নিত্য-পূজাবিধানে অর্চ্চনা করিবে। পরে সন্ধ্যাকালে সায়ংসন্ধ্যা সম্পাদনান্তে প্রভুকে সিংহাসনে আনয়ন করত গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে। ৪। প্রভুর আরাত্রিক সম্পাদন পূর্ব্বক বৈষ্ণবগণকে পাদামৃত দিয়া নিজেও পান করিতে হয়। দ্বাদশীর রজনীতে বিশেষ প্রকারে জলগত হরির অর্চ্চনা করিবে।৫।

অনন্তর সলিলস্থ হরির পূজনমাহাত্ম্য কথিত হইতেছে।— গরুড়-পুরাণে লিখিত আছে, কাঞ্চন-পাত্রে, রজতপাত্রে বা তাম্রপাত্রে অথবা মৃত্তিকাপাত্রে হরিকে বা শালগ্রামচক্রজ প্রভুকে জলস্থ করিয়া রাখিবে। হে রাজন্! হে মহাভাগ! মধু (চৈত্র) ও মাধব (বৈশাখ নিবৃত্ত হইলে অর্থাৎ যথাবিধানে স্থাপিত হইলে প্রতিমাসেই অনন্ত পুণ্য লাভ করা যায়। হে মহারাজ! যে সকল ব্যক্তি এই রূপে হরিকে সলিলস্থ করেন, ধরাতলে পর্ব্বত-সকলের ও চন্দ্র-সূর্য্যের স্থিতি যাবৎ তদীয় বংশের কাহাকেও নরকে গমন করিতে হয় না। অতএব হে মহারাজ! জ্যৈষ্ঠমাসে নিরন্তর সলিলগত প্রভুর অর্চ্চনা করিবে। যাঁহারা তুলসীদল দ্বারা সুরভীকৃত সুশীতল জল দ্বারা হরির পূজা করেন, তাঁহারা মহাপ্রলয় যাবৎ সন্তাপহীন হইয়া থাকেন। ৬। জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে নানারূপ পুষ্প দ্বারা জলস্থ হরির পূজা করিলে যামী যন্ত্রণা ভোগ করিতে হয় না। হরিই

শুচিশুক্রগতে কালে যেঽর্চ্চয়িষ্যন্তি কেশবম্। জলস্থং বিবিধৈঃ পুষ্পৈর্ম্মুচ্যন্তে যমযাতনাৎ ॥
জলস্রষ্টা যতো বিষ্ণুর্জলশায়ী জলপিয়ঃ। তস্মাদ্‌গ্রীষ্মে বিশেষেণ জলস্থং পূজয়েদ্ধরিম্ ॥
নীরমধ্যস্থিতং কৃত্বা শালগ্রামসমুদ্ভবম্। যোঽভ্যর্চ্চয়েন্মহাভক্ত্যা স ভবেৎ কুলপাবনঃ ॥
কর্কিরাশিগতে সূর্য্যে মিথুনস্থে বিশেষতঃ। যেনার্চ্চিতো হরির্ভক্ত্যা জলমধ্যে মহীপতে ॥ ৭ ॥
দ্বাদশ্যান্তু বিশেষেণ জলস্থং জলশায়িনম্। যোঽভ্যর্চ্চয়েৎ কৃতং তেন যজ্ঞকোটিশতম্ ভুবি ॥ ৮॥
পাত্রে গন্ধাদিকং কৃত্বা যঃ ক্ষিপেদ্‌গরুড়ধ্বজম্। দ্বাদশ্যাং পূজয়েদ্রাত্রৌ মুক্তিভাগী ভবেন্নরঃ ॥
কিঞ্চ।—

ঘনাগমে প্রকুর্ব্বন্তি জলস্থং বৈ জনার্দ্দনম্।
যে নরা নৃপতিশ্রেষ্ঠ তেষাং বৈ নরকং ধ্রুবম্ ॥ ইতি ॥ ৯ ॥

তথৈবাত্যুষ্ণসময়ে কালিন্দ্যাদৌ বিশেষতঃ। সম্পাদয়েদ্ভগবতো জলক্রীড়ামহোৎসবম্ ॥ ১০ ॥

অথ নির্জ্জলৈকাদশী।

পাদ্মে।—

শ্রীভীমসেন উবাচ।

পিতামহ হ্যশক্তোঽহমুপবাসে করোমি কিম্। অতো বহুফলং ব্রূহি ব্রতমেকমপি প্রভো ॥১১ ॥

ইত্যর্থঃ। পাঠান্তরে কোটিযজ্ঞফলভাগী ইত্যর্থঃ।৮॥ ক্ষিপেৎ স্থাপয়েৎ ॥৯॥ ন কেবলং পাত্রান্তরে জলক্রীড়া কারয়িতব্যা,নদী-সরোবরাদাবপি যথাযোগং কারয়িতব্যেতি লিখতি তথৈবেতি। পূর্ব্ব-লিখিত-প্রকারেণ। অত্র চ শ্রীমূর্ত্তিবিশেষেণ জলক্রীড়া-বিধিবিশেষোঽবগন্তব্যঃ ॥ ১০ ॥ এবার্থে অপিশব্দঃ। একমেব ব্রতং ব্রূহি বহূনাং কিংবা দ্বয়োরপ্যশক্যত্বাৎ॥১১॥কদাচিদ্‌বৃষস্থে কদাচিন্মিথু-

---

সৃজন করিয়াছেন,তিনি জলোপরি শয়ান থাকেন এবং জলই তাঁহার প্রিয়; এই জন্য গ্রীষ্মকালে বিশেষ প্রকারে তাঁহাকে জলস্থ করিয়া পূজা করিতে হয়। ভক্তিমান্ হইয়া সলিলগত শালগ্রামোদ্ভব দেবের অর্চ্চনা করিলে সেই পূজক দ্বারা বংশ পবিত্র হয়। হে ভূপতে! যিনি ভক্তিমান্ হইয়া কর্কটস্থ ভাস্করে বা বিশেষরূপে মিথুনরাশিস্থ দিবাকরে জলস্থ হরির অর্চ্চনা করেন এবং যিনি দ্বাদশীতে বিশেষ প্রকারে সলিলগত সলিলশায়ী প্রভুর পূজা করেন,তৎকর্ত্তৃক ধরাধামে শতকোটি যজ্ঞ অনুষ্ঠিত হইয়াছে জানিবে।৭-৮। দ্বাদশীর নিশাভাগে জলপাত্রে গন্ধাদি প্রদান করিয়া তাহাতে খগধ্বজ হরির অর্চ্চনা করিলে মুক্তিলাভ করিতে পারে। আরও লিখিত আছে, হে রাজসত্তম! যাহারা মেঘাগমে হরিকে সলিলস্থ করে,তাহাদিগকে নিরয়গামী হইতে হয় সন্দেহ নাই।৯। অতি গ্রীষ্মের সময় ঐ প্রকারে বিশেষরূপে যমুনাদিতে প্রভুর জলবিহার সম্পাদন করিবে। ১০।

অনন্তর নির্জ্জল একাদশীর বিষয় কথিত হইতেছে।—পদ্মপুরাণে ভীমের উক্তি আছে, হে পিতামহ! আমি উপবাসী থাকিতে অসমর্থ,অতএব কি করি? হে প্রভো! বহু-ফলপ্রদ একটী-মাত্র ব্রত মৎসকাশে কীর্ত্তন করুন্। ১১। ব্যাস বলিলেন, বৃষরাশিস্থ বা মিথুনরাশিগত আদিত্যে জ্যৈষ্ঠমাসে শুক্লা একাদশীতে জল পর্য্যন্ত ত্যাগ করিয়া যত্ন সহকারে উপবাসী থাকিবে

ব্যাস উ

বৃষস্থে মিথুনস্থেঽর্কে শুক্লা হ্যেকাদশী হি যা। জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন সোপোষ্যা জলবর্জ্জিতা ॥১২॥
স্নানে বাচমনে চৈব বর্জ্জয়িত্বোদকং বুধঃ। উপযুঞ্জীত নৈবান্যদ্ব্রতভঙ্গোঽন্যথা ভবেৎ॥ ১৩॥
উদয়াদুদয়ং যাবদ্বর্জ্জয়িত্বা জলং বুধঃ। স্বপ্রযত্নাদবাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্॥ ১৪॥
ততঃ প্রভাতে বিমলে দ্বাদশ্যাং স্নানমাচরেৎ। জলং সুবর্ণং দত্ত্বা তু দ্বিজাতিভ্যো যথাবিধি।
ভুঞ্জীত কৃতকৃত্যস্তু ব্রাহ্মণৈঃ সহিতো বশী। এবং কৃতে তু যৎ পুণ্যং ভীমসেন শৃণুষ্ব তৎ।
সংবৎসরস্য যা মধ্যে একাদশ্যো ভবন্তি হি। তাসাং ফলমবাপ্নোতি পুত্র মে নাত্র সংশয়ঃ।
ইতি মাং কেশবঃ প্রাহ শঙ্খচক্রগদাধরঃ॥

কিঞ্চ।—ধনধান্যবহা পুণ্যা পুত্রভাগ্যসুখপ্রদা। উপোষিতা নরব্যাঘ্র ইতি সত্যং ব্রবীমি তে॥
যমদূতা মহাকায়াঃ করালাঃ কামরূপিণঃ। দণ্ডপাশধরা রৌদ্রা নোপসর্পন্তি তং নরম্॥
পীতাম্বরধরাঃ শঙ্খচক্রহস্তা মনোজবাঃ। অন্তকালে নয়ন্ত্যেনং বৈষ্ণবং বৈষ্ণবীং পুরীম্॥
কিঞ্চ।—তোয়স্য নিয়মং যস্তু কুরুতে বৈষ্ণবোত্তমঃ।
ফলং কোটিসুবর্ণস্য যামে যামে স পুণ্যভাক্॥
স্নানং দানং জপং হোমং দ্বাদশ্যাং কুরুতে নরঃ। তৎসর্ব্বঞ্চাক্ষয়ং প্রাপ্তমেতৎ কৃষ্ণস্য ভাষিতম্॥
কিঞ্চাপরেণ ধর্ম্মেণ নির্জ্জলৈকাদশীং নৃপ। উপোষ্য সম্যগ্বিধিনা বৈষ্ণবং পদমাপ্নুয়াৎ॥১৫॥

লিখতি তত্রেত্যাদিনা। ব্রাহ্মণ্যা ব্রাহ্মণকুমার্য্যা সুশীলয়া বা বিধবয়া ন তু শূদ্রয়া দুঃশীলয়া বা কর্ত্তিতং। শুভম্ উত্তমং লিখিতন্যায়েন কর্ত্তিতং স্বতশ্চ অনতিস্থৌল্যাদিনা। শুচিঃ স্নানাদিনা পবিত্রঃ সন্॥ ৮৯॥ তৎ নবগুণীকৃতসূত্রং শুচিনা শুদ্ধেন জলেন প্রক্ষাল্য। অথানন্তরং মূলেন মন্ত্রেণ অষ্টোত্তরশতবারান্ অভিমন্ত্রয়েৎ॥ ৯০॥ তেন চ সূত্রেণ জ্যেষ্ঠমধ্যমকনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি ক্রমেণ শুচৌ দেশে বৈষ্ণবৈঃ সহ যজ্ঞোপবীতবৎ বধ্নীয়াদিতি লিখতি ত্রীণীতি। অস্য নবগুণীকৃতসূত্রস্য সাষ্টশতেন অষ্টোত্তরশতেন তাবদ্গুণিতেনেত্যর্থঃ। এবমগ্রেঽপি। তস্য সাষ্টশতস্যার্দ্ধেন চতুঃপঞ্চাশতা অস্য তদর্দ্ধস্য চার্দ্ধতঃ সপ্তবিংশতেত্যর্থঃ। এবং স্থৌল্যপরিমাণং লিখিত্বা দৈর্ঘ্যপরিমাণং লিখতি। প্রভোঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ ক্রমেণ জান্বাদিমাত্রাণীতি। তত্রাষ্টোত্তরশতনবসূত্রীভির্জানুপর্য্যন্তং জ্যেষ্ঠম্। চতুঃপঞ্চাশতা চোরুপর্য্যন্তং মধ্যমম্। সপ্তবিংশত্যা চ নাভিপর্য্যন্তং কনিষ্ঠমিতি জ্ঞেয়ম্॥ ৯১॥ পবিত্রাণাং মধ্যে মধ্যে চ সমভাগেন গ্রন্থীন্ বধ্নীয়াদিতি লিখতি ষট্ত্রিংশদিতি। তেষাং ত্রয়াণাং মধ্যে আদ্যে জ্যেষ্ঠে। মধ্যমে চতুর্ব্বিংশতিগ্রন্থয়ঃ কার্য্যাঃ। অন্ত্যে কনিষ্ঠে॥ ৯২॥ গ্রন্থিপরিমাণং লিখতি অঙ্গুষ্ঠেতি। অত্রাঙ্গুষ্ঠপর্ব্ব চ শ্রীভগবন্মূর্ত্তের্গ্রাহ্যম্। অন্যথা হ্রস্বশ্রীমূর্ত্তেঃ পবিত্রস্যাপি হ্রস্বত্বে যজমানাঙ্গুষ্ঠপর্ব্বপরিমিততাবদ্গ্রন্থিসন্নিবেশাভাবাৎ। তদর্দ্ধম্ অঙ্গুষ্ঠপর্ব্বার্দ্ধমিতঞ্চ মধ্যমে, তদর্দ্ধং চ অঙ্গুষ্ঠপর্ব্বপাদমিতং কনিষ্ঠে গ্রন্থিং কুর্য্যাদিত্যর্থঃ॥ ৯৩॥ সর্ব্বত্র সর্ব্বেষ্বেব পবিত্রেষু। বৈ প্রসিদ্ধৌ স্বর্থে বা। বিষমসংখ্যাকান্ অযুগ্মান্ কুত্রচিৎ পরিবারাদিপবিত্রেষ্বপি ন কুর্য্যাৎ॥ ৯৪। তস্য নবগুণীকৃতস্য সূত্রস্য। অষ্টোত্তরশতং

করিয়া তাহা আবার ত্রিগুণিত করিবে। ৮৯। তদনন্তর পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ করত বিশুদ্ধ সলিলে ধৌত করিয়া একশত অষ্টসংখ্য মূলমন্ত্রপাঠ সহকারে অভিমন্ত্রিত করিবে। ৯০। তৎপরে উক্ত ত্রিগুণিত সূত্র শ্রেষ্ঠ, মধ্যম ও কনিষ্ঠভেদে অষ্টোত্তরশত বা চতুঃপঞ্চাশৎ অথবা সপ্তবিংশতি সূত্রদ্বারা যজ্ঞসূত্রবৎ পবিত্র প্রস্তুত করিয়া দেবমূর্ত্তির জানু, উরু ও নাভিপর্য্যন্ত প্রমাণ করত তাঁহাকে প্রদান করিবে। ৯ । উৎকৃষ্ট পবিত্রে ষট্ত্রিংশৎ, মধ্যম পবিত্রে চতুর্ব্বিংশতি ও কনিষ্ঠ পবিত্রে দ্বাদশটী গ্রন্থি করাই সুধী ব্যক্তির কর্ত্তব্য অর্থাৎ পবিত্রের মধ্যে মধ্যে সমভাবে গ্রন্থি দিতে হয় ৯২। উত্তম পবিত্রে অঙ্গুষ্ঠপর্ব্বপ্রমাণ দূরে দূরে গ্রন্থি দিবে। ঐ প্রকার মধ্যম পবিত্রে অঙ্গুষ্ঠপ্রমাণের অর্দ্ধমানে আর কনিষ্ঠ পবিত্রে অঙ্গুষ্ঠার্দ্ধের অর্দ্ধ প্রমাণে গ্রন্থি দিতে হয়। ৯৩। পবিত্রের সর্ব্বস্থানেই মনোরম গোলাকৃতি গ্রন্থি বান্ধিতে হইবে, অযুগ্ম গ্রন্থি দেওয়া কদাপি কর্ত্তব্য নহে। ৯৪। অষ্টাধিক সহস্র সূত্রে পবিত্র প্রস্তুত করত তাহাতে অষ্টোত্তরশত

অষ্টোত্তরসংগ্রন্থেণ তৎসূত্রস্য পবিত্রকম্। অষ্টোত্তরশতগ্রন্থি বনমালাখ্যমাচরেৎ ॥ ৯৫ ॥
আরভ্য মুকুটং যা তু সূত্রৈর্ব্বিরচিতা শুভা। আপাদলম্বিনী মালা বনমালা প্রকীর্ত্তিতা ॥ ৯৬ ॥
কুর্য্যাদ্গন্ধপবিত্রঞ্চ সূত্রৈর্দ্বাদশভিঃ শুভৈঃ। অরত্নিপ্রমিতং তচ্চ দ্বাদশগ্রন্থিকং কৃতী ॥ ৯৭ ॥
পবিত্রাণি পরীবারদেবতানাং সমাচরেৎ। সূত্রৈস্তৈরুড়ুসংখ্যাকৈঃ কলাসংখ্যার্কসংখ্যকৈঃ ॥ ৯৮ ॥
তেষু গ্রন্থীন্ যথাশোভং বদ্ধা বহ্নেগুরোরপি সপ্তবিংশতিভিঃ সূত্রৈঃ ষড়্বিংশতিভিরাত্মনঃ ॥৯৯
যথাসম্ভবমন্যেষাং পবিত্রাণি চ কারয়েৎ। সম্পাদয়েচ্চ সর্ব্বাণি শোভনান্যেব যত্নতঃ ॥ ১০০ ॥
তথা চোক্তম্।—
বিশোভসূত্রদানেন কর্ত্তুঃ স্যাদশুভং ফলম্। পবিত্রং পরয়া ভক্ত্যা তস্মাৎ কুর্ব্বীত শোভনম্ ॥১০১
রঞ্জয়িত্বাথ কাশ্মীরাগুরুগোরোচনাদিভিঃ। বস্ত্রেণাচ্ছাদ্য পটলে স্থাপয়েত্তানি বৈণবে ॥ ১০২ ॥
ইতি পবিত্রনির্ম্মাণম্ ॥

গ্রন্থয়ো যস্মিন্ তৎ ॥৯৫॥ বনমালাপবিত্রপরিমাণং লিখতি আরভ্যেতি। মুকুটাভাবে সতি শ্রীমস্তকং গ্রাহ্যম্ ॥ ৯৬ ॥ তৈঃ নবগুণীকৃতৈঃ সূত্রৈঃ অধিবাসনার্থং সমর্প্যং পবিত্রং যত্তদ্গন্ধপবিত্রম্ ॥৯৭॥ উড়ূনি নক্ষত্রাণি,তৎসংখ্যাদিগুণিতৈঃ তৈনর্বগুণীকৃতৈঃ সূত্রৈঃ ক্রমেণ জ্যেষ্ঠমধ্যমকনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি সম্যগাচরেৎ। তত্র উড়ূনি সপ্তবিংশতিঃ। কলাঃ ষোড়শ। অর্কা আদিত্যা দ্বাদশ ॥৯৮॥ গুরোরগ্নেশ্চ রে পবিত্রে সপ্তবিংশতিভির্নবগুণীকৃতসূত্রৈঃ। আত্মনঃ যজমানস্য পবিত্রং ষড়্বিংশতিভিঃ কুর্য্যাৎ ॥ ৯৯ ॥ অন্যেষাং বৈষ্ণবাদীনাং তত্র তত্রাশক্ত্যাবপি লিখিতানি সর্ব্বাণ্যেব পবিত্রাণি সুন্দরাণ্যেব কুর্য্যাদিতি লিখতি সম্পাদয়েদিতি ॥ ১০০ ॥ বিশোভস্য শোভারহিতস্য সূত্রস্য পবিত্রস্য দানেন। কর্ত্তুর্যজমানস্য। শোভনং সুন্দরম্ ॥ ১০১। অথ নির্ম্মাণানন্তরং তানি সর্ব্বাণি পবিত্রাণি কাশ্মীরাদিনা রঞ্জয়িত্বা যথাশোভং সর্ব্বত্র গ্রন্থিষু বা রঙ্গং কারয়িত্বা বৈণবপটলসংপুটান্তঃ শুভ্রবস্ত্রেণাচ্ছাদ্য স্থাপয়েৎ। আদিশব্দেন কর্পূরাদি। তত্রাশক্তৌ কেবলকুঙ্কুমেনাপি, তত্রাপ্যশক্তৌ হরিদ্রাদিনাপীতি জ্ঞেয়ম্।

গ্রন্থি দিবে। এইরূপ করিলে সেই পবিত্রকে বনমালা বলা যায়। ৯৫। সূত্র দ্বারা প্রস্তুতীকৃত মালা যদি শিরঃপ্রদেশের মুকুট হইতে আপাদ লম্বিত হয়, তাহা হইলে তাহা বনমালা বলিয়া অভিহিত। ৯৬। বিচক্ষণ ব্যক্তি দ্বাদশসংখ্য শুভপ্রদ সূত্র দ্বারা অরত্নিপ্রমাণ (কনিষ্ঠাঙ্গুলীহীন-মুষ্টিপরিমিত) দ্বাদশগ্রন্থিযুক্ত পবিত্র প্রস্তুত করিবেন। ৯৭। সপ্তবিংশতি, ষোড়শ বা দ্বাদশসংখ্য সূত্র দ্বারা পরিবার-দেবগণের পবিত্র প্রস্তুত করিতে হয় ৯৮। নবগুণিত সপ্তবিংশতি সূত্রে গুরু ও বহ্নির এবং নবগুণীকৃত ষড়্বিংশতি সূত্রে আপনার জন্য পবিত্র প্রস্তুত করত তাহাতে শোভা নির্দ্দিষ্ট করিয়া গ্রন্থি বান্ধিবে। ৯৯। অপরাপর বৈষ্ণবগণের সম্ভবমত পবিত্র প্রস্তুত পূর্ব্বক সযত্নে অন্যান্য শোভনকর্ম্ম নিষ্পাদন করিবে। ১০০। সুদৃশ্য না হইলে সে পবিত্র দ্বারা দানকর্ত্তার অমঙ্গল ঘটে ; সুতরাং ভক্তিমান্ হইয়া মনোরম পবিত্র প্রস্তুত করাই কর্ত্তব্য। ১০১। কুঙ্কুম, অগুরু, গোরোচনা প্রভৃতি দ্বারা পবিত্র রঞ্জিত করত শুক্লবসনে আবরণ পূর্ব্বক বংশনির্ম্মিত সম্পুট (ঠোঙ্গা) মধ্যে রাখিবে। ১০২। ইতি পবিত্রনির্ম্মাণ।

কৃত্বা কৃত্যং দশম্যাঞ্চ পবিত্রারোপণায় হি। কৃষ্ণং বিজ্ঞাপ্য তদ্রাত্রিং যথা প্রাগ্লিখিতং নয়েৎ ॥১০৩

একাদশ্যাং প্রভাতে চ নিত্যকৃত্যং সমাপ্য হি। দেবালয়মুপস্কৃত্য মণ্ডলং রচয়েৎ শুভম্ ॥ ১০৪ ॥

কৃত্বা কৃষ্ণস্য নিত্যার্চ্চাং পবিত্রারোপণার্থকাম্। পূজাং বিশেষতঃ কৃত্বা কৃষ্ণং বিজ্ঞাপয়েদিদম্ ॥

১০২॥ ইদানীং পবিত্রারোপণোৎসবে দশম্যাদিদিনত্রয়কৃত্যানি লিখন্নাদৌ দশমীকৃত্যং লিখতি কৃত্বেতি। দশম্যাং কৃত্যঞ্চ যথা প্রাগ্লিখিতং পূর্ব্বং দশমীনিয়মে যল্লিখিতং তদনুসারেণ জ্ঞেয়ম্। তচ্চ দশমীনিয়মেন কৃতৈকভক্তো গিহিতকাষ্ঠেন দন্তান্ শোধয়িত্বা দ্বিরাচম্য সন্ধ্যাকৃত্যং নির্ব্বর্ত্ত্য ভগবন্তং পূজয়েদিতি। ততশ্চ পুষ্পাঞ্জলিং দত্ত্বা ভগবন্তং বিজ্ঞাপ্য—তব যাগং করিষ্যেঽহং পবিত্রময়মচ্যুত। আমন্ত্রিতোঽসি ভগবন্ পরিবারযুতো ময়েত্যাদি সং প্রার্থ্য। তস্যা দশম্যা রাত্রিঞ্চ যথা প্রাগ্লিখিতমেব ব্রহ্মচর্য্যভূশয়নাদিনিয়মেন নয়েৎ অতিবাহয়েৎ। তত্র চ কেষাঞ্চিন্মতে দশমীরাত্রিমিত্থং নীত্বা একাদশ্যাং প্রাতঃ কৃতনিত্যকৃত্যো ভগবন্তমভ্যর্চ্চ্য পবিত্রারোপণসঙ্কল্পং যথাবৎ কৃত্বা পবিত্রারোপণোপকরণানি যথাশক্তি সম্ভৃত্য গুরুং প্রণম্য সন্নিধৌ চ সতন্তুস্তামুজ্ঞয়া পবিত্রাণি কুর্য্যাদিতি। তচ্চ তস্মিন্নেবৈকাদশীদিনে পবিত্রনির্ম্মাণাত্মখিলকর্ম্মস্ব শক্তস্য তথৈব বোদ্ধব মিতি দিক্ ॥ ১০৩॥ একাদশীদিনকৃত্যং লিখতি একাদশ্যামিত্যাদি নিশীত্যন্তেন। নিত্যকৃত্যং প্রাতঃস্নানাদি। উপস্কৃত্য লেপনাদিনা বিতানবন্ধনাদিনা চালঙ্কৃত্য। শুভং মঙ্গলং সর্ব্বতোভদ্রাদি। অত্র কেষাঞ্চিন্মতেঽধিকমিদম্।—আদৌ দ্বারাধিষ্ঠাতৃদেবতার্চ্চনপূর্ব্বকং যাগমণ্ডপং প্রবিশ্য ষট্‌ত্রিংশদ্দর্ভদলৈর্ব্বেণীমরত্নিসম্মিতাং নির্ম্মায় মূলমন্ত্রেণ তাং পঞ্চগব্যবিশুদ্ধাং বিধায় ভূতশুদ্ধিং কৃত্বা পঞ্চগব্যাক্তয়া তয়া বেণ্যা সর্ব্বতো যাগমণ্ডপাভ্যন্তরং প্রোক্ষয়েৎ। ততো গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং স্বাগমোক্তপ্রকারেণ ন্যাসজালং কৃত্বা নৃসিংহবীজেন সর্ষপানভিমন্ত্র্য দিক্ষু নিক্ষিপেৎ। তাংশ্চ প্রাকারাকারেণাবস্থিতান্ বিচিন্তয়েৎ। ততশ্চ সুশীলং বেদবেদাঙ্গপারগং বৈষ্ণবমেকং হোমার্থং বিধিবৎ বৃণুয়াৎ। স চাগমোক্তপ্রকারেণ স্বগৃহ্যোক্তবিধিনাষ্টোত্তরশতমষ্টাবিংশতিবারানাজ্যাহুতীর্হুত্বা সংস্রবপাত্রে আহুতশেষাজ্যং পবিত্রসংস্কারার্থং নিক্ষিপেৎ। যজমানস্তু যথাবিধি ন্যাসান্ কৃত্বা নৈমিত্তিকীং মহাপূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং মহাপূজাং বিধিবদারভেতেতি ॥১০৪॥ নিত্যকরণীয়পূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং পুনর্বিশেষতঃ আধিক্যেন পূজাং কৃত্বা ইদং ক্রিয়ালোপেত্যাদি ॥ ১০৫॥ ক্রিয়াণাং সম্বৎসরকৃতপুণ্যানাং লোপস্য যো বিঘাতঃ পরিহারস্তদর্থম্ পবিত্রারোপণম্।

পূর্ব্বোক্তবিধানানুসারে দশমীর যাবতীয় নিয়ম সম্পাদন পূর্ব্বক পবিত্রারোপণার্থ শ্রীকৃষ্ণকে বিজ্ঞাপিত করিয়া নিশা অতিবাহন করিবে। ১০৩। একাদশীদিবসে প্রাতঃকালে নিত্যক্রিয়া সমাধা করিয়া দেবমন্দির লেপনপূর্ব্বক তাহাতে মনোরম সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কন করিবে। ১০৪। পরে হরির নিত্যপূজা শেষ করিয়া পবিত্রারোপণার্থ বিশেষার্চ্চনা সম্পাদন পূর্ব্বক শ্রীহরিকে (বক্ষ্যমাণরূপে) নিবেদন করিবে। ১০৫। হে প্রভো! হে দেব! সংবৎসরকৃত পুণ্যলোপের পরিহারার্থ আপনি যাহা বিধান করিয়াছেন, ভবদীয় প্রীত্যর্থেই আমি সেই পবিত্রার্পণ করিতেছি। হে নাথ! যাহাতে আমার কোনরূপ বিঘ্ন না ঘটে, আপনি মৎপ্রতি সেইরূপ অনুকম্পা প্রকাশ

ক্রিয়ালোপবিঘাতার্থং যত্ত্বয়া বিহিতং প্রভো। ময়ৈতৎ ক্রিয়তে দেব তব তুষ্ট্যৈ পবিত্রকম্॥
ন মে বিঘ্নো ভবেৎ তত্র কুরু নাথ দয়াং ময়ি। সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো মম ত্বং পরমা গতিঃ॥১০৬॥
দেবস্য সর্ব্বতো ন্যস্যেদ্দন্তকাষ্ঠং জলং কুশান্। মৃত্তিকাঞ্চ হরিদ্রাঞ্চ কুঙ্কুমং রোচনানি চ।
উপানহৌ সিতচ্ছত্রং চামরং ব্যজনন্তথা। যবব্রীহ্যাদিধান্যানি যথাস্থানং পৃথক্ পৃথক্॥১০৭॥
কুম্ভং শুদ্ধাম্বুনাপূর্য্য সর্ব্বতোভদ্রমণ্ডলে। দেবাগ্রতো নিধায়াস্মিন্ পবিত্রাণ্যধিবাসয়েৎ॥১০৮॥

অথ পবিত্রাধিবাসনম্।

ভগবৎপুরতস্তানি পটলস্থানি পূজয়ন্। আদাবাবাহয়েন্মূলযুক্তা তন্মনুনা বুধঃ॥১০৯॥

অথ তন্মন্ত্রঃ।

ওঁ সাম্বৎসরস্য যাগস্য পবিত্রীকরণায় ভোঃ। বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছেহ নমোঽস্তু তে॥১১০
দেবানাবাহ্য যথাস্থানং ব্রহ্মাদ্যা দেবতাস্ততঃ তত্তন্মন্ত্রৈঃ সংনিধাপ্যাক্ষতগন্ধাদিনার্চ্চয়েৎ॥ ১১॥

আদিশব্দাৎ,—উপবাসব্রতেন ত্বাং তোষয়ামি জগৎপতে। কামক্রোধাদয়ো হ্যেতে ন মে স্যুর্ব্রত-ঘাতকাঃ। অদ্যপ্রভৃতি দেবেশ যাদদ্বৈশেষিকং দিনম্। তাবদ্রক্ষা ত্বয়া কার্য্যা সর্ব্বস্যাস্য নমোঽস্তু তে ইতি গ্রাহ্যম্। তচ্চ সর্ব্বসাধরণত্বায় স্পষ্টং লিখিতম্॥ ১০৬॥ ইদানীং অধিবাসসম্ভারাসাদনং লিখতি দেবস্যেতি দ্বাভ্যাম্। সর্ব্বতঃ পরিতঃ দন্তকাষ্ঠাদীনি যথাস্থানং তত্তদ্যোগ্যস্থলে পৃথক্ পৃথক্ ন্যস্যেন্নিদধ্যাদিতি দ্বয়োরন্বয়ঃ॥ ১০৭॥ অধুনাধিবাসপ্রকারং লিখতি কুম্ভমিত্যাদিনা অবগুণ্ঠয়েদিত্যন্তেন। অস্মিন্ কুম্ভে। তদুপরি পবিত্রাণি বৈণবপটলান্তর্নিহিতান্যেব নিধায় তান্যধিবাসয়েৎ॥ ১০৮॥

তানি পবিত্রাণি। মূলযুক্তা মূলমন্ত্রযুক্তেন। তস্য পবিত্রাবাহনস্য মনুনা মন্ত্রেণ॥ ১০৯॥

অদ্য আরোপণকালে। হে আদ্যেতি বা॥ ১১০॥ তেষু পবিত্রেষু দেবতাঃ পবিত্রাধিষ্ঠাত্রীঃ যথাস্থানং স্বস্বস্থানে আবাহনমুদ্রয়া তত্তন্মন্ত্রৈরাবাহ্য সন্নিধাপ্য সন্নিধীকরণমুদ্রয়া সন্নিধীকৃত্য চক্রমুদ্রয়া সংরক্ষ্য ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য অক্ষতাদিনা পূজয়েৎ। আদিশব্দেন পুষ্প-ধূপ-দীপ নৈবেদ্য-তাম্বূলাদি॥ ১১১॥

করুন্। হে বিষ্ণো! সর্ব্বথা সর্ব্বদা আপনিই আমার একমাত্র গতি। ১০৬। (এই প্রকারে নিবেদন করিয়া) প্রভুর চারিদিকে দন্তকাষ্ঠ, সলিল, কুশ, মৃত্তিকা, হরিদ্রা, কুঙ্কুম, গোরোচনা, পাদুকাযুগল, শুভ্র ছত্র, চামর, ব্যজন, যব, ব্রীহি ও ধান্য এই সকল ভিন্ন ভিন্ন পাত্রে স্থাপন করিবে। ১০৭। প্রভুর সম্মুখে সর্ব্বতোভদ্রমণ্ডলে পবিত্র বারিপূর্ণ কুম্ভ রাখিয়া তাহাতে পবিত্র-সমূহের অধিবাস করিতে হইবে। ১০৮।

অনন্তর পবিত্রের অধিবাস কথিত হইতেছে।—প্রভুর পুরোবর্ত্তী পটলস্থিত পবিত্রগুলিকে প্রথমতঃ মূলমন্ত্রসমন্বিত আবাহনমন্ত্রে আবাহন করাই বিচক্ষণ ব্যক্তির কর্ত্তব্য। ১০৯।

অতঃপর পবিত্রের আবাহনমন্ত্র।—হে পবিত্র! বার্ষিকযাগের পবিত্রতাবিধানার্থ অদ্য বিষ্ণুধাম হইতে উপস্থিত হও, তোমাকে নমস্কার করি। ১১০। অনন্তর ঐ সমস্ত পবিত্রে ব্রহ্মা প্রভৃতি সুরবর্গের আবাহন পূর্ব্বক সন্নিধীকরণমুদ্রা দ্বারা দেবগণের সন্নিধাপন করত অক্ষত গন্ধাদি দ্বারা পূজা করিবে। ১১১।

অথ তত্র তত্র দেবতাঃ।

ব্রহ্মবিষ্ণুমহাদেবাস্ত্রীসূত্রী-দেবতাঃ স্মৃতাঃ। প্রণবো বায়ুবহ্নী চ ব্রহ্মা নাগঃ শশী রবিঃ।
শিবশ্চ বিশ্বে দেবাশ্চ নবসূত্র্যধিদেবতাঃ। ক্রিয়া চ পৌরুষী বীরা চতুর্থী চাপরাজিতা।
জয়া চ বিজয়া চৈব মুক্তিদা চ সদাশিবা। মনোময়ী তু নবমী দশমী সর্ব্বতোমুখী।
গ্রন্থীনাং দেবতাস্ত্বেতাস্তত্র তত্র নিবেদয়েৎ॥ ইতি॥

তন্মন্ত্রাঃ।

ওঁ সর্ব্বাভরণচিত্রাঙ্গ সর্ব্বদেবনমস্কৃত। লাবণ্যরূপ বিশ্বাত্মন্ জ্যেষ্ঠসূত্রং সমাশ্রয়।
ওঁ সর্ব্বলক্ষ্মীকর শ্রীশ সর্ব্বজ্ঞানরসাত্মক। নিবৃত্তরূপ বিশ্বাত্মন্ মধ্যসূত্রং সমাশ্রয়॥
ওঁ অতিবেগমরুদ্যোনে পুরুষাত্মন্ দিবস্পতে।
কনীয়ো হে প্রভো দেব তেজসা সূত্রমাশ্রয়॥ ইত্যাদি। ১১২॥
যত্র মন্ত্রো ন বর্ত্তেত তত্তন্নাম্নৈব তত্র চ। নমোঽন্তঃ সচতুর্থীক উহ্যঃ প্রাগ্লিখনাম্মনুঃ॥ ১১৩॥
অথ কৃষ্ণকরাম্ভোজে পট্টসূত্রেণ নির্ম্মিতম্। বিতস্তিমাত্রং বধ্নীয়াৎ ডোরকং মঙ্গলাত্মকম্॥

কনীয়ঃ কনিষ্ঠসূত্রমাশ্রয়। আদিশব্দাৎ বলমালায়াং তদধিষ্ঠাত্র্যাঃ প্রকৃতেরাবাহনমন্ত্রাদি। প্রকৃতে ত্বং জগন্মূর্ত্তে সর্ব্বলাবণ্যদায়িনি। শ্রীসূত্রে নিত্যকল্যাণি সান্নিধ্যং কুরু তে নম ইতি। এতচ্চ কেষাঞ্চিন্মতমিতি ব্যক্তং ন লিখিতং॥ ১১২॥ নম্বত্র কতমে মন্ত্রাস্তত্র লিখতি যত্রেতি। নমোঽন্তং নমঃশব্দান্তকং সচতুর্থীকং চতুর্থীবিভক্ত্যেকবচনসিদ্ধং তত্তন্নাম্নৈব মনুমন্ত্র উহ্যঃ। তচ্চ পূর্ব্বমেব লিখিতমস্তীতি লিখতি প্রাগিতি। প্রয়োগশ্চায়ম্।—ওঁ প্রণবায় নম ইত্যাদি॥ ১৩॥

উক্ত বিষয়ের দেবগণ ব্যক্ত হইতেছে।—ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর ইহাঁদিগকে ত্রিগুণিত সূত্রের দেবতা বলিয়া জানিবে। প্রণব, বায়ু, বহ্নি, ব্রহ্মা, নাগ, চন্দ্র, সূর্য্য, শিব ও বিশ্বেদেব এই নয় জন সূত্রের (অথবা নবগুণিত সূত্রের) দেবতা বলিয়া অভিহিত। ক্রিয়া, পৌরুষী, বীরা, চতুর্থী অপরাজিতা, জয়া, বিজয়া, মুক্তিদা, সদাশিবা এবং মনোময়ী নবমী ও সর্ব্বতোমুখী দশমী ইহাঁদিগকে গ্রন্থিদেবতা বলিয়া জানিবে। তত্তদ্গ্রন্থিতে উহাঁদিগকে নিবেদন করিতে হয়।

অনন্তর উহাঁদিগের মন্ত্র বিবৃত হইতেছে।—হে বিশ্বাত্মন্! ভবদীয় অঙ্গ নানাবিধ বিভূষণে চিত্র বিচিত্রিত, আপনি নিখিল দেবগণের প্রণম্য, আপনি লাবণ্যস্বরূপ, এই সূত্রোত্তমকে আশ্রয় করুন্। হে বিশ্বাত্মন্! আপনি সর্ব্ববিধ লক্ষ্মীপ্রদ, আপনি নিখিল জ্ঞানরসস্বরূপ ও নিবৃত্তরূপী, আপনি এই মধ্যসূত্র আশ্রয় করুন্। হে প্রভো! আপনি বেগগামী বায়ুর উৎপত্তি-স্থান, পুরুষ-রূপী ও দিবসের নায়ক; হে দেব! আপনি তেজসহ এই কনিষ্ঠসূত্রকে আশ্রয় করুন্। ১১২। যে স্থলে কোনরূপ মন্ত্রের উল্লেখ নাই, তথায় চতুর্থীবিভক্ত্যন্ত সেই দেবতার নাম উচ্চারণ পূর্ব্বক শেষে নমঃশব্দ যোগ করিয়া লইবে। তাহাই মন্ত্ররূপে পরিগণিত। ১১৩। তৎপরে শ্রীহরির করকমলে পট্টসূত্রময় কল্যাণস্বরূপ বিতস্তি পরিমিত ডোর বান্ধিয়া দিবে।

উক্ত ডোর-বন্ধনের মন্ত্র।—এই ডোর সংবৎসরকৃত অর্চ্চনার ফলপ্রদ, পবিত্রীকরণার্থ আনন্দের সহিত উহা ধারণ করুন, আপনাকে প্রণাম করি। (এই প্রকারে ডোর বন্ধন করিয়া)

অথ তত্র মন্ত্রঃ।

ওঁ সংবৎসরকৃতার্চ্চায়াঃ সম্পূর্ণফলদোঽসি যৎ। পবিত্রীকরণায়ৈতৎ কৌতুকং ধর তে নমঃ॥ইতি॥

ততো গন্ধপবিত্রঞ্চ গৃহীত্বা ধূপিতং বুধঃ। ভগবন্তং নমস্কৃত্য ভক্ত্যা সংপ্রার্থয়েদিদম্॥ ১১৪॥

আমন্ত্রিতোঽসি দেবেশ সার্দ্ধং দেবগণেশ্বরৈঃ। মন্ত্রেশৈর্লোকপালৈশ্চ সহিতঃ পরিচারকৈঃ।

আগচ্ছ ভগবন্নীশ বিধিসম্পূর্ণকারক। প্রাতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব॥ইতি॥

ততশ্চ :—বিষ্ণুতেজোদ্ভবং রম্যং সর্ব্বপাতকনাশনম্। সর্ব্বকামপ্রদং দেব তবাঙ্গং ধারয়াম্যহম্॥

অনেন মনুনা বিদ্বান্ মূলসম্পুটতেন হি। দদ্যাদ্গন্ধপবিত্রন্তৎ শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ॥ ১১৫॥

নীরাজ্য দেবং স্তুত্বা চ দত্ত্বা পুষ্পাঞ্জলিং ততঃ। তৎপবিত্রাণি তৎকুম্ভমপ্যস্ত্রমনুনাথ বা।

নৃসিংহমনুনা রক্ষেৎ কবচেনাবগুণ্ঠয়েৎ। গীতনৃত্যাদিনা কুর্য্যাদ্বিধিবজ্জাগরং নিশি॥ ১১৬॥

অথ পবিত্রার্পণম্।

প্রাতঃকৃত্যানি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
বিশেষতোঽর্চ্চয়েদ্দেবং পবিত্রাণি চ পূজয়েৎ॥ ১১৭॥

মহাবাদিত্রঘোষেণ নামসংকীর্ত্তনোৎসবৈঃ। মূলসম্পুটিতেনৈব পবিত্রাণ্যর্পয়েৎ ক্রমাৎ॥ ১১৮॥

ধূপিতং অগুর্ব্বাদিধূপযুক্তং সদ্গন্ধপবিত্রং হস্তাভ্যাং গৃহীত্বা॥ ১১৪॥ তদ্ধূপয়িত্বা গৃহীতং গন্ধপবিত্রম্॥ ১১৫॥ অস্ত্রমন্ত্রেণ নৃসিংহমন্ত্রেণ বা রক্ষেৎ। আদিশব্দেন পুরাণপাঠাদি। বিধিবিদিতি বিধিশ্চ বাচকে সত্যাদৌ পুরাণপাঠস্ততো গীতাদি। তথা প্রতিযামঞ্চ নীরাজনাদি এতচ্চাদৌ জাগরণপ্রকরণে লিখিতমস্ত্যেব॥ ১১৬॥

দ্বাদশীদিনকৃত্যং লিখতি প্রাতরিত্যাদিনা বৈষ্ণব ইত্যন্তেন। বিশেষত ইতি পবিত্রার্পণার্থং নিত্যপূজাধিকতয়েত্যর্থঃ॥ ১১৭॥ ক্রমাদিতি জ্যেষ্ঠাদিক্রমেণ যতীনাঞ্চ কনিষ্ঠাদিক্রমেণ ইতি

করদ্বয়ে গন্ধপূর্ণধূপিত পবিত্র ধারণ পূর্ব্বক ভক্তিসহকারে প্রভুকে প্রণাম করিয়া এই (বক্ষ্যমাণ) প্রার্থনা করিবে। ১১৪। হে দেবেশ! সুরবর্গের ঈশ্বর, মন্ত্র সমূহের ঈশ্বর, লোকপালবর্গ ও পরিচারকগণের সহিত আপনাকে আমন্ত্রণ করিয়াছি, হে ভগবন্! হে ঈশ! হে বিধিপূর্ণকারিন্! প্রাতঃকালে আপনার অর্চ্চনা করিব, হে কেশব! আপনি সন্নিহিত হউন্। (এইরূপে প্রার্থনা করিয়া) হে দেব! ভবদীয় বিষ্ণুতেজঃসঞ্জাত, সর্ব্বরাপহর সর্ব্বকামফলপ্রদ শোভনাঙ্গ ধ্যান করিতেছি, এই মন্ত্রকে মূল মন্ত্র দ্বারা পুটিত করিয়া তৎপাঠ সহকারে শ্রীকৃষ্ণের চরণকমলে সগন্ধ পবিত্র প্রদান করিবে। ১১৫। তৎপরে আরাত্রিক, স্তুতিবাদ ও কুসুমাঞ্জলি অর্পণ পূর্ব্বক অস্ত্রমন্ত্র (ফট্) বা নৃসিংহমন্ত্র * দ্বারা কুম্ভে ঐ পবিত্রসমূহ স্থাপনকরত কবচমন্ত্রে (হুঁ মন্ত্রে) অবগুণ্ঠন করিতে হইবে। তদনন্তর গীতনৃত্যাদি দ্বারা বিধানে নিশাজাগরণ করিতে হয়। ১১৬।

অনন্তর পবিত্রার্পণ।—প্রাতঃক্রিয়া ও নিত্যপূজা সমাধান্তে শ্রীহরিকে বিশেষরূপে পূজা করিয়া পবিত্রের অর্চ্চনা করিবে। ১১৭। মহাবাদ্য ও নামসংকীর্ত্তনরূপ উৎসব সহকারে

---

* উগ্রং বীরং মহাবিষ্ণুং জ্বলন্তং সর্ব্বতোমুখং। নৃসিংহং ভীষণং ভদ্রং মৃত্যুমৃত্যুং নমাম্যহং॥

বক্ষ্যমাণেন মন্ত্রেণ ভক্ত্যা কৃষ্ণায় বৈষ্ণবঃ। পূজাং কৃত্বা পরীবারদেবানাং তান্যথার্পয়েৎ ॥১১৯॥

অথ অর্পণমন্ত্রঃ।

কৃষ্ণ কৃষ্ণ নমস্তুভ্যং গৃহাণেদং পবিত্রকম্। পবিত্রীকরণার্থায় বর্ষপূজাফলপ্রদ ॥

পবিত্রকং কুরুষ্বাদ্য যন্ময়া দুষ্কৃতং কৃতম্। শুদ্ধো ভবাম্যহং দেব ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন ॥ ইতি ॥

মহাপূজাং ততঃ কৃত্বা স্তুত্বা নত্বার্থয়েৎ প্রভুম্। বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।

তদ্বৎ পবিত্রং তন্তুঞ্চ পূজাঞ্চ হৃদয়ে বহ ॥ ১২০

জানতাজানতা বাপি ন কৃতং যত্তবার্চ্চনম্। কেন বা বিঘ্নদোষেণ পরিপূর্ণং তদস্তু মে ॥ ১২১ ॥

তথাগ্নিং বিধিনাভ্যর্চ্য পবিত্রং তস্য চার্পয়েৎ। কৃষ্ণে নিবেদয়ন্ মন্ত্রহীনমিত্যাদিনা কৃতম্ ॥১২২॥

গুরুঞ্চ ভক্ত্যা সম্পূজ্য পবিত্রং গুরবেঽর্পয়েৎ। বৈষ্ণবেভ্যঃ পবিত্রাণি দত্ত্বৈকং ধারয়েৎ স্বয়ম্ ॥১২৩

সংপূজ্য বৈষ্ণবান্ বিপ্রান্ শক্ত্যা সংভোজ্য বন্ধুভিঃ।

সমং মহাপ্রসাদান্নং সুখং ভুঞ্জীত বৈষ্ণবঃ ॥ ১২৪ ॥

জ্ঞেয়ং ॥ ১১৮ ॥ অথ পরিবারদেবতানাং পূজাং কৃত্বা তানি তদর্থকৃতানি পবিত্রাণি তেভ্যোঽর্পয়েৎ ॥ ১১৯ ॥

ততস্তদনন্তরং ভগবতো মহাপূজাং কৃত্বা প্রভুং প্রার্থয়েদিতি লিখিতম্। তৎপ্রার্থনমেব লিখতি বনমালামিতি দ্বাভ্যাম্। সততমিতি পাঠে বহসীত্যধ্যাহার্য্যং ॥ ১২০ ॥ কেনচিদ্বিঘ্ন দোষেণ যন্ন কৃতম্। আদিশব্দেন দেবদেব জগন্নাথেত্যাদি। তচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥১২১॥ বিধিনা অগ্নিসংস্কারাদিপ্রকারেণ। স চাদাবেব লিখিতোঽস্তি। নিত্যহোমনিবর্ত্তনপূর্ব্বকং পবিত্রং মূলমন্ত্রেণ তস্মৈ সমর্পয়েৎ। ততশ্চ মন্ত্রহীনং ক্রিয়াহীনমিত্যাদি-লিখিত-প্রসিদ্ধবচনেন কৃতং কর্ম্ম সর্ব্বং কৃষ্ণে নিবেদয়েৎ॥ ১২২ ॥ একং পবিত্রং স্বয়ং যজমানো ধারয়েৎ ॥ ১২৩ ॥ বন্ধুভিঃ সমং ভুঞ্জীত ॥ ১২৪ ॥

মূলমন্ত্রে পুটিত করত ক্রমে ক্রমে পবিত্র-সমূহ প্রদান করিতে হয়। ১১৮। বৈষ্ণবজন বক্ষ্যমাণ মন্ত্র পাঠ পূর্ব্বক ভক্তিসহকারে শ্রীহরি ও তৎপরিবারবর্গের অর্চ্চনা করত পবিত্র দিবে।১১৯।

অনন্তর পবিত্রপ্রদানমন্ত্র কথিত হইতেছে —হে কৃষ্ণ! আপনি বার্ষিকী পূজার ফল অর্পণ করিয়া থাকেন, আপনাকে প্রণাম; আপনি পবিত্রকরণার্থ এই পবিত্র গ্রহণ করুন। হে আদ্য! মৎকৃত দুষ্কর্ম্ম বিশুদ্ধ করুন্। হে কেশব! আপনার অনুগ্রহে আমি যেন বিশুদ্ধ হই। তৎপরে মহাপূজা, স্তুতি ও প্রণাম পূর্ব্বক দেবদেবকে প্রার্থনা করিবে; হে প্রভো! আপনি সর্ব্বদা যেমন বক্ষঃস্থলে বনমালা ও কৌস্তুভ বহন করেন, সেইরূপ পবিত্র তন্তু ও মৎকৃত পূজাও হৃদয়ে ধারণ করুন্।১২০। জ্ঞানে বা অজ্ঞানে কোন বিঘ্ন নিবন্ধন যদি আপনার অর্চ্চনা করিয়া না থাকি, তবে আমার তাহাও যেন পরিপূর্ণ হয়। ১২১। তৎপরে বিধানে হোম করত মন্ত্রহীনং ক্রিয়াহীনং প্রভৃতি প্রথিত মন্ত্র দ্বারা কর্ম্ম সমস্ত শ্রীকৃষ্ণে অর্পণ পূর্ব্বক পবিত্র প্রদান করিবে। ১২২। পরে ভক্তিমান্ হইয়া গুরুপূজা করত তাঁহাকে পবিত্র প্রদান করিবে। তদনন্তর বৈষ্ণবদিগকে দিয়া নিজেও

অথ পবিত্রবিসর্জ্জনবিধিঃ।

তন্ত্রে।—মাসং পক্ষমহোরাত্রং ত্রিরাত্রং ধারয়েত্তথা। দেবেশং সূত্রসন্দর্ভং দেশকালানুসারতঃ।
প্রত্যহং স্নানকর্ম্মাদি সূত্রাণ্যুত্তার্য্য কারয়েৎ। অভিষিচ্যাথ তোয়েন পুনর্দেবং নিবেদয়েৎ।১২৫॥
তথান্তে দেবভ্যমর্চ্য বিশেষাৎ পুষ্পচন্দনৈঃ॥ নৈবেদ্যং বিবিধং দত্ত্বা তৎসূত্রঞ্চ বিসর্জ্জয়েৎ॥

তত্র পবিত্রবিসর্জ্জনমন্ত্রঃ।

ওঁ সাংবৎসরীং শুভাং পূজাং সম্পাদ্য বিধিবন্মম।
ব্রজেদানীং পবিত্র ত্বং বিষ্ণুলোকং বিসর্জ্জিতম্॥ ১২৫॥

যাবদ্দেবে পবিত্রাণি তাবত্তিষ্ঠেৎ সমাহিতঃ। ব্রহ্মচারী হবিষ্যাশী দেবপূজাপরায়ণঃ॥

অথ তৎফলম্।

উক্তঞ্চ বৌধায়নেন।—
এবং যঃ কুরুতে বিদ্বান্ বর্ষে বর্ষে ন সংশয়ঃ। স যাতি পরমং স্থানং যত্র দেবো নৃকেশরী॥ ১২৭॥

অথ তত্র মুখ্যগৌণকালনির্ণয়ঃ।

মুখ্যকালস্য চৈতস্য বিঘ্নতোঽপগমে সতি। ভাদ্রাদাবপি কর্ত্তব্যং পবিত্রারোপণং প্রভোঃ॥১২৮॥

সূত্রসন্দর্ভং পবিত্রাণীত্যর্থঃ। দেবস্য স্নানাদিকর্ম্মসূত্রাণি তোয়েনাভিষিচ্য তান্যেব প্রোক্ষ্য॥১২৫॥ বিসর্জ্জনমন্ত্রঃ। ওঁ সাংবৎসরীমিত্যাদি॥১২৬॥ যাবৎ পবিত্রাণি তিষ্ঠন্তীতি শেষঃ। এতস্য শ্রাবণশুক্লদ্বাদশী-লক্ষণস্য মুখ্যকালস্য॥ ১ ৭-১২৮॥ তস্যাং দ্বাদশ্যামেব॥ ১২৯॥ কর্ক-

---

একটী ধারণ করিবে। ১২৩। তদনন্তর বৈষ্ণবজন হরিমন্ত্রে দীক্ষিত বৈষ্ণবদ্বিজাতিগণকে শক্ত্যনুসারে আহার করাইয়া বন্ধুগণসহ নিজে আহার করিবেন। ১২৪।

অনন্তর পবিত্রবিসর্জ্জনবিধি।—দেশকালানুসারে এক মাস অথবা পক্ষ বা এক দিবারাত্রি কিংবা ত্রিরাত্র প্রভুকে পবিত্র ধারণ করাইতে হয়। যখন প্রভুকে স্নান করাইবে, তখন পবিত্র উত্তারণ পূর্ব্বক স্নান করাইতে হয়। ঐ সমস্ত পবিত্র সলিলসিক্ত করত পুনরায় প্রভুকে অর্পণ করিবে। ১২৫। তৎপরে প্রভুকে সচন্দন পুষ্প দ্বারা বিশেষরূপে অর্চ্চনা ও ও নৈবিদ্য অর্পণপূর্ব্বক পবিত্রসূত্র বিসর্জ্জন করিতে হয়।

পবিত্রবিসর্জ্জনের মন্ত্র।—হে পবিত্র! আমি তোমার বিসর্জ্জন করিতেছি, বিধানে সংকৃত এই বিশুদ্ধ বার্ষিকী পূজা সম্পাদন পূর্ব্বক অধুনা হরিধামে প্রস্থিত হও। ১২৬। যাবৎ প্রভুর অঙ্গে পবিত্র বিদ্যমান থাকে, ততদিন অবহিত হইয়া ব্রহ্মচারি-ভাবে হবিষ্যান্ন ভোজন করিবে এবং দেবার্চ্চনারত হইয়া থাকিবে।

উক্তবিষয়ের ফল।—বৌধায়ন ঋষির উক্তি আছে, বর্ষে বর্ষে এই পবিত্রদানরূপ মহোৎসব করিলে নিঃসন্দেহ নৃসিংহদেবাধিষ্ঠিত পরমপদে প্রস্থান করিতে পারে। ১২৭।

অনন্তর পবিত্র প্রদানের মুখ্য ও গৌণকাল নিরূপণ হইতেছে।—যদি কোন বিঘ্ন নিবন্ধন শ্রাবণের শুক্লা দ্বাদশীরূপ মুখ্যকালের অপ্রাপ্তি ঘটে, তবে ভাদ্রপ্রভৃতি মাসে দেবদেবের পবিত্রারোপণ করিবে। বিষ্ণুরহস্যেও লিখিত আছে, সূর্য্য কর্কটরাশিগত হইলে শ্রাবণের শুক্লা দ্বাদশীতে হরির পবিত্রারোপণ করিবে। কিংবা সূর্য্য সিংহ বা কন্যাগত হইলে শুক্লা দ্বাদশীতে

তথা চ বিষ্ণুরহস্যে।—

শ্রাবণস্য সিতে পক্ষে কর্কটস্থে দিবাকরে। দ্বাদশ্যাং বাসুদেবায় পবিত্রারোপণং স্মৃতম্॥

সিংহস্থে বা রবৌ কার্য্যং কন্যামপি গতেঽথবা।

তস্যামেব তিথৌ সম্যক্ তুলাস্থে ন কথঞ্চন॥১২৯॥

মন্ত্রতন্ত্রপ্রকাশে চ।—

কর্কটকং গতে সূর্য্যে তথা সিংহগতেঽপি বা। দ্বাদশ্যাং শুক্লপক্ষস্য হরের্দদ্যাৎ পবিত্রকম্॥ ৩০॥

অথ চেদ্বিঘ্নপাতেন মুখ্যকালো ন লভ্যতে।

কন্যাগতেঽপি কুর্ব্বীত যাবন্নোত্তিষ্ঠতে হরিঃ॥ ইতি॥ ১৩১॥

অথ ভাদ্রকৃত্যম্।

ভাদ্রে ভগবতো জন্মদিনে কার্য্যো মহোৎসবঃ।

বিশেষেণ মহাপূজাং ব্রতপূর্ণেন বৈষ্ণবৈঃ॥ ১৩২॥

অথ শ্রীজন্মাষ্টমীব্রতম্।

সর্ব্বৈরবশ্যং কর্ত্তব্যং জন্মাষ্টমীব্রতং নরৈঃ। নিত্যত্বাৎ পাপহারিত্বাৎ সর্ব্বার্থপ্রাপণাদপি॥

টকঃ কর্করাশিস্তং গতে॥১৩০। শ্রাবণ্যাং পৌর্ণমাস্যামৃষিতর্পণঞ্চ শাখাভেদাদিনা বহুবিধং স্যাৎ, তচ্চ,—পিণ্ডদানং পিতৃণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতম্। ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণমিত্যাদিবচনতোঽকরণপ্রত্যবায়মধ্যে স্কান্দাদিবিধানাদ্যদ্যপি নিত্যতাং লভেত, তথাপি মহদ্ভির্বৈষ্ণবধর্ম্মেষ্বসংগৃহীতত্বাদ্বৈষ্ণবানামাদরবিশেষাভাবেনাত্র বিবৃতা ন লিখিতং॥ ১৩১॥

ভগবতো জন্মদিনং রোহিণ্যষ্টমী শ্রবণাদ্বাদশী চ তস্মিন্॥ ১৩২॥

তত্র কিং পুণ্যং বিধিশ্চ কঃ॥ ১৩৩॥ যে ময়ি বাৎসল্যাৎ। যে মামিতি বা

পবিত্রারোপণ করিতে হয়, কিন্তু তুলারাশিস্থ সূর্য্যে কদাচ করিবে না। ১২৯। মন্ত্রতন্ত্রপ্রকাশে লিখিত আছে, সূর্য্য কর্কটরাশিস্থ হইলে শ্রাবণে বা সিংহরাশিস্থ হইলে ভাদ্রে শুক্লা দ্বাদশীতে কেশবকে পবিত্র প্রদান করিতে হয়। ১৩০। বিঘ্ন নিবন্ধন মুখ্যকালের অপ্রাপ্তি ঘটিলে কন্যারাশিস্থ সূর্য্যেও পবিত্র প্রদান করিতে পারে, কিন্তু শ্রীহরির উত্থানে কদাচ প্রদান করিবে না। ১৩১।

অনন্তর ভাদ্রকৃত্য বিবৃত হইতেছে।—ভাদ্রমাসে দেবদেবের জন্মাহে (রোহিণ্যষ্টমী ও শ্রবণাদ্বাদশীতে) ব্রত পূর্ণ করত বিশেষ প্রকারে মহতী পূজা সাধন পূর্ব্বক মহোৎসব করা বৈষ্ণবের কর্ত্তব্য। ১৩২।

অনন্তর জন্মাষ্টমীব্রত কথিত হইতেছে।—শাস্ত্রে জন্মাষ্টমীব্রতের নিত্যতা নির্দ্দিষ্ট আছে, এই ব্রত পাপরাশি হরণ করে এবং ইহার প্রসাদে সর্ব্বার্থসিদ্ধি হয়; সুতরাং জন্মাষ্টমীব্রত করা মানবমাত্রেরই অবশ্য কর্ত্তব্য।

অনন্তর জন্মাষ্টমীব্রতের উৎপত্তি বিবৃত হইতেছে।—ভবিষ্যোত্তরে কৃষ্ণের প্রতি যুধিষ্ঠিরের উক্তি আছে, হে অচ্যুত! আমার নিকট জন্মাষ্টমীব্রত সবিস্তর কীর্ত্তন কর। কোন্ সময়ে

অথ শ্রীজন্মাষ্টমীব্রতোৎপত্তিঃ।

ভবিষ্যোত্তরে।— শ্রীযুধিষ্ঠির উবাচ।

জন্মাষ্টমীব্রতং ব্রূহি বিস্তরেণ মমাচ্যুত। কস্মিন্ কালে সমুৎপন্নং কিং পুণ্যং কো বিধিঃ স্মৃতঃ ॥১৩৩

শ্রীকৃষ্ণ উবাচ।

হতে কংসাসুরে দুষ্টে মথুরায়াং যুধিষ্ঠির। দেবকী মাং পরিষজ্য কৃত্বোৎসঙ্গে রুরোদ হ ॥
তত্রৈব রঙ্গবাটে সা মঞ্চারূঢ়া জনোৎসবে। মল্লযুদ্ধে পুরা বৃত্তে সংস্তুতা কুকুরান্ধকৈঃ।
স্বজনৈর্ব্বহুভিঃ স্নিগ্ধৈস্তেষাং স্ত্রীভিঃ সমাবৃতা। বসুদেবোঽপি তত্রৈব বাৎসল্যাৎ প্ররুরোদ মে।
সমাগম্য পরিষজ্য পুত্র পুত্রেত্যুবাচ হ ॥ স গদ্গদগদস্বরো দীনো বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
বলভদ্রঞ্চ মাঞ্চৈব পরিষজ্যেদমব্রবীৎ ॥ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্।
যদুভাভ্যাং সুতাভ্যাং মে সমুদ্ভূতঃ সমাগমঃ। এবং হর্ষেণ দম্পত্যোর্হৃষ্টং সর্ব্বং তদা নৃপ ॥
প্রণিপত্য জনাঃ সর্ব্বে মামূচুস্তে প্রহর্ষিতাঃ। অদ্য প্রহর্ষো হ্যস্মাকমদ্য জাতো জনার্দ্দনঃ।
অদ্য মল্লাঙ্গযুদ্ধেন দুষ্টঃ কংসো নিপাতিতঃ ॥ এবং মহোৎসবং দৃষ্ট্বা সমাজে মধুসূদন।
প্রসাদঃ ক্রিয়তামস্যাঃ লোকস্যাস্যোঽপি শীঘ্রতঃ ॥ যস্মিন্ দিনে প্রসূয়েত দেবকী ত্বাং জনার্দ্দন।
তদ্দিনং দেহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবম্। সম্যগ্‌ভক্তিপ্রপন্নানাং প্রসাদং কুরু কেশব ॥

এবমুক্তে জনৌঘেন বসুদেবোঽপি বিস্মিতঃ।
বিলোক্য বলভদ্রং তং সংপ্রহৃষ্টতনূরুহঃ ॥ ১৩৪ ॥

পরার্দ্ধেনান্বয়ঃ। হেতি পাঠে স্ফুটঃ ॥ ১৩৪ ॥ এবমস্ত্বীত্যাদি-তাতসমাদেশাৎ জনৌঘায় জনসমূহং

এই ব্রতের উৎপত্তি হইয়াছে, ইহা সাধন করিলে কি পুণ্যলাভ হয় এবং উহার বিধিই বা কি-প্রকার ?। ১৩৩। শ্রীকৃষ্ণ বলিলেন, হে যুধিষ্ঠির! মথুরাপুরে দুরাচার কংসের বিনাশান্তে তত্রত্য রঙ্গভূমি সর্ব্বজনের মহোৎসবে পরিপূর্ণ হইলে মল্লযুদ্ধ সমাপনের পর দেবকী দেবী কুকুর অন্ধক প্রভৃতি অসংখ্য স্নেহপরায়ণ আত্মীয়জন কর্ত্তৃক ও তত্তৎ-রমণীগণে পরিবেষ্টিতা হইয়া আমাকে আলিঙ্গন করত অঙ্কে লইয়া ক্রন্দন করিতে আরম্ভ করিলেন। বসুদেবও তথায় মৎসমীপে গিয়া সুতবাৎসল্য নিবন্ধন আনন্দাশ্রু বর্ষণ করিতে করিতে দীনভাবে বাষ্পপুরিত নেত্রে আমাকে আলিঙ্গন পূর্ব্বক গদ্গদস্বরে "পুত্র পুত্র" শব্দ উচ্চারণ করিতে লাগিলেন। তৎপরে হলায়ুধ ও আমাকে স্নেহালিঙ্গন পূর্ব্বক বলিলেন, হে বৎসদ্বয়! তোমরা আমার পুত্র, তোমাদিগের উভয়ের সহিত মিলনে অদ্য মদীয় জন্ম সার্থক হইল, আমার জীবনও সুজীবন জ্ঞান করিলাম। হে রাজন্! সেই দম্পতী বসুদেব-দেবকীর এইরূপ আনন্দাতিরেক দর্শনে সকলেই পুলকিত হইল। তত্রত্য সকলে হর্ষ সহকারে আমাকে প্রণতি পূর্ব্বক বলিলেন, হে কৃষ্ণ! অদ্য আমাদিগের আনন্দোদয় হইল; অদ্য মল্লযুদ্ধে দুরাত্মা কংসেরও নিপাত হইল। হে মধুসূদন! এইরূপ মহোৎসব দর্শন পূর্ব্বক সমাজের প্রতি প্রীত হউন্। অপরাপর ব্যক্তির প্রতিও আশু অনুগ্রহ প্রদর্শন করুন্। হে জনার্দ্দন! দেবকী দেবী যে দিন আপনাকে প্রসব করিয়াছেন, আমরা সেই দিন উৎসব সম্পাদন করিব, আপনি আমা-

এবমস্থিতি লোকানাং কথয়স্ব যথাতথম্॥ ততস্তাতসমাদেশান্ময়া জন্মাষ্টমীব্রতম্।
মথুরায়াং জনৌঘায় পার্থ সম্যক্ প্রকাশিতম্॥ ১৩৫॥
পৌরাশ্চ তজ্জন্মদিনং বর্ষে গর্ভাষ্টমে গতে। পুনর্জ্জন্মাষ্টমীং লোকাঃ কুর্ব্বন্তু ব্রাহ্মণাদয়ঃ।
ক্ষত্রিয়া বৈশ্যজাতীয়াঃ শূদ্রা যেঽন্যেঽপি ধর্ম্মিণঃ॥ ১৩৬॥
সিংহরাশিগতে সূর্য্যে গগনে জলদাগমে। মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং কৃষ্ণপক্ষেঽর্দ্ধরাত্রকে।
শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে।
বসুদেবেন দেবক্যামহং জাতো জনাঃ স্বয়ম্॥ ১৩৭॥
এবমেতৎ সমাখ্যাতং লোকে জন্মাষ্টমীব্রতম্। ভগবত্যাশ্চ তত্রৈব কুরুধ্বং সুমহোৎসবম্।
মথুরায়াং ততঃ পশ্চাল্লোকে খ্যাতিং গমিষ্যতি॥ ১৩৮
ইত্যাকর্ণ্য যথাখ্যাতং তথা লোকৈরনুষ্ঠিতম্।
শান্তিরস্তু সুখঞ্চাস্তু লোকাঃ সন্তু নিরাময়াঃ॥ ইতি॥ ১৩৯॥

প্রতি প্রশাসিতং সমাদিষ্টম্। পাঠান্তরে পূর্ব্বং গূঢ়ং সৎ ময়াঽধুনা প্রকটিতম্॥ ১৩৫॥ কথং তদাহ পৌরাশ্চেতি। গর্ভাদষ্টমে বর্ষে গতে সতি অষ্টবর্ষবয় আরভ্যেত্যর্থঃ। যথোক্তমেকাদশী-ব্রতাধিকারিনির্ণয়ে অষ্টবর্ষাধিকো বাল ইত্যাদি॥ ১৩৬॥ হে জনাঃ! স্বয়ং স্বেচ্ছয়া সম্পূর্ণতয়া বেত্যর্থঃ। পাঠান্তরে তু দুষ্টজনসংহারার্থঃ॥ ১৩৭॥ ভগবত্যাঃ শ্রীদেবক্যাঃ। অতস্তদুৎসঙ্গ এব ভগবৎপূজনবিধিঃ। যদ্বা শ্রীদুর্গাদেব্যাঃ; প্রভাতে নবমীদিনে, যথা মম তথা কার্য্যো ভগবত্যা মহোৎসব ইতি বিধিকল্পনাস্তোক্তেঃ॥ ১৩৮॥ এতদনুষ্ঠানেন চ সর্ব্বেষাং পরমসুখং সর্ব্বদুঃখোপরমশ্চেত্যভিপ্রায়েণ ব্রতফলমাহ শান্তিরিতি॥ ১৩৯॥ তস্য চ নিত্যতাং ত্রিধা লিখতি

দিগকে অনুমতি প্রদান করুন্। হে কেশব! আমরা ভক্তিমান্ হইয়া সম্যক্‌বিধানে আপনার শরণ গ্রহণ করিলাম, আমাদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করুন্। সভাতলে সর্ব্বজনের মুখেই এই বাক্য উচ্চারিত হইলে বসুদেব পরম বিস্ময়াপন্ন হইয়া বলদেবের দিকে দৃষ্টিপাত করত আনন্দে রোমাঞ্চিত-কলেবরে (আমাকে) বলিতে আরম্ভ করিলেন। ১৩৪। হে কৃষ্ণ! সমস্তলোকের প্রার্থনা পূর্ণ হউক্, তুমি যথাযথ আজ্ঞা প্রদান কর। হে নৃপ! তৎপরে পিতার অনুমতি অনুসারে মথুরানগরে মানবগণের সম্বন্ধে আমি জন্মাষ্টমীব্রত প্রকাশিত করিলাম। ১৩৫। পৌরগণ এবং অন্যান্য ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রাদি অপরাপর ধর্ম্মাবলম্বিগণ অষ্টম বর্ষ বয়ঃক্রম হইতে আরম্ভ করিয়া অশীতিবর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত জন্মাষ্টমী নামক মহাব্রত সাধন করুক্। ১৩৬। হে মানবগণ! সূর্য্য সিংহরাশিতে গমন করিলে আকাশে মেঘোদয় হইলে ভাদ্রমাসীয় কৃষ্ণাষ্টমীর অর্দ্ধনিশাভাগে বৃষরাশিস্থ শশধরে রোহিণীনক্ষত্রে বসুদেবের ঔরসে দেবকীর গর্ভে আমার জন্ম হয়। ১৩৭। এইরূপে এই জন্মাষ্টমী জনসমাজে প্রসিদ্ধি লাভ করিয়াছে। মথুরানগরীতে ভগবতী দেবকী বা দুর্গাদেবীরও ঐপ্রকার মহোৎসব সম্পাদন কর। তদনন্তর মানবগণের মধ্যে প্রসিদ্ধ হইবে। ৩৮। হে পার্থ! আমি যেরূপ কহিলাম, এই কথা শুনিয়া মানবগণ তদনুরূপ আচরণ করিল। শান্তি হউক্, আনন্দোদয় হউক্ এবং

নিত্যত্বঞ্চ পরন্তস্য ভগবৎপ্রীণনাত্মতম্। বিধিবাক্যবিশেষাচ্চাকরণে প্রত্যবায়তঃ ॥ ১৪০ ॥

অথ জন্মাষ্টমীব্রতনিত্যত্বম্।

তত্র শ্রীভগবৎপ্রীণনং বিধিশ্চ।

স্কান্দে।—প্রহ্লাদাদ্যৈশ্চ ভূপালৈঃ কৃতা জন্মাষ্টমী শুভা। শ্রদ্ধয়া পরয়া বিষ্ণোঃ প্রীতয়ে কৃষ্ণবল্লভা॥

কিঞ্চ।—প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা শ্রাবণস্যাসিতাষ্টমী। বর্ষে বর্ষে তু কর্ত্তব্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ॥

অথাকরণপ্রত্যবায়ে প্রথমং ভোজনে প্রত্যবায়ঃ।

শ্রীবিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসংবাদে।—

শূদ্রান্নেন তু যৎ পাপং শবহস্তস্থভোজনে।
তৎ পাপং লভতে পুংভির্জগ্ধস্যাং ভোজনে কৃতে॥ ১৪১ ॥

গৃধ মাংসং খরং কাকং শ্যেনং বা মুনিসত্তম। মাংসঞ্চ দ্বিপদাং ভুক্তং ভুক্তং জন্মাষ্টমীদিনে॥ ১৪২

নিত্যত্বঞ্চেতি। পরং কেবলং পরমং বা। ভগবৎপ্রীতিহেতুশ্রবণেন বৈষ্ণবানামবশ্যং ভক্ত্যা প্রবৃত্তেঃ। বিধিবাক্যবিশেষশ্চাত্র বর্ষে বর্ষে তু কর্ত্তব্যেতি। তস্মাৎ শ্রাবণস্যেতি মুখ্যচান্দ্রমাসপ্রায়েণ। এবমগ্রেঽপি॥ ১৪০॥

বিষ্ণোঃ প্রীতয়ে ইতি কৃষ্ণবল্লভেতি তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ইতি ভগবৎপ্রীণনদ্বারা বর্ষে বর্ষে তু কর্ত্তব্যেতি বীপ্সাবিধিবাক্যদ্বারা চ বসন্তে জ্যোতিষা যজেতেতিবদ্বীপ্সয়া নিত্যত্বম্ লিখিত্বা ইদানীমকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি শূদ্রান্নেনেত্যাদিনা চতুর্দ্দশেত্যন্তেন। অত্র চ প্রত্যবায়ো দ্বিধা। অভোজনেন শক্তৌ পূজাদিমহোৎসবকরণেন চ ঈদৃগ্বিধনিয়ম এব ব্রতশব্দেনাভিধীয়তে তত্রাদৌ পরমং নিন্দ্যং ভোজনপ্রত্যবায়ং লিখতি শূদ্রেতি ষড়্ভিঃ। শূদ্রস্যাবৈষ্ণবস্যান্নেন। যদ্বা অনাপদি ব্রাহ্মণস্য তেন যৎ পাপং স্যাৎ॥১৪১॥ জন্মাষ্টমীদিনে যেন ভুক্তং তস্য গৃধ্রমাংসাদ্যভক্ষ্যভক্ষণপাপং স্যাদিত্যর্থঃ॥১৪২॥ পাপমেব ভক্তং তদ্দিনেঽন্নস্য সর্ব্বপাপময়ত্বাৎ পাপফলোপভোগস্য

যাবতীয় লোক নীরোগ থাকুক। ১৩৯। ভগবান্ হরির প্রীতি উৎপন্ন হয়, বৎসরে বৎসরে কর্ত্তব্য বলিয়া শাস্ত্রবিধি আছে এবং না করিলে (অধোগতিরূপ) অনিষ্ট হয়, এই ত্রিবিধ কারণেই জন্মাষ্টমীর ব্রতের নিত্যত্ব জানিবে। ১৪০।

অতঃপর জন্মাষ্টমী-ব্রতের সেই নিত্যতা কথিত হইতেছে। প্রথমতঃ নিত্যতার উক্ত ত্রিবিধ কারণের মধ্যে ভগবৎপ্রীণন ও বিধি বিবৃত হইতেছে।—স্কন্দপুরাণে কথিত আছে, প্রহ্লাদ প্রভৃতি নৃপবর্গ শ্রীহরির প্রীত্যর্থে মহতী শ্রদ্ধা সহকারে হরিপ্রিয় পবিত্র জন্মাষ্টমীব্রত সাধন করিয়াছিলেন। আরও লিখিত আছে, চক্রপাণি হরির প্রীত্যর্থ বর্ষে বর্ষে রোহিণীনক্ষত্রান্বিত শ্রাবণী কৃষ্ণাষ্টমীতে এই ব্রতের অনুষ্ঠান করিতে হয়।

অনন্তর জন্মাষ্টমী না করিলে যে প্রত্যবায় ঘটে, তন্মধ্যে প্রথমতঃ ভোজনে যে প্রত্যবায় হয়, তাহাই কথিত হইতেছে।—বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, জন্মাষ্টমীতে আহার করিলে শূদ্রান্ন (অবৈষ্ণবান্ন বা অনাপৎকালে ব্রাহ্মণের শূদ্রান্ন) ভোজনজনিত ও শবহস্তস্থ দ্রব্যভক্ষণজনিত পাপে লিপ্ত হইতে হয়। ১৪১। হে মুনিসত্তম! যে ব্যক্তি জন্মাষ্টমীতে

জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তং দ্বিজোত্তম। ত্রৈলোক্যসম্ভবং পাপং ভুক্তমেব ন সংশয়ঃ ॥১৪৩॥
কিঞ্চ। জয়ন্তীবাসরে প্রাপ্তে করোত্যুদরপূরণম্। পীড্যতে তিলমাত্রন্তু যমদূতৈঃ কলেবরম্॥১৪৪
যো ভুঙ্ক্তে চ বিমূঢ়াত্মা জয়ন্তীবাসরে নৃপ। ন তস্য নরকোত্তারো দ্বাদশীং চ প্রকুর্ব্বতঃ ॥১৪৫॥
অতীতানাগতন্তেন কুলমেকোত্তরং শতম্। পাতিতং নরকে ঘোরে ভুঞ্জতা কৃষ্ণবাসরে ॥১৪৬॥

অথোপবাসপূর্ব্বকপূজাবিশেষমহোৎসবাদিব্রতত্যাগপ্রত্যবায়ঃ।

তত্রৈব।— যে ন কুর্ব্বন্তি জানন্তঃ কৃষ্ণজন্মাষ্টমীব্রতম্।
তে ভবন্তি মহাপ্রাজ্ঞ ব্যালা মহতি কাননে ॥ ১৪৭ ॥

ব্রহ্মহত্যা সুরাপানং গোবধঃ স্ত্রীবধোঽপি বা। ন লোকো মুনিশার্দ্দূল জয়ন্তীবিমুখস্য চ ॥১৪৮॥
বর্ষে বর্ষে তু যা নারী কৃষ্ণ জন্মাষ্টমীব্রতম্। ন করোতি মহাপ্রাজ্ঞ ব্যালী ভবতি কাননে ॥১৪৯

সত্যঃ প্রত্যাসত্তের্ব্বা ॥ ১৪৩॥ যঃ করোতি তস্য কলেবরং তিলমাত্রং তিলশঃ পীড্যতে। তিল মাত্রমিত্যস্য পূর্ব্বেণৈব বান্বয়ঃ। তিলমাণমল্পমপ্যুদরপূরণং যঃ করোতীত্যর্থঃ ॥ ১৪৪ ॥ অপ্যর্থে চকারঃ। দ্বাদশীমপি প্রকুর্ব্বতঃ দ্বাদশীব্রতেনাপি জন্মাষ্টমীব্রতোল্লঙ্ঘনমহাপরাধানপগমাৎ ॥১৪৫॥ কৃষ্ণবাসরে শ্রীকৃষ্ণজন্মদিনে ॥ ১৪৬ ॥

জানন্তঃ জানন্তোঽপীত্যজ্ঞানেনাকরণাৎ পাপমল্পমিত্যভিপ্রেতম্। যদ্বা জ্ঞানবন্তোঽপি ব্যালা ভবন্তীত্যর্থঃ। ব্রতমিত্যনেন যদ্যপ্যভোজনং পূজামহোৎসবাদিকমপি সর্ব্বং গৃহ্যতে তথাপ্যত্র ভোজনাদিশঙ্কাভাবাৎ পূজাদিমহোৎসবপরমেব তদ্‌গ্রাহ্যং। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥১৪৭॥তস্য তদ্বিমুখস্য ব্রহ্মঘ্নঃ সুরাপস্য। তস্য গোবধঃ স্ত্রীবধোঽপি জাতঃ। পাঠান্তরং সুগমম্। অতো লোকঃ ঐহিকামুষ্মিকসুখং সর্ব্বমেব ন ভবতীত্যর্থঃ ॥ ১৪৮॥ সভর্তৃকাপি যোষিৎ কুর্য্যাদিতি লিখতি বর্ষে বর্ষে ইতি। অয়ং শ্লোকঃ কচিন্ন তিষ্ঠেদপি ॥ ১৪৯॥ বিত্তশাঠ্যেনেতি পাঠে অল্প-

---

আহার করে, তাহার সেই আহার গৃধ্র, গর্দ্দভ, বায়স, শ্যেন ও মনুষ্যের মাংস-সেবন তুল্য হয় ।১৪২। হে বিপ্রশ্রেষ্ঠ! জন্মাষ্টমীদিনে আহার করিলে ত্রিভুবনস্থ নিখিল পাতক সেবন করা হয় সন্দেহ নাই।১৪৩। আরও লিখিত আছে, জয়ন্তীদিনে (জন্মাষ্টমীতে) তিলমাত্র উদরপূর্ণ করিলেও (স্বল্পমিত ভোজন করিলেও) শমনকিঙ্করগণ সেই ব্যক্তির দেহে তিল তিল প্রমাণে যাতনা প্রদান করে।১৪৪। হে রাজন্! যে ব্যক্তি মুগ্ধমনা হইয়া জয়ন্তীতে আহার করে, দ্বাদশীব্রত সাধন করিলেও তাহার নিরয়বাস হইতে পরিত্রাণ নাই।১৪৫। শ্রীহরির জন্মাহে আহারে তদীয় অতীত ও ভাবী শতপুরুষ ভীষণ নরকে নিমগ্ন হয়।১৪৬।

অনন্তর উপবাস করিয়াও অর্চ্চনাবিশেষ-মহোৎসবাদি ব্রত ত্যাগ করিলে যে প্রত্যবায় ঘটে, তাহা বিবৃত হইতেছে।—উক্ত বিষ্ণুরহস্যেই লিখিত আছে, হে মহাবুদ্ধে! জ্ঞানী হইয়াও জন্মাষ্টমীবিমুখ হইলে ভীষণ বনমধ্যে ভুজঙ্গ হইয়া বাস করিতে হয়।১৪৭। হে তাপসশ্রেষ্ঠ! জয়ন্তীব্রতে বিমুখ হইলে ইহ বা পর কোন লোকেও সুখের আশা নাই; অধিকন্তু, ব্রহ্মহত্যা, মদ্যপান, গোহত্যা ও নারীহত্যাপাপে লিপ্ত হইতে হয়।১৪৮। হে মহামতে! যে সধবা নারী প্রতিবৎসর জন্মাষ্টমী ব্রত সম্পাদন না করে, সে ভুজঙ্গীরূপ ধারণ পূর্ব্বক বনমধ্যে বাস করিয়া থাকে।১৪৯

শ্রাবণে বহুলে পক্ষে কৃষ্ণজন্মাষ্টমীব্রতম্। ন করোতি নরো যস্তু স ভবেৎ ক্রূররাক্ষসঃ।
শ্রাবণে বহুলে পক্ষে ন করোতি যদাষ্টমীম্। ক্রূরায়ুধাঃ ক্রূরমুখা হিংসন্তি যমকিঙ্করাঃ।
ন করোতি যদা বিষ্ণোর্জ্জয়ন্তীসম্ভবং ব্রতম্। যমস্য বশমাপন্নঃ সহতে নারকীং ব্যথাম্॥
কিঞ্চ তত্রৈব।—
কৃষ্ণজন্মাষ্টমীং ত্যক্ত্বা যোঽন্যব্রতমুপাসতে। নাপ্নোতি সুকৃতং কিঞ্চিদ্দৃষ্টং শ্রুতমথাপি বা॥
কিঞ্চ।—তুষ্ট্যর্থং দেবকীসূনোর্জ্জয়ন্তীসম্ভবং ব্রতম্। কর্ত্তব্যং বিত্তশাঠ্যেন ভক্ত্যা ভক্তজনৈরপি।

অকুর্ব্বন্ যাতি নিরয়ং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥ ১৫০॥

অথ শ্রীজন্মাষ্টমীমাহাত্ম্যম্।

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে জন্মাষ্টমীব্রতকথনে।—
একেনৈবোপবাসেন কৃতেন কুরুনন্দন সপ্তজন্মকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ॥
পুত্রসন্তানমারোগ্যং সৌভাগ্যমতুলং লভেৎ। সত্যধর্ম্মরতো ভূত্বা মৃতো বৈকুণ্ঠমাপ্নুয়াৎ॥
তত্র নিত্যং বিমানেন বর্ষলক্ষং যুধিষ্ঠির। ভোগান্নানাবিধান্ ভুক্ত্বা পুণ্যশেষাদিহাগতঃ।
সর্ব্বকামসমৃদ্ধে তু সর্ব্বদুঃখবিবর্জ্জিতে। সর্ব্বধর্ম্মযুতে পার্থ সর্ব্বগোকুলসঙ্কুলে।
তস্মিন্রাষ্ট্রে প্রভুভুঙ্‌ক্তে দীর্ঘায়ুর্মনসেপ্সিতান্। ভোগানন্তে চ পরমং পদং যাত্যপুনর্ভবম্॥
তৎকুলে রূপবিখ্যাতা জায়ন্তে হৃদয়ঙ্গমাঃ। যস্মিন্ সদৈব দেশে তু লিখিতং বাপি চর্চ্চিতম্।
মম জন্মদিনং পুণ্যং সর্ব্বালঙ্কারশোভিতম্। পূজ্যতে পাণ্ডবশ্রেষ্ঠ জনৈরুৎসবসংযুতম্॥ ১৫ ॥

বিত্তব্যয়েনাপি কর্ত্তব্যং, ন তু বিত্তব্যয়ভয়াৎ ত্যক্তব্যমিত্যর্থঃ। বিত্তমানেনেতি পাঠে তু ধনানুসারেণেত্যর্থঃ। ভক্তজনৈরকিঞ্চনবৈষ্ণবৈরপি ভক্ত্যা কর্ত্তব্যমেব॥ ১৫০॥

লিখিতং তত্তন্মূর্ত্ত্যাদি-চিত্রণেন পটাদাবঙ্কিতঞ্চর্চ্চিতং চন্দনচূর্ণাদিভূষিতং সৎ। যদ্বা। পুস্তকে লিখিতং বর্ণময়ত্বেন, চর্চ্চিতং পটাদিষু চিত্রিতং বাপীত্যর্থঃ॥ ১৫১॥ ঈতয়শ্চোক্তাঃ —অতি-

---

শ্রাবণী কৃষ্ণাষ্টমীতে ব্রত সাধন না করিলে তাহাকে ক্রূররাক্ষসরূপে জন্মগ্রহণ করিতে হয়। শ্রাবণী কৃষ্ণাষ্টমীতে ব্রত না করিলে বিকটানন ভীষণকায় অস্ত্রধারী শমনকিঙ্করগণ তৎপ্রতি হিংসাচরণ করে। হরির জয়ন্তীজনিত ব্রত না করিলে শমনরাজের বশীভূত হইয়া নারকী যন্ত্রণা ভোগ করিতে হয়। আরও লিখিত আছে, জন্মাষ্টমীব্রত বিসর্জ্জন পূর্ব্বক ব্রতান্তরের অনুষ্ঠান করিলে কি দৃষ্ট কি শ্রুত কোনরূপ পুণ্যই প্রাপ্ত হইতে পারে না। আরও লিখিত আছে, ধনী ব্যক্তি ভক্তবর্গ সহ মিলিত হইয়া দেবকীসুত হরির প্রীত্যর্থ ভক্তি সহকারে জয়ন্তীব্রতের অনুষ্ঠান করিবে। নতুবা চতুর্দ্দশ ইন্দ্রপাত যাবৎ নরকে অবস্থিতি করিতে হইবে।১৫০।

অতঃপর জন্মাষ্টমীমাহাত্ম্য বিবৃত হইতেছে।—ভবিষ্যোত্তর-পুরাণে শ্রীকৃষ্ণযুধিষ্ঠির-সংবাদে জন্মাষ্টমীব্রতকথনে লিখিত আছে, হে কৌরব! একটীমাত্র জন্মাষ্টমীর উপবাস করিলে সপ্তজন্মার্জ্জিত পাতকের বিমুক্তি হয় সন্দেহ নাই; এবং সন্ততি, আরোগ্য ও সৌভাগ্য প্রাপ্ত হইয়া থাকে। সেই ব্যক্তি সত্যধর্ম্মপরায়ণ হইয়া দেহান্তে বৈকুণ্ঠে প্রস্থান করে। হে

পরচক্রভয়ন্তত্র ন কদাচিদ্ভবত্যুত। পর্জ্জন্যঃ কামবর্ষী স্যাদীতিভ্যো ন ভয়ং ভবেৎ ॥১৫২॥
গৃহে বা পূজ্যতে যস্মিন্ দেবক্যাশ্চরিতং মম। তত্র সর্ব্বসমৃদ্ধিঃ স্যান্নোপসর্গাদিকং ভয়ম্ ॥
পশুতো নকুলাদ্ব্যালাৎ পাপরোগাচ্চ পাতকাৎ। রাজতশ্চৌরতো বাপি ন কদাচিদ্ভয়ং ভবেৎ ॥
কিঞ্চ।—যস্মিন্ গৃহে পাণ্ডুপুত্র লিখ্যতে দেবকীব্রতম্। ন তত্র মৃতনিষ্ক্রান্তির্ন গর্ভপতনং তথা ॥
ন চ ব্যাধিভয়ং তত্র ভবেদিতি মতং মম। ন বৈধব্যং ন দৌর্ভাগ্যং ন দন্তঃ কলহো গৃহে ॥ ১৫৪
সম্পর্কেনাপি যঃ কুর্য্যাৎ কশ্চিজ্জন্মাষ্টমীব্রতম্। বিষ্ণুলোকমবাপ্নোতি সোঽপি পার্থ ন সংশয়ঃ ॥
জন্মাষ্টমীজনমনো-নয়নোৎসবাঢ্যা, পাপাপহা সপদি নন্দিতনন্দগোপা।
যো দেবকীং সদয়িতাং যজতীহ তস্যাম্, পুত্রানবাপ্য সমুপৈতি পদং স বিষ্ণোঃ ॥ ১৫৬ ॥

বৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নশ্চ রাজানঃ ষড়েতা ঈতয়ঃ স্মৃতাঃ ॥ ইতি ॥ ১৫২ ॥ দেবক্যা মম চরিতং তথৈব লিখিতং জন্মদিনবৃত্তম্। উপসর্গা বিবিধোপদ্রবাঃ। আদিশব্দাৎ নরকাদি তদ্রূপং ভয়ম্। উপসর্গাদিজমিতি বা পাঠঃ। উপসর্গানেবাভিব্যঞ্জয়তি পশুত ইত্যাদি ॥ ১৫৩ ॥ দেবকীব্রতমিতি আত্মনা সহ তস্যা অভেদাভিপ্রায়েণ। যদ্বা তত্তপঃফলরূপং মজ্জন্মদিনব্রতমিত্যর্থঃ। পাঠান্তরং সুগমম্। মৃতনিষ্ক্রান্তির্ন ভবতি, কিন্তু জীবন্নেব গর্ভাৎ নিষ্ক্রামতীত্যর্থঃ। গর্ভস্য পতনং স্রাবশ্চ ন ভবতি ॥ ১৫৪ ॥ সম্পর্কেণ প্রসঙ্গেনাপি কেনচিৎ ॥ ১৫৫ ॥ সদয়িতাং শ্রীবসুদেবযুক্তাম্ ॥ ১৫৬ ॥ কৌমারমত্র পৌগণ্ডং কৈশোরঞ্চ

যুধিষ্ঠির! সেই ব্যক্তি বিমানারূঢ় হইয়া বৈকুণ্ঠে গমন পূর্ব্বক তথায় লক্ষবর্ষ পর্য্যন্ত নানা ভোগ উপভোগ করিয়া পুণ্যক্ষয় হইলে নরলোকে আগমন পূর্ব্বক সর্ব্বকামপূর্ণ, দুঃখহীন, ধর্ম্মপরায়ণ ও দীর্ঘায়ু হয়, গোগণসঙ্কুল সাম্রাজ্য লাভ করে এবং রাজ্যেশ্বর হইয়া বিবিধ উপাদেয় ভোগ সম্ভোগ পূর্ব্বক অপুনর্ভব পরমপদে প্রস্থান করে। তদীয় বংশে রূপবান্ ও হৃদয়বান্ মহাত্মগণের জন্ম হয়। হে পাণ্ডবসত্তম! যে দেশে মানবগণ নিরন্তর চিত্রপটে মদীয় পবিত্র জন্মদিন অঙ্কিত অথবা চর্চ্চিত, সর্ব্বাভরণভূষিত ও উৎসবান্বিত করিয়া পূজা করে, কদাচ তাহাদের পরচক্রভয়ের আশঙ্কা থাকে না, সেই দেশে মেঘ কামবর্ষী হয় অর্থাৎ যথাকালে বারিবর্ষণ করে এবং তথায় ঈতিভয়ও বিদ্যমান থাকে না। ১৫১-১৫২। দেবকী-চরিত ও মদীয় জন্মবৃত্তান্ত গৃহে লিখিত থাকিলে তথায় সর্ব্বসমৃদ্ধি সমুপস্থিত হয় এবং উপসর্গাদি-ভয়, পশু, ভুজঙ্গ, পাপরোগ, পাপ, নৃপতি ও চৌরভয়েরও আশঙ্কা থাকে না। ১৫৩। হে পাণ্ডব! মদীয় জন্মবৃত্তান্ত লিখিত থাকিলে সেই স্থানে মৃত সন্তান প্রসূত হয় না, গর্ভপাতের আশঙ্কা থাকে না, এবং ব্যাধি, বৈধব্য, দৌর্ভাগ্য ও দম্ভ-কলহেরও উৎপত্তি হয় না, ইহাই মদীয় অভিমত জানিবে। ১৫৪। হে পার্থ! প্রসঙ্গতঃ জন্মাষ্টমীব্রত করিলেও নিঃসন্দেহ হরিধাম প্রাপ্ত হওয়া যায়। ১৫৫। জন্মাষ্টমী সর্ব্বজন-মনোহারিণী, নয়নোৎসব-বিধায়িনী, পাতকহারিণী ও নন্দগোপের আনন্দবিধায়িনী। ঐ দিনে বসুদেব ও দেবকীর অর্চ্চনা করিলে পুণ্যবান্ হইয়া (অন্তে) হরির পরম পদে গমন করিতে পারে। ১৫৬। বিষ্ণুধর্ম্মে লিখিত আছে, হে বিপ্রশ্রেষ্ঠ! কৃষ্ণাষ্টমীতে

বিষ্ণুধর্ম্মে।—রোহিণী চ যদা কৃষ্ণপক্ষেঽষ্টম্যাং দ্বিজোত্তম।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ॥
যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে বার্দ্ধকেঽপি যৎ। সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু।
তৎ ক্ষালয়তি গোবিন্দং তস্যামভ্যর্চ্চ্য ভক্তিতঃ॥ ১৫৭॥
হোমযজ্ঞাদিদানানাং ফলঞ্চ শতসম্মিতম্। সম্প্রাপ্নোতি ন সন্দেহো যচ্চান্যৎ মনসেপ্সিতম্।
উপবাসশ্চ তত্রোক্তো মহাপাতকনাশনঃ॥

বিষ্ণুরহস্যে।—
জয়ন্ত্যামুপবাসন্তু কৃত্বা যোঽর্চ্চয়তে হরিম্। তস্য জন্মশতোদ্ভূতং পাপং নশ্যতি সর্ব্বথা॥
কৌমারে যৌবনে বাল্যে বার্দ্ধকে যদুপার্জ্জিতম্। তৎ পাপং শময়েৎ কৃষ্ণস্তিথাবস্যাং সুপূজিতঃ।
স্নানং দানং তথা হোমঃ স্বাধ্যায়োঽথ জপস্তপঃ। সর্ব্বং শতগুণং প্রোক্তং জয়ন্ত্যাং যৎ কৃতং হরেঃ।
ধনধান্যবহা পুণ্যা সর্ব্বপাপহরা শুভা। সংপোষ্যা নরৈর্যত্নাজ্জয়ন্তী কৃষ্ণভক্তিদা॥
ব্রহ্মপুরাণে পূর্ব্বখণ্ডে জন্মাষ্টমীমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ।—
যা তু কৃষ্ণাষ্টমী নাম বিশ্রুতা বৈষ্ণবী তিথিঃ। তস্যাঃ প্রভাবমাশ্রিত্য পূতাঃ সর্ব্বে কলৌ জনাঃ॥
শ্রাবণে মাসি বহুলা রোহিণীসংযুক্তাষ্টমী। জয়ন্তীতি সমাখ্যাতা সর্ব্বাঘৌঘবিনাশিনী॥
তস্যাং বিষ্ণুতিথৌ কেচিদ্ধন্যাঃ কলিযুগে জনাঃ। যেঽভ্যর্চ্চয়ন্তি দেবেশং জাগ্রতঃ সমুপোষিতাঃ॥
ন তেষাং বিদ্যতে ক্বাপি সংসারভয়মুল্বণম্। যত্র তিষ্ঠন্তি তে দেশে কলিস্তত্র ন তিষ্ঠতি॥

তস্মিন্। এবমগ্রেঽপ্যূহ্যম্॥ ১৫৭॥ শ্রেয় ঐহিকামুষ্মিকসুখম্। তপঃ স্বধর্ম্মাচরণং কৃচ্ছ্রাদি বা।

রোহিণীনক্ষত্রের যোগ হইলেই তাহাকে জয়ন্তী কহে; ঐ তিথি নিখিল-পাপনাশিনী। জয়ন্তী-দিবসে ভক্তিমান্ হইয়া জনার্দ্দনের অর্চ্চনা করিলে বাল্যে, কৌমারে, যৌবনে ও বৃদ্ধাবস্থায় যে সমস্ত পাপ সঞ্চিত হয় এবং সপ্ত জন্মে যে যে পাতক করা যায়, তাহা ভূরিপ্রমিত বা অল্পই হউক হরি তৎসমস্ত বিনাশ করেন। ১৫৭। জয়ন্তীদিনে উপবাসী থাকিলে মহাপাপের হ্রাস হয়; হোম যজ্ঞ দানাদি যে কোন কার্য্য করা যায়, তাহা শতগুণ ফল প্রদান করে এবং নিঃসন্দেহ মনোভীষ্ট সুসিদ্ধ হয়। বিষ্ণুরহস্যে লিখিত আছে, জয়ন্তীর উপবাস পূর্ব্বক হরির অর্চ্চনা করিলে শতজন্মকৃত পাপ সর্ব্বথা বিধ্বস্ত হইয়া যায়। জয়ন্তীর উপবাস পূর্ব্বক শ্রীকৃষ্ণের পূজা করিলে ভগবান্ অর্চ্চিত হইয়া কৌমার, যৌবন, বাল্য ও বার্দ্ধক্যকৃত নিখিল পাপ দূর করিয়া দেন। শ্রীহরির জয়ন্তীদিবসে স্নান, দান, হোম, স্বাধ্যায়, জপ, তপ প্রভৃতি যে কোন কার্য্যের অনুষ্ঠান করা যায়, তৎসমস্ত শতগুণ ফলপ্রদ হয়। হে নরগণ! হরিভক্তিপ্রদায়িনী জয়ন্তীতে উপবাসী থাকিলে ঐ তিথি উপবাসীকে ধন, ধান্য ও পুণ্য প্রদান করে, নিখিল পাপ সংহার করে এবং কল্যাণ প্রদান করিয়া থাকে। ব্রহ্মপুরাণে পূর্ব্বখণ্ডে জন্মাষ্টমীমাহাত্ম্যে সূতোক্তি আছে যে, কৃষ্ণাষ্টমী বৈষ্ণবী তিথি বলিয়া প্রসিদ্ধ। ঐ তিথির শরণ গ্রহণ করিলে কলিযুগে মানবগণ বিশুদ্ধ হইতে পারে। শ্রাবণী কৃষ্ণাষ্টমীতে রোহিণীর যোগ হইলে তাহাকে জয়ন্তী বলা যায়। ঐ তিথি সর্ব্বপাপ-

তত্রৈব শ্রীশুকজনমেজয়-সংবাদে।—

য এব ভগবান্ বিষ্ণুর্দেবক্যাং বসুদেবতঃ। জাতঃ কংসবধার্থং হি তদ্দিনং মঙ্গলালয়ম্ ॥

যা সা প্রত্যব্দমায়াতি শ্রাবণে বহুলাষ্টমী। সঙ্গতা রোহিণ্যর্ক্ষেণ নৃণাং মুক্তিফলপ্রদা।

যস্যাং সনাতনঃ সাক্ষাৎ পুরাণঃ পুরুষোত্তমঃ। অবতীর্ণঃ ক্ষিতৌ সৈষা মুক্তিদেতি কিমদ্ভুতম্ ॥

তত্রৈবাগ্রে ব্রতবিধিকথনে।—

ইদমেব পরং শ্রেয় ইদমেব পরন্তপঃ। ইদমেব পরো ধর্ম্মো যদ্বিষ্ণুব্রতধারণম্ ॥

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

কৃষ্ণজন্মাষ্টমী লোকে প্রসিদ্ধা পাপনাশিনী। ক্রতুকোটি-সমা হ্যেষা তীর্থাযুতশতৈঃ সমাঃ ॥

কপিলাগো-সহস্রন্ত যো দদাতি দিনে দিনে। তৎফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে ॥

হেমভারসহস্রন্ত কুরুক্ষেত্রে প্রযচ্ছতি। তৎ-ফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে ॥

রত্নকোটিসহস্রাণি যো দদাতি দ্বিজোত্তম। তৎফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে ॥

বাপীকূপ-সহস্রাণি দেবতায়তনানি চ। কন্যাকোটিপ্রদানেন যৎফলং কবিভিঃ স্মৃতম্।

মাতাপিত্রোর্গুরূণাঞ্চ ভক্তিমুদ্বহতাং ফলম্ ॥ ১৫৮ ॥

ধর্ম্মো যজ্ঞাদিজং পুণ্যং ভক্তিলক্ষণো বা ॥ ১৫৩ ॥ গুর্ব্বাদ্যর্থ যস্তনুং ত্যজেৎ তস্য যৎ পুণ্যং

নাশিনী। কলিকালে যে সমস্ত ধন্য ব্যক্তি জন্মাষ্টমীতে উপবাসী থাকিয়া জাগরণ পূর্ব্বক ভগবান্ হরির পূজা করেন, তাঁহাদিগকে কদাচ ভীষণ ভবভয়ে ভীত হইতে হয় না। তাঁহারা যে স্থানে নিবসতি করেন, কলি তথায় থাকিতে সক্ষম নহে। উক্তস্থানে শুক-জনমেজয়সংবাদে লিখিত আছে, ভগবান্ হরি কংস বিনাশার্থ বসুদেব হইতে দেবকীগর্ভে উৎপন্ন হইয়াছেন, তদীয় উক্ত জন্মদিন কল্যাণের আধার। প্রতিবর্ষেই শ্রাবণ মাসে রোহিণীসমন্বিতা কৃষ্ণাষ্টমী আগমন করে, ঐ তিথি মানবগণের পক্ষে মোক্ষফলদায়িনী। যখন প্রত্যক্ষ সনাতন পুরাণ পুরুষ হরি ঐ তিথিতে ধরাতলে অবতীর্ণ হইয়াছেন, তখন যে ঐ তিথি মুক্তিদায়িনী হইবে ইহা বিচিত্র কি! উক্ত স্থানেরই অগ্রে ব্রতবিধি-কথনে লিখিত আছে, হরিব্রত ধারণই পরম মঙ্গলস্বরূপ, উহাই পরম তপস্যাস্বরূপ এবং উহাই ধর্মশ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, কৃষ্ণজন্মাষ্টমীই লোকে পাতকহারিণী বলিয়া প্রথিত; এই তিথি কোটি যজ্ঞ ও অযুত তীর্থের সদৃশ। জয়ন্তীদিনে উপবাস করিলে প্রত্যহ সহস্র কপিলাদানজনিত পুণ্য লাভ করিতে পারে। কুরুক্ষেত্র তীর্থে সহস্র স্বর্ণভার অর্পণ করিলে যে পুণ্য হয়, জয়ন্তীদিনে উপবাসী থাকিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। হে দ্বিজশ্রেষ্ঠ! জয়ন্তীদিনে উপবাস করিলে সহস্রকোটি রত্নদানজনিত ফল প্রাপ্ত হইতে পারে। সহস্র সহস্র বাপী, কূপ, দেবায়তন ও কোটিসংখ্য কন্যা দান দ্বারা যে ফল নির্দ্দিষ্ট আছে, পিতা মাতার প্রতি ও গুরুজনের প্রতি ভক্তি করিলে যে ফল হয়, গুরু বিপ্র ও পতির জন্য শরীর বিসর্জ্জন করিলে যে ফল হয়, পরোপকারী তীর্থসেবাপরায়ণ ও সত্যব্রতনিষ্ঠেরা যে ফল লাভ করেন, জয়ন্তী উপবাসীর-তত্তৎ-সমস্ত ফল অর্জ্জিত হয়। নিরাশ্রয়বাসী তাপসেরা যে ফল লাভ করেন, সহস্র রাজসূয়ে

গুর্ব্বর্থে ব্রাহ্মণার্থে বা স্বাম্যর্থে বা ত্যজেত্তনুম্। পরোপকারযুক্তানাং তীর্থসেবারতাত্মনাম্।
সত্যব্রতানাং যৎ পুণ্যং জয়ন্ত্যাং সমুপোষণে॥ নিরাশ্রয়েষু বসতাং তাপসানান্তু যৎফলম্।
রাজসূয়সহস্রেষু শতবর্ষাগ্নিহোত্রতঃ। একেনৈবোপবাসেন জয়ন্ত্যাং তৎফলং স্মৃতম্।
কৃত্বা রাজ্যং মহীং ভুক্ত্বা প্রাপ্য কীর্ত্তিঞ্চ শাশ্বতীম্।
জয়ন্ত্যাঞ্চোপবাসেন বিষ্ণোর্মূর্ত্তৌ লয়ং গতাঃ॥
ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ মুক্তিঞ্চ মুনিপুঙ্গব। দদাতি বাঞ্ছিতান্ কামান্ শ্রাবণে মাসি চাষ্টমী॥
জন্মাষ্টমীব্রতং যে বৈ প্রকুর্ব্বন্তি নরোত্তমাঃ। কারয়ন্তি চ বিপ্রেন্দ্র লক্ষ্মীস্তেষাং সদা স্থিরা॥
ন বেদৈর্ন পুরাণৈশ্চ ময়া দৃষ্টং মহামুনে। যৎ সমঞ্চাধিকং বাপি কৃষ্ণজন্মাষ্টমীব্রতাৎ॥ ১৫৯॥
নিয়মস্থং নরং দৃষ্ট্বা জন্মাষ্টম্যাং দ্বিজোত্তম। বিবর্ণবদনো ভূত্বা তল্লিপিং মার্জ্জয়েদ্যমঃ॥ ১৬০॥
কিঞ্চ।
ব্রতেনারাধ্য তং দেবং দেবকীসহিতং হরিম্। ত্যক্ত্বা যমপথং ঘোরং যাতি বিষ্ণোঃ পরং পদম্॥
স্মরণং বাসুদেবস্য মৃত্যুকালে ভবেন্মুনে। সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি কৃতে জন্মাষ্টমী-ব্রতে॥
মমাজ্ঞয়া কুরুধ্বং তজ্জয়ন্তীং মুক্তয়ে তথা॥
ব্রহ্মাণ্ডে শ্রীসূতোক্তৌ চ তদ্ব্রতমহিমানুবর্ণনান্তে।—
ইত্যেতৎ কথিতমশেষশাস্ত্রগুহ্যং, শ্রীকৃষ্ণমহিমানুবর্ণনং যৎ।
শ্রুত্বৈতৎ সকৃদপি পাতকৈর্বিমুক্তো, দেহান্তে ব্রজতি নরো মুরারিলোকম্॥১৬১॥

স্যাদিত্যর্থঃ। জয়ন্ত্যাং সম্যগুপোষণে উপবাসে সতি তৎ স্যাদিতি শেষঃ। তদুপোষণ ইতি বা পাঠঃ॥ ১৫৯॥ তস্য লিপিং পাপাদিলিখনম্॥ ১৬০॥ তদ্ব্রতাচরণমাহাত্ম্যং কিং লেখ্যং তচ্ছ্রবণাদপি পরম্পদমিতি পুনর্ব্রহ্মাণ্ডপুরাণবচনং লিখতি ইতীতি॥ ১৬১॥

যে ফল হয়, শতবার্ষিক অগ্নিহোত্র অনুষ্ঠানে যে ফল, কেবলমাত্র জয়ন্তী-উপবাস দ্বারা তৎসমস্ত ফল প্রাপ্ত হওয়া যায়। বহুসংখ্য ব্যক্তি জয়ন্তী-উপবাস পূর্ব্বক রাজ্য প্রাপ্ত হইয়া ধরাভোগ করত চিরকীর্ত্তি লাভ করিয়া হরিমূর্ত্তিতে বিলীন হইয়াছেন। হে তাপসশ্রেষ্ঠ! শ্রাবণী কৃষ্ণাষ্টমী ধর্ম্মার্থকামমোক্ষপ্রদা ও বাঞ্ছিতদায়িনী। হে বিপ্রসত্তম! যাঁহারা জন্মাষ্টমী-ব্রত সাধন করেন, অথবা অন্য দ্বারা সম্পাদন করাইয়া থাকেন, সেই সকল নরশ্রেষ্ঠগণের নিকট কমলা নিশ্চলা হইয়া অবস্থান করেন। হে মহর্ষে! জন্মাষ্টমীব্রত সাধন করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, তৎসদৃশ বা তদপেক্ষা অধিক ফল বেদে বা পুরাণেও লক্ষিত হয় না। ১৫৮-১৫৯। হে বিপ্রসত্তম! যে ব্যক্তি জন্মাষ্টমীদিনে নিয়মধারী হন, শমনরাজ তাঁহাকে দেখিয়া ম্লানমুখে তদীয় লিপি প্রোঞ্ছন করেন অর্থাৎ তৎকৃত আজন্মসঞ্চিত যত পাপ শমনের পত্রিকাতে লিখিত থাকে, তাহা মুছিয়া দেন। ১৬০। আরও লিখিত আছে, যিনি জন্মাষ্টমী-ব্রত করত দেবকী ও দেবদেব হরিকে উপাসনা করেন, তিনি ভীষণ শমনমার্গ বিসর্জ্জন পূর্ব্বক হরির পরমপদে উপস্থিত হন। হে ঋষে! যে ব্যক্তি জন্মাষ্টমী ব্রত করে, মরণসময়ে বাসুদেব তদীয় স্মৃতিপথে জাগরূক থাকেন এবং তদীয় নিখিল ক্রিয়া সুসম্পন্ন হয়।

অথ শ্রীজন্মাষ্টমীব্রতনির্ণয়ঃ।

কৃষ্ণোপাস্ত্যাষ্টমী ভাদ্রে রোহিণ্যাঢ্যা মহাফলা।
নিশীথেঽত্রাপি কিঞ্চেন্দৌ জ্ঞে বাপি নবমীযুতা॥ ১৬২॥

অথ তত্র রোহিণীযুক্তা জন্মাষ্টমী।

বিষ্ণুরহস্যে —

প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী। মুহূর্ত্তমপি লভ্যেত সৈবোপোষ্যা মহাফলা॥ ১৬৩॥

ভাদ্রে মাসি কৃষ্ণাষ্টমী উপোষ্যা, সা চ রোহিণীনক্ষত্রেণ যুতা সতী মহাফলা। কেবলাষ্টম্যুপবাসতো রোহিণীযুতাষ্টম্যুপবাসে ফলাতিশয়ো ভবতীত্যর্থঃ। এবময়ং পূর্ব্বতোঽপবাদঃ। পূর্ব্বদিনে রোহিণীযুক্তায়া অষ্টম্যা বিদ্ধায়াঃ সত্যাঃ তথা শুদ্ধায়া অপি সত্যাঃ পরদিনে বুধবারাদিযোগপ্রাশস্ত্যাপেক্ষয়া পরিত্যাজ্যত্বাৎ। অতো রোহিণীযোগে ফলবিশেষ এব তাৎপর্য্যম্। অতএব লিখিতং মহাফলেতি। এবমগ্রেঽপি জ্ঞেয়ম্। অত্র রোহিণীযোগেঽপি নিশীথে অর্দ্ধরাত্রে অষ্টমী মহাফলা। কিঞ্চেতি পূর্ব্বসমুচ্চয়ে। ইন্দৌ সোমবারে, বুধবারে বা রোহিণ্যাঢ্যাষ্টমী যদা ভবতি তদা মহাফলেত্যর্থঃ। অত্র চ ব্রতদ্বয়োদাহরণং দ্রষ্টব্যম্। যদ্যপি তস্মিন্ বচনে নিশীথযোগো ন শ্রূয়তে তথাপি কিং পুনর্নবমীযুক্তেত্যাদি কৈমুতিকন্যায়েন পৃথগুক্তের্নিশীথযোগে ব্রতাপেক্ষয়া তদ্দিনে ব্রতে সতি পরদিনে তিথিনক্ষত্রবৃদ্ধিসম্ভবাৎ। তিথিভান্তে চ পারণমিত্যস্যাবকাশঃ স্যাৎ। তচ্চাগ্রে পারণলিখনে ব্যক্তং ভাবি। অপিশব্দোঽপি পূর্ব্বসমুচ্চয়ে। সোমে বুধে বা রোহিণ্যাষ্টমী যুক্তা চেদ্ভবতি তদা চ মহাফলেত্যর্থঃ। অত্র চ যদ্যপি রাত্রিশেষে নবমীযোগে সতি নিশীথযোগোঽপি ঘটতে, তথাপি উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদি ইতি বচনাপেক্ষয়া নিশীথযোগোঽত্র ন প্রায়েণাদরণীয়ঃ। যদি চ কদাচিন্নিশীথে তত্তদ্যোগো বৃত্তঃ নবমী চ রাত্রিশেষে স্যাত্তদা সংযোগবিশেষো মন্তব্যঃ। যতঃ কেষাঞ্চিন্মতে কিঞ্চিদষ্টমীবৃদ্ধৌ রোহিণ্যাং সত্যাং নবমীদিন এব তত্তদ্বারাযোগে তত্তদ্বচনবলান্মহাফলতাবগম্যতে নান্যত্রেতি। তচ্চ তিথিভান্তে চ পারণমিত্যস্যানবকাশান্নাদরণীয়মিতি দিক্। এতচ্চাশেষমগ্রে লেখ্য-তত্তদ্বচনতঃ সবিশেষং ব্যক্তং ভাবি। ১৬৩॥

জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তমিত্যেতৎ তথা, যে ন কুর্ব্বন্তি জানন্ত ইত্যাদীনি চ নিত্যতালিখনে পূর্ব্বং লিখিতানি বচনান্যেব কেবলভাদ্রকৃষ্ণাষ্টম্যুপবাসোদাহরণানি বর্ত্তন্ত এব, ইদানীং রোহিণ্যা-

---

হে মহর্ষে! মুক্তিলাভের বাসনা থাকিলে জয়ন্তীব্রতের অনুষ্ঠান করিবে। ব্রহ্মাণ্ডপুরাণে সূতোক্তিতে জন্মাষ্টমীব্রত-মাহাত্ম্য-বর্ণনান্তে লিখিত আছে, শ্রীকৃষ্ণব্রতের মাহাত্ম্য-কীর্ত্তন নিখিল শাস্ত্রেই গুহ্য, উহা বারৈকমাত্র শ্রবণ করিলেই নিখিল পাপ হইতে উত্তীর্ণ হইয়া দেহাবসানে হরিধামে প্রস্থিত হইতে পারে। ১৬১।

অনন্তর জন্মাষ্টমীব্রতের দিন নিরূপণ হইতেছে: ভাদ্রীয় কৃষ্ণাষ্টমীর অর্দ্ধরাত্রে রোহিণীর যোগ হইলে এবং উক্ত দিন সোম বা বুধবার ও নবমী-সমন্বিত হইলে সেই দিনে উপবাস কর্ত্তব্য; যেহেতু, ঐ তিথি মহাফলদায়িনী। ১৬২।

মুহূর্ত্তমপ্যহোরাত্রে যস্মিন্ যুক্তন্তু লভ্যতে। অষ্টম্যা রোহিণী-ঋক্ষং তাং সুপুণ্যামুপাবসেৎ ॥১৬৪॥
কিঞ্চ তত্রৈব।—
অষ্টমী কৃষ্ণপক্ষস্য রোহিণী-ঋক্ষসংযুতা। ভবেৎ প্রৌষ্ঠপদে মাসি জয়ন্তী নাম সা স্মৃতা॥ ১৬৫॥
বিষ্ণুধর্ম্মোত্তরে।—
রোহিণ্যৃক্ষং যদা কৃষ্ণপক্ষেঽষ্টম্যাং দ্বিজোত্তম। জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ॥
যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে বার্দ্ধকে তথা। বহুজন্মকৃতং পাপং হন্তি সোপোষিতা তিথিঃ॥
স্কান্দে।—
প্রাজাপত্যেন সংযুক্তা অষ্টমী তু যদা ভবেৎ। শ্রাবণে বহুলে পক্ষে সর্ব্বপাপপ্রণাশিনী॥
জয়ং পুণ্যঞ্চ কুরুতে জয়ন্তীং তেন তাং বিদুঃ॥
বিষ্ণুপুরাণে।—
কৃষ্ণাষ্টম্যাং ভবেদ্যত্র কলৈকা রোহিণী নৃপ। জয়ন্তী নাম সা জ্ঞেয়া উপোষ্যা সা প্রযত্নতঃ।
সপ্তজন্মকৃতং পাপং রাজন্ যত্রিবিধং নৃণাম্। তৎ ক্ষালয়তি গোবিন্দস্তিথৌ তস্যান্তু ভাবিতঃ।
উপবাসশ্চ তত্রোক্তো মহাপাতকনাশনঃ। জয়ন্ত্যাং জগতীপাল বিধিনাত্র ন সংশয়ঃ॥ ১৬৭॥
ত্রেতায়াং দ্বাপরে চৈব রাজন্ কৃতযুগে তথা। রোহিণীসংযুতা চেয়ং বিদ্বদ্ভিঃ সমুপোষিতা॥

দিযোগবচনান্যুদাহরণত্বেন লিখতি প্রাজাপত্যেত্যাদিনা বিশেষতঃ ইত্যন্তেন। নভসি শ্রাবণে॥১৬৩॥ অষ্টম্যা যুক্তং।১৬৪॥ কিঞ্চ যা চ রোহিণীযুক্তা সা জয়ন্তী নাম। সৈবোপবাসাদৌ মহাফলেত্যভি-প্রায়েণ লিখতি অষ্টমীত্যাদিসার্দ্ধাষ্টকেন প্রৌষ্ঠপদে ভাদ্রে॥১৬৫॥ ত্রিবিধং কায়িকাদিভেদেন, পাতকোপপাতকাদি-ভেদেন বা। ভাবিতঃ পূজিতঃ,ধ্যাতোঽপি বা। ৬৬॥ বিধিনা উপবাসঃ॥১৬৭॥

তন্মধ্যে রোহিণীসমন্বিতা জন্মাষ্টমীর বিষয় বলা যাইতেছে।—বিষ্ণুরহস্যে লিখিত আছে, শ্রাবণমাসে কৃষ্ণাষ্টমী মুহূর্ত্তমাত্র রোহিণী সমন্বিতা হইলেও সেই মহাফলস্বরূপিণী তিথিতে উপবাস করা কর্ত্তব্য ।১৬৩। অহোরাত্রমধ্যে যে অষ্টমী মুহূর্ত্তমাত্রও রোহিণীসহ সমন্বিতা, সেই পুণ্যা তিথিতেই উপবাস কর্ত্তব্য। ১৬৪। উক্ত স্থানে আরও লিখিত আছে যে, ভাদ্র-কৃষ্ণাষ্টমীতে রোহিণীর যোগ হইলে উহাই জয়ন্তী বলিয়া উক্ত হইয়া থাকে। ১৬৫। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে, হে দ্বিজশ্রেষ্ঠ! কৃষ্ণাষ্টমীতে রোহিণীর যোগ হইলেই সেই তিথি জয়ন্তী বলিয়া অভিহিত হয়। ঐ তিথি সর্ব্বপাপহারিণী। বহু বহু জন্মে বাল্যে, কৌমারে, যৌবনে ও বার্দ্ধক্যে যে সমস্ত পাতক অনুষ্ঠিত হয়, জয়ন্তী তিথিতে উপবাস করিলে তৎসমস্ত বিদূরিত হইয়া থাকে। স্কন্দ-পুরাণে লিখিত আছে, শ্রাবণী কৃষ্ণাষ্টমীতে রোহিণীর যোগ হইলে যদি সেই দিনে উপবাস করা যায়, তবে ঐ তিথি জয় ও পুণ্য প্রদান করেন; এই হেতুই (সুধীগণ) উহার জয়ন্তী নাম নির্দ্দেশ করিয়াছেন। বিষ্ণুপুরাণে লিখিত আছে, হে রাজন্! কৃষ্ণাষ্টমীতে কলামাত্র রোহিণীর যোগ হইলেই জয়ন্তী বলা যায়; ঐ তিথিতে উপবাসার্থ যত্নবান্ হওয়া কর্ত্তব্য। হে নৃপ! জয়ন্তী তিথিতে হরির পূজা করিলে সপ্তজন্মকৃত দৈহিক, বাচিক ও মানসিক তিনপ্রকার পাপই বিনষ্ট হয়। ১৬৬। হে মহীধর! বিধানে জয়ন্তী তিথিতে কৃত উপবাস মহাপাপহর বলিয়া কীর্ত্তিত

অগ্নিপুরাণে।—

অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়া বা যদা ভবেৎ। জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপপ্রণাশিনী॥

ভবিষ্যবিষ্ণুধর্ম্ময়োঃ।— অথ অর্দ্ধরাত্রযুতা জন্মাষ্টমী।

রোহিণ্যামর্দ্ধরাত্রে চ যদা কৃষ্ণাষ্টমী ভবেৎ। তস্যামভ্যর্চ্চনং শৌরের্হস্তি পুণ্যং ত্রিজন্মজম্॥

প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী। সোপবাসো হরেঃ পূজাং তত্র কৃত্বা ন সীদতি।

অর্দ্ধরাত্রে চ যোগোহয়ং তারাপত্যুদয়ে সতি॥

কিঞ্চ।— রোহিণী-সহিতা কৃষ্ণা মাসি ভাদ্রপদেহষ্টমী। অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেৎ। তত্র জাতো জগন্নাথঃ কৌস্তুভী হরিরব্যয়ঃ। তমেবোপবসেৎ কালং কুর্য্যাৎ তত্রৈব জাগরম্॥ জয়ন্তী নাম সা রাত্রিস্তত্র জাতো জনার্দ্দনঃ। নিয়তাত্মা শুচিঃ স্নাত্বা পূজাং তত্র প্রবর্ত্তয়েৎ॥১৬৮

বহ্নিপুরাণে।—

সমযোগে তু রোহিণ্যা নিশীথে রাজসত্তম। সমজায়ত গোবিন্দো বালরূপী চতুর্ভুজঃ।

তস্মাত্তং পূজয়েত্তত্র যথাবিত্তানুসারতঃ॥

ভবিষ্যোত্তরে।—

মাসি ভাদ্রপদেহষ্টম্যাং কৃষ্ণপক্ষেহর্দ্ধরাত্রকে। শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে।

উপোষিতোহর্চ্চয়েৎ কৃষ্ণং যশোদাং দেবকীন্তথা।

কিঞ্চ।—মাসি ভাদ্রপদেহষ্টম্যাং নিশীথে কৃষ্ণপক্ষকে। শশাঙ্কে বৃষরাশিস্থে ঋক্ষে রোহিণীসংজ্ঞকে। যোগেহস্মিন্ বসুদেবাদ্ধি দেবী দেবমজীজনৎ। তস্মাৎ সম্পূজয়েদত্র শুচিঃ সম্যগুপোষিতঃ॥১৬৯

গন্ধমাল্যৈস্তথা যাবৈর্যবগোধূমসম্ভবৈঃ। সগোরসৈর্ভক্ষ্যভোজ্যৈঃ ফলৈশ্চ বিবিধৈরপি।
রাত্রৌ প্রজাগরঃ কার্য্যো নৃত্যগীতসমাকুলঃ॥ ইতি॥ ২১৯॥

যো ভবিষ্যোত্তরাদ্যুক্তো বিধিস্তদনুসারতঃ। সর্ব্বং জন্মাষ্টমীকৃত্যমেকীকৃত্যাত্র লিখ্যতে॥২২০॥

ভক্ষ্যভোজ্যানাং চর্ব্ব্যাচর্ব্ব্যত্বেন ভেদঃ॥ ২১৯॥ ভবিষ্যোত্তরোক্তঃ আদিশব্দাৎ ভবিষ্য-পুরাণাদ্যুক্তো যো বিধিস্তস্তানুসারতঃ। একীকৃত্য ক্রমেণ সংযোজ্য। এবং ভবিষ্যোত্তর-ভবিষ্যাদ্যুক্তদৃষ্ট্যা তত্রাপি তৎপদ্ধতিকারপরমপ্রামাণিক-শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদি-লিখনদৃষ্ট্যা চ

স্থাপন, কৌরবসংহার ও দৈত্যকুলবিনাশার্থ আপনার জন্ম হইয়াছে, আমি অর্ঘ্য দিতেছি, আপনি দেবকী সহ মদত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন্; দেবকী সহ, পরিবার সহ ও লক্ষ্মীদেবী সহ শ্রীকৃষ্ণকে অর্ঘ্য প্রদান করিলাম। তৎপরে সানন্দে দধি, কুসুম ও অক্ষতযুক্ত অর্ঘ্য শশাঙ্ক-দেবকে অর্পণ করিবে।

চন্দ্রার্ঘ্য দানের মন্ত্র।—হে চন্দ্র! ক্ষীরোদসমুদ্র হইতে আপনার উদ্ভব হইয়াছে, আপনি অত্রিনেত্রজাত, আপনি রোহিণীর সহিত মদত্ত অর্ঘ্য গ্রহণ করুন্। শুভ্র নারিকেলাম্বু দ্বারা অর্ঘ্য দেওয়া বিচক্ষণ ব্যক্তির কর্ত্তব্য। পরে ভক্তিমান্ হইয়া বিধানে শঙ্খে অর্ঘ্য সংস্থাপন পূর্ব্বক কৃষ্ণকে অর্ঘ্য দিবে। এইরূপ অর্ঘ্য দিলে সসাগরা সপর্ব্বতা মহী দানের ফল লাভ করিতে পারে। গীত ও শাস্ত্রচর্চ্চার দ্বারা নিশাজাগরণ করিতে হয় এবং কৃষ্ণকে ধূপ, দীপ, নৈবেদ্য ও তাম্বূল প্রদান করিবে। এইরূপে জন্মাষ্টমী ব্রত করিলে কোনরূপ কর্ত্তব্যই সেই ব্যক্তির অবশিষ্ট থাকে না, সে ব্যক্তি নিখিল পুণ্যফল প্রাপ্ত হইয়া অন্তে হরিপদে প্রস্থান করে। ব্রহ্মপুরাণে লিখিত আছে, অষ্টাবিংশ চতুর্যুগের কলিতে ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথিতে দেবকীনন্দন হরি ধরাভার অপনোদন ও ক্ষত্রিয়-সংহারার্থ অবতীর্ণ হইয়াছেন; সুতরাং ঐ কৃষ্ণা-ষ্টমীর রজনীতে গন্ধ, কুসুম, যবগোধূমকৃত যাব, গোরস (ঘৃতদুগ্ধাদি) দ্বারা প্রস্তুতীকৃত ভক্ষ্য-ভোজ্য ও নানাবিধ ফল দ্বারা অর্চ্চনা পূর্ব্বক নৃত্যগীত সহকারে নিশা জাগরণ করিবে। ২১৯।
ভবিষ্যোত্তরাদিতে যে বিধান কথিত হইয়াছে, সেই নিয়মে জন্মাষ্টমীর যাবতীয় কৃত্য একত্র

একভক্তানন্তরন্ত দন্তধাবনপূর্ব্বকম্। সপ্তম্যামথবাষ্টম্যাং প্রাতঃ সঙ্কল্পমাচরেৎ ॥ ২২১ ॥

অথ তত্র মন্ত্রঃ।

অদ্য স্থিত্বা নিরাহারঃ সর্ব্বভোগবিবর্জ্জিতঃ।
ভোক্ষ্যেঽহং পুণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুত ॥ ২২২ ॥
কুর্ব্বীত প্রাতরষ্টম্যাং স্নপনাদি তিলৈঃ প্রভোঃ।
অর্পয়েচ্চ নবং সর্ব্বং শিষ্টাচারানুসারতঃ ॥ ২২৩ ॥
মধ্যাহ্নে চ শুভে তীর্থেঽন্যত্র বা সজ্জলে ব্রতী।
মূর্দ্ধ্নি ধাত্রীফলং দত্ত্বা স্নায়াৎ কৃষ্ণতিলৈঃ শুভৈঃ ॥ ২২৪॥

তত্তদেকবাক্যতয়াত্রেদং লিখ্যতে, ন চ কেবলমেকগ্রন্থদৃষ্ট্যেতি ভাবঃ ॥২২০॥ এবং সর্ব্বব্রত-সাধারণবিধিমুল্লিখ্যাধুনাত্র বিশেষং লিখতি একেত্যাদিনা। সপ্তম্যামেকভক্তানন্তরং দন্তধাবন-পূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ অথবাষ্টম্যাং প্রাতঃ কুর্য্যাৎ ॥ ২২১ ॥

তত্রাষ্টমী-প্রাতঃ সঙ্কল্পমন্ত্রং লিখতি অদ্যেতি। যদ্যপি সঙ্কল্পমন্ত্রে শ্বোভূতে পরমেশ্বর ইত্যাদি ক্বচিৎ পাঠস্তথাপি সর্ব্বভোগবিবর্জ্জিত ইত্যাদিঃ ভবিষ্যোক্তঃ পাঠোঽত্র লিখিতঃ, পাঠান্তরে দেবকীপুত্রেত্যাদিবিশেষণনির্দ্দেশেন শিষ্টগণাদৃতত্বাৎ। ভবিষ্যোত্তরে চ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীভগবতা স্বয়ং তথা নোক্তং পরমলজ্জাগুণশীলত্বাৎ। এবমন্যত্রাপ্যূহ্যং ॥ ২২২ ॥ অথ লোকে জন্মতিথি-কৃত্যবৎ প্রাতঃ শ্রীভগবতোঽপি তিলস্নপনাদিকং লৌকিকভক্তিরীত্যপেক্ষয়া কার্য্য-মিতি লিখতি কুর্ব্বীতেতি। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য স্নপনাদি তিলৈঃ কৃষ্ণৈঃ কুর্ব্বীত। আদিশব্দাৎ উদ্বর্ত্তনাদি। তথা চোক্তং তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোতা তিলপ্রদঃ। তিলবাপী তিলাশী চ ষট্‌তিলী নাবসীদতীতি। অত্র চ শিষ্টাচারানুসারেণাষ্টোত্তর-শত-দূর্ব্বাগ্রাদি-যুক্তেন সহস্রচ্ছিদ্রঘটেন ধারয়া স্নপনাদিকমপি জ্ঞেয়ং। সর্ব্বং বস্ত্রাদিকং নবমেব ভগবতেঽর্পয়েচ্চ। শিষ্টাচারানুসারত ইতি সর্ব্বত্রাপ্যগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং। সৎসম্প্রদায়াচারানুসারেণৈবাত্রাখিল-বিধিলিখনাৎ ॥ ২২৩ ॥ শুভে তীর্থে শ্রীকালিন্দ্যাদৌ। তত্রাপি শ্রীবিশ্রান্ত্যাদৌ। তদলাভে চ অন্যত্র সজ্জলে পবিত্রনির্ম্মলসলিলে। তথা চাগ্রে লেখ্যং ভবিষ্যোত্তরবচনং নদ্যাদৌ বিমলে জল ইতি। ব্রতী উপবাসপরো জনঃ। ধাত্রীফলং মূর্দ্ধ্নি দত্ত্বা তেন মস্তকং সংমৃজ্য শুভৈঃ শ্রীভগবৎ-স্নানাদ্যবশিষ্টৈর্ম্মহাপ্রসাদরূপৈঃ কৃষ্ণৈস্তিলৈঃ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। তথা চ ভবিষ্যে।— উপোষিতস্য মধ্যাহ্নে কৃত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ। ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয় ইতি ॥২২৪॥

সম্মিলিত করিয়া এইখানে বিবৃত হইল। ২২০। সপ্তমী তিথিতে দশনধাবনান্তে একভক্ত রূপ সংযম পূর্ব্বক অষ্টমীর প্রভাতে সঙ্কল্প করিতে হইবে। ২২১।

সঙ্কল্প।—হে পরমেশ্বর! হে দেবকীনন্দন! অদ্য জন্মাষ্টমীদিনে উপবাস পূর্ব্বক পরদিন আহার করিব। ২২২। অষ্টমীর দিন প্রভাতে প্রভু হরিকে তিলস্নান ও উদ্বর্ত্তনাদি করাইয়া শিষ্টাচারানুসারে বিবিধ নূতন বস্ত্র প্রদান করিবে। ২২৩। উপবাসনিষ্ঠ ব্রতী মধ্যাহ্নসময়ে যমুনাদি শুদ্ধতীর্থে (বিশ্রান্তি ঘাটে) বা তদভাবে অন্য বিশুদ্ধ সলিলে শিরঃপ্রদেশে আমলকীফল

অথ মাধ্যাহ্নিকং নিত্যকৃত্যমন্যৎ সমাপ্য হি।
সুদেশে রচয়েদ্দিব্যং দেবক্যাঃ সূতিকাগৃহম্॥ ২২৫॥

ভূষিতং মণিভির্ব্বস্ত্রৈর্বিতানৈস্তোরণৈরপি। আবদ্ধৈঃ ফলপুষ্পৈশ্চ ঘৃতপক্বাদিভিস্তথা।
যবদূর্ব্বাম্বুজাঢ্যং বাদ্যগীতাদি সঙ্কুলম্। দ্বারে চ শৃঙ্খলালোহ-খড়্গচ্ছাগাদিসংযুতম্।
গোকুলং বিলিখেত্তত্র গোপগোপীজনাবৃতম্। রক্ষপালাংশ্চ গেহস্য সর্ব্বতোঽবস্থিতান্ লিখেৎ॥
তন্মধ্যে সর্ব্বতোভদ্রমণ্ডলে স্থাপয়েদ্ঘটম্। পাত্রং তদুপরি ন্যস্তৈদ্ধৈমং বৈণবমেব বা।
দেবকীং স্থাপয়েত্তত্র স্বর্ণেনান্যেন বা কৃতাম্। সল্লক্ষণাং সুপর্য্যঙ্কে সুপ্তাং স্নুতপয়োধরাম্॥
তথৈব ভগবন্তঞ্চ তদুৎসঙ্গে স্তনন্ধয়ম্। নিজলক্ষণসম্পন্নং স্থাপয়েচ্ছয়িতং সুখম্॥

তথা কচিৎ প্রদেশে চ শ্রীযশোদাং সকন্যকাম্।
শ্রীনন্দং রোহিণীং রামং গোপান্ গোপীশ্চ গা অপি।

বসুদেবঞ্চ দেবক্যাঃ সমীপে মুদিতাননম্। খড়্গপাণিং স্তুবন্তঞ্চ বিস্ময়োৎফুল্ললোচনম্।
দেবান্ মুনীংশ্চ তত্রোর্দ্ধে প্রণতান্ পুষ্পবর্ষিণঃ। গন্ধর্ব্বাপ্সরসাদীংশ্চ গীতনৃত্যাদিতৎপরান্।

কংসঞ্চ তৎপরীবারান্ গৃহীতাস্ত্রাংশ্চ নিদ্রয়া।
মোহিতান্ স্থাপয়েৎ ক্বাপি কৃষ্ণায়াং কালিয়ং লিখেৎ॥
ইত্থং কৃত্বা যথাশোভং স্বশক্ত্যা সূতিকাগৃহম্।
তত্তন্মূর্ত্তীশ্চ বিন্যস্য প্রারভেতার্চ্চনং নিশি॥ ২২৬॥

অন্যৎ ইষ্টদেবপূজাদি। সুদেশে শোভনপ্রদেশে। দিব্যং পরমশোভনং॥ ২২৫॥ তৎপ্রকারং দর্শয়ন্ তদেব বিশিনষ্টি ভূষিতমিতি দ্বাভ্যাং। তোরণাদিভিশ্চ ভূষিতং কৃত্বা গোকুলাদি সর্ব্বং লিখিত্বা স্বস্বযোগ্যস্থানে তত্তন্মূর্ত্তীশ্চ সংস্থাপ্যার্চ্চনং প্রারভেত পূজারম্ভং কুর্য্যাৎ। নিশীতি নিশি

দিয়া পবিত্র কৃষ্ণতিলযোগে স্নান করিবে। ২২৪। তৎপরে অপরাপর মাধ্যাহ্নিক নিত্যক্রিয়া সমাধা করত মনোহর স্থানে দেবকীর দিব্য সূতিকাগৃহ রচনা করিতে হয়।২২৫। উক্ত সূতিকালয় মণি বসন বিতান তোরণ ও ফলকুসুমাদি দ্বারা অলঙ্কৃত, ঘৃতপক্বাদি দ্রব্য সমন্বিত, যব দূর্ব্বা ও পদ্মবিশিষ্ট, গীত বাদ্যাদিপূর্ণ এবং দ্বারদেশ শৃঙ্খল, লৌহখড়্গ ও ছাগাদি-সমন্বিত করিবে। ঐ গৃহমধ্যে গোপ-গোপীকুলসমন্বিত গোকুল এবং গৃহের সমন্তাৎ রক্ষিগণকে অঙ্কিত করিতে হয়। গৃহাভ্যন্তরে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি ঘটস্থাপন কর্ত্তব্য। তৎপরে ঐ ঘটোপরি স্বর্ণপাত্র বা বেণুনির্ম্মিত পাত্র সন্নিবেশিত করিয়া সেই পাত্রে সর্ব্বসুলক্ষণলক্ষিতা পর্য্যঙ্কশায়িনী দেবকী দেবীর স্বর্ণময়ী বা অন্যধাতুময়ী প্রতিমূর্ত্তি স্থাপন করিবে। দেবকী দেবীর অঙ্কে স্তন্যপায়ী সুলক্ষণ-লক্ষিত, পর্য্যঙ্কশায়ী শ্রীকৃষ্ণের-মূর্ত্তি স্থাপন করিতে হয়। সূতিকাগৃহের একদেশে কন্যাসহ যশোদা, নন্দ, রোহিণী, বলভদ্র, গোপ, গোপী, গোগণ এবং দেবকী দেবীর সন্নিধানে প্রফুল্লমুখ, খড়্গহস্ত, স্তুতিপরায়ণ, বিস্ময়বিকাসিতনেত্র বসুদেবের মূর্ত্তি চিত্রপটে অঙ্কন পূর্ব্বক স্থাপন করিবে। সূতিকাগৃহের ঊর্দ্ধভাগে নতশিরাঃ কুসুমবর্ষণকারী দেবগণ, মুনিগণ, নৃত্যগীতাদিপরায়ণ গন্ধর্ব্বকুল, অপ্সরাবর্গ, অস্ত্রধারী নিদ্রাভিভূত কংস ও কংসের

গন্ধপুষ্পাক্ষতাদীনি বস্ত্রালঙ্করণানি চ। নৈবেদ্যানি বিচিত্রানি ফলানি স্থাপয়েত্তথা ॥ ২২৭ ॥
ততঃ শাস্ত্রোক্তমন্ত্রেণ বিধিনাবাহ্য দেবকীম্। প্রতিষ্ঠাপ্য চ তস্যৈ প্রাক্ পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ ॥

অথ শ্রীদেবকীধ্যানম্ ॥

গায়দ্ভিঃ কিন্নরাদ্যৈঃ সততপরিবৃতা বেণুবীণাদিনাদৈ-
র্ভৃঙ্গারাদর্শকুম্ভপ্রকরকৃতকরৈঃ কিন্নরৈঃ সেব্যমানা।
পর্য্যঙ্কে সাস্তৃতে যা মুদিততরমুখী পুত্রিণী সম্যগাস্তে,
সা দেবী দেবমাতা জয়তি সুতনয়া দেবকী কান্তরূপা ॥ ইতি ॥ ২২৮ ॥

পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চে'তি ভবিষ্যোক্তেঃ। অত্র চ চন্দ্রোদয়েচন্দ্রার্ঘ্যদানাৎ পূর্ব্বং দেবক্যা ভগবত'চ ভবিষ্যে পূজোক্তেঃ শিষ্টবর্গাচারানুসারাচ্চ প্রথমরাত্র এব পূজারম্ভো জ্ঞেয় ইতি দিক্ ॥ ২ ৬ ॥ পূজারম্ভপ্রকারমেব লিখতি গন্ধেতি। আদিশব্দেন পঞ্চামৃতোদ্বর্ত্তন-সুগন্ধি-শু দ্ধাদকাদীনি। চন্দ্রার্ঘ্যার্থং নারিকেলাদি চ। বস্ত্রঞ্চ শ্রীভগবদর্থং পরিধানোত্তরীয়ং শুক্লবস্ত্রযুগ্মং জ্ঞেয়ং। শুক্লবস্ত্রযুগচ্ছন্নমিতি ভবিষ্যোক্তেঃ' নৈবেদ্যানি ঘৃতশর্করাসহিত-পায়স-ঘৃতপকদধ্যাদীনি। অথেতি সমুচ্চয়াৎ বিচিত্রাণীত্যস্য ফলানীত্যনেনাপি সম্বন্ধঃ। তানি চ স্পষ্টং তত্র তত্রৈবোক্তানি। অর্ঘ্যপাদ্যা'দ-দ্রব্যাণি চ সর্ব্বপূজ-সাধারণান্যেবেত্যত্র বিশেষতো নোল্লিখিতানি। যদ্যপি গন্ধ-পুষ্পাদীন্যপি পূজোপকরণানি সর্ব্বপূজাসাধারণান্যেব, তথাপি মহোৎসববিশেষেঽস্মিন্ বিশেষত-স্তত্তদ্রব্যসমাহরণার্থং দ্রব্যবিশেষোপাহরণার্থঞ্চ তান্যুল্লিখিতানীতি দিক্ ॥ ২২৭ ॥ দেবক্যাবাহনে শাস্ত্রোক্তমন্ত্রশ্চ নমো দেব্যৈ শ্রিয় ইতি লক্ষ্মীমন্ত্র এব। পুষ্পাঞ্জলিসমর্পণে চ গায়দ্ভিরিত্যাদি-শ্লোক এব শিষ্টসম্মতো মন্ত্রঃ। বিধিনেতি আবাহনমুদ্রাদি গীতবাদ্যনৃত্য-পুরাণপঠনাদি চ সর্ব্বপূজা-সাধারণো বিধির্জ্ঞেয়ঃ।

ভৃঙ্গারঃ সৌবর্ণলঘুজলপানপাত্রং। ভৃঙ্গরাদীনাং প্রকরে সমূহে কৃতাঃ ন্যস্তাঃ করা যৈস্তৈ-র্ভৃঙ্গারাদিপাণিভিরিত্যর্থঃ। পাদাবভ্যঞ্জয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে, নিষণ্ণা পঙ্কজে পূজ্যেতি ভবিষ্যোত্তরোক্তং যদ্দেবকী-পূজনানন্তরং লক্ষ্মীপূজনং প্রায়ঃ শিষ্টবর্গানাদৃতত্বাৎ, তথাগ্রে

অনুচরগণ ইহাদিগের মূর্ত্তি চিত্রলিখিত করিয়া স্থাপন পূর্ব্বক একদেশে কালিন্দীমধ্যগত কালিয় সর্পের প্রতিমূর্ত্তিও অঙ্কন করিবে নিজ সামর্থ্য অনুসারে এইরূপে যথাশোভ সূতিকালয় প্রস্তুত করিয়া ঐ সমস্ত মূর্ত্তি বিন্যাস করত নিশাযোগে অর্চ্চনায় প্রবৃত্ত হইতে হয়। ২২৬, পূজাস্থলে গন্ধ, পুষ্প, অক্ষত, বসন, ভূষণ, নানারূপ নৈবেদ্য ও বিবিধ ফল স্থাপন কর্ত্তব্য।২২৭, তৎপরে শাস্ত্রবিহিত মন্ত্রোচ্চারণ পূর্ব্বক বিধান দেবকী দেবকীর আবাহন ও প্রতিষ্ঠা করিয়া তাঁহাকে কুসুমাঞ্জলি দিবে।

দেবকী-ধ্যান। —সংগীতপরায়ণ কিন্নরাদিরা বেণুবীণা-ঝঙ্কার সহকারে যাঁহাকে নিরন্তর পরি-বেষ্টন করিয়া রহিয়াছে, কিন্নরকুল হস্তে ভৃঙ্গার, আদর্শ ও ঘট লইয়া সর্ব্বদা যাঁহার শুশ্রূষায় নিরত আছে এবং যিনি পুত্র সহ প্রফুল্লবদনে আস্তৃত পর্য্যঙ্কোপরি সংস্থিতা রহিয়াছেন, কম-

তথা শ্রীকৃষ্ণদেবস্য প্রাগ্বদাবাহনং বুধঃ।
প্রতিষ্ঠাঞ্চ বিধায়াস্মৈ দদ্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥ ২২৯ ॥
চন্দ্রোদয়ে বহির্গেহাৎ সংমার্জ্জ্যাজ্জোপরীন্দবে।
নারিকেলাদিকং শঙ্খে কৃত্বা তেনার্ঘ্যমর্পয়েৎ ॥

অথ তত্র মন্ত্রঃ।

ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেশ রোহিণ্যা সহিতো মম ॥
জ্যোৎস্নাপতে নমস্তুভ্যং নমস্তে জ্যোতিষাং পতে।
নমস্তে রোহিণীকান্ত অর্ঘ্যং মে প্রতিগৃহ্যতাম্ ॥ ইতি ॥
ততো গৃহান্তরাগত্য কৃত্বা জয়-জয়-ধ্বনিম্। ধ্যাত্বা শ্রীভগবজ্জন্ম কৃষ্ণায়ার্ঘ্যং নিবেদয়েৎ ॥

অথ তত্র মন্ত্রঃ।

জাতঃ কংসবধার্থায়েত্যাদি ॥ ২৩০ ॥

নবম্যাং প্রাতঃ শ্রীদুর্গাপূজনমপি নাত্র লিখিতং ।২২৮। প্রাগ্বদিতি নিত্যপূজায়াং যথাবাহনাদিকং লিখিতমস্তি তথেত্যর্থঃ। তথা জয়ন্তীব্রতে চ মন্ত্রবিশেষো লিখিতোঽস্তি সোঽপ্যত্র সর্ব্বো জ্ঞেয়ঃ। রোহিণীযোগেন দ্বয়োরপ্যনয়োরভেদাৎ। তত্র এহি এহি জগন্নাথেত্যাদিরাবাহনমন্ত্রঃ। মনোজূতি-রিতি প্রতিষ্ঠামন্ত্রঃ। পুষ্পাঞ্জলিসমর্পণে চ বিশ্বেশ্বরায়েত্যাদি মন্ত্র এব শিষ্টবর্গসম্মতঃ ॥ ২২৯ ॥ নারি-কেলং তস্য শুভ্রশস্যমাদিশব্দাদ্দধিপুষ্পাক্ষতানি। দধিপুষ্পাক্ষতৈর্মিশ্রং ততোঽর্ঘ্যং শশিনে মুনে ইতি ভবিষ্যোক্তেঃ। তচ্চ সর্ব্বং শঙ্খে নিধায় তেন নারিকেলাদিনা কমলোপরি চন্দ্রায়ার্ঘ্যং দদ্যাৎ। যদ্যপি দেবক্যৈ শ্রীভগবতে চার্ঘ্যার্পণানন্তরমেব চন্দ্রার্ঘ্যার্পণং ভবিষ্যোত্তরে ভবিষ্যে চোক্তমস্তি, তথাপি প্রামাণিকশিষ্টলিখিত-পদ্ধত্যনুসারেণ ব্যুৎক্রমেণাত্র লিখিতমিতি জ্ঞেয়ং। গৃহান্তঃ পূজা-মন্দিরাভ্যন্তরে আগত্য শ্রীভগবতো জন্ম প্রাদুর্ভাবং তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণমিত্যাদিনা শ্রীদশমস্কন্ধাদ্যুক্তপ্রকারং ধ্যাত্বা শিষ্টাচারানুসারেণ তমদ্ভুতমিত্যাদি শ্লোকাংশ্চ পঠন্ শুভ্রনারিকেল-শস্যেনৈব শঙ্খনিহিতেনার্ঘ্যমর্পয়েৎ।—নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যং বিচক্ষণঃ। কৃষ্ণায় পরয়া ভক্ত্যা শঙ্খে কৃত্বা বিধানত ইতি ভবিষ্যোক্তেঃ। জাতঃ কংসবধার্থায় ইত্যস্য পরভাগোঽত্র ন

নীয়রূপা সেই সপুত্রা সুরজননী দেবকী দেবীর জয় হউক। ২২৮। পরে সুধী ব্যক্তি পূর্ব্ববৎ শ্রীকৃষ্ণকে আবাহন ও প্রতিষ্ঠা করিয়া কুসুমাঞ্জলি দিবেন। ২২৯। তদনন্তর শশাঙ্কোদয় হইলে গৃহের বহির্দ্দেশে আগমন করিয়া স্থান মার্জ্জন পূর্ব্বক শঙ্খস্থ নারিকেলাদি দ্বারা চন্দ্রমাকে পদ্মো-পরি অর্ঘ্য প্রদান করিবে।

উক্ত চন্দ্রার্ঘ্য দানের মন্ত্র।—হে ক্ষীরোদধিসম্ভূত! হে অত্রিনয়নজাত! হে শশাঙ্ক! হে ঈশ! আপনি রোহিণীসমন্বিত হইয়া মদত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন্। হে রোহিণীপতে! আপনাকে প্রণাম; আপনি জ্যোৎস্নানাথ, আপনাকে প্রণাম করি; আপনি জ্যোতিষ্পতি, আপনাকে প্রণাম; আপনি মদত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন্। তৎপরে জয় জয় শব্দ করিতে করিতে গৃহাভ্যন্তরে আগমন পূর্ব্বক কৃষ্ণজন্ম চিন্তা করিয়া তাঁহাকে অর্ঘ্য প্রদান করিবে।

ততঃ ক্ষীরাদিনা শুদ্ধোদকেন তু যথাবিধি।
দেবকীসহিতং ভক্ত্যা শ্রীকৃষ্ণং স্নাপয়েৎ কৃতী॥ ২৩১॥

অথ তত্র মন্ত্রঃ।

যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে গোবিন্দায় নমো নমঃ॥ ইতি॥

কচিচ্চ।—যোগেশ্বরায় দেবায় দেবকীনন্দনায় চ।
যোগোদ্ভবায় নিত্যায় গোবিন্দায় নমো নমঃ॥ ইতি॥

অদিতে দেবমাতস্ত্বমিত্যাদি প্রার্থ্য দেবকীম্। গন্ধাদীন্নর্পয়েত্তস্যৈ নমো দেব্যৈ শ্রিয়ৈ ইতি॥ ২৩২॥
অবতারসহস্রাণীত্যাদিনাভ্যর্থ্য চ প্রভুম্। পাদ্যাদি বস্ত্রভূষাদি ধূপদীপাদি চার্পয়েৎ॥

অথ তত্র পাদ্যাদিদীপান্তমন্ত্রঃ।

ওঁ যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমো নমঃ॥ ইতি॥

অথ নৈবেদ্যমন্ত্রঃ।

ওঁ বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে গোবিন্দায় নমো নমঃ॥ ইতি॥ ২৩৩॥

সংগৃহীতঃ, ভবিষ্যপুরাণবচনমধ্যে তথা পূর্ব্বং জয়ন্তীব্রতে চ লিখিতত্বাৎ। এবমগ্রেঽপ্যূহ্যং॥২৩০॥ যথাবিধীতি নিত্যপূজায়াং স্নপনবিধির্নৃত্যগীতবাদ্যাদিপূর্ব্বকো যো লিখিতস্তদনুসারেণেত্যর্থঃ। কৃতী তত্তৎপ্রকারকুশলঃ॥ ২৩১॥

অদিতে দেবমাতস্ত্বমিত্যাদি চ প্রার্থনামন্ত্রঃ। নমো দেব্যৈ শ্রিয়ৈ ইতি চ গন্ধাদ্যর্পণমন্ত্র ইতি বিবেচনীয়ং। এবমগ্রেঽপ্যূহ্যং। আদিশব্দাৎ পুষ্পধূপনৈবেদ্যাদীনি॥ ২৩২॥ পাদ্যাদীতি প্রথমেনাদিশব্দেন মধুপর্কাচমনীয়াদি। দ্বিতীয়েন গন্ধপুষ্পাদি। তৃতীয়েন নৈবেদ্যাদি। তত্তদ্বিশেষশ্চ সর্ব্বপূজা-সাধারণত্বাদত্র নোল্লিখিতঃ। এবমত্রোল্লিখিতোঽন্যোঽপ্যুপচারঃ পূজা-সাধারণত্বাদশেষ এবোহ্যঃ, যতোঽত্র প্রায়ো বিশেষভাগ এব দর্শিত ইতি অতএব লিখিতং কৃতীতি॥ ২৩৩॥

উক্ত কৃষ্ণার্ঘ্য-দান-মন্ত্র।—হে দেব! কংসধ্বংস, ধরাভার অপনোদন, সুরবর্গের হিত-সাধন, ধর্ম্মস্থাপন, কৌরব নিপাত ও দৈত্যকুলসংহারার্থ আপনার উদ্ভব হইয়াছে। আপনি দেবকীর সহিত মদ্দত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন্। দেবকী, পরিবারগণ ও লক্ষ্মী সহ শ্রীকৃষ্ণকে অর্ঘ্য দিতে হয়। ২৩০। পরে কৃতী জন ভক্তিমান্ হইয়া বিধানে দুগ্ধ ও পবিত্রোদক দ্বারা কৃষ্ণকে স্নান করাইবে। ২৩১।

উক্ত স্নানমন্ত্র।—আপনি যোগেশ্বর, যোগসম্ভব, যোগপতি ও গোবিন্দ; আপনাকে প্রণাম। এই মন্ত্র-বিষয়ে পুস্তকান্তরে এইরূপ লিখিত আছে যে, "আপনি যোগেশ্বর, দেবকীতনয়, যোগো-দ্ভব, নিত্য ও গোবিন্দ, আপনাকে প্রণাম।' পরে "হে অদিতে দেবমাতঃ" ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্রে দেবকীকে প্রার্থনা পূর্ব্বক "নমো দেব্যৈ শ্রিয়ৈ" এই মন্ত্রে তাঁহাকে গন্ধাদি প্রদান করিবে। তদনন্তর "অবতারসহস্রাণি" প্রভৃতি মন্ত্রে প্রভুর পূজা করিয়া পাদ্যাদি, বসন, অলঙ্কার, ধূপ ও দীপাদি প্রদান করিতে হয়।

উক্ত বিষয়ে পাদ্যাদি দীপান্তপ্রদান-মন্ত্র।—"ওঁ যজ্ঞেশ্বরায়" ইত্যাদি মন্ত্রে পাদ্যাদি দিবে।

বসুদেবং যশোদাঞ্চ নন্দং রামঞ্চ রোহিণীম্। অন্যাংশ্চ পূজয়েত্তত্তন্নামমন্ত্রৈর্যথাবিধি ॥ ২৩৪ ॥
পক্বান্নানি বিচিত্রাণি খাদ্যানি বিবিধানি চ। তৎকালীনফলান্যত্র তাম্বূলঞ্চ সমর্পয়েৎ ॥

অথ তত্র মন্ত্রঃ।

ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায় নমো নমঃ ॥ ইতি ॥ ২৩৫ ॥
নিশীথে গুড়সর্পির্ভ্যাং বসোর্ধারাঞ্চ পাতয়েৎ ॥ ২৩৬ ॥
অথ কুর্য্যাদ্ভগবতো জাতকর্ম্মমহোৎসবম্। শ্রীনালবর্দ্ধনং কুর্য্যাৎ ষষ্ঠীনিঃসারণং ততঃ ॥

শ্রীরামং শ্রীবলদেবম্ অন্যান্ গোপগোপীগবাদীন্ দেবাদীংশ্চ। তত্তন্মূর্ত্তিনির্ম্মাণাশক্তৌ চ স্থণ্ডিলে আবাহনাদিকং কৃত্বা পূজয়েদিতি লিখিতভবিষ্যোত্তরবচনতো বোদ্ধব্যং। স্থণ্ডিলে স্থাপয়েদ্দেবং শশাঙ্কং রোহিণীং তথা। দেবকীং বসুদেবঞ্চ যশোদাং নন্দমেব চ। বলভদ্রং তথা গোপান্ গোপীর্গোকুলমেব বেতি ভবিষ্যোত্তরোক্তেঃ। তস্য তস্য বসুদেবাদের্নামাত্মকৈর্মন্ত্রৈঃ। তৎ প্রকারশ্চ পূর্ব্বং সর্ব্বত্র লিখিতোঽস্ত্যেব। অত্র ভবিষ্যে ভবিষ্যোত্তরে চোক্তঃ।—স্বনামভি-শ্চতুর্থ্যন্তৈঃ প্রণবাদিনমোঽন্তকৈঃ। পূজয়েয়ুর্দ্বিজাঃ সর্ব্বে স্ত্রীশূদ্রা মন্ত্রবর্জ্জিতা ইতি। অতোঽয়ং প্রয়োগঃ।—ওঁ বসুদেবায় নম ইত্যাদি। যথাবিধীতি আবাহনাদিকং কৃত্বা। কশ্যপো বসুদেবোঽয়মিত্যাদি তথা ধ্যাত্বাবতারং প্রাগুক্তমিত্যাদেশ্চ ভবিষ্যোত্তরোক্তস্যানুসারতস্তত্তদ্ধ্যানং কৃত্বা পাদ্যাদি-নৈবেদ্যান্তোপচারান্ সমর্পয়েদিত্যেবং সর্ব্বপূজা-সাধারণ-বিধানুসারেণ পূজয়েদিত্যর্থঃ ॥ ২৩৪ ॥ অথ মহোৎসববিশেষস্যাস্য লক্ষণং পুনর্দ্রব্যবিশেষসমর্পণং লিখতি পক্বান্নানীতি। খাদ্যানি চর্ব্ব্যবীজেক্ষুকুড়ুকাদীনি। তৎকালীনানি জন্মাষ্টমী-সময়োদ্ভবানি। ফলানি কুষ্মাণ্ড-কদলকাদীনি চ ॥ ২৩৫ ॥

নিশীথে অর্দ্ধরাত্রে গুড়যুক্তেন গব্যঘৃতেন বসোর্ধারাঃ পাতয়েৎ। তত্র মন্ত্রঃ। বসোঃ পবিত্রমসীতি এতচ্চ লোক-জন্মানন্তর-সাধারণকৃত্যং। কিঞ্চ শ্রীনালস্য শ্রীনাভিনাড্যা বর্দ্ধনং ছেদনং। তচ্চ হৈরণ্যক্ষুরেণ কুর্য্যাৎ। যথোপচারৈঃ ষষ্ঠীকায়ৈ নম ইতি ষষ্ঠীং সংপূজ্য বিধি-বন্নিঃসারণং কুর্য্যাদিতি জ্ঞেয়ং। সর্ব্বঞ্চ ভগবন্নিবেদিত-শেষেণৈব সিধ্যতীতি স্থাপনে পৃথক্ ন লিখিতং। তস্যাঃ তস্যাঃ সুপ্রসিদ্ধায়াঃ লীলায়াঃ পূতনাবধাদি-কংসবধান্তক্রীড়ায়াঃ অনুকরণং। আচার্য্যং নিজগুরুং। যদ্বা ব্রতার্থে গুরুত্বেন বৃতং বিপ্রং সমভ্যর্চ্চ্য বস্ত্রালঙ্করণাদিনা সম্যক্

নৈবেদ্যদান-মন্ত্র।—"বিশ্বেশ্বরায়" ইত্যাদি মন্ত্রে নৈবেদ্য প্রদান করিতে হয়। ২৩৩। তদনন্তর বসুদেব, যশোদা, নন্দ, বলদেব, রোহিণী ও অপরাপর সকলকে তত্তন্নামোচ্চারণ সহকারে বিধানে অর্চ্চনা করিবে। ২৩৪। বিচিত্র পক্বান্ন, নানারূপ খাদ্য, তৎকালজাত ফল ও তাম্বূল প্রদান করিতে হয়।

উক্ত দ্রব্যাদি প্রদানের মন্ত্র। আপনি ধর্ম্মেশ্বর, ধর্ম্মসম্ভব, ধর্ম্মপতি ও গোবিন্দ, আপনাকে প্রণাম। ২৩৫। পরে নিশীথরাত্রে গুড় ও ঘৃত দ্বারা বসুধারা দিতে হয়। ২৩৬। তৎপরে প্রভুর জাতক্রিয়োৎসব, তদনন্তর (স্বর্ণক্ষুর দ্বারা) নাড়ীচ্ছেদ, পরে ষষ্ঠী দেবীর অর্চ্চনা, এই সমস্ত শেষ করিয়া বিধানে তদীয় নিষ্ক্রমণ, নামকরণ এবং পূতনাবিনাশাদি কংস-সংহারান্ত

শ্রীনামকরণং তত্তল্লীলানুকরণন্তথা। অথাচার্য্যং সমভ্যর্চ্চ্য কুর্য্যাজ্জাগরণং মুদা।
গীতনৃত্যাদিনা বাল্যক্রীড়াশ্রবণপূর্ব্বকম্॥ ২৩৭॥

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

আজন্মোপার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব লীয়তে।
রাত্রৌ জাগরণে বিপ্র দৃষ্টে নশ্যতি দেহিনাম্॥ ২৩৮॥

প্রভাতে সতি নির্ব্বর্ত্ত্য নিত্যকর্ম্মাণি বৈষ্ণবঃ। দেবমভ্যর্চ্চ্য সম্প্রার্থ্য প্রণম্য চ বিসর্জ্জয়েৎ॥

অথ প্রণামমন্ত্রঃ।

যং দেবমিত্যাদি সার্দ্ধপঞ্চম্॥

অথ প্রার্থনামন্ত্রঃ।

শান্তিরস্ত্বিত্যাদিঃ॥ ২৩৯॥

অথাচার্য্যায় তৎ সর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদি সদক্ষিণম্।
প্রদায় বিপ্রান্ সম্ভোজ্য বিদধ্যাৎ পারণোৎসবম্॥ ২৪০॥

অথ পার্শ্বপরিবর্ত্তনোৎসবঃ।

ভাদ্রস্য শুক্লৈকাদশ্যাং শয়নোৎসববৎ প্রভোঃ।
কটিদানোৎসবং কুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ॥ ২৪১॥

পূজয়িত্বা। বাল্যক্রীড়া শ্রীভগবতঃ পূতনাবাদিচরিতং তচ্ছ্রবণপূর্ব্বকং জাগরণং কুর্য্যাৎ। জাগরণবিধিশ্চ সর্ব্বব্রতসাধারণ এবেত্যত্র বিশেষতো নোল্লিখিতঃ॥ ২৩৭॥ কথং লীয়তে ইত্যপেক্ষায়ামুক্তপোষণ্যায়েনাহ রাত্রাবিতি। হে বিপ্র। দৃষ্টে তম ইতি পাঠে তমোঽজ্ঞানং॥ ২৩৮॥ নিত্যকর্ম্মাণি স্নানাদীনি। সং প্রার্থ্য ক্ষমস্বেত্যাদিকমভ্যর্থ্য বিসর্জ্জয়েদিতি জন্মাষ্টমী-ব্রতার্থ-নির্ম্মিত-শ্রীমূর্ত্তিবিশেষস্য ব্রতান্তে গুরৌ সমর্পণার্থমিত্যেষা দিক্॥ ২৩৯॥ তৎ সূতিকাগৃহোপকরণং, তত্তদ্ভগবদাদি-প্রতিমাঃ, আদিশব্দেন পূজোপকরণাদিকঞ্চ। সর্ব্বং দক্ষিণাসহিতং প্রকর্ষেণ শ্রীকৃষ্ণঃ প্রীয়তামিত্যেবং দত্ত্বা, তথৈব বিপ্রান্ সম্যক্ ভোজয়িত্বা, ব্রতসমাপ্তিরূপ-মহোৎসবং কুর্য্যাৎ। পরমহর্ষেণ বন্ধুভিঃ সমং ভগবন্মহাপ্রসাদান্নাদিকং ভুঞ্জীতেত্যর্থঃ॥ ২৪০॥

যাবতীয় ক্রীড়ার অনুকরণ করিবে। পরে বসন-ভূষণাদি দ্বারা আচার্য্যকে বিধানে অর্চ্চনা পূর্ব্বক সানন্দে হরির বাল্যচরিত শ্রবণ করত নৃত্যগীতাদি দ্বারা নিশাজাগরণ করিতে হয়। স্কন্দপুরাণে ব্রহ্মনারদসংবাদে লিখিত আছে, হে দ্বিজ! নিশাজাগরণ দর্শন করিলে দেহিগণের আজন্ম-সঞ্চিত পাতক আশু বিধ্বস্ত হইয়া যায়। ২৩৮। তৎপরে প্রাতঃকালে বৈষ্ণবজন নিত্যক্রিয়া সমাপনান্তে প্রভুকে পূজা, প্রার্থনা ও প্রণাম করত বিসর্জ্জন করিবে।

প্রণামমন্ত্র।—"যং দেবং" ইত্যাদি সার্দ্ধ কবিতা উচ্চারণ পূর্ব্বক নমস্কার করিতে হয়।

প্রার্থনা-মন্ত্র।—"শান্তিরস্তু" ইত্যাদি (পূর্ব্বকথিত) মন্ত্রে প্রার্থনা করিবে। ২৩৯। তৎপরে আচার্য্যকে দক্ষিণা সহ সূতিকাগৃহস্থিত উপকরণ ও ভগবন্মূর্ত্ত্যাদি অর্পণ পূর্ব্বক ব্রাহ্মণ ভোজন করাইয়া পারণোৎসব সমাধা করিবে। ২৪০।

ভবিষ্যোত্তরে ।—

প্রাপ্তে ভাদ্রপদে মাসি একাদশ্যাং সিতেঽহনি । কটিদানং ভবেদ্বিষ্ণোর্মহাপাতকনাশনম্ ॥
জলাশয়ান্তিকং নীত্বা সম্যগভ্যর্চ্চ্য চ প্রভুম্ । কর্ণিকাপরিবৃত্তিঞ্চ দক্ষিণাঙ্গে প্রকল্পয়েৎ ॥ ২৪২ ॥

অথ অভ্যর্থনমন্ত্রঃ ।

দেবদেব জগন্নাথ যোগিগম্য নিরঞ্জন । কটিদানং কুরুষ্বাদ্য মাসি ভাদ্রপদে শুভে ॥
মহাপূজাং ততঃ কৃত্বা বৈষ্ণবান্ পরিতোষ্য চ ।
দেবং স্বমন্দিরে নীত্বা যথাপূর্ব্বং নিবেশয়েৎ ॥ ২৪৩ ॥

অথ শ্রবণদ্বাদশীব্রতম্ ।

ভাদ্রস্য শুক্লদ্বাদশ্যাং যুক্তায়াং শ্রবণেন হি । উপোষ্য সঙ্গমে স্নাত্বা দেবং বামনমর্চ্চয়েৎ ॥

অথ তন্মাহাত্ম্যম্ ।

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা । মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা ।
অর্চ্চয়িত্বাচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকম্ ॥ ২৪৪ ॥

শয়নোৎসববদিতি যথা শয়নে ক্ষীরাব্ধিমহোৎসবপ্রকারো লিখিতস্তথেত্যর্থঃ । তত্র যদ্যপি ভবিষ্যোত্তরে একাদশ্যামিত্যুক্তং, তথাপি পূর্ব্বলিখিত-শয়নাদি-কালনির্ণয়ানুসারেণ দ্বাদশ্যামিতি লিখিতং । তদ্বিশেষশ্চ পূর্ব্বমেব শয়নোৎসবপ্রকরণে লিখিতোঽস্তি । ভবিষ্যোত্তরে চ একাদশী-দ্বাদশ্যোরভেদাভিপ্রায়েণোক্তমিতি বোদ্ধব্যং ॥ ২৪১ ॥ শয়নোৎসবাৎ কিঞ্চিদ্বিশেষমনুবাদপূর্ব্বকং লিখতি জলেতি ত্রিভিঃ । কর্ণিকায়াঃ কট্যাঃ পরিবৃত্তং দক্ষিণাঙ্গে প্রকল্পয়েৎ ইতি পূর্ব্বং বামাঙ্গেন সুপ্তস্যাধুনা দক্ষিণাঙ্গেন স্বাপয়েদিত্যর্থঃ । তৎকালবিশেষশ্চ পূর্ব্বমেব নির্ণীতোঽস্তি ॥ ২৪২-২৪৩ ॥ দশাব্দিকং দশাব্দভগবদর্চ্চনজং পুণ্যং, তস্যামর্চ্চয়িত্বা লভেৎ ॥ ২৪৪ ॥ আপ্লবাৎ সঙ্গম এব

অনন্তর পার্শ্বপরিবর্ত্তনোৎসব বিবৃত হইতেছে ।—বৈষ্ণবজন ভাদ্রীয়া শুক্লা একাদশী তিথিতে বৈষ্ণবগণ সহ মিলিত হইয়া প্রভুর কটিদানোৎসব সম্পাদন করিবেন । ২৪১ । ভবিষ্যোত্তরে লিখিত আছে, ভাদ্রমাস উপস্থিত হইলে শুক্লা একাদশী তিথিতে মহাবিষ্ণুকে কটিদান করিলে মহাপাপ ধ্বংস হয় । ভগবানের প্রতিমা জলাশয়-সন্নিধানে লইয়া তাঁহাকে সম্যক্ বিধানে অর্চ্চনা করত কর্ণিকার (কটির) পরিবৃত্তি কল্পনা করিবে অর্থাৎ প্রথমে বামাঙ্গে শয়ন করান হইয়াছিল, অধুনা দক্ষিণাঙ্গে শয়ন করাইবে । ২৪২ ।

অভ্যর্থনমন্ত্র ।—হে দেবদেব ! হে জগৎপতে ! হে যোগিগম্য ! হে নিরঞ্জন ! কল্যাণকর ভাদ্রমাসে অদ্য কটিদান করুন্ । তৎপরে প্রভুর মহাপূজা সমাধা পূর্ব্বক বৈষ্ণবদিগের তুষ্টি সম্পাদন করত প্রভুকে আপন মন্দিরে আনিয়া পূর্ব্ববৎ স্থাপন করিবে । ২৪৩ ।

অনন্তর শ্রবণদ্বাদশীব্রত কথিত হইতেছে ।—ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া দ্বাদশী তিথিতে শ্রবণা-নক্ষত্রের যোগ হইলে, উপবাস করত নদী-সঙ্গমে স্নানান্তে বামনদেবের পূজা করিবে ।

শ্রবণদ্বাদশী-মাহাত্ম্য ।—ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে তাহাকে মহাদ্বাদশী কহে । ঐ তিথিতে উপবাস করিলে মহাফল লাভ হয় । ঐ দিন ভক্তিসহকারে

ফলং দত্তং হুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ ॥

স্কান্দে।—মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা। মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা ॥
সঙ্গমে সরিতঃ পুণ্যে দ্বাদশীং তামুপোষিতঃ। আপ্লবাদেব চাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্ ॥২৪৫॥
বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ। অত্যন্তমহতী তস্যাং দত্তং ভবতি চাক্ষয়ম্ ॥
অর্চ্চয়িত্বাচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকম্।
ফলং দত্তং হুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ ॥

ব্রহ্মবৈবর্ত্তে পিতাপুত্রসংবাদে।—
মাসি ভাদ্রপদে শুক্লপক্ষে যদি হরের্দিনে। বুধশ্রবণসংযোগঃ প্রাপ্যতে তত্র পূজিতঃ।
প্রযচ্ছতি শুভান্ কামান্ বামনো মনসি স্থিতান্।
বিজয়া নাম সা প্রোক্তা তিথিঃ প্রীতিকরী হরেঃ ॥
সঙ্গমে সর্ব্বতীর্থানাং সঙ্গমস্তত্র জায়তে। শুক্লা ভাদ্রপদে স্বর্গং কৃষ্ণা কলুষসংক্ষয়ম্।
ফাল্গুনে কুরুতে মোক্ষমপি ব্রহ্মবধায়ৃণাম্। মহাপুণ্যপ্রদা হ্যেষা সঙ্গমে বিজয়া তিথিঃ।
সর্ব্বপাপক্ষয়ো নূনং জায়তে তদুপোষিণাম্ ॥
কিঞ্চ।—সর্ব্বতীর্থানি ভূপৃষ্ঠে সঙ্গমে যান্তি সঙ্গমম্। বিজয়া-বাসরে সর্ব্ব-দেবানাং সঙ্গমো ভুবি ॥
ইদং সর্ব্বপুরাণেষু রহস্যং পরিগীয়তে। সঙ্গমে বামনং পূজ্য প্রেতযোনৌ ন জায়তে। ২৪৬ ॥

স্নানাৎ ॥ ২৪৫ ॥ ভাদ্রমাসে শুক্লা শ্রবণদ্বাদশী স্বর্গং কুরুতে। ফাল্গুনে কৃষ্ণা কলুষসংক্ষয়ং কুরুতে। পূজ্য পূজয়িত্বা ॥ ২৪৬ ॥

প্রভুর অর্চ্চনা করিলে দশবর্ষকৃত ভগবৎপূজার ফল লাভ হয়। ২৪৪। উক্ত তিথিতে দান, হোম ইত্যাদি যে কোন কর্ম্মের অনুষ্ঠান করা যায়, তাহাই লক্ষগুণ ফলপ্রদ হইয়া থাকে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া দ্বাদশীতে শ্রবণার যোগ হইলেই তাহা মহাদ্বাদশী বলিয়া পরিগণিত হয়; ঐ দিনে উপবাস করিলে মহাফল লাভ হইয়া থাকে। দ্বাদশীতে উপবাস থাকিয়া পবিত্র নদী-সঙ্গমে স্নান করিলে দ্বাদশ দ্বাদশীর ফল প্রাপ্ত হওয়া যায়।২৪৫। ঐ দ্বাদশী বুধবার ও শ্রবণা-নক্ষত্র-সমন্বিতা হইলে তাহা মহতী নামে পরিকীর্ত্তিত হয়। এই মহতী তিথিতে যাহা কিছু দান করা যায়, তাহা অক্ষয় হয় এবং ঐ দিন ভক্তি সহকারে শ্রীহরির অর্চ্চনা করিলে দশবর্ষকৃত পূজার ফল প্রাপ্ত হওয়া যায় এবং দান বা হোম করিলে লক্ষগুণ ফল হইয়া থাকে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে পিতা-পুত্র-সংবাদে লিখিত আছে, ভাদ্রী শুক্লা একাদশী বুধবার ও শ্রবণা নক্ষত্র হইলে ঐ দিনে যদি, বামনদেবের অর্চ্চনা করা যায়, তাহা হইলে ভগবান্ যাবতীয় অভীপ্সিত শুভ কামনা পরিপূর্ণ করিয়া দিয়া থাকেন। ঐ তিথিকে বিজয়া কহে; উহা শ্রীহরির প্রীতিসম্পাদিনী। ঐ দিন নদী-সঙ্গমে নিখিল তীর্থের সমাগম হয়। শ্রবণা-সংযুক্তা ভাদ্রী শুক্লা দ্বাদশী স্বর্গপ্রদায়িনী এবং শ্রবণা-সমন্বিতা কৃষ্ণা দ্বাদশী পাপনাশিনী। ফাল্গুনী শুক্লা দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে ঐ তিথি মানবগণের ব্রহ্মহত্যাপাতকেরও মোচন করিয়া দেয়। এই বিজয়া-তিথি-সঙ্গমে মহাপুণ্যদায়িনী হইয়া থাকেন।

শ্রীপরশুরাম উবাচ।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—

উপবাসাসমর্থানাং কিং স্যাদেকমুপোষিতম্। মহাফলং মহাদেব তন্মমাচক্ষ্ব সুব্রত॥

শ্রীশঙ্কর উবাচ।

যা রাম শ্রবণোপেতা দ্বাদশী মহতী তু সা। তস্যামুপোষিতঃ স্নাতঃ পূজয়িত্বা জনার্দ্দনম্।
প্রাপ্নোত্যযত্নাৎ ধর্ম্মজ্ঞ দ্বাদশ-দ্বাদশীফলম্॥ ২৪৭॥

কিঞ্চ।—শ্রবণদ্বাদশীযোগে বুধবারো ভবেদ্যদি। অত্যন্তমহতী রাম দ্বাদশী সা প্রকীর্ত্তিতা॥
স্নানং জপ্যং তথা হোমো দানং শ্রাদ্ধং সুরার্চ্চনম্। সর্ব্বমক্ষয়মাপ্নোতি তস্যাং ভৃগুকুলোদ্বহ॥
তস্মিন্ দিনে তথা স্নাতো যোঽপি কচন সঙ্গমে। স গঙ্গাস্নানজং রাম ফলং প্রাপ্নোত্যসংশয়ম্॥
শ্রবণে সঙ্গমাঃ সর্ব্বে পরিপুষ্টিপ্রদাঃ সদা॥ ২৪৮॥
বিশেষাদ্দ্বাদশীযুক্তে বুধযুক্তে বিশেষতঃ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ।

ভবিষ্যোত্তরে।—

উপবাসাসমর্থানাং সদৈব পুরুষোত্তম। একা যা দ্বাদশী পুণ্যা তাং বদস্ব মমানঘ॥

শ্রীকৃষ্ণ উবাচ।

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা। সর্ব্বকামপ্রদা পুণ্যা উপবাসে মহাফলা॥
সঙ্গমে সরিতাং স্নাত্বা গঙ্গাস্নানাদিজং ফলম্। সোপবাসঃ সমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা॥
কিঞ্চ।—বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ। অতীব মহতী তস্যাং সর্ব্বং দত্তমিহাক্ষয়ম্॥

উপোষিতমুপোষণং॥ ২৪৭॥ পরিপুষ্টিপ্রদাঃ পুণ্যাতিশয়করাঃ॥ ২৪৮॥

ঐ দিন উপবাস করিলে আশু পাতক হইতে মুক্তি প্রাপ্ত হওয়া যায়। আরও লিখিত আছে, বিজয়াবাসরে ধরাতলে সঙ্গমে নিখিল তীর্থের সমাগম হইয়া থাকে। ঐ দিন ভূতলে অখিল দেবগণ সমবেত হন। ঐ দিন সঙ্গমে বামনদেবকে অর্চ্চনা করিলে আর প্রেতযোনিতে জন্মগ্রহণ করিতে হয় না, এই রহস্য সর্ব্বপুরাণেই কীর্ত্তিত আছে। ২৪৬। বিষ্ণুধর্ম্মোত্তরে পরশুরামের উক্তি আছে, হে মহাদেব! হে সুব্রত! যাহারা উপবাসী থাকিতে অক্ষম, একটিমাত্র কিরূপ উপবাস দ্বারা তাহারা মহাফল লাভ করিতে পারে, তাহা মৎসকাশে বর্ণন করুন। মহাদেব বলিলেন,হে ভৃগুরাম! শ্রবণা-নক্ষত্রবিশিষ্টা দ্বাদশীকে মহতী বলা যায়। হে ধর্ম্মজ্ঞ! ঐ তিথিতে উপবাস, স্নান ও হরির অর্চ্চনা করিলে বিনা যত্নে দ্বাদশ দ্বাদশীর ফল লাভ করিতে পারে।২৪৭। আরও লিখিত আছে, হে ভৃগুরাম! শ্রবণা-দ্বাদশী-যোগে বুধবার হইলে সেই তিথি অত্যন্ত মহতী বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। হে ভৃগুকুলতিলক! উক্ত তিথিতে স্নান, জপ, হোম, দান-শ্রাদ্ধ ও দেবপূজা যাহা কিছু অনুষ্ঠিত হয়, তৎসমস্তই অক্ষয় হইয়া থাকে। হে রাম! ঐ তিথিতে যে কোন নদীসঙ্গমে স্নান করিলে নিঃসন্দেহ গঙ্গাস্নান-জনিত পুণ্য প্রাপ্ত হওয়া যায়। শ্রাবণমাসে নিখিল নদী-সঙ্গমই নিরন্তর পরিপুষ্টি প্রদ (পুণ্যাতিশয়প্রদ) হইয়া থাকে।

কিঞ্চ তত্রৈব বণিগুপাখ্যানে।—

শ্রাবণীদ্বাদশীযোগে পূজয়িত্বা জনার্দ্দনম্। দানঞ্চ দত্বা বিপ্রেভ্যঃ সোপবাসো জিতেন্দ্রিয়ঃ।
মহানদী-সঙ্গমে চ স্নাত্বা দিষ্টান্তমাগতঃ। অবাপ পরমং স্থানং দুর্ল্লভং সর্ব্বমানবৈঃ॥
যত্র কামফলা বৃক্ষা নদ্যঃ পায়সকর্দ্দমাঃ। শীতলামলপানীয়াঃ পুষ্করিণ্যো মনোহরাঃ।
তং দেশমাসাদ্য বণিঙ্মহাত্মা, সুমৃষ্টজাম্বূনদভূষিতাঙ্গঃ।
কল্পং সমগ্রং সুরসুন্দরীভিঃ, সাকং স রেমে মুদিতঃ সদৈব॥

কিঞ্চান্তে।—

বুধশ্রবণ-সংযুক্ত-দ্বাদশ্যাং সঙ্গমোদকম্। দানং বহ্বোদনং শস্তমুপবাসঃ পরো বিধিঃ।
সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা। এতৈশ্চান্যৈশ্চ রাজেন্দ্র কামদা দ্বাদশী কৃতা॥ ২৪৯॥
যা দ্বাদশী বুধযুতা শ্রবণেন সার্দ্ধং, স্যাৎ সা জয়েতি কথিতা মুনিভির্নভস্তে।
তামাদরেণ সমুপোষ্য নরো হি সম্যক্, প্রাপ্নোতি সিদ্ধিমণিমাদি-গুণোপপন্নং॥ ইতি॥ ২৫০॥

বহব ওদনা যস্মিন্ তৎ। শস্তং মঙ্গলং॥ ২৪৯॥ নভস্তে ভাদ্রে। সিদ্ধিং মোক্ষং শ্রীবৈকুণ্ঠলোকংবা॥ ২৫০॥

বিশেষতঃ উহাতে দ্বাদশী ও বুধবারের যোগ হইলে বিশেষ-ফলপ্রদ হইয়া থাকে। ভবিষ্যোত্তরে কৃষ্ণের প্রতি যুধিষ্ঠিরের উক্তি আছে যে, হে পুরুষশ্রেষ্ঠ! হে অনঘ! নিরন্তর উপবাসী থাকিতে অসমর্থ হইলে তাহাদিগের পক্ষে এরূপ পুণ্যস্বরূপা কোন্ একটিমাত্র দ্বাদশী করিবার বিধি আছে, তাহা মৎসকাশে কীর্ত্তন কর। শ্রীকৃষ্ণ কহিলেন, ভাদ্রমাসীয়া শুক্লপক্ষীয়া দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে সেই তিথিই সর্ব্বকামদাত্রী ও পুণ্যস্বরূপিণী; ঐ তিথিতে উপবাস করিলে মহাফল প্রাপ্ত হওয়া যায়। ঐ দিনে উপবাসপরায়ণ ব্যক্তি নদীসঙ্গমে স্নান করিলে নিঃসন্দেহ গঙ্গাস্নানাদিজনিত ফল লাভ করিতে পারে। আরও লিখিত আছে, ঐ দ্বাদশীতে বুধবার ও শ্রবণা নক্ষত্রের যোগ হইলে তাহাকে অতীব মহতী বলা যায়। ঐ তিথিতে দান করিলে তাহা অক্ষয় হইয়া থাকে। উক্ত স্থানেই বণিকের উপাখ্যানে লিখিত আছে যে, কোন জিতেন্দ্রিয় বণিক্ শ্রবণাযোগে উপবাসী থাকিয়া হরির অর্চ্চনা ও বিপ্রগণকে দান করত মহানদীসঙ্গমে স্নানান্তে দেহ বিসর্জ্জন করিয়াছিল; সেই ফলে তাহার লোকদুর্ল্লভ পরমপদ লাভ হয়। যে স্থানের তরুগণ (কল্পতরুবৎ) কামফল প্রদান করে, পায়সই যত্রত্য নদীসমূহের কর্দ্দমস্বরূপ যে স্থানের মনোরম পুষ্করিণীসমূহ শীতল স্বচ্ছজলে পরিপূর্ণ, সেই মহানুভব বণিক্ তাদৃশ (দিব্য) স্থান লাভ করত সমুদ্ভাসিত কাঞ্চনভূষণ-সমলঙ্কৃত হইয়া আনন্দে নিখিল কল্প যাবৎ সুরনারীগণ সহ বিহার করিয়াছিল। উক্ত প্রসঙ্গান্তে আরও লিখিত আছে যে উক্ত দ্বাদশীতে বুধবার ও শ্রবণানক্ষত্রের যোগ হইলে নদীসঙ্গমে জল ও ভূরিপরিমিত অন্নদান মঙ্গলস্বরূপ হয় জানিবে; পরন্তু উক্ত তিথিতে উপবাসই প্রধান বিধি। হে রাজসত্তম! সগর, ককুৎস্থ, ধুন্ধুমার ও গাধি এই সমস্ত নৃপতি এবং অপরাপর ব্যক্তিরা কামদায়িনী দ্বাদশীর ব্রত সাধন করিয়াছিলেন। ২৪৯। ভাদ্রীয়া শুক্লা দ্বাদশীতে বুধবার ও শ্রবণা-নক্ষত্রের যোগ

অথ শ্রবণদ্বাদশীব্রতনির্ণয়ঃ।

দ্বাদশ্যেকাদশী বা স্যাদুপোষ্যা শ্রবণান্বিতা। বিষ্ণুশৃঙ্খলযোগশ্চ তত্রয়ং মিশ্রিতং যদি॥

অথ শ্রবণদ্বাদশ্যুপবাসঃ।

শ্রীমার্কণ্ডেয়ঃ।—

শ্রবণর্ক্ষসমাযুক্তা দ্বাদশী যদি লভ্যতে। উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণম্॥২৫১॥

যমশ্চ।—যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ। তদাসৌ তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা॥

তত্র দানোপবাসাদ্যমক্ষয়ং পরিকীর্ত্তিতম্। একাদশ্যা বিশুদ্ধয়ে দ্বাদশ্যান্তু পরেঽহনি।

শ্রবণে সতি শক্তস্য ব্রতযুগ্মং বিধীয়তে॥

কিঞ্চ।—অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্ব্রতান্তরম্।

ইত্যাদি বচনস্যাত্র বাধকত্বং ন বিদ্যতে॥

তথা হি ভবিষ্যোত্তরে।—

একাদশীমুপোষ্যৈব দ্বাদশীং সমুপোষয়েৎ। ন চাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দ্দেবতা হরিঃ॥ ইতি।

অশক্তস্তু ব্রতদ্বয়ে ভুঙ্‌ক্তে বৈকাদশীদিনে। উপবাসং বুধঃ কুর্য্যাচ্ছ্রবণ-দ্বাদশী-দিনে॥

তথা চ নারদীয়ে।—

উপোষ্য দ্বাদশীং পুণ্যাং বিষ্ণুঋক্ষেণ সংযুতাম্। একাদশ্যাস্তবং পুণ্যাং নরঃ প্রাপ্নোত্যসংশয়ম্॥

দ্বাদশীতি। শ্রবণনক্ষত্রযুক্তা যদি দ্বাদশী স্যাৎ, তদা শক্তৈরশক্তৈশ্চ সর্ব্বৈরেব দ্বাদশ্যে-বোপোষ্যা; যদি বৈকাদশী শ্রবণান্বিতা স্যাদ্দ্বাদশ্যাং শ্রবণং নাস্তি, তদা সর্ব্বৈরেকাদশ্যেবোপোষ্যা; যদি চ তিথিক্ষয়াত্তত্রয়ং দ্বাদশ্যেকাদশী শ্রবণঞ্চ মিশ্রিতং একস্মিন্নেব দিনে অন্যোন্যমিলিতং স্যাত্তদা বিষ্ণুশৃঙ্খলো নাম যোগঃ, বিষ্ণুদেবত্যানাং ত্রয়াণামেকত্র শৃঙ্খলাবৎ গ্রথিতত্বাৎ। ততশ্চ স এবোপোষ্য ইত্যর্থঃ। তত্তদ্বিশেষশ্চোদাহরিষ্যমাণ-বচনতোঽগ্রে ব্যক্তো ভাবী॥ ২৫১॥ ন চৈবং শুদ্ধৈকাদশীত্যাগেন দোষঃ স্যাদিতি লিখতি উপোষ্যেতি ত্রিভিঃ। বিষ্ণু-ঋক্ষেণ শ্রবণেন।

হইলে তাহারই নাম জয়া। ঐ জয়া তিথিতে সাদরে উপবাসী থাকিলে অণিমাদি-গুণযুক্ত হইয়া সিদ্ধি (মুক্তি বা বৈকুণ্ঠপদ) লাভ করিতে পারে।

অতঃপর শ্রবণদ্বাদশীব্রত নিরূপণ হইতেছে।—দ্বাদশী বা একাদশীতে শ্রবণার যোগ হইলেই তাহাতে উপবাসী থাকিতে হয়; তিনটী একত্র সমবেত হইলে তাহাকে বিষ্ণুশৃঙ্খল-যোগ কহে।

অনন্তর শ্রবণদ্বাদশীর উপবাস বিষয় কথিত হইতেছে।—মার্কণ্ডেয়ের উক্তি আছে যে, দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে সেই দিন উপবাসী থাকিয়া ত্রয়োদশীতে পারণ করা কর্ত্তব্য। ২৫১। যমের উক্তি আছে যে, শুক্লপক্ষীয়া দ্বাদশীতিথিতে শ্রবণা নক্ষত্রের যোগ হইলে ঐ দ্বাদশী মহাপুণ্যস্বরূপিণী বিজয়া নামে অভিহিত হইয়া থাকে। ঐ দিনে দান বা উপবাসাদি যাহা কিছু অনুষ্ঠিত হয়, তাহাই অক্ষয় হয়। পূর্ব্বাহ্নে একাদশী শুদ্ধা হইয়া পরদিন দ্বাদশীতে শ্রবণা হইলে দুইটী ব্রত করাই সক্ষমের পক্ষে কর্ত্তব্য। আরও লিখিত আছে, "পূর্ব্বব্রত সম্পূর্ণ

বাজপেয়ে যথা যজ্ঞে কর্ম্মহীনোঽপি দীক্ষিতঃ। সর্ব্বং ফলমবাপ্নোতি অস্নাতোঽপ্যহুতোঽপি সন্॥
এবমেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশ্যাং সমুপোষণাৎ। পূর্ব্ববাসরজং পুণ্যং সর্ব্বং প্রাপ্নোত্যসংশয়ম্॥
অত্যল্পোঽপ্যনয়োর্যোগো ভবেত্তিথিভয়োর্যদি। উপাদেয়ঃ স এব স্যাদিত্যত্রোপবসেদ্বুধঃ॥
তথা চ শ্রবণদ্বাদশীং প্রকৃত্য তত্রৈবোক্তম্।—

তিথিনক্ষত্রয়োর্যোগে যোগশ্চৈব নরাধিপ। দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়ো হ্যষ্টযামিকঃ॥
তথৈব মাৎস্যে।—

দ্বাদশী শ্রবণাযুক্তা কৃৎস্না পুণ্যতমা তিথিঃ। ন তু সা তেন যুক্তা চ তাবত্যেব প্রশস্যতে॥২৫২॥
নারদীয়ে।—

অথ শ্রবণনক্ষত্রযুক্তৈকাদশ্যুপবাসঃ।

যদি ন প্রাপ্যতে ঋক্ষং দ্বাদশ্যাং বৈষ্ণবং কচিৎ। একাদশী তদোপোষ্যা পাপঘ্নী শ্রবণান্বিতা॥
উভয়োর্দেবতা বিষ্ণুঃ পুরাণঃ পুরুষোত্তমঃ। বিভেদোঽত্র ন কর্ত্তব্যো বিভেদাৎ পততে নরঃ॥

কেচিচ্চেদমুপবাসদ্বয়ে প্রাপ্তে সত্যসমর্থবিষয়কমিতি ব্যবস্থাপয়ন্তি। তদযুক্তং। বৈষ্ণবানাং দ্বাদশ্যাং শ্রবণযোগে মহাদ্বাদশীত্বেন তত্রোপবাসাৎ। তথা নারদীয়াদি-বচনেষত্র শক্তাশক্তাদি-বিশেষপরিত্যাগেন নর ইত্যাদিসামান্যনির্দ্দেশাচ্চ॥ ২৫২॥

বৈষ্ণবমৃক্ষং শ্রবণং কচিদিতি রাত্র্যাদৌ কস্মিংশ্চিৎ সময়েঽপীত্যর্থঃ। অতএবোক্তং মাৎস্যে দ্বাদশীশ্রবণস্পৃষ্টেতি নারদীয়ে চৈতৎপ্রকরণ এব। —তিথিনক্ষত্রযোগানাং যোগশ্চৈব নরাধিপ।

না হইলে অন্যত্রত করিতে নাই" প্রভৃতি যে বচন আছে, এখানে তাহার বাধকতা হইবে না। ভবিষ্যোত্তরে লিখিত আছে, একাদশীতে উপবাস করিয়াও দ্বাদশীতে উপবাস করিতে হয়, তাহাতে বিধির হানি হয় না; কেন না, হরিকেই তিথিদ্বয়ের দেবতা জানিবে। যদি দুইটী উপবাসে অক্ষম হয় তাহা হইলে একাদশীতে আহার করত শ্রবণদ্বাদশীতে উপবাসী থাকিতে হয়। এই বিষয়ে নারদীয়পুরাণে লিখিত আছে যে, শ্রবণাসমন্বিতা দ্বাদশীতে উপবাস করিলে নিঃসন্দেহ একাদশ্যুপবাসজন্য ফল লাভ করিতে পারে। বাজপেয়যজ্ঞে দীক্ষিত হইলে স্নানহোম না করিয়াও যেরূপ কর্ম্মরহিত ব্যক্তির সমস্ত ফল লাভ হয়, সেইরূপ একাদশী বর্জ্জন পূর্ব্বক দ্বাদশীতে উপবাসী থাকিলে একাদশ্যুপবাসজন্য সমস্ত ফল প্রাপ্ত হওয়া যায় সন্দেহ নাই। তিথি ও নক্ষত্রের যোগ অত্যল্পমিত হইলেও তাহাই প্রশস্ত; তাহাতেই উপবাস করা সুধী ব্যক্তির কর্ত্তব্য। শ্রবণাদ্বাদশী অবলম্বন পূর্ব্বক উক্ত পুরাণেই লিখিত আছে যে, হে রাজন্! তিথিনক্ষত্রের যোগে কলাদ্বয়মাত্র যোগ ঘটিলে তাহাই অষ্টযামিক (অহোরাত্রব্যাপী) বলিয়া বোদ্ধব্য। মৎস্যপুরাণেও কথিত আছে, শ্রবণাসমন্বিতা দ্বাদশীই মহাপুণ্যতমা তিথি বলিয়া কীর্ত্তিত; পরন্তু সমস্ত দ্বাদশীই যে শ্রবণাসমন্বিতা হইলে ঐরূপ হইবে, তাহা নহে, যোগ হইলেই ঐ প্রকার প্রশস্ত হয়। ২৫২।

অনন্তর শ্রবণানক্ষত্রান্বিত একাদশ্যুপবাসের বিষয় বিবৃত হইতেছে। —নারদীয় পুরাণে লিখিত আছে, দ্বাদশীতে রাত্র্যাদি কোন কালেই শ্রবণার প্রবৃত্তি অর্থাৎ আরম্ভ না

অতএব ভবিষ্যোত্তরে।—

একাদশী যদা চ স্যাৎ শ্রবণেন সমন্বিতা। বিজয়া সা তিথিঃ প্রোক্তা ভক্তানাং বিজয়প্রদা ॥২৫৩॥

বিষ্ণুপুরাণে।—যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।

তাস্বেব তদ্ব্রতং কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশীং বিনা। ২৫৪ ॥

একাদশ্যুপবাসে চ দ্বাদশ্যাং কৃষ্ণমর্চ্চয়েৎ। প্রাদুর্ভূতো হি ভগবান্ দ্বাদশ্যামেব বামনঃ ॥

তথা চ মৎস্যপুরাণে।—

উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিম্ ॥

অতো যদি ন লভ্যেত মধ্যাহ্নে দ্বাদশী তদা। দ্বাদশীমধ্য এবার্চ্চ্যো বামনস্তহি সূরিভিঃ॥

অথ বিষ্ণুশৃঙ্খলযোগঃ।

মাৎস্যে।—দ্বাদশী শ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।

স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খলসংজ্ঞিতঃ ॥

দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়ো হ্যষ্টযামিক ইতি॥২৫৩॥যাঃ কাশ্চিদিতি। যেন কেনচিন্নক্ষত্রবিশেষ-যোগেন যাঃ কাশ্চিত্তিথয়ঃ পুণ্যাঃ প্রোক্তাঃ, তাসু যদ্বিহিতং ব্রতং তত্তাস্বেব কুর্য্যাৎ,ন তিথ্যন্তরে তত্তন্নক্ষত্রযুক্তে। যথা ফাল্গুনী শুক্লা দ্বাদশী পুষ্যর্ক্ষেণ যুক্তা গোবিন্দদ্বাদশী নাম, তস্যামুপবাসব্রতং বিহিতং, তস্যামেব কুর্য্যান্ন চ পুষ্যান্বিতায়ামেকাদশ্যাং, এবং নিয়মশ্চ শ্রবণদ্বাদশীং বিনা। শ্রবণ-দ্বাদশীব্রতন্তু শ্রবণৈকাদশ্যামপি ভবতীত্যর্থঃ॥২৫৪॥ নমু র্তহি ভগবতো বামনস্যার্চ্চনমপি তথৈব প্রসজ্যেত নেতি লিখতি একেতি। কৃষ্ণং শ্রীবামনরূপম্ অবতারত্বেনাভেদাৎ। হি যতঃ ভগবান্ শ্রীকৃষ্ণো দ্বাদশ্যামেব বামনরূপেণ জাতঃ। তথা চাষ্টমস্কন্ধে।—শ্রোণায়াং শ্রবণদ্বাদশ্যাং মুহূর্ত্তেঽ-

---

হইলে শ্রবণাযুক্তা পাপনাশিনী একাদশীতে উপবাস করা হয়। পুরাণপুরুষপ্রবর হরি তিথিদ্বয়েরই দেবতা, উহার ভেদজ্ঞান করিতে নাই, ভেদ জ্ঞান করিলেই নিরয়ে মগ্ন হইতে হয়। ভবিষ্যোত্তরে লিখিত আছে, শ্রবণানক্ষত্রযুক্তা হইলেই সেই সেই একাদশীকে বিজয়া কহে; ঐ তিথি ভক্তকুলের পক্ষে বিজয়দাত্রী।২৫৩। বিষ্ণুপুরাণে লিখিত আছে,যে কোন তিথি নক্ষত্রযোগে পুণ্য বলিয়া উক্ত হইয়াছে, শ্রবণাদ্বাদশী বিনা সেই সমস্ত তিথিতে উপবাস করিতে হয়। ২৫৪। একাদশীতে উপবাস হইলে দ্বাদশীতে হরির পূজা করিতে হয়; কেননা, দ্বাদশীতেই ভগবান্ বামনদেব প্রাদুর্ভূত হইয়াছিলেন। মৎস্যপুরাণে লিখিত আছে, একাদশী দিনে উপবাসী থাকিয়া দ্বাদশীতে জনার্দ্দনের অর্চ্চনা করিতে হয়; সুতরাং মধ্যাহ্নসময়ে দ্বাদশী-প্রাপ্তি না ঘটিলে দ্বাদশীমধ্যেই বামনদেবের পূজা করা সুধী ব্যক্তির কর্ত্তব্য।

অনন্তর বিষ্ণুশৃঙ্খলযোগ বিবৃত হইতেছে।—মৎস্যপুরাণে লিখিত আছে, শ্রবণস্পৃষ্টা দ্বাদশী একাদশীকে স্পর্শ করিলে (যে একাদশীতে ব্রত হইবে, তাহাতে শ্রবণাদ্বাদশীর যোগ ঘটিলে) সেই বৈষ্ণব যোগকে বিষ্ণুশৃঙ্খল বলা যায়। তদ্দিনে বিধানে উপবাসী থাকিলে নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া অপুনর্ভবা পরমা সিদ্ধি লাভ করে অর্থাৎ তাহাকে আর পুনরায় সংসারে দেহ ধারণ করিতে হয় না। এখানে একাদশীশব্দে অহোরাত্র বোদ্ধব্য, অর্থাৎ একাদশী অন্ন

তস্মিন্নুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ। প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্লভাম্॥
একাদশীপদেনাত্র তদহোরাত্র উচ্যতে। অন্যথা দ্বাদশীস্পর্শস্তস্যাং নিত্যং হি বিদ্যতে॥
তিথিনক্ষত্রয়োর্যোগ ইত্যাদ্যং যত্তু দর্শিতম্। তেনাল্পকালসংযোগেঽপ্যষ্টযামিকতেষ্যতে॥
অত্রৈব দ্বাদশীমধ্যে পারণং শ্রবণেঽধিকে। বক্ষ্যমাণঞ্চ ঘটতেঽন্যথা প্রাগ্বদ্দ্বিধা ব্রতম্॥
দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চেত্যস্মিন্ পাঠে ভবেদিদম্। দ্বাদশী শ্রবণস্পৃষ্টেত্যস্মিংশ্চ স্পৃষ্টতা খলু।
তত্তৎসাহিত্যমেবাহ পূর্ব্বস্মাদেব হেতুতঃ॥

অথ তস্মাদমন্ত তত্রৈব বিশেষঃ।

যথা বিষ্ণুর্ধর্মোত্তরে:—

দ্বিতীয়বিষ্ণুশৃঙ্খলযোগঃ।

একাদশী দ্বাদশী চ বৈষ্ণব্যমপি তত্তবেৎ। তদ্বিষ্ণুশৃঙ্খলং নাম বিষ্ণুসাযুজ্যকৃত্তবেৎ।
তস্মিন্নুপোষণাদ্গচ্ছেচ্ছ্বেতদ্বীপপুরং ধ্রুবম্॥ ২৫৫॥
দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণম্। নিষিদ্ধমপি কর্ত্তব্যমিত্যাজ্ঞা পারমেশ্বরী॥ ২৫৬॥
যোগোঽয়মন্যো দ্বাদশ্যাঃ ক্ষয় এবেতি লক্ষ্যতে। দ্বাদশ্যামুপবাসাচ্চ ত্রয়োদশ্যাঞ্চ পারণাৎ।
ত্রয়োদশ্যাং পারণা হি শ্রবণেঽপি নিষেৎস্যতে॥

ভিজিতি প্রভুরিত্যাদি শ্রোণায়াং শ্রবণস্থ-চন্দ্র ইত্যর্থঃ॥ ২৫৫॥ নিষিদ্ধমপীতি। একাদশী-মুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতং। ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাদ্দ্বাদশ-দ্বাদশীক্ষয়াদিত্যাদি মৎস্য-পুরাণাদিবচনৈস্ত্রয়োদশ্যাং পারণনিষেধাৎ। এতচ্চ স্থূলদৃষ্ট্যা বৈষ্ণবেতরবিষয়ক-ব্যবস্থাপেক্ষয়া চেতি জ্ঞেয়ং। অত্রৈব শ্রবণর্ক্ষেত্যাদিনা ত্রয়োদশ্যামেব শ্রীমার্কণ্ডেয়াদিভিঃ পারণোক্তেঃ তথা প্রায়বৈষ্ণবানাং দ্বাদশ্যুপবাসেন ত্রয়োদশ্যামেব পারণাপত্তেঃ। অত এবং ব্যাখ্যেয়ং।— শ্রীবিষ্ণুসাযুজ্যাদ্যপেক্ষয়া সর্ব্বকর্ম্মাদ্যনাদরেণ নিষিদ্ধমপি কর্ত্তুমুচিতং ইত্যেষা চ পরমেশ্বরস্যাজ্ঞৈব। দ্বাদশীবল্লভস্য ভগবতো দ্বাদশীব্রত-প্রিয়ত্বাৎ। অতএব সর্ব্বত্র বৈষ্ণবানাং দ্বাদশীব্রত-

---

প্রমাণ থাকিলেও উহা অষ্ট-প্রহরাত্মক বলিয়া কীর্ত্তিত হয়; নচেৎ একাদশীতে দ্বাদশীস্পর্শ নিত্যই দৃষ্ট হইতেছে। এই যে তিথিনক্ষত্রের যোগাদি প্রদর্শিত হইল, ইহা অল্পকালমাত্র হইলেও অষ্ট-যামিকরূপে গৃহীত হয়। এই বিষ্ণুশৃঙ্খলে দ্বাদশীমধ্যেই পারণ কর্ত্তব্য; পরন্তু শ্রবণা নক্ষত্রের আধিক্য ঘটিলে বক্ষ্যমাণ বিধি গ্রহণ করিতে হইবে; নচেৎ পূর্ব্ববৎ দুইটী ব্রত করণীয় হয়। "দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চ" এই পাঠ দ্বারাই ঐরূপ হইয়া থাকে। "দ্বাদশী শ্রবণাস্পৃষ্টা" বলাতে নিশ্চিততাই বুঝা যায়। পূর্ব্বহেতু নিবন্ধন ঐরূপ সাহিত্য বোদ্ধব্য। সুতরাং এই বিধিই ঐ স্থানে বিশেষ বলিয়া জানিবে।

অতঃপর দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খল যোগ বিষয় কথিত হইতেছে।—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, এক দিনে একাদশী, দ্বাদশী ও শ্রবণানক্ষত্র এই তিনটী ঘটিলে তাহাকেই বিষ্ণুশৃঙ্খল কহে; উহা দ্বারা হরিসাযুজ্য প্রাপ্ত হওয়া যায়। ঐ বিষ্ণুশৃঙ্খলে উপবাসী থাকিলে শ্বেতদ্বীপে গমন করিতে পারে। ২৫৫। উহাতে দ্বাদশীদিনে উপবাসী থাকিয়া ত্রয়োদশীতে পারণ করিতে

অথ বিষ্ণুশৃঙ্খল এব বিশেষান্তরম্।

দ্বাদশ্যেকাদশী সৌম্যঃ শ্রবণঞ্চ চতুষ্টয়ম্। দেবদুন্দুভিযোগোঽয়ং যজ্ঞাযুতফলপ্রদঃ॥
পারণাহে তু দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধিতঃ। রাত্রৌ তু পারণাভাবাদ্‌যুক্তং কর্ত্তুং ব্রতদ্বয়ম্॥২৫৭॥
ন চাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দ্দেবতা হরিঃ॥২৫৮॥ দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যাস্তু পারণম্॥২৫৯
দিনদ্বয়েঽপি শ্রবণাভাবে তদ্‌যোগহানিতঃ। একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং বামনং যজেৎ॥

বিষ্ণুশৃঙ্খলকেঽপি স্যাৎ বৃত্তির্নিশি পরত্র চেৎ।
যদাধিক্যং তিথিভয়োঃ শক্তঃ কুর্য্যাদ্‌ব্রতদ্বয়ম্॥
পারণায়া অনৌচিত্যাং তাবত্যাং নিশি চেদ্ভবেৎ।
অশক্তস্তূত্তরং কুর্য্যাদ্‌যোগস্যৈবাস্য গৌরবাৎ॥ ২৬০।

গ্রহণাদি শ্রূয়ত ইতি দিক্॥ ২৫৬॥ পারণাহে ব্রতপারণাদিনে দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধৌ সত্যাং শক্তশ্চেত্তর্হি ব্রতদ্বয়ং কুর্য্যাৎ॥ ২৫৭॥ নমু,—পারণান্তং ব্রতং জ্ঞেয়ং ব্রতান্তে দ্বিজভোজনং। অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্‌ব্রতান্তরমিতি বিষ্ণুধর্ম্মোত্তরোক্তেরপারণে দোষঃ স্যাৎ। তত্রাহ ন চাত্রেতি। উভয়োঃ একাদশী-দ্বাদশ্যোঃ॥ ২৫৮॥ এবমসমর্থো ব্রতমেকমেব কুর্য্যাদিত্যায়াতং। তত্র চ শ্রবণেন সিতা যত্র দ্বাদশী লভ্যতে ক্বচিৎ। উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যামর্চ্চয়েদ্ধরিমিতি শ্রীযমাদ্যুক্তেরশক্তস্যৈকাদশ্যামেবোপবাসশঙ্কা স্যাৎ,অতো লিখতি দ্বাদশ্যামিতি। বৈষ্ণবেষষ্টমহা-দ্বাদশীব্রতস্য নিত্যত্বাৎ। তচ্চ পূর্ব্বমেব তত্রৈব লিখিতমস্তি॥ ২৫৯॥ নমু যথা জন্মাষ্টম্যাং রোহিণ্যাদিযোগাভাবেঽপ্যুপবাসঃ, তথাত্র শ্রবণযোগাভাবেঽপি শ্রীবামনদেব-প্রাদুর্ভাবাপেক্ষয়া সমর্থেনোপবাসদ্বয়পক্ষে দ্বাদশ্যামুপবাসঃ কর্ত্তব্যো ন বেত্যাশঙ্ক্য লিখতি দিনেতি। তস্য দ্বাদশ্যাং শ্রবণযোগস্য হানিতঃ অভাবাৎ। যতস্তদ্যোগাপেক্ষয়ৈবাত্র দ্বাদশ্যামুপবাসবিধানমিতি দিক্। যজেৎ পূজয়েৎ॥ ২৬০॥

হয়। ত্রয়োদশীতে পারণ করিতে নাই সত্য, তথাপি ভগবানের আদেশ নিবন্ধন মহাদ্বাদশীরূপ বৈষ্ণবব্রতে ত্রয়োদশীতে পারণ অবিহিত নহে। ২৫৬। দ্বাদশীর ক্ষয়ে অপর একটি যোগ দৃষ্ট হইতেছে, উহাতে দ্বাদশীতে উপবাস করিতে হয় বলিয়া ত্রয়োদশীতে পারণ করিবে; কিন্তু শ্রবণার ত্রয়োদশীতে পারণ করিতে নাই।

অনন্তর বিষ্ণুশৃঙ্খলযোগের বিশেষ কথিত হইতেছে।—একদিনে একাদশী, দ্বাদশী, বুধবার ও শ্রবণানক্ষত্র এই চারিটী দৃষ্ট হইলে তাহাকে দেবদুন্দুভিযোগ কহে। এই যোগ যজ্ঞাযুতফলপ্রদ। যদি পারণাহে দ্বাদশী বা শ্রবণার বৃদ্ধি হয়, তাহা হইলে সেস্থলে নিশা-ভাগে পারণের নিষিদ্ধতা নিবন্ধন দুইটী ব্রত করিবে। ২৫৭। ভগবান্ হরিই যখন তিথিদ্বয়ের দেবতা, তখন ঐরূপ করিলে বিধিহানির সম্ভাবনা নাই। ২৫৮। উহাতে দ্বাদশীতে উপবাসী থাকিয়া ত্রয়োদশীতে পারণ করিতে হয়। ২৫৯। একাদশী ও দ্বাদশী এই উভয়দিনে শ্রবণার অপ্রাপ্তি ঘটিলে উক্ত যোগের বিলোপ নিবন্ধন একাদশীতে উপবাসী থাকিয়া দ্বাদশীতে বামনের পূজা করিবে। বিষ্ণুশৃঙ্খলে পরদিন রাত্রিতে তিথিনক্ষত্রের আধিক্য ঘটিলে দুইটী

অথ তত্র পারণকালনির্ণয়ঃ।

স চ ব্রতবিকল্পে দ্বিতীয়বিষ্ণুশৃঙ্খলে চ স্পষ্টএব কেবলশ্রবণনিকর্ষে তু ন তদাদরঃ।
তিথিনক্ষত্রসংযোগ ইত্যাদিবক্ষ্যমাণেভ্যঃ।

প্রথমবিষ্ণুশৃঙ্খলে পারণনির্ণয়ঃ।

অনুবৃত্তির্দ্বয়োরেব পারণাহে ভবেদ্‌যদি। তত্রাধিক্যে তিথের্বৃত্তে ভান্তে সত্যেব পারণম্॥
যদুক্তং নারদীয়ে।—তিথিনক্ষত্রয়োর্যোগে উপবাসো ভবেদ্‌যদা।
পারণন্তু ন কর্ত্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ॥ ইতি॥ ২৬১॥
ঋক্ষস্য সতি চাধিক্যে তিথিমধ্যে হি পারণম্।
দ্বাদশীলঙ্ঘনে দোষো বহুশো লিখিতো যতঃ॥ ২৬২॥

তথা চোক্তং :—

তিথিনক্ষত্রসংযোগে উপবাসো যদা ভবেৎ। তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ॥
বিশেষেণ মহীপাল শ্রবণং বর্দ্ধতে যদি। তিথিক্ষয়েণ ভোক্তব্যং দ্বাদশীং নৈব লঙ্ঘয়েৎ॥

দ্বয়োস্তিথ্যৃক্ষয়োঃ দ্বাদশী-শ্রবণয়োঃ পারণাহে অনুবৃত্তিঃ বৃদ্ধিক্রমেণাগমঃ। তিথের্দ্বাদশ্যা আধিক্যে বৃদ্ধৌ বৃত্তে সতি ভান্তে শ্রবণান্তে পারণম্। এতচ্চ বিষ্ণুশৃঙ্খলযোগাপেক্ষয়া পূর্ব্বদিনোপবাসাভিপ্রায়েণেত্যূহ্যং॥ ২৬১॥ ঋক্ষস্য শ্রবণনক্ষত্রস্যাধিক্যে দ্বাদশীতো বৃদ্ধৌ সত্যামপি দ্বাদশীমধ্য এব পারণং স্যাৎ; অত্র ন ঋক্ষান্তোঽপেক্ষণীয় ইত্যর্থঃ। নমু ঋক্ষান্তে পারণং কুর্য্যাদিত্যুক্তং, তত্র লিখতি দ্বাদশীতি। লিখিতঃ পূর্ব্বং দ্বাদশী-পারণনির্ণয়ে॥ ২৬২॥ তাবদিতি তিথি-

উপবাস করাই সক্ষম ব্যক্তির পক্ষে বিধেয়। নিশাভাগে পারণ করা অবিধেয়, সুতরাং যোগের গৌরব নিবন্ধন পরদিন ব্রত করাই অক্ষম ব্যক্তির উচিত। ২৬০।

অনন্তর বিষ্ণুশৃঙ্খলের পারণ-কাল নিরূপিত হইতেছে।—এই ব্রতের বিকল্পে দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলে স্পষ্টই প্রকাশিত আছে যে, কেবল শ্রবণাতে আদর নাই, কেন না, তিথিনক্ষত্রযোগাদি বক্ষ্যমাণ বচনে জানিতে পারা যায় যে, কেবল শ্রবণা আদরণীয় নহে।

প্রথম বিষ্ণুশৃঙ্খলে পারণনির্ণয়।—পারণাতে তিথি ও নক্ষত্র উভয়ের অনুবৃত্তির আধিক্য হইলে তিথির আধিক্যস্থলে নক্ষত্রান্তে পারণ করা কর্ত্তব্য। এ বিষয়ে নারদেরও উক্তি আছে যে, তিথি-নক্ষত্র-যোগে উপবাস হইলে একটির শেষ না হইলে পারণ করিতে নাই। ২৬১। যদি নক্ষত্রের আধিক্য হয়, তাহা হইলে তিথিমধ্যেই পারণ করা কর্ত্তব্য; কেন না, দ্বাদশী লঙ্ঘন করিলে বহু দোষ ঘটে। ২৬২। এই বিষয়ে কথিত আছে যে, তিথি ও নক্ষত্র এই উভয়ের যোগে উপবাস হইলে যাবৎ ঐ দুইটীর মধ্যে একটীর শেষ না হয়, তাবৎ আহার নিষিদ্ধ। হে রাজন্! বিশেষতঃ শ্রবণা নক্ষত্রের বৃদ্ধি হইলে সে স্থলে তিথির অন্তে আহার করিবে; দ্বাদশী লঙ্ঘন করিতে নাই; দ্বাদশীতেই পারণ করা বিধি। এইরূপ তিথি নক্ষত্র রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকিলেও দিবান্তে পারণ করা কর্ত্তব্য; রাত্রে পারণ নিষিদ্ধ; ইহা অন্যত্রও নির্দ্দিষ্ট আছে। রাত্রিগত দ্বাদশীর অংশ বিচার করিতে নাই। "অতো

এবং দ্বয়োর্নিশাব্যাপ্তৌ চাহ্নি পারণমীরিতম্।
ন রাত্রৌ পারণং কুর্য্যাদিতি হ্যন্যত্র সম্মতম্॥

যতো রাত্রাবৃক্ষগত্যাবপি দ্বাদশ্যতিক্রমঃ। অতঃ কৃতং পৌনরুক্তং দ্বাদশীং নৈব লঙ্ঘয়েৎ॥
এবকারণে চ পুনস্তদেব নিরধারি যৎ। দ্বাদশ্যনাদরো নাতঃ কার্য্যো ভস্য তু স স্মৃতঃ॥
তথা চ স্কান্দে।—

যাঃ কাশ্চিৎ তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।
ঋক্ষান্তে পারণং কুর্য্যাদ্বিনা শ্রবণরোহিণীম্॥ ইতি॥

অতো রাত্রিগতো দ্বাদশ্যংশো নাত্র বিচার্য্যতে। অতো বর্দ্ধত ইত্যাহ পারণাসময়াত্যয়ম্॥
ত্রয়োদশ্যাং পারণন্তু নৈতদ্বিষয়মিষ্যতে। ত্রয়োদশ্যামপীত্যেতদনুক্তেরবিধা ততঃ।
প্রত্যুতাত্র তুশব্দেন তস্যৈকধ্যং প্রদর্শিতম্। পর্য্যবস্যেদতো যুক্ত্যা দ্বাদশীক্ষয় এব তৎ॥
তথাপি সন্দিহানশ্চেদগ্রহ্নীয়াচ্চরণামৃতম্। পারণায়াঃ পরং সম্যক্ পূরকং তত্ত্ববেদ্যতঃ॥
গৌতমীয়ে তু স্ফুটমেবোক্তম্।—

যদৃক্ষং বা তিথির্ব্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা।
দিবসে পারণং কুর্য্যাদন্যথা পতনং ভবেৎ॥ ইতি॥ ২৬৩॥

অথ শ্রীবামনব্রতবিধিঃ।

নত্বা গুরুমনুজ্ঞাপ্য পশ্চান্নিয়মমাচরেৎ। ন হি সিধ্যেদগুরোর্ভক্তিং নিয়মঞ্চ বিনা ফলম্॥

নক্ষত্রসংযোগং যাবন্ন ভোক্তব্যং, একবিয়োগেন পারণং কর্ত্তব্যং, তত্র চ দ্বাদশ্যাং সত্যাং তস্যামেব পারণং ন তু তদতিক্রমেণেত্যর্থঃ॥ ২৬৩॥

বর্দ্ধতে" বলাতে পারণের সময় লঙ্ঘন করা হইয়াছে; কেন না, নিশাভাগে নক্ষত্র থাকিলেও দ্বাদশী লঙ্ঘন করিতে নাই অর্থাৎ দ্বাদশীতেই পারণ কর্ত্তব্য। এই জন্য পুনরায় বলিয়াছেন যে, দ্বাদশী লঙ্ঘন করিতে নাই। এই বচনোক্ত "এব" দ্বারা নিরূপিত হইয়াছে যে, দ্বাদশীর অনাদর না করত নক্ষত্রের অনাদর করিবে; অর্থাৎ দ্বাদশীতেই পারণ করা কর্ত্তব্য, শ্রবণার শেষে পারণ করিতে নাই। শ্রবণা থাকতে থাকিতেই পারণ করিবে। এই বিষয়ে স্কন্দপুরাণে লিখিত আছে যে, যে সকল তিথি নক্ষত্রযোগে পুণ্যা বলিয়া অভিহিত, তথায় নক্ষত্রের ক্ষয়ে পারণ করিতে হয়; কিন্তু রোহিণী ও শ্রবণা-নক্ষত্রে সে ব্যবস্থা নহে; সে স্থলে নক্ষত্রমধ্যেই পারণ কর্ত্তব্য। সুধীগণ বিষ্ণুশৃঙ্খল যোগে ত্রয়োদশীতে পারণের মত প্রকাশ করেন। কিন্তু পশ্চাদুক্তি নিবন্ধন ত্রয়োদশীতেও পারণসময় দ্বিবিধ হইতে পারে না; "তু" শব্দ দ্বারা পারণের একরূপ কালই প্রকাশিত হইয়াছে। দ্বাদশীর অন্তে ঐ বিধি পর্য্যবসিত হয় অর্থাৎ দ্বাদশীর অন্তে ত্রয়োদশীতে পারণা কর্ত্তব্য। তথাপি সন্দেহ জন্মিলে দ্বাদশীতেও চরণোদক গ্রহণ করিবে; কেন না, চরণামৃত পানে পারণা পূর্ণ হইয়া থাকে। গৌতমীয়তন্ত্রে স্পষ্টই লিখিত আছে যে, নক্ষত্র বা তিথি রাত্রি পর্য্যন্ত ব্যাপিনী হইলে দিনেই পারণ কর্ত্তব্য, নচেৎ অধঃপাত ঘটে। ৬৩।

তত্র নিয়মমন্ত্রঃ।

একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা চৈবাপরেঽহনি। ভোক্ষ্যে শ্রীবামনানন্ত শরণাগতবৎসল। ২৬৪॥

একাদশ্যা রজন্যাং বা দ্বাদশ্যাং চার্চ্চয়েৎ প্রভুম্। ২৬৫॥

স্বর্ণরূপ্যময়ে পাত্রে তাম্রবংশময়েঽপি বা। কুণ্ডিকাং স্থাপয়েৎ পার্শ্বে ছত্রিকাপাদুকান্তথা।

শুভাঞ্চ বৈণবীং যষ্টিমক্ষসূত্রং পবিত্রকম্। ২৬৬॥

পুষ্পৈর্গন্ধৈঃ ফলৈর্ধূপৈর্বামনং চার্চ্চয়েদ্ধরিম্।

নানাবিধৈশ্চ নৈবেদ্যৈর্ভক্ষ্যভোজ্যৈর্গুড়ৌদনৈঃ।

জাগরং নিশি কুর্ব্বীত গীতবাদ্যাদিনর্ত্তনৈঃ। ২৬৭॥

এবমারাধ্য দেবেশং প্রভাতে বিমলে সতি। আদাবর্ঘ্যং প্রদাতব্যং পশ্চাদ্দেবং প্রপূজয়েৎ।

নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যঞ্চ পূর্ব্ববৎ॥

অথ অর্ঘ্যদানমন্ত্রঃ।

বামনায় নমস্তুভ্যং ক্রান্তত্রিভুবনায় চ। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং বামনায় নমোঽস্তু তে॥

বামনায় অর্ঘ্যং নমঃ। ২৬৮॥

গুরুমিতি। নিজগুরুর্যদি সন্নিহিতঃ স্যাত্তর্হি তং তদভাবে আচার্য্যত্বেন বৃতং বিপ্রমেকং। পশ্চাদিতি আদৌ গুরুগৃহে গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎপাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্ট্বা চ মৌলিনা। কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়িত্বা গুরুন্ততঃ। ইতি স্কান্দে জয়ন্তীব্রতপ্রসঙ্গোক্তেঃ। নিয়মং সঙ্কল্পাদিকং। তথা চ তত্রৈব।—নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিশমং বিনেতি। ২৬৪। একাদশ্যা রজন্যামিতি দ্বাদশীক্ষয়াভিপ্রায়েণ। কদাচিচ্চ স্বল্পায়াং বৃদ্ধায়ামপি তস্যাং পারণাপেক্ষয়েতি দিক্। ২৬৫। স্বর্ণময়ে রূপ্যময়ে তাম্রময়ে বংশময়ে বা পূর্ব্বপূর্ব্বাভাবে উত্তরোত্তরস্মিন্ ইতি জ্ঞেয়ং। অত্র কুম্ভস্থাপনাদিকং সর্ব্বং পূর্ব্বলিখিতবিজয়াদিব্রতানুসারেণ দ্রষ্টব্যমেব। অত্র চ কচিদ্বিশেষ এব কিঞ্চিদনুবাদপূর্ব্বকং লিখিতম্ ইতি জ্ঞেয়ং। ২৬৬। গুড়ৌদনৈর্গুড়পাচিতোদনৈর্মিষ্টান্নৈর্বা। ২৬৭। পূর্ব্ববদিতি পুষ্পাদিসহিতেন শঙ্খনিহিতেনেত্যর্থঃ। ২৬৮। মন্ত্রবিশেষে

অতঃপর বামনব্রতের বিধান কথিত হইতেছে।—গুরুদেবকে প্রণাম করিয়া তদীয় আজ্ঞা গ্রহণ পূর্ব্বক পরে নিয়ম গ্রহণ করিতে হয়; কেন না, গুরুভক্তি ও নিয়ম গ্রহণ ব্যতীত ফলসিদ্ধির আশা নাই।

অনন্তর সঙ্কল্পমন্ত্র।—হে বামন! হে অনন্ত! হে শরণাগতবৎসল! একাদশীতে উপবাসী থাকিয়া পরদিন আহার করিব। ২৬৪। দ্বাদশীর ক্ষয় হইলে একাদশীর নিশাভাগে বা পরদিন দ্বাদশীতে বামনদেবের পূজা করিবে। ২৬৫। সুবর্ণ, রৌপ্য, তাম্র বা বংশ ইহার মধ্যে যে কোন একটীর দ্বারা পাত্র প্রস্তুত করিয়া কুণ্ড স্থাপন করিবে এবং পার্শ্বভাগে ছত্র, পাদুকা, উৎকৃষ্ট বেণুযষ্টি, অক্ষসূত্র ও পবিত্র স্থাপন করিতে হয়। ২৬৬। কুসুম, গন্ধ, ধূপ,, নানারূপ নৈবেদ্য, ভক্ষ্য-ভোজ্য ও গুড়ৌদন ইত্যাদি দ্বারা বামনদেবের পূজা করিতে হয় এবং গীত, বাদ্য ও নৃত্যপরায়ণ হইয়া নিশাজাগরণ করিবে। ২৬৭। এই প্রকারে দেবদেবের উপাসনা

মৎস্যং কূর্ম্মং বরাহঞ্চ নরসিংহঞ্চ বামনম্। রামং রামঞ্চ কৃষ্ণঞ্চ ক্রমাদ্দ্বৌ বুদ্ধকল্কিনৌ।
পাদয়োর্জান্বুনোর্গুহ্যে নাভ্যামুরসি কক্ষয়োঃ। ভুজয়োর্ম্মূর্দ্ধ্নি সর্ব্বাঙ্গেষর্চ্চয়েদায়ুধানি চ ॥২৬৯॥

মহাপূজাস্ততঃ কৃত্বা গোমহীং কাঞ্চনাদিকম্।
শক্ত্যাচার্য্যায় দাতব্যং ব্রাহ্মণেভ্যশ্চ মন্ত্রতঃ ॥ ২৭০ ॥

ব্রাহ্মণশ্চাপি মন্ত্রেণ প্রতিগৃহ্লাতি মন্ত্রবিৎ। দদাতি মন্ত্রতো হ্যেব দাতা ভক্তিসমন্বিতঃ ॥

তত্র দানমন্ত্রঃ।

বামনো বুদ্ধিদো দাতা দ্রব্যস্থো বামনঃ স্বয়ম্। বামনশ্চ প্রতিগ্রাহী তেন মে বামনে রতিঃ।

প্রতিগ্রহমন্ত্রঃ।

বামনঃ প্রতিগৃহ্লাতি বামনো বৈ দদাতি চ। বামনস্তারকো দ্বাভ্যাং তেনেদং বামনে নমঃ ॥২৭১
এবং কৃত্বা বিধানেন ভোজনং পৃষদাজ্যকম্। পূর্ব্বং দদ্যাৎ ব্রাহ্মণেভ্যঃ পশ্চাদ্ভুঞ্জীত বন্ধুভিঃ ॥২৭২

পূজাবিশেষং লিখতি মৎস্যমিতি দ্বাভ্যাং। মৎস্যাদীন্ পাদদ্বয়াদিষ্বঙ্গেষু ক্রমাদর্চ্চয়েৎ। তত্র বুদ্ধকল্কিনৌ দ্বৌ সর্ব্বাঙ্গেষ্বেকত্রৈব পূজয়েদিতি বোদ্ধব্যং। পার্থক্যেন নরকলিখনাৎ। অতএব সমস্তত্বেন তৌ লিখিতৌ তথা দ্বাবিতি চ। কস্তচিন্মতে চ রামদ্বয়মেকত্র। এবমাদিষত্র বিবিধোঽর্চ্চাবিধিঃ তত্র যথাসম্প্রদায়মনুসর্ত্তব্যঃ। প্রয়োগঃ।—ওঁ মৎস্যায় নমঃ পাদয়োরিত্যাদি। মন্ত্রাশ্চৈতত এব পূর্ব্ববজ্‌জ্ঞেয়ং। আয়ুধানি চ পূজয়েৎ। ওঁ সর্ব্বেভ্য আয়ুধেভ্যো নম ইতি ॥ ২৬৯ ॥ ব্রাহ্মণেভ্যশ্চ দাতব্যং ॥ ২৭০ ॥ ব্রাহ্মণোঽত্রাচার্য্যোঽন্যেষ্যঃ ॥

দ্বাভ্যাং দ্বয়োঃ দাতৃ-প্রতিগ্রাহিণোঃ ॥ ২৭১ ॥ পৃষদাজ্যকং দধিমিশ্রং ঘৃতঃ ॥ ২৭২ ॥ বামন-

---

পূর্ব্বক সুপ্রকাশিত প্রাতঃকালে প্রথমতঃ অর্ঘ্য দিয়া পরে প্রভুর অর্চ্চনা করিবে। পূর্ব্ববৎ শ্বেত-নারিকেলাম্বু দ্বারা অর্ঘ্য দিতে হয়।

অর্ঘ্যদানমন্ত্র।—হে প্রভো! আপনি বামনাকারে ত্রিলোক আক্রমণ করিয়াছেন, আপনি মদ্দত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন্। বামনমূর্ত্তিরূপী আপনাকে প্রণাম। এই মন্ত্র পাঠ পূর্ব্বক "বামনায় নমঃ" বলিয়া অর্ঘ্য দিতে হয়।২৬৮। তদনন্তর পদদ্বয়ে মৎস্যের, জানুদ্বয়ে কূর্ম্মের, গুহ্যে বরাহের, নাভিতে নৃসিংহের, বক্ষঃস্থলে বামনের, কক্ষদ্বয়ে রামের, ভুজদ্বয়ে রামের, মস্তকে কৃষ্ণের ও সর্ব্বাঙ্গে বুদ্ধ ও কল্কীর অর্চ্চনা করিবে। তৎপরে "ওঁ সর্ব্বেভ্য আয়ুধেভ্যো নমঃ" বলিয়া অস্ত্রসমূহের অর্চ্চনা করিতে হয়।২৬৯। তৎপরে মহাপূজা সাধন পূর্ব্বক শক্ত্যনুসারে মন্ত্রোচ্চারণ সহকারে আচার্য্যকে ও দ্বিজগণকে গো, ভূমি ও স্বর্ণাদি দান করিবে।২৭০॥ মন্ত্রবিদ্ আচার্য্যও মন্ত্রোচ্চারণ সহকারে গ্রহণ করিবেন, মন্ত্রপাঠ পূর্ব্বক ভক্তিসহকারে দান করাও দাতার কর্ত্তব্য।

তন্মধ্যে দানমন্ত্র কথিত হইতেছে।—বামনদেবই বুদ্ধিপ্রদ, বামনদেবই দাতা, তিনিই স্বয়ং দ্রব্যরূপে বিরাজিত, তিনিই প্রতিগ্রাহী; সুতরাং সেই দেবের প্রতি মদীয় রতি হউক্।

প্রতিগ্রহমন্ত্র।—বামনই প্রতিগ্রহীতা, বামনই দাতা, তিনিই দাতা ও প্রতিগ্রহীতা এই উভয়ের উদ্ধারকর্ত্তা; সুতরাং তাঁহাকে প্রণাম।২৭১। তৎপরে দধিসংযুক্ত ঘৃত প্রাশন পূর্ব্বক

যদ্বামনপুরাণে চ যদ্ভবিষ্যোত্তরে ব্রতম্। বামনস্যোদিতং তস্যানুসারাল্লিখিতং ত্বিদম্॥

ব্রহ্মবৈবর্ত্তে।—

গৃহীত্বা নিয়মং প্রাতর্গত্বা নদ্যোশ্চ সঙ্গমে। সৌবর্ণং বামনং কৃত্বা সৌবর্ণমাষকেণ বা।
যথাশক্ত্যাথ বিত্তস্য কুম্ভোপরি জগৎপতিম্। স্বর্ণপাত্রে স্থাপয়িত্বা মন্ত্রৈরেতৈশ্চ পূজয়েৎ॥

তত্র বামনপূজা-মন্ত্রঃ।

ওঁ বামনায় নমঃ পাদৌ কটিং দামোদরায় চ। উরূ শ্রীপতয়ে গুহ্যং কামদেবায় পূজয়েৎ॥
পূজয়েজ্জগতাং পত্যুরুদরং বিশ্বধারিণে। হৃদয়ং যোগনাথায় কণ্ঠং শ্রীপতয়ে নমঃ॥
মুখঞ্চ পঙ্কজাক্ষায় শিরঃ সর্ব্বাত্মনে নমঃ। ইত্থং সংপূজ্য বাসোভিরাচ্ছাদ্য চ জগদ্গুরুম্।
দদ্যাৎ সুশ্রদ্ধয়া চার্ঘ্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ॥

তত্র অর্ঘ্যদানমন্ত্রঃ।

ওঁ নমো নমস্তে গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক। অঘৌঘসংক্ষয়ং কৃত্বা প্রেতমোক্ষপ্রদো ভব॥
ছত্রোপানহ-গোদানং দদ্যাদত্র কমণ্ডলুম্। বিশেষেণ দ্বিজাগ্র্যায় বামনঃ প্রীয়তামিতি॥
যথাশক্ত্যা চ দানানি দ্বিজাগ্রেভ্যঃ প্রদাপয়েৎ। কুর্য্যাজ্জাগরণং রাত্রৌ গীতশাস্ত্রসমন্বিতম্॥
শ্রদ্ধয়া পরয়া যুক্তো নিশামনিমিষেক্ষণঃ। প্রভাতে ভোজয়েদ্বিপ্রান্ দ্বাদশ্যাং পারণং ততঃ॥
কুর্য্যাৎ স্বয়ং শ্রদ্ধয়া তৎ সর্ব্বং সফলতাং ব্রজেৎ॥

পুরাণে প্রেতেন শ্রবণদ্বাদশীব্রতমুক্তং। ভবিষ্যোত্তরে চ স্বয়ং ভগবতা শ্রীযুধিষ্ঠিরং প্রতি বামনব্রতং

প্রথমতঃ দ্বিজাতিগণকে ভোজন করাইয়া পরে বন্ধুগণ সহ নিজে আহার করিবে।২৭২। বামন-পুরাণে ও ভবিষ্যোত্তর-পুরাণে যে বামনব্রত বর্ণিত আছে, তদনুসারেই এই ব্রত বিবৃত হইল। ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে লিখিত আছে, প্রভাতে নদীসঙ্গমে গমন পূর্ব্বক সঙ্কল্প করিয়া একমাষা প্রমাণ স্বর্ণ দ্বারা বা শক্ত্যনুসারে সম্পত্ত্যনুসারে যথাসম্ভব স্বর্ণ দ্বারা বামনদেবের প্রতিমূর্ত্তি প্রস্তুত করিবে এবং কুম্ভোপরি সুবর্ণপাত্রে স্থাপন পূর্ব্বক স্নান করাইয়া (বক্ষ্যমাণ) মন্ত্র দ্বারা অর্চ্চনা করিবে।

বামন-পূজন-প্রণালী।—পাদদ্বয়ে ওঁ বামনায় নমঃ, কটিতে ওঁ দামোদরায় নমঃ, উরুযুগলে ওঁ শ্রীপতয়ে নমঃ, গুহ্যে ওঁ কামদেবায় নমঃ জঠরে ওঁ বিশ্বধারিণে নমঃ, হৃৎপ্রদেশে ওঁ যোগনাথায় নমঃ, কণ্ঠদেশে ওঁ শ্রীপতয়ে নমঃ, মুখে ওঁ পঙ্কজাক্ষায় নমঃ, মস্তকে ওঁ সর্ব্বাত্মনে নমঃ বলিয়া অর্চ্চনা করিতে হয়। এইরূপে জগদ্গুরু ভগবানের অর্চ্চনা পূর্ব্বক তাঁহাকে বসনাচ্ছাদিত করিয়া মহতী শ্রদ্ধা সহকারে নারিকেলফল দ্বারা অর্ঘ্য দিবে।

উক্ত অর্ঘ্যদান-মন্ত্র।—"হে গোবিন্দ! হে বুধশ্রবণসংজ্ঞক! আমার পাপরাশি ক্ষয় করিয়া পরলোকে মোক্ষপ্রদ হউন্।" এই মন্ত্রে অর্ঘ্য সমর্পণ করিবে। 'বামনদেব প্রসন্ন হউন্" বলিয়া বেদবেত্তা দ্বিজাতিকে ছত্র, পাদুকা, গো ও কমণ্ডলু দান করিবে। পরে রাত্রিতে অনি-মেষনেত্র ও মহা শ্রদ্ধাবান্ হইয়া গীতবাদ্য সহকারে জাগরণ করিবে। তৎপরে প্রাতঃ-

তত্রৈব।—

তন্মাহাত্ম্যম্।

এবং কৃতে তু কালেয় ব্রতেঽস্মিন্ বিজয়াদিনে। ন দুর্লভতরং কিঞ্চিদিহলোকেঽথবা পরে॥
ফলমস্য ব্রতস্যোক্তং দত্ত্বা পিত্রোর্নরোত্তমঃ। বংশোদ্ধারকরো মুক্তিং যাতি পৈত্র্যাৎ ঋণাদপি॥
ন পাবনতরং কিঞ্চিদতঃ পরমিহোচ্যতে। বিজয়াব্রততুল্যঞ্চ ন পরং পরিপঠ্যতে॥

ভবিষ্যোত্তরে।—

সমাপ্তে তু ব্রতে তস্মিন্ যৎ পুণ্যং তন্নিবোধ মে। চতুর্যুগানি রাজেন্দ্র সপ্তসপ্ততিসংখ্যয়া।
প্রাপ্য বিষ্ণুপুরং রাজন্ ক্রীড়তে কালমক্ষয়ম্। ইহাগত্য ভবেদ্রাজা প্রতিপক্ষভয়ঙ্করঃ॥
হস্ত্যশ্বরথযানানাং দাতা ভোক্তা বিমৎসরঃ। রূপসৌভাগ্যসম্পন্নো দীর্ঘায়ুর্নীরুজো ভবেৎ॥
পুত্রপৌত্রৈঃ পরিবৃতো জীবেচ্চ শরদাং শতম্॥ ২৭৩॥

অথাশ্বিনকৃত্যম্।

আশ্বিনস্য সিতে পক্ষে দশম্যাং বিজয়োৎসবঃ।
কর্ত্তব্যো বৈষ্ণবৈঃ সার্দ্ধং সর্ব্বত্র বিজয়ার্থিনা॥ ২৭৪॥

অথ বিজয়োৎসববিধিঃ।

রথমারোপ্য দেবেশং সর্ব্বালঙ্কারশোভিতম্। সাসি-তূণধনুর্ব্বাণ-পাণিং নক্তঞ্চরান্তকম্।
স্বলীলয়া জগত্রাতুমাবির্ভূতং রঘূদ্বহম্। রাজোপচারৈঃ শ্রীরামং শমীবৃক্ষতলে নয়েৎ॥

শ্রবণদ্বাদশীব্রতঞ্চ পৃথক্ নিরূপিতং। তদনুসারতশ্চ বামনস্য ব্রতমিদং লিখিতং,অতোঽত্র গ্রন্থৈক-মাত্রদৃষ্ট্যাঽনাদরো ন কার্য্য ইতি ভাবঃ॥ ২৭৩॥

সর্ব্বত্র অস্মিন্ লোকে পরস্মিংশ্চ। বিজয়ার্থিনা উৎকর্ষেচ্ছুনা॥ ২৭৪॥

কালে দ্বিজাতিবর্গকে আহার করাইয়া দ্বাদশীর মধ্যেই নিজে পারণ করিবে। যদি এই সমস্ত কর্ম্ম শ্রদ্ধা সহকারে করা যায়, তবে অবশ্যই সফল হয়।

অনন্তর উক্ত বিষয়ের মাহাত্ম্য কথিত হইতেছে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত আছে, হে কালেয়! বিজয়াব্রতাহে এইরূপ করিলে কি ইহ কি পরকালে, কুত্রাপি সেই ব্রতীর কিছুমাত্র দুষ্প্রাপ্য থাকে না। যে নরশ্রেষ্ঠ পিতামাতার উদ্দেশে এই ব্রতফল অর্পণ করেন, তিনি কুল-ত্রাতা হইয়া পিতৃঋণ হইতে উত্তীর্ণ হন। অপর কোন ব্রতই এই বিজয়াব্রত অপেক্ষা পবিত্র-কর নহে; অন্য কোন ব্রতই ইহার সদৃশ শ্রেষ্ঠ বলিয়া পরিগণিত নহে। ভবিষ্যোত্তরে লিখিত আছে, হে রাজসত্তম! এই ব্রত পরিসমাপ্ত হইলে যে পুণ্য অর্জ্জিত হয়, তাহা কীর্ত্তন করি, অবধান কর। এই ব্রতকারী ব্যক্তি হরিধামে গমন পূর্ব্বক সপ্তসপ্ততিযুগরূপ অক্ষয় কাল তথায় বিহার করে। পরে তথা হইতে ধরাধামে আগমন পূর্ব্বক নৃপতিপদে প্রতিষ্ঠিত হয়। সেই সময়ে কেহই তদীয় প্রবল শত্রু বিদ্যমান থাকে না। যিনি এই ব্রত সাধন করেন, তিনি গজাশ্ব, রথ ও যানাদির দাতা, ভোক্তা, নির্মৎসর, রূপবান্, সৌভাগ্যশালী, দীর্ঘায়ুঃ, নীরোগ ও পুত্রপৌত্রবান্ হইয়া শতবর্ষ জীবন ধারণ করেন। ২৭৩।

অনন্তর আশ্বিনকৃত্য কথিত হইতেছে।—আশ্বিনমাসে শুক্লপক্ষীয়া দশমীতিথিতে বৈষ্ণবগণ সহ মিলিত হইয়া বিজয়োৎসব করা সর্ব্বত্র জয়কামী ব্যক্তির কর্ত্তব্য। ২৭৪।

সীতাকান্তঃ শমীযুক্তং ভক্তানামভয়ঙ্করম্। অর্চ্চয়িত্বা শমীবৃক্ষমর্চ্চয়েদ্বিজয়াপ্তয়ে॥

অথ তন্মন্ত্রঃ।

শমী শময়তে পাপং শমী লোহিতকণ্টকা। ধরিত্র্যর্জ্জুনবাণানাং রামস্য প্রিয়বাদিনী।
করিষ্যমাণা যা যাত্রা যথাকালং সুখং ময়া। তত্র নির্ব্বিঘ্নকর্ত্রী ত্বং ভব শ্রীরামপূজিতে॥
গৃহীত্বা সাক্ষতামার্দ্রাং শমীমূলগতাং মৃদম্। গীতবাদিত্রনির্ঘোষৈস্ততো দেবং গৃহে নয়েৎ॥
কৈশ্চিদৃক্ষৈস্তত্র ভাব্যং কৈশ্চিল্লাবাঞ্চ বানরৈঃ। কৈশ্চিত্র ক্রমুখৈর্ভাব্যং কোশলেন্দ্রস্য তুষ্টয়ে॥
নির্জ্জিতা রাক্ষসা দৈত্যা বৈরিণো জগতীতলে। রামরাজ্যং রামরাজ্যং রামরাজ্যমিতি ব্রুবন্।
আনীয় স্থাপয়েদ্দেবং নিজসিংহাসনে সুখম্। ততো নীরাজ্য দেবেশং প্রণমেদ্দণ্ডবদ্ভুবি।
মহাপ্রসাদবস্ত্রাদি ধারয়েদ্বৈষ্ণবৈঃ সহ॥ ২৭৫॥

ইতি শ্রীবিষ্ণুধর্ম্মোক্তানুসারেণ ব্যলেখ্যয়ম্। বিধিঃ শ্রীরামবিজয়োৎসবস্যোৎসবকৃৎ সতাম্॥২৭৬

সীতা দৃষ্টেতি হনূমদ্বাক্যং শ্রুত্বাকরোৎ প্রভুঃ।
বিজয়ং বানরৈঃ সার্দ্ধং বাসরেঽস্মিন্ শমীতলাৎ॥ ২৭৭॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীমদ্ভগবদ্ভক্তিবিলাসে দিব্যাবির্ভাবো নাম পঞ্চদশবিলাসঃ॥

ঋক্ষাদিভির্ভাব্যমিতি তচ্চেষ্টাদিকমনুসর্ত্তব্যমিত্যর্থঃ॥ ২৭৫॥ শ্রীরামবিজয়োৎসবস্য বিধিঃ। উৎসবকৃৎ আনন্দজনকঃ॥ ২৭৬॥ তস্মিন্ দিনে শমীবৃক্ষতলে তৎপূজাদিকারণং লিখতি সীতেতি॥ ২৭৭॥ ইতি পঞ্চদশবিলাসঃ॥ ১৫॥

অতঃপর বিজয়োৎসববিধি।—যিনি লীলাবশে রঘুবংশে অবতীর্ণ হইয়াছিলেন, সেই দেবদেব সর্ব্বাভরণভূষিত, অসি-তূণ-ধনুর্ব্বাণধারী, রক্ষঃকুলহন্তা রামচন্দ্রকে রাজোপচারে অর্চ্চনা পূর্ব্বক শমীতরুতলে লইয়া যাইবে। তদনন্তর ভক্তকুলের অভয়প্রদ, শমীযুক্ত সীতাপতিকে পূজা করিয়া বিজয়লাভার্থ শমীতরুর অর্চ্চনা করিবে।

উক্ত পূজার মন্ত্র।—শমী পাপ হরণ করেন, শমী লোহিত কণ্টকে পরিপূর্ণা, শমী অর্জ্জুন-বাণের ধরিত্রী ও রামের প্রিয়বাদিনী। আমি যথাকালে সুখে যাত্রা করিব। হে রামপূজিতে! তুমি আমার সম্বন্ধে নির্ব্বিঘ্নকরী হও। এই মন্ত্রে শমীতরুর অর্চ্চনা পূর্ব্বক শমীমূলস্থ আর্দ্র মৃত্তিকা অক্ষত সহ লইয়া গীতবাদ্য সহকারে প্রভুকে গৃহে লইয়া যাইবে। ঐ সময়ে কেহ কেহ রঘুবরের প্রীত্যর্থ ভল্লূক, কোন কোন ব্যক্তি বা লোহিতমুখ বানরে চেষ্টা করিবেন অর্থাৎ ঋক্ষ বানরাদির পূর্ব্বকৃত তত্তৎকর্ম্মাদি অনুকরণ করিবেন। পরে, "রামরাজ্য রামরাজ্য" এই কথা উচ্চারণ করিতে করিতে রঘুবরের প্রতিমা আনয়ন পূর্ব্বক তদীয় সিংহাসনে সুখে সংস্থাপন করিবে। তদনন্তর নীরাজন করত দণ্ডবৎ পতিত হইয়া প্রভুকে নমস্কার পূর্ব্বক বৈষ্ণববর্গ সহ মহাপ্রসাদ বসনাদি ধারণ করিবে। ২৭৫। শ্রীরামের এই বিজয়োৎসব-বিধি বিষ্ণুধর্ম্ম-কথিত নিয়মানুসারে বর্ণিত হইল। ইহা দ্বারা সাধুগণের আনন্দ জন্মে। ২৭৬। "আমি সীতাকে দেখিয়াছি" হনূমানের এই কথা শ্রবণ পূর্ব্বক ঐ দিবসে শ্রীরাম বানরকুল সহ মিলিত হইয়া শমীতরু-মূলে বিজয়োৎসব সম্পাদন করিয়াছিলেন। ২৭৭।

ইতি দিব্যাবির্ভাব নামক পঞ্চদশ বিলাস সমাপ্ত।

ষোড়শবিলাসঃ।

—*—

অথ কার্ত্তিককৃত্যম্।

দামোদরং প্রপদ্যেঽহং শ্রীরাধারমণং প্রভুম্।
প্রভাবাদ্যস্য তৎপ্রেষ্ঠঃ কার্ত্তিকঃ সেবিতো ভবেৎ॥ ১॥

ভাতি কার্ত্তিককৃত্যাদি স্কান্দপাদ্মাদিষু স্ফুটম্। তথাপ্যেকত্র সংগৃহ্য সারতোঽত্র বিলিখ্যতে॥২॥
কার্ত্তিকেঽস্মিন্ বিশেষেণ নিত্যং কুর্ব্বীত বৈষ্ণবঃ। দামোদরার্চ্চনং প্রাতঃস্নানদানব্রতাদিকম্॥৩
তথা দিনবিশেষে যদ্ভগবৎপূজনাদিকম্। কুর্য্যাদ্বিধিবিশেষেণ লেখ্যমগ্রে বিবিচ্য তৎ॥৪॥

অথ কার্ত্তিকব্রতনিত্যতা।

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে।—

দুষ্প্রাপ্যং প্রাপ্য মানুষ্যং কার্ত্তিকোক্তং চরেন্ন হি।
ধর্ম্মং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ স মাতৃপিতৃঘাতকঃ॥
অব্রতেন ক্ষিপেদ্যস্তু মাসং দামোদরপ্রিয়ম্।
তির্য্যগ্‌যোনিমবাপ্নোতি সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ॥ ৫॥

শ্রীভগবৎ-প্রিয়তম-কার্ত্তিকমাসকৃত্যং লিখন্ তদধিষ্ঠাতৃদেবং শ্রীরাধিকাসহিতং শ্রীদামোদরং শরণং যাতি দামোদরমিতি। সেবিতঃ কৃত্যলিখনাদিদ্বারা॥ ১॥ তৎকৃত্যাদিকঞ্চ সর্ব্বত্রৈব প্রসিদ্ধমিতি লিখতি ভাতীতি। আদিশব্দাৎ তন্মাহাত্ম্যাদি। নমু তর্হি কিমত্র তল্লিখনেন, তত্র লিখতি তথাপীতি। সারত ইতি তত্র তত্র বিবিধকর্ম্মমিশ্রিতং সাধারণঞ্চ বর্ত্ততে, অত্র চ কেবলং তদেব বিশিষ্টং লেখ্যমিতি॥ ২॥ তত্রাদৌ কার্ত্তিককৃত্যনিয়মনিত্যতাং লিখিষ্যন্ তদর্থং সংক্ষেপেণ তত্র নিত্যকৃত্যং দিনবিশেষকৃত্যঞ্চ লিখতি কার্ত্তিক ইতি দ্বাভ্যাং। আদিশব্দেন দীপদানরাত্রিশেষজাগরণাদি। তচ্চ সর্ব্বং সবিশেষমগ্রে ব্যক্তং ভাবি॥ ৩॥ তথেতি সমুচ্চয়ে। দিনবিশেষে কৃষ্ণাষ্টম্যাদৌ। আদিশব্দেন স্নানাদি॥ ৪॥

কার্ত্তিকে উক্তং কৃত্যত্বেনাভিমতং ধর্ম্মং ব্রতাদিকং যো নাচরেৎ। অব্রতেন ব্রতং বিনা।

অতঃপর কার্ত্তিককৃত্য কথিত হইতেছে।—আমি সেই রাধাপতি দামোদর দেবের শরণ গ্রহণ করি, যাঁহার প্রভাবে তৎ-প্রিয় কার্ত্তিকমাস সেবিত হইবে। ১।

স্কন্দপুরাণে ও পদ্মপুরাণে কার্ত্তিককৃত্যাদি স্পষ্ট বর্ণিত থাকিলেও আমি একত্র সার সঙ্কলন পূর্ব্বক তাহা এখানে প্রকাশ করিতেছি। ২। এই কার্ত্তিক মাসে বিশেষরূপে প্রত্যহ দামোদরের পূজা, প্রাতঃস্নান, দান ও ব্রতাদি ক্রিয়া সম্পাদন করা বৈষ্ণব ব্যক্তির কর্ত্তব্য। ৩। এই মাসে দিনভেদে যে ভগবদর্চ্চনাদি করিতে হয়, তাহা বিবেচনা পূর্ব্বক পরে লিখিব। ৪।

অনন্তর কার্ত্তিকব্রতের নিত্যতা কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে লিখিত

স ব্রহ্মহা স গোঘ্নশ্চ স্বর্ণস্তেয়ী সদানৃতী। ন করোতি মুনিশ্রেষ্ঠ যো নরঃ কার্ত্তিকে ব্রতম্। ৬।
বিধবা চ বিশেষেণ ব্রতং যদি ন কার্ত্তিকে। করোতি মুনিশার্দ্দূল নরকং যাতি সা ধ্রুবম্॥
ব্রতন্তু কার্ত্তিকে মাসে যদা ন কুরুতে গৃহী। ইষ্টাপূর্ত্তং বৃথা তস্য যাবদাহূতনারকী॥
সম্প্রাপ্তে কার্ত্তিকে মাসে দ্বিজো ব্রতপরাঙ্মুখঃ। ভবন্তি বিমুখাঃ সর্ব্বে তস্য দেবাঃ সবাসবাঃ॥
ইষ্ট্বা চ বহুভির্যজ্ঞৈঃ কৃত্বা শ্রাদ্ধশতানি চ। স্বর্গং নাপ্নোতি বিপ্রেন্দ্র অকৃত্বা কার্ত্তিকে ব্রতম্॥
যতিশ্চ বিধবা চৈব বিশেষেণ বনাশ্রমী। কার্ত্তিকে নরকং যাতি অকৃত্বা বৈষ্ণবং ব্রতম্।
বেদৈরধীতৈঃ কিন্তস্য পুরাণপঠনৈশ্চ কিম্। কৃতং যদি ন বিপ্রেন্দ্র কার্ত্তিকে বৈষ্ণবং ব্রতম্॥
জন্মপ্রভৃতি যৎ পুণ্যং বিধিবৎ সমুপার্জ্জিতম্। ভস্মীভবতি তৎ সর্ব্বমকৃত্বা কার্ত্তিকব্রতম্॥
যদ্দত্তঞ্চ পরং জপ্তং কৃতঞ্চ সুমহত্তপঃ। সর্ব্বং বিফলতামেতি অকৃত্বা কার্ত্তিকে ব্রতম্।
সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং বৃথা ভবতি নারদ। অকৃত্বা কার্ত্তিকে মাসি বৈষ্ণবং ব্রতমুত্তমম্॥
পাপভূতাস্তু তে জ্ঞেয়া লোকে মর্ত্ত্যা মহামুনে। বৈষ্ণবাখ্যং ব্রতং যৈস্তু ন কৃতং কার্ত্তিকে শুভম্॥
কিঞ্চ।—অকৃত্বা নিয়মং বিষ্ণোঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
জন্মার্জ্জিতস্য পুণ্যস্য ফলং নাপ্নোতিনারদ॥ ৭॥

ব্রতং চাত্রারুণোদয়স্নানাদিনিয়মঃ কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগরূপনিয়মো বা। তত্র চ সদারুণোদয়স্নানাদিপরাণামন্যমাসতোঽত্র কশ্চিত্তত্তদ্বিবিশেষঃ, ভৈক্ষ্যাহারিণাং তত্রতত্রোক্তানাং যতিপ্রভৃতীনাং নামসংকীর্ত্তনাদিনিয়মবিশেষো জ্ঞেয় ইতি দিক্॥ ৫॥ অনৃতী মিথ্যাবাদী॥ ৬॥ বৈষ্ণবমিতি স্বরূপ-

---

আছে, হে ধার্ম্মিকপ্রবর! দুর্লভ মানবজন্ম ধারণ করিয়া যে ব্যক্তি কার্ত্তিকোক্ত ধর্ম্মের অনুষ্ঠান না করে, তাহাকে পিতৃ-মাতৃ-হত্যাপাতকে লিপ্ত হইতে হয়। কোনরূপ নিয়ম অবলম্বন না করিয়া দামোদরপ্রিয় কার্ত্তিকমাস অতিবাহিত করিলে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত হইয়া তির্য্যক্ যোনি গ্রহণ করিতে হয়। ৫। হে তাপসশ্রেষ্ঠ! কার্ত্তিকমাসে ব্রত না করিলে ব্রহ্মহন্তা, গোহন্তা, স্বর্ণস্তেয়ী ও নিরন্তর মিথ্যাভাষী বলিয়া পরিগণিত হইয়া থাকে। ৬। হে মুনিশ্রেষ্ঠ! বিশেষতঃ বিধবা হইয়া কার্ত্তিকমাসে ব্রতাচরণ না করিলে নিঃসন্দেহ নরকে গমন করিতে হয়। গৃহী হইয়া কার্ত্তিক মাসে ব্রত না করিলে ইষ্টাপূর্ত্ত ক্রিয়া নিষ্ফল হয় এবং সে ব্যক্তি মহাপ্রলয় যাবৎ নরকে অবস্থিতি করে। ব্রাহ্মণ হইয়া কার্ত্তিক মাসে ব্রতবিমুখ হইলে ইন্দ্র প্রমুখ দেবগণ তাহার প্রতি পরাঙ্মুখ হইয়া থাকেন। হে বিপ্রসত্তম! কার্ত্তিক-মাসীয় ব্রত পরিত্যাগ পূর্ব্বক অসংখ্য যজ্ঞ ও শত শত শ্রাদ্ধ করিলেও স্বর্গলাভের সম্ভাবনা নাই। যতি, বিধবা, বিশেষতঃ বনাশ্রমী ব্যক্তি কার্ত্তিকে বৈষ্ণব ব্রত না করিলে নিরয়গতি হইয়া থাকে। হে দ্বিজসত্তম! কার্ত্তিকমাসে বৈষ্ণব ব্রত না করিলে বেদাধ্যয়নে বা পুরাণাধ্যয়নে কি ফল? কার্ত্তিক মাসে ব্রত না করিলে বিধানে আজন্ম-সঞ্চিত যাবতীয় পুণ্য ভস্মীভূত হয়। যে ব্যক্তি কার্ত্তিক মাসে ব্রত না করে, তাহার কৃত দান, জপ ও সুমহৎ তপস্যাদি সকলই নিষ্ফল হয়। হে দেবর্ষে! কার্ত্তিকমাসে পবিত্র বৈষ্ণব ব্রতের অনুষ্ঠান না করিলে সংসারে সে ব্যক্তি পাপিষ্ঠ বলিয়া কীর্ত্তিত হয়। আরও লিখিত আছে, হে দেবর্ষে! বিষ্ণুর নিয়ম ধারণ না করিয়া কার্ত্তিকমাস

কিঞ্চ।— নিয়মেন বিনা চৈব যো নয়েৎ কার্ত্তিকং মুনে॥
চাতুর্ম্মাস্যং তথা চৈব ব্রহ্মহা স কুলাধমঃ॥ ৮॥
কিঞ্চ।—পিণ্ডদানং পিতৃণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতম্॥
ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণম্।
চৈত্রে নান্দোলিতো বিষ্ণুর্মাঘস্নানং ন সজ্জলে। ন কৃতামর্দ্দকী পুষ্যে শ্রাবণে রৌহিণাষ্টমী।
সঙ্গমে ন কৃতা যেন দ্বাদশী শ্রবণান্বিতা। কুত্র যাস্যতি তে মূঢ়া নাহং বেদ্মি কলিপ্রিয়॥৯॥
পাদ্মে চ শ্রীনারদশৌনকাদিমুনিগণ-সংবাদে।—
মানুষঃ কর্ম্মভূমৌ যঃ কার্ত্তিকং নয়তে মুধা। চিন্তামণিং করে প্রাপ্য ক্ষিপ্যতে কর্দ্দমাম্ভুনি॥
নিয়মেন বিনা বিপ্রাঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
কৃষ্ণঃ পরাঙ্মুখস্তস্য যস্মাদূর্জ্জোঽস্য বল্লভঃ॥ ১০॥

অথ তত্র বিশেষেণ স্নানদানাদিসৎ-কর্ম্মনিত্যতা।

স্কান্দে তত্রৈব।—
যৈর্ন দত্তং হুতং জপ্তং ন স্নানং ন হরের্ব্রতম্। ন কৃতং কার্ত্তিকে পুত্র দ্বিজাস্তে বৈ নরাধমাঃ॥
কিঞ্চ।— যৈর্ন দত্তং হুতং জপ্তং কার্ত্তিকে ন ব্রতং কৃতম্।
তেনাত্মা হারিতো নূনং ন প্রাপ্তং প্রার্থিতং ফলম্॥ ১১॥

নির্দেশঃ। সর্ব্বস্যাপি কার্ত্তিকব্রতস্য বিষ্ণুপরত্বাৎ॥ ৭॥ তথা চাতুর্ম্মাস্যমিতি চাতুর্ম্মাস্যব্রতস্যাপি নিত্যত্বং দর্শয়িত্বা দৃষ্টান্তত্বেনাত্রোদাহৃতমিতি। এবমগ্রেঽপি॥ ৮॥ আমর্দ্দকী আমর্দ্দকীব্রতং। এবমগ্রেঽপি॥ ৯॥ মুধেতি নিয়মং বিনেত্যর্থঃ॥ ১০॥

এবং সামান্যতো ব্রতস্য নিত্যতাং লিখিত্বেদানীং দানাদিকর্ম্মবিশেষস্য লিখতি যৈর্ন দত্তমিত্যাদিষড়্ভিঃ। ব্রতং কৃচ্ছ্রাদি কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগাদি বা। কিংবা দত্তাদিরূপমেতদ্ধরের্ব্রতম্।

অতিবাহন করিলে আজন্ম সঞ্চিত পুণ্য বিনষ্ট হয়। ৭। আরও লিখিত আছে, হে ঋষে! বিনা নিয়মে কার্ত্তিক মাস বা চাতুর্ম্মাস্য ক্ষেপণ করিলে কুলাঙ্গার ও ব্রহ্মঘ্ন বলিয়া অভিহিত হইতে হয়। ৮। আরও লিখিত আছে, হে কলিপ্রিয়! যাহারা পিতৃপক্ষে পিতৃগণকে পিণ্ড-দান, কার্ত্তিকমাসে ব্রত, শ্রাবণ মাসের পূর্ণিমায় ঋষিতর্পণ, চৈত্রে হরির দোলযাত্রোৎসব, মাঘমাসে পবিত্র সলিলে স্নান, পুষ্যাতে আমর্দ্দকী ব্রত, শ্রাবণে রোহিণ্যষ্টমী এবং সঙ্গমে শ্রবণা দ্বাদশী ব্রতের অনুষ্ঠান না করে, সেই মূঢ়গণের যে কোথায় গতি হয়, তাহা আমি অবগত নহি। পদ্মপুরাণে নারদ-শৌনকাদি-সংবাদে লিখিত আছে, যে ব্যক্তি কর্ম্মক্ষেত্রে কার্ত্তিক মাস বৃথা অতিবাহন করে, সে করস্থ চিন্তামণিকে কর্দ্দম-সলিলে নিক্ষেপ করে। হে দ্বিজগণ! বিনা নিয়মে যে সকল ব্যক্তি কার্ত্তিকমাস অতিবাহন করে, হরি তাহাদিগের প্রতি বিমুখ থাকেন, কেননা ঐ মাস হরির পরম প্রীতিপ্রদ। ১০।

বিশেষতঃ কার্ত্তিকস্নানদানাদি সৎকর্ম্মের নিত্যতা কথিত হইতেছে।—হে বৎস! যে

কিঞ্চ।— সম্প্রাপ্তে কার্ত্তিকে মাসি যে রতা ন জনার্দ্দনে।
তেষাং সৌরিপুরে বাসঃ পিতৃভিঃ সহ নারদঃ॥ ১২॥

কিঞ্চ।—

কার্ত্তিকে নার্চ্চিতো যস্তু ভক্তিভাবেন কেশবঃ। নরকং তে গমিষ্যন্তি যমদূতৈস্তু যন্ত্রিতাঃ॥১৩॥
জন্মকোটিসহস্রেষু মানুষ্যং প্রাপ্য দুর্ল্লভম্। কার্ত্তিকে নার্চ্চিতো বিষ্ণুর্হারিতং তেন জন্ম বৈ।
বিষ্ণোঃ পূজা কথা বিষ্ণোর্বৈষ্ণবানাঞ্চ দর্শনম্।
ন ভবেৎ কার্ত্তিকে যস্য হন্তি পুণ্যং দশাব্দিকম্॥ ১৪॥

অথ কার্ত্তিকমাহাত্ম্যম্।

কার্ত্তিকস্য তু মাহাত্ম্যং প্রাক্ সামান্যেন লিখ্যতে।
ততো বিশেষতস্তত্র কর্ম্মদেশাদিভেদতঃ॥ ১৫॥

অথ সামান্যতঃ কার্ত্তিকমাহাত্ম্যম্।

স্কান্দে তত্রৈব।—

কার্ত্তিকস্য তু মাসস্য কোট্যংশেনাপি নার্হতি।
সর্ব্বতীর্থেষু যৎ স্নানং সর্ব্বদানেষু যৎ ফলম্॥ ১৬॥

পুল হে শ্রীনারদ॥১১॥ ন রতাঃ পূজাদিনা ন ভক্তাঃ, প্রীতিং ন কৃতবন্তো বা॥১২॥ ভক্তৌ ভাব একাগ্রতা তেনেত্যর্থঃ॥ ১৩॥ স্নানমিতি পাঠে স্নপনমিত্যর্থঃ। তেনাপি পূজৈব লক্ষ্যতে॥ ১৪॥
তত্র কার্ত্তিকে কর্ম্মাদিভেদেন যো বিশেষস্তেন। আদিশব্দাত্তীর্থাদি॥ ১৫॥

সমস্ত বিপ্র কার্ত্তিক মাসে দান, হোম, জপ, স্নান ও হরিব্রত সাধন না করে, তাহারা নরাধম বলিয়া পরিগণিত হয়। আরও লিখিত আছে, যে সকল ব্যক্তি কার্ত্তিকমাসে দান, হোম, জপ অথবা ব্রতের অনুষ্ঠান না করে, তাহারা আত্মবঞ্চিত সন্দেহ নাই; এবং তাহারা কখন প্রার্থিত ফল প্রাপ্ত হয় না। ১১। আরও লিখিত আছে; হে দেবর্ষে! কার্ত্তিকমাস সমাগত হইলে যে সকল ব্যক্তি হরিতে রত না হয়, তাহারা পিতৃপুরুষ সহ শমননগরে অবস্থিতি করে। ১২। আরও লিখিত আছে, যে সকল ব্যক্তি কার্ত্তিকমাসে ভক্তি সহকারে জনার্দ্দনের পূজা না করে, তাহারা শমনদূত কর্ত্তৃক প্রপীড়িত হইয়া নিরয়ে গমন করিয়া থাকে। ১৩। সহস্রকোটি-জন্মান্তে পরমদুষ্প্রাপ্য মানব জন্ম লাভ করিয়া কার্ত্তিকমাসে হরির পূজা না করিলে তদীয় জন্মই বিফল। কার্ত্তিকমাসে হরির অর্চ্চনা, হরিকথা শ্রবণ ও হরিদর্শন যাহার ভাগ্যে না ঘটে, তৎকৃত দশবর্ষের পুণ্য ক্ষয় প্রাপ্ত হয়। ১৪।

অনন্তর কার্ত্তিকমাহাত্ম্য।—প্রথমে সামান্যতঃ কার্ত্তিকমাহাত্ম্য বর্ণিত হইতেছে, তদনন্তর কার্য্যভেদে ও দেশাদিভেদে সবিস্তর কীর্ত্তিত হইবে। ১৫।

সামান্যতঃ কার্ত্তিকমাহাত্ম্য। স্কন্দপুরাণে পূর্ব্বোক্ত ব্রহ্মনারদসংবাদেই লিখিত আছে, নখিলতীর্থস্নানজনিত ও যাবতীয় দানজনিত ফলও কার্ত্তিকফলের কোটি অংশের একাংশের

একতঃ সর্ব্বতীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সদক্ষিণাঃ।
একতঃ পুষ্করে বাসঃ কুরুক্ষেত্রে হিমাচলে ॥
মেরুতুল্যসুবর্ণানি সর্ব্বদানানি চৈকতঃ।
একতঃ কার্ত্তিকো বৎস সর্ব্বদা কেশবপ্রিয়ঃ ॥ ১৭ ॥
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে পুণ্যং বিষ্ণুমুদ্দিশ্য কার্ত্তিকে।
তদক্ষয়ং ভবেৎ সর্ব্বং সত্যোক্তং তব নারদ ॥ ১৮ ॥
কার্ত্তিকং খলু বৈ মাসং সর্ব্বমাসেষু চোত্তমম্।
পুণ্যানাং পরমং পুণ্যং পাবনানাঞ্চ পাবনম্ ॥ ১৯ ॥
কিঞ্চ।—যথা নদীনাং বিপেন্দ্র শৈলানাঞ্চৈব নারদ।
পুণ্যং কার্ত্তিকমাসে তু যৎ কিঞ্চিৎ ক্রিয়তে মুনে।
ন তস্যাস্তি ক্ষয়ো ব্রহ্মন্ পাপস্যাপ্যেবমেব চ ॥ ২০ ॥
ন কার্ত্তিকসমো মাসো ন কৃতেন সমং যুগম্। ন বেদসদৃশং শাস্ত্রং ন তীর্থং গঙ্গয়া সমম্ ॥
কার্ত্তিকঃ প্রবরো মাসো বৈষ্ণবানাং প্রিয়ঃ সদা। কার্ত্তিকং সকলং বস্তু ভক্ত্যা সেবেত বৈষ্ণবঃ।
পিতৄনুদ্ধরতে সর্ব্বান্ নরকস্থান্ মহামুনে ॥ ২১ ॥

পাদ্মে চ তত্রৈব।—
দ্বাদশস্বপি মাসেষু কার্ত্তিকঃ কৃষ্ণবল্লভঃ। তস্মিন্ সংপূজিতো বিষ্ণুরল্পকৈরপ্যুপায়নৈঃ ॥
দদাতি বৈষ্ণবং লোকমিত্যেবং নিশ্চিতং ময়া। যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ।
তস্যায়ং তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ ॥ দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।

কার্ত্তিকস্য কার্ত্তিককৃত্যমাহাত্ম্যস্য কোট্যংশানামেকেনাপ্যংশেন সর্ব্বতীর্থস্নানাদিফলং সমতাং নার্হতীত্যর্থঃ ॥ ১৬ ॥ সর্ব্বদা কলিকালাদাবপি ॥ ১৭ ॥ সত্যোক্তং সত্যমুক্তম্ ॥ ১৮ ॥
কার্ত্তিকম্ উত্তমং বিদ্ধীতি শেষঃ ॥ ১৯ ॥ পাপস্যাপ্যেবমিতি কার্ত্তিকে কৃতস্য পাপস্য ক্ষয়ো

সদৃশ নহে। ১৬। হে তাত! একদিকে অখিল তীর্থ, সদক্ষিণ নিখিল যজ্ঞ, পুষ্করবাস, কুরুক্ষেত্র-বাস, হিমাচলবাস, মেরুতুল্য স্বর্ণদান ও নিখিল দান এবং অন্যদিকে হরিপ্রিয় কার্ত্তিক মাস স্থাপন করিলেও কার্ত্তিকই গুরুতর হয়।১৭ হে দেবর্ষে! আমি সত্য করিয়া বলিতেছি যে, হরির উদ্দেশে কার্ত্তিকমাসে যে কিছু পুণ্যের আচরণ করা যায়, তৎসমস্তই অক্ষয় হয়। ১৮। কার্ত্তিকমাস যাবতীয় মাসের মধ্যে শ্রেষ্ঠ, পুণ্যস্বরূপ এবং পবিত্র-সমূহের মধ্যেও পরম পবিত্র। ১৯। হে দ্বিজসত্তম! হে দেবর্ষে! যেরূপ নদী, গিরি ও সাগরের ক্ষয় নাই, সেইরূপ কার্ত্তিক-মাসে যে কিছু পুণ্য উপার্জ্জন করা যায় বা যে কিছু পাপ করা যায়, তাহাই অক্ষয় হয়। ২০। হে দ্বিজ! কার্ত্তিক মাসের সদৃশ মাস নাই, কৃতযুগের তুল্য যুগ নাই, বেদের সমান শাস্ত্র নাই, জাহ্নবী-সমান তীর্থ নাই; সুতরাং বৈষ্ণবগণের পক্ষে ঐ মাসই নিত্যপ্রিয়। হে মহর্ষে! যে বৈষ্ণব ভক্তিসহকারে সম্পূর্ণ কার্ত্তিকমাসে হরির উপাসনা করেন, তাঁহার দ্বারা নিখিল পিতৃগণ উত্তীর্ণ হইয়া থাকেন। ২১। পদ্মপুরাণের উক্ত স্থলেই লিখিত আছে যে, দ্বাদশমাসের মধ্যে

তত্রাপি দুর্ল্লভঃ কালঃ কার্ত্তিকো হরিবল্লভঃ॥ দীপেনাপি হি যত্রাসৌ প্রীয়তে হরিরীশ্বরঃ।
স্বগতিঞ্চ দদাত্যেব পরদীপপ্রবোধনাৎ॥ ২২॥

অথ তত্র ব্রতমাহাত্ম্যম্।

স্কান্দে তত্রৈব।—

ব্রতানামিহ সর্ব্বেষামেকজন্মানুগং ফলম্। কার্ত্তিকে তু ব্রতস্যোক্তং ফলং জন্মশতানুগম্ ॥২৩॥
অক্রূরতীর্থে বিপ্রেন্দ্র কার্ত্তিক্যাং সমুপোষ্য চ।
স্নাত্বা যৎ ফলমাপ্নোতি তচ্ছ্রুত্বা বৈষ্ণবং ব্রতম্॥ ২৪।
বারাণস্যাং কুরুক্ষেত্রে নৈমিষে পুষ্করেঽর্ব্বুদে। গত্বা যৎ ফলমাপ্নোতি ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে॥
অনিষ্ট্বা চ সদা যজ্ঞৈর্ন কৃত্বা পিতৃভিঃ স্বধাম্। ব্রতেন কার্ত্তিকে মাসি বৈষ্ণবন্তু পদং ব্রজেৎ ॥২৫॥
প্রবৃত্তানাঞ্চ ভক্ষ্যাণাং কার্ত্তিকে নিয়মে কৃতে। অবশ্যং কৃষ্ণরূপত্বং প্রাপ্যতে মুক্তিদং শুভম্ ॥
কিঞ্চ।—
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা মুনিসত্তম। বিযোনিং ন ব্রজত্যেব ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে॥

নাস্তীত্যর্থঃ। অতঃ কার্ত্তিকে যত্নতঃ সর্ব্বথা পাপং পরিহরণীয়মিতি ভাবঃ॥ ২০॥ অত্র শ্রীনারদ-শৌনকাদি-সংবাদে এব॥ ২১॥ উপায়নৈঃ উপচারৈঃ॥ ২২॥

ব্রতং কার্ত্তিককৃত্যনিয়মস্তস্য যৎ ফলং কার্ত্তিকব্রতোৎপন্নং পুণ্যং তজ্জন্মশতান্যনুগচ্ছতীত্যর্থঃ। পাঠান্তরে তু তথৈবার্থঃ॥ ২৩॥ বৈষ্ণবং ব্রতং কার্ত্তিকনিয়মং শ্রুত্বাপি তদাপ্নোতি ॥২৪॥ পিতৃভিঃ পিতৃভ্যঃ। যদ্যকরণাদিনা পাতিত্যং সূচিতং, তথাপি কার্ত্তিকব্রতেন বৈষ্ণবং পদং যাতি॥ ২৫॥ প্রবৃত্তানাং নিত্যং ভক্ষ্যমাণানামিত্যর্থঃ। নিয়মে সঙ্কোচে কিঞ্চিৎ ত্যাগে কৃতে সতীত্যর্থঃ।

কার্ত্তিকমাসই হরির প্রীতিপ্রদ। ঐ মাসে অল্পমাত্র উপচারেও ভগবান্ নিঃসন্দেহ সেই পূজককে হরিধাম সমর্পণ করেন। দামোদর যেরূপ সর্ব্বজন-সকাশে ভক্তবৎসল নামে প্রথিত, তদীয় এই কার্ত্তিকমাস তদ্রূপ, এই মাস অল্পকেও অধিক করিয়া থাকেন। দেহিগণের মধ্যে ক্ষণভঙ্গুর নরদেহই দুষ্প্রাপ্য; তন্মধ্যে আবার কৃষ্ণবল্লভ কার্ত্তিকমাস অধিকতর দুষ্প্রাপ্য। এই কার্ত্তিক মাসে হরির উদ্দেশে প্রদীপমাত্র সমর্পণ করিলেও তাঁহার প্রীতি লাভ হয় এবং অন্যদত্ত দীপ উদ্দীপিত করিয়া দিলেও স্বগতি প্রাপ্ত হইতে পারে। ২২।

অনন্তর কার্ত্তিকব্রতমাহাত্ম্য কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে, হে দেবর্ষে! যতপ্রকার ব্রত আছে, তৎ-সমস্তের ফল একজন্মমাত্র অনুগমন করে, কিন্তু কার্ত্তিকমাসকৃত ব্রতফল শত জন্ম যাবৎ অনুগামী হয়। ২৩। হে বিপ্রসত্তম! কার্ত্তিকী পৌর্ণমাসীতে অনাহারী থাকিয়া অক্রূর-তীর্থে স্নান করিলে যে ফল লাভ হয়, কার্ত্তিকমাসে বৈষ্ণবব্রত শ্রবণ দ্বারাও তাহা প্রাপ্ত হইতে পারে।২৪। কাশীধাম, নৈমিষকানন, পুষ্কর ও অর্ব্বুদ তীর্থে গমন করিলে যে পুণ্য অর্জ্জিত হয়, কার্ত্তিকব্রত দ্বারা তাহা লাভ করিতে পারে। যে ব্যক্তি কোনও কালেই যজ্ঞানুষ্ঠান করে নাই এবং যে ব্যক্তি কখনই পিতৃগণের উদ্দেশে পিণ্ডদান করে নাই, কার্ত্তিকব্রত করিলে সে ব্যক্তিও হরির পরম পদে গতি লাভ করে। ২৫। প্রত্যহ যাহা আহার

কিঞ্চ।— কার্ত্তিকে মুনিশার্দ্দূল স্বশক্ত্যা বৈষ্ণবং ব্রতম্।
যঃ করোতি যথোক্তন্তু মুক্তিস্তস্য করে স্থিতা॥
সুপুণ্যে কার্ত্তিকে মাসি দেবর্ষিপিতৃসেবিতে।
ক্রিয়মাণে ব্রতে নৃণাং স্বল্পেঽপি স্যান্মহাফলম্॥

অথ তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যম্।

স্কান্দে তত্রৈব। দানং দত্তং হুতং জপ্তং তপশ্চৈব তথা কৃতম্।
তদক্ষয়ং ফলং প্রোক্তং কার্ত্তিকে চ দ্বিজোত্তম॥

কিঞ্চ।— যৎ কিঞ্চিৎ কার্ত্তিকে দত্তং বিষ্ণুমুদ্দিশ্য মানবৈঃ।
তদক্ষয়ং লভ্যতে বৈ অন্নদানং বিশেষতঃ॥ ২৬॥

কিঞ্চ।—যস্তু সংবৎসরং পূর্ণমগ্নিহোত্রমুপাসতে।
কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা সমমেতন্ন সংশয়ঃ॥ ২৭॥

কার্ত্তিকে যা করোত্যেবং কেশবালয়মণ্ডলম্। স্বর্গস্থা শোভতে সা তু কপোতী পক্ষিণী যথা॥
যঃ করোতি নরো নিত্যং কার্ত্তিকে পত্রভোজনম্। ন স দুর্গতিমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥

কৃষ্ণরূপত্বং কৃষ্ণসারূপ্যং। মুক্তিদং সংসারদুঃখমোচনং। শুভং পরমমঙ্গলং সুখঘনমিত্যর্থঃ। তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসংবাদে তু মুক্তিসাধকমিতি পাঠে মুক্তিঃ সাধিকা যস্য তৎ। যদ্বা অকার-প্রশ্লেষেণ অমুক্তিঃ কৃষ্ণে ন ত্যাগস্তৎসাধকম্। বিযোনিং কুজন্ম পাপৈরর্জ্জিতৈরপি ন প্রাপ্নোতি। দীয়ত ইতি দানমন্নাদি॥২৬॥ যশ্চ কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা স্থিতঃ, কুর্য্যাদিতি বা পাঠঃ॥ ২৭॥

করা যায়, কার্ত্তিকমাসে তন্মধ্য হইতে কিঞ্চিৎ পরিত্যাগ করিলে পরম মঙ্গলময় হরির সারূপ্য লাভ করিতে পারে সন্দেহ নাই। আরও লিখিত আছে, হে ঋষিসত্তম! কার্ত্তিকব্রত করিলে কি ব্রাহ্মণ, কি ক্ষত্রিয়, কি বৈশ্য, কি শূদ্র, কাহাকেও বিযোনিতে দেহ ধারণ করিতে হয় না। আরও লিখিত আছে, হে ঋষিশার্দ্দূল! যিনি বিধানে কার্ত্তিকোক্ত বৈষ্ণবব্রত সাধন করেন, মোক্ষ তাঁহার করতগত জানিবে। দেবর্ষি-পিতৃগণ-নিষেবিত সুপবিত্র কার্ত্তিকব্রত অল্পপরিমাণে অনুষ্ঠিত হইলেও মহাফলপ্রদ হয়।

অনন্তর কার্ত্তিকমাসে কর্ম্মবিশেষের মাহাত্ম্য কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সংবাদে লিখিত আছে, হে বিপ্রসত্তম! কার্ত্তিকে অন্নাদিদান, হোম, জপ ও অপর যাহা কিছু করা যায়, তাহাই অক্ষয় বলিয়া প্রকীর্ত্তিত। আরও লিখিত আছে, হরির উদ্দেশে কার্ত্তিকমাসে যাহা কিছু দান করা যায়, বিশেষতঃ যে অন্ন দান করা যায়, তাহাই অক্ষয়ফলপ্রদ হয়।২৬। আরও লিখিত আছে, কার্ত্তিকমাসে স্বস্তিকানুষ্ঠান করিলে সংবৎসরকৃত অগ্নিহোত্রযাগের ফল প্রাপ্ত হওয়া যায় সন্দেহ নাই।২৭। যে রমণী কার্ত্তিকমাসে হরিমন্দিরে মণ্ডল নির্ম্মাণ করেন, তিনি গগনচারিণী কপোতীর ন্যায় সুরপুরে বিরাজ করেন। কার্ত্তিকমাসে পত্র সেবন করিলে চতুর্দ্দশ ইন্দ্রপাত যাবৎ দুর্গতি প্রাপ্ত হইতে হয় না। কার্ত্তিকমাসে পলাশপত্রে আহার করিলে আজন্মসঞ্চিত পাতক হইতে উত্তীর্ণ হইতে পারে, যাবতীয় কামনা সিদ্ধ হয়, সর্ব্বতীর্থফল প্রাপ্ত হইতে পারে এবং

জন্মপ্রভৃতি যৎ পাপং মানবৈশ্চ কৃতং ভবেৎ। তৎ সর্ব্বং নাশমাপ্নোতি ব্রহ্মপত্রেষু ভোজনাৎ॥
সর্ব্বকামফলং তস্য সর্ব্বতীর্থফলং লভেৎ। ন বাপি নরকং পশ্যেদ্ব্রহ্মপত্রেষু ভোজনাৎ॥ ২৮॥
ব্রহ্ম চৈব স্মৃতঃ সাক্ষাৎ পলাশঃ সর্ব্বকামদঃ। মধ্যমং বর্জ্জিতং পত্রং শূদ্রস্য মুনিসত্তম।
ভুঙ্ক্তে নরকমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥ তিলদানং নদীস্নানং সৎকথা সাধুসেবনম্।
ভোজনং ব্রহ্মপত্রেষু কার্ত্তিকে মুক্তিদায়কম্॥ জাগরং কার্ত্তিকে মাসি যঃ করোত্যরুণোদয়ে।
দামোদরাগ্রে বিপ্রেন্দ্র গোসহস্র-ফলং লভেৎ॥ জাগরং পশ্চিমে যামে যঃ করোতি মহামুনে।

কার্ত্তিকে সন্নিধৌ বিষ্ণোস্তৎপদং করসংস্থিতম্॥ ২৯॥
সাধুসেবা গবাং গ্রাসঃ কথা বিষ্ণোস্তথার্চ্চনম্।
জাগরঃ পশ্চিমে যামে দুর্ল্লভঃ কার্ত্তিকে কলৌ॥ ৩০॥

কিঞ্চ।—জলধেনুসহস্রঞ্চ বৃষসংস্থে দিবাকরে।
তোয়ং দত্ত্বা যদাপ্নোতি স্নানং কৃত্বা তু কার্ত্তিকে॥

সন্নিহত্যাং কুরুক্ষেত্রে রাহুগ্রস্তে দিবাকরে। সূর্য্যবারেণ যৎ স্নানং তদেকাহেন কার্ত্তিকে॥
পিতৄনুদ্দিশ্য যদ্দত্তং কার্ত্তিকে কৃষ্ণবল্লভে। অন্নোদকং মুনিশ্রেষ্ঠ অক্ষয়ং জায়তে নৃণাম্॥৩১॥

কিঞ্চ।—গীতশাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যো নয়েন্নরঃ।
ন তস্য পুনরাবৃত্তির্ম্ময়া দৃষ্টা কলিপ্রিয়॥

কিঞ্চ।—প্রদক্ষিণঞ্চ যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে বিষ্ণুসদ্মনি।
পদে পদেঽশ্বমেধস্য ফলভাগী ভবেন্নরঃ॥

ব্রহ্ম পলাশবৃক্ষস্তস্য পত্রেষু॥ ২৮॥ পশ্চিমে অন্ত্যে। তস্য বিষ্ণোঃ পদং তস্য করসংস্থিতম্॥২৯॥
দুর্ল্লভঃ মহাভাগ্যেনৈব সিধ্যতীত্যর্থঃ॥ ৩০॥ সন্নিহত্যা নাম হ্রদস্তাং প্রাপ্যেত্যর্থঃ॥ ৩১॥ যব-

---

কদাচ নিরয় দর্শন করিতে হয় না। ২৮। হে ঋষিশ্রেষ্ঠ! পলাশতরু সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ ও সমস্ত কামপ্রদ। পলাশের মধ্যম পত্র ত্যাগ করা শূদ্রের কর্ত্তব্য; ঐ পত্রে আহার করিলে চতুর্দ্দশ ইন্দ্রের রাজত্ব পর্য্যন্ত নরকে অবস্থিতি করিতে হয়। কার্ত্তিকমাসে তিলদান, নদী-স্নান, সৎকথা-শ্রবণ, সাধুগণের পরিচর্য্যা এবং ব্রহ্মপত্রে (পলাশপত্রে) আহার এই সমস্ত মোক্ষপ্রদ বলিয়া কথিত। হে বিপ্রসত্তম! কার্ত্তিমাসে অরুণোদয়কালে শ্রীহরির সমীপে জাগরণ করিলে গো-সহস্র দানের ফল প্রাপ্ত হওয়া যায়। হে মহর্ষে! কার্ত্তিকের শেষ প্রহরে হরির সমীপে জাগরণ করিলে হরিপদ করগত হয়। ২৯। হে দ্বিজ! সাধুগণের শুশ্রূষা, গোগ্রাস, হরিকথা-শ্রবণাদি, হরিপূজা ও শেষ যামে জাগরণ, কলিকালে কার্ত্তিকমাসে এই সমস্ত দুষ্প্রাপ্য। ৩০। আরও লিখিত আছে, বৃষরাশিগত ভাস্করে (জ্যৈষ্ঠমাসে) জলধেনু (দানার্থ কৃত্রিম ধেনু) ও জল দান করিলে যে পুণ্য হয়, কার্ত্তিক মাসে কার্ত্তিক-ব্রত দ্বারা তাহা প্রাপ্ত হইতে পারে। রবিবারে সূর্য্য-গ্রহণে কুরুক্ষেত্রে সন্নিহত্যা নামক হ্রদে স্নান করিলে যে ফল হয়, কার্ত্তিকমাসে এক দিনেই তাহা প্রাপ্ত হওয়া যায়। হে তাপসশ্রেষ্ঠ! হরিপ্রিয় কার্ত্তিকে পিতৃগণের উদ্দেশে অন্নজলাদি যাহা কিছু দান করা যায়, তৎসমস্তই অক্ষয় হইয়া থাকে। ৩১। আরও লিখিত আছে, হে কলিপ্রিয় দেবর্ষে!

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ কার্ত্তিকে পুরতো হরেঃ। যঃ করোতি নরো ভক্ত্যা লভতে চাক্ষয়ং পদম্।
হরের্নাম-সহস্রাখ্যং গজেন্দ্রস্য চ মোক্ষণম্। কার্ত্তিকে পঠতে যস্তু পুনর্জ্জন্ম ন বিন্দতে।
কার্ত্তিকে পশ্চিমে যামে স্তবং গানং করোতি যঃ। বসতে শ্বেতদ্বীপে তু পিতৃভিঃ সহ নারদ॥
নৈবেদ্যদানেন তু হরেঃ কার্ত্তিকে যবসংখ্যয়া। যুগানি বসতে স্বর্গে তাবন্তি মুনিসত্তম॥ ৩২॥
অগুরুন্তু সকর্পূরং যো দহেৎ কেশবাগ্রতঃ। কার্ত্তিকে তু মুনিশ্রেষ্ঠ যুগান্তে ন পুনর্ভবঃ॥ ৩৩॥

কিঞ্চ।— নিয়মেন কথাং বিষ্ণোর্যে শৃণ্বন্তি চ ভাবিতাঃ।
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা কার্ত্তিকে গোশতং ফলম্॥ ৩৪॥

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কার্ত্তিকে কেশবাগ্রতঃ। শাস্ত্রাবতরণং পুণ্যং শ্রোতব্যঞ্চ মহামুনে॥
শ্রেয়সা লোভবুদ্ধ্যা বা যঃ করোতি হরেঃ কথাম্। কার্ত্তিকে মুনিশার্দ্দূল কুলানাং তারয়েচ্ছতম্॥
নিত্যং শাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ। নির্দ্দহেৎ সর্ব্বপাপানি যজ্ঞাযুতফলং লভেৎ॥
ন তথা তুষ্যতে দানৈর্নযজ্ঞৈর্গোগজাদিকৈঃ। যথা শাস্ত্রকথালাপৈঃ কার্ত্তিকে মধুসূদনঃ।
কার্ত্তিকে মুনিশার্দ্দূল যঃ শৃণোতি হরেঃ কথাম্। স নিস্তরতি দুর্গাণি জন্মকোটিশতানি চ॥ ৩৫॥

মাত্রসংখ্যয়া যাবন্তি নৈবেদ্যানি তাবন্তি যুগানি। সিকৃথে'তি পাঠেঽপি তথৈবার্থঃ॥ ৩২॥ যুগান্তেঽপি সতি॥ ৩৩॥ ভাবিতা ভাবযুক্তাঃ। তেষাং গোশতদানফলং স্যাৎ॥ ৩৪॥ বিশেষতঃ কার্ত্তিকে সদ্ভিঃ সহ। ভগবৎকথামাহাত্ম্যমাহ সর্ব্বেতি পঞ্চভিঃ। দুর্গাণি আপদঃ॥ ৩৫॥ ভাগবতং

সংগীতশাস্ত্র-চর্চ্চা দ্বারা কার্ত্তিকমাস অতিবাহন করিলে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না। আরও লিখিত আছে, যিনি কার্ত্তিকমাসে হরিমন্দির প্রদক্ষিণ করেন, পদে পদে তাঁহার অশ্বমেধযজ্ঞফল লাভ হইয়া থাকে। কার্ত্তিকমাসে বিষ্ণুর সম্মুখে ভক্তি সহকারে নৃত্য গীত ও বাদ্য করিলে অক্ষয় পদে গতি হয়। কার্ত্তিকমাসে যিনি হরির সহস্রনামস্তোত্র ও গজেন্দ্রমুক্তি অধ্যয়ন করেন, তাঁহাকে সংসারে পুনরাগমন করিতে হয় না। হে দেবর্ষে! কার্ত্তিকমাসের শেষ যামে হরিস্তুতি বা হরিগুণ গান করিলে পিতৃগণ সহ শ্বেতদ্বীপে বাস করিতে পারে। হে দ্বিজশ্রেষ্ঠ! কার্ত্তিকমাসে হরিকে যবনৈবেদ্য দান করিলে সেই নৈবেদ্যে যতগুলি যব থাকে, তত যুগ সুরপুরে বাস হয়।৩২। হে তাপসপ্রবর! যিনি কার্ত্তিকমাসে হরির সম্মুখে কর্পূরসংযুক্ত অগুরু দগ্ধ করেন, যুগান্তেও তাঁহাকে আর পুনরায় সংসারে দেহ ধারণ করিতে হয় না। আরও লিখিত আছে, যাঁহারা কার্ত্তিকমাসে ভক্তিমান্ হইয়া হরিকথা শ্রবণ করেন, সেই কথা শ্লোকার্দ্ধ বা পাদমাত্র হইলেও শত গোদানের ফল প্রাপ্ত হওয়া যায়। ৩৪। হে মহর্ষে! সর্ব্বধর্ম্মবিসর্জ্জন পূর্ব্বক কার্ত্তিকমাসে হরির সম্মুখে পুণ্যস্বরূপ শাস্ত্রকথা শ্রবণ করিবে। হে ঋষিশার্দ্দূল! কল্যাণবুদ্ধিতে বা লোভবুদ্ধিতে যে কোনরূপে হউক, কার্ত্তিকমাসে হরিকথা কীর্ত্তন করিলে শতকুল পরিত্রাণ হয়। যিনি প্রত্যহ শাস্ত্রচর্চ্চার দ্বারা কার্ত্তিকমাস অতিবাহিত করেন, তিনি নিখিল পাতক ভস্মীভূত করিয়া যজ্ঞাযুতফল লাভ করিয়া থাকেন। কার্ত্তিকমাসে হরি যেরূপ প্রীতি লাভ করেন, গো গজাদি দান ও যজ্ঞাদি দ্বারাও সেরূপ প্রীতি প্রাপ্ত হন না। হে ঋষিশার্দ্দূল! যিনি কার্ত্তিকমাসে হরিকথা শ্রবণ করেন, তাঁহাকে শতকোটি জন্মের দুর্গতি প্রাপ্ত হইতে হয় না।৩৫।

যঃ পঠেৎ প্রয়তো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে। অষ্টাদশপুরাণানাং কার্ত্তিকে ফলমাপ্নুয়াৎ॥৩৬॥

কিঞ্চ।—সর্ব্বান্ ধর্ম্মান্ পরিত্যজ্য ইষ্টাপূর্ত্তাদিকান্নরঃ।
কার্ত্তিকে পরয়া ভক্ত্যা বৈষ্ণবৈঃ সহ সংবসেৎ॥ ৩৭॥

পাদ্মে চ তত্রৈব।—

কার্ত্তিকে ভূমিশায়ী যো ব্রহ্মচারী হবিষ্যভুক্। পলাশপত্রং ভুঞ্জানো দামোদরমথার্চ্চয়েৎ।
স সর্ব্বপাতকং হিত্বা বৈকুণ্ঠে হরিসন্নিধৌ। মোদতে বিষ্ণুসদৃশো ভজনানন্দনির্বৃতঃ॥ ৩৮॥

কিঞ্চ।—

কার্ত্তিকং সকলং মাসং প্রাতঃস্নায়ী জিতেন্দ্রিয়ঃ। জপন্ হবিষ্যভুগ্ দান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥৩৯॥
কার্ত্তিকন্তু নরো মাসং যঃ কুর্য্যাদেকভোজনম্। শূরশ্চ বহুবীর্য্যশ্চ কীর্ত্তিমাংশ্চ স জায়তে॥৪০॥

কিঞ্চ।—পলাশপত্রভোজী চ কার্ত্তিকে পুরুষো নরঃ।
নিষ্পাপঃ স্যাত্তু নৈবেদ্যং হরের্ভুক্ত্বা বিমুচ্যতে।
মধ্যস্থমৈশ্বরং পত্রং বর্জ্জয়েদ্ব্রাহ্মণেতরঃ॥

কিঞ্চ।—অপরাধসহস্রাণি পাতকানি মহান্ত্যপি। ক্ষমতেঽস্য হরির্দ্দেবঃ পূজিতঃ কার্ত্তিকে প্রভুঃ॥
নৈবেদ্যং পায়সং বিষ্ণোঃ প্রিয়ং খণ্ডং ঘৃতান্বিতম্।
বিভজ্য তচ্চ ভুঞ্জানো যজ্ঞসাম্যং দিনে দিনে॥ ৪১॥

ভগবৎপরং ভাগবতীয়ং বেত্যর্থঃ॥৩৬॥ অতএব বিশেষতঃ সৎসঙ্গমাহাত্ম্যমাহ সর্ব্বানিতি॥ ৩৭॥ বিষ্ণুসদৃশঃ সারূপ্যাদিপ্রাপ্তেঃ॥ ৩৮॥ দান্তঃ জিতক্রোধাদিঃ॥ ৩৯॥ শূরঃ সর্ব্বশক্তিমান্। বহুবীর্য্যঃ মহাপরাক্রমঃ॥ ৪০॥ যজ্ঞসাম্যং যজ্ঞসমফলং লভত ইতি শেষঃ॥৪১॥

হে ঋষে! সযত্ন হইয়া কার্ত্তিকমাসে প্রত্যহ ভাগবতশ্লোক অধ্যয়ন করিলে অষ্টাদশপুরাণপাঠের ফল প্রাপ্ত হওয়া যায়। ৩৬। আরও লিখিত আছে, ইষ্টাপূর্ত্তাদি নিখিল ধর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক কার্ত্তিকমাসে মহতী ভক্তি সহকারে বৈষ্ণবগণ সহ অবস্থিতি করিতে হয়। ৩৭। পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থলেই লিখিত আছে, যিনি কার্ত্তিকমাসে ভূশয্যাশায়ী, ব্রহ্মচর্য্যবান্ ও হবিষ্যভোজী হইয়া পলাশপত্রে আহার পূর্ব্বক শ্রীহরির পূজা করেন, তাঁহার নিখিল পাপ ধ্বংস হয় এবং তিনি হরিসদৃশ ও ভজনানন্দে নির্বৃত হইয়া বৈকুণ্ঠধামে হরিসমীপে আনন্দভোগ করেন। ৩৮। আরও লিখিত আছে যে, সমগ্র কার্ত্তিকমাসে প্রাতঃস্নায়ী, জিতেন্দ্রিয় জপনিষ্ঠ ও হবিষ্যভোজী হইয়া থাকিলে সমস্ত পাপ ধ্বংস হয়। ৩৯। যিনি সম্পূর্ণ কার্ত্তিকমাস একভক্ত হইয়া অবস্থিতি করেন, তিনি সর্ব্বশক্তিসম্পন্ন মহাপরাক্রমশালী ও কীর্ত্তিশালী হইয়া দেহ ধারণ করেন। ৪০। আরও লিখিত আছে, যিনি কার্ত্তিক মাসে পলাশপত্রে করিয়া হরির নৈবেদ্য সেবন করেন, তাঁহার পাপরাশি বিদূরিত হয় এবং তিনি মুক্তি লাভ করেন। ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতিরা পলাশ পত্রের মধ্যপত্র ত্যাগ করিবে; কেন না, ঐ পত্র ঐশ্বর (রুদ্র কর্ত্তৃক অধিষ্ঠিত)। আরও লিখিত আছে, কার্ত্তিকমাসে দেবদেব জনার্দ্দনের অর্চ্চনা করিলে ভগবান্ সহস্র সহস্র অপরাধ ও মহাপাপপুঞ্জ ক্ষমা করেন। যিনি কার্ত্তিকমাসে হরিপ্রিয় খণ্ড ও সঘৃত পায়স নৈবেদ্য হরিকে

তত্রৈব শ্রীকৃষ্ণসত্যা-সংবাদে।—

স্নানং জাগরণং দীপং তুলসীবনপালনম্। কার্ত্তিকে যে প্রকুর্ব্বন্তি তে নরা বিষ্ণুমূর্ত্তয়ঃ ॥৪২॥
ইত্থং দিনত্রয়মপি কার্ত্তিকে যে প্রকুর্ব্বতে। দেবানামপি তে বন্দ্যাঃ কিং যৈরাজন্ম তৎ কৃতম্॥

তত্রৈব কার্ত্তিকব্রতাঙ্গানি।

হরিজাগরণং প্রাতঃ-স্নানং তুলসিসেবনম্। উদ্যাপনং দীপদানং ব্রতান্যেতানি কার্ত্তিকে॥
পঞ্চভির্ব্রতকৈরেভিঃ সম্পূর্ণং কার্ত্তিকে ব্রতী। ফলমাপ্নোতি তৎ প্রোক্তং ভুক্তিমুক্তিফলপ্রদম্॥
বিষ্ণোঃ শিবস্য বা কুর্য্যাদালয়ে হরিজাগরম্। কুর্য্যাদশ্বত্থমূলে বা তুলসীনাং বনেষু চ॥
আপদ্গতো যদাপ্যম্ভো ন লভেৎ সবনায় সঃ। ব্যাধিতো বা পুনঃ কুর্য্যাদ্বিষ্ণোর্নামাপমার্জ্জনম্॥
উদ্যাপনং বিধিং কর্ত্তুমশক্তো যো ব্রতে স্থিতঃ। ব্রাহ্মণান্ ভোজয়েচ্ছক্ত্যা ব্রতসম্পূর্ণহেতবে॥
অভাবে তুলসীনাঞ্চ পূজয়েদ্বৈষ্ণবং দ্বিজম্। সর্ব্বাভাবে ব্রতী কুর্য্যাদ্ব্রাহ্মণানাং গবামপি।
সেবাং বা বোধিবটয়োর্ব্রতসম্পূর্ণহেতবে॥

স্কান্দে তত্রৈব।— অথ তত্র দীপদানমাহাত্ম্যম্।

কল্পকোটিসহস্রাণি পাতকানি বহূন্যপি। নিমেষার্দ্ধেন দীপস্য বিলয়ং যান্তি কার্ত্তিকে ॥৪৩॥

স্নানং জাগরণং নিত্যং রাত্র্যন্ত্যযামবিষয়কম্। বিষ্ণুমূর্ত্তয়ঃ বিষ্ণুসারূপ্যং প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥ ৪২॥
কল্পকোটিসহস্রাণি ব্যাপ্য যানি পাতকানি। কৃত্বা ইতি পাঠে স্থিতাস্তেতি শেষঃ। বহূনি

নিবেদন পূর্ব্বক সেবন করেন, তিনি দিনে দিনে যজ্ঞফল প্রাপ্ত হন। ৪১। স্কন্দপুরাণে কৃষ্ণসত্যভামাসংবাদে লিখিত আছে যে, কার্ত্তিক মাসে স্নান, জাগরণ, দীপদান এ তুলসী-কাননরক্ষা এই সকল কার্য্য করিলে মানব হরি-সারূপ্য লাভ করে। ৪২। আজীবন এইরূপ নিয়ম রক্ষা করার কথা দূরে থাকুক, যাঁহারা কার্ত্তিকমাসে দিনত্রয়মাত্রও এই নিয়ম রক্ষা করেন, তাহারা সুরগণবন্দনীয় হন।

অনন্তর কার্ত্তিকব্রতের অঙ্গসমূহ।—উক্ত পুরাণেই লিখিত আছে, হরির উদ্দেশে জাগরণ, প্রাতঃস্নান, তুলসীসেবা, উদ্যাপন ও দীপার্পণ, এই সমস্তই কার্ত্তিকমাসের কর্ত্তব্য ব্রত। ব্রতী জন কার্ত্তিকমাসে এই পাঁচটী ব্রত সম্পাদন করিলে ভুক্তিমুক্তি-ফল লাভ করিতে পারেন। হরি-মন্দিরে, শিবমন্দিরে, অশ্বত্থমূলে অথবা তুলসীকাননে হরিজাগরণ করিবে। আপন্ন হইয়া স্নানার্থ জল প্রাপ্ত না হইলে কিংবা ব্যাধিগ্রস্ত থাকিলে হরিনাম দ্বারা আপোমার্জ্জন (সলিলস্পর্শ) করিবে। ব্রতস্থ হইয়া উদ্যাপন করিতে অক্ষম হইলে ব্রতসম্পূর্ণার্থ শক্ত্যনুসারে ব্রাহ্মণ ভোজন করাইতে হয়। কার্ত্তিকমাসে দীপদানে অক্ষম হইলে অন্যদত্ত দীপ উদ্দীপিত করিয়া দিবে কিংবা সযত্নে সমীরাদি হইতে সেই দীপসমূহের রক্ষা বিধান করিবে। তাহারও অভাব হইলে তুলসী, বৈষ্ণব ও দ্বিজাতির অর্চ্চনা করিবে। যদি তৎসমস্তেরও অভাব হয়, তবে ব্রতসম্পূর্ণার্থ দ্বিজ, গো, অশ্বত্থ ও বটতরুর সেবা করিবে।

অনন্তর দীপদান-মাহাত্ম্য।—স্কন্দ-পুরাণে ব্রহ্ম-নারদসংবাদে লিখিত আছে, যিনি কোটি সহস্র পাতকে পাতকী হইয়াও কার্ত্তিকমাসে হরিমন্দিরে নিমেষার্দ্ধের জন্যও দীপ দান করেন, তিনি

কিঞ্চ।—শৃণু দীপস্য মাহাত্ম্যং কার্ত্তিকে কেশবপ্রিয়ম্।
দীপদানেন বিপ্রেন্দ্র ন পুনর্জায়তে ভুবি॥

রবিগ্রহে কুরুক্ষেত্রে নর্ম্মদায়াং শশিগ্রহে। তৎ ফলং কোটিগুণিতং দীপদানেন কার্ত্তিকে॥
ঘৃতেন দীপকো যস্য তিলতৈলেন বা পুনঃ। জ্বলতে মুনিশার্দ্দূল অশ্বমেধেন তস্য কিম্।
মন্ত্রহীনং ক্রিয়াহীনং শৌচহীনং জনার্দ্দনে। সর্ব্বং সম্পূর্ণতাং যাতি কার্ত্তিকে দীপদানতঃ॥ ৪৪॥
তেনেষ্টং ক্রতুভিঃ সর্ব্বৈঃ কৃতং তীর্থাবগাহনম্। দীপদানং কৃতং যেন কার্ত্তিকে কেশবাগ্রতঃ।
তাবদ্গর্জ্জন্তি পুণ্যানি স্বর্গে মর্ত্তে রসাতলে। যাবন্ন জ্বলতে জ্যোতিঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ॥৪৫॥
শ্রূয়তে চাপি পিতৃভির্গাথা গীতা পুরা দ্বিজ। ভবিষ্যতি কুলেঽস্মাকং পিতৃভক্তঃ সুতো ভুবি।
কার্ত্তিকে দীপদানেন যস্তোষয়তি কেশবম্। মুক্তিং প্রাপ্স্যামহে নূনং প্রসাদাচ্চক্রপাণিনঃ॥
কিঞ্চ।—মেরুমন্দরমাত্রাণি কৃত্বা পাপান্যশেষতঃ।
দহতে নাত্র সন্দেহো দীপদানাত্তু কার্ত্তিকে॥
গৃহে বায়তনে বাপি দীপং দদ্যাচ্চ কার্ত্তিকে। পুরতো বাসুদেবস্য মহাফলবিধায়িনঃ॥ ৪৬॥
স জাতো মানুষে লোকে স ধন্যঃ স চ কীর্ত্তিমান্।
প্রদত্তঃ কার্ত্তিকে মাসি দীপো বৈ মধুহাগ্রতঃ॥

মহান্ত্যপি বিবিধান্যপীতি বা। ৪৩॥ কুরুক্ষেত্রাদৌ বিষয়ে রবিগ্রহাদৌ দানাদিনা যৎ ফলম্। মন্ত্রহীনং জনার্দ্দনে যৎ কর্ম্ম তৎ। যদ্বা জনার্দ্দনে দীপদানত ইতি সম্বন্ধঃ॥ ৪৪॥ জ্যোতিঃ দীপঃ॥৪৫॥ আয়তনে দেবালয়ে। বাসুদেবস্য পুরতো দীপং দদ্যাৎ। মহাফলং বৈকুণ্ঠলোক প্রাপ্তি-

---

নিখিল পাতক হইতে উত্তীর্ণ হন। ৪৩। আরও লিখিত আছে, হে দ্বিজসত্তম! কার্ত্তিক মাসে হরিপ্রিয় দীপদানের মাহাত্ম্য বর্ণন করিতেছি, অবধান কর। এই মাসে হরিমন্দিরে দীপদান করিলে আর ধরাধামে পুনরাগমন করিতে হয় না। সূর্য্যগ্রহণ-কালে কুরুক্ষেত্রে এবং চন্দ্রগ্রহণে নর্ম্মদাতীর্থে দানাদি করিলে যে পুণ্য হয়, কার্ত্তিক মাসে দীপদান করিলে তাহা অপেক্ষা কোটিগুণ পুণ্য উপার্জ্জন করিতে পারে। যাহার প্রদত্ত ঘৃতদীপ বা তিলতৈলদীপ হরিমন্দিরে প্রজ্বলিত হয়, হে ঋষিশার্দ্দূল! সে ব্যক্তির অশ্বমেধ যজ্ঞ করিবার আবশ্যক কি? কার্ত্তিকমাসে হরিকে দীপদান করিলে মন্ত্রবর্জ্জিত ও শৌচবর্জ্জিত কর্ম্মও সম্পূর্ণ হয়। ৪৪। যিনি কার্ত্তিক মাসে হরির সম্মুখে দীপ দান করেন, নিখিল তীর্থস্নান ও নিখিল যজ্ঞ তৎকর্ত্তৃক সম্পাদিত হইয়াছে জানিবে। যাবৎ কার্ত্তিকমাসে হরির সম্মুখে দীপ প্রজ্বালিত করিয়া দেওয়া না যায়, তাবৎকালই পুণ্যসমূহ স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে গর্জ্জন করিতে থাকে। ৪৫। হে ব্রহ্মন্! পুরাকাল হইতেই পিতৃগণ এই গাথা গান করিয়া থাকেন যে, যদি আমাদের বংশে ভূমণ্ডলে এরূপ সন্ততি জন্মে, যে কার্ত্তিকমাসে দীপ দান দ্বারা হরির প্রীতি সমুৎপাদন করে, তাহা হইলে আমরা জনার্দ্দনের প্রসাদে অবশ্য মুক্তিভাগী হইব। আরও লিখিত আছে, মন্দরগিরিসদৃশ অসংখ্য পাপ করিয়াও কার্ত্তিকমাসে দীপ দান করিলেই নিঃসন্দেহ নিখিল পাতকের বিমোচন হয়। কর্ত্তিকমাসে হরিগৃহে বা তাঁহার পুরোভাগে দীপ দান

নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ দীপদানেন কার্ত্তিকে। ন তৎ ক্রতুশতৈঃ প্রাপ্যং ফলং তীর্থশতৈরপি॥
সর্ব্বানুষ্ঠানহীনোঽপি সর্ব্বপাপরতোঽপি সন্। পূয়তে নাত্র সন্দেহো দীপং দত্ত্বা তু কার্ত্তিকে॥
তন্নাস্তি পাতকং কিঞ্চিত্ত্রিষু লোকেষু নারদ। যন্ন শোধয়তে দীপঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ॥
পুরতো বাসুদেবস্য দীপং দত্ত্বা তু কার্ত্তিকে। প্রাপ্নোতি শাশ্বতং স্থানং সর্ব্ববাধাবিবর্জ্জিতম্॥
যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি কর্পূরেণ তু দীপকম্। দ্বাদশ্যাঞ্চ বিশেষেণ তস্য পুণ্যং বদামি তে॥
কুলে তস্য প্রসূতা যে যে ভবিষ্যন্তি নারদ। সমতীতাশ্চ যে কেচিদ্যেষাং সংখ্যা ন বিদ্যতে।
ক্রীড়িত্বা সুচিরং কালং দেবলোকে যদৃচ্ছয়া। তে সর্ব্বে মুক্তিমায়ান্তি প্রসাদাচ্চক্রপাণিনঃ॥

কিঞ্চ।—

দ্যূতব্যাজেন বিপ্রেন্দ্র কার্ত্তিকে কেশবালয়ম্। দ্যোতয়েদ্যো মহাভাগ পুনাত্যাসপ্তমং কুলম্॥
কার্ত্তিকে দীপদানন্তু কুর্য্যাদ্যো বৈষ্ণবালয়ে। ধনং পুত্রো যশঃ কীর্ত্তির্ভবেত্তস্য চ সর্ব্বদা॥ ৪৭॥
যথা চ মথনাদ্বহ্নিঃ সর্ব্বকাষ্ঠেষু দৃশ্যতে। তথা চ দৃশ্যতে ধর্ম্মো দীপদানে ন সংশয়ঃ॥ ৪৮॥

লক্ষণং তদ্বিধায়িন ইতি দীপদানমাহাত্ম্যং সূচিতং॥ ৪৬॥ নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ যৎ স্যাৎ। ৪৭॥ ইদানীং মাহাত্ম্যদ্বারৈব নিত্যতামভিপ্রৈতি যথেতি ত্রিভিঃ। সর্ব্বকাষ্ঠেষু স্থিতোঽপি বহ্নির্যথা মথনাদেব দৃশ্যতে প্রকটো ভবতি, তথা সর্ব্বকর্ম্মসু স্থিতোঽপি ধর্ম্মো দীপদানে সত্যেব দৃশ্যতে, নান্যথা অত্র চ সংশয়ো নাস্তি; অতো দীপদানং বিনা সর্ব্বধর্ম্মো বিফলঃ স্যাদিত্যর্থঃ॥ ৪৮॥

করিলে মহাফল লাভ হয়। ৪৬। যিনি কার্ত্তিকমাসে কেশবের সম্মুখে দীপ দান করেন, তিনি ভূমণ্ডলে ধন্য ও কীর্ত্তিশালী হইয়া অবতীর্ণ হন। কার্ত্তিকে নিমেষমাত্র বা নিমেষার্দ্ধ কালের জন্যও হরিমন্দিরে দীপ প্রদান করিলে যে পুণ্য অর্জ্জিত হয়, শত শত যজ্ঞ দ্বারা বা শত শত তীর্থসেবা দ্বারাও সে পুণ্য প্রাপ্তির সম্ভাবনা নাই। সর্ব্বানুষ্ঠানরহিত ও সর্ব্বপাপে পাপী হইয়াও কার্ত্তিকমাসে দীপদান করিলে নিঃসন্দেহ পবিত্র হইতে পারে। হে দেবর্ষে! ত্রিভুবনে তাদৃশ কোন পাপ দৃষ্ট হয় না, যাহা কার্ত্তিকমাসে হরির সম্মুখে দীপদান দ্বারা ধ্বংস না হয়। হে তাপস! যিনি কার্ত্তিকমাসে হরির পুরোভাগে দীপ দান করেন, তিনি সর্ব্ববাধারহিত নিত্য-পদ লাভ করিয়া থাকেন। যে ব্যক্তি সম্পূর্ণ কার্ত্তিকমাসে বা কেবলমাত্র দ্বাদশীদিনে সকর্পূর দীপ অর্পণ করে, তাঁহার যে পুণ্য অর্জ্জিত হয়, তাহা বলিতেছি, অবধান কর। হে দেবর্ষে! সকর্পূর দীপদান করিলে সেই দীপদাতার বংশে যে সকল ব্যক্তি উৎপন্ন হইয়াছে, ভবিষ্যতে যাহারা উৎপন্ন হইবে এবং যেসকল ব্যক্তি অতীত হইয়াছে ও যাহাদের সংখ্যা নাই, তাহারা সকলেই চিরদিন স্বেচ্ছাবশে সুরধামে বিহার পূর্ব্বক হরির কৃপায় মোক্ষ লাভ করে। আরও লিখিত আছে, হে দ্বিজসত্তম! কার্ত্তিকমাসে দ্যূতক্রীড়াচ্ছলেও হরিমন্দির আলোকিত করিলে তদ্দ্বারা স্বীয় সপ্তকুল পবিত্র হয়। যিনি কার্ত্তিকমাসে হরিমন্দিরে দীপ দান করেন, তিনি নিরন্তর ধন, সন্তান, যশঃ ও কীর্ত্তিভাগী হন। ৪৭। কাষ্ঠ ঘর্ষণ করিলে যেরূপ তাহাতে অগ্নি দেখা যায়, সেইরূপ দীপ দান করিলেও নিঃসন্দেহ ধর্ম্ম দৃষ্ট হয়। ৪৮।

কিঞ্চ।—

নির্ধনেনাপি বিপ্রেন্দ্র কৃত্বা বৈ চাত্মবিক্রয়ম্। কর্ত্তব্যং দীপদানন্তু যাবৎ কার্ত্তিকপূর্ণিমা ॥৪৯॥

বৈষ্ণবো ন স মন্তব্যঃ সংপ্রাপ্তে কার্ত্তিকে মুনে। যো ন যচ্ছতি মূঢ়াত্মা দীপং কেশবসদ্মনি ॥৫০

নারদীয়ে শ্রীরুক্মাঙ্গদমোহিনীসংবাদে।—

একতঃ সর্ব্বদানানি দীপদানানি চৈকতঃ। কার্ত্তিকে ন সমং প্রোক্তং দীপাদো হ্যধিকঃ স্মৃতঃ ॥৫১॥

পাদ্মে চ তত্রৈব।—

কার্ত্তিকেঽখণ্ডদীপং যো দদাতি হরিসন্নিধৌ। দিব্যকান্তি-বিমানাগ্রে রমতে স হরেঃ পুরে ॥৫২॥

স্কান্দে তত্রৈব।— অথ তত্র পরদীপপ্রবোধনমাহাত্ম্যম্।

পিতৃপক্ষেঽন্নদানেন জ্যৈষ্ঠাষাঢ়ে চ বারিণা। কার্ত্তিকে তৎ ফলং পুংসাং পরদীপপ্রবোধনাৎ ॥

বোধনাৎ পরদীপস্য বৈষ্ণবানাঞ্চ সেবনাৎ। কার্ত্তিকে ফলমাপ্নোতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥৫৩॥

দীয়মানন্তু যে দীপং বোধয়ন্তি হরেগৃর্হে। পরেণ নৃপশার্দ্দূল নিস্তীর্ণা যমযাতনা ॥ ৫৪ ॥

ন তত্তবতি বিপেন্দ্র ইষ্টৈরপি মহামখৈঃ। কার্ত্তিকে যৎ ফলং প্রোক্তং পরদীপপ্রবোধনাৎ।

একাদশ্যাং পরৈর্দ্দত্তং দীপংপ্রজ্বাল্য মূষিকা। মানুষ্যং দুর্ল্লভং প্রাপ্য পরাং গতিমবাপ সা ॥৫৫

আত্মবিক্রয়ং কৃত্বা বেতনাদিকং কৃত্বাপি ॥৪৯॥ বৈষ্ণবানাং চৈতদাবশ্যকমিত্যাহ বৈষ্ণব ইতি ॥৫০ এতৎ কর্ম্মদ্বয়ং সমং ন প্রোক্তং ব্রহ্মাদিভিঃ ॥ ৫১ ॥ অখণ্ডদীপো রাত্রিং দিনমবিচ্ছেদেন যো জ্বলতি তং ॥ ৫২ ॥ অস্তু তাবদ্দীপদানমাহাত্ম্যং কার্ত্তিকে পরদীপপ্রবোধনেনাপি কৃতার্থতা স্যাদিত্যাহ পিতৃপক্ষ ইতি পঞ্চভিঃ ॥৫৩॥ পরেণ দীয়মানং ॥৫৪॥ তৎফলং সাক্ষাদ্দৃষ্টমেবাস্তীত্যাহ একাদশ্যামিতি। অয়মিতিহাসশ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে প্রসিদ্ধ এব ॥ ৫৫ ॥

আরও লিখিত আছে,হে দ্বিজসত্তম! ধনহীন হইলেও আত্মবিক্রয় দ্বারা কার্ত্তিকী পৌর্ণমাসীতে দীপ প্রদান করিবে। ৪৯। হে ঋষে! কার্ত্তিকমাসে হরিমন্দিরে দীপদান না করিলে সেই মূর্খ বৈষ্ণব বলিয়া পরিগণিত হইতে পারে না। ৫০। নারদপুরাণে রুক্মাঙ্গদমোহিনী-সংবাদে লিখিত আছে, একদিকে নিখিল দান এবং অন্য দিকে কার্ত্তিক-দীপদান স্থাপন করাতে উহা তুল্য না হইয়া দীপদানই গুরুতর হইল। ৫১। পদ্মপুরাণে পূর্ব্বোক্ত স্থলেই লিখিত আছে, যিনি কার্ত্তিকমাসে জনার্দ্দনের সমক্ষে অখণ্ড (অহোরাত্রব্যাপী) দীপ প্রদান করেন, তিনি দিব্যকান্তিপূর্ণ বিমানে আরোহণ পূর্ব্বক হরিধামে গিয়া ক্রীড়া করেন। ৫২।

অতঃপর পরদীপ-প্রবোধন-মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে, পিতৃপক্ষে অন্নদান করিলে এবং জ্যৈষ্ঠ বা আষাঢ়মাসে সলিলদান করিলে যে পুণ্য হয়, কার্ত্তিকমাসে (হরির উদ্দেশে প্রদত্ত) পরদীপ উদ্দীপিত করিয়া দিলেও সেই ফল লাভ করিতে পারে। কার্ত্তিকমাসে পরদত্ত দীপ উদ্বোধিত করিয়া দিলে এবং বৈষ্ণবের শুশ্রূষা করিলে রাজসূয়ফল ও অশ্বমেধ-জনিত পুণ্য প্রাপ্ত হওয়া যায়।৫৩। হে রাজশার্দ্দূল! কার্ত্তিকমাসে হরিমন্দিরে অন্য কর্ত্তৃক প্রদত্ত দীপ উদ্দীপিত করিয়া দিলে আর যামী যন্ত্রণা ভোগ করিতে হয় না। ৫৪ হে দ্বিজসত্তম! কার্ত্তিকমাসে পরদত্ত দীপ উদ্বোধিত করিয়া দিলে যে ফল হয়,

স্কান্দে তত্রৈব। — অথ শিখরদীপমাহাত্ম্যম্।

যদা যদা ভাসয়তে দীপকঃ কলসোপরি। তদা তদা মুনিশ্রেষ্ঠ দ্রবতে পাপসঞ্চয়ঃ। ৫৬॥

যো দদাতি দ্বিজাতিভ্যো মহীমুদধিমেখলাম্। হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীম্।

যো দদাতি গবাং কোটিং ক্ষীরসংযুতাম্। হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীম্॥ ৫৭॥

সর্ব্বস্বদানং কুরুতে বৈষ্ণবানাং মহামুনে। কেশবোপরি দীপস্য কলাং নার্হতি ষোড়শীম্॥৫৮॥

কিঞ্চ। যঃ করোতি পরং দীপং মূল্যেনাপি মহামুনে। শিখরোপরি মধ্যে চ কুলানাং তারয়েচ্ছতম্॥

বিমানং জ্যোতিষা দীপ্তং যে নিরীক্ষন্তি কার্ত্তিকে। কেশবস্য মহাভক্ত্যা কুলে তেষাং ন নারকী॥৫৯

দিবি দেবা নিরীক্ষন্তে বিষ্ণুদীপপ্রদং নরম্। কদা ভবিষ্যত্যস্মাকং সঙ্গমঃ পুণ্যকর্ম্মণা॥

কার্ত্তিকে কার্ত্তিকীং যাবৎ প্রাসাদোপরি দীপকম্। যো দদাতি মুনিশ্রেষ্ঠ তস্যেন্দ্রত্বং ন দুর্লভম্॥৬০

কলসো যঃ প্রাসাদোপরি ভাসয়তে দিশঃ প্রকাশয়তি। স্বার্থে বা ইন্ ভাসত ইত্যর্থঃ॥ ৫৬॥ কলাং অংশং নার্হতি তৎসদৃশমপি ফলং নাপ্নোতীত্যর্থঃ। এবমগ্রেঽপি ॥ ৫৭ ॥ বৈষ্ণবানাং বৈষ্ণবেভ্যঃ॥ ৫৮ ॥ অস্তু তাবচ্ছিখরদীপস্য দানমাহাত্ম্যং তদ্দর্শনাদপি কৃতার্থতা স্যাদিত্যাহ বিমানমিতি। কেশবস্য বিমানং বিমানবদাকাশগমুচ্চতরং প্রাসাদমিত্যর্থঃ॥ ৫৯॥ অতএব দিবি স্থিতা নিরীক্ষন্তে। পুণ্যকর্ম্মণা দীপদানেন নরেণ সহ॥ ৬০ ॥

ইষ্টাদি মহাযজ্ঞ সাধনেও সে ফল লাভের সম্ভাবনা নাই। কোন মূষিকা একাদশী-দিনে অনুদ্দত্ত দীপ উদ্দীপিত করিয়া দিয়াছিল বলিয়া দুষ্প্রাপ্য নরজন্ম প্রাপ্ত হয় এবং অন্তিমে পরমা গতি লাভ করিয়াছিল। ৫৫।

অনন্তর শিখরদীপ মাহাত্ম্য কথিত হইতেছে।—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে, হে তাপসপ্রবর! হরিনিকেতনের উপরিস্থিত কুম্ভের উপর দীপ যত দিক্ আলোকিত করে, ততই পাতকরাশি দ্রবীভূত হইয়া যায়। দ্বিজাতি-করে আসমুদ্র বসুমতী দান করিলে যে ফল হয়, তাহা জনার্দ্দনের শিখরদীপদানজনিত ফলের ষোড়শ ভাগেরও সদৃশ নহে। কোটিসংখ্য সবৎসা পয়স্বিনী ধেনু দান করিলে যে ফল হয়, তাহা হরির শিখর-দীপদানজনিত ফলের ষোড়শ ভাগের এক ভাগেরও সদৃশ নহে। ৫৭। হে মহর্ষে! বৈষ্ণবগণকে সর্ব্বস্ব অর্পণ করিলে যে ফল হয়, তাহা কেশবের শিখরদীপ-দান-জনিত পুণ্যের ষোড়শাংশের একাংশেরও সদৃশ নহে। ৫৮। আরও লিখিত আছে, হে মহর্ষে! মূল্য গ্রহণ পূর্ব্বক শিখরদীপ বা হরি-নিকেতনমধ্যে দীপ দিলেও শত কুল পরিত্রাণ প্রাপ্ত হইতে পারে। হে দ্বিজসত্তম! শিখর-দীপ-দানের মাহাত্ম্য দূরে থাকুক, ভক্তিমান্ হইয়া কার্ত্তিক মাসে একমাত্র জ্যোতিঃ দ্বারা সমুদ্ভাসিত বিমানতুল্য হরিমন্দির দেখিলেই সেই দর্শকের বংশে কেহ নরকে গমন করে না। যিনি হরিমন্দিরে দীপদান করেন, সুরপুরবাসীরা তাঁহাকে এই জ্ঞানে দর্শন করেন যে, কবে এই পুণ্যবানের সহিত আমাদিগের মিলন হইবে? হে তাপসপ্রবর! কার্ত্তিকমাসে পৌর্ণমাসী যাবৎ হরিমন্দিরের উপরিভাগে দীপ দান করিলে সেই দাতার পক্ষে ইন্দ্রপদ-প্রাপ্তিও দুর্লভ নহে। ৬০।

স্কান্দে তত্রৈব।— অথ তত্র দীপমালামাহাত্ম্যম্।

দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং সবাহ্যাভ্যন্তরে হরেঃ। বিষ্ণোর্বিমানে কুরুতে স নরঃ শঙ্খচক্রধৃক্ ॥৬১॥
দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং কুরুতে কেশবালয়ে। তস্যান্বয়ে প্রসূতানাং লক্ষাণাং নরকং ন হি ॥
বিষ্ণোর্বিমানং দীপাঢ্যং সবাহ্যাভ্যন্তরে মুনে। দীপদ্যোতকরে মার্গে তেন প্রাপ্তং পরং পদম্ ॥৬২

ভবিষ্যে চ।—

যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি শোভনাং দীপমালিকাম্। প্রবোধে চৈব দ্বাদশ্যামেকাদশ্যাং বিশেষতঃ।
সূর্য্যাযুতপ্রকাশস্তু তেজসা ভাসয়ন্ দিশঃ। তেজোরাশি-বিমানস্থো জগদুদ্দ্যোতয়ংস্ত্বিষা।
যাবৎ প্রদীপসংখ্যা তু ঘৃতেনাপূর্য্য বোধিতা। তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৬৩ ॥

অথ আকাশদীপমাহাত্ম্যম্।

পাদ্মে তত্রৈব।—

উচ্চৈঃপ্রদীপমাকাশে যো দদ্যাৎ কার্ত্তিকে নরঃ। সর্ব্বং কুলং সমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥
বিষ্ণুকেশবমুদ্দিশ্য দীপং দদ্যাত্তু কার্ত্তিকে। আকাশস্থং জলস্থঞ্চ শৃণু তস্যাপি যৎ ফলম্ ॥
ধনং ধান্যং সমৃদ্ধিশ্চ পুত্রবানীশ্বরো গৃহে। লোচনে চ শুভে তস্য বিদ্বানপি চ জায়তে ॥ ৬৪ ॥

কিঞ্চ।—

বিপ্রবেশ্মনি যো দদ্যাৎ কার্ত্তিকে মাসি দীপকম্। অগ্নিষ্টোমফলং তস্য প্রবদন্তি মনীষিণঃ ॥
চতুষ্পথেষু রথ্যাসু ব্রাহ্মণাবসথেষু চ। বৃক্ষমূলেষু গোষ্ঠেষু কান্তারে গহনেষু চ।
দীপদানাদ্ধি সর্ব্বত্র মহাফলমবাপ্নুয়াৎ ॥ ৬৫ ॥

সবাহ্যাভ্যন্তরে বিমানস্য বহিরন্তশ্চেত্যর্থঃ। শঙ্খচক্রধৃক্‌সারূপ্যং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৬১ ॥ দীপাঢ্যং যেন কৃতমিতি শেষঃ ॥৬২॥ বোধিতা প্রজ্বালিতা। বোধিতানাং প্রদীপানাং যাবতী সংখ্যা ইত্যর্থঃ ॥ ৬৩ ॥

অস্যাপি যৎ ফলং তৎ শৃণুত। ভো বিপ্রাঃ ॥ ৬৪॥ এবমাকাশে জলদীপদানমাহাত্ম্যং লিখিত্বা

অনন্তর দীপমালা-মাহাত্ম্য।—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদসংবাদে লিখিত আছে, বিষ্ণুমন্দিরের মধ্যে ও বহির্দ্দেশে দীপমালা রচনা করিলে হরিসারূপ্য লাভ হয়। ৬১। হরিমন্দিরে দীপমালা রচনা করিলে সেই রচকের কুলজ শত লক্ষ পুরুষকেও নারকী হইতে হয় না। যিনি হরিবিমানের অভ্যন্তরে ও বহির্ভাগে দীপমালা প্রদান করেন,তিনি সেই দীপালোকিত পথে হরির পরম পদে গমন করিয়া থাকেন। ৬২। ভবিষ্যপুরাণে লিখিত আছে, যিনি কার্ত্তিক মাসে বিশেষতঃ হরির উত্থানসময়ে দ্বাদশীতে অথবা একাদশীদিনে মনোহর দীপপঙ্‌ক্তি রচনা করেন, তিনি আদিত্যাযুততুল্য প্রভাশালী হইয়া তেজোদ্বারা চতুর্দ্দিক্ প্রদীপিত করত তেজঃপুঞ্জবান্ বিমানে অধিষ্ঠিত হইয়া নিজকান্তি সমূহ দ্বারা জগৎ সমুদ্ভাসিত করেন। সেই ব্যক্তি ঘৃতযোগে যতসংখ্য দীপ প্রজ্বালিত করেন, দীপসংখ্যানুসারে তত সহস্রবর্ষ বিহার করিয়া থাকেন। ৬৩।

অনন্তর আকাশদীপ-মাহাত্ম্য।—পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে,কার্ত্তিকমাসে গগনতলে উচ্চভাবে দীপ দিলে স্বীয় নিখিল কুল পরিত্রাণপূর্ব্বক হরিধাম প্রাপ্ত হয়। কার্ত্তিক

আকাশদীপদানমন্ত্রঃ।

তত্রৈব।—

দামোদরায় নভসি তুলায়াং লোলয়া সহ। প্রদীপস্তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে॥ ৬৬॥

অথ দেশবিশেষে কার্ত্তিকমাহাত্ম্যবিশেষঃ।

পাদ্মে তত্রৈব।—

যত্র কুত্রাপি দেশে যঃ কার্ত্তিকঃ স্নানদানতঃ। অগ্নিহোত্রসমফলঃ পূজায়াঞ্চ বিশেষতঃ।
কুরুক্ষেত্রে কোটিগুণো গঙ্গায়াঞ্চাপি তৎসমঃ। ততোঽধিকঃ পুষ্করে স্যাদ্দ্বারকায়াঞ্চ ভার্গব।
কৃষ্ণসালোক্যদো মাসঃ পূজাস্নানৈশ্চ কার্ত্তিকঃ॥ ৬৭॥
অন্যাঃ পূর্য্যস্তৎসমানা মুনয়ো মথুরাং বিনা। দামোদরত্বং হি হরেস্তত্রৈবাসীদ্যতঃ কিল॥৬৮॥
মথুরায়াং ততস্তোর্জ্জে বৈকুণ্ঠপ্রীতিবর্দ্ধনঃ। কার্ত্তিকে মথুরায়াং বৈ পরমাবধিরিষ্যতে॥ ৬৯॥

আদিশব্দলিখনেন গৃহীতং ব্রাহ্মণগৃহাদৌ দীপদানমাহাত্ম্যং লিখতি বিপ্রেতি দ্বাভ্যাং। রথ্যাসু রাজমার্গেষু॥ ৬৫॥

তুলায়াং কার্ত্তিকে। লোলয়া লক্ষ্ম্যা। যদ্বা লক্ষ্ম্যংশকত্বাভিপ্রায়েণ প্রেমবিশেষেণ বা চঞ্চলয়া, অকারপ্রশ্লেষেণ বা ধীরয়া শ্রীরাধয়া সহ সহিতায়॥ ৬৬॥

ভার্গব হে শৌনক! দ্বারকায়াঞ্চ কৃষ্ণসালোক্যদঃ॥ ৬৭॥ হে মুনয়ঃ! অন্যা অযোধ্যাদয়ঃ। তত্র মথুরায়াংকার্ত্তিকে চ॥৬৮॥ বৈকুণ্ঠে শ্রীকৃষ্ণে প্রীতিঃ প্রেমা তস্য বর্দ্ধনঃ অতিশয়েনোৎপাদকঃ।

মাসে হরির উদ্দেশে গগনপটে অথবা সলিলমধ্যে দীপ দান করিলে যে পুণ্য অর্জ্জিত হয়,তাহা অবধান কর। এই প্রকারে যিনি দীপ দান করেন, তিনি ধন-ধান্যবান্, সমৃদ্ধিশালী, পুত্রবান্ ও সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন হন এবং তদীয় নেত্রযুগল কল্যাণময় হয় ও তিনি বিদ্বান্ হইয়া ভূমণ্ডলে অবতীর্ণ হইয়া থাকেন।৬৪। সুধীগণ বলিয়াছেন যে, কার্ত্তিক মাসে দ্বিজ-গৃহে দীপ দান করিলে অগ্নিষ্টোমফল প্রাপ্ত হইতে পারে। চতুষ্পথ, রাজপথ, দ্বিজনিকেতন, তরুমূল, গোষ্ঠ, কান্তার (দুর্গম পথ) ও গহন (দুষ্প্রবেশ স্থল) এই সমস্ত স্থানে দীপ দিলে মহাফল হয়।৬৫।

অনন্তর আকাশদীপদানমন্ত্র।—হে জনার্দ্দন! কার্ত্তিকে গগনপটে লক্ষ্মীসমন্বিত তোমাকে দীপ অর্পণ করিতেছি; তুমি অনন্ত ও তুমিই বিধাতা, তোমাকে প্রণাম। ৬৬।

অনন্তর দেশভেদে কার্ত্তিকমাসের মাহাত্ম্য।—পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থলেই লিখিত আছে, যে কোন স্থলে হউক, কার্ত্তিকমাসে স্নান ও দান করিলে অগ্নিষ্টোম-সদৃশ এবং পূজা করিলে তাহা অপেক্ষা অধিকতর ফল হয়। সাধারণ স্থল অপেক্ষা কুরুক্ষেত্রে কোটিগুণ, জাহ্নবীতে তৎসদৃশ, পুষ্করে তাহা অপেক্ষাও সমধিক ফল হয়। হে শৌনক! কার্ত্তিকমাসে দ্বারকায় স্নানদানাদি করিলে হরিসালোক্য প্রাপ্ত হওয়া যায়। ৬৭। হে ঋষিগণ! মথুরা ব্যতীত অযোধ্যাদি অপরাপর পুরীসমূহ উক্ত ফলের সদৃশ ফল দেন; কিন্তু মথুরা সর্ব্বাপেক্ষা সমধিক ফলদাত্রী, কেন না, ঐ মথুরাতে হরির দামোদরত্ব প্রকাশিত হয়। ৬৮। কার্ত্তিকমাসে মথুরানগরে অর্চ্চনা ও স্নানাদি করিলে শ্রীহরি পরম সন্তুষ্ট হন; সুতরাং কার্ত্তিকমাসে মথুরাপুরীতে স্নানের

যথা মাঘে প্রয়াগঃ স্যাদ্বৈশাখে জাহ্নবী যথা। কার্ত্তিকে মথুরা সেব্যা তত্তোৎকর্ষপরো ন হি ॥৭০॥

মথুরায়াং নরৈরূর্জ্জে স্নাত্বা দামোদরোঽর্চ্চিতঃ।

কৃষ্ণরূপা হি তে জ্ঞেয়া নাত্র কার্য্যা বিচারণা ॥ ৭১ ॥

দুর্ল্লভঃ কার্ত্তিকো বিপ্র মথুরায়াং নৃণামিহ। যত্রার্চ্চিতঃ স্বকং রূপং ভক্তেভ্যঃ সংপ্রযচ্ছতি ॥

ভুক্তিং মুক্তিং হরির্দদ্যাদর্চ্চিতোঽন্যত্র সেবিনাম্। ভক্তিঞ্চ ন দদাত্যেব যতো বশ্যকরী হরেঃ ॥

সা ত্বঞ্জসা হরের্ভক্তির্ল্লভ্যতে কার্ত্তিকে নরৈঃ। মথুরায়াং সকৃদপি শ্রীদামোদরপূজনাৎ ॥ ৭২ ॥

মন্ত্রদ্রব্যবিহীনঞ্চ বিধিহীনঞ্চ পূজনম্। মন্যতে কার্ত্তিকে দেবো মথুরায়াং সদর্চ্চনম্॥ ৭৩ ॥

যস্য পাপস্য যুজ্যেত মরণান্তা বিনিষ্কৃতিঃ। তচ্ছুদ্ধ্যর্থমিদং প্রোক্তং প্রায়শ্চিত্তং সুনিশ্চিতম্।

কার্ত্তিকে মথুরায়াং বৈ শ্রীদামোদরপূজনম্ ॥ ৭৪ ॥

কার্ত্তিকে মথুরায়াং বৈ পূজনাদ্দর্শনাদ্ধ্রুবঃ।

শীঘ্রং সংপ্রাপ্তবান্ বালো দুর্ল্লভং যোগতৎপরৈঃ ॥ ৭৫ ॥

অতএব পরমাবধিঃ ফলে পরমকাষ্ঠাং প্রাপ্ত। ইত্যর্থঃ ॥৬৯॥ ততঃ কার্ত্তিক মথুরাসেবনাৎ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। তথেতিপাঠেঽপি স এবার্থঃ ॥ ৭০ ॥ নরৈর্যৈঃ। কৃষ্ণং রূপয়ন্তি পশ্যন্তীতি তথা তে। যদ্বা কৃষ্ণবৎ পূজ্যা ইতি ভাবঃ। যদ্বা তৎসারূপ্যং প্রাপ্তা ইতি জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ৭১ ॥ অন্যত্র শ্রীমথুরাব্যতিরিক্তস্থানে। সেবিনাং অর্চ্চনাদিকারিণাং তেভ্যঃ ॥ ৭২॥ তচ্চ যথাকথঞ্চিৎ পূজনেন সিধ্যেদিত্যাহ মন্ত্রেতি ॥ ৭৩ ॥ ন চাত্র কথঞ্চিৎ পাপে জাতেঽপি প্রায়শ্চিত্তান্তরাপেক্ষেত্যাহ যস্যেতি সার্দ্ধেন ॥ ৭৪ ॥ তৎ ফলঞ্চ ন কেবলং শাস্ত্রপ্রমাণকং, কিন্তু সাক্ষাদনুভবপ্রমাণকঞ্চেত্যাহ কার্ত্তিক ইতি। বৈ প্রসিদ্ধৌ। যোগতৎপরৈঃ সনকাদিভিরপি দুর্ল্লভং শ্রীভগবদ্দর্শনং বালোঽপি শীঘ্রমেব মাসপঞ্চকেন সম্যক্ প্রকর্ষেণ আপ্তবান্ লেভে ॥ ৭৫ ॥

আধিক্য আছে। ৬৯। যেরূপ মাঘে প্রয়াগ ও বৈশাখে গঙ্গা আরাধনীয়া, সেইরূপ কার্ত্তিকে মথুরার উপাসনা করিতে হয়, তৎসদৃশ আর উৎকর্ষ নাই।৭০। যাঁহারা মথুরাতে কার্ত্তিকমাসে স্নান পূর্ব্বক দামোদরের পূজা করেন, তাঁহারা নিঃসন্দেহ কৃষ্ণসদৃশ। ৭১। হে দ্বিজ! যেখানে শ্রীহরি পূজিত হইয়া ভক্তগণকে নিজ রূপ প্রদান করেন সেই মথুরাপুরী কার্ত্তিকমাসে মানবগণের পক্ষে অতীব দুষ্প্রাপ্য। শ্রীকৃষ্ণ মথুরা ব্যতীত অন্যত্র পূজিত হইয়া সেবকগণকে ভুক্তি-মুক্তি-ফল অর্পণ করেন সত্য,কিন্তু ভক্তি সমর্পণ করেন না,কেন না, ভক্তিই শ্রীহরির বশ্যকরী অর্থাৎ ভক্তি দ্বারাই শ্রীহরি বশীভূত হন। পরন্তু যাঁহারা কার্ত্তিকমাসে মথুরা পুরীতে একবারমাত্র হরির পূজা করেন, তাঁহারাই সুখে হরিভক্তি প্রাপ্ত হইতে পারেন। ৭২। হে দ্বিজ! কার্ত্তিকমাসে মথুরাতে মন্ত্রবর্জ্জিত, দ্রব্যবর্জ্জিত ও বিধিবর্জ্জিত পূজাকেও শ্রীহরি সদর্চ্চন বলিয়া গ্রহণ করেন। ৭৩। মরণান্ত যাবৎ যে পাতকের প্রায়শ্চিত্ত, তদ্বিশুদ্ধ্যর্থ কার্ত্তিকমাসে মথুরাপুরে শ্রীহরির পূজা করিবে, তাহা হইলেই উহা নিঃসন্দেহ পরম প্রায়শ্চিত্ত বলিয়া গণ্য হয়। ৭৪। ধ্রুব শিশু হইয়াও কার্ত্তিকমাসে মথুরাপুরে হরির পূজা করত আশু (পঞ্চ মাসমধ্যে) যোগনিষ্ঠ সনকাদি মহাত্মগণের দুর্ল্লভ ভগবৎ-সাক্ষাৎকার লাভ করিয়াছিলেন। ৭৫। স্কন্দে

সুলভা মথুরা ভূমৌ প্রত্যব্দং কার্ত্তিকস্তথা। তথাপি সংসরন্তীহ নরা মূঢ়া ভবাম্বুধৌ। ৭৬॥

কিং যজ্ঞৈঃ কিং তপোভিশ্চ তীর্থৈরন্যৈশ্চ সেবিতৈঃ।

কার্ত্তিকে মথুরায়াঞ্চেদর্চ্চ্যতে রাধিকাপ্রিয়ঃ॥ ৭৭॥

যানি সর্ব্বাণি তীর্থানি নদা নদ্যঃ সরাংসি চ। কার্ত্তিকে নিবসন্ত্যত্র মাথুরে সর্ব্বমণ্ডলে।

কার্ত্তিকে জন্মসদনে কেশবস্য চ যে নরাঃ। সকৃৎ প্রবিষ্টাঃ শ্রীকৃষ্ণং তে যান্তি পরমব্যয়ম্॥৭৮॥

পরোপহাসমুদ্দিশ্য কার্ত্তিকে হরিপূজনা। মথুরায়াং লভেদ্ভক্ত্যা কিং পুনঃ শ্রদ্ধয়া নরঃ॥ইতি॥৭৯॥

ইত্থং কার্ত্তিককৃত্যানি ব্যক্তান্যেব স্বতোঽভবন্। তত্র কিঞ্চিদ্বিশেষেণ তদ্বিধির্লিখ্যতেঽধুনা॥৮০॥

অথ কার্ত্তিককৃত্যবিধিঃ।

তত্রোপক্রমকালঃ।

শ্রীকৃষ্ণসত্যাসংবাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে।—

আশ্বিনস্য তু মাসস্য যা শুক্লৈকাদশী ভবেৎ। কার্ত্তিকস্য ব্রতানীহ তস্যাং কুর্য্যাদতন্দ্রিতঃ।

নিত্যং জাগরণায়ান্ত্যে যামে রাত্রেঃ সমুত্থিতঃ।

শুচির্ভূত্বা প্রবোধ্যাথ স্তোত্রৈর্নীরাজয়েৎ প্রভুম্॥ ৮১॥

কৃপয়া তদ্বিমুখান্ শোচন্নিবাহ সুলভেতি পঞ্চভিঃ। ভূমৌ ভারতে বর্ষে মধ্যদেশান্তর্ব্বর্ত্তিত্বাৎ॥৭৬॥ যজ্ঞাদি-ফলঞ্চ তেনৈব সিধ্যেদিত্যাহ কিমিতি। রাধিকাপ্রিয়ঃ শ্রীদামোদরঃ॥৭৭॥ কার্ত্তিকেঽন্যত্র গমনঞ্চ বিফলমেবেত্যাশয়েনাহ যানীতি। অস্তু তাবৎ সমস্ত-মথুরা-সেবনং শ্রীদামোদরপূজনং বা শ্রীভগবজ্জন্মস্থান প্রবেশমাত্রেণৈব শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিরিত্যাহ কার্ত্তিক ইতি॥ ৭৮॥ তত্রাশক্তৌ চ যত্র কুত্রাপি শ্রীমথুরামধ্যে শ্রীকৃষ্ণপূজাভাসেনাপি দুর্ল্লভং লভত ইত্যাহ পরোপেতি। অত্র চেতিহাসস্তত্রৈব খ্যাতঃ। যথা—ধূম্রকেশনামা মহাপাতকী রাজকুমারঃ পিত্রা বিবাসিতো দস্যুবৃত্ত্যা ক্রমেণ বৃন্দাবনং গতো মথুরাপুর্য্যাং চৌর্য্যার্থং গতো বেশ্যারতস্তৎপ্রীত্যৈ বৃন্দাবনান্তর্ব্বর্ত্তি-ভগবৎপর-সত্যব্রতাখ্য-বিপ্রচেষ্টিতমুপহসন্ প্রভাতে রাজপুরুষৈঃ প্রাপ্য হতো ধর্ম্মরাজেন বহু সৎকৃতস্তস্মাদ্ধর্ম্মতত্ত্বং প্রকাশ্য বৈকুণ্ঠলোকং গত ইতি॥ ৭৯॥ ইত্থং মাহাত্ম্যাদি-লিখন-প্রকারেণ। অতশ্চ পূর্ব্বমলিখিতান্যন্যান্যপি কার্ত্তিককৃত্যানি জ্ঞেয়ানীতি ভাবঃ॥ ৮০॥

মথুরা সুলভ, প্রতি বর্ষে কার্ত্তিকমাসও সুলভ, কিন্তু হায়! মূঢ়তা নিবন্ধন মানবগণ সংসার-সমুদ্রে নিপতিত হইতেছে। ৭৬। কার্ত্তিকমাসে মথুরাতে শ্রীহরির পূজা করিলে আর যজ্ঞ, তপঃ ও অপরাপর তীর্থ-সেবনে কি আবশ্যক?। ৭৭। কার্ত্তিকমাসে মথুরাপুরীতে নদ, নদী ও সরোবরাদি সমস্ত তীর্থ অধিষ্ঠিত হন। কার্ত্তিক মাসে শ্রীহরির জন্মস্থান মথুরাতে একবারমাত্র প্রবেশ করিলেই পরম অব্যয় হরিকে লাভ করিতে পারে।৭৮। কার্ত্তিকমাসে মথুরাতে কৃষ্ণের-অর্চনা করা দূরে থাকুক,তথায় ঐ মাসে কৃষ্ণার্চ্চককে দেখিয়া উপহাস করিয়াও যখন (ধূম্রকেশ নামা রাজপুত্র) দুষ্প্রাপ্য পদ প্রাপ্ত হইয়াছে,তখন ভক্তিমান্ হইয়া শ্রদ্ধা সহকারে অর্চ্চনা করিলে যে কি হয়, তাহা বর্ণন করা বাহুল্যমাত্র। ৭৯। এইরূপে কার্ত্তিককৃত্য স্বতঃই ব্যক্ত হইয়াছে; অধুনা তন্মধ্যে যে কিছু বিশেষ আছে, তাহা বর্ণিত হইতেছে। ৮০।

নিশম্য বৈষ্ণবান্ ধর্ম্মান্ বৈষ্ণবৈঃ সহ হর্ষিতঃ।
কৃত্বা গীতাদিকং প্রাতর্দেবং নীরাজয়েৎ প্রভুম্ ॥ ৮২ ॥

নদ্যাদৌ চ ততো গত্বাচম্য সঙ্কল্পমাচরেৎ। প্রভুং প্রার্থ্যাথ তস্মৈ চ দদ্যাদর্ঘ্যং যথাবিধি ॥ ৮৩ ॥

তত্র সঙ্কল্পমন্ত্রঃ।

কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন।
প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ ॥ ৮৪ ॥

অথ প্রার্থনামন্ত্রঃ।

তব ধ্যানেন দেবেশ জলেঽস্মিন্ স্নাতুমুদ্যতঃ।
ত্বৎপ্রসাদাচ্চ মে পাপং দামোদর বিনশ্যতু ॥

অথ অর্ঘ্যমন্ত্রঃ।

ব্রতিনঃ কার্ত্তিকে মাসি স্নাতস্য বিধিবন্মম। দামোদর গৃহাণার্ঘ্যং দনুজেন্দ্রনিসূদন ॥
নিত্যে নৈমিত্তিকে কৃৎস্নে কার্ত্তিকে পাপশোষণে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং রাধয়া সহিতো হরে ॥

তিলৈরালিপ্য দেহং স্বং নামোচ্চারণপূর্ব্বকম্। স্নাত্বা স্ববিধিনা সন্ধ্যামুপাস্য গৃহমাব্রজেৎ ॥৮৫॥

কার্ত্তিকে শেষযামজাগরণস্য মাহাত্ম্য-বিশেষোক্তেস্তদত্র বিশেষতো লিখিতম্। এবমগ্রেঽপ্যূহ্যং। উত্থানাদিকং চান্যৎ সাধারণমেবেতি দিক্ ॥ ৮১॥ পুনর্নীরাজয়েদিতি মঙ্গলনীরাজনং লিখিতং ॥ ৮২ ॥ যথাবিধীত্যস্য পূর্ব্বত্রাপি সর্ব্বত্রৈবানুষঙ্গঃ। প্রাতরুত্থানাদি-বিধিশ্চ পূর্ব্বমেব লিখিতোঽস্তি। অপেক্ষ্যাস্তদ্বিশেষস্তু তত্র এব জ্ঞেয়ঃ। অত্র চ মধ্যে মধ্যে কিঞ্চিদ্বিশেষলিখনায় পুনস্তৎ কিঞ্চিদুল্লিখিতং ॥ ৮৩ ॥

মা লক্ষ্মীঃ শ্রীরাধারূপা তয়া সহিতস্য। তব প্রীত্যর্থং ॥ ৮৪ ॥

স্বং স্বকীয়ং দেহং। নাম শ্রীকৃষ্ণনারায়ণেত্যাদি তদুচ্চারণপূর্ব্বকং ॥ ৮৫ ॥ আদিশব্দেন

অনন্তর কার্ত্তিককৃত্য-বিধি। —তন্মধ্যে প্রথমতঃ ব্রতধারণের বিহিত কাল নিরূপিত হইতেছে। শ্রীকৃষ্ণ-সত্যভামা-সংবাদীয় কার্ত্তিক-মাহাত্ম্যে লিখিত আছে যে, আশ্বিনের শুক্লপক্ষীয়া একাদশীতে নিরলস হইয়া কার্ত্তিকব্রত ধারণ করিবে। কার্ত্তিকমাসে প্রত্যহ রাত্রির শেষযামে জাগরণ পূর্ব্বক বিশুদ্ধ হইয়া স্তবপাঠ করিতে করিতে হরিকে জাগরিত করিবে। পরে নীরাজন করিতে হয়।৮১। বৈষ্ণবধর্ম্ম শ্রবণ পূর্ব্বক বৈষ্ণববর্গ সহ সানন্দে সংগীতাদি করিয়া প্রভাতসময়ে ভগবানের আরাত্রিক করিবে।৮২। তৎপরে নদী প্রভৃতিতে গমন পূর্ব্বক আচমনান্তে সঙ্কল্প করিয়া প্রভু-সকাশে প্রার্থনা ও বিধানে অর্ঘ্য সমর্পণ করিবে।৮৩।

সঙ্কল্পমন্ত্র।—হে জনার্দ্দন। হে দেবেশ! হে দামোদর! শ্রীমতী রাধিকার ও তোমার প্রীত্যর্থ আমি কার্ত্তিকমাসে প্রাতঃকালে স্নান করিব।৮৪।

প্রার্থনামন্ত্র।—হে দেবেশ! তোমাকে চিন্তা করিতে করিতে এই জলে স্নানের উদ্যোগ করিতেছি। হে দামোদর! ত্বৎপ্রসাদে মদীয় পাতক বিদূরিত হউক।

উপলিপ্যাথ দেবাগ্রে নির্ম্মায় স্বস্তিকং প্রভুম্। তুলসী মালতী-পদ্মাগস্ত্যপুষ্পাদিনার্চ্চয়েৎ ॥ ৮৬ ॥
নিত্যং বৈষ্ণবসঙ্গত্যা সেবেত ভগবৎকথাম্। সর্পিষাহর্নিশং দীপং তিলতৈলেন চার্চ্চয়েৎ ॥
বিশেষতশ্চ নৈবেদ্যান্যর্পয়েদাচরেত্তথা। প্রণামাংশ্চ যথাশক্ত্যা একভক্তাদিকং ব্রতম্ ॥ ৮৭॥
তথা চ পাদ্মে তত্রৈব।—
প্রাতরুত্থায় শৌচাদি কৃত্বা গত্বা জলাশয়ে। কৃত্বা চ বিধিবৎ স্নানং ততো দামোদরার্চ্চনম্ ॥
কিঞ্চ।—
মৌনেন ভোজনং কার্য্যং কার্ত্তিকে ব্রতধারিণা। ঘৃতেন দীপদানং স্যাত্তিলতৈলেন বা পুনঃ ॥৮৮॥
দিনঞ্চ কৃষ্ণকথয়া বৈষ্ণবানাঞ্চ সঙ্গমৈঃ। নীয়তাং কার্ত্তিকে মাসি সঙ্কল্পব্রতপালনম্ ॥ ৮৯ ॥
দীপদানমখণ্ডঞ্চ দদ্যাদ্বৈ বিষ্ণুসন্নিধৌ। দেবালয়ে তুলস্যাংবা আকাশে বা তদুত্তমম্ ॥

কেতকীবিল্বপত্রাদি ॥৮৬॥ বিশেষতঃ অন্যমাসতঃ কিঞ্চিদাধিক্যেনোত্তমতয়া চেত্যর্থঃ। তথা বিশেষতঃ প্রণামাংশ্চাচরেৎ। যথাশক্ত্যেত্যস্য পূর্ব্বে পরেঽপি সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। একভক্তাদিকং ব্রতমপ্যাচরেৎ। আদিশব্দেন একান্তরোপবাসাদি ॥ ৮৭ ॥ স্বলিখিতং পুরাণোক্তিভিঃ প্রমাণয়ন পরং কৃত্যবিধিং দর্শয়তি প্রাতরিত্যাদিনা ভাবিনীত্যন্তেন ॥৮৮॥ সঙ্কল্পস্য ব্রতস্য চ। যদ্বা সঙ্কল্পেন যদ্গৃহীতং ব্রতং তস্য পালনম্ ।৮৯॥ ব্রতগ্রহণকালমাহ আশ্বিনে ইতি। হরিবাসরে একাদশ্যাম্।

অর্ঘ্যদান-মন্ত্র।—হে দামোদর! আমি কার্ত্তিকমাসে বিধানে ব্রত ধারণ পূর্ব্বক স্নান করিয়াছি। হে দৈত্যনিসূদন! মদ্দত্ত অর্ঘ্য গ্রহণ কর। কার্ত্তিকমাসে কৃত নিত্য নৈমিত্তিক যাবতীয় ক্রিয়াই নিখিল পাতকহর বলিয়া কথিত। হে হরে! আপনাকে এই অর্ঘ্য সমর্পণ করিলাম, আপনি শ্রীরাধিকা-সমন্বিত হইয়া উহা গ্রহণ করুন্। পরে তিল দ্বারা স্বীয় অঙ্গলেপন পূর্ব্বক শ্রীকৃষ্ণ নারায়ণ প্রভৃতি নাম উচ্চারণ করিতে করিতে বিধানে স্নান ও সন্ধ্যোপাসনা করিয়া গৃহে প্রত্যাগত হইবে। ৮৫। তৎপরে দেবতার সম্মুখে উপবেশন করত স্বস্তিক নির্ম্মাণ পূর্ব্বক তুলসী, মালতী, পদ্ম ও অগস্ত্য প্রভৃতি কুসুম দ্বারা হৃষীকেশের অর্চ্চনা করিবে।৮৬। কার্ত্তিকমাসে প্রত্যহ বৈষ্ণবগণ সহ মিলিত হইয়া হরিকথা সেবন করিতে হয় এবং অহোরাত্র ধূপ দীপ বা তিলতৈলদীপ দ্বারা পূজা করিবে। অপরাপর মাস অপেক্ষা কার্ত্তিকমাসে বিশেষরূপ নৈবেদ্য প্রভৃতি প্রদান ও নমস্কারাদি করিয়া শক্ত্যনুসারে একভক্তাদি-ব্রত করিবে। ৮৭। পদ্মপুরাণে নারদ-শৌনকাদি-সংবাদে লিখিত আছে, প্রভাতে শয্যা হইতে উঠিয়া শৌচাদি ক্রিয়া সমাপনান্তে জলাশয়ে গমন পূর্ব্বক স্নান করত দামোদরের পূজা করিবে। আরও লিখিত আছে, কার্ত্তিকমাসে বাগ্‌যত হইয়া আহার করা এবং ঘৃতপ্রদীপ বা তিলদীপ দান করা ব্রতবানের কর্ত্তব্য। ৮৮। কার্ত্তিকমাসে বৈষ্ণবগণ সহ মিলিত হইয়া হরিকথা (শ্রবণাদি) দ্বারা দিনপাত করত সংকল্পিত ব্রতের রক্ষা করিবে। ৮৯। আশ্বিনের শুক্লা একাদশী, পূর্ণিমা বা তুলা-সংক্রমণে কার্ত্তিক-ব্রত আরম্ভ করিতে হয়। কার্ত্তিকমাসে হরিসমীপে বা দেবমন্দিরে বা তুলসীসন্নিধানে অথবা গগনে দীপোত্তম দান করিবে। আরও লিখিত আছে, কার্ত্তিকমাসে শ্রীহরির প্রীত্যর্থে সুবর্ণ, রৌপ্য, দীপ, মণি, মুক্তা ও ফল প্রভৃতি অর্পণ

কিঞ্চ।—

রজতং কনকং দীপান্মণিমুক্তাফলাদিকম্। দামোদরস্য প্রীত্যর্থং প্রদদ্যাৎ কার্ত্তিকে নরঃ॥

স্কান্দে চ শ্রীরুক্মাঙ্গদমোহিনীসংবাদে।—

ন গৃহে কার্ত্তিকে কুর্য্যাদ্বিশেষেণ তু কার্ত্তিকম্।
তীর্থে তু কার্ত্তিকীং কুর্য্যাৎ সর্ব্বযত্নেন ভাবিনি॥ ইতি॥

অথ কার্ত্তিকে বর্জ্জ্যানি।

তত্রৈব ব্রহ্মনারদসংবাদে।—

কার্ত্তিকে তু বিশেষেণ রাজমাষাংশ্চ ভক্ষয়ন্। নিষ্পাবান্ মুনিশার্দ্দূল যাবদাহূতনারকী॥
কলিঙ্গানি পটোলানি বৃন্তাকং সন্ধিতানি চ। ন ত্যজেৎ কার্ত্তিকে মাসি যাবদাহূতনারকী॥৯০॥

কার্ত্তিকে মাসি ধর্ম্মাত্মা মৎস্যং মাসং ন ভক্ষয়েৎ।
তত্রৈব যত্নতস্ত্যাজ্যং শাশকং শৌকরং তথা॥ ৯১॥

কিঞ্চ।—

পরান্নং পরশয্যাঞ্চ পরদারং পরাঙ্গনাম্। সর্ব্বদা বর্জ্জয়েৎ প্রাজ্ঞো বিশেষেণ তু কার্ত্তিকে॥৯২॥

তস্য বৈষ্ণবপক্ষত্বাদাদৌ নির্দ্দেশঃ। অশক্ত্যাদ্যপেক্ষয়া বিকল্প উক্তঃ। বিশেষেণেতি অন্যদাপি ভক্ষয়ন্ নারক্যেব, কার্ত্তিকে তু ভক্ষয়ন্ বিশেষতো যাবদাহূতনারকীত্যর্থঃ॥৯০॥ তত্রৈবেতি। ধর্ম্মাপেক্ষয়া মাংসঞ্চ ন ভক্ষয়েদেব, যদি বা কশ্চিন্মহারোগগ্রস্তস্তদভাবাদ্বা রোগী স্যাত্তদা তেনাপি যত্নতঃ শশ-শূকরয়োর্ম্মাংসং বর্জ্জনীয়মেবেত্যর্থঃ॥ ৯১॥ কার্ত্তিকে তু বিশেষেণ বর্জ্জয়েদিতি তৎসম্বন্ধাদিকমপি ন কুর্য্যাদিত্যর্থঃ॥ ৯২॥ শুক্তং কাঞ্জিকাদি পুর্য্যুষিতাম্লদ্রব্যং সন্ধিতঞ্চ বর্জ্জয়েৎ॥৯৩॥

করিতে হয়। স্কন্দপুরাণে রুক্মাঙ্গদ-মোহিনী-সংবাদে লিখিত আছে, হে ভাবিনি! বিশেষতঃ কার্ত্তিকমাসে গৃহে কার্ত্তিক-ব্রত করিতে নাই, সর্ব্বথা সযত্নে তীর্থস্থলেই উহার অনুষ্ঠান করিতে হয়।

কার্ত্তিক মাসে যাহা ত্যাগ করিবে, তাহাও কথিত হইতেছে।—উক্ত পুরাণের ব্রহ্মনারদ-সংবাদে লিখিত আছে, হে মুনিপ্রবর! কার্ত্তিকমাসে রাজমাষ (বরবটী) ও নিষ্পাব (শিম্বী) ভক্ষণ করিলে আপ্রলয় নরকে বাস করিতে হয়। যে ব্যক্তি কার্ত্তিকে কলিঙ্গ (কলমীশাক), পটোল, বৃন্তাক (বেগুণ) ও সন্ধিত (আদবাদি) বর্জ্জন না করে, তাহাকে আপ্রলয় নরকে অবস্থিতি করিতে হয়।৯০। ধার্ম্মিক ব্যক্তি কার্ত্তিকমাসে মৎস্য বা মাংসাদি ভোজন করিবেন না। পীড়িতাবস্থায় মাংস ব্যতীত প্রাণনাশের সম্ভাবনা হইলে সে স্থলে শশক ও শূকর মাংস ত্যাগ করিয়া অন্যান্য মাংস ভোজন করিতে পারে। ৯১। আরও লিখিত আছে, বিশেষতঃ পরান্ন, পরের শয্যা, পরধন ও পরস্ত্রী এই সমস্ত কার্ত্তিকমাসে ত্যাগ করা প্রাজ্ঞ ব্যক্তির কর্ত্তব্য। ৯২। কার্ত্তিকমাসে তৈলাভ্যঙ্গ, শয্যা, পরান্ন ও কাংস্যপাত্রে আহার এই সকল ত্যাগ করিলেই ব্রত সম্পূর্ণ হইয়া থাকে। কার্ত্তিকমাস আগত দেখিয়া যিনি পরান্ন ত্যাগ করেন, তাঁহার দিন দিন কৃচ্ছ্র প্রায়শ্চিত্তের ফল লাভ হয়। উক্ত পুরাণে রুক্মাঙ্গদ-মোহিনী-সংবাদে লিখিত আছে,

তৈলাভ্যঙ্গং তথা শয্যাং পরান্নং কাংস্যভোজনম্। কার্ত্তিকে বর্জ্জয়েদ্যস্তু পরিপূর্ণব্রতী ভবেৎ॥
সংপ্রাপ্তে কার্ত্তিকে দৃষ্ট্বা পরান্নং যস্তু বর্জ্জয়েৎ। দিনে দিনে তু কৃচ্ছ্রস্য ফলং প্রাপ্নোতি মানবঃ॥
তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনী-সংবাদে।—
কার্ত্তিকে বর্জ্জয়েত্তৈলং কার্ত্তিকে বর্জ্জয়েন্মধু। কার্ত্তিকে বর্জ্জয়েৎ কাংস্যং কার্ত্তিকে শুক্তসন্ধিতম্॥

ন মৎস্যং ভক্ষয়েন্মাংসং ন কৌর্ম্মং নান্যদেব হি।
চাণ্ডালঃ স ভবেৎ সুভ্রু কার্ত্তিকে মাংসভক্ষণাৎ॥ ৯৩॥

অথ শ্রীরাধাদামোদর-পূজাবিধিঃ।

পাদ্মে তত্রৈব।—

ততঃ প্রিয়তমা বিষ্ণো রাধিকা গোপিকাসু চ। কার্ত্তিকে পূজনীয়া চ শ্রীদামোদরসন্নিধৌ॥

দ্বিজং দামোদরং কৃত্বা তৎপত্নীং রাধিকাং তথা।
কার্ত্তিকে পূজনীয়ৌ তৌ বাসোঽলঙ্কারভোজনৈঃ॥ ৯৪॥
রাধিকা-প্রতিমাং বিপ্রাঃ পূজয়েৎ কার্ত্তিকে তু যঃ।
তস্য তুষ্যতি তৎপ্রীত্যৈ শ্রীমান্ দামোদরো হরিঃ॥ ইতি॥ ৯৫॥

দামোদরাষ্টকং নাম স্তোত্রং দামোদরার্চ্চনম্। নিত্যং দামোদরাকর্ষি পঠেৎ সত্যব্রতোদিতম্॥ ৯৬

ততঃ পূর্ব্বজন্মকৃতারাধনাদ্ধেতোঃ। গোপিকাসু মধ্যে প্রিয়তমা। তদ্বৃত্তঞ্চ তত্রৈব প্রথিতম্। যথা, শ্রীগোপালদেবস্য শ্রীমূর্ত্তেঃ সৌন্দর্য্যবিশেষং বিলোক্য তেন সহ ক্রীড়িতুকামাংশেনাবতীর্য্য যোষিদ্বিশেষেণ প্রেমনৃত্যাদিনা তমারাধ্য তদীপ্সয়া তদ্যোগ্য-তদ্দিব্যরূপা ভূত্বা তদেকভক্ত-শ্রীব্রাহ্মণমাদায় তেন সহ স্বয়মেব সর্ব্বাংশৈরবতীর্য্য গোপশ্রীবৃষভানুকন্যাঽভূদিতি।৯৪॥ তস্যাঃ শ্রীরাধিকায়াঃ প্রীত্যৈ সন্তোষার্থম্॥ ৯৫॥ নিত্যং পঠেৎ দামোদরমাকৃষ্টুং বশীকর্ত্তুং শীলমস্য॥ সত্যব্রতনামমুনিনা উদিতং প্রোক্তম্। যদ্বা তস্মাৎ উদিতম্, পূর্ব্বসিদ্ধমেবাস্মাৎ প্রকটতাং গতমিত্যর্থঃ॥ ৯৬॥

হে সুন্দরি! কার্ত্তিকমাসে তৈল, মধু, কাংস্যপাত্র, শুক্ত (কাঞ্জিক প্রভৃতি পর্য্যুষিত অন্ন), সন্ধিত, মৎস্য এবং কূর্ম্মাদি সর্ব্বপ্রকার মাংস পরিত্যাগ করিবে। কার্ত্তিকমাসে মাংস ভক্ষণ করিলে চাণ্ডালত্ব প্রাপ্ত হইতে হয়। ৯৩।

অনন্তর শ্রীরাধা-দামোদর-পূজাবিধি বিবৃত হইতেছে।—পদ্মপুরাণে নারদ-শৌনকাদি সংবাদে লিখিত আছে, শ্রীমতী রাধিকাই যাবতীয় গোপিকাগণের মধ্যে হরির অতিবল্লভা; সুতরাং কার্ত্তিকমাসে দামোদর-সমীপে রাধিকার অর্চ্চনা করা কর্ত্তব্য। কার্ত্তিকমাসে কোন ব্রাহ্মণকে দামোদরস্বরূপ ও তদীয় পত্নীকে রাধিকারূপিণী কল্পনা করিয়া বসন, ভূষণ ও আহারাদি দ্বারা অর্চ্চনা করিবে।৯৪। হে দ্বিজগণ! কার্ত্তিকে শ্রীরাধার প্রীত্যর্থ যে ব্যক্তি রাধিকামূর্ত্তির অর্চ্চনা করে, শ্রীমান্ হরি তৎপ্রতি প্রীত থাকেন। ৯৫। কার্ত্তিকমাসে দামোদর দেবের পূজা করত সত্যব্রতসংজ্ঞ ঋষি-প্রোক্ত দামোদরাষ্টক স্তোত্র প্রত্যহ অধ্যয়ন করিবে, তাহা হইলেই দামোদর দেব বশীভূত থাকেন।

অথ শ্রীদামোদরাষ্টকম্।

তত্রৈব।— নমামীশ্বরং সচ্চিদানন্দরূপম্, লসৎকুণ্ডলং গোকুলে ভ্রাজমানম্।
যশোদাভিয়োলূখলাদ্ধাবমানম্, পরামৃষ্টমত্যন্ততো-দ্রুত্য গোপ্যা ॥ ৯৭ ॥

শ্রীরাধাসহিতং নত্বা শ্রীদামোদরমীশ্বরম্। দামোদরাষ্টকব্যাখ্যা দিগেষা দর্শ্যতেঽধুনা। তত্রাগ্রে কিমপি প্রার্থয়িতুমাদৌ তস্য তত্ত্বরূপলীলাগুণাদি-বিশেষেণোৎকর্ষবিশেষং গোকুল-প্রকটিত-নিজ-ভগবত্তাসার-সর্ব্বস্বভূতং বর্ণয়ন্ ভক্ত্যাদৌ নমস্করোতি নমামীতি। তচ্চ মঙ্গলার্থং সর্ব্বকর্ম্মসু প্রাগেব দাস্য-বিশেষেণ বিধানাদাদৌ নির্দ্দিষ্টম্। কং? ঈশ্বরং সর্ব্বশক্তিমন্তং জগদেকনাথং নিজপ্রভুং বা। তত্রাদ্যপক্ষঃ স্তুত্যাদিশক্ত্যর্থঃ। দ্বিতীয়ঃ পরমবন্দ্যতার্থঃ। অন্ত্যশ্চ ভক্তিবিশেষেণেতি দিক্।—কথম্ভূতং? —সচ্চিদানন্দরূপং সচ্চিদানন্দঘনবিগ্রহমিত্যর্থঃ। ইতি তত্ত্ববিশেষেণোৎকর্ষবিশেষ উক্তঃ। সৌন্দর্য্যবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। লসন্তী শ্রীযশোদাভিয়া ধাবনাৎ সততবাল্যক্রীড়াবিশেষপরত্বাদ্বা নিরন্তরং লোলতয়া গণ্ডয়োঃ ক্রীড়ন্তী কুণ্ডলে যস্য তং; ইতি শ্রীমুখশোভাবিশেষ উক্তঃ। যদ্বা। শ্রীগণ্ডচুম্বনমহাসৌভাগ্যতঃ কুণ্ডলয়োঃ সর্ব্বভূষণেষু মুখ্যত্বাত্তাভ্যাং তানি সর্ব্বাণ্যেবোপলক্ষ্যন্তে। ততশ্চ লসন্তী শোভমানে কুণ্ডলে যস্মাৎ তং; ভূষণভূষণাঙ্গমিত্যর্থঃ। অতএবোক্তং শ্রীগোপীভির্দ্দশমস্কন্ধে।—ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং, যদ্গোদ্বিজ-দ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্নিতি। উদ্ধবেন চ তৃতীয়স্কন্ধে।—বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গমিতি। পরিবারবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। গোকুলে গোপগোপী-গোবৎসাদি-নিবাসে ভ্রাজমানং যোগ্যস্থানবিশেষে পূর্ব্বতোঽপ্যুৎকর্ষবিশেষ-প্রকটনেন গোকুলস্য স্বাভাবিকশোভা-বিশেষেণ বা শোভমানম্। তচ্চ শ্রীদশমস্কন্ধাদৌ—চকাস গোপীপরিষদ্গতোঽর্চ্চিতস্ত্রৈলোক্য-লক্ষ্ম্যেকপদং বপুর্দ্দধদিত্যাদিনোক্তম্। লীলাবিশেষেণোৎকর্ষবিশেষমাহ যশোদেতি সার্দ্ধেন। যশোদায়া মাতুঃ সকাশাৎ ভিয়া দধিভাণ্ডভেদনাদ্যপরাধকৃতভীত্যা উদূখলাৎ শিক্যস্থিত-নবনীত-চৌর্য্যার্থমুদ্বর্ত্ত্য তলে সমারূঢ়াদুদূখলতঃ ধাবমানং ত্বরয়াপসরন্তং। অত্র চ বিশেষাপেক্ষৈর্দ্দশমস্কন্ধ-নবমাধ্যায়োক্তং—উদূখলাঙ্ঘ্রেরুপরি ব্যবস্থিতং মর্কায় কামং দদতং শিচি স্থিতম্। হৈয়ঙ্গবং চৌর্য্যবিশঙ্কিতেক্ষণং নিরীক্ষ্য পশ্চাৎ সুতমাগমচ্ছনৈঃ। তামাত্তযষ্টিং প্রসমীক্ষ্য সত্বরস্ততোঽবরুহ্যাপসসার ভীতবৎ। গোপ্যন্বধাবন্ন যমাপ যোগিনাং ক্ষমং প্রবেষ্টুং তপসেরিতং মনঃ ॥ ইত্যাদ্যনু-সন্ধেয়ম্। ততশ্চ অত্যন্ততো-দ্রুত্য বেগেন ধাবিত্বা, সমাসৈকপদ্যেন যথাদেশঃ, গোপ্যা শ্রীযশোদয়া পরা আমৃষ্টং পৃষ্ঠতো ধৃতম্। অত্র চ অত্যন্ততোদ্রুত্যেত্যনেন শ্রীযশোদায়া অপি স্তন্যভর-গৌরবাদিসৌন্দর্য্যবিশেষঃ স্নেহবিশেষশ্চ সূচিতঃ। গোপ্যেতি প্রেমোক্তিপরিপাট্যা গোপজাতীনামেব তাদৃশং মহাসৌভাগ্যমিতি ধ্বনিতম্। পরামৃষ্টমিত্যনেন তস্যাং ভগবতঃ স্নেহ-বিশেষো ধ্বনিত ইতি দিক্। অত্র চ—অস্বক্ষমানা জননী বৃহচ্চলচ্ছ্রোণীভরাক্রান্তগতিঃ সুমধ্যমা। জবেন বিস্রংসিতকেশবন্ধন-চ্যুতপ্রসূনানুগতিঃ পরমামৃষদিত্যর্থোঽনুসন্ধেয়ঃ।৯৭। তদনন্তরলীলা-

অতঃপর দামোদরাষ্টক কথিত হইতেছে।—যাঁহার শ্রবণ-যুগলে কুণ্ডলদ্বয় দোদুল্যমান হই-তেছে, যিনি গোকুলধামে নিরতিশয় বিরাজমান, যিনি শিক্যস্থ নবনীত হরণ করিয়া যশোদার

রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তম্, করাম্ভোজযুগ্মেন সাতঙ্কনেত্রম্।
মুহুঃশ্বাসকম্পত্রিরেখাঙ্ককণ্ঠস্থিতগ্রৈব-দামোদরং ভক্তিবদ্ধম্॥ ৯৮॥

বিশেষং বদন্—কৃতাগসং তং প্ররুদন্তমক্ষিণী কর্ষন্তমঞ্জন্মষিণী স্বপাণিনা। উদ্বীক্ষমাণা ভয়বিহ্বলেক্ষণং হস্তে গৃহীত্বা ভিষয়ন্ত্যবাগুরদিত্যর্থমাহ রুদন্তমিতি। মাতৃহস্তে যষ্টিং দৃষ্ট্বা তয়া তাড়নমাশঙ্ক্য ভীতত্বাদি-প্রদর্শনেন তৎপরিহরণায় ক্রন্দন্তম্। অতএব করাম্ভোজযুগ্মেন নেত্রযুগ্মং মৃজন্তং যুগপন্মার্জ্জয়ন্তং। এতচ্চ বাল্যলীলাবিশেষস্বভাবতঃ। যদ্বা ভয়াবেশেন সদ্যোঽনুগচ্ছতোঽশ্রুণো নিষ্কাসনার্থং। যদ্বা অশ্রুধারাপসারণার্থমিতি দিক্। যতঃ সাতঙ্কে নেত্রে অপি কিম্পুনর্মনো যস্য তম্। যদ্বা সভয়নিরীক্ষণ-নেত্রযুগমিত্যর্থঃ। ততশ্চ তাড়ন-পরিহারার্থমিদমপি লীলান্তরমুহ্যম্। কিঞ্চ। মুহুঃ শ্বাসেন রোদনাবেশকৃতেন কম্পং কম্পমানং ত্রিরেখাঙ্কে কম্বুবদ্রেখাত্রয় চিহ্নে কণ্ঠে স্থিতং গ্রৈবং গ্রৈবেয়কং সর্ব্বং গ্রীবাভূষণং মুক্তাহারাদি যস্য, দাম উদরে যস্য। অনেন চ—গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথেত্যুক্তম্। দাম্নোদরে উলূখলে চোভয়তো বন্ধনমুক্তং, তদেবাভিব্যঞ্জয়ন্ ভক্তবশ্যতাবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। ভক্ত্যৈব মাতুঃ স্ববিষয়কয়া তস্য বা মাতৃবিষয়কয়া বদ্ধং স্বীকৃতবন্ধনং ন তু পাশবর্গবলাৎ। সর্ব্বতঃ সমুচ্চিতৈরপ্যনন্তৈঃ পাশৈর্ন্যূনদ্ব্যঙ্গুলাপূরণাৎ। তচ্চোক্তং।—তদ্দামবধ্যমানস্য স্বার্ভকস্য কৃতাগসঃ। দ্ব্যঙ্গুলোনমভূত্তেন সন্দধেঽন্যচ্চ গোপিকা। যদাসীত্তদপি ন্যূনং তেনান্যদপি সন্দধে। তদপি দ্ব্যঙ্গুলং ন্যূনং যদ্যদাদত্ত বন্ধনম্। এবং স্বগেহদামানি যশোদা সন্দধত্যপি ইত্যাদি। যদ্বা দামোদরত্বে হেতুঃ—ভক্ত্যৈব বদ্ধং বশীকৃতং, তথাপি স এবার্থঃ পর্য্যবস্যতি। কিঞ্চ।—স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ। দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে। এবং সন্দর্শিতা হ্যঙ্গ হরিণা ভক্তবশ্যতা। স্ববশেনাপি কৃষ্ণেন যস্যেদং সেশ্বরং বশে। নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপ্যঙ্গসংশ্রয়া। প্রসাদং লেভিরে গোপী যত্তৎ প্রাপ বিমুক্তিদাৎ। নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ। জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথাভক্তিমতামিহেত্যেষামর্থঃ। তথা দেবর্ষিমে প্রিয়তমো যদিমৌ ধনদাত্মজৌ। তত্তথা সাধয়িষ্যামি যদ্গীতং তন্মহাত্মনেত্যাদেরর্থোঽপি শ্রীনারদভক্ত্যপেক্ষয়া যমলার্জ্জুন-ভঞ্জনাদি-তত্তল্লীলারূপোঽনেন সূচিতঃ॥৯৮॥ গুণবিশেষেণোৎকর্ষবিশেষমাহ ইতীতি। এবং ভক্তবশতয়া। যদ্বা ইত্যনয়া দামোদরলীলয়া ঈদৃশীভিশ্চ দামোদরলীলা-সদৃশীভিঃ পরমমনোহরাভিঃ শৈশবীভিঃ স্বস্য স্বাভির্ব্বা অসাধারণীভিঃ লীলাভিঃ ক্রীড়াভিঃ। গোপীভিঃ স্তোভিতো নৃত্যদ্ভগবান্ বালবৎ কচিৎ। উদ্গায়তি কচিন্মুগ্ধস্তদ্বশো

ভয়ে উদূখলোপরি হইতে লম্ফ প্রদান পূর্ব্বক মহাবেগে ধাবিত হইয়াছিলেন এবং যশোদাও পশ্চাদ্ধাবমানা হইয়া যাঁহার পৃষ্ঠদেশে ধারণ করিয়াছিলেন, সেই সচ্চিদানন্দরূপ ঈশ্বরকে প্রণাম। ৯৭। মাতৃকরে যষ্টি দেখিয়া (ভয়ে) যিনি রোদন করিতে করিতে কমলকরদ্বয়ে পুনঃ পুনঃ চক্ষুর্দ্বয় মার্জ্জন করিতেছেন, যাঁহারা নয়নযুগল ভীতিবিত্রস্ত, পুনঃ পুনঃ নিশ্বাসনিবন্ধন কম্পবশে যাঁহার মুক্তাময় কণ্ঠহার দোদুল্যমান হইতেছে, এবং যাঁহার উদর (যশোদা কর্ত্তৃক) রজ্জুবন্ধনে আবদ্ধ, আমি সেই ভক্তিবদ্ধ দামোদর দেবকে নমস্কার করি। ৯৮। যিনি এই-

ইতীদৃক্স্বলীলাভিরানন্দকুণ্ডে, স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তম্।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জ্জিতত্বম্, পুনঃ প্রেমতস্তং শতাবৃত্তি বন্দে॥ ৯৯॥
বরং দেব মোক্ষং ন মোক্ষাবধিম্ বা, ন চান্যং বৃণেঽহং বরেশাদপীহ।
ইদন্তে বপুর্নাথ গোপালবালং, সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ॥ ১০০॥

দারুময়বৎ। বিভর্ত্তি ক্বচিদাজ্ঞপ্তঃ পীঠকোন্মানপাদুকম্। বাহুক্ষেপঞ্চ কুরুতে স্বানাং প্রীতিং সমুদ্বহন্নিত্যাদ্যুক্তাভিঃ স্বঘোষং নিজগোকুলবাসি-প্রাণিজাতং সর্ব্বমেব আনন্দকুণ্ডে আনন্দরসময়গভীরজলাশয়বিশেষে নিতরাং মজ্জন্তং মজ্জয়ন্তম্। এতদেবোক্তং স্বানাং প্রীতিং সমুদ্বহন্নিতি। যদ্বা ঘোষঃ কীর্ত্তিঃ মাহাত্ম্যোংকীর্ত্তনং বা। স্বস্য স্বানাং বা গোপগোপ্যাদীনাং ঘোষো যথা স্যাত্তথা স্বয়মেবানন্দকুণ্ডে নিমজ্জন্তং পরমসুখবিশেষমনুভবন্তমিত্যর্থঃ। কিঞ্চ।—তাভিরের তদীয়েশিতজ্ঞেষু ভগবদৈশ্বর্য্যজ্ঞানপরেষু ভক্তৈর্জ্জিতত্বম্ আত্মনো ভক্তবশ্যতাম্ আখ্যাপয়ন্তং ভক্তিপরাণামেব বশ্যোঽহং ন তু জ্ঞানপরাণামিতি প্রথয়ন্তম্। অনেন চ—দর্শয়ংস্তদ্বিদাং লোকে আত্মনো ভক্তবশ্যতামিত্যস্যার্থো দর্শিতঃ। তস্যার্থঃ।—তং ভগবন্তং বিদন্তীতি তথা তেষাং তজ্‌জ্ঞানপরাণামিত্যর্থঃ। তান্ প্রতি দর্শয়ন্নিতি। যদ্বা তদীয়ানাং ভাগবতানাং প্রভাবাভিজ্ঞেষ্বেব ন চান্যেষ্বাখ্যাপয়ন্তম্। বৈষ্ণবমাহাত্ম্যবিশেষানভিজ্ঞেষু কেবলজ্ঞানপরেষু ভক্তৈর্ব্বিশেষতস্তন্মাহাত্ম্যস্য চ পরমগোপ্যত্বেন প্রকাশনাযোগ্যত্বাৎ। এবঞ্চ তদ্বিদামিতি ভৃত্যবশ্যতা-বিদামিত্যর্থো দ্রষ্টব্যঃ। অতঃ প্রেমতঃ ভক্তিবিশেষেণ শতাবৃত্তি যথা স্যাত্তথা শত-শত-বারান্ তমীশ্বরং পুনর্বন্দে। অতো ভক্তানামবশ্যকৃত্যং ভক্তিপ্রকারবিশেষরূপং বন্দনমেব মম প্রার্থ্যং ন স্বৈশ্বর্য্যজ্ঞানাদীতি ভাবঃ॥৯৯॥ এবমুৎকর্ষবিশেষবর্ণনেন স্তুত্বা প্রার্থয়তে বরমিতি দ্বাভ্যাম্। দেব হে পরমদ্যোতমান! হে মধুরক্রীড়াবিশেষপরেতি বা। বরেশাৎ সকলবরপ্রদানসমর্থাৎ অপি ত্বত্তঃ মোক্ষঃ চতুর্থপুরুষার্থং মোক্ষস্যাবধিং বা পরমকাষ্ঠারূপং ঘনসুখবিশেষাত্মকং শ্রীবৈকুণ্ঠলোকম্ অন্যঞ্চ শ্রবণাদিভক্তিপ্রকারমহং বরং প্রার্থ্যং। যদ্বা অন্যৈর্ব্বরণীয়মপি। যদ্বা বরতয়া ইহ বৃন্দাবনে ন বৃণে। ইহেত্যস্য পরেণাপি সম্বন্ধঃ, অত্র চ মোক্ষাদিত্রয়স্য যথোত্তরশ্রৈষ্ঠ্যমূহ্যম্। তত্র মোক্ষাদ্বৈকুণ্ঠলোকস্য শ্রৈষ্ঠ্যং শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে ব্যক্তমেবাস্তি। বৈকুণ্ঠলোকাচ্ছ্রবণাদিপ্রকারস্য চ শ্রৈষ্ঠ্যং—কামং ভবঃ স্ববৃজিনৈর্নিরয়েষু নঃ স্তাদিত্যাদিবচনতঃ শ্রবণাদি-সিদ্ধ্যা নরকাদিষ্বপি যত্র তত্র সর্ব্বত্রৈব বৈকুণ্ঠবাসসিদ্ধেরিতি দিক্। তর্হি কিং বৃণুষে তদাহ। হে নাথ! ইহ বৃন্দাবনে ইদং বর্ণিতং গোপালবালরূপং তে বপুঃ সদা মে মনসি আবিরাস্তাং; অন্তর্যামিত্বাদিনা স্থিতমপি সাক্ষাদিব সর্ব্বাঙ্গসৌন্দর্য্যাদিপ্রকাশনেন প্রকটং

রূপ বাল্যলীলা দ্বারা গোকুলবাসীকে সুখসাগরে ভাসমান করিতেছেন, যিনি ভগবদৈশ্বর্য্যজ্ঞাননিষ্ঠ ভক্তকুলের প্রতি "আমি ভক্তগণ কর্ত্তৃক পরাভূত" এই ভাব প্রকটীকৃত করিতেছেন, আমি প্রেমভরে পুনরায় সেই ঈশ্বরকে শত শত বন্দনা করি। হে প্রভো! আপনি সর্ব্বপ্রকার বরদানেই সক্ষম, তথাপি ভবৎসকাশে মোক্ষ (চতুর্থ পুরুষার্থ), মোক্ষাবধি (বৈকুণ্ঠ) অথবা অন্য (শ্রবণাদি ভক্তিপ্রকার) কোন্ বরই গ্রহণ করিতে বাসনা নাই। হে নাথ! আমার

ইদন্তে মুখাম্ভোজমব্যক্তনীলৈর্ব্বৃতং কুন্তলৈঃ স্নিগ্ধরক্তৈশ্চ গোপ্যা।
মুহুশ্চুম্বিতং বিম্ববক্ত্রাধরং মে, মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ ॥ ১০১॥

ভূয়াৎ। নন্থ মোক্ষাদয়োঽপি পরমোপাদেয়াস্তানপি বৃণু। তত্রাহ কিমন্যৈরিতি। অন্যৈর্মোক্ষাদিভির্ম্ম প্রয়োজনং নাস্তীত্যর্থঃ। তস্য সর্ব্বানন্দকদম্বাত্মকত্বাত্তৎসিদ্ধ্যৈব সর্ব্বসিদ্ধেঃ। তথা তদলাভে নিজেপ্সিতাসিদ্ধ্যা বিশেষতশ্চ তুচ্ছলাভেন শোকবিশেষোৎপাদনাদন্যৈরপি কিমিতি ভাবঃ। যদ্বা। নন্থ মোক্ষাদয়ো ন ব্রিয়ন্তাং নাম পরমাপেক্ষাণি মদীয়-শ্রীচতুর্ভুজাদি-মূর্ত্তিদর্শন-সম্ভাষণাদীনি ব্রিয়ন্তাং, তত্রাহ কিমন্যৈরিতি। চিত্তে ত্বদেতচ্ছ্রীমদ্বপুঃসদাস্ফূর্ত্তাবেব মমাত্যন্ত-প্রীতির্নান্যত্রেতি ভাবঃ। অন্তর্দর্শনমাহাত্ম্যঞ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে তপোলোকে শ্রীপিপ্পলায়নেন বিবৃত্যোক্তমস্তি। এবং তস্য প্রার্থনাপি স্তবাবেব পর্য্যবস্যতি তস্যৈব সর্ব্বোৎকৃষ্টত্বেন প্রার্থনাৎ। এবমগ্রেঽপি ॥ ১০০ ॥ তত্র চ তব শ্রীমুখং পরমমনোহরং বিশেষেণ দিদৃক্ষে ইত্যাহ ইদমিতি। কদাচিদ্ধ্যানেঽনুভূয়মানমনির্ব্বচনীয়-সৌন্দর্য্যাদিকং তদেব নির্দ্দিশতি। মুখমেবাম্ভোজং প্রফুল্লকমলাকরত্ব-নিখিলসন্তাপহারিত্ব-পরমানন্দরসবত্ত্বাদিনা। তন্মে মনসি মুহুরাবিরাস্তাং। কথম্ভূতং ?—অত্যন্তনীলৈঃ পরমশ্যামলৈঃ স্নিগ্ধৈশ্চ রক্তৈশ্চ কুন্তলৈঃ কেশৈরলকৈর্ব্বা বৃতং কমলং ভ্রমরৈরিবোপরিবেষ্টিতং। গোপ্যা শ্রীযশোদয়া শ্রীরাধয়া বা চুম্বিতং। মুহুরিত্যস্যাত্রাপি সম্বন্ধঃ। যদ্বা পাঠক্রমাদত্রৈব সম্বন্ধঃ। ততশ্চ তয়া মহাধন্যয়া মুহুশ্চুম্বিতমপি মম মনসি সকৃদপ্যাবিরাস্তামিত্যর্থঃ। যদ্বা সদেতি পূর্ব্বগতস্যাত্রাপ্যর্থবলাদন্বয় এব স্যাৎ। বিম্ববদ্রক্তৌ অধরৌ যস্মিন্ তৎ। ততশ্চ লক্ষলাভৈরন্যৈর্লক্ষসংখ্যৈর্লাভৈরপি প্রয়োজনং নাস্তীত্যর্থঃ। লিখিতার্থমেবৈতৎ ॥১০১॥ এবং স্তুতিপ্রভাবাৎ সদ্যঃ সমুদিতেন প্রেমবিশেষেণ সাক্ষাদ্দিদৃক্ষমাণস্তত্র চৈকং নামসঙ্কীর্ত্তনমেব পরমসাধনং মন্যমানস্তথৈব সকাতর্য্যং প্রার্থয়তে নম ইতি। তুভ্যমিত্যধ্যাহার্য্যমেব। তচ্চ ভয়গৌরবাদিনা প্রেমবৈকল্যেন বা সাক্ষান্ন প্রযুক্তং। হে প্রভো! হে মদীশ্বর! প্রসীদ। প্রসাদমেবাহ। দুঃখং সাংসারিকং তদ্দর্শনজং বা তস্য জালং পরম্পরা তদেবাব্ধিঃ আনন্ত্যাদিনা তস্মিন্মগ্নং মাং, অতএব অতিদীনং পরমার্ত্তং। যদ্বা তত্র সৎসহায়সাধনাদিহীনত্বাৎ পরমাকিঞ্চনং। যদ্বা মুমূর্ষুং জীবন্মৃতং বা তত্র চাজ্ঞং তৎ প্রতীকারদ্যনভিজ্ঞং। কৃপয়া দৃষ্টির্নিরীক্ষণং তস্যা বৃষ্ট্যা পরম্পরয়া কৃপাদৃষ্টিরূপামৃতবৃষ্ট্যা বা অনুগৃহাণ সমুদ্ধৃত্য জীবয়েত্যর্থঃ। তদেবাভিব্যঞ্জয়তি। অক্ষিদৃশ্যো মল্লোচনগোচর এধি ভব। এবং প্রার্থনাক্রমেণ প্রার্থনং কৃতং, প্রার্থস্য পরমদৌর্ল্লভ্যেন সহসা প্রাগেব নির্দ্দেশানর্হত্বাৎ। অন্তর্দর্শনাৎ সাক্ষাদ্দর্শনমাহাত্ম্যঞ্চ শ্রীভগবৎপার্ষদৈঃ সন্যায়মুক্তং শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডতো বিশেষতো জ্ঞেয়ং। তত্র দেব হে দিব্যরূপেতি দিদৃক্ষায়াং হেতুঃ। দামোদরেতি ভক্তবাৎসল্যবিশেষেণাক্ষিদর্শনযোগ্যতায়াং। অতো নাম্নো যস্মাদিত্যনন্তেতি কৃপাদৃষ্ট্যনুগ্রহেণ। প্রভো হে অচিন্ত্যানন্তাদ্ভুত-মহাশক্তিযুক্তেতি ইন্দ্রিয়াগ্রাহ্যস্যাপ্যক্ষিদৃশ্যতা-

হৃদয়ে যেন নিরন্তর বৃন্দাবন-বর্ণিত ত্বদীয় বাল-গোপালের মূর্ত্তি জাগরূক থাকে; অন্য মোক্ষাদি বরে আমার আবশ্যক নাই।১০০। হে দেব! ত্বদীয় মূর্ত্তির মধ্যে মুখপদ্মের মধুরিমা আর কি বর্ণন করিব? যাহা অতি শ্যামল, স্নিগ্ধ ও লোহিতবর্ণ অলকাবলীতে বিরাজিত,

নমো দেব দামোদরানন্ত বিষ্ণো, প্রসীদ প্রভো দুঃখজালাব্ধিমগ্নম্।
কৃপাদৃষ্টিবৃষ্ট্যাতিদীনং বতানু-গৃহাণেশ মামজ্ঞ-মেধ্যক্ষিদৃশ্যঃ ॥ ১০২ ॥
কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্ত্যৈব যদ্বত্ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ।
তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ, ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ ॥ ১০৩ ॥

সংভাবনায়াং। ঈশ হে পরম-স্বতন্ত্রেতি অযোগ্যং প্রতি তাদৃশানুগ্রহকরণে কস্যচিদনপেক্ষতায়াং জ্ঞেয়ং। কিঞ্চ। বিষ্ণো হে সর্ব্বব্যাপক। যদ্বা হে শ্রীবৃন্দাবননিকুঞ্জকুহরাদি-প্রবেশশীল। ইতি চাক্ষিদৃশ্যতার্থং দূরাগমনশ্রমাদিকং নাস্তীতি। অথবা হে অনন্ত অপরিচ্ছিন্ন বিষ্ণো সর্ব্বব্যাপিন্ তথাপি হে দামোদরেত্যেবং পরমবাৎসল্যবিশেষেণ তবাকৃতং কিমপি নাস্তীতি ধ্বনিতম্। অন্যৎ সমানমিত্যেষা দিক্ ॥ ১০২ ॥ ইত্থং প্রেমবিশেষেণ পরমোৎকণ্ঠয়া সহ সাক্ষাদ্দর্শনং প্রার্থ্য তত এব সদ্যোজাত-প্রেমভক্তিবিশেষেণ তস্য পরমদৌর্ল্লভ্যং মন্যমানস্তত্র চ পরমোপায়ভূতাং প্রেমভক্তিমভিজ্ঞায়। যদ্বা সকৃদ্দর্শনে মনোঽতৃপ্তিং বিরহদুঃখোত্তবতাঞ্চাশঙ্ক্য সদা তদ্বশীকরণায় প্রেমভক্তিমেবৈকমুপায়মভিজ্ঞায়। অত্র চ পরমাপরাধিনো মম কথং সা সম্ভবেদিত্যাশঙ্ক্য শ্রীভগবদ্বাৎসল্যমহিম্না চাসম্ভাব্যমপি সর্ব্বমেব সম্ভবেদিতি নিশ্চিত্য মোক্ষত্যাগেন প্রেমভক্তিমেব প্রার্থয়তে কুবেরেতি। বদ্ধয়া গোপ্যা পাশৈরুদূখলে শৃঙ্খলিতয়া মূর্ত্ত্যা শ্রীবিগ্রহেণৈবেতি তয়োর্ম্মধ্যে স্বয়ং প্রবেশাৎ পরমসুন্দরলীলাদি-বিশিষ্টস্য ভগবতঃ সাক্ষাদ্দর্শনস্পর্শনাদিকং সূচিতং। মোচিতৌ শ্রীনারদশাপাৎ সংসারাচ্চ। ন কেবলং তাবদেব, পরমভক্তিশ্চ তাভ্যাং দত্তেত্যাহ ভক্তিং ভজতঃ পরমসাধ্যত্বেনাশ্রয়তঃ ন কথঞ্চিদপি ত্যজত ইতি তথা তৌ। এবঞ্চ প্রেমভক্তিরেব দত্তেত্যভিপ্রেতং তথা চ শ্রীভগবদ্বচনং—সংজাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমো ভব ইতি। অস্যার্থঃ।—বাং যুবয়োরীপ্সিতোঽপেক্ষিতঃ পরমো ভাবঃ প্রেমা ময়ি সম্যগ্জাত এব। ন ভবঃ পুনর্জ্জন্ম সংসারদুঃখং বা যস্মাৎ স ইতি। হে দামোদর তথা তদ্বৎ স্বকাং ত্বচ্চরণারবিন্দৈকাশ্রয়াম্ এতদ্রূপৈকবিষয়াং বা মে মহ্যং প্রকর্ষেণ যচ্ছ দেহি। ননু কিমত্রাগ্রহেণ, কুবেরাত্মজবন্মোক্ষোঽপি গৃহ্যতাম্, অন্যথা জন্মমরণাদি-সংসারাপত্তেঃ। তত্রাহ নেতি। ইহ অস্যাং প্রেমভক্তাবেব মম গ্রহ আগ্রহোঽস্তি, ন চ মোক্ষে গ্রহোঽস্তি। অয়মর্থঃ—প্রেমভক্ত্যা সংসারধ্বংসো ভবতি চেত্তর্হি ভবতু নাম। ন স্যাচ্চেত্তর্হি মাস্তু নাম। তত্র মমাপেক্ষা নাস্তীতি। অত্র গূঢ়োঽয়ং ভাবঃ—চিন্তামণৌ করস্থে সর্ব্বমেব স্বয়ং সেৎস্যতি, কিং তদেকমাত্রতুচ্ছ-দ্রব্য-গ্রহণেনেতি। যদ্বা হে দামোদর স্বকাং প্রেমভক্তং প্রযচ্ছেত্যেবং পাশবদ্ধোদর-ভগ-

---

গোপিকা-যশোদা স্বীয় বদনপদ্মস্থ লোহিতবর্ণ বিম্বোষ্ঠ দ্বারা যাহা পুনঃ পুনঃ চুম্বন করিতেছেন, তোমার সেই বদনপদ্ম নিরন্তর মদীয় হৃদয়ে প্রকাশিত থাকুক্। অন্য কোনরূপ লক্ষলাভেও আমার আবশ্যক নাই।১০১। হে দেব! হে দামোদর! হে অনন্ত! হে বিষ্ণো! মৎপ্রতি প্রসন্ন হউন্। হে প্রভো! হে ঈশ! আমি দুঃখসাগররূপ মহাসাগরে পতিত হইয়া নিরতিশয় ক্লিষ্ট হইয়াছি, কারুণ্যদৃষ্টি বর্ষণ দ্বারা আমাকে পরিত্রাণ করুন্, আমার দৃষ্টিপথে উদিত হউন।১০২। হে দামোদর! আপনি যেরূপ উদূখলে রজ্জুবদ্ধ হইয়া (নলকূবর ও মণিগ্রীব-নামা) কুবের-

নমস্তেঽস্তু দাম্নে স্ফুরদ্দীপ্তিধাম্নে, ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে।
নমো রাধিকায়ৈ ত্বদীয়প্রিয়ায়ৈ, নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যম্॥ ১০৪॥

বদ্বিষয়কপ্রেমভক্তিপ্রার্থনয়া নিত্যমুদরে পাশবন্ধনাগ্রহমাশঙ্ক্যাহ মোক্ষে পাশবন্ধনাত্তব মোচনে মমাগ্রহো নাস্তি কিং? কাক্বা অন্যোবেত্যর্থঃ। কিন্তু ইহ অস্মিন্নেব রূপে সকাম-সাধারণানাং প্রেমভক্তিং প্রযচ্ছেতি। যদ্বা ইহ বৃন্দাবনে প্রেমভক্তিং প্রযচ্ছেত্যন্বয়ঃ। ততশ্চ তত্রৈব তস্যাঃ সুখবিশেষাবির্ভাবকত্বাৎ প্রাদুর্ভাববিশেষাচ্চ তথা তস্য সাক্ষাদ্দর্শন-বিশেষাকারত্বাচ্চ তথা তত্রৈব তদ্বিহারিশ্রীভগবদ্দিদৃক্ষা-বিশেষাচ্চ তত্র সদা নিবাসোঽপি প্রার্থিতঃ ইত্যূহ্যং। অন্যচ্চ পূর্ব্ববদেব॥ ১০৩॥ এবং স্তুতিং সমাপয়ন্ স্বপ্রার্থিত সিদ্ধয়ে ভক্তিবিশেষেণ বা তদীয়া-সাধারণ-পরিকরাবয়ব-পরিবারাদীনপি প্রত্যেকং পৃথক্ প্রণমতি নমস্তেঽস্ত্বিতি। তে তব দাম্নে উদর-বন্ধনমহাপাশায় নমোঽস্তু। কথম্ভূতায়? স্ফুরন্ত্যা দীপ্তেস্তেজসো ধাম্নে আশ্রয়ায়। এবং তস্যাপি ব্রহ্মঘনরূপতাভিপ্রেতা। অথানন্তরং ত্বদীয়ায় উদরায় নমোঽস্তু। পাশবন্ধেন তেনৈব সৌন্দর্য্যাদের্বাৎসল্যলীলাদেশ্চ বিশেষতঃ প্রকাশনাৎ। কথম্ভূতায়?—বিশ্বস্য চরাচর-প্রপঞ্চজাতস্য ধাম্নে আধারায়, তত এব চতুর্দ্দশভুবনাত্মককমলোৎপত্তেঃ, তত্রৈব চ মাতরং প্রতি বারদ্বয়ং বিশ্বরূপপ্রদর্শনাদিতি দিক্। এবমুদরবন্ধনেন বিশ্বস্যাপি বন্ধনাপত্তেঃ শ্রীযশোদয়া বিশ্বমপি বশীকৃতমিতি ধ্বনিতং। তথা ঈশস্য বন্ধনাসংভবেঽপি বন্ধনস্বীকারেণ ভক্তবাৎসল্যবিশেষস্তথা বন্ধনেন প্রপঞ্চাসংকোচাবস্থিত্যাদিসমাবেশস্য তর্কাগোচরত্বাদৈশ্বর্য্য-বিশেষশ্চ ধ্বনিত ইতি দিক্। দামনমস্কারানন্তরমুদর-নমস্কারশ্চোদরোপরি দাম্নো বর্ত্তমানত্বাৎ যথোত্তরমুৎকর্ষবিবক্ষয়া বা। ইদানীং তদীয়প্রিয়তমজনরূপয়ৈব বাঞ্ছাতীতমপি সর্ব্বমেব সুসি-ধ্যেদিত্যাশয়েন ভগবতীং শ্রীরাধাং প্রণমতি নম ইতি। তথা চ সর্ব্বা এব গোপিকা উপলক্ষ্যন্তে কিংবা তাসু মুখ্যতমাত্র সৈবৈকোক্তা। রাধিকেতি সর্ব্বদৈব শ্রীভগবদারাধনবিশেষাদন্বর্থসংজ্ঞা। অতএব ত্বদীয়প্রিয়েতি। যদ্বা রাধিকেতি রূঢ়িসংজ্ঞা। ততশ্চারাধনাদ্যনপেক্ষয়া সা নিত্যপ্রিয়ৈবেতি। তত্র চ ত্বদীয়া অপি সর্ব্বে জনাঃ প্রিয়াত্বৎপ্রীত্যা যস্যাঃ, কিমুত বক্তব্যং ত্বমিতি। এবং তস্যাস্তস্মিন্ প্রেমবিশেষঃ সূচিতঃ। তস্যৈ নমঃ। যদ্বা ত্বৎপ্রিয়ায়ৈ ইতি। ততশ্চ যস্য ত্বং প্রিয়োঽসি সোঽপি জগদ্বন্দ্যঃ স্যাৎ, এবা চ তবৈব প্রিয়া অতস্তস্যৈ নমোঽস্তু। ততশ্চ তয়া সহ রাসক্রীড়া-দিকং পরমস্তুতিত্বেনান্তে বর্ণয়িতুমিচ্ছন্ তচ্চ পরম-গোপ্যত্বেনানভিব্যঞ্জয়ন্ মধুরেণ সমাপয়ে-দিতিন্যায়েন কিঞ্চিদেব সঙ্কেতেনোদ্দিশন্ প্রণমতি। দেবায় লোকোত্তরায়েতি লীলানামপি লোকোত্তরতাভিপ্রেতা। যদ্বা শ্রীরাধিকয়া সহ নিরন্তরক্রীড়াপরায় অতএবানন্তলীলায় তুভ্যং নম ইতি। এবং গোকুলবিষয়িকা সর্ব্বাপি লীলোদ্দিষ্টা, তস্যৈ চ নম ইতি ভাব ইত্যেবা দিক্॥১০৪॥

ভনয়দ্বয়কে মুক্ত ও ভক্তিপাত্র করিয়াছেন, আমাকেও সেইরূপ প্রেমভক্তি অর্পণ করুন। ঐ প্রেমভক্তি লাভার্থই আমি আগ্রহবান্, মোক্ষে আমার আগ্রহ নাই। ১০৩। হে দেব! ত্বদীয় তেজোবিশিষ্ট উদরবন্ধন দামকে ও জগদাধারস্বরূপ উদরকে আমি বন্দনা করি; ত্বৎপ্রিয়তমা রাধাকেও প্রণাম। আপনার লীলা অসীম, আপনি দেব, আপনাকে বন্দনা করি। ১০৪।

অথ তত্র শ্রীকৃষ্ণাষ্টমীকৃত্যম্।

পাদ্মে তত্রৈব।—

গোবর্দ্ধনগিরৌ রম্যে রাধাকুণ্ডং প্রিয়ং হরেঃ। কার্ত্তিকে বহুলাষ্টম্যাং তত্র স্নাত্বা হরেঃ প্রিয়ঃ।
নরো ভক্তো ভবেদ্বিপ্রাস্তদ্ধি তস্য প্রতোষণম্॥ ১০৫॥

যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ন্তথা। সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা॥১০৬॥

কিঞ্চ তত্রৈব শ্রীরাধিকোপাখ্যানান্তে।—

বৃন্দাবনাধিপত্যঞ্চ দত্তং তস্যাঃ প্রতুষ্যতা। কৃষ্ণেনান্যত্র দেবী তু রাধা বৃন্দাবনে বনে॥
তৎকুণ্ডে কার্ত্তিকাষ্টম্যাং স্নাত্বা পূজ্যো জনার্দ্দনঃ।
সুবোধন্যাং যথা প্রীতস্তথা প্রীতস্ততো ভবেৎ॥১০৭॥

অথ কৃষ্ণত্রয়োদশীকৃত্যম্।

পাদ্মে চ তত্রৈব।—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু ত্রয়োদশ্যাং নিশামুখে। যমদীপং বহির্দ্দদ্যাদপমৃত্যুর্ব্বিনশ্যতি॥

অথ তত্র মন্ত্রঃ।

মৃত্যুনা পাশদণ্ডাভ্যাং কালঃ শ্যামলয়া সহ।
ত্রয়োদশ্যাং দীপদানাৎ সূর্য্যজঃ প্রীয়তামিতি॥১০৮॥

শ্রীরাধাপ্রাণনাথায় শ্রীমদ্দামোদরায় তে। সর্ব্বং চৈতন্যদেবায় গুরবেঽর্পিতমেব মে॥ তত্র কুণ্ডে নরঃ স্নাত্বা হরেঃ প্রিয়তমো ভবেৎ॥ হি যতঃ। তত্র তত্র স্নানং তস্য হরেঃ প্রতোষণং প্রকর্ষেণ তোষয়তীত্যর্থঃ॥ ১০৫॥ তত্র হেতুমাহ যথেতি। ন চ সাধারণপ্রিয়েত্যাহ সর্ব্বাসু গোপীষ্বপি মধ্যে॥ ১০৬॥ তস্যাঃ তস্যৈ শ্রীরাধায়ৈ॥ অন্যত্র বৃন্দাবনেতরস্থানে সা দেবী লক্ষ্ম্যাদিরূপা, বৃন্দাবনাখ্যে চ বনে রাধৈব স্বয়ং স্বনামাদিনৈব প্রসিদ্ধেত্যর্থঃ। সুবোধন্যাম্ উত্থানৈকাদশ্যাং। এতচ্চাগ্রে তৎপ্রসঙ্গে ব্যক্তং ভাবি॥ ১০৭॥

নিশামুখে প্রদোষে॥ ১০৮॥

অতঃপর কার্ত্তিকে কৃষ্ণাষ্টমীকৃত্য বিবৃত হইতেছে।—পদ্মপুরাণে নারদ-শৌনকাদি-সংবাদে লিখিত আছে, হে দ্বিজগণ! মনোহর গোবর্দ্ধন গিরিতে হরিপ্রীতিকর রাধাকুণ্ড বিরাজিত আছে। কার্ত্তিকী কৃষ্ণাষ্টমীতে ঐ কুণ্ডে স্নান করিলে হরিপ্রিয় ভক্তমধ্যে শ্রেষ্ঠ হইতে পারে; কারণ, ঐ কুণ্ডে স্নান করিলে শ্রীহরির প্রীতি জন্মে। ১০৫। হে তাপসগণ! রাধিকা যেরূপ হরির বল্লভা, সেই কুণ্ডও তদ্রূপ প্রিয়; কারণ, একমাত্র রাধিকাই নিখিল গোপিকাগণের মধ্যে হরির পরম প্রিয়তমা। ১০৬। উক্ত পুরাণে রাধিকার উপাখ্যানের শেষে লিখিত আছে, শ্রীহরি রাধিকার প্রতি প্রীত হইয়া তাঁহাকে বৃন্দাবনাধিপত্য সমর্পণ করিয়াছেন; এই হেতুই রাধিকা অন্যত্র লক্ষ্মীরূপে এবং বৃন্দাবনে স্বয়ং রাধিকারূপে বিরাজ করেন। কার্ত্তিকী উত্থানৈকাদশীতে পূজা করিলে ভগবানের যেমন প্রীতি হয়, কার্ত্তিকী কৃষ্ণাষ্টমীতে ঐ কুণ্ডে স্নানান্তে হরির অর্চ্চনা করিলেও সেইরূপ প্রীতি লাভ করেন। ১০৭।

অনন্তর কার্ত্তিকী কৃষ্ণা ত্রয়োদশীকৃত্য কথিত হইতেছে।—পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই

অথকৃষ্ণচতুর্দ্দশীকৃত্যম্।

তত্রৈব।—

চতুর্দ্দশ্যাং ধর্ম্মরাজপূজা কার্য্যা প্রযত্নতঃ। স্নানমাবশ্যকং কার্য্যং নরৈর্নরকভীরুভিঃ॥

অরুণোদয়তোঽন্যত্র রিক্তায়াং স্নাতি যো নরঃ। তস্যাব্দিকভবো ধর্ম্মো নশ্যত্যেব ন সংশয়ঃ॥

স্কান্দে চ তত্রৈব।—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু চতুর্দ্দশ্যাং বিধূদয়ে। অবশ্যমেব কর্ত্তব্যং স্নানং নরকভীরুভিঃ॥১০৯॥

কিঞ্চ পাদ্মে তত্রৈব।—

ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ। জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্মযোঃ॥১১০

যজ্ঞোপবীতিনা কার্য্যং প্রাচীনাবীতিনা তথা। দেবত্বঞ্চ পিতৃত্বঞ্চ যমস্যাস্তি দ্বিরূপতা॥ ১১১॥

নক্তং যমচতুর্দ্দশ্যাং যঃ কুর্য্যাচ্ছিবসন্নিধৌ। ন তৎ ক্রতুশতেনাপি প্রাপ্যতে পুণ্যমীদৃশম্॥১১২॥

কুমারী বটুকান্ পূজ্য তথা শৈবতপোধনান্। রাজসূয়ফলং তেন প্রাপ্যতে নাত্র সংশয়ঃ॥১১৩॥

কার্ত্তিকে ভৌমবারেণ চিত্রা কৃষ্ণা চতুর্দ্দশী। তস্যাং ভূতেশমভ্যর্চ্চ্য গচ্ছেচ্ছিবপুরং নরঃ॥১১৪।

কিঞ্চ।—অমাবস্যা-চতুর্দ্দশ্যোঃ প্রদোষে দীপদানতঃ।

যমমার্গান্ধকারেভ্যো মুচ্যতে কার্ত্তিকে নরঃ॥

চতুর্দ্দশ্যাং স্নানং চারুণোদয়ে সত্যেব কার্য্যং নিত্যত্বাদিত্যাহ অরুণেতি॥ ১০৯॥ চতুর্দ্দশী-কৃত্যমন্যদপি লিখতি ততশ্চেতি। ষড়্ভিঃ নামভিঃ যমায়ধর্ম্মরাজায়েত্যাদিনোক্তৈঃ॥১১০॥ দ্বিরূপতা দেবরূপতা পিতৃরূপতা চ॥১১॥ নক্তং নক্তঃ ভোজনব্রতম্॥ ১১২॥ পূজ্য পূজয়িত্বা॥১১৩॥

লিখিত আছে, কার্ত্তিকী কৃষ্ণা ত্রয়োদশীর সায়ংসময়ে গৃহের বাহিরে যমদীপ দিলে অপমৃত্যু-ভয় বিদূরিত হয়।

যমদীপদানমন্ত্র।—ত্রয়োদশীতে দীপদান নিবন্ধন, পাশ, দণ্ড ও শ্যামলা সহ সূর্য্যনন্দন কাল প্রীতি লাভ করুন্। ১০৮।

অনন্তর কার্ত্তিকী কৃষ্ণচতুর্দ্দশী-কৃত্য :—কার্ত্তিকী কৃষ্ণা চতুর্দ্দশীতে যত্ন সহকারে ধর্ম্মরাজের অর্চ্চনা ও স্নান করা নরকভীরু ব্যক্তিগণের কর্ত্তব্য। অরুণোদয় ব্যতীত রিক্তাতে স্নান করিলে একবর্ষকৃত পুণ্য নিঃসন্দেহ বিনাশ পায়। স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থানে লিখিত আছে যে, কার্ত্তিকী কৃষ্ণা চতুর্দ্দশীতে চন্দ্রোদয় হইলে স্নান করা নরকভয়ভীত ব্যক্তির পক্ষে অবশ্য বিধেয়। ১০৯। পদ্মপুরাণের উক্ত স্থানেই লিখিত আছে যে, তৎপরে "যমায় ধর্ম্মরাজায়" ইত্যাদি নামোচ্চারণ পূর্ব্বক ধর্ম্মরাজের উদ্দেশে তর্পণ করিবে; কিন্তু জীবৎ-পিতৃক ব্যক্তির পক্ষে যমতর্পণ ও ভীষ্মতর্পণ নিষিদ্ধ। ১১০। প্রাচীনাবীতী হইয়া যমতর্পণ করা কর্ত্তব্য; কেন না, যমরাজের দেবত্ব ও পিতৃত্ব দ্বিবিধ রূপই বিদ্যমান আছে। ১১১। যমচতুর্দ্দশীতে শিবসমীপে নক্ত-ভোজন করিলে যে পুণ্য হয়, শত শত যজ্ঞানুষ্ঠান দ্বারাও সে ফল লাভ করা যায় না। ১১২। উক্ত দিনে কুমারী, বালক ও শিবভক্ত তাপসের অর্চ্চনা করিলে নিঃসন্দেহ রাজসূয়-যজ্ঞফল লাভ হইয়া থাকে। ১১৩। কার্ত্তিকী কৃষ্ণা চতুর্দ্দশীতে মঙ্গলবারের যোগ হইলে উহা অতীব

অথামাবাস্যাকৃত্যম্।

পাদ্মে তত্রৈব।—

দিবা তত্র ন ভোক্তব্যং বিনা বালাতুরান্ জনান্। প্রদোষসময়ে লক্ষ্মীং পূজয়েচ্চ যথাক্রমম্ ॥১১৪॥

কিঞ্চ।—প্রদোষসময়ে বিপ্রাঃ কর্ত্তব্যা দীপমালিকাঃ।
দীপদানান্ততঃ পশ্চাল্লক্ষ্মীং সুপ্তাং প্রবোধয়েৎ ॥১১৫॥

অত্র মন্ত্রঃ।

ত্বং জ্যোতিঃ শ্রীরবিশ্চন্দ্রো বিদ্যুৎসৌবর্ণতারকাঃ।
সর্ব্বেষাং জ্যোতিষাং জ্যোতির্দীপজ্যোতিঃস্থিতে নমঃ ॥১১৬॥

মন্ত্রেণানেন কমলাং দীপহস্তাঃ স্ত্রিয়ো দ্বিজাঃ। দেবীং প্রবোধয়েয়ুশ্চ ততঃ কুর্য্যুশ্চ ভোজনম।
প্রদোষসময়ে লক্ষ্মীং ভোজয়িত্বা ভুনক্তি যঃ। পুমান্ সংবৎসরং যাবল্লক্ষ্মীস্তং নৈব মুঞ্চতি॥

অথামাবস্যানির্ণয়ঃ।

যথা নির্ণয়ামৃতে।—উপবাসাদিষমাবাস্যা প্রতিদ্যুতা গ্রাহ্যা।

তদুক্তম্।— অমাবাস্যা তৃতীয়া চ তা উপাস্যাঃ পরান্বিতাঃ॥ ইতি॥

অথ চতুর্দ্দশীবিদ্ধা-নিষেধঃ।

নিগমে।— ভূতবিদ্ধা ত্বমাবাস্যা নিষ্ফলং স্যাত্রয়স্ত্বিদম্॥ ইতি॥

ক্বচিৎ স্কান্দেঽপি। ভূতবিদ্ধা ত্বমাবাস্যা ন গ্রাহ্যা মুনিপুঙ্গবৈঃ॥ ইতি॥

তত্র অমাবাস্যায়াম্॥ ১১৪॥ হে বিপ্রাঃ॥ ১১৫॥

বিদ্যুচ্চ সৌবর্ণঞ্চ সুবর্ণজাতং, তারকাশ্চ॥ ১১৬॥

দোহো দোহনপাত্রাদিঃ বাহনঞ্চ শকটাদি, তৎসহিতা ইত্যর্থঃ। যথা, বিদ্যতে দেহো দোহনং

বিচিত্র আনিবে। ঐ দিনে ভূতপতি শিবের পূজা করিলে মানব শিবধামে গমন করিতে পারে। আরও লিখিত আছে, কার্ত্তিকী অমাবস্যায় ও চতুর্দ্দশীতে সন্ধ্যাকালে দীপ দান করিলে শমনমার্গের তিমিররাশি হইতে মুক্তিলাভ করা যায়।

অনন্তর অমাবস্যা-কৃত্য।—পদ্মপুরাণে উক্ত স্থানেই লিখিত আছে, বালক ও আতুর ভিন্ন অমাবাস্যাদিতে দিবাভাগে আহার করা অন্যের পক্ষে নিষিদ্ধ। ঐ দিনে প্রদোষকালে লক্ষ্মীর অর্চ্চনা করিবে। ১১৪। আরও লিখিত আছে, হে দ্বিজগণ! ঐদিন প্রদোষকালে দীপ-মালা দিতে হয়; দীপদানান্তে প্রসুপ্তা লক্ষ্মীর চেতন সম্পাদন করিবে। ১১৫।

উক্ত বিষয়ে মন্ত্র।—তুমি জ্যোতিঃ, তুমি ভাস্কর, তুমি চন্দ্র, তুমি বিদ্যুৎ, তুমি স্বর্ণ, তুমি তারা এবং যাবতীয় জ্যোতিঃপদার্থের জ্যোতিও তুমি। তুমি দীপ-জ্যোতিতে সংস্থিত, তোমাকে নমস্কার করি। ১১৬। হে বিপ্রগণ! এই মন্ত্র পাঠ পূর্ব্বক রমণীবর্গ হস্তে দীপ লইয়া লক্ষ্মী দেবীর চেতনা সম্পাদনান্তে আহার করিবে। সায়ংকালে লক্ষ্মীকে ভোজন করাইয়া আহার করিলে কমলা সংবৎসর তাহাকে পরিত্যাগ করেন না।

অনন্তর অমাবস্যা নির্ণয়।—নির্ণয়ামৃতে লিখিত আছে, উপবাসাদি-স্থলে প্রতিপৎ-সমন্বিতা

অথ শুক্লপ্রতিপৎ।

স্কান্দে।—প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতঞ্চৈব সমাচরেৎ।
ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ। ১১৭॥

শ্রীকৃষ্ণদাসবর্য্যোঽয়ং শ্রীগোবর্দ্ধন-ভূধরঃ। শুক্লপ্রতিপদি প্রাতঃ কার্ত্তিকেঽর্চ্চ্যোঽত্র বৈষ্ণবৈঃ॥
প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য রাত্রৌ জাগরণং চরেৎ। ইতি কচিৎ পাঠঃ।
তস্মাত্তদিদং কর্ম্ম গোবর্দ্ধনপ্রাধান্যেন গোপ্রাধান্যেন চ খ্যাতমপ্যেব জ্ঞেয়ম্॥

অথ তত্র দিননির্ণয়ঃ।

যদাহ দেবলঃ।—প্রতিপদ্দর্শসংযোগে ক্রীড়নন্তু গবাং মতম্।
পরবিদ্ধাস্তু যঃ কুর্য্যাৎ পুত্রদারধনক্ষয়ঃ॥

নির্ণয়ামৃতধৃতং পুরাণান্তরবচনম্। –
যা কুহুঃ প্রতিপন্মিশ্রা তত্র গাঃ পূজয়েন্নৃপ। পূজামাত্রেণ বর্দ্ধন্তে প্রজা গাবো মহীপতিঃ॥
ততঃ প্রাতর্গোবর্দ্ধনং পূজ্যেতি পূর্ব্বাহ্নতাৎপর্য্যকম্, দ্বিতীয়াসময়ে তু সর্ব্বথা নিষিদ্ধম্॥
তদযথা।—নন্দায়াং দর্শনে রক্ষা বলিদানং দশাসু চ। ভদ্রায়াং গোকুলক্রীড়া দেশনাশায় জায়তে॥
পুরাণসমুচ্চয়ে তু সম্ভাবিত-চন্দ্রোদয়-দ্বিতীয়াসংযোগ এব নিষিধ্যতে।
গবাং ক্রীড়া দিনে যত্র রাত্রৌ দৃশ্যেত চন্দ্রমাঃ। সোমো রাজা পশূন্ হন্তি সুরভীপূজকাংস্তথা॥

অথ চন্দ্রোদয়সম্ভাবনঞ্চ।

নির্ণয়ামৃতে নির্ণীতম্।—প্রতিপত্থাপরাহ্নিক ত্রিমুহূর্ত্তব্যাপিন্যাং দ্বিতীয়ায়াং চন্দ্রদর্শনং সম্ভাব্যতে।

বাহনং চ যাসাং তাঃ; তস্মিন্ দিনে গাবো ন দোহ্যা বৃষাশ্চ ন বাহ্যা ইত্যর্থঃ। পাঠান্তরেঽপি

অমাবস্যা গ্রহণ করিতে হয়। এই বিষয়ের প্রমাণ আছে যে. আমাবস্যা ও তৃতীয়া পরযুক্তা অর্থাৎ পরতিথির সহিত সমন্বিত হইলে তাহাতেই উপবাস করিতে হয়।

অতঃপর চতুর্দ্দশীবিদ্ধা অমাবস্যানিষেধ বিবৃত হইতেছে —নিগমে লিখিত আছে যে চতুর্দ্দশী-বিদ্ধা অমাবস্যা এই তিনটি বিফল। স্কন্দপুরাণেরও কোন স্থানে লিখিত আছে যে, চতুর্দ্দশী-বিদ্ধা অমাবস্যা গ্রহণ করা মুনিগণের সম্মত নহে।

অনন্তর শুক্ল-প্রতিপৎকৃত্য বিবৃত হইতেছে।—স্কন্দপুরাণে লিখিত আছে, প্রভাতে গোবর্দ্ধনের অর্চ্চনা পূর্ব্বক দ্যূতক্রীড়া করিতে হয় এবং গোগণকে অলঙ্কৃত করিয়া পূজা করিবে, আর দোহন-পাত্রাদি এবং শকটাদিরও পূজা করিতে হয়। (অথবা সেই দিনে গোগণকে দোহন ও বৃষগণকে শকটাদিতে নিয়োজিত করিবে না)। ১১৭। কৃষ্ণদাসগণের মধ্যে গোবর্দ্ধন গিরিই প্রধান। কার্ত্তিকী শুক্লা প্রতিপদের প্রভাতে গোবর্দ্ধনের অর্চ্চনা করা বৈষ্ণবের কর্ত্তব্য। কিংবা প্রভাতে গোবর্দ্ধনের অর্চ্চনা করিয়া নিশাভাগে জাগরণ করিবে, এই প্রকার পাঠও স্থানান্তরে দৃষ্ট হয়। অতএব গোবর্দ্ধন-প্রাধান্য ও গো-প্রাধান্য রূপেই এই কার্য্য প্রথিত।

অনন্তর গোবর্দ্ধনার্চ্চনা বিষয়ে দিন নিরূপণ হইতেছে।—দেবলের উক্তি আছে যে, প্রতিপৎ-সংযুক্ত আমাবস্যাতেই গোক্রীড়া প্রশস্ত। দ্বিতীয়া-সমন্বিত প্রতিপদে গোক্রীড়া করিলে পুত্র,

তদুক্তমগ্ন্যাধানবিষয়ে বৃদ্ধশাতাতপেন।—

দ্বিতীয়া ত্রিমুহূর্ত্তা চেৎ প্রতিপদ্যাপরাহ্লিকী। অগ্ন্যাধানং চতুর্দ্দশ্যাং পরতঃ সোমদর্শনাৎ। ইতি।

অথ অপরাহ্নুনির্ণয়ঃ।

অপরাহ্নশ্চ পঞ্চধা বিভক্তস্যাহ্নশ্চতুর্থো ভাগঃ॥

ততশ্চ যত্র প্রতিপদি যণ্মুহূর্ত্তব্যাপিনী দ্বিতীয়া, তত্র চন্দ্রদর্শনসম্ভাবনম্॥ ইতি।

অন্যদা তু পূর্ব্বৈব প্রতিপত্তত্র গৃহীতা॥

তথৈব পুরাণসমুচ্চয়ে।—

বর্দ্ধমানতিথৌ নন্দা যদা সার্দ্ধত্রিযামিকা। দ্বিতীয়াবৃদ্ধিগামিত্বাদুত্তরা তত্র চোচ্যতে॥

কিঞ্চ।—যদা পূর্ণ-প্রতিপৎ পরত্র নিষ্ক্রামতি, তদাপুত্তরৈব কার্য্যা॥

যথোক্তং ভবিষ্যোত্তরে।—

যথা দ্বাদশভির্ম্মাসৈর্ম্মাসো বৃদ্ধো মলিম্লুচঃ। তথৈবাহোরাত্রবৃদ্ধ্যা তিথিঃ প্রোক্তা মলিম্লুচা॥
যথা মলিম্লুচঃ পূর্ব্বো মাসো দৈবস্তথাপরঃ। ত্যাজ্যা তিথিস্তথা পূর্ব্বা গ্রাহ্যা চৈব তথোত্তরা॥ইতি
নির্ণয়ামৃতমতম্।

কিন্তু বঙ্গুলীপ্রায়েন পূর্ব্বৈব মন্তুং শক্যতে। তদ্বদত্রাপি দেবলাদি-বচনপ্রামাণ্যমস্তীতি॥১১৮॥

তথৈবার্থঃ॥ ১১৭॥ শ্রীগোবর্দ্ধনপূজা চ শুক্লপ্রতিপৎপ্রভাতে বৈষ্ণবৈরবশ্যং কার্য্যেতি লিখতি শ্রীকৃষ্ণেতি। হস্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্য ইত্যাদ্যুক্তেঃ॥ ১১৮॥

ভার্য্যা ও ধনের হ্রাস হয়। নির্ণয়ামৃত-ধৃত পুরাণান্তরে প্রমাণ আছে যে, হে রাজন্! প্রতিপৎ-সমন্বিতা অমাবস্যাতে গোপূজা কর্ত্তব্য; ঐরূপ পূজা করিলে প্রজা, গো ও রাজার বৃদ্ধিপ্রাপ্তি হয়। প্রাতঃশব্দের তাৎপর্য্যে পূর্ব্বাহ্নই বোদ্ধব্য অর্থাৎ অমাবস্যাতেই কর্ত্তব্য, দ্বিতীয়া বিদ্ধা প্রতিপদে পূজা করিতে নাই। দ্বিতীয়াতে গোক্রীড়া নিষিদ্ধ। এই বিষয়ে শাস্ত্রেও লিখিত আছে যে, নন্দাতে (প্রতিপদে) রক্ষাবন্ধন, দশমীতে বলিদান, এবং ভদ্রায় (দ্বিতীয়াতে) গোক্রীড়া করিলে দেশ ধ্বংস হয়। পুরাণসমুচ্চয়েও লিখিত আছে যে, যে দ্বিতীয়ায় শশাঙ্কো-দয়ের সম্ভাবনা, তাহাতে প্রতিপদের যোগ হইলে সেই দিনে গোক্রীড়া নিষিদ্ধ। গোক্রীড়নদিনে নিশাভাগে চন্দ্র দৃষ্ট হইলে সোমরাজ শশাঙ্কদেব পশুগণকে এবং গোপূজকগণকে বিনাশ করেন।

চন্দ্রোদয়সম্ভাবনা।—নির্ণয়ামৃত গ্রন্থে এইরূপ নির্ণীত আছে যে, যে প্রতিপদ্দিনে অপরাহ্ন হইতে আরম্ভ করিয়া ত্রিমুহূর্ত্তকালব্যাপিনী দ্বিতীয়া হয়, সেই দ্বিতীয়াতেই শশাঙ্কোদয়ের সম্ভব। অগ্ন্যাধানবিষয়ে বৃদ্ধ শাতাতপের উক্তি আছে যে, যদি প্রতিপদের অপরাহ্নে ত্রিমুহূর্ত্ত (৬ দণ্ড) দ্বিতীয়া হয়, তাহা হইলে চন্দ্রোদয়ের সম্ভাবনা। এই হেতু অমাবাস্যা ও পৌর্ণমাস্যুক্ত অগ্ন্যাধান চতুর্দ্দশীতে করণীয়।

অপরাহ্ন-নির্ণয়।—দিনকে পঞ্চধা বিভক্ত করিলে চতুর্ভাগের ভাগকে অপরাহ্ন বলা যায় অর্থাৎ ত্রিশদণ্ডাত্মক দিবসকে পঞ্চধা ভাগ করিলে এক এক ভাগে ছয় দণ্ড হয়, ইহার চতুর্থ ভাগই (১৮ দণ্ডের পর যে ছয় দণ্ড, তাহাই) অপরাহ্ন বলিয়া কথিত। সুতরাং প্রতিপদে

পাদ্মে তত্রৈব।—　　অথ গোবর্দ্ধনপূজাবিধিঃ।

মথুরায়াস্তথান্যত্র কৃত্বা গোবর্দ্ধনং গিরিম্　গোময়েন মহাস্থূলং তত্র পূজ্যো গিরির্যথা ॥১১৯॥
মথুরায়াং তথা সাক্ষাৎ কৃত্বা চৈব প্রদক্ষিণম্। বৈষ্ণবং ধাম সংপ্রাপ্য মোদতে হরিসন্নিধৌ ।.২০ ॥

অথ পূজামন্ত্রঃ।

গোবর্দ্ধন ধরাধার গোকুল-ত্রাণকারক। বিষ্ণুবাহুকৃতোচ্ছ্রায় গবাং কোটি-প্রদো ভব ॥ ইতি॥

অথ গোপূজামন্ত্রঃ।

স্কান্দে তত্রৈব।—

লক্ষ্মীর্যা লোকপালানাং ধেনুরূপেণ সংস্থিতা। ঘৃতং বহতি যজ্ঞার্থে যমপাশং ব্যপোহতু ॥
অগ্রতঃ সন্তু মে গাবো গাবো মে সন্তু পৃষ্ঠতঃ। গাবো মে পার্শ্বতঃ সন্তু গবাং মধ্যে বসাম্যহম্ ॥ইতি॥

মথুরায়াঃ অন্যত্র মথুরামণ্ডলব্যতিরিক্তদেশে। যথা যথাবৎ ॥ ১১৯ ॥ সাক্ষাৎ পূজয়িত্বেতি শেষঃ ॥ ১২০ ॥

অষ্টাদশদণ্ডের পর দ্বাদশদণ্ড ব্যাপিনী দ্বিতীয়া হইলেই তাহাতে শশাঙ্কোদয় সম্ভব। অন্যত্র পূর্ব্ব প্রতিপত্তিথিই গৃহীত হয়। এ বিষয়ে পুরাণসমুচ্চয়েও এইরূপ লিখিত আছে যে, তিথির বৃদ্ধিগামিত্ব অবস্থায় প্রতিপৎ সার্দ্ধ ত্রিপ্রহর থাকিলে এবং দ্বিতীয়া বৃদ্ধিগামিনী হইলে প্রতিপৎই গ্রহণীয়। আরও লিখিত আছে, পূর্ণ প্রতিপৎ বৃদ্ধি পাইয়া পরদিন থাকিলে পর প্রতিপদ্‌ই গ্রহণীয়। এই বিষয়ে ভবিষ্যোত্তরে লিখিত আছে যে, দ্বাদশমাস দ্বারা একমাস বৃদ্ধিপ্রাপ্ত হইয়া যেরূপ একটি মলমাস হয়, সেইরূপ দিবা-রাত্রির বৃদ্ধি হেতু তিথিও মলবিশিষ্ট হইয়া থাকে। নির্ণয়ামৃত গ্রন্থে এইরূপ নিরূপিত আছে যে, যেরূপ পূর্ব্ব মলমাস ত্যাগ করা উচিত এবং তৎপর মাস পবিত্র, সেইরূপ পূর্ব্ব পূর্ণা তিথি বিসর্জ্জন পূর্ব্বক পরতিথিই গ্রহণ করিতে হয়। কিন্তু বলিব্রতে যেরূপ পূর্ব্ব তিথিই গ্রাহ্য, সেইরূপ এখানেও দেবলাদির বচন দ্বারা প্রমাণীকৃত হইয়াছে। ১১৮।

অতঃপর গোবর্দ্ধনপূজাবিধি।—পদ্মপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে লিখিত আছে যে, মথুরা-মণ্ডল ব্যতীত অন্য স্থানে পূজা করিতে হইলে গোময় দ্বারা বৃহৎ গিরি প্রস্তুত করিয়া প্রত্যক্ষ গোবর্দ্ধন পূজাবৎ তাহাতেই গিরিবরের অর্চ্চনা করিবে। ১১৯। মথুরাতে সাক্ষাৎ গোবর্দ্ধনের অর্চ্চনা পূর্ব্বক প্রদক্ষিণ করিলে হরিধামে গমন পূর্ব্বক হরিসকাশে আনন্দ ভোগ করিতে পারে। ১২০।

গোবর্দ্ধন-পূজামন্ত্র।—হে গোবর্দ্ধন! হে ধরাধার! হে গোকুলোদ্ধারক! তুমি হরির বাহু দ্বারা উত্থাপিত হইয়াছিলে; আমাকে কোটি গো অর্পণ কর।

গোপূজামন্ত্র।—স্কন্দপুরাণে উক্ত প্রকরণেই লিখিত আছে,যিনি লোকপালবর্গের লক্ষ্মীস্বরূপিণী, যিনি ধেনুরূপে সংস্থিতা, যিনি যজ্ঞার্থ ঘৃত বহন করেন, তিনি শমনপাশ ছেদন করিয়া দিউন্। মদীয় পুরোভাগে গোগণ অবস্থান করুন্, মদীয় পশ্চাতে গোগণ অধিষ্ঠিত থাকুন, মদীয় পার্শ্বভাগে গোগণ অবস্থান করুন, আমি গোসমূহমধ্যে অধিষ্ঠিত থাকি।

তত্রৈব।— অথ গোক্রীড়া।

ক্রোধাপয়েদ্ধাবয়েচ্চ গোমহিষ্যাদিকং ততঃ। বৃষান্ কর্ষাপয়েদ্গোপৈরুক্তিপ্রত্যুক্তিবাদনাৎ ॥১২১॥

পাদ্মে চ তত্রৈব। — মহিষ্যাদেস্তথা ভূষা ক্রীড়নং রাবণন্তথা ॥ ১২২ ॥

অথ তন্মাহাত্ম্যম্।

তত্রৈব।—এবং গোবর্দ্ধনো গাশ্চ পূজনীয়া বিধানতঃ।

গোবর্দ্ধনমখো রম্যঃ কৃষ্ণসন্তোষকারকঃ ॥ ১২৩ ॥

অথ শ্রীবলিদৈত্যরাজ-পূজা।

লিখিত্বা শ্রীবলিং পট্টে বিন্ধ্যাবল্যান্বিতং মুদা। প্রদোষে তৎপ্রতিপদো ভগবদ্ভক্তমর্চ্চয়েৎ ॥১২৪॥

তথা চ স্কান্দে।—

বলিমালিখ্য দৈত্যেন্দ্রং বর্ণকৈঃ পঞ্চরঙ্গকৈঃ। সর্ব্বাভরণসম্পূর্ণং বিন্ধ্যাবল্যা সহাসিতম্ ॥ ১২৫ ॥

কুষ্মাণ্ড-ময়-জম্ভোরু-মুরদানবসংবৃতম্। সম্পূর্ণহৃষ্টবদনং কিরীটোৎকটকুণ্ডলম্।

দ্বিভুজং দৈত্যরাজানং কারয়িত্বার্চ্চয়েন্নৃপ ॥ ১২৬ ॥

ক্রোধাপয়েদিত্যার্ষঃ ক্রোধং কারয়েদিত্যর্থঃ। গোপৈঃ কৃত্বা কর্ষাপয়েৎ আকর্ষয়েৎ ॥ ১২১ ॥

ক্রীড়ম্ আকর্ষাদি, ক্রীড়াং কারয়েদিত্যর্থঃ। রাবণং রবং কারয়েদিত্যর্থঃ ॥ ১২২ ॥

গা গাবঃ ॥ ১২৩ ॥

তস্যা গোবর্দ্ধনাদ্রিপূজা সম্বন্ধিন্যাঃ শুক্লায়াঃ প্রতিপত্তিথেঃ প্রদোষে। যতো ভগবতো ভক্তং ॥১২৪॥ আসিতং আসীনম্ ॥১২৫॥ নৃপ ইত্যনেন এতচ্চ রাজকৃত্যমিতি বোধিতং। স্বয়মিতি পাঠে চ সর্ব্বো জনঃ স্বয়মেব ন ত্বন্যহস্তেনার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ১২৬ ॥

অতঃপর গোক্রীড়া।—স্কন্দপুরাণেই লিখিত আছে যে, তৎপরে গো, মহিষী প্রভৃতিকে প্রকুপিত করাইতে হয়, ধাবিত করাইতে হয় এবং উক্তি-প্রত্যুক্তি-প্রয়োগ পূর্ব্বক গোপগণের দ্বারা বৃষদিগকে আকর্ষণ করাইবে। ১২১। পদ্মপুরাণের উক্ত প্রকরণেই লিখিত আছে, মহিষী প্রভৃতিদিগের আকার্ষণাদি ক্রীড়া করাইবে, তাহাদিগকে অলঙ্কৃত করিবে এবং শব্দও করাইতে হয়। ১২২।

উক্ত বিষয়ের মাহাত্ম্য—উক্ত পুরাণেই লিখিত আছে বিধানে এইরূপে গোবর্দ্ধনের ও গোগণের অর্চ্চনা করিবে; ইহাকেই গোবর্দ্ধনযজ্ঞ কহে। এই রমণীয় যজ্ঞ শ্রীহরির প্রীতিপ্রদ। ১২৩।

অনন্তর বলিদৈত্যরাজ-পূজা।—যে প্রতিপদে গোবর্দ্ধনের অর্চ্চনা করিতে হয়, সেই তিথিতে সন্ধ্যা-সময়ে বিন্ধ্যাবলী ও হরিভক্ত বলিরাজ, এই উভয়ের প্রতিমূর্ত্তি পট্টে অঙ্কন পূর্ব্বক সানন্দে অর্চ্চনা করিবে। ১২৪। এই বিষয়ে স্কন্দপুরাণে লিখিত আছে যে, হে নৃপ! বিন্ধ্যাবলী সমভিব্যাহারে একাসনে সমাসীন, নানালঙ্কারে সমলঙ্কৃত, দৈত্যরাজ বলিকে পঞ্চবর্ণদ্বারা পট্টে অঙ্কিত করিয়া পূজা করিবে; তদীয় মূর্ত্তি এইরূপ অঙ্কিত করিবে যে, তিনি কুষ্মাণ্ড, ময়, জম্ভ, উরু ও মুর এই সকল দানবে পরিবেষ্টিত; প্রফুল্লাস্য, কিরীট-কুণ্ডলধারী ও দ্বিভুজ। ১২৫—১২৬।

অথ তৎপূজাপ্রকরণম্।

পাদ্মে তত্রৈব।—যথার্পিতং দেহমনেন বিষ্ণবে, ভীতেন মিথ্যাবচসো মহাত্মনা।
দৈত্যেন তেনাথ কঠোরচেষ্টয়া, বদ্ধো বলির্বামনমূর্ত্তিনা বত॥
বদ্ধা নীতোঽথ পাতালং বিমনাঃ খিন্নমানসঃ। নাভ্যসূয়দ্ধরিং দৈত্যস্ত্যক্ত্বাহংমমতে সুধীঃ।
তদোবাচ হরিঃ প্রীতস্তস্মৈ দৈত্যায় ভাগকৃৎ।
অশ্রোত্রিয়ে দত্তমমন্ত্রকং হুতম্, জপ্তং তথা ব্যগ্রধিয়া জনেন যৎ।
তথোর্জ্জশুক্লপ্রতিপদ্দিনে ন তু, ত্বামর্চ্চয়েত্তৎসুকৃতং তবাস্তু॥ ১২৭॥
ইতি তস্মৈ বরো দত্তো হরিণা দিতিজায় চ। ততোঽবশ্যং প্রপূজ্যোঽসৌ বলিরাজদিনে মুদা।
কৃষ্ণসান্নিধ্যতশ্চাপি পূজনীয়ঃ প্রযত্নতঃ॥ ১২৮॥

অথ বলিপূজাবিধিঃ।

স্কান্দে তত্রৈব।—
গৃহস্য মধ্যে শালায়াং বিশালায়াং ততোঽর্চ্চয়েৎ। ভ্রাতৃমাতৃজনৈঃ সার্দ্ধং সন্তুষ্টো বন্ধুভিস্তথা॥১২৯॥
কমলৈঃ কুমুদৈঃ পুষ্পৈঃ কহ্লারৈ রক্তকোৎপলৈঃ। গন্ধপুষ্পাদিনৈবেদ্যৈরক্ষতৈর্গুড়পূপকৈঃ॥

অথ তত্র পূজামন্ত্রঃ।

বলিরাজ নমস্তুভ্যং বিরোচনসুত প্রভো। ভবিষ্যেন্দ্র সুরারাতে পূজেয়ং প্রতিগৃহ্যতাম্॥
দীপোৎসবৈর্জনিতসর্ব্বজন-প্রমোদৈঃ, কুর্ব্বন্তি যে সুমতয়ো বলিরাজপূজাম্।
দানোপভোগসুখবৃদ্ধিশতাকুলানাম্, নূনং প্রয়াতি সকলং প্রমুদৈব বর্ষম্॥ ১৩০॥

যত্ত্বাং নার্চ্চয়েত্তস্য যাবৎ সুকৃতং তৎ সর্ব্বং তবাস্তু॥ ১২৭॥ এবং শ্রীভগবদাজ্ঞয়াবশ্যং পূজ্য এব। কৃষ্ণসমীপবর্ত্তিত্বাচ্চাবশ্যং ভক্ত্যা পূজ্য ইত্যাহ কৃষ্ণেতি॥১২৮॥

শালায়াং আয়তনবিশেষে। যদ্বা শালায়াং গৃহে। তত্র মধ্য এবেত্যর্থঃ। সন্তুষ্টঃ হর্ষযুক্তঃ সন্॥ ১২৯॥ কহ্লারৈঃ সৌগন্ধিকৈঃ॥ ১৩০॥

বলিপূজাবিধি—পদ্মপুরাণের পূর্ব্বোক্ত স্থলেই লিখিত আছে যে, এই মহানুভব বলি স্বীয় বাক্য মিথ্যা হইবে ভয়ে হরিকে আত্মদেহ প্রদান করিয়াছিলেন, কিন্তু হায়! ভগবান্ বামনদেব কঠিন ব্যবহার প্রদর্শন পূর্ব্বক তাঁহাকে বন্ধন করিলেন। মহাজ্ঞানী বলি বামনদেব কর্ত্তৃক বদ্ধ ও পাতালপুরে নীত হইলে বিমনা ও খিন্নচিত্ত হইয়াও "অহং মম" ইত্যাদি জ্ঞান বিসর্জ্জন পূর্ব্বক হরির প্রতি অসূয়া প্রদর্শন করিলেন না, তখন ভাগ্যকৃৎ হরি সন্তুষ্ট হইয়া কহিলেন, হে দৈত্যপতে! যে ব্যক্তি অশ্রোত্রিয় দ্বিজাতিকে দান, মন্ত্রহীন হোম, ও উদ্বিগ্ন হইয়া জপ করে, যে ব্যক্তি কার্ত্তিকী শুক্লা প্রতিপদে ত্বদীয় অর্চ্চনা না করে, সেই সকল ব্যক্তির যে পূর্ব্বসঞ্চিত পুণ্য, তৎসমস্তই তুমি প্রাপ্ত হইবে। ১২৭। ভগবান্ যখন এইরূপে দৈত্যপতিকে বর দিয়াছেন, তখন এই দিনে সানন্দে বলিকে পূজা করা অবশ্য কর্ত্তব্য। সযত্নে শ্রীহরি-সমীপে ইহাঁর অর্চ্চনা করিবে। ১২৮।

অনন্তর বলিপূজাবিধি।—স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে যে, গৃহাভ্যন্তরে

অথ যমদ্বিতীয়াকৃত্যম্।

স্কান্দে পাদ্মে চ।—

উর্জ্জে শুক্লদ্বিতীয়ায়াং মধ্যাহ্নে যমমর্চ্চয়েৎ। স্নানং কৃত্বা ভানুজায়াং যমলোকং ন পশ্যতি ॥১৩১॥

কিঞ্চ।—

তস্যাং নিজগৃহে বিপ্র ন ভোক্তব্যং ততো বুধৈঃ। স্নেহেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধন ॥১৩২

দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিধানতঃ। সর্ব্বা ভগিন্যঃ সম্পূজ্যা অভাবে প্রতিপন্নজাঃ ॥ ১৩৩

কিঞ্চ।—যস্যাং তিথৌ যমুনয়া যমরাজদেবঃ, সম্ভোজিতস্ততিশয়স্বসৃসৌহৃদেন।

তস্যাং স্বসুঃ করতলাদিহ যো ভুনক্তি, প্রাপ্নোতি বিত্তসুভগং ধনমুত্তমং সঃ ॥ ১৩৪ ॥

অথ শুক্লাষ্টমীকৃত্যম্।

পাদ্মে তত্রৈব, কূর্ম্মপুরাণে চ।—

শুক্লাষ্টমী কার্ত্তিকে তু স্মৃতা গোপাষ্টমী বুধৈঃ। তদ্দিনে বাসুদেবোঽভূদ্গোপঃ পূর্ব্বন্তু বৎসপঃ॥১৩৫

তত্র কুর্য্যাদগবাং পূজাং গোগ্রাসং গোপ্রদক্ষিণম্। গবানুগমনং কার্য্যং সর্ব্বান্ কামানভীপ্সতা ॥১৩৬

ভানুজায়াং শ্রীযমুনায়াং ॥ ১৩১ ॥ তচ্চ পুষ্টিং বর্দ্ধয়তীত্যর্থঃ ॥ ১৩২ ॥ প্রতিপন্নজা বৈমাত্রেয়াঃ ॥ ১৩৩ ॥ বিত্তসুভগং শোভনৈশ্বর্য্যম্ উত্তমং ধনং ধর্ম্মলক্ষণম্। ধর্ম্ম ইষ্টং ধনং পুংসামিত্যেকাদশস্কন্ধোক্তেঃ ॥ ১৩৪ ॥

যতঃ পূর্ব্বং বৎসপঃ সন্ তদ্দিনমারভ্য গোপোঽভূৎ ॥ ১৩৫ ॥ গবামনুগমনম্ ॥ ১৩ ॥

বিস্তৃত স্থলে ভ্রাতা, মাতা ও বন্ধু-বান্ধবদিগের সহিত মিলিত হইয়া প্রফুল্লচিত্তে কমল, কুমুদ, সৌগন্ধিক, রক্তোৎপল, গন্ধ,পুষ্প, নৈবেদ্য, অক্ষত ও গুড়পিষ্টক দ্বারা বলির অর্চ্চনা করিতে হয়। উক্ত পূজার মন্ত্র। হে বলিনৃপতে! হে বিরোচনসুত! হে প্রভো! হে সুরশত্রো! আপনি ভবিষ্যতে ইন্দ্রপদ প্রাপ্ত হইবেন, আপনাকে নমস্কার, মৎকৃত এই পূজা গ্রহণ করুন। যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি দীপোৎসবার্থ মুদিতচিত্ত ব্যক্তিগণের সহিত মিলিত হইয়া বলির অর্চ্চনা করেন, শত পুরুষ পর্য্যন্ত তিনি দান, উপভোগ ও সুখ-বৃদ্ধি-সম্পন্ন হন এবং সুখে বর্ষ অতিবাহন করেন। ১২৯-১৩০।

অনন্তর যমদ্বিতীয়া-কৃত্য।—কার্ত্তিকী শুক্লা দ্বিতীয়াতে মধ্যাহ্নসময়ে যমের অর্চ্চনা করিবে। ঐ দিন যমুনায় স্নান করিলে আর তাহাকে যমপুরী দর্শন করিতে হয় না। ১৩১। আরও লিখিত আছে, হে দ্বিজ! এই দিনে স্বীয় গৃহে আহার করা বুদ্ধিমানের কর্ত্তব্য নহে; সস্নেহে ভগিনীর হস্তে আহার করিতে হয়। ভগিনীহস্তদত্ত অন্ন পুষ্টিপ্রদ। ১৩২। ঐ দিনে বিধানে ভগিনীদিগকে দান করিবে; যতগুলি ভগিনী থাকে, সকলেরই অর্চ্চনা করিবে। সহোদরার অভাবে বৈমাত্রেয়ী ভগিনী পূজনীয়া। আরও লিখিত আছে, যে তিথিতে ভগিনী কালিন্দী সৌহার্দ্দ সহকারে শমন-রাজকে ভোজন করাইয়াছিলেন, সেই তিথিতে ভগিনীর হস্তে আহার করিলে বিপুল ঐশ্বর্য্য ও ধর্ম্ম-ধন লাভ হয়। ১৩৪।

অনন্তর শুক্লাষ্টমী-কৃত্য।—পদ্মপুরাণে ও কূর্ম্মপুরাণে লিখিত আছে, কার্ত্তিকী শুক্লাষ্টমীই

অথ প্রবোধনীকৃত্যম্।

শয়ন্যামিব কৃত্বাস্যাং ক্ষীরাম্ভোধিমহোৎসবম্। প্রবোধ্য কৃষ্ণং সম্পূজ্য বিধিনারোহয়েদ্রথম্॥ ১৩৭॥

স্কান্দে তত্রৈব।— অথ প্রবোধনীকৃত্য-নিত্যতা।

জন্মপ্রভৃতি যৎ পুণ্যং নরেণোপার্জ্জিতং ভুবি। বৃথা ভবতি তৎ সর্ব্বং নকৃত্বা বোধবাসরম্॥ ১৩৮॥

অথ প্রবোধনীমাহাত্ম্যম্।

তত্রৈব।—প্রবোধন্যাশ্চ মাহাত্ম্যং পাপঘ্নং পুণ্যবর্দ্ধনম্। মুক্তিদং কৃতবুদ্ধীনাং শৃণু ত্বং মুনিসত্তম॥
তাবদ্গর্জ্জতি বিপ্রেন্দ্র গঙ্গা ভাগীরথী ক্ষিতৌ। যাবন্নায়াতি পাপঘ্নী কার্ত্তিকে হরিবোধনী॥
তাবদ্গর্জ্জন্তি তীর্থানি আসমুদ্রসরাংসি চ। যাবৎ প্রবোধনী বিষ্ণোস্তিথির্নায়াতি কার্ত্তিকে॥
বাজপেয়সহস্রাণি অশ্বমেধশতানি চ। একেনৈবোপবাসেন প্রবোধন্যা লভেন্নরঃ॥
দুর্লভং চৈব দুষ্প্রাপং ত্রৈলোক্যে সচরাচরে। তদপি প্রার্থিতং বিপ্র দদাতি হরিবোধনী॥ ১৩৯॥
ঐশ্বর্য্যং সন্ততিং পুত্রাং রাজ্যঞ্চ সুখসম্পদঃ। দদাত্যুপোষিতো বিপ্র হেলয়া হরিবোধনী॥ ১৪০॥
মেরুমন্দরতুল্যানি পাপান্যত্যুর্জ্জিতান্যপি। একেনৈবোপবাসেন দহতে হরিবোধনী॥
পৃথিব্যাং যানি দানানি দত্ত্বা যৎ ফলমাপ্যতে। একেনৈবোপবাসেন দদাতি হরিবোধনী॥ ১৪১॥

অস্যাং প্রবোধন্যাম্॥ ১৩৭॥ বোধবাসরং প্রবোধন্যুক্তকৃত্যমিত্যর্থঃ। এবং রথযাত্রাদের্নিত্যত্ব মায়াতম্॥ ১৩৮॥

দুর্লভং দুঃখেন প্রাপ্যং দুষ্প্রাপঞ্চ অপ্রাপ্যং যৎ তদপি প্রার্থিতং সৎ॥ ১৩৯॥ সন্ততিং

গোপাষ্টমী বলিয়া কথিত। বাসুদেব তৎপূর্ব্বে বৎসপ ছিলেন, ঐ দিন হইতে গোপ বলিয়া খ্যাত হন। ১৩৫। সর্ব্বকামাকাঙ্ক্ষী ব্যক্তি ঐ তিথিতে গোগণের অর্চ্চনা, গোগ্রাস দান, গোপ্রদক্ষিণ ও গবানুগমন ইত্যাদি কার্য্য সম্পাদন করিবে। ১৩৬।

অনন্তর প্রবোধনী-কৃত্য।—শয়নীবৎ প্রবোধনীতেও ক্ষীরাম্ভোধি-মহোৎসব সম্পাদান পূর্ব্বক শ্রীহরিকে প্রবোধিত করিবে এবং বিধানে অর্চ্চনা করিয়া রথে আরোহণ করাইবে। ১৩৭।

অনন্তর প্রবোধনী-কৃত্যের নিত্যতা কথিত হইতেছে।—স্কন্দপুরাণের পূর্ব্বোক্ত স্থানেই লিখিত আছে, প্রবোধনীকৃত্য না করিলে আজন্মসঞ্চিত সমস্ত পুণ্য বিনষ্ট হয়। ১৩৮।

প্রবোধনী-মাহাত্ম্য।—উক্ত পুরাণেই লিখিত আছে, হে তাপসশ্রেষ্ঠ। প্রবোধিনী-মাহাত্ম্য কৃতবুদ্ধিগণের পাপ দূর করে, পুণ্য বৃদ্ধি করিয়া দেয় এবং মুক্তিদান করে। আমি ত্বৎসকাশে সেই মাহাত্ম্য বর্ণন করি, অবধান কর। হে দ্বিজশ্রেষ্ঠ! যাবৎ পাপনাশিনী কার্ত্তিকী হরি-বোধনী উপস্থিত না হয়, তাবৎকালই ভাগীরথী ধরাধামে স্পর্দ্ধা করেন। যাবৎ কার্ত্তিকী হরিপ্রবোধনী উপস্থিত না হয়, তাবৎকালই আসমুদ্র-সরোবর নিখিল তীর্থ স্পর্দ্ধা করিতে থাকে। একটিমাত্র প্রবোধনীতে উপবাস করিলে সহস্র বাজপেয় ও শত অশ্বমেধের পুণ্য লাভ হয়। হে দ্বিজ! হরিবোধনী সচরাচর ত্রিভুবন-দুর্লভ, দুষ্প্রাপ্য ও প্রার্থিত বিষয় প্রদান করিয়া থাকেন। ১৩৯। হে বিপ্র! প্রবোধনীতে উপবাস করিলে অবহেলে ঐশ্বর্য্য, সন্তান, সম্মান, রাজ্য, সুখ, সম্পদ্ সমস্তই প্রাপ্ত হওয়া যায়। ১৪০।

কিঞ্চ।—

জাতঃ স এব সুকৃতী কুলং তেনৈব পাবিতম্। কার্ত্তিকে মুনিশার্দ্দূল কৃতা যেন প্রবোধনী ॥১৪২
যানি কানি চ তীর্থানি ত্রৈলোক্যে সম্ভবন্তি চ। তানি তস্য গৃহে সম্যগ্ যঃ করোতি প্রবোধনীম্॥১৪৩॥
সর্ব্বকৃত্যং পরিত্যজ্য তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ। উপোষ্যৈকাদশী সম্যক্ কার্ত্তিকে হরিবোধনী।
কিন্তস্য বহুভিঃ কৃত্যৈঃ পরলোকপ্রদৈর্ম্মুনে। সকৃচ্চোপোষিতা যেন কার্ত্তিকে হরিবোধনী ॥১৪৪
স জ্ঞানী স হি যোগী চ স তপস্বী জিতেন্দ্রিয়ঃ। স্বর্গমোক্ষৌ চ তস্যাস্তামুপাস্তে হরিবোধনীম্॥১৪৫
বিষ্ণোঃ প্রিয়তরা হ্যেষা ধর্ম্মসারস্য দায়িনী। ইমাং সকৃদুপোষ্যৈব মুক্তিভাগী ভবেন্নরঃ।
প্রবোধনীমুপোষ্যৈব ন গর্ভে বিশতে নরঃ। সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য তস্মাৎ কুর্ব্বীত নারদ॥ ৪৬॥
স্নানং দানং তপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনম্। নরৈর্যৎ ক্রিয়তে বিপ্র প্রবোধন্যাং তদক্ষয়ম্॥ .৪৭
মহাব্রতমিদং পুত্র মহাপাপৌঘনাশনম্। প্রবোধবাসরং বিষ্ণোর্ব্বিধিবৎ সমুপোষয়েৎ॥
ব্রতেনানেন দেবেশং পরিতোষ্য জনার্দ্দনম্। বিরাজয়ন্ দিশো দীপ্ত্যা প্রয়াতি ভুবনং হরেঃ॥১৪৮
পাদ্মে চ তত্রৈব।—দুগ্ধাব্ধিভোগিশয়নে ভগবাননন্তো, যস্মিন্ দিনে স্বপিতি চাথ বিবুধ্যতে চ।
তস্মিননন্যমনসামুপবাসভাজাম্, কামং দদাত্যভিমতং গরুড়াঙ্কশায়ী॥ ৪৯॥

পুত্রাদীন্॥ ১৪০॥ দহতে দহতি। ১৪১—১৪৩। পরলোকপ্রদৈরিতি তেষাং সংসার-দুঃখাবহত্বমুক্তম্॥ ১৪৪॥ আস্তাম্ আসাতাং ভবত ইত্যর্থঃ। ১৪৫ - ১৪৬। প্রবোধনীত্যাদি-শব্দেন সামান্যেন তত্র সর্ব্বেষামেব কৃত্যানাং মাহাত্ম্যমুক্তে দানীং বিশেষতস্তানি নির্দ্দিশন্নাহ স্নানমিতি। ১৪৭—১৪৮॥ দুগ্ধাব্ধৌ যদ্ভোগি-শয়নং শেষপর্য্যঙ্কস্তস্মিন্। এতচ্চ তদ্দিনে

অঙ্গদী বদ্ধকেয়ূরো বনমালা বিভূষিতঃ। উরসা কৌস্তুভং বিভ্রৎ কিরীটং শিরসা তথা ॥
শিরঃপদ্মস্তথৈবাস্য কর্ত্তব্যশ্চারুকর্ণিকঃ। পুষ্টাশ্লিষ্টায়তভুজস্তন্বুতাম্রনখাঙ্গুলিঃ ॥
মধ্যেন ত্রিবলীভঙ্গশোভিতেন সুচারুণা। স্ত্রীরূপধারিণী কার্য্যা ক্ষৌণী তৎপদমধ্যগা ॥
তৎকরস্থাঙ্ঘ্রিযুগলো দেবঃ কার্য্যো জনার্দ্দনঃ। সুচারুপদবিন্যাসঃ কিঞ্চিন্নিক্রান্তদক্ষিণঃ ॥
অনুদৃশ্যা মহী কার্য্যা দেবদর্শনবিস্মিতা। দেবশ্চ কটিবাসেন কার্য্যো জান্ববলম্বিনা ॥
বনমালা চ কর্ত্তব্যা দেবজান্ববলম্বিনী। যজ্ঞোপবীতং কর্ত্তব্যং নাভিদেশমুপাগতম ॥
উৎফুল্লকমলং পাণৌ কুর্য্যাদ্দেবস্য দক্ষিণে। বামপাণিগতং শেষং শঙ্খাকারং তু কারয়েৎ ॥
দক্ষিণে তু গদা দেবী তনুমধ্যা সুলোচনা। স্ত্রীরূপধারিণী মুগ্ধা সর্ব্বাভরণভূষিতা ॥
পশ্যন্তী দেবদেবেশং কার্য্যা চামরধারিণী। কার্য্যং তন্মূর্দ্ধ্নি বিন্যস্তং দেবহস্তং তু দক্ষিণম্।
বামভাগগতশ্চক্রঃ কার্য্যো লম্বোদরস্তথা। সর্ব্বাভরণসংযুক্তো বৃত্তবিস্ফারিতেক্ষণঃ ॥
কর্ত্তব্যশ্চামরকরো দেববীক্ষণতৎপরঃ। কার্য্যো দেবকরো বামো বিন্যস্তস্তস্য মূর্দ্ধনি ॥

অথ সঙ্কর্ষণমূর্ত্তিঃ।

বাসুদেবস্বরূপেণ কার্য্যঃ সঙ্কর্ষণঃ প্রভুঃ। স তু শুক্লবপুঃ কার্য্যো নীলবাসা যদূত্তমঃ ॥
গদাস্থানে তু মুষলং চক্রস্থানে তু লাঙ্গলম্। কর্ত্তব্যৌ তনুমধ্যৌ তৌ নৃরূপৌ রূপসংস্থিতৌ ॥

অতঃপর বাসুদেবমূর্ত্তি।—আরও লিখিত আছে, বাসুদেব একবদন, চতুর্ভুজ, সৌম্যরূপী, সুদৃশ্য, সজলনীরদবৎ শ্যামলাঙ্গ ও সর্ব্বালঙ্কারে অলঙ্কৃত হইবেন। তিনি সুশোভন, কম্বুতুল্য, মনোহর কণ্ঠে বিরাজিত; সেই কণ্ঠদেশে মনোহর আভরণ শোভা পাইতেছে। এই দেব পরমোত্তম কুণ্ডল, অঙ্গদ, কেয়ূর ও বনমালায় বিভূষিত। ইনি বক্ষঃপ্রদেশে কৌস্তুভ ও শিরোপরি কিরীট ধারণ করিতেছেন। ইহাঁর মস্তকে মনোরম কর্ণিকাবিশিষ্ট একটী পদ্ম প্রস্তুত করিতে হয়। এই মূর্ত্তির ভুজচতুষ্টয় পুষ্ট, আশ্লিষ্ট ও আয়ত, নখাঙ্গুলী সূক্ষ্ম ও অরুণবর্ণ এবং দেহ-মধ্য ত্রিবলীভঙ্গে সুশোভিত ও মনোহর। ইহাঁর চরণমধ্যে নারীরূপধারিণী পৃথিবীর মূর্ত্তি নির্ম্মাণ করিবে। এই বসুমতী দেবী কর দ্বারা বাসুদেবের পদযুগল ধারণ করিয়া রহিয়াছেন। এইরূপেই বাসুদেবের মূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়। প্রভুকে এই ভাবে কল্পনা করিবে যে, তাঁহার পদক্ষেপ সুমনোহর ও দক্ষিণপদ ঈষৎ বহির্দ্দিকে নিক্রান্ত হইয়া রহিয়াছে। পৃথিবী দেবী প্রভুকে দেখিয়া বিস্ময়ান্বিতা হইয়া রহিয়াছেন। কটিবসন ও বনমালা প্রভুর জান্বাবলম্বিত হইবে এবং যজ্ঞসূত্র নাভিদেশ পর্য্যন্ত প্রসৃত থাকিবে। প্রভুর দক্ষিণ করে বিকসিত পদ্ম ও বামকরে শঙ্খাকৃতি অনন্তমূর্ত্তি সংস্থাপন করিবে। দক্ষিণদিকে স্ত্রীমূর্ত্তিধারিণী ক্ষীণমধ্যা সুলোচনা গদা-নাম্নী দেবী বিরাজিতা থাকিবেন। তিনি মুগ্ধা, সর্ব্বালঙ্কারে অলঙ্কৃতা ও চামরধারিণী হইয়া প্রভুর দিকে নেত্রপাত করিয়া রহিয়াছেন। প্রভুর দক্ষিণ হস্ত দেবীর শিরঃপ্রদেশে সংন্যস্ত রহিয়াছে। প্রভুর বামভাগে লম্বোদরমূর্ত্তি চক্র নির্ম্মাণ করিতে হয়। ঐ চক্র সর্ব্বা-লঙ্কারে অলঙ্কৃত, সুবৃত্ত, বিস্ফারিত নেত্রবিশিষ্ট ও চামরধারী এবং প্রভু দর্শনে তৎপর। প্রভুর বামকর সেই চক্রের শিরঃপ্রদেশে বিন্যস্ত রহিয়াছে।

অনন্তর সঙ্কর্ষণমূর্ত্তি।—সঙ্কর্ষণমূর্ত্তিও বাসুদেবমূর্ত্তির ন্যায় করিবে। এই যদুকুলপ্রবর

অথ প্রদ্যুম্নমূর্ত্তিঃ।

বাসুদেবস্বরূপেণ প্রদ্যুম্নশ্চ তথা ভবেৎ। স তু দূর্ব্বাঙ্কুরশ্যামঃ শ্বেতবাসা বিধীয়তে।
চক্রস্থানে ভবেচ্চাপঃ গদাস্থানে তথা শরঃ। তথাবিধৌ তু কর্ত্তব্যৌ যথা মুষললাঙ্গলৌ।

অথ অনিরুদ্ধমূর্ত্তিঃ।

এতদেব তথা রূপমনিরুদ্ধস্য কারয়েৎ। পদ্মপত্রাভবপুষো রক্তাম্বরধরস্য তু।
চক্রস্থানে ভবেচ্চর্ম্ম গদাস্থানেঽসিরেব চ। চর্ম্ম স্যাচ্চক্ররূপেণ প্রাংশুঃ খড়্গো বিধীয়তে।

অথ চক্রাদীনাং বিবিধমূর্ত্তীনাঞ্চ স্বরূপনির্ণয়ঃ।

চক্রাদীনাং স্বরূপাণি কিঞ্চিৎ পূর্ব্বং প্রদর্শয়েৎ। রম্যাণ্যায়ুধরূপাণি চক্রাদীন্যেব যাদব।
বামপার্শ্বগতাঃ কার্য্যা দেবানাং প্রবরা ধ্বজাঃ। সুপতাকাযুতা রাজন্ যষ্টিস্থা তে যথোচিতম্।

কিঞ্চ।—হংসো মৎস্যস্তথা কূর্ম্মঃ কার্য্যাস্তদ্রূপধারিণঃ।
শৃঙ্গী মৎস্যস্তু কর্ত্তব্যো দেবদেবো জনার্দ্দনঃ।

ঐশ্বর্য্যমনিরুদ্ধস্তু বরাহো ভগবান্ হরিঃ। ঐশ্বর্য্যশক্ত্যা দংষ্ট্রাগ্রসমুদ্ধৃতবসুন্ধরঃ।
নৃবরাহোঽথবা কার্য্যঃ শেষোপরিগতঃ প্রভুঃ। শেষশ্চতুর্ভুজঃ কার্য্যশ্চারুরত্নফণান্বিতঃ।
আশ্চর্য্যোৎফুল্লনয়নো দেববীক্ষণতৎপরঃ। কর্ত্তব্যৌ সীরমুষলৌ করয়োস্তস্য যাদব।

সঙ্কর্ষণ দেবের মূর্ত্তি শ্বেতবর্ণ এবং ইহাঁর পরিধান নীলাম্বর. বাসুদেবমূর্ত্তির যে স্থানে গদা বিরাজমান, সঙ্কর্ষণের তথায় মুষল এবং বাসুদেবের যে স্থানে চক্র বিরাজিত, ইহাঁর তথায় লাঙ্গল শোভা পাইতেছে। ঐ মুষল ও লাঙ্গল কৃশমধ্য ও মনুষ্যরূপবৎ মনোহর হইবে।

অনন্তর প্রদ্যুম্নমূর্ত্তি।—প্রদ্যুম্নমূর্ত্তিও বাসুদেবের ন্যায় করিবে। এই মূর্ত্তি দূর্ব্বাঙ্কুরবৎ শ্যামলাঙ্গ ও শ্বেতাম্বরধারী। যেমন সঙ্কর্ষণমূর্ত্তিতে মুষল ও লাঙ্গল বিন্যাস করিতে হয়, সেইরূপ বাসুদেবমূর্ত্তির যে স্থানে চক্র, এই মূর্ত্তিতে তথায় ধনুঃ এবং যে স্থানে গদা, তথায় শর বিন্যাস করিবে।

অতঃপর অনিরুদ্ধমূর্ত্তি।—অনিরুদ্ধমূর্ত্তি এইরূপে নির্ম্মাণ করিবে যে, ইহাঁর দেহ পদ্মপত্রবৎ আভাবিশিষ্ট ও রক্তাম্বরধারী হইবে। এই মূর্ত্তির চক্রস্থানে চর্ম্ম (ঢাল) ও গদাস্থানে খড়্গ বিন্যাস করিতে হয়। ঐ চর্ম্মই চক্ররূপে বিরাজিত এবং খড়্গ উন্নত হইবে।

অনন্তর চক্রাদির স্বরূপ ও অন্যান্য বিবিধমূর্ত্তির বিষয় বর্ণিত হইতেছে।—হে যাদব! এক্ষণে প্রথমতঃ চক্রাদির স্বরূপ প্রদর্শিত হইতেছে। রমণীয় চক্রাদিই আয়ুধস্বরূপ জানিবে। দেবমূর্ত্তিসমূহের বামপার্শ্বে অত্যুত্তম ধ্বজা বিন্যাস করিতে হয়। হে নৃপ! ঐ সমস্ত ধ্বজা যষ্টিতে স্থাপিত ও সুন্দর পতাকাসমন্বিত হইবে। আরও লিখিত আছে, পতাকাদিতে হংস, মৎস্য ও কূর্ম্মমূর্ত্তিকে তত্তদ্রূপী করিয়া নির্ম্মাণ করিবে এবং মীনরূপী দেব জনার্দ্দনকে শৃঙ্গবিশিষ্ট করিতে হয়। অনিরুদ্ধমূর্ত্তি ঐশ্বর্য্যস্বরূপ, অর্থাৎ এই মূর্ত্তির প্রসাদে (অণিমাদি) ঐশ্বর্য্য লাভ হয়। বরাহরূপী ভগবান্ হরিকে এইরূপে নির্ম্মাণ করিবে যে, তিনি ঐশ-শক্তিবলে দশনাগ্র দ্বারা বসুমতীকে উদ্ধার করিতেছেন। নৃবরাহমূর্ত্তি শেষনাগোপরি অবস্থিত থাকিবেন।

সর্পভোগশ্চ কর্ত্তব্যস্তথৈব রচিতাঙ্গুলিঃ। আলীঢ়স্থানসংস্থানস্তৎপৃষ্ঠে ভগবান্ ভবেৎ।
মূর্ত্তিমন্তমনৈশ্বর্য্যং হিরণ্যাক্ষং বিদুর্বুধাঃ। ঐশ্বর্য্যেণাবিশেষেণ স নিরস্তোঽরিমর্দ্দনঃ।
নৃবরাহোঽথবা কার্য্যো ধ্যানে কপিলবৎ স্থিতঃ। দ্বিভুজস্ত্বথবা কার্য্যঃ পিণ্ডনির্ব্বপণোদ্যতঃ।
সমগ্র-ক্রোড়রূপো বা বহুদানবমধ্যগঃ। নৃবরাহো বরাহো বা কর্ত্তব্যঃ ক্ষ্মাবিদারণঃ।
জ্ঞানবহ্নিঃ স এবোক্তো জ্ঞানং পরমবর্দ্ধনঃ। পীনস্কন্ধ-কটি-গ্রীবঃ কৃশমধ্যঃ কৃশোদরঃ।
সিংহাননো নৃদেহশ্চ নীলবাসাঃ প্রভান্বিতঃ। আলীঢ়স্থানসংস্থানঃ সর্ব্বাভরণভূষিতঃ।
জ্বালামালাকুলমুখো জ্বলৎ কেশরমণ্ডলঃ। হিরণ্যকশিপোর্ব্বক্ষঃ পাটয়ন্নখরৈঃ খরৈঃ।
নীলোৎপলাভঃ কর্ত্তব্যো দেবজানুগতস্তথা। হিরণ্যকশিপুর্দৈত্যস্তমজ্ঞানং বিদুর্বুধাঃ॥

অথ বামনমূর্ত্তিঃ।

কর্ত্তব্যো বামনো দেবঃ সঙ্কটে ভক্তিভাবিতৈঃ। পীনগাত্রশ্চ কর্ত্তব্যো দণ্ডী চাধ্যয়নোদ্যতঃ।
দূর্ব্বাশ্যামস্তু কর্ত্তব্যঃ কৃষ্ণাজিনধরস্তথা॥

অথ ত্রিবিক্রমমূর্ত্তিঃ।

সজলাম্বুদসঙ্কাশস্তথা কার্য্যস্ত্রিবিক্রমঃ। দণ্ডপাশধরঃ কার্য্যঃ শঙ্খচক্রগদাধরঃ।

শেষমূর্ত্তিকে চতুর্ভুজরূপে নির্ম্মাণ করিতে হয়। তিনি মনোহর রত্নফণায় বিভূষিত হইয়া দেবদর্শনে নিরত রহিয়াছেন। বিস্ময়বশে তাঁহার নয়ন উৎফুল্ল হইয়া রহিয়াছে। হে যাদব! ইঁহার হস্তে সীর (লাঙ্গল) ও মুষল বিন্যাস করিতে হয়। ইঁহাকে ভুজগদেহ ও অঙ্গুলীবিশিষ্ট করিতে হয়। ভগবান্ ইঁহার পৃষ্ঠদেশে আলীঢ়স্থ হইয়া (দক্ষিণ চরণ প্রসারণ করত বামচরণ সংকোচপূর্ব্বক) সংস্থিত রহিয়াছেন। বুধগণ হিরণ্যাক্ষমূর্ত্তিকে অনৈশ্বর্য্য বলিয়া বিদিত আছেন; অবিশেষ (অত্যুত্তম) ঐশ্বর্য্য দ্বারা ঐ অরিনিসূদন হিরণ্যাক্ষ নিরস্ত হইয়াছে অর্থাৎ হিরণ্যাক্ষের উপাসনাদি করিলে কোনরূপেই ঐশ্বর্য্য প্রাপ্তির সম্ভাবনা নাই। অথবা নৃবরাহমূর্ত্তি এইরূপে নির্ম্মাণ করিবে যে, তিনি কপিলদেববৎ ধ্যানে নিমগ্ন, দ্বিভুজ ও পিণ্ডদানে সমুদ্যত রহিয়াছেন। অথবা তিনি অসংখ্য দানবগণের মধ্যে বরাহরূপে অবস্থিতি করিতেছেন। অথবা নৃবরাহমূর্ত্তি এইরূপে নির্ম্মাণ করিতে হইবে যে, তিনি বরাহরূপে ভূমি বিদারণ করিতেছেন। এই পরমজ্ঞানবর্দ্ধন মূর্ত্তিই জ্ঞানিগণ কর্ত্তৃক স্বরূপ বলিয়া কথিত হইয়া থাকেন। এই মূর্ত্তি পীনস্কন্ধ, পীনকটি, পীনগ্রীব, কৃশমধ্য, কৃশোদর, সিংহাস্য, নৃদেহবান্, নীলাম্বর, প্রভাশালী, আলীঢ়স্থ ও সর্ব্বাভরণ ভূষিত হইবেন। ইঁহার মুখ জ্বালামালায় সমাকুল ও কেশরমণ্ডল প্রদীপ্ত হইবে। ইনি তীক্ষ্ণ নখর দ্বারা হিরণ্যকশিপুর বক্ষ বিদারণ করিতেছেন। দৈত্যরাজ হিরণ্যকশিপুকে নীলোৎপলসন্নিভ করিতে হইবে; সেই দৈত্যবর প্রভুর জানুদেশে অবস্থিতি করিতেছে। বুধগণ এই দৈত্যকেই অজ্ঞানস্বরূপ বলিয়া কীর্ত্তন করেন।

অনন্তর বামনমূর্ত্তি।—সঙ্কটে ভক্তি সহকারে বামনমূর্ত্তি প্রস্তুত করিবে। এই মূর্ত্তি পীনগাত্র, দণ্ডধারী, অধ্যয়নোদ্যত, দূর্ব্বাদলবৎ শ্যামল এবং কৃষ্ণাজিনধারী হইবে।

ত্রিবিক্রমমূর্ত্তি। এই মূর্ত্তি সজল নীরদবৎ শ্যামল, দণ্ডপাশধারী ও শঙ্খ চক্র-গদাবান্।

শঙ্খচক্রগদাপদ্মাঃ কার্য্যাস্তস্য স্বরূপিণঃ। নির্দ্দেহাস্তে ন কর্ত্তব্যাঃ শেষঃ কার্য্যশ্চ পূর্ব্ববৎ।
একোর্দ্ধবদনঃ কার্য্যো দেবো বিস্ফারিতেক্ষণঃ॥

অথ ভৃগুরামমূর্ত্তিঃ।

কার্য্যস্তু ভার্গবো রামো জটামণ্ডলদুর্দ্দৃশঃ। হস্তেঽস্য পরশুঃ কার্য্যঃ কৃষ্ণাজিনধরস্য তু॥

অথ দাশরথিমূর্ত্তিঃ।

রামো দাশরথিঃ কার্য্যো রাজলক্ষণলক্ষিতঃ। ভরতো লক্ষ্মণশ্চৈব শত্রুঘ্নশ্চ মহাশয়ঃ।
তথৈব সর্ব্বে কর্ত্তব্যাঃ কিন্তু মৌলিবিবর্জ্জিতাঃ॥

অথ কৃষ্ণমূর্ত্তিঃ।

কৃষ্ণশ্চক্রধরঃ কার্য্যো নীলোৎপলদলচ্ছবিঃ। ইন্দীবরধরা কার্য্যা তস্য সাক্ষাচ্চ রুক্মিণী॥

অথ বলদেবমূর্ত্তিঃ।

সীরপাণির্বলঃ কার্য্যো মুষলী চৈককুণ্ডলী। শ্বেতোঽতিনীলবসনো মদাঘূর্ণিতলোচনঃ॥

অথ প্রদ্যুম্নমূর্ত্তিঃ।

চাপবাণধরঃ কার্য্যঃ প্রদ্যুম্নশ্চ সুদর্শনঃ। রাজন্ দূর্ব্বাদলশ্যামঃ শ্বেতবাসা মদোৎকটঃ॥

অথ কামদেবমূর্ত্তিঃ।

কামদেবস্তু কর্ত্তব্যো রূপেণাপ্রতিমো ভুবি। অষ্টবাহুঃ স কর্ত্তব্যঃ শঙ্খপদ্মবিভূষণঃ।

শঙ্খ, চক্র, গদা ও পদ্মকে রূপবিশিষ্ট করিবে; নির্দ্দেহ (আকৃতিহীন) করিতে নাই; শেষ নাগকেও পূর্ব্ববৎ নির্ম্মাণ করিবে এবং তিনি ঊর্দ্ধমুখ ও বিস্ফারিতনেত্র হইবেন।

ভার্গবরামমূর্ত্তি।—ইঁহার শিরঃপ্রদেশে দুষ্প্রেক্ষ্য জটাজাল, করে পরশু, ইনি কৃষ্ণাজিনধারী।

দাশরথিরামমূর্ত্তি।—দাশরথি রামের মূর্ত্তি রাজলক্ষণবিশিষ্ট করিতে হয়। তৎপার্শ্বে ভরত, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মূর্ত্তিত্রয়ও প্রস্তুত করিবে; কিন্তু ইহাদিগের মস্তকে কিরীট প্রদান করিবে না।

অতঃপর কৃষ্ণমূর্ত্তি।—ইনি চক্রধারী ও নীলোৎপলদলসন্নিভ। ইঁহার পার্শ্বে রুক্মিণী-দেবীর মূর্ত্তি নির্ম্মাণ করিবে; তিনি করে ইন্দীবর ধারণ করিয়া রহিয়াছেন।

বলদেবমূর্ত্তি।—বলদেবমূর্ত্তি লাঙ্গল, মুষল ও একটি কুণ্ডল ধারণ করিতেছেন। ইঁহার শুভ্র বর্ণ ও পরিধান নীলাম্বর। মদমত্তভাবশে ইঁহার নয়ন বিঘূর্ণিত হইতেছে।

প্রদ্যুম্নমূর্ত্তি।—হে নৃপ! এই মূর্ত্তি ধনুঃশরধারী, সুদৃশ্য, দূর্ব্বাদলবৎ শ্যামকান্তি, শ্বেতা-ম্বরধারী ও মদোৎকট।

কামদেবমূর্ত্তি।—কামদেবমূর্ত্তিকে এই ভাবে নির্ম্মাণ করিবে যে, ইনি ভূতলে রূপে অনুপম, অষ্টভুজ, শঙ্খ-পদ্ম-ধনুর্ব্বাণধারী হইবেন। ইঁহার নেত্র মত্ততা নিবন্ধন আকুঞ্চিত হইবে। তৎ-পার্শ্বে রতি, প্রীতি, মন্দশক্তি ও উজ্জলা নাম্নী তদীয় রূপবতী পত্নীচতুষ্টয়কেও বিন্যস্ত করিবে।

চাপবাণধরশ্চৈব মদাকুঞ্চিতলোচনঃ। রতিঃ প্রীতিস্তথা শক্তির্মদশক্তিস্তথোজ্জ্বলা।
চতস্রস্তস্য কর্ত্তব্যাঃ পত্ন্যো রূপমনোহরাঃ। চত্বারশ্চ করাস্তস্য কার্য্যা ভার্য্যাস্তনোপগাঃ।
কেতুশ্চ মকরঃ কার্য্যঃ পঞ্চবাণমুখো মহান্॥

অথ অনিরুদ্ধমূর্ত্তিঃ শাম্বমূর্ত্তিশ্চ।

কর্ত্তব্যশ্চানিরুদ্ধোঽপি খড়্গচর্ম্মধরঃ প্রভুঃ। শাম্বঃ কার্য্যো মহাহস্তস্বরূপোঽসাবশেষতঃ।
শাম্বানিরুদ্ধৌ কর্ত্তব্যৌ পদ্মাভৌ রক্তবাসসৌ॥

অথ গোপালমূর্ত্তিঃ।

গোপালপ্রতিমাং কুর্য্যাৎ বেণুবাদনতৎপরাম্। বর্হাপীড়াং ঘনশ্যামাং দ্বিভুজামূর্দ্ধসংস্থিতাম্॥

অথ বুদ্ধমূর্ত্তিঃ।

কাষায়বস্ত্রসংবীতঃ স্কন্ধসংসক্তচীবরঃ। পদ্মাসনস্থো দ্বিভুজো ধ্যায়ী বুদ্ধঃ প্রকীর্ত্তিতঃ॥

অথ নর-নারায়ণমূর্ত্তিঃ।

দূর্ব্বাশ্যামো নরঃ কার্য্যো দ্বিভুজশ্চ মহাভুজঃ। নারায়ণশ্চতুর্ব্বাহুর্নীলোৎপলদলচ্ছবিঃ।
তয়োর্মধ্যে তু বদরী কার্য্যা ফলবিভূষণা। নরনারায়ণৌ দেবাবক্ষমালাধরাবুভৌ।
অষ্টচক্রে স্থিতৌ জালে ভূতযুক্তে মনোরমে। কৃষ্ণাজিনধরৌ দান্তৌ জটামণ্ডলধারিণৌ॥

অথ বিবিধ মূর্ত্তিভেদাঃ।

পাদেন চৈকেন রথস্থিতেন, পাদেন চৈকেন চ জানুগেন।
কার্য্যো হরিশ্চাত্র নরেণ তুল্যঃ, কৃষ্ণোঽপি নারায়ণতুল্যমূর্ত্তিঃ॥
মূর্ত্তিমৎ-পৃথিবীহস্তন্যস্তপাদঃ সিতচ্ছবিঃ। নীলাম্বরধরঃ কার্য্যো দেবো হয়শিরোধরঃ॥
বিদ্ধি সংকর্ষণাংশেন দেবং হয়শিরোধরম্। কর্ত্তব্যোঽষ্টভুজো দেবস্তৎকরেষু চতুর্ষু চ।

কামদেবের হস্তচতুষ্টয় পত্নীগণের কুচোপরি বিন্যস্ত রহিয়াছে। ইনি মকরকেতন অর্থাৎ ইঁহার পতাকা মকরাকৃতি। সেই মকারের মুখে পঞ্চশর বিরাজিত থাকিবে।

অনিরুদ্ধ ও শাম্বমূর্ত্তি।—অনিরুদ্ধমূর্ত্তিকে অসিচর্ম্মধারী এবং শাম্বমূর্ত্তিকে বিশালবাহু করিতে হয়। এই উভয় মূর্ত্তিই পদ্মসন্নিভ ও লোহিত-বসনধারী।

গোপালমূর্ত্তি।—এই মূর্ত্তি বেণুবাদনে নিরত রহিয়াছেন; ইঁহার মস্তকে ময়ূরপুচ্ছময়ী চূড়া বিরাজমান। এই দেব জলদকান্তি ও দ্বিভুজ; ইনি ঊর্দ্ধভাবে অবস্থান করিতেছেন।

বুদ্ধদেবমূর্ত্তি।—ইনি কাষায়বসনাবৃত, স্কন্ধদেশে চীরবস্ত্র ধারণ করিতেছেন। ইনি পদ্মাসনে সমাসীন, দ্বিভুজ ও ধ্যানমগ্ন।

নর ও নারায়ণমূর্ত্তি।—নরমূর্ত্তি শ্যামকান্তি, দ্বিভুজ ও বিশালবাহু। নারায়ণমূর্ত্তি চতুর্ভুজ ও নীলোৎপলদলসন্নিভ। নর ও নারায়ণ এই মূর্ত্তিদ্বয়ের মধ্যে ফলভরে অবনত বদরী-তরু প্রস্তুত করিতে হয়। এই উভয় মূর্ত্তিই অক্ষমালা ধারণ করিতেছেন। ইঁহারা উভয়ে মনোহর ভূতযুক্ত অষ্টচক্র-সমন্বিত জালে অবস্থিত আছেন; ইঁহারা কৃষ্ণাজিনধারী, দান্ত ও জটাজূটে বিরাজিত।

শঙ্খচক্রগদাপদ্মান্ সাকারান্ দর্শয়েদ্বুধঃ। চত্বারশ্চ করাঃ কার্য্যা দেবানাং দেহধারিণাম্।
দেবেন মূর্দ্ধ্নি বিন্যস্তাঃ সর্ব্বাভরণভূষিতাঃ। প্রদ্যুম্নং বিদ্ধি বৈরাগ্যং কাপিলীং তনুমাশ্রিতম্।
মধ্যেউরুকরঃ কার্য্যস্তস্যোৎসঙ্গগতঃ পরঃ। দোর্যুগং চাপরং তস্য শঙ্খচক্রধরং ভবেৎ।
পদ্মাসনোপবিষ্টশ্চ ধ্যানসংমীলিতেক্ষণঃ। কর্ম্মণ্যঃ কপিলো দেবো জটামণ্ডলদুর্দ্দৃশঃ।
বায়ুসংরোধপীনাঙ্গঃ পদ্মাঙ্কচরণদ্বয়ঃ। মৃগাজিনধরো রাজন্ শুভযজ্ঞোপবীতবান্।
বিভুর্মন্ত্রমহাপদ্মকর্ণিকামধ্যমাস্থিতঃ॥

বৈরাগ্যভাবেন মহানুভাবো, ধ্যানে স্থিতঃ স্বং পরমং পদং তৎ।
ধ্যায়ংস্তথা বৈ ভুবনস্য গোপ্তা, সাঙ্খ্যপ্রবক্তা পুরুষঃ পুরাণঃ॥

শ্যামবর্ণস্তনুবাসাঃ পিঙ্গলাক্ষো জটাধরঃ। সুমন্তুর্জৈমিনিঃ পৈলো বৈশম্পায়ন এব চ॥
তস্য শিষ্যাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারঃ পারিপার্শ্বিকাঃ। গৌরস্তু কার্য্যো বাল্মীকির্জটামণ্ডলদুর্দ্দৃশঃ॥
তপস্যভিরতঃ শান্তো ন কৃশো ন চ পীবরঃ। বাল্মীকিরূপং সকলং দত্তাত্রেয়স্য কারয়েৎ॥
জলমধ্যগতঃ কার্য্যঃ শেষঃ পন্নগদর্শনঃ। ফণাপুঞ্জমহারত্নদুর্নিরীক্ষ্যশিরোধরঃ॥
দেবদেবস্তু কর্ত্তব্যঃ শেষভোগাঙ্কসংস্থিতঃ। একো ভুজোঽস্য কর্ত্তব্যস্তত্র জানৌ প্রসারিতঃ॥
কর্ত্তব্যো নাভিদেশে তু তদা তস্য পরঃ করঃ। তথৈবান্যকরঃ কার্য্যো দেবস্য সুশিরোধরঃ॥
সন্তানমঞ্জরীধারী তথৈবাস্য পরো ভবেৎ। নাভীসরসি সংভূতে কমলে তস্য যাদব॥
সর্ব্বপৃথ্বীময়ে দেবঃ প্রাপ্তং কার্য্যঃ পিতামহঃ। নাললগ্নৌ চ কর্ত্তব্যৌ পদ্মস্য মধুকৈটভৌ॥
নৃরূপধারীণি ভুজঙ্গমধ্যে, কার্য্যাণ্যথাস্ত্রাণি তথা সমীপে।

অনন্তর নানারূপ মূর্ত্তিভেদ কথিত হইতেছে।—নরের সদৃশ হরিমূর্ত্তি এবং নারায়ণ সদৃশ কৃষ্ণমূর্ত্তি প্রস্তুত করিবে। ঐ হরিমূর্ত্তির একপদ রথে ও অন্যপদ জঙ্ঘদেশে বিন্যস্ত হইবে। হয়গ্রীবমূর্ত্তি এইরূপে নির্ম্মাণ করিবে যে, মূর্ত্তিমতী বসুমতীর করে তাঁহার চরণ বিন্যস্ত রহিয়াছে। তিনি শুভ্রবর্ণ, নীলবাসা ও অশ্বশীর্ষ। এই মূর্ত্তি সঙ্কর্ষণদেবের অংশ। ইঁহাকে অষ্টভুজ করিবে। তন্মধ্যে করচতুষ্টয়ে মূর্ত্তিমৎ শঙ্খ, চক্র, গদা ও পদ্ম বিরাজিত এবং অবশিষ্ট চারি কর দেহধারী দেবগণের মস্তকে বিন্যস্ত। ঐ সকল হস্ত সর্ব্বাভরণ-ভূষিত। প্রদ্যুম্নমূর্ত্তি বৈরাগ্যবান্ ও কপিল-দেহধারী। ইনি চতুর্ভুজ; তন্মধ্যে এক কর উরুদেশে ও দ্বিতীয় কর অঙ্কে সংস্থাপিত এবং অবশিষ্ট করদ্বয়ে শঙ্খ, চক্র ধারণ করিতেছেন। হে নৃপ! কর্ম্মনিরত কপিল দেব পদ্মাসনে সমাসীন, ধ্যানমীলিতনেত্র ও জটাজূটে দুষ্প্রেক্ষ্য। কুম্ভকযোগ নিবন্ধন বায়ুরোধ করাতে তাঁহার দেহ স্ফীত হইয়া উঠিয়াছে; তাঁহার পদদ্বয় পদ্মচিহ্নে অঙ্কিত; তিনি মৃগাজিনধারী, শোভন-যজ্ঞোপবীতবান্, বিভু ও মন্ত্ররূপ মহাপদ্মের কর্ণিকাভ্যন্তরে সংস্থিত। ইনি বৈরাগ্যভাব নিবন্ধন মহানুভাব; ইনি ধ্যাননিমগ্ন হইয়া আপনারই সেই পরমপদ চিন্তন করিতেছেন। এই পুরাণপুরুষই ভুবনরক্ষক ও সাংখ্যশাস্ত্রের বক্তা; ইনি শ্যামবপু, সূক্ষ্মবাসা, পিঙ্গলনেত্র ও জটাবান্। সুমন্তু, জৈমিনি, পৈল ও বৈশম্পায়ন এই মুনিচতুষ্টয়কে কপিলের পার্শ্ববর্ত্তী শিষ্যরূপে কল্পনা করিবে। বাল্মীকি-মূর্ত্তি গৌরকান্তি, জটামণ্ডলে দুর্নিরীক্ষ, তপো-

তার্ক্ষ্যো মরকতপ্রখ্যঃ কৌশিকাকারনাসিকঃ। চতুর্ভুজশ্চ কর্ত্তব্যো বৃত্তনেত্রমুখস্তথা।
গ্রীবোরুজানুচরণ-পক্ষদ্বয়বিভূষিতঃ। প্রভাসংস্থানসৌবর্ণকলাপেন বিরাজিতঃ॥
ছত্রঞ্চ পূর্ণকুম্ভঞ্চ করয়োস্তস্য কারয়েৎ। করদ্বয়ঞ্চ কর্ত্তব্যং তথা বিরচিতাঞ্জলি॥
যদাস্য ভগবান্ পৃষ্ঠে ছত্রকুম্ভধরৌ করৌ। ন কর্ত্তব্যৌ তু কর্ত্তব্যৌ দেবপাদধরাবুভৌ।
কিঞ্চিল্লম্বোদরঃ কার্য্যঃ সর্ব্বাভরণভূষিতঃ॥

বিশ্বকর্ম্মশাস্ত্রে চ।— অথ লক্ষ্মীনারায়ণমূর্ত্তিঃ।
লক্ষ্মীনারায়ণৌ কার্য্যৌ সংযুতৌ দিব্যরূপিণৌ। দক্ষিণস্থা বিভোমূর্ত্তির্লক্ষ্মীমূর্ত্তিস্তু বামগা।
দক্ষিণঃ কণ্ঠলগ্নোঽস্যা বামহস্তসরোজধৃক্। বিভোর্বামকরো লক্ষ্ম্যাঃ কুক্ষিভাগে স্থিতঃ সদা॥
সর্ব্বাবয়সংপূর্ণা সর্ব্বালঙ্কারভূষিতা। সুভ্রূনেত্রকপোলাস্যরূপযৌবনসংযুতা।
সিদ্ধিঃ কার্য্যা সমীপস্থা চামরগ্রাহিণী শুভা। কর্ত্তব্যং বামনং সর্ব্বং দেবাধোভাগগং সদা।
শঙ্খচক্রধরৌ তস্য দ্বৌ কার্য্যৌ পুরুষৌ পুরঃ। বামনৌ হারকেয়ুর-কিরীটমণিভূষিতৌ।
উপাসকৌ সমীপস্থৌ প্রভোর্ব্রহ্মশিবাত্মকৌ-রসনাং যোগপট্টঞ্চ শিখামঞ্জলিমাস্থিতৌ॥

রত, নাতিকৃশ ও নাতিস্থূল হইবে। দত্তাত্রেয় মূর্ত্তিও বাল্মীকির সদৃশ হইবে। পদ্মাকৃতি শেষমূর্ত্তিকে সলিলমধ্যগত করিয়া নির্ম্মাণ করিতে হয়। তাঁহার ফণামণ্ডলস্থ দিব্যরত্নের তেজে তদীয় শীর্ষদেশ দুপ্রেক্ষ্য হইবে। এই দেবদেবকে ফণিভোগাঙ্কে সংস্থিত করিয়া নির্ম্মাণ করিবে। ইহার এক হস্ত জানুতে, দ্বিতীয় হস্ত নাভিপ্রদেশে ও তৃতীয় হস্ত স্কন্ধোপরি বিন্যস্ত এবং চতুর্থ হস্তে কল্পতরুর মঞ্জরী ধারণ করিয়া রহিয়াছেন। ইহার নাভি-সরোবরে সর্ব্বপৃথ্বীময় যে পদ্ম সমুৎপন্ন হইয়াছে, সেই পদ্মে পূর্ব্ববৎ পিতামহমূর্ত্তি নির্ম্মাণ করিবে। ঐ পদ্মের নালে মধু ও কৈটভনামক অসুরদ্বয়ের মূর্ত্তি সংলগ্ন থাকিবে। ভুজঙ্গের মধ্যে নররূপধারী অস্ত্রসমূহ বিন্যাস করিতে হয় এবং তৎসমীপে মরকতকান্তি গরুড়ের মূর্ত্তি অঙ্কিত করিবে। এই গরুড়মূর্ত্তি পেচকের ন্যায় নাসাবিশিষ্ট, বৃত্তলোচন, বৃত্তাস্য, এবং গ্রীবা, ঊরু, জানু, পদ ও পক্ষযুগলে সুশোভিত, ও সুবর্ণপ্রভ। ইহার প্রথম দুই হস্তে ছত্র ও পূর্ণকুম্ভ বিদ্যমান আছে এবং অপর হস্তদ্বয়ে অঞ্জলি বন্ধন পূর্ব্বক অবস্থান করিতেছেন। ইহার পৃষ্ঠোপরি ভগবানের মূর্ত্তি স্থাপিত করিলে দুই হস্তে ছত্র ও কুম্ভ প্রদান করিবে না। তৎপরিবর্ত্তে সেই করদ্বয়ে প্রভুর চরণ ধরিয়া থাকিবেন। এই গরুড়মূর্ত্তিকে ঈষৎ লম্বোদর ও সর্ব্বালঙ্কারে সমলঙ্কৃত করিবে।

লক্ষ্মীনারায়ণমূর্ত্তি।—দিব্যরূপধারী লক্ষ্মীনারায়ণমূর্ত্তি পরস্পর মিলিতভাবে নির্ম্মাণ করিতে হয়, তন্মধ্যে নারায়ণমূর্ত্তি দক্ষিণ ভাগে এবং লক্ষ্মীমূর্ত্তি বামদিকে অবস্থিত থাকিবেন। লক্ষ্মী-দেবীর দক্ষিণ কর নারায়ণের কণ্ঠে সংলগ্ন থাকিবে এবং বামকরে পদ্ম বিরাজ করিবে। নারা-য়ণের বাম হস্ত দেবীর কুক্ষিদেশে বিন্যস্ত হইবে। ঐ দেবী সর্ব্বাবয়বপূর্ণা, সর্ব্বালঙ্কারে অলঙ্কৃতা, সুলোচনা, সুকপোলা ও রূপযৌবনসম্পন্না। লক্ষ্মীর সন্নিধানে শুভকরী সিদ্ধি দেবীর মূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়। ইহার করে চামর বিদ্যমান থাকিবে। এই নারায়ণের অধোভাগস্থ সমস্ত মূর্ত্তি খর্ব্বাকৃতি করিতে হয়। এই দেবের পুরোভাগে শঙ্খচক্রধারী দুইটি পুরুষ অবস্থিত থাকিবেন।

অথ যোগস্বামি মূর্ত্তিঃ।

পদ্মাসনসমাসীনঃ কিঞ্চিন্মীলিতলোচনঃ। ঘ্রাণাগ্রে দত্তদৃষ্টিশ্চ শ্বেতপদ্মোপরি স্থিতঃ॥
বামদক্ষিণগৌ হস্তাবুভাবুৎসঙ্গভাগগৌ। তৎকরদ্বয়পার্শ্বস্থে পঙ্কেরুহমহাগদে।
উর্দ্ধে করদ্বয়ে চাস্য শঙ্খশ্চাপি সুদর্শনম্। যোগস্বামী স বিজ্ঞেয়ঃ পূজ্যো মোদার্থযোগিভিঃ॥

অথ দশাবতারাণাং মূর্ত্তয়ঃ।

তত্র মৎস্যাবতারমূর্ত্তিঃ।

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে।—

অতঃপরং প্রবক্ষ্যামি মৎস্যাদীনান্তু লক্ষণম্। ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং তদর্দ্ধেন তু বিস্তৃতম্।
দৈর্ঘ্যাষ্টমাংশসংযুক্তং পুচ্ছবক্ত্রং তু কারয়েৎ। রোহিতং বিবৃতাস্যন্তু দ্বাদশাঙ্গুলমানতঃ।
কলৈকং পৃষ্ঠরোমন্তু পুচ্ছার্দ্ধং ক্রোড়গং তথা। কৃতস্যৈবংবিধস্যেহ রোহিতস্য মুখোদ্গতম্॥
নারায়ণন্তু কুর্ব্বীত আগুল্‌ফং তন্মুখোদ্গতম্। এবং নৃমৎস্যং মৎস্যং বা স্থাপয়েদ্যস্তু মানবঃ।
সর্ব্বজ্ঞত্বং ভবেত্তস্য সর্ব্বাপন্মুক্তিরেব চ॥

অথ কূর্ম্মমূর্ত্তিলক্ষণম্।

দৈর্ঘ্যাত্রিতালসংযুক্তং তদর্দ্ধং পরিমণ্ডলম্। চতুশ্চরণসংশ্লিষ্টঃ চতুরঙ্গুলমাত্রয়া॥
কপালদ্বয়মধ্যে তু গোবিন্দং তু সমুদ্গতম্। কৃত্বা বা গুল্‌ফপর্য্যন্তমুদ্গচ্ছন্তং সুরোত্তমম্॥
নৃকূর্ম্মং কারয়িত্বৈনং কূর্ম্মং বা স্থাপয়ীত যঃ। স্ববংশোদ্ধরণং তস্য জায়তে মুক্তিরেব চ॥

তাঁহারা উভয়েই বামনাকৃতি এবং হার, কেয়ূর, কিরীট ও মণিতে বিভূষিত। ইঁহার সমীপে ব্রহ্মা ও শিবের মূর্ত্তি নির্ম্মাণ করিবে; তাঁহারা উভয়ে রসনা (কাঞ্চী), যোগপট্ট, শিখা ও অঞ্জলি ধারণ করিয়াছেন।

অনন্তর যোগস্বামিমূর্ত্তি কথিত হইতেছে।—ইনি পদ্মাসনে উপবিষ্ট। ইঁহার নয়নযুগল ঈষন্মীলিত ও দৃষ্টি নাসিকাগ্রে বিন্যস্ত। ইনি শ্বেতপদ্মোপরি উপবেশন করিয়া রহিয়াছেন। ইঁহার বাম ও দক্ষিণ করদ্বয় ক্রোড়মধ্যে বিন্যস্ত আছে। হস্তদ্বয়ের পার্শ্বে পদ্ম ও মহাগদা বিরাজমান। ইঁহার উর্দ্ধ করদ্বয়ে শঙ্খ ও সুদর্শন শোভা পাইতেছে। আমোদাকাঙ্ক্ষী যোগিগণ ইঁহার অর্চ্চনা করিয়া থাকেন। ইনি যোগস্বামী নামে পরিকীর্ত্তিত।

অনন্তর দশাবতারমূর্ত্তি। তন্মধ্যে মৎস্যমূর্ত্তিলক্ষণ।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, এই মূর্ত্তির দৈর্ঘ্য ষট্‌ত্রিংশদঙ্গুল ও বিস্তৃতি তদর্দ্ধ হইবে এবং পুচ্ছ মুখ দৈর্ঘ্যের অষ্টমাংশ করিতে হইবে। এই মূর্ত্তির আকার রোহিত মৎস্যের ন্যায়, বদন দ্বাদশাঙ্গুল বিবৃত, পৃষ্ঠরোম এক কলা এবং পুচ্ছের অর্দ্ধভাগ ক্রোড়গত হইবে। প্রভু এইরূপ মৎস্যের মুখবিবর হইতে সমুদ্গত হইয়াছেন। কিংবা নারায়ণের গুল্‌ফ পর্য্যন্ত দেহ ঐ মীনবরের মুখোদ্গত থাকিবে। যে ব্যক্তি এই নরমৎস্য বা মৎস্য স্থাপন করেন, তাঁহার সর্ব্বজ্ঞতা লাভ হয় এবং তিনি আপদুত্তীর্ণ হইয়া থাকেন।

কূর্ম্মমূর্ত্তিলক্ষণ।—কূর্ম্মমূর্ত্তি সার্দ্ধ একহস্ত দীর্ঘ ও তদর্দ্ধ পরিমণ্ডলবিশিষ্ট। ইঁহার চরণ

অথ বরাহমূর্ত্তিলক্ষণম্।

বক্ত্রং কলাষ্টকায়ামং শ্রোত্রমস্য দ্বিগোলকম্। হনূ সপ্তাঙ্গুলে তস্য সৃক্কণী দ্ব্যঙ্গুলে মতে॥ সপ্তাঙ্গুলং মুখং প্রোক্তং রদৌ সার্দ্ধকলৌ দ্বিজ। নাসারন্ধ্রং ভবেন্নেত্রং যবহীনেঽক্ষিণী মতে॥ কিঞ্চিদ্বক্ত্রে স্থিতে শ্রোত্রে দ্বিগোলকসমায়তে। চতুষ্কলং কর্ণমধ্যং তদর্দ্ধেন তদুচ্ছ্রিতম্॥ বস্বঙ্গুলা ভবেদ্গ্রীবা নেত্রৈকং চোন্নতা তু সা। শেষং নৃসিংহবৎ কার্য্যং বরাহস্য তু বিগ্রহম্॥ শেষাহিবিধৃতঃ পাদং বাহুনা ধারয়ন্ ধরাম্। শঙ্খং বামে তথা পদ্মং গদাচক্রে তু দক্ষিণে॥ এবং নরবরাহঞ্চ কৃত্বা যঃ স্থাপয়েন্নরঃ। ভবোদধিসমুত্তারং রাজ্যঞ্চ হতকণ্টকম্।

প্রাপ্নুয়ান্নাত্র সন্দেহো হ্যমুত্রেহৈব বা ভুবি।

অথ নৃসিংহমূর্ত্তিলক্ষণম্।

তির্য্যঙ্ নৃসিংহদেবস্য তথা বিপুলমাননম্। বর্ত্তুলেঽস্য তথা নেত্রে স্কন্ধৌ তালমিতৌ শুভৌ॥ ব্যাকুঞ্চিতে ভ্রুবৌ বক্ত্রং বিবৃতং চোগ্রদংষ্ট্রকম্। লেলিহানা তথা জিহ্বা সমুদ্গতশটং শিরঃ॥ দংষ্ট্রে দ্ব্যঙ্গুলনির্যাতে বক্ত্রাগ্রে তু সিতে তথা। ত্রিকলাভ্যধিকং বক্ষঃ পঞ্চনেত্রাধিকা কটিঃ॥ দ্বিকলাভ্যধিকৌ চোরূ জানূ চাপি কলাধিকৌ। জঙ্ঘে সার্দ্ধকলে মধ্যে বিস্তৃতাগ্রে বিভাগতঃ॥

চারিটী; প্রত্যেক পদে চার চারিটী অঙ্গুলী বিরাজিত। ইঁহার কপালযুগলের মধ্যে আগুল্ফ সমুদ্গত গোবিন্দমূর্ত্তি বিরাজ করিতেছেন। নৃ-কূর্ম্মমূর্ত্তি বা কূর্ম্মমূর্ত্তি স্থাপন করিলে বংশের উদ্ধার হয় এবং মুক্তিলাভ করা যায়।

বরাহমূর্ত্তির লক্ষণ।—হে বিপ্র! বরাহমূর্ত্তির মুখের বিস্তার অষ্ট কলা, কর্ণ দ্বি-গোলক, হনু (গণ্ডদ্বয়ের প্রান্ত) সপ্তাঙ্গুল, সৃক্ক (ওষ্ঠপ্রান্ত দ্বি-অঙ্গুল, বদন সপ্তাঙ্গুল, দশনদ্বয় সার্দ্ধ এক কলা, নাসিকাবিবর তিন যব,নেত্রদ্বয় যবহীন, মুখ ঈষদ্বক্রে বিরাজিত, কর্ণযুগল রন্ধ্রদ্বয়বিশিষ্ট, সম ও আয়ত হইবে। কর্ণের মধ্যভাগে চারি কলা এবং উচ্চতা দুই কলা করিবে। গ্রীবা অষ্টাঙ্গুল ও উচ্চতা একটী চক্ষুর পরিমাণের ন্যায় হইবে। অবশিষ্ট অঙ্গ নৃসিংহবৎ কর্ত্তব্য। শেষনাগ নৃ-বরাহদেবের চরণ ধারণ করিয়া রহিয়াছেন। বরাহ বাহুদ্বারা বসুন্ধরাকে ধারণ পূর্ব্বক অবস্থিতি করিতেছেন। ইঁহার বামভাগে শঙ্খ ও পদ্ম এবং দক্ষিণ ভাগে গদা ও চক্র স্থাপন করিতে হয়। যিনি এইরূপে নৃ-বরাহমূর্ত্তি স্থাপন করেন, তিনি (পরমসুখে) ভবসাগরের পরপারে উত্তীর্ণ হন এবং কি ইহ কি পর উভয়ত্র নিষ্কণ্টক রাজ্যভোগ করেন সন্দেহ নাই।

নৃসিংহমূর্ত্তির লক্ষণ।—নৃসিংহদেবের মুখ কিঞ্চিৎ তির্য্যক্ ভাবে অবস্থিত ও বিস্তৃত হইবে। ইঁহার চক্ষুদ্বয় সুবৃত্ত, স্কন্ধদেশ সুদৃশ্য ও তালপরিমিত, ভ্রূযুগল কুঞ্চিত, বদন বিবৃত, দশন ভীষণ, রসনা লোল ও শিরঃপ্রদেশ উদ্গত জটাজূটে জড়িত হইবে। ইঁহার বদনের সম্মুখে শ্বেতবর্ণ দন্তসমূহ দুই অঙ্গুলী পরিমাণে বহির্দ্দেশে নিষ্ক্রান্ত থাকিবে। ইঁহার বক্ষঃপ্রদেশ ত্রিকলার অধিক, কটি পঞ্চনেত্রাধিকা, ঊরু দুই কলা হইতেও অতিরিক্ত, জানু এককলার অধিক, জঙ্ঘার মধ্যস্থল সার্দ্ধ এক কলা ও অগ্রে প্রসারিত, চরণযুগল ঈষদূর্দ্ধ, বাহুমূল এক কলার অতিরিক্ত এবং উর্দ্ধবাহুদ্বয় অগ্রভাগে ঈষৎ ক্ষুদ্র হইবে। এইরূপে নৃসিংহমূর্ত্তি প্রস্তুত করাই ভক্তের

ঊর্দ্ধৌ কিঞ্চিৎ স্মৃতৌ পাদৌ বাহুমূলে কলাধিকে। কিঞ্চিৎ কিঞ্চিৎ তথা হীনৌ পর্য্যন্তে চোপবাহুকৌ।
বপুরিত্থং নৃসিংহস্য কুর্য্যাদ্দেশিকসত্তমঃ। জান্বংশে তস্য সংস্থাপ্য বিদারিতমহাসুরম্।
ভূষিতং বৈজয়ন্ত্যা তু মালয়া শ্রীসমন্বিতম্। খড়্গচক্রধরং দেবং নৃসিংহং কারয়েদ্বুধঃ।
স্থাপয়েৎ পাপনাশায় জয়ায় নরকেশরিম্॥

অথ বামনমূর্ত্তিলক্ষণম্।

ভুজং ত্রিগোলকায়ামং বক্ষো বিস্তারশোভিতম্। পাণিপাদং তুরীয়াংশং প্রবৃদ্ধশিরসং তথা।
ঊর্ব্বঙ্ঘ্রিদ্বিতয়ায়ামবিহীনমুখযুগ্মকম্। কটিস্ফিক্‌পার্শ্বনাভীষু তদ্বৃদ্ধং বামনং বুধঃ।
কৃত্বা সংস্থাপয়েদ্দেবং মোহনার্থায় সর্ব্বথা॥

অথ জামদগ্ন্যমূর্ত্তিলক্ষণম্।

জামদগ্ন্যন্তু কুর্ব্বীত জটামুকুটমণ্ডিতম্। চতুর্ব্বাহুং মহাভাগং সর্ব্বক্ষত্রান্তকং বিভুম্।
দক্ষিণে পরশুং হস্তে বামে দণ্ডাতথা ধনুঃ। খড়্গং দক্ষিণহস্তে তু বামহস্তে তু খেটকম্॥
কুঠারহস্তং দ্বিভুজং কুর্য্যাদ্বা রেণুকাসুতম্। কৃত্বৈবং জামদগ্ন্যন্তু স্থাপয়েদ্যস্তু মানবঃ।
স বিত্তং প্রাপ্নুয়াৎ শীঘ্রং কামাংশ্চ মনসেপ্সিতান্॥

অথ রামমূর্ত্তিলক্ষণম্।

কুর্য্যাদ্দাশরথিং রামং সপ্ততালং চতুর্ভুজম্। শরকার্ম্মুকহস্তং তু শঙ্খচক্রধরং শুভম্।
দক্ষিণোর্দ্ধং ভবেচ্চক্রং বামোর্দ্ধং শঙ্খমেব চ। দক্ষিণাধো ভবেদ্বাণো বামাধো ধনুরেব চ।
দ্বিভুজং শরহস্তং বা রামং কুর্য্যাৎ সকার্ম্মুকম্। কৃত্বৈবং রাঘবং রামং সর্ব্বলক্ষণসংযুতম্॥
ক্রূরশত্রুবিনাশায় স্থাপয়েৎ সর্ব্বকামদম্।

কর্ত্তব্য। এই মূর্ত্তির জানুপ্রদেশে মহাসুর হিরণ্যকশিপুকে স্থাপন করিবে; নৃসিংহদেব নখদ্বারা তাহার দেহ বিদারণ করিতেছেন। নৃসিংহদেব বৈজয়ন্তীমালায় সমলঙ্কৃত, শ্রীবিশিষ্ট ও শঙ্খচক্র-ধারী হইবেন। পাতকক্ষয় ও জয়লাভার্থ এই প্রকারে নরকেশরিমূর্ত্তি স্থাপন করিতে হয়।

বামনমূর্ত্তির লক্ষণ। এই মূর্ত্তির ভুজদ্বয়ের আয়তন ত্রিগোলক, বক্ষঃপ্রদেশ বিস্তীর্ণ, কর-চরণ চতুর্থাংশ, মস্তক বৃহৎ, ঊরুদ্বয় ও মুখপ্রদেশ আয়ামবিহীন; কটি, স্ফিক্ (পশ্চাদ্ভাগ), পার্শ্ব ও নাভি স্থূল হইবে। মোহনার্থ এইরূপে বামনদেবের মূর্ত্তি স্থাপন করিতে হয়।

জামদগ্ন্যমূর্ত্তির লক্ষণ।—এই মূর্ত্তির শিরোদেশ জটামুকুটে বিমণ্ডিত; ইনি চতুর্ভুজ, মহাভাগ ও ক্ষত্রকুলনিহন্তা। ইনি দক্ষিণ করদ্বয়ে পরশু ও অসি এবং বামকরদ্বয়ে ধনু ও খেটক (ঢাল) ধারণ করিতেছেন। এই প্রকার জামদগ্ন্যমূর্ত্তি প্রস্তুত করিবে; কিংবা রেণুকাসুত জামদগ্ন্যের মূর্ত্তি পরশুহস্ত ও দ্বিভুজ করিলেও হয়। যিনি এই প্রকারে জামদগ্ন্যমূর্ত্তি স্থাপন করেন, তিনি আশু বিত্তবান্ হইয়া মনোভীষ্ট লাভ করেন।

দাশরথি-রামমূর্ত্তির লক্ষণ।—এই মূর্ত্তির পরিমাণ সপ্ততাল; ইনি চতুর্ভুজ, ধনুঃশরহস্ত ও শঙ্খচক্রধারী। ইহাঁর দক্ষিণ ভাগের ঊর্দ্ধকরে চক্র, অধঃকরে বাণ এবং বামদিকের ঊর্দ্ধকরে শঙ্খ ও অধঃকরে কার্ম্মুক বিরাজ করিবে। কিংবা দাশরথিমূর্ত্তিকে দ্বিভুজ ও ধনুর্ব্বাণধারী

অথ বলরামমূর্ত্তিলক্ষণম্।

তৃতীয়ং তু যথা রামং চতুর্ব্বাহুঃ শৃণুষ মে। বামোর্দ্ধং লাঙ্গলং দত্ত্যাদধঃ শঙ্খং সুশোভনম্॥
গদাং কৃপাণং বা দত্ত্যাৎ সংস্থানে শক্তিচক্রয়োঃ। কৃত্বৈবং বলদেবং তু যো নরঃ স্থাপয়েৎ প্রভুম্॥
পুত্রং দদাতি তস্যাথ বিপক্ষাংশ্চ জয়ত্যসৌ॥

অথ বুদ্ধলক্ষণম্।

দশতালং তথা বুদ্ধং পদ্মাসনগতং হরিম্। প্রলম্বশ্রবণং কুর্য্যাচ্চীবরালঙ্কৃতং তথা॥
মণিনাভং সমাধিস্থং পদ্মাস্যং পদ্মলোচনম্। সমাধিস্থোত্তানপাণিং যোগদৃষ্টিসমন্বিতম্।
স্থাপয়েদ্রূপকামস্তু পিতেব জগতঃ স্থিতম্।

অথ কল্কিলক্ষণম্ঃ

কল্কিনং তু চতুর্ব্বাহুং বদ্ধতূণং ধনুর্দ্ধরম্। শঙ্খচক্রধরং কুর্য্যাত্তথা খড়্গধরং প্রভুম্।
দ্বিভুজং বা হয়ারূঢ়ং খড়্গপাণিং সুরেশ্বরম্। কল্কিনং স্থাপয়িত্বৈবং শক্রস্থানং লভেন্নরঃ॥

অথ নববূ্যহ-প্রতিমালক্ষণম্।

কিঞ্চ।—

আদিমূর্ত্তির্বাসুদেবঃ পূর্ব্বমেবোদিতো ময়া। দক্ষিণোর্দ্ধে গদা যস্য বামোর্দ্ধে চক্রমুত্তমম্।
ব্রহ্মেশৌ পার্শ্বগৌ নিত্যং শেষমন্যচ্চ পূর্ব্ববৎ। দ্বিতীয়ো বাসুদেবোঽয়ং দ্বাপরাদৌ স উচ্যতে।

করিলেও হয়। এইরূপে সর্ব্বগুণলক্ষিত, সর্ব্বাভীষ্টপ্রদ, রামমূর্ত্তি প্রস্তুত করিয়া স্থাপন করিলে ক্রূর অরিকুল ক্ষয় প্রাপ্ত হইয়া থাকে।

তৃতীয় রাম অর্থাৎ বলরামমূর্ত্তির লক্ষণ।—অতঃপর চতুর্ব্বাহু বলদেবাখ্য তৃতীয় রামমূর্ত্তির লক্ষণ বলিতেছি, অবধান কর। ইহাঁর বামভাগের ঊর্দ্ধকরে লাঙ্গল ও অধঃকরে মনোহর শঙ্খ থাকিবে এবং শক্তিস্থানে গদা ও চক্রস্থানে খড়্গ বিন্যাস করিবে। এইরূপে বলরামমূর্ত্তি প্রস্তুত করিয়া স্থাপন করিলে স্থাপনকর্ত্তার পুত্র লাভ হয় এবং তিনি শত্রুজয়ে সমর্থ হইয়া থাকেন।

বুদ্ধমূর্ত্তির লক্ষণ।—এই মূর্ত্তির পরিমাণ দশ তাল (পাঁচ হস্ত) হইবে। ইনি পদ্মাসনে সমাসীন; ইহাঁর শ্রবণদ্বয় অতি দীর্ঘ, পরিধান কৌপীন এবং নাভিদেশ মণিযুক্ত ইনি সমাধি-নিমগ্ন হইয়া রহিয়াছেন। ইনি পদ্মানন, কমললোচন, ঊর্দ্ধপাণি ও যোগদৃষ্টিযুক্ত। রূপকামী ব্যক্তি জগৎ পিতৃবৎ ইহাঁকে স্থাপন করিবে।

কল্কিমূর্ত্তির লক্ষণ।—ইনি চতুর্হস্ত, বদ্ধতূণ, ধনুর্দ্ধর এবং শঙ্খ-চক্র-খড়্গধারী। কিংবা এই মূর্ত্তিকে দ্বিহস্ত, তুরগারূঢ়, অসিহস্ত করিয়াও স্থাপন করিতে পারে। যিনি এই মূর্ত্তি স্থাপন করেন, তাঁহার ইন্দ্রপুরে বাস হয়।

অনন্তর নবব্যূহ-প্রতিমার লক্ষণ।—আমি ইতিপূর্ব্বে আদিমূর্ত্তি বাসুদেবমূর্ত্তির বিষয় বর্ণন করিয়াছি। তাঁহার দক্ষিণদিকের ঊর্দ্ধকরে গদা ও বামভাগের ঊর্দ্ধকরে বৃহৎ চক্র বিরাজ করিবে। ব্রহ্মা ও রুদ্র উভয়ে সর্ব্বদা ইহাঁর পার্শ্বদেশে অবস্থান করিতেছেন। অন্যান্য অঙ্গ

দ্বিভুজো বাথ কর্ত্তব্যো বামে শঙ্খধরঃ প্রভুঃ। বরদো দক্ষিণেনাথ বাসুদেবো দ্বিধোদিতঃ।
বলদেবশ্চতুর্ব্বাহুঃ কুণ্ডলৈকবিভূষিতঃ। লাঙ্গলী মুষলী দেবো গদাপদ্মধরো বিভুঃ।
শঙ্খচক্রগদাপাণিঃ কর্ত্তব্যো বরদোঽথবা॥ প্রদ্যুম্নস্তু চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রধরঃ শুভঃ।
চক্রং দক্ষিণহস্তে চ বামহস্তে ধনুস্তথা। শঙ্খঞ্চ দক্ষিণে দদ্যাদ্গদাং বামে প্রদর্শয়েৎ।
প্রদ্যুম্নং কারয়েদেবং সর্ব্বলক্ষণসংযুতম্। স্ত্রিয়ৌ চৈবাস্য কর্ত্তব্যে খড়্গচর্ম্মধরে শুভে।
রতিপ্রীত্যোর্ম্মধ্যগতং কম্বুগ্রীবং সকার্ম্মুকম্। দ্বিভুজং শরহস্তং বা প্রদ্যুম্নং কারয়েদ্বুধঃ॥
অনিরুদ্ধঃ কম্বুগ্রীবশ্চতুর্ব্বাহুঃ প্রভূষিতঃ। দক্ষিণেঽস্য গদা দেয়া চক্রশঙ্খৌ তু বামতঃ।
দক্ষিণে চ তথা পদ্মমনিরুদ্ধস্য দাপয়েৎ॥
নারায়ণশ্চতুর্ব্বাহুঃ কার্য্যস্তল্লক্ষণং ময়া। মূর্ত্তিদ্বাদশকে সর্ব্বং কীর্ত্তিতং ব্রহ্মণঃ শৃণু॥

পূর্ব্ববৎ নির্ম্মাণ করিতে হয়। দ্বাপরাদিযুগে ইনিই. দ্বিতীয় বাসুদেব বলিয়া কীর্ত্তিত হন। ইহাঁকে দ্বিভুজও করিতে পারে; তন্মধ্যে বামকরে শঙ্খধারণ ও দক্ষিণকরে বর প্রদান করিতেছেন। এই দুই প্রকারেই যে বাসুদেবের মূর্ত্তি নির্ম্মাণ করা যায় তাহা বর্ণিত হইল। বলদেবকে চতুর্ভুজ, এককুণ্ডলে শোভিত, লাঙ্গল-মুষল-গদা-পদ্মধারী, শঙ্খ-চক্র-গদাহস্ত ও বরপ্রদ করিতে হয়। প্রদ্যুম্নমূর্ত্তি চতুর্ভুজ ও শঙ্খচক্রধারী। ইহাঁর দক্ষিণ করদ্বয়ে চক্র ও শঙ্খ এবং বামকরদ্বয়ে ধনু ও গদা থাকিবে। এই মূর্ত্তিকে সর্ব্বলক্ষণে লক্ষিত করিতে হয়। রতি ও প্রীতি নাম্নী পরমরূপবতী দুইটি রমণীদ্বয় খড়্গ-চর্ম্ম ধারণপূর্ব্বক ইহাঁর পার্শ্বে অবস্থিত থাকিবেন। অথবা প্রদ্যুম্নমূর্ত্তি এইরূপে স্থাপন করিতে হইবে যে, তিনি কম্বুগ্রীব, ধনুর্ধারী, দ্বিভুজ ও শরহস্ত এবং তিনি রতি ও প্রীতি নামে ভার্য্যাদ্বয়ের মধ্যভাগে অবস্থিতি করিতেছেন। অনিরুদ্ধমূর্ত্তি কম্বুগ্রীব, চতুর্ভুজ ও সম্যক্ অলঙ্কৃত হইবেন। ইহাঁর দক্ষিণকরদ্বয়ে গদা ও পদ্ম এবং বামকরদ্বয়ে চক্র ও শঙ্খ বিরাজ করিবে। নারায়ণমূর্ত্তিকে চতুর্ভুজও করা হয়। দ্বাদশমূর্ত্তিপ্রকরণে ইহাঁর লক্ষণ বিবৃত হইয়াছে। অধুনা ব্রহ্মারমূর্ত্তি বর্ণন করি, অবধান কর। ব্রহ্মার চারি মুখ, চারি হস্ত, উদর বৃহৎ এবং ঊর্দ্ধমস্তক জটাজূটে শোভিত, এবং ইনি ধূম্রাচ্ছন্ন ও মেখলাধারী। ইহাঁর দক্ষিণভাগের ঊর্দ্ধকরে সুশোভন অক্ষমালা ও অধঃকরে স্রুব এবং বামভাগের ঊর্দ্ধকরে কমণ্ডলু ও অধঃকরে কুশসমন্বিতা আজ্যস্থালী থাকিবে। কিংবা ইহাকে শঙ্খচক্রগদাধারী ও চতুরানন করিবে। তাঁহার বাম ও দক্ষিণ পার্শ্বে সরস্বতী ও সাবিত্রী বিরাজ করিবেন। ইনি নিরন্তর মুনিগণের সহিত সমাসীন আছেন। অনুরূপ ব্রহ্মাকে অন্যভাবে প্রস্তুত করিতে হয়; কিন্তু পরিমাণে নরসিংহবৎ কিঞ্চিৎ অধিক করিবে। বিষ্ণু-মূর্ত্তিকে অষ্টবাহু ও চতুর্ব্বাহু করিতে হয়। ইনি গরুড়োপরি আরোহণ করিয়া রহিয়াছেন; ইহাঁর মূর্ত্তি সৌম্য ও ওষ্ঠপুট সন্দষ্ট। ইহাঁর দক্ষিণদিকের ভুজচতুষ্টয়ের মধ্যে তিনটী করে অসি, গদা, খড়্গ থাকিবে ও এক করে বর প্রদান করিবেন এবং বাম ভাগের করচতুষ্টয়ে ধনুঃ, চর্ম্ম, চক্র ও শঙ্খ বিরাজ করিবে। চতুর্ভুজ মূর্ত্তি করিলে দক্ষিণভাগের এক করে গদা থাকিবে ও অন্য করে বর প্রদান করিবেন এবং বামভাগের করদ্বয়ে শঙ্খ ও চক্র বিরাজ করিবে।

চতুর্ম্মুখশ্চতুর্ব্বাহুর্ব্বৃহজ্জঠরমণ্ডলঃ। ঊর্দ্ধমূর্দ্ধজটাজুটঃ সধুমঃ সমমেখলঃ।
শোভনং দক্ষিণে হস্তে দদ্যাদস্যাক্ষসূত্রকম্। স্রুবঞ্চ দক্ষিণে দদ্যাদ্বামহস্তে তু কুণ্ডিকাম্॥
আজ্যস্থালীং কুশোপেতাং বামহস্তে নিযোজয়েৎ। শঙ্খচক্রগদাপাণিঃ কার্য্যো বাথ চতুর্ম্মুখঃ॥
সরস্বতী চ সাবিত্রী বামদক্ষিণসংস্থিতে। কর্ত্তব্যা মুনয়ো বাথ পরিবার্য্য ব্যবস্থিতাঃ।
বিনিবিষ্টঃ সদা ব্রহ্মা কার্য্যো হংসস্ততোঽন্যথা। নৃসিংহবৎ স্বমাত্রা তু কিঞ্চিদভ্যধিকঃ স্মৃতঃ॥
বিষ্ণুরষ্টভুজঃ কার্য্যশ্চতুর্ব্বাহুরথাপি বা। বৈনতেয়গতঃ সৌম্যঃ সংদষ্টোষ্টপুটোঽপি বা॥
খড়্গাং গদাং শরং দদ্যাদ্দক্ষিণে বরদোঽপরঃ। কার্ম্মুকং খেটকং চক্রং শঙ্খং বামেঽস্য দাপয়েৎ॥
চতুর্ভুজে গদা দেয়া দক্ষিণে বরদোঽবরঃ। বামে শঙ্খঞ্চ চক্রঞ্চ বিষ্ণুরেবংবিধো মতঃ।
নরসিংহশ্চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রগদাধরঃ। শঙ্খচক্রধরো বাপি বিদারিতমহাসুরঃ॥
চতুর্ব্বাহুর্ব্বরাহস্তু শেষঃ পাণিপদে ধৃতঃ। ধারয়ন্ বাহুনা পৃথ্বীং বামেন কমলামথ॥
পাদলগ্না ধরা কার্য্যা যদা লক্ষ্মীর্ভুজস্থিতা। বরাহং কারয়েদ্দেবং শঙ্খচক্রগদাধরম্।
সপ্ততালৌ প্রশস্যেতে বরাহনরকেশরী। নবতালাবভ্যধিকৌ পুরস্তাৎ কথিতৌ তব॥

কিঞ্চ।—

অথ পুরুষোত্তমমূর্ত্তিলক্ষণম্।

অষ্টবাহুং বুধঃ কুর্য্যাদ্দেবং ত্রৈলোক্যমোহনম্। গরুড়াসনগং দেবং প্রথমে বয়সি স্থিতম্॥
চক্রং খড়্গঞ্চ মুষলং সাঙ্কুশং দক্ষিণে ন্যসেৎ। শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং বামহস্তেষু বিন্যসেৎ॥
লক্ষ্মী সরস্বতী কার্য্যে পদ্মবীণাসমন্বিতে॥

চতুর্ভুজ মূর্ত্তি করিলে দক্ষিণভাগের এক করে গদা থাকিবে ও অন্য করে বর প্রদান করিবেন এবং বামভাগের করদ্বয়ে শঙ্খ ও চক্র বিরাজ করিবে। এই রূপেই চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়। চতুর্ভুজ ও শঙ্খচক্রগদাধারী করিয়া নৃসিংহমূর্ত্তি প্রস্তুত করিবে। কিংবা উঁহাকে শঙ্খচক্রধারী করিবে এবং এইরূপ করিতে হইবে যে, তিনি মহাসুর হিরণ্যকশিপুকে বিদারণ করিতেছেন। বরাহমূর্ত্তিকে চতুর্ভুজ করিতে হয়। তাঁহার হস্তে ও পদে শেষদেব সংলগ্ন আছেন এবং দক্ষিণবাহু দ্বারা বসুমতীকে ও বামবাহু দ্বারা কমলাদেবীকে ধারণ করিয়া রহিয়াছেন। লক্ষ্মীকে হস্তস্থা করিলে বসুমতীকে পাদস্থিতা করিবে। এই দেব শঙ্খচক্রগদাধারী। বরাহমূর্ত্তি ও নৃসিংহমূর্ত্তির পরিমাণ সপ্ততাল হইলেই প্রশস্ত হয়। পূর্ব্বেই বলিয়াছি যে, এই মূর্ত্তিদ্বয়ের পরিমাণ নবতাল অপেক্ষাও অধিক হইয়া থাকে।

অনন্তর পুরুষোত্তমমূর্ত্তির লক্ষণ বিবৃত হইতেছে।—ত্রৈলোক্যমোহন পুরুষোত্তমমূর্ত্তিকে অষ্টভুজ করিতে হয়। ইনি গরুড়োপরি উপবিষ্ট; ইনি প্রথমবয়সে স্থিত অর্থাৎ কিশোর-বয়স্ক। ইঁহার দক্ষিণদিকের করচতুষ্টয়ে চক্র, অসি, মুষল ও অঙ্কুশ এবং বামভাগের করচতুষ্টয়ে শঙ্খ, শার্ঙ্গ, গদা ও পাশ প্রদান করিবে। লক্ষ্মী ও সরস্বতী নাম্নী দুইটী শক্তিকেও ইঁহার নিকট স্থাপন করিতে হয়। এই দুই দেবীর মধ্যে লক্ষ্মী পদ্ম ও সরস্বতী বীণা ধারণ করিতেছেন। প্রতিষ্ঠাপ্রসঙ্গেও লিখিত আছে যে, পূর্ব্বেই উল্লিখিত হইল, পুরুষোত্তম অষ্টভুজ। এক্ষণে ইঁহার চতুর্ব্বাহু ও দ্বিবাহুমূর্ত্তির বিষয় সংক্ষেপে তোমার নিকট বর্ণন

কিঞ্চ প্রতিষ্ঠাপ্রসঙ্গে।—

অষ্টবাহুঃ পূর্ব্বমেব কথিতঃ পুরুষোত্তমঃ। চতুর্ব্বাহুং দ্বিবাহুঞ্চ সংক্ষেপাৎ কথয়ামি তে।
দক্ষিণং শান্তিদং হস্তং কুর্য্যাদন্যং দয়ান্বিতম্। বামোর্দ্ধং কারয়েচ্চক্রং পাঞ্চজন্যং তথা হ্যধঃ।
শ্রীপুষ্টিসহিতং কুর্য্যাৎ চতুর্ব্বাহুং সুরোত্তমম্। প্রাসাদে স্থাপয়েন্নিত্যং গৃহে বা মণ্ডপেঽপি বা।
অথ দ্বিবাহুং তং দেবং কুর্য্যাদ্ভেদদ্বয়েন তু। একং শান্তিকরং হস্তমপরং চক্রভূষিতম্।
শ্রীসরস্বতি-সংযুক্তমেকমায়তনে ন্যসেৎ।
গদাচক্রধরং বাপি দ্বিভুজং পুরুষোত্তমম্। সীরপাণি-সমোপেতমেকানংশান্বিতং বিভুম্॥
চতুরস্রায়তে ধাম্নি স্থাপয়েৎ সর্ব্বকামদম্। অতসীপুষ্পসঙ্কাশং পীনবক্ষঃস্থলোরসম্॥
লাবণ্যাম্বুপ্রতোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ। ত্রৈলোক্যে যস্য রূপেণ ন ভূতো ন ভবিষ্যতি।
তং দেবং কারয়েৎ সৌম্যং পুরুষোত্তমমুত্তমম্॥
বলদেবং দ্বিদোর্দ্দণ্ডং মদবিভ্রান্তলোচনম্। লাঙ্গলাসক্তপাণিস্তু মুষলোদ্যতদক্ষিণম্॥
কুর্য্যাদ্বা তস্য বাহ্বোস্তু শঙ্খচক্রৌ সুশোভনৌ। শরচাপধরৌ বাপি বরশান্তিপ্রদৌ তথা॥
কার্য্যৌ ভুজৌ মহাভাগ বলদেবস্য সত্তম। ভোগান্ পঞ্চাথবা সপ্ত কুর্য্যাদস্য ত্বনন্তবৎ॥
একানংশাং তয়োর্মধ্যে কারয়েৎ সৌম্যরূপিণীম্। বরদাং পদ্মহস্তাং বা দক্ষিণেন ভুজেন তু॥
শ্রোণিস্থ-বামহস্তাং তু কুর্য্যাদ্ভদ্রাং সুরেশ্বরীম্। এবং তে দ্বিভুজো বিষ্ণুঃ কথিতঃ সর্ব্বকামদঃ।
বলদেবেন সহিতো ভদ্রয়া চ সমন্বিতঃ। দেবস্য দক্ষিণে পার্শ্বে সুভদ্রাং বিনিবেশয়েৎ।
ততঃ পরে মদাক্রান্তলোচনং স্থাপয়েদ্বলম্॥

করিতেছি। এই দেবকে চতুর্ভুজ করিলে দক্ষিণদিকের উর্দ্ধকরে শান্তি ও অপর করে দয়া এবং বামদিকের উর্দ্ধহস্তে চক্র ও অধঃকরে পাঞ্চজন্যনামক শঙ্খ বিন্যস্ত থাকিবে। ইনি শ্রী ও পুষ্টি নাম্নী শক্তিদ্বয়ে সংযুক্ত হইয়া অবস্থান করিতেছেন। ইঁহাকে নিরন্তর প্রাসাদে, গৃহে বা মণ্ডপে স্থাপন করিতে হয়। এই দেবের দ্বিবাহুমূর্ত্তিও দ্বিবিধ। (প্রথমতঃ) এক করে শান্তি প্রদান করিতেছেন ও অন্য কর চক্রদ্বারা সমলঙ্কৃত। এই প্রভুকে লক্ষ্মীসরস্বতী-যুক্ত করিয়া একগৃহেই স্থাপন করা কর্ত্তব্য। অন্যপ্রকারে এই পুরুষোত্তম-মূর্ত্তিকে দ্বিভুজ করিতে হইলে গদাচক্রধারী করিতে হয়। ইনি বলভদ্র ও সুভদ্রাসমন্বিত থাকিবেন। ইনি সর্ব্বকাম প্রদান করিয়া থাকেন। ইঁহাকে চতুষ্কোণ মন্দিরে স্থাপন করাই উচিত। পুরুষোত্তমমূর্ত্তির বর্ণ অতসীকুসুমের ন্যায়; ইঁহার বক্ষঃপ্রদেশ ও উরু স্থূল, ইনি লাবণ্যরূপ কমলজলে সকলদিক্ অভিষিক্ত করিতেছেন। ত্রিভুবনতলে তাঁহার সদৃশ রূপ কাহারও নয়নগোচর হয় নাই, হইবেও না। এইরূপেই পুরুষোত্তমের মনোহর মূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়। ইঁহার পার্শ্বে বলভদ্রমূর্ত্তি স্থাপন করিবে। তিনি দ্বিভুজ, মদবিভ্রান্তনেত্র, এবং বামকরে লাঙ্গল ও দক্ষিণকরে সমুদ্যত-মুষলধারী। কিংবা তদীয় করদ্বয়ে সুশোভন চক্র ও শঙ্খ অথবা দুই করে শর চাপ বা বর শান্তি বিরাজ করিবে। হে মহাভাগ! বলভদ্রমূর্ত্তি মু দ্বিবাহু করাই বিধেয়। অনন্তবৎ ইনি পাঁচটী বা

কিঞ্চ।—

অথ বিশ্বরূপলক্ষণম্।

বিংশদ্বাহুং বিশ্বরূপং কুর্য্যাত্তল্লক্ষণং শৃণু। চক্রং খড়্গঞ্চ মুষলমঙ্কুশং পট্টিশং তথা॥
মুদ্গরঞ্চ তথা পাশং শক্তিং শূলং শরং তথা। দক্ষিণেষু প্রদদ্যাদ্বৈ বামেষু শৃণু সাম্প্রতম্।
শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং তোমরং লাঙ্গলং তথা। পরশুং ছুরিকাং দণ্ডং চর্ম্ম-প্রক্ষেপণং তথা।
নৃসিংহোক্তং পরং মানং বিশ্বরূপস্য কীর্ত্তিতম্। চতুর্ম্মুখং দক্ষিণেঽস্য ত্রিনেত্রং বামতো ন্যসেৎ।
স্তুবন্তো মুনয়ঃ কার্য্যা বিদ্রবন্তো নিশাচরাঃ॥

অথ জলশায়িমূর্ত্তিলক্ষণম্।

বামপার্শ্বেন শয়িতং কারয়েজ্জলশায়িনম্। শেষপর্য্যঙ্কগং দেবং চতুর্ব্বাহুং জনার্দ্দনম্॥
শ্রিয়া ধৃতৈকচরণং সর্ব্বালঙ্কারভূষিতম্। দেবীভির্ব্বিমলাদ্যাভিঃ সেব্যমানমিতস্ততঃ॥
নাভ্যুত্থপঙ্কজারূঢ়পিতামহসমন্বিতম্॥

অথ লক্ষ্মীমূর্ত্তিলক্ষণম্।

কিঞ্চ।—

অষ্টতালা তু কর্ত্তব্যা দেবী লক্ষ্মীঃ সুরেশ্বরী। তৎক্রমং সৌরকাণ্ডে তু কথয়িষ্যে তবানঘ॥
নবতালিকক্ষেত্রাং তু কথ্যমানামিতঃ শৃণু। ভ্রুবৌ যবাধিকে কার্য্যে যবহীনা তু নাসিকা॥

সাতটী ফণায় বিমণ্ডিত থাকিবেন। পুরুষোত্তম ও বলভদ্র এই উভয়ের মধ্যভাগে সৌম্যরূপা, একানংশা (সুভদ্রা) দেবীর মূর্ত্তি স্থাপন করিতে হয়। এই সুরেশ্বরী দেবীর দক্ষিণহস্তে বর বা পদ্ম বিরাজ করিবে এবং বামহস্ত শ্রোণিদেশে সংলগ্ন থাকিবে। সর্ব্বকামপ্রদ দ্বিভুজমূর্ত্তির লক্ষণ ত্বৎ-সকাশে বর্ণন করিলাম। এই মূর্ত্তিকে বলভদ্র ও সুভদ্রা সহ সংযুক্ত করিতে হয়। সুভদ্রা দেবী পুরুষোত্তমমূর্ত্তির দক্ষিণদিকে এবং মদবিভ্রান্তনেত্র বলদেব সুভদ্রার দক্ষিণদিকে সংস্থিত হইবেন।

অনন্তর বিশ্বরূপমূর্ত্তির লক্ষণ বর্ণিত হইতেছে।—বিশ্বরূপমূর্ত্তির বিংশতি হস্ত। ইহাঁর লক্ষণ কীর্ত্তন করি, অবধান কর। ঐ বিংশতি করের মধ্যে দক্ষিণ দশকরে চক্র, অসি, মুষল, অঙ্কুশ, পট্টিশ, মুদ্গর, পাশ, শক্তি, শূল ও শর এবং বামকরে শঙ্খ, শার্ঙ্গ, গদা, পাশ, তোমর, লাঙ্গল, পরশু, ছুরিকা, দণ্ড ও চর্ম্ম-প্রক্ষেপণ (ঢাল) এই সমস্ত অস্ত্র বিদ্যমান থাকিবে। বিশ্বরূপের মূর্ত্তির পরিমাণ নৃসিংহমূর্ত্তির ন্যায় হইবে। এই দেবের দক্ষিণপার্শ্বে চতুরানন ব্রহ্মা ও বাম পার্শ্বে ত্রিনয়ন শিবমূর্ত্তি সংস্থিত থাকিবেন। দেবদেবের নিকট স্তুতিকীর্ত্তনকারী ঋষিগণের ও পলায়নপর নিশাচরসমূহের মূর্ত্তিও বিন্যস্ত করিতে হয়।

অনন্তর জলশায়িমূর্ত্তির লক্ষণ।—এই জলশায়ী দেব বামপার্শ্বে শয়ন করিয়া থাকিবেন। ইনি শেষপর্য্যঙ্কস্থ ও চতুর্ভুজ; লক্ষ্মীদেবী ইহাঁর একটী পদ ধারণ করিয়া রহিয়াছেন; ইনি সর্ব্বাভরণে সমলঙ্কৃত; বিমলাদি দেবীগণ সমন্তাৎ অবস্থিত; ইহাঁর নাভিজ কমল হইতে ব্রহ্মা সমুদ্ভূত হইয়াছেন। এইরূপে জলশায়ী জনার্দ্দনের মূর্ত্তি প্রস্তুত করিবে।

অনন্তর লক্ষ্মীমূর্ত্তির লক্ষণ।—দেবী সুরেশ্বরী লক্ষ্মীমূর্ত্তির পরিমাণ অষ্টতাল অর্থাৎ

গোলোকেনাধিকঃ বক্ত্রং মূর্দ্ধতির্য্যগ্বিবর্জ্জিতম্। আয়তে নয়নে কার্য্যে ত্রিভাগোনৈর্যবৈস্ত্রিভিঃ॥
তদর্দ্ধেন তু বৈপুল্যং নেত্রয়োঃ পরিকল্পয়েৎ। কর্ণপাশোঽধিকঃ কার্য্যঃ সৃক্কণ্যা সমসূত্রতঃ॥
নম্রং কলাবিহীনং তু কুর্য্যাদংসদ্বয়ং সদা। গ্রীবা সার্দ্ধকলা কার্য্যা তদ্বিস্তারোপশোভিতা॥
নেত্রে বিনা তু বিস্তারে উরূ জানু চ পিণ্ডিকে। অঙ্ঘ্রি পৃষ্ঠে স্ফিচে কটং যথাযোগ্যং প্রকল্পয়েৎ॥
সপ্তাংশোনাস্তথাঙ্গুল্যো দৈর্ঘ্যং বিষ্কম্ভনাহতম্। নেত্রৈকবর্জিতায়ামা জঙ্ঘোরূ চ তথা কটিঃ॥
মধ্যং পার্শ্বং ন তদ্বৃত্তং ঘনপীনং কুচদ্বয়ম্। তালমাত্রৌ স্তনৌ কার্য্যৌ কটিঃ সার্দ্ধকলাধিকা।
শেষমন্যদ্‌যথোদ্দিষ্টং লক্ষ্মীশ্চেয়ং প্রকীর্ত্তিতা॥
সর্ব্বাভরণসম্পন্না মধ্যে ক্ষামা স্তনোন্নতা। শ্রোণীতটসুবিস্তীর্ণা কার্য্যা দেবী সুরেশ্বরী॥
দ্বিভুজা কম্বুগ্রীবা চ বিশালাক্ষী সুলক্ষণা। স্তনৌ সমুন্নতৌ কার্য্যৌ কঞ্চুকেনাবগুণ্ঠিতৌ॥
নাগহস্তোপমৌ বাহূ উরূ রম্ভাসমৌ শুভৌ। নানারত্নোজ্জ্বলং পট্টং দেব্যাঃ শিরসি দাপয়েৎ॥
নানারত্নোজ্জ্বলা দেব্যা মেখলা শ্রোণিসংযুতা। যুক্তা দিব্যেন হারেণ কেয়ূর-মুকুটোজ্জ্বলা।
পদ্মাসনা প্রকর্ত্তব্যা পদ্মশ্রীফলপাণিকা। দক্ষিণে পুণ্ডরীকন্তু বামহস্তে তু শ্রীফলম্॥
স্থিতা বা ত্রিবলীভঙ্গশোভিতা চ প্রশস্যতে। স্ত্রিয়ৌ পার্শ্বদ্বয়ে কার্য্যে শুভে চামরহস্তিকে॥
ভৃঙ্গারহস্তৌ যৌ নাগৌ স্নপয়ন্তৌ শ্রিয়ং স্থিতৌ। শ্রীরিয়ং লক্ষণোপেতা স্থাপিতা সর্ব্বকামদা॥

চারি হস্ত। হে নিষ্কলুষ! ইঁহার যেরূপ ক্রম, তাহা সৌরকাণ্ডে তোমার নিকট কীর্ত্তন করিব। অধুনা প্রথমতঃ সার্দ্ধচতুর্হস্তপরিমিতা প্রতিমার বিষয় শ্রবণ কর। ভ্রূযুগল যবাপেক্ষা অধিক, নাসা যবরহিত, মুখ গোলক হইতে অধিক ও ঊর্দ্ধ-তির্য্যক্‌রহিত হইবে। ইঁহার নয়নদ্বয় ত্রিভাগোন ত্রিযবপরিমিত হইবে; চক্ষুর আয়তন তদর্দ্ধ করিতে হয়। সৃক্কণীর সমসূত্রে কর্ণপাশ অতিরিক্ত হইবে। স্কন্ধযুগল সদা নত ও নিষ্কল করিবে। গ্রীবা সার্দ্ধৈককলা এবং উহার বিস্তৃতিও সার্দ্ধকলা করিয়া শোভা সম্পাদন করিবে। কলা-যুগল ব্যতীত, উরু, জানু, পিণ্ডিকা (পাদের ডিম), অঙ্ঘ্রি, পৃষ্ঠ, স্ফিচ ও কটি এ সমস্তও উপযুক্ত পরিমাণে বিস্তৃত করিতে হইবে। অঙ্গুলী সপ্তাংশ ন্যূন করিবে এবং তাহা নাতিদীর্ঘ ও নাতিবিস্তৃত হইবে; জঙ্ঘা, উরু ও কটি এই সকলের বিস্তৃতি এক নেত্রহীন হইবে। মধ্যভাগ ও পার্শ্বভাগ গোলাকার হইবে না, কুচদ্বয় পীন ও ঘনসন্নিবিষ্ট হইবে। স্তনযুগল অর্দ্ধহস্তোচ্চ এবং কটিদেশ সার্দ্ধৈক কলার কিঞ্চিৎ অতিরিক্ত হইবে। অপরাপর অঙ্গ-সমূহ ইচ্ছানুসারে করিতে হয়। ইহাই লক্ষ্মীমূর্ত্তি বলিয়া পরিকীর্ত্তিত। এই সর্ব্বালঙ্কারালঙ্কৃত সুরেশ্বরী লক্ষ্মীদেবীর মধ্যভাগ ক্ষীণ, স্তন উচ্চ ও শ্রোণিপ্রদেশ সুবিস্তৃত হইবে। এই বিশালনয়না দেবী দ্বিভুজা, কম্বুগ্রীবা ও সুলক্ষণলক্ষিতা। ইঁহার কুচযুগল উচ্চ ও কঞ্চুকা-বগুণ্ঠনে অবগুণ্ঠিত। ইঁহার বাহুযুগল নাগকরসদৃশ মনোরম ও উরুদ্বয় কদলীতরুবৎ। ইঁহার শিরোপরি নানারত্নখচিত সিঁথি অর্পণ করিবে। ইঁহার শ্রোণিপ্রদেশে বিবিধরত্নো-দ্ভাসিতা মেখলা বিন্যাস করিতে হয়। ইঁহাকে দিব্য হারে বিমণ্ডিতা, কেয়ূর মুকুটে সমুদ্ভাসিতা ও পদ্মাসনা করিবে। ইনি পদ্ম ও শ্রীফলধারিণী; ইঁহার দক্ষিণ হস্তে পদ্ম ও বামহস্তে শ্রীফল

অথ গরুড়মূর্ত্তিলক্ষণম্।

খগেশস্য প্রবক্ষ্যামি তব রূপং সুশোভনম্। নরতুল্যং ভবেদ্গাত্রং নাসিকা চঞ্চুকাম্বিতা॥
ষড়ঙ্গুলোচ্ছ্রয়া সম্যক্ চঞ্চুরূপেণ কল্পিতা। মস্তকে সুন্দরং কেশং নেত্রে চৈবাস্য বর্ত্তুলে॥
আয়তৌ বিভুজৌ চাস্য পক্ষৌ কার্য্যৌ সুশোভনৌ। স্কন্ধপ্রদেশ-সংলগ্ন-জ্বলদগ্নি-সমপ্রভৌ॥
পাদয়োর্নখরাঃ কার্য্যাঃ সর্পমণ্ডলমণ্ডিতাঃ। নূপুরৌ তস্য দ্বৌ নাগৌ কেয়ূরৌ পদ্মকম্বলৌ।
কটিদেশেঽস্য কুলিকঃ পরিধানস্য বেষ্টনঃ। বৃশ্চিকৈঃ কর্ণিকা কার্য্যা গরুড়স্য মহাত্মনঃ॥
দেবস্য পুরতঃ স্থাপ্যো যষ্ট্যাং বা মণ্ডপেঽথবা। প্রাসাদস্য প্রমাণেন কার্য্যো গরুড়মণ্ডপঃ॥
যষ্ট্যাঃ সমুচ্ছ্রয়ঃ কার্য্যঃ প্রাসাদায়ামতোঽর্দ্ধতঃ॥

কিঞ্চ।—

সর্ব্বেষামেব দেবানাং বিষ্ণূক্তং মানমুচ্যতে। দেবীনামপি সর্ব্বাসাং লক্ষ্ম্যুক্তং মানমুচ্যতে।
কিঙ্করাদ্যাশ্চ কর্ত্তব্যাঃ সপ্তসংস্থানসংযুতাঃ॥

অথ শ্রীমূর্ত্ত্যঙ্গাধিক্যাদি-দোষাঃ।

মাৎস্যে।—

নাধিকাঙ্গী ন হীনাঙ্গী কর্ত্তব্যা দেবতা কচিৎ। স্বামিনং ঘাতয়ত্যূনা করালবদনা তথা॥

প্রদান করিবে। ইনি ত্রিবলীতরঙ্গে বিমণ্ডিত হইয়া পরম শোভা ধারণ করিতেছেন। দেবীর দুই পার্শ্বে দুইটী চামরধারিণী নারীমূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়। এতদ্ব্যতীত দুইটী হস্তী ভৃঙ্গার ধারণ পূর্ব্বক লক্ষ্মীদেবীকে স্নান করাইবার জন্য দুই পার্শ্বে দণ্ডায়মান থাকিবে।

অনন্তর গরুড়মূর্ত্তির লক্ষণ কথিত হইতেছে।—এক্ষণে ত্বৎসকাশে গরুড়ের মনোহর রূপ বর্ণন করিতেছি। গরুড়ের দেহ মনুষ্যের ন্যায়, নাসা চঞ্চুবিশিষ্ট; উহা ষড়ঙ্গুল উচ্চ ও চঞ্চুরূপে কল্পিত। ইহাঁর শিরোপরি মনোহর কেশ বিরাজিত; চক্ষুর্দ্বয় গোলাকার ও ভুজযুগল আয়ত। ইহাঁর উভয় পার্শ্বে স্কন্ধ সংলগ্ন। দুইটী মনোহর পক্ষ প্রদীপ্ত বহ্নির ন্যায় সমুদ্ভাসিত হইতেছে। ইহাঁর চরণ-নখগুলি সর্পমণ্ডলে বিমণ্ডিত; দুইটী সর্প পদনূপুররূপে অবস্থিত আছে; পদ্ম ও কম্বল নামা নাগদ্বয় কেয়ূররূপে, কুলিকনামা নাগ কটিতটে পরিধান-বেষ্টনরূপে এবং বৃশ্চিকগণ কর্ণিকারূপে অবস্থিত আছে। জনার্দ্দনদেবের সম্মুখে যষ্টিতে বা মণ্ডপে এইপ্রকার গরুড়মূর্ত্তি স্থাপন করিতে হয়। প্রাসাদের পরিমাণ অনুসারে গরুড়ের মণ্ডপ করিবে এবং প্রাসাদের দৈর্ঘ্য যেরূপ, তাহার অর্দ্ধ পরিমাণে যষ্টি উন্নত করিতে হয়। আরও লিখিত আছে যে, যত যত দেবমূর্ত্তির বিষয় বর্ণন করিলাম, তাঁহাদিগের সকলেরই পরিমাণ বিষ্ণুমূর্ত্তির ন্যায় এবং যত যত দেবীমূর্ত্তি আছে, তৎসমস্তের পরিমাণ লক্ষ্মীর সদৃশ। কিঙ্করাদিকে সপ্তচিহ্নে চিহ্নিত করিবে।

অনন্তর শ্রীমূর্ত্তির অঙ্গের আধিক্যাদিদোষ কীর্ত্তিত হইতেছে।—মৎস্যপুরাণে লিখিত আছে, দেবমূর্ত্তিকে অধিকাঙ্গ বা হীনাঙ্গ করিতে নাই। দেবতা হীনাঙ্গ বা করালবদনা হইলে স্থাপনকর্ত্তার নিধন হয়, ঐরূপ অধিকাঙ্গ হইলে শিল্পীর নিপাত, কৃশ হইলে অর্থক্ষয়,

অধিকা শিল্পিনং হন্যাৎ কৃশা চৈবার্থনাশিনী। কৃশোদরী তু দুর্ভিক্ষং নির্ম্মাংসা ধননাশিনী॥
বক্রনাসা তু দুঃখায় সংক্ষিপ্তাঙ্গী ভয়ঙ্করী। চিপিটা দুঃখ-শোকায় অনেত্রা নেত্রনাশিনী॥
দুঃখদা হীনবক্ত্রা তু পাণিপাদকৃশা তথা। হীনাংসা হীনজঙ্ঘা চ ভ্রমোন্মাদকরী নৃণাম্॥
শুষ্কবক্ত্রা তু রাজানং কটিহীনা চ যা ভবেৎ। পাণিপাদবিহীনায়াং জায়তে নরকো মহান্॥
জঙ্ঘাহীনা তু যা স্বর্চ্চা শত্রুকল্যাণকারিণী। পুত্রমিত্রবিনাশায় হীনা বক্ষঃস্থলে তু যা।
সংপূর্ণাবয়বা যা তু আয়ুর্লক্ষ্মীপ্রদা সদা॥

বারাহ্যাম্।—

নৃপভয়মত্যঙ্গায়াং হীনাঙ্গায়ামল্পকত্তা কর্ত্তুঃ। শাতোদর্য্যাং ক্ষুদ্ভয়মর্থবিনাশঃ কৃশাঙ্গায়াম্॥
মরণং তু ক্ষতায়াং, শস্ত্রনিপাতেন নির্দ্দিশেৎ কর্ত্তুঃ।
বামে বিনতা পত্নীং দক্ষিণবিনতা হিনস্ত্যায়ুঃ। অন্ধত্বমূর্দ্ধদৃষ্ট্যাং করোতি চিন্তামধোমুখী দৃষ্টিঃ॥

কিঞ্চ শ্রীপ্রহ্লাদোক্তে পুরাণোদ্ধারেঽপি।—

সুরার্চ্চাং লক্ষণৈর্হীনাং যস্তু পুজয়তে নরঃ। তস্যান্নং নাভিগৃহ্নন্তি তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ॥

অথ দ্রব্যভেদেন শ্রীমূর্ত্তিভেদঃ।

মাৎস্যে।—

চিত্রজা চৈব লেপ্যা চ শস্ত্রোৎকীর্ণা চ পাকজা। পটে কুড্যে চ পাত্রে চ চিত্রজা প্রতিমা স্মৃতা॥
লেপ্যা তু পার্থিবী জ্ঞেয়া লোহজা পাকজা মতা। শৈলজা বৃক্ষজা চৈব শস্ত্রোৎকীর্ণা চ কীর্ত্তিতা।
চতুর্দ্ধা দ্রব্যভেদেন প্রতিমা পরিকীর্ত্তিতা।

কৃশোদরী হইলে রাজ্যে দুর্ভিক্ষ এবং মাংসহীনা হইলে ধন নষ্ট হইয়া থাকে। বক্রনাসা মূর্ত্তি দুঃখের কারণভূতা, সংক্ষিপ্তাঙ্গী ভয়াবহা, চিপিটা দুঃখশোকদায়িনী নেত্রহীনা, চক্ষুনাশিনী ও হীনমুখী দুঃখকরী হইয়া থাকেন এবং কৃশহস্তা, কৃশচরণা, হীনস্কন্ধা ও হীনজঙ্ঘা মূর্ত্তি মানবগণের ভ্রম ও উন্মাদ জন্মাইয়া দেন। দেবমূর্ত্তি শুষ্কবদনা ও কটিহীনা হইলে তত্রত্য নৃপতি বিনাশ প্রাপ্ত হন। যদি দেবমূর্ত্তি করপদহীনা হন, তবে কর্ত্তার নরকবাস ঘটে। জঙ্ঘাহীনা প্রতিমা বিপক্ষের কল্যাণকরী ও বক্ষোহীনা প্রতিমা পুত্রমিত্রনাশিনী। প্রতিমা সম্পূর্ণ অবয়ব-সম্পন্না হইলে আয়ুর্বৃদ্ধিকরী ও লক্ষ্মীদাত্রী হইয়া থাকেন। বরাহপুরাণে লিখিত আছে যে, প্রতিমা অধিকাঙ্গী হইলে নৃপতির ভয়দাত্রী হন; হীনাঙ্গী হইলে কর্ত্তার হীনাবস্থা ঘটে, কৃশোদরী মূর্ত্তি ক্ষুধা ও ভয়ের কারণ মাত্র; কৃশাঙ্গী অর্থক্ষয়করী এবং ক্ষতাঙ্গী হইলে অস্ত্রাঘাতে প্রতিমাকর্ত্তা কালগ্রাসে পতিত হন। প্রতিমা বামে নতা হইলে ভার্য্যা এবং দক্ষিণদিকে নতা হইলে পরমায়ু ক্ষয় হয়। ঊর্দ্ধদৃষ্টি প্রতিমা অন্ধত্ব ও অধোবদনা প্রতিমা চিন্তা উৎপাদন করেন। প্রহ্লাদ-কথিত পুরাণোদ্ধারে লিখিত আছে, যে ব্যক্তি লক্ষণবর্জ্জিতা প্রতিমার অর্চ্চনা করেন, দেবতারা তদীয় অন্ন গ্রহণ করে না; সুতরাং তাদৃশী প্রতিমা ত্যাগ করা কর্ত্তব্য।

অনন্তর দ্রব্যভেদে শ্রীমূর্ত্তির ভেদ।—মৎস্যপুরাণে লিখিত আছে, প্রতিমা চতুর্বিধ;—চিত্রিতা, লেপ্যা, শস্ত্রোৎকীর্ণা ও পাকজা। পটে, প্রাচীরে ও পাত্রে চিত্রিত করিলেই তাহার

হয়শীর্ষপঞ্চরাত্রে—

মৃন্ময়ী দারুঘটিতা লোহজা রত্নজা তথা। শৈলজা গন্ধজা চৈব কৌসুমী সপ্তমী স্মৃতা ॥
কৌসুমী রত্নজা চৈব মৃন্ময়ী প্রতিমা হিতা। তৎকালপূজিতাশ্চৈতাঃ সর্ব্বকামফলপ্রদাঃ॥

কিঞ্চ।—

ভাগ্যদা শৈলজা স্যাচ্চ স্বর্ণজা পুষ্টিদা ভবেৎ। সুখপ্রদা স্যান্মণিজা রাজতী কীর্ত্তিদা ভবেৎ॥
তাম্রজা ধনদা প্রোক্তা শ্রীপ্রদা বৃক্ষজা মতা। কৌসুমী সুখদা প্রোক্তা গন্ধজা ভোগদা মতা।
প্রত্যগ্রস্থাপিতা বাপি মৃন্ময়ী সর্ব্বসিদ্ধিদা ॥

কিঞ্চ তত্রৈব চিত্রজা-প্রতিষ্ঠাপ্রসঙ্গে।

যাবন্তি বিষ্ণুরূপাণি সুরূপাণীহ লেখয়েৎ। তাবদ্যুগ-সহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥
লেপ্যে চিত্রে হরির্নিত্যং সন্নিধানমুপৈতি হি। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন লেপ্যচিত্রগতং যজেৎ ॥
কান্তিভূষণভাবাদ্যাশ্চিত্রে যস্মাৎ স্ফুটং স্থিতাঃ। অতঃ সান্নিধ্যমায়াতি চিত্রজাসু জনার্দ্দনঃ।
তস্মাচ্চিত্রার্চ্চনে পুণ্যং স্মৃতং শতগুণং বুধৈঃ। চিত্রস্থং পুণ্ডরীকাক্ষং সবিলাসং সবিভ্রমম্॥
দৃষ্ট্বা বিমুচ্যতে পাপৈর্জ্জন্মকোটি-সুসঞ্চিতৈঃ। তস্মাচ্ছুভার্থিভির্ধীরৈর্মহাপুণ্য-জিগীষয়া।
পটস্থঃ পূজনীয়স্তু দেবো নারায়ণঃ প্রভুঃ ॥ ইতি ॥

নাম চিত্রিতা বা চিত্রজা; পার্থিবী প্রতিমাকে লেপ্যা বলা যায়; ধাতুময়ী প্রতিমা পাকজা এবং প্রস্তরময়ী ও দারুময়ী প্রতিমাই শস্ত্রোৎকীর্ণা বলিয়া কথিত। বস্তুভেদে এই চতুর্বিধ প্রতিমূর্ত্তি বর্ণিত হইল।

হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, প্রতিমা সপ্তবিধ;—পার্থিবী, দারুময়ী, লোহজা (ধাতুময়ী), রত্নজা, শৈলজা, গন্ধজা ও কৌসুমী। কৌসুমী, রত্নজা, পার্থিবী প্রতিমা কল্যাণকরী; যথাকালে ইহাঁদের পূজা করিলে ইহাঁরা কামফলদাত্রী, হইয়া থাকেন। আরও লিখিত আছে যে, শৈলজা (পাষাণী) প্রতিমা ভাগ্যদায়িনী, স্বর্ণময়ী পুত্রপ্রদা, মণিজা সুখদাত্রী, রৌপ্যময়ী কীর্ত্তিদায়িনী, তাম্রময়ী ধনদাত্রী, দারুময়ী সম্পদ্‌বিধায়িনী, কৌসুমী সুখদা, গন্ধজা ভোগপ্রদা এবং মৃন্ময়ী প্রতিমা নূতন স্থাপিত হইলে সর্ব্বসিদ্ধিদাত্রী হইয়া থাকেন। উক্ত গ্রন্থেই চিত্রজাপ্রতিষ্ঠাপ্রসঙ্গে লিখিত আছে, সুরূপ করিয়া যতসংখ্য বিষ্ণুমূর্ত্তি অঙ্কন করিবে, ততসহস্রযুগ বিষ্ণুধামে সম্মানের সহিত অবস্থিতি করিতে পারিবে। শ্রীহরি লেপ্য ও চিত্র প্রতিমায় নিরন্তর সন্নিহিত থাকেন, সুতরাং সম্যক্ যত্নসহকারে লেপ্যা ও চিত্রজা প্রতিমার অর্চ্চনা করিবে। চিত্রমূর্ত্তিতে পরিষ্কাররূপে কান্তি, ভূষণ ও ভাব প্রভৃতি প্রকাশিত থাকে, এইজন্যই হরি সেই প্রতিমার সন্নিহিত থাকেন; সুতরাং বুধগণ চিত্রজা-প্রতিমায় শতগুণ পুণ্য কীর্ত্তন করিয়াছেন। বিলাসবিভ্রমসমন্বিত চিত্রস্থ হরিকে দর্শন করিলে কোটিজন্মসঞ্চিত পাতক হইতে মুক্তিলাভ করিতে পারে; সুতরাং কল্যাণকামী ধীরগণ মহাপুণ্যলাভার্থ পটস্থ প্রভু নারায়ণের অর্চ্চনা করিবেন।

অথ শিলাগ্রহণম্।

ত্রিকূটাদ্রিষু গৃহ্নীয়াৎ কিংবা শ্রীপর্ব্বতাদিষু। শিলাং ভূমিগতাং বাথ জ্ঞাত্বা তল্লক্ষণং বুধঃ॥

তথা চ তত্রৈব।—

সুবারে সুতিথৌ যোগে ঋক্ষে সুকরণান্বিতে। আপূর্য্যমাণপক্ষে তু সুগ্রহে চোত্তরায়ণে॥
যজমানানুকূলে তু প্রতিমার্থং ব্রজেদ্গুরুঃ। শ্বেতবস্ত্রপরীধানঃ শ্বেতচন্দনচর্চ্চিতঃ॥
শ্বেতপুষ্পকৃতাপীড়ঃ শিল্পিভিঃ সহিতো গুরুঃ। নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং সহায়ৈর্ব্বলবত্তরৈঃ॥
নৃসিংহং পূজ্য বিজ্ঞাপ্য পূজ্য টঙ্কাদিকং ততঃ। ধ্যাত্বা হরিং হবিঃ প্রাশ্য মন্ত্রাঙ্গন্যস্তবিগ্রহঃ॥
ব্রাহ্মণান্ বাচয়িত্বা তু ভক্ত্যা মঙ্গলদর্শনম্। দধি দূর্ব্বাং রোচনাং বা আদর্শং কুসুমং সিতম্॥
ফলঞ্চ পূর্ণকুম্ভঞ্চ বন্দয়িত্বা বনং ব্রজেৎ। দিব্যান্তরীক্ষভৌমানি নিমিত্তান্যুপলক্ষয়েৎ॥
যায়াচ্ছুভনিমিত্তেষু বিপরীতে নিবর্ত্তয়েৎ। ত্রিরাচম্য ততঃ প্রাণান্ ধ্যায়েৎ সিংহতনুং হরিম্।
পুনশ্চাষ্টোত্তরং জপ্ত্বা পাতালমুষলং জপেৎ। গীতবাদ্যরবোদ্ঘুষ্টা যাত্রা স্যাৎ সিদ্ধিদা নৃণাম্॥
লক্ষ্মীং ধ্যায়ন্ বনং যায়াৎ সহায়ৈঃ শিল্পিভিঃ সহ। শঙ্খকাহলশব্দৈশ্চ পুণ্যাহজয়মিশ্রিতৈঃ॥
ঋগ্‌যজুঃসামসংঘৈশ্চ ধ্যায়ন্ সিংহং বনং ব্রজেৎ। প্রাচীং দিশমথোদীচীমৈশানীং বা ব্রজেদ্গুরুঃ।
ভূধরাদ্যাস্তু যে পূর্ব্বং সংস্থানাঃ কথিতা ময়া। তত্র গত্বা সমীপে তু কৃতরক্ষো বনং বিশেৎ॥
প্রবিশেৎ তত্র যত্নেন শিল্পিভিঃ সহিতো গুরুঃ। নিরূপয়েৎ সমন্তাত্তু বৃক্ষং বাপ্যথ বা শিলাম্॥

অনন্তর শিলাগ্রহবিধি কথিত হইতেছে।—ত্রিকূটগিরি অথবা শ্রীপর্ব্বতাদি হইতে প্র ত-মার লক্ষণোচিত ভূমিগত শিলা গ্রহণ করাই সুধী ব্যক্তির কর্ত্তব্য। এই বিষয়ে হয়শীর্ষপঞ্চ-রাত্রে লিখিত আছে যে, শ্রীগুরুদেব যজমানের অনুকূল বারে, সুতিথিতে, সুযোগে, সুনক্ষত্রে, শুক্লপক্ষে, সুগ্রহের উদয়ে ও উত্তরায়ণসময়ে প্রতিমার্থ প্রস্থান করিবেন। তিনি শিল্পিগণসহ শুক্লাম্বর পরিধান পূর্ব্বক শ্বেতচন্দনে অনুলিপ্ত ও শ্বেতকুসুমের শিরোভূষণে বিভূষিত হইয়া মহাবল সহায়স্বরূপ সুদক্ষ শিল্পিবর্গের সহিত নৃসিংহদেবের অর্চ্চনা করিবেন এবং তৎসকাশে নিবেদন পূর্ব্বক প্রস্তরবিদারক আয়ুধেরও পূজা করিবেন। তৎপরে শ্রীহরি স্মরণ পূর্ব্বক হবিঃ-সেবনান্তে দেহে মন্ত্রাঙ্গন্যাস করিবেন। তদনন্তর ভক্তিমান্ হইয়া বিপ্রগণ দ্বারা স্বস্তি-বাচন করাইয়া মঙ্গলদর্শন দধি, দূর্ব্বা, রোচনা, দর্পণ, শ্বেতকুসুম, ফল ও পূর্ণকুম্ভ এই সমস্তের বন্দনা করত বনে প্রস্থান করিবেন। দিব্য, আন্তরীক্ষ ও ভৌম নিমিত্তসমূহের প্রতি দৃষ্টি করা তাঁহার কর্ত্তব্য। শুভ নিমিত্ত দৃষ্ট হইলে গমন করিবেন, কিন্তু তদ্বিপরীত দৃষ্ট হইলে ক্ষান্ত থাকাই কর্ত্তব্য। তদনন্তর বারত্রয় প্রাণায়াম সাধন পূর্ব্বক নৃসিংহমূর্ত্তি ধ্যান করত পুনরায় অষ্টধা জপ করিবেন। পরে পাতালমুষল নামক মন্ত্রবিশেষ জপ করিতে হয়। যাত্রা-গীত-ব্যাদ্যাদি উচ্চরব-সংযুক্ত হইলে অর্থাৎ তৎকালে গীতবাদ্য প্রভৃ-তির উচ্চধ্বনি উত্থিত হইলে সেই যাত্রা সিদ্ধিকরী হইয়া থাকে। তৎপরে গুরুদেব লক্ষ্মী-দেবীর ধ্যান পূর্ব্বক সহায়স্বরূপ শিল্পিবর্গের সহিত বনে প্রস্থান করিবেন। পুণ্যদিনোচিত জয়ধ্বনিসমন্বিত শঙ্খঢক্কার শব্দ ও ঋক্-যজুঃ-সামবেদধ্বনি সহকারে নরসিংহের ধ্যান পূর্ব্বক

লক্ষণেন তু মন্ত্রজ্ঞো যৎ পূর্ব্বং কথিতং ময়া। একবর্ণাং শিলাং দৃষ্ট্বা বাহ্যদোষবিবর্জ্জিতাম্ ॥
চতুর্দ্দিক্ষু সমং কৃত্বা ভূমিভাগং বিশোধয়েৎ। প্লাব্য তোয়েন পূতেন গোময়েন বিলেপয়েৎ ॥
তত্রৈব মণ্ডপং কৃত্বা বাসুদেবং ততো জপেৎ। পতাকৈস্তোরণৈশ্চিত্রৈর্ম্মণ্ডপং তং বিভূষয়েৎ ॥
পূজয়েদথ দিগ্দেবান্ ভূতক্রূরবলিং হরেৎ। মাষং হরিদ্রাচূর্ণঞ্চ দধি-শক্তু-সমন্বিতম্ ॥
সলাজমাষভক্তঞ্চ দদ্যাৎ ক্রূরবলিং বুধঃ। বিষ্ণুং পূজ্য বিধানেন ক্রমশস্তান্ প্রপূজয়েৎ ॥
বায়ব্যামস্ত্রমন্ত্রেণ গন্ধপুষ্পৈঃ প্রপূজয়েৎ। বহ্নিং প্রজ্বাল্য বিধিনা মন্ত্রান্ সংতর্প্য পূজয়েৎ ॥
হুত্বা যথোক্তবিধিনা শান্তিতোয়ং সমারভেৎ। শান্তিতোয়ং ততো গৃহ্য অস্ত্রেণ প্রোক্ষয়েচ্ছিলাম্ ॥
দর্ভৈরুল্লেখয়েৎ পশ্চাদস্ত্রমন্ত্রেণ তাং শিলাম্। মন্ত্রৈরালভ্য তাং যত্নাৎ শুক্লবস্ত্রেণ বেষ্টয়েৎ ॥

রক্ষাং কৃত্বা নৃসিংহেন দর্ভৈরাচ্ছাদ্য পূজয়েৎ।
গন্ধৈঃ পুষ্পৈশ্চ নৈবেদ্যৈর্ধূপৈঃ সংপূজ্য তাং শিলাম্।

ততস্তু মূলমন্ত্রেণ ত্বাজ্যমষ্টোত্তরং হুনেৎ। ততঃ পূর্ণাহুতিং দদ্যাৎ মন্ত্ররাজেন বৈ গুরুঃ ॥
এবং সংতর্প্য সংপূজ্য বিজ্ঞাপ্য চ বলিং হরেৎ। গন্ধৈঃ পুষ্পস্তথা ধূপৈর্দদ্যাদ্ভূতবলিং বুধঃ।

অত্র যেহবস্থিতাঃ সত্বা যাতুধানাশ্চ গুহ্যকাঃ।
সিদ্ধাদয়ো বা যে চান্যে তান্ সংপূজ্য ক্ষমাপয়েৎ ॥

বনে গমন করিতে হয়। (গৃহ হইতে বহির্গত হইয়া বনোদ্দেশে) পূর্ব্ব, উত্তর বা ঈশানাভিমুখে প্রস্থান করিবে। ইতিপূর্ব্বে পর্ব্বতাদি যে সমস্ত স্থানের উল্লেখ হইয়াছে, তথায় গমন পূর্ব্বক স্বসন্নিধানে (বিধানে) রক্ষাবিধান (আত্মরক্ষা) করত বনে প্রবিষ্ট হইতে হয়। এইরূপে গুরুদেব শিল্পীদিগের সহিত সযত্নে বনমধ্যে প্রবিষ্ট হইবেন। ইতিপূর্ব্বে যে লক্ষণ বর্ণন করিয়াছি, মন্ত্রবিদ্ গুরুদেব সর্ব্বথা সেইরূপ লক্ষণযুক্ত বৃক্ষ বা পাষাণ নিরূপণ করিবেন। যে শিলা একবর্ণা ও যাহার বহির্ভাগে (ভগ্ন বা ক্ষতাদি) কোনরূপ দোষ নাই, তাদৃশ শিলা নিরূপণ পূর্ব্বক চতুর্দ্দিক্ সমান করিয়া ভূভাগকে সবিশেষ শোধন ও পবিত্রজলে ধৌত করত গোময়োপলেপন করিবেন। তথায় মণ্ডপ প্রস্তুত করিয়া বাসুদেবকে জপ করত চিত্র-বিচিত্র পতাকা ও তোরণ দ্বারা মণ্ডপ সুশোভিত করিবেন। পরে দিগ্দেবগণের অর্চ্চনা পূর্ব্বক ভূতগণের উদ্দেশে ক্রূরবলি দিবেন। মাষ, হরিদ্রাচূর্ণ, দধি, শক্তু ও লাজ এই সমস্ত একত্র করিয়াই পণ্ডিতগণ মাষভক্ত নামক বলি প্রদান করিয়া থাকেন। তৎপরে বিষ্ণুর অর্চ্চনা পূর্ব্বক বিধানে ক্রমান্বয়ে ভূতবর্গের অর্চ্চনা করিতে হয়। তদনন্তর বায়ুকোণে অস্ত্রমন্ত্রে (ফট্ মন্ত্রে) গন্ধপুষ্পযোগে ঐ সমস্তের অর্চ্চনা করিবেন। পরে বিধানে বহ্নি প্রজ্বালিত করিয়া মন্ত্রসমূহের সন্তর্পণান্তে অর্চ্চনায় প্রবৃত্ত হইবেন। তৎপরে হোম সমাপন পূর্ব্বক যথাকথিত বিধানে শান্তিজল করিবেন এবং ঐ শান্তিজল গ্রহণ পূর্ব্বক অস্ত্রমন্ত্রে শিলা সেচন করিয়া কুশ দ্বারা অস্ত্রমন্ত্রে খনন করিবেন। তদনন্তর মন্ত্রপাঠ সহকারে গ্রহণ পূর্ব্বক সযত্নে ঐ শিলাকে শ্বেতবস্ত্রে পরিবেষ্টন করিতে হইবে। পরে নৃসিংহমন্ত্রে রক্ষণ ও কুশদ্বারা আচ্ছাদন পূর্ব্বক গন্ধ, পুষ্প, নৈবেদ্য ও ধূপ দ্বারা শিলার অর্চ্চনা

অথ তত্র মন্ত্র।

বিষ্ণুবিম্বার্থমস্মাকং যাত্রেষা কেশবাজ্ঞয়া। বিষ্ণ্বর্থং যদ্ভবেৎ কার্য্যং যুষ্মাকমপি তদ্ভবেৎ।
অনেন বলিদানেন প্রীতা ভবথ সর্ব্বথা। ক্ষেমেণ গচ্ছতান্যত্র মুক্ত্বা স্থানমিদং পুনঃ॥
এবং প্রবোধিতাঃ সত্ত্বাঃ পরিতুষ্টা যথাসুখম্। আচম্য সংবিশ্য ততঃ কৃতরক্ষাপুরঃসরঃ।
চরুং প্রাশ্য নিরাহারঃ শিল্পিভিঃ সহ দেশিকঃ। হরিং বিজ্ঞাপ্য বিধিবদ্দেবীং চ কমলোদ্ভবাম্।
পশ্চিমে দর্ভশয্যাগাং বসেত্তাং রজনীং গুরুঃ। নিরাহারঃ স্থিতো ভূত্বা প্রাণায়ামারম্ভকং জপন্॥

অথ তত্র মন্ত্রঃ।

ওঁ নমঃ সর্ব্বলোকপিত্রে বিষ্ণবে প্রভবিষ্ণবে। বিশ্বায় বিশ্বরূপায় স্বর্গাধিপতয়ে নমঃ।
আগচ্ছ দেবদেবেশ প্রপন্নোঽস্মি তবান্তিকম্। স্বপ্নে সর্ব্বাণি কার্য্যাণি হৃদিস্থিতানি যানি মে।
ওঁ হ্রীং ফট্ বিষ্ণবে স্বাহা॥

যদা স পশ্যতে বৃক্ষং জ্বলন্তং ধূমবর্জ্জিতম্। ফলিতং পুষ্পিতং চৈব তদা সিদ্ধির্ন দূরতঃ॥
প্রজ্বলন্তীং শিলাং পশ্যেচ্ছ্রিয়া বাধিষ্ঠিতাং শিলাম্। ব্রহ্মণাধিষ্ঠিতাং বাপি সা তদা সর্ব্বকামদা॥
শ্রিয়া জুষ্টং প্রজ্বলন্তমথ পশ্যতি পর্ব্বতম্। ততঃ প্রবৃদ্ধশিখরং কাঞ্চনদ্রুমমণ্ডিতম্॥

করিবেন। তৎপরে গুরুদেব মূলমন্ত্র দ্বারা অষ্টোত্তরশত ঘৃতাহুতি দিয়া মন্ত্ররাজদ্বারা পূর্ণাহুতি দিবেন। এইরূপে তর্পণ, অর্চ্চন ও বিজ্ঞাপন পূর্ব্বক নৈবেদ্য প্রদান করিয়া গন্ধ, পুষ্প ও ধূপ দ্বারা ভূতবলি অর্পণ করিবেন। পরে তত্রত্য সত্ত্ব, যাতুধান, গুহ্যক, সিদ্ধ বা অন্য যে কেহ বিদ্যমান থাকে, তৎসমস্তের অর্চ্চনা করিয়া ক্ষমা প্রার্থনা করিবেন।

ক্ষমাপ্রার্থনামন্ত্র।—"বিষ্ণুপ্রতিমা নির্ম্মাণার্থ হরির আদেশে আমরা এই যাত্রা করিয়াছি। বিষ্ণুর উদ্দেশে যে কার্য্য অনুষ্ঠিত হইবে, উহা তোমাদিগেরও কার্য্য। এই বলিদান দ্বারা তোমরা সর্ব্বথা প্রীতি প্রাপ্ত হও। এই স্থান পরিহার পূর্ব্বক মঙ্গল সহকারে অন্যত্র প্রস্থান কর।" এইরূপে ভূতগণ প্রবোধিত ও যথাসুখে প্রীত হইলে গুরুদেব আচমনান্তে উপবিষ্ট হইয়া রক্ষা বিধান করত চরু ভোজন করিবেন। পরে শিল্পিগণের সহিত নিরাহারে থাকিয়া হরি ও কমলোদ্ভবা লক্ষ্মীদেবীকে বিজ্ঞাপন পূর্ব্বক পশ্চিমদিকে দর্ভশয্যায় যামিনী যাপন করিবেন। নিরাহারে থাকিয়া প্রাণায়াম পুরঃসর (বক্ষ্যমাণ মন্ত্র) জপ করিয়া কুশশয্যায় রাত্রি অতিবাহিত করিতে হয়।

মন্ত্র যথা :—যিনি বিশ্বস্বরূপ, বিশ্বরূপী ও স্বর্গের অধিপতি, সেই সর্ব্বলোকপিতা প্রভবিষ্ণু বিষ্ণুকে নমস্কার। হে দেবদেবেশ! আগমন কর, আমি তোমার শরণ গ্রহণ করিলাম। স্বপ্নে যে সমস্ত কার্য্য আমার হৃদয়স্থ হইবে, তৎসমস্ত তোমাকে অর্পণ করিতেছি। ওঁ হ্রীং ফট্ বিষ্ণবে স্বাহা। এই মন্ত্র জপ করিয়া নিশাযাপন করিবে। যদি গুরুদেব স্বপ্নযোগে ধূমরহিত অথচ জ্বলন্ত বৃক্ষকে ফলিত ও কুসুমিত দেখেন, তাহা হইলে সিদ্ধি অদূরবর্ত্তিনী জানিবে। যদি শিলা প্রজ্বলিতা বা লক্ষ্মী কর্ত্তৃক অথবা ব্রহ্মা কর্ত্তৃক অধিষ্ঠিতা দৃষ্ট হয়, তবে বুঝিতে হইবে যে, সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইবে। যদি লক্ষ্মীকর্ত্তৃক অধিষ্ঠিত প্রজ্বলিত গিরি দৃষ্ট হয়

যুতং সর্ব্বোত্তবৈর্বৃক্ষৈঃ ফলপুষ্পসমন্বিতৈঃ। এবংভূতেষু দৃষ্টেষু স্বপ্নে অর্চ্চা সুশোভনা॥
অপরেঽহনি সংপ্রাপ্তে কৃতরক্ষঃ কৃতাহ্নিকঃ। শস্ত্রাণি বিধিবৎ পূজ্য শিলাং পূজ্য বিধানতঃ॥
অর্ঘ্যং দত্ত্বা শিলায়াস্তু শস্ত্রমন্ত্রেণ পূজয়েৎ। মন্ত্রয়িত্বা স্বমন্ত্রেণ প্রজ্বলন্তং বিভাবয়েৎ।
মধ্বাজ্যাক্তমুখং কৃত্বা আত্মানং চিন্তয়েদ্ধরিম্। শিল্পিনং বিশ্বকর্ম্মাণং ধ্যাত্বোদক্‌প্রাঙ্‌মুখোঽপি বা।
শস্ত্রং বিষ্ণ্বাত্মকং ধ্যাত্বা প্রদদ্যাচ্ছিল্পিনে গুরুঃ। মুখং পৃষ্ঠং সলাঙ্গূলং শিল্পিনে দর্শয়েদ্গুরুঃ॥
শুক্ল-গন্ধানুলিপ্তাঙ্গঃ শুক্লপুষ্পাদ্যলঙ্কৃতঃ। উদঙ্মুখঃ প্রাঙ্মুখো বা স্থপতিঃ সংযতঃ শুচিঃ॥
ধ্যাত্বাত্মদেবতাং শিল্পী টঙ্কহস্তো জিতেন্দ্রিয়ঃ। যথেষ্টং শাতয়েৎ পশ্চাদ্‌যচ্ছিলাং তচ্ছৃণুষ মে॥
উদক্‌শিরাং প্রাক্‌শিরাং বা তথৈবেশানদিগ্‌গতাম্। ঊর্দ্ধভাগং ভবেৎ পৃষ্ঠমধোভাগং ভবেন্মুখম্॥
কিঞ্চিন্মানাধিকাং কৃত্বা কল্পয়েৎ প্রতিমাশিলাম্। কিঞ্চিন্মানাধিকা ত্যাজ্যা বিবিধা যা চ পিণ্ডিকা।
ছেদয়িত্বা সমুদ্ধৃত্য চতুরস্রাং তু কারয়েৎ। অনেনৈব বিধানেন পরীক্ষ্য গুণদোষতঃ।
বৃক্ষং যত্নেন গৃহ্নীয়াৎ বিধিজ্ঞো দেশিকোত্তমঃ। সমানীয় রথং শ্রেষ্ঠং সুশীলৈর্বৃষভৈর্যুতম্।

অথবা এরূপ দৃষ্ট হয় যে, স্বর্ণতরুবিমণ্ডিত, বৃহচ্ছৃঙ্গ, ফলপুষ্পযুক্ত, সর্ব্বঋতুজাত তরুরাজি-সমাকীর্ণ পর্ব্বত বিরাজিত রহিয়াছে, তাহা হইলে প্রতিমা সুদৃশ্য হইবে। অনন্তর পরদিন প্রভাতে রক্ষাবিধান ও আহ্নিকাদি সমাপন পূর্ব্বক বিধানে অস্ত্রসমূহের ও শিলার অর্চ্চনা করত শিলায় অর্ঘ্য প্রদান করিবে। পরে শস্ত্রমন্ত্রে অর্চ্চনা করিতে হয়। তদনন্তর শিলাকে নিজ ইষ্টমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া প্রজ্বলিতরূপ ভাবনা করিবে। পরে উক্ত শিলার মুখ মধু ও ঘৃতসিক্ত করত আপনাকে হরিরূপে চিন্তা করিতে হয়। তৎপরে গুরুদেব উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া শিল্পীকে বিশ্বকর্ম্মরূপে ধ্যান করত শস্ত্রকে বিষ্ণুস্বরূপ বলিয়া ভাবনা করিবেন। তদনন্তর সেই শস্ত্র শিল্পীকে অর্পণ করিতে হয়। তৎপরে গুরুদেব শিল্পীকে শিলার মুখ, পৃষ্ঠ ও পশ্চাদ্ভাগ দর্শন করাইবেন। শিল্পী কৃতস্নান, শুক্লগন্ধানুলেপনে চর্চ্চিত, শ্বেত কুসুমাদিতে শোভিত, সংযত, পবিত্র, জিতেন্দ্রিয় এবং উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া আত্মদেবতাকে চিন্তন পূর্ব্বক টঙ্ক (অস্ত্রবিশেষ) হস্তে ধারণ করিয়া ইচ্ছানুরূপে শিলা বিদীর্ণ করিবে। যেরূপ শিলা বিদারণ করিতে হয়, তাহা বলি, অবধান কর। ঈশানদিক্‌স্থিত, উদক্‌শিরা বা প্রাক্‌শিরা শিলাই বিদারণের উপযুক্ত। শিলার ঊর্দ্ধভাগকে পৃষ্ঠ ও অধোভাগকে মুখ বলা যায়। প্রতিমার পরিমাণ অপেক্ষা শিলার পরিমাণ কিছু অধিক থাকা আবশ্যক। পিণ্ডিকা পরিমাণে অধিক হইলে তাহা পরিত্যাজ্য। শিলা ছেদন করত উত্তোলন পূর্ব্বক চতুষ্কোণ করিবে। বিধিবিদ্ গুরুদেব এইরূপ বিধানে বৃক্ষেরও দোষ গুণ পরীক্ষা পূর্ব্বক সযত্নে তাহা গ্রহণ করিবেন। পরে গুরুদেব সুশীলবৃষ-সমন্বিত দিব্য রথ আনয়ন পূর্ব্বক সযত্নে শিলাকে বসনাচ্ছাদিত করত সেই রথোপরি স্থাপন করিয়া হরিকে চিন্তন ও মন্ত্র পাঠ করিতে করিতে অর্ঘ্য দিবেন। রথ উপস্থিত হইবার পর রথাঙ্গ-পরিচালকবর্গ কর্ত্তৃক বৃষে কোনরূপ অনিমিত্ত দৃষ্ট হইলে গুরুদেব বৈষ্ণবানলে নৃসিংহমন্ত্র দ্বারা অষ্টোত্তরশত ঘৃতাক্ত তিলহোম করিবেন; তাহা হইলে সমস্ত দোষের নিবারণ হইবে। পরে গুরুদেব শঙ্খধ্বনি ও গীতবাদ্যাদি শুভ নিনাদ সহকারে শিলা

রথে স্থাপ্য শিলাং যত্নাচ্ছাদয়িত্বা তু বাসসা। হরিং ধ্যাত্বা স্মরন্মন্ত্রমর্ঘ্যং দত্বাত্ততো গুরুঃ॥
আনীয়মানে তু রথে রথাঙ্গপরিচালকৈঃ। বৃষভে বা সমুৎপন্নে অনিমিত্তে চ সাধকঃ॥
বৈষ্ণবাগ্নৌ নৃসিংহেন তিলৈর্ঘৃতবিমিশ্রিতৈঃ। হুত্বা চাষ্টশতং সম্যক্ তদ্দোষেণ বিমুচ্যতে।
আনীয় শঙ্খনির্ঘোষৈর্গীতমঙ্গলনিস্বনৈঃ। প্রাসাদস্যোত্তরে ভাগে কৃত্বা কর্ম্মকুটীং গুরুঃ॥
শিলাং সংস্থাপ্য তস্মিংস্তু অর্চ্চয়িত্বা বলিং হরেৎ। ততঃ প্রবর্ত্তয়েৎ কর্ম্ম বিদ্বান্ বিজ্ঞৈস্তু শিল্পিভিঃ॥
কিঞ্চ।—
যথোক্তায়াং দিশায়াং তু ন লভ্যেত যদা শিলা। তদা বিদিক্স্থিতা গ্রাহ্যা বিধিনা যেন তচ্ছৃণু॥
সমানীয় শিলাং সম্যক্ পূর্ব্বোক্তলক্ষণৈর্যুতাম্ প্রাসাদস্যোত্তরে ভাগে খাত্বা ভূমিং বিধানবিৎ॥
শিলাং সংস্থাপ্য তৎখাতে মৃদা সংপূরয়েদ্গুরুঃ সমীকৃত্যাথ তাং ভূমিং মণ্ডপং তত্র কারয়েৎ॥
পতাকাধ্বজপত্রাদ্যৈর্ভূষয়ীত সমন্ততঃ। তোরণৈঃ কদলীস্তম্ভৈর্ব্বিতানেন চ ভূষয়েৎ॥
প্রাচ্যাং তু ভদ্রকং লিখ্য তত্র বিষ্ণুং যজেদ্গুরুঃ। প্রবালমুক্তাফলকৈর্হেমপুষ্পৈঃ সমুজ্জ্বলৈঃ॥
পূর্ব্বোক্তং সকলং বাপি বিধানং সমুপাচরেৎ। ভূতক্রূরবলিং দদ্যাৎ পূর্ব্বোক্তবিধিনৈব তু॥
প্রতীচ্যাং পূর্ব্ববিধিনা হোমং কুর্য্যাদ্যথোদিতম্। দিগ্দোষপরিশুদ্ধ্যর্থং বিশেষাদ্ধোমমাচরেৎ॥
পাতালনরসিংহেন সহস্রং বৈষ্ণবানলে। দিগ্দেবানামথাঙ্গানাং হুত্বা পূর্ণাং দদেদ্বুধঃ॥
তর্পিতে মন্ত্ররাজে তু দিগ্দোষৈর্মুচ্যতে শিলা। ততঃ পূর্ব্বোক্তবিধিনা কৃত্বা পুষ্পাদিকং গুরুঃ॥
পূর্ব্বোক্তেন বিধানেন শিরঃপৃষ্ঠাদি কল্পয়েৎ। মন্ত্রোদকেন সংপ্রোক্ষ্য শিলাং তাং প্রোক্ষয়েদ্গুরুঃ॥

আনয়ন পূর্ব্বক প্রাসাদের উত্তরদিকে কর্ম্মকুটীর প্রস্তুত করিবেন। তথায় শিলা রাখিয়া অর্চ্চনান্তে বলি দিতে হয়। পরে বিদ্বান্ গুরুদেব বিচক্ষণ শিল্পকর দ্বারা কর্ম্ম আরম্ভ করাইবেন। আরও লিখিত আছে যে, যথাবিহিত দিকে শিলা না পাইলে বিদিক্ হইতে শিলা লইতে হয়। যেরূপ বিধানে সেই শিলা দ্বারা কার্য্য আরম্ভ করিবে, তাহা বলিতেছি, অবধান কর। বিধানবিৎ গুরু পূর্ব্বকথিত লক্ষণযুক্ত শিলা বিধানে আনয়ন করিয়া প্রাসাদের উত্তরাংশে ভূমি খনন করত তন্মধ্যে শিলা রাখিবেন এবং মৃত্তিকা দ্বারা সেই খাত পূর্ণ করিবেন। তদনন্তর তত্রত্য স্থান সমতল করত তদুপরি মণ্ডপ প্রস্তুত করিতে হয়। পরে পতাকা, ধ্বজ, পত্র, তোরণ, রম্ভাস্তম্ভ ও চন্দ্রাতপ দ্বারা মণ্ডপের সমন্তাৎ সমলঙ্কৃত করিতে হইবে। অনন্তর উহার পূর্ব্বাংশে ভদ্রমণ্ডল অঙ্কন পূর্ব্বক তাহাতে প্রবাল, মুক্তা, সমুজ্জ্বল কাঞ্চনপুষ্প দ্বারা হরির অর্চ্চনা করিবেন কিংবা পূর্ব্বকথিত যাবতীয় বিধির অনুষ্ঠান করিতে হইবে। অথবা পূর্ব্বকথিত নিয়মানুসারে ভূতগণের উদ্দেশে ক্রূরবলি দিবেন। তৎপরে গুরুদেব দিগ্দোষশোধনার্থ বিশেষরূপে বৈষ্ণবানলে পাতালনরসিংহমন্ত্রে সহস্র হোম করিবেন। তৎপরে অঙ্গরূপ দিগ্দেবগণের উদ্দেশে আহুতি দিয়া পূর্ণাহুতি দিতে হয়। এই প্রকারে মন্ত্ররাজের তর্পণ করিলে শিলা দিগ্দোষশূন্যা হইয়া থাকে। তৎপরে গুরুদেব পূর্ব্বকথিত বিধানে পুষ্পাদি স্থাপন পূর্ব্বক পূর্ব্বকথিত বিধানে শিলার শিরঃপ্রদেশ ও পৃষ্ঠাদি কল্পনা করিবেন এবং মন্ত্রাভিমন্ত্রিত বারিদ্বারা সেচন পূর্ব্বক সেই শিলাকে প্রোক্ষণ করিবেন। তৎপরে দিগ্দোষ বিদূরণার্থ (যজমান)

দিগ্‌দোষপ্রশমনার্থং গৃষ্টিং তব্যাং স্বলঙ্কৃতাম্। সুবর্ণশৃঙ্গসংযুক্তাং কাংস্যদোহাং পয়স্বিনীম্॥
তাম্রপৃষ্ঠীং সোপবীতাং দদ্যাদ্রৌপ্যখুরাং গুরোঃ। তোষয়ীত গুরুং যত্নাৎ বস্ত্রালঙ্করণাদিভিঃ॥
শিল্পিনং তোষয়েদ্বস্ত্রাদ্বস্ত্রালঙ্কারচন্দনৈঃ। আচার্য্যে তোষিতে বিষ্ণুস্তোষিতঃ স্যান্ন সংশয়ঃ॥
শিল্পিনং তোষয়েদেবং বিশ্বকর্ম্মাথ পূজিতঃ। ততঃ কর্ম্মাণি যুঞ্জীত সর্ব্বকামপ্রদো ভবেৎ॥

অথ শিলালক্ষণম্।

তত্রৈব।—

ক্ষারান্নসেবিতা যা চ নদীতীরসমুদ্ভবা। পুরমধ্যে স্থিতা যা চ তথা পিতৃবনে স্থিতা॥
চতুষ্পথে স্থিতা যা চ মৃচ্ছিলা পক্কণে চ যা। উষরে চ তথা মধ্যে বল্মীকে বাপি যা স্থিতা॥
সূর্য্যরশ্মিপ্রতপ্তা যা যা চ দগ্ধা দবাগ্নিনা। অন্যকর্ম্মোপযুক্তা যা অন্যদেবার্থনির্ম্মিতা॥
ক্রব্যাদাদ্যৈরুপহতা বর্জ্জ্যা যত্নেন বৈ শিলা। যেন কেনচিদানীতা বর্জ্জনীয়া তথা শিলা॥
পুণ্যসেতূদ্ভবা গ্রাহ্যা পুণ্যতীর্থোদ্ভবা তু যা। নদীপর্ব্বতসংলগ্না বৃক্ষচ্ছায়াদ্যনাবৃতা॥
নিমগ্না ভূতলে যা চ যাস্পৃষ্টা সূর্য্যরশ্মিভিঃ। অন্তর্জ্জলোষিতা নদ্যামেকবর্ণা মনোরমা॥
পাণ্ডুরা চারুণা পীতা কৃষ্ণা শস্তা চ বর্ণিনাম্। ন যদা লভ্যতে সম্যক্ বর্ণিনাং বর্ণতঃ শিলা॥
বর্ণস্যাপাদনে তত্র জুহুয়াৎ সিংহবিদ্যয়া। কৃতে বর্ণস্য জননে তস্য বর্ণস্য সা শুভা।
শ্রেষ্ঠবর্ণা সুবর্ণা চ রেখা সর্ব্বস্য শস্যতে। অপরস্য তু বর্ণস্য শ্রেষ্ঠস্য ন প্রশস্যতে॥
বর্ণিনামিহ সর্ব্বেষাং কৃষ্ণরেখা বিধীয়তে। শিলানামিহ সর্ব্বাসাং শুক্লরেখা প্রশস্যতে॥

গুরুদেবকে নানাভরণভূষিতা, স্বর্ণশৃঙ্গী, কাংস্যক্রোড়া, দুগ্ধবতী, তাম্রপৃষ্ঠী, রৌপ্যখুরা, সুশোভনা গাভী ও তৎসহ উপবীত প্রদান করিবেন। সযত্নে বসন ভূষণ দ্বারা গুরুদেবের প্রীতিবিধান করিয়া শিল্পীকেও বসন, ভূষণ ও চন্দন দ্বারা প্রীত করিতে হয়। আচার্য্য প্রীত হইলে হরিও যে প্রীত হন তাহাতে সন্দেহ নাই। এইরূপে শিল্পীর তুষ্টিবিধান করিলেও বিশ্বকর্ম্মা অর্চ্চিত হইয়া থাকেন। তৎপরে যে কোন কর্ম্মে শিল্পীকে নিযুক্ত করা যায়, বিশ্বকর্ম্মা তৎসমস্তেই সর্ব্বকামফলপ্রদ হয়েন।

অনন্তর শিলালক্ষণ কথিত হইতেছে।—পূর্ব্বোক্ত স্থানে লিখিত আছে, যে শিলা ক্ষারে বা অম্লদ্রব্যে সংযুক্তা, নদীকূলজাতা; পুরমধ্যে, শ্মশানে অথবা চতুষ্পথে সংস্থিতা, মৃচ্ছিলা (মেটিয়া পাথর), যাহা শবরগৃহে, উষরক্ষেত্রে বা বল্মীকে সংস্থিতা, সূর্য্যকিরণে তপ্তা, দাবাগ্নিদ্বারা দগ্ধা, অন্যকার্য্যের উপযুক্তা, অন্যদেবতার জন্য প্রস্তুতীকৃতা, যাহা মাংসাশী জীবকর্ত্তৃক দূষিতা এবং যাহা অযোগ্য ব্যক্তি কর্ত্তৃক আনীতা, তাদৃশী শিলা পরিত্যাজ্য। যাহা পুণ্যসেতুস্থা, পুণ্যতীর্থজাতা, নদী বা গিরিলগ্না, তরুচ্ছায়াদিতে অনাবৃতা, ভূমগ্না, সূর্য্যকিরণে অস্পৃষ্টা, নদী-জলগর্ভে স্থিতা ও যাহা মনোহর একবর্ণা, তাদৃশী শিলাই প্রশস্ত; বিপ্রাদি বর্ণচতুষ্টয়ের পক্ষে ক্রমান্বয়ে পাণ্ডুর, অরুণ, পীত ও কৃষ্ণবর্ণ শিলা প্রশস্ত অর্থাৎ বিপ্রের পক্ষে পাণ্ডুর, ক্ষত্রিয়ের পক্ষে অরুণ, বৈশ্যের পক্ষে পীত ও শূদ্রের পক্ষে কৃষ্ণবর্ণ শিলা প্রশস্ত। বর্ণের অনুরূপ শিলা না হইলে বর্ণ সম্পাদনবিষয়ে সিংহমন্ত্রদ্বারা সেই শিলায় হোম করিতে হইবে। এই প্রকারে বর্ণোৎপাদন

রেখাণামিহ সর্ব্বাসাং ব্যত্যয়ে হোমমাচরেৎ। পাতালনরসিংহেন সহস্রং দেশিকোত্তমঃ॥
তর্পিতে মন্ত্ররাজে তু ততঃ সা শুভদা নৃণাম্। বিপরীতে তু বিমলে বিন্দুকে হীরকে তথা॥
ইমমেব বিধিং কুর্য্যাদন্যস্মিন্নপি গর্হিতে। যুবা মধ্যা ভবেদ্‌গ্রাহ্যা বালা বৃদ্ধা চ গর্হিতা॥
সুগন্ধা নিবিড়া স্নিগ্ধা তথা গম্ভীরনিস্বনা। শীতলা যা চ তেজাঢ্যা যুবেতি প্রোচ্যতে শিলা॥
তদ্রূপা প্রোচ্যতে মধ্যা কিন্তু সা কঠিনা ভবেৎ।
অতিমৃদ্বী ভবেদ্বালা বৃদ্ধাতিকঠিনা মতা॥
টঙ্কাঘাতা মতা বালা বৃদ্ধা লোকক্ষয়ঙ্করী। স্ত্রীপুংনপুংসকঞ্চৈব লক্ষণৈনৈব লক্ষয়েৎ।
উৎপাট্যমানে দৃশ্যেত তিন্দুকালাতবৎ জ্বলন্।
স্ফুলিঙ্গঃ শ্রূয়তে নাদঃ কাংস্যঘণ্টানিনাদবৎ।
মূলে মধ্যে তথাগ্রে চ পুংলিঙ্গেতি তু সা স্মৃতা। তদেব লক্ষণং যত্নমন্দমন্দং প্রতীয়তে।
স্ত্রীলিঙ্গেতি তদা সা চ ভিন্নকাংস্যধ্বনিস্তু যা। নপুংসকেতি সা জ্ঞেয়া ন যত্রৈতদ্দ্বয়ং ভবেৎ।
পুংলিঙ্গৈঃ প্রতিমা কার্য্যা স্ত্রীলিঙ্গৈঃ পাদপীঠিকা।
পিণ্ডিকার্থং তু সা গ্রাহ্যা দৃষ্টা যা খণ্ডলক্ষণা॥

সম্পাদিত হইলে সকল বর্ণের পক্ষেই তাহা কল্যাণপ্রদ হয়। ব্রাহ্মণাদি সকলজাতির পক্ষেই সুবর্ণরেখা শ্রেষ্ঠবর্ণ বলিয়া প্রশস্ত। অন্যবর্ণ শ্রেষ্ঠ হইলেও প্রশস্ত নহে। সর্ব্ববর্ণের পক্ষে কৃষ্ণ রেখা প্রচলিত এবং সমস্ত শিলার সম্বন্ধে শুক্ল রেখা প্রশংসনীয়। যদ্যপি রেখাসমূহের ব্যত্যয় ঘটে, তাহা হইলে আচার্য্যবর পাতালনরসিংহমন্ত্রদ্বারা সহস্রসংখ্য হোম করিবেন। মন্ত্ররাজ অর্থাৎ নৃসিংহমন্ত্রে তর্পিত হইলে শিলা শুভঙ্করী হইয়া থাকে। এইরূপ শিলাস্থিত বিমল বিন্দুক (রেখা) ও হীরক বিপরীত হইলে বা অন্যকোনরূপে গর্হিত হইলে পূর্ব্বোক্ত বিধির অনুসরণ করিতে হইবে। শিলা যুবা ও মধ্যা হইলেই গ্রাহ্যা; বালা ও বৃদ্ধা গর্হিতা বলিয়া পরিগণিত। শিলা সুগন্ধিবিশিষ্টা, নিবিড়া, স্নিগ্ধা, গভীরশব্দা, শীতলা ও তেজস্বিনী হইলেই তাহাকে যুবা কহে; যদি তাদৃশী শিলা কঠিন হয়, তবে মধ্যা বলিয়া পরিগণিত হইয়া থাকে। অতিমৃদ্বী হইলে বালা ও অত্যন্ত কঠিনা হইলে বৃদ্ধা বলিয়া কীর্ত্তিতা হয়। টঙ্কাঘাত ধ্বনিযুক্ত শিলা বালা। বৃদ্ধা শিলা সর্ব্বলোকক্ষয়করী হইয়া থাকে। এইরূপ অন্যান্য লক্ষণ দ্বারা শিলার স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ নির্ণয় করিতে হয়। যে শিলাকে উৎপাটন করিলে তিন্দুক (গাব) কাষ্ঠবৎ, অলাতবৎ (দগ্ধকাষ্ঠবৎ) বা প্রজ্বলিত অগ্নিস্ফুলিঙ্গবৎ দৃষ্ট হয়, আর মূল, মধ্য ও অগ্রভাগে কাংস্যঘণ্টাশব্দের তুল্য শব্দ শ্রুতিগোচর হয়, তাহাই পুংলিঙ্গ বলিয়া পরিকীর্ত্তিত। ঐ সকল অল্প অল্প পরিমাণে দৃষ্ট হইলে স্ত্রীলিঙ্গ বলা যায়। এই শিলা উৎপাটনকালে ভগ্নকাংস্যবৎ শব্দ উত্থিত হয়। যে শিলাতে পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গের চিহ্ন দৃষ্ট না হয়, তাহার নাম নপুংসক। পুংলিঙ্গ শিলা দ্বারা প্রতিমা, স্ত্রীলিঙ্গ দ্বারা পাদপীঠ এবং নপুংসক দ্বারা পিণ্ডিকা নির্ম্মাণ করিবে। যদি লিঙ্গের ব্যত্যয় ঘটে, তাহা হইলে পূর্ব্বকথিত রূপে হোম করা কর্ত্তব্য। ছেদন ভেদনে সগর্ভা নির্গর্ভা শিলাও দৃষ্ট হইয়া থাকে। শিলায় গোলাকৃতি চিহ্ন থাকিলে, তাহাই সগর্ভা বলিয়া প্রথিত।

লিঙ্গানান্তু বিপর্য্যাসে পূর্ব্বোক্তং হোমমাচরেৎ।
ছেদনে ভেদনে বাপি শিলাগর্ভঃ সমীক্ষ্যতে ॥
দৃশ্যতে মণ্ডলং যস্যাং সগর্ভাং তাং বিনির্দ্দিশেৎ।
মণ্ডূকো মণ্ডলে তস্যা লোহিতে নাত্র সংশয়ঃ ॥
হরিদ্রাভে ভবেদ্গোধা কৃষ্ণসর্পস্তথা সিতে। নিস্ত্রিংশসদৃশে তোয়ং গৃহগোধা তু কর্কশে॥
আখুর্হরিদ্রাবর্ণে স্যাদরুণে সরটস্তথা। পিঙ্গবর্ণে তু পাষাণঃ পদ্মাভে সিকতা ভবেৎ ॥
বৃশ্চিকঃ স্যাদ্বিচিত্রে তু পীতনীলে পতঙ্গকঃ।
পারাবতাভে খদ্যোতং মণ্ডলে তু বিনির্দ্দিশেৎ ॥
অকল্পনা তু মণ্ডূকে দৌর্ভাগ্যং গোধয়া ভবেৎ। সর্পে বিষেণ মরণমতিবৃষ্টিস্তথা জলে ॥
ধনহানিস্তু গোধায়ামাখুনানিষ্টমুদ্ভবেৎ। অল্পায়ুষ্ট্বং তু সরটে পাষাণে বিদ্যুতা বধঃ ॥
বালুকায়ামনাবৃষ্টিঃ কলহো বৃশ্চিকে ভবেৎ। রাষ্ট্রোচ্ছিত্তিস্তু শলভে খদ্যোতে গাত্রসংক্ষয়ঃ ॥
তস্মাৎ পরীক্ষ্য যত্নেন শিলাং গৃহ্নীত দেশিকঃ। সগর্ভয়া তু শিলয়া রূপকঃ ক্রিয়তে যদি।
তদ্দেশে ম্রিয়তে রাজা যজমানোঽথ দেশিকঃ। শিলায়ামপি বৃক্ষেষু যত্নাদ্গর্ভং সমীক্ষয়েৎ ॥

অথ শিল্পিকৃত্যম্।

মাৎস্যে। —বিবিক্তে সংবৃতে স্থানে স্থপতিঃ সংযতেন্দ্রিয়ঃ।
পূর্ব্ববৎ কালদেশজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ শুক্লভূষণঃ।
প্রয়তো নিয়তাহারো দেবতাধ্যানতৎপরঃ। যজমানানুকূল্যেন বিদ্বান্ কর্ম্ম সমাচরেৎ।

শিলাস্থ মণ্ডল রক্তবর্ণ হইলে মণ্ডূক জন্মে সন্দেহ নাই। ঐপ্রকার হরিদ্রাবর্ণ মণ্ডলে গোধা, শ্বেতবর্ণে কৃষ্ণসর্প, খড়্গবর্ণ মণ্ডলে জল, কর্কশ মণ্ডলে গৃহগোধা (টিকটিকী), হরিদ্রাবর্ণ মণ্ডলে মুষিক, অরুণবর্ণ মণ্ডলে কৃকলাস, পিঙ্গলবর্ণে পাষাণ ও পদ্মবর্ণ মণ্ডল হইলে সিকতার উৎপত্তি হয়। যদি মণ্ডল বিচিত্র হয়, তাহা হইলে তাহাতে বৃশ্চিক হইয়া থাকে। ঐরূপ পীতনীলবর্ণে পতঙ্গ ও কপোতবর্ণ মণ্ডলে খদ্যোত জন্মে। মণ্ডূকে অকল্পনা, গোধায় দৌর্ভাগ্য, সর্প বিষ-যোগে মরণ, জলে অতিবৃষ্টি, গোধায় ধননাশ, মুষিকে অনিষ্ট, কৃকলাসে অল্পায়ু, পাষাণে বৈদ্যু-তাগ্নিতে নিধন, সিকতায় (বালুকায়) অনাবৃষ্টি, বৃশ্চিকে কলহ, পতঙ্গে রাজ্যনাশ এবং খদ্যোতে দেহনাশ হয়; সুতরাং সযত্নে পরীক্ষা করিয়া শিলা গ্রহণ করাই কর্ত্তব্য। সগর্ভা শিলা দ্বারা প্রতিমা করিলে তত্রত্য নৃপতি, যজমান ও আচার্য্য মৃত্যুমুখে নিপতিত হন; সুতরাং সযত্নে শিলা ও বৃক্ষের গর্ভ দর্শন করিয়া পরীক্ষাপূর্ব্বক গ্রহণ করিবে।

অনন্তর শিল্পীর কৃত্য কথিত হইতেছে।—মৎস্যপুরাণে লিখিত আছে, পূর্ব্বোক্তরূপ দেশ-কালবেত্তা, শাস্ত্রদর্শী, শ্বেতাম্বরধারী, শান্ত, পরিমিতভোজী, দেবধ্যানমগ্ন, বিদ্বান্ শিল্পী নির্জন আবৃতস্থলে জিতেন্দ্রিয় হইয়া যজমানের অনুকূলে কর্ম্মে প্রবৃত্ত হইবে। কর্ম্মারম্ভকালে উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া শিলা বা কাষ্ঠ ধারণ করত দধি, দূর্ব্বা ও অক্ষত দ্বারা অর্চ্চনা পূর্ব্বক বলি প্রদান করিবে। পূর্ব্ববৎ বেদশব্দ সহকারে শিলা বা কাষ্ঠ স্থাপন কর্ম্মে প্রবৃত্ত হইতে হয়।

ধৃত্বা পূর্ব্বমুখং দ্রব্যমথবা চোত্তরামুখম্। দধিদূর্ব্বাক্ষতৈঃ পূজ্য তদারম্ভে বলিং হরেৎ॥
পূর্ব্ববৎ ব্রহ্মঘোষাদ্যৈঃ স্থাপয়েদ্দ্রব্যমাচরেৎ। শুক্লৈর্গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ দ্রব্যং সংপূজ্য ভক্তিতঃ॥
স্বস্তিবাচনকং কৃত্বা প্রতিমাং সংবিভাজয়েৎ॥

অথ পিণ্ডিকালক্ষণম্।

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

অতঃপরং প্রবক্ষ্যামি পিণ্ডিকালক্ষণং তব। উচ্ছ্রায়ং প্রতিমার্দ্ধঞ্চ দৈর্ঘ্যেণ প্রতিমা সম॥
চতুঃষষ্টিং পুটান্ কৃত্বা পিণ্ডিকাং তত্র কল্পয়েৎ। ত্যক্ত্বা পঙ্ক্তিদ্বয়ং চাধস্তদূর্দ্ধং যত্নু কোষ্ঠকম্।
সমন্তমুভয়োঃ পার্শ্বে অন্তস্থং পরিমার্জ্জয়েৎ। ঊর্দ্ধপঙ্ক্তিদ্বয়ং কৃত্বা অধস্তাদ্বর্ণকোষ্ঠকম্॥
অন্তস্থং মার্জ্জয়েদ্যত্নাৎ পার্শ্বয়োরুভয়োঃ সমম্। তয়োর্ম্মধ্যগতৌ তত্র চতুষ্কৌ মার্জ্জয়েত্ততঃ॥
চতুর্দ্ধা ভাজয়িত্বা তু ঊর্দ্ধপঙ্ক্তিদ্বয়ং বুধঃ। মেখলা ভাগমাত্রং স্যাৎ খাতং তস্যার্দ্ধমানতঃ॥
ভাগং ভাগং পরিত্যাজ্য পার্শ্বয়োরুভয়োঃ সমম্। দত্ত্বা চৈকং পদং বাহ্যে প্রমাণং কারয়েদ্বুধঃ॥
ত্রিভাগেন চ ভাগঃ স্যাদগ্রে স্যাত্তোয়দিগ্‌গতঃ। নানাপ্রকারভেদেন ভদ্রেয়ং পিণ্ডিকা শুভা॥

কিঞ্চ তত্রৈবাগ্রে।—

দৈর্ঘ্যেণ প্রতিমা তুল্যা তদর্দ্ধেন তু বিস্তৃতা। উচ্ছ্রিতায়ামতোঽর্দ্ধেন সুবিস্তারার্দ্ধভাগতঃ॥
ত্রিভাগেন তু বাহল্যং তত্রিভাগেন মেখলা। খাতং চ তৎপ্রমাণং তু কিঞ্চিদুত্তরতো নতম্॥
বিস্তারস্য চতুর্থেন প্রমাণস্য বিনির্ণয়ঃ। সমং মূলস্য বিস্তারমগ্রে কুর্য্যাত্তদর্দ্ধতঃ॥

তৎপরে ভক্তি সহকারে শ্বেতচন্দন ও পুষ্প দ্বারা দ্রব্যের (শিলা বা কাষ্ঠের) অর্চ্চনা ও স্বস্তিবাচন করত প্রতিমার্থ শিলা বিভাগ করিবে।

অনন্তর পিণ্ডিকালক্ষণ।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, অনন্তর বৎসকাশে পিণ্ডিকালক্ষণ বর্ণন করি, অবধান কর। উহার উচ্চতা প্রতিমার অর্দ্ধ এবং দৈর্ঘ্য প্রতিমার তুল্য হইবে। চতুঃষষ্টি কোষ্ঠ করিয়া তাহাতে পিণ্ডিকা কল্পনা করিতে হয়। নিম্ন, ঊর্দ্ধ ও দুই পার্শ্বের দুই দুই পংক্তি বর্জ্জন পূর্ব্বক মধ্যগত কোষ্ঠগুলি মার্জ্জন করিবে। ঊর্দ্ধ দুই পংক্তি ও অধঃস্থ দুই পংক্তি বর্জ্জন পূর্ব্বক মধ্যগত কোষ্ঠচতুষ্টয় সযত্নে মার্জ্জন করিবে। পরে পার্শ্বদ্বয়ে সমান করত সেই পংক্তিদ্বয়ের মধ্যস্থ চতুষ্কযুগল মার্জ্জন করিতে হইবে। ঊর্দ্ধস্থ পংক্তিদ্বয়কে চারিভাগ করত এক-ভাগ মেখলা ও তদর্দ্ধপ্রমাণ খাত করাই সুধীব্যক্তির কর্ত্তব্য। পরে দুই পার্শ্বে সমান করিয়া এক এক ভাগ বর্জ্জন করত বাহ্যে এক পদ দিয়া মেখলার পরিমাণ করিতে হয়। পংক্তিদ্বয়ের তিন ভাগেও ভাগ হইয়া থাকে। প্রথমতঃ পশ্চিম দিকের ভাগ হইবে। এই শুভকরী পিণ্ডিকা নানাবিধ হইয়া থাকে। উক্ত গ্রন্থের উত্তরস্থানের কিঞ্চিদগ্রে লিখিত আছে যে, পিণ্ডিকার দৈর্ঘ্য প্রতিমার সদৃশ, বিস্তৃতি প্রতিমার অর্দ্ধ ও উচ্চতা বিস্তারের অর্দ্ধ হইবে। বিস্তারার্দ্ধের ত্রিভাগ দ্বারা উচ্ছ্রায়ের আধিক্য হইয়া থাকে। উচ্ছ্রায়ের তিন ভাগ দ্বারা মেখলা এবং মেখলার তিন ভাগ দ্বারা খাত করিবে; ঐ খাত উত্তরাংশে নত হইবে। বিস্তৃতির চতুর্থাংশে পরিমাণ নির্ণয় করিতে হয়। জলপথ বিস্তারের তিন ভাগ করিবে এবং উহার মূলের বিস্তৃতি তুল্য ও অগ্র-

বিস্তারস্য তৃতীয়েন তোয়মার্গন্তু কারয়েৎ। পিণ্ডিকার্দ্ধেন বা তুল্যং দৈর্ঘ্যং কুশস্য কীর্ত্তিতম্
কুশবাহল্যদৈর্ঘ্যেণ জ্ঞাত্বা সূত্রং প্রকল্পয়েৎ। উচ্ছ্রায়ং পূর্ব্ববৎ কুর্য্যাদ্ভাগশেষেণ সংখ্যয়া। ॥
অধস্তস্য দ্বিভাগন্তু কণ্ঠং কুর্য্যাত্রিভাগকম্। শেষা হ্যেকৈকশঃ কার্য্যাঃ প্রতিষ্ঠা নির্গতাস্তথা।
যষ্টিকা-পিণ্ডিকা চেয়ং সামান্যপ্রতিমাসু চ। প্রাসাদদ্বারমানেন প্রতিমাদ্রব্যমুচ্যতে।
গজবালকসংযুক্তা প্রভা স্যাৎ প্রতিমাসু চ। পিণ্ডিকাসু যথাশোভং কর্ত্তব্যা সততং হরেঃ ॥

মাৎস্যে।—

পিণ্ডিকালক্ষণং বক্ষ্যে যথাবদনুপূর্ব্বশঃ। পীঠোচ্ছ্রায়ং যথাবচ্চ ভাগান্ ষোড়শ কারয়েৎ।
ভূমাবেকঃ প্রতিষ্ঠঃ স্যাৎ চতুর্ভির্জগতী মতা। বৃত্তো ভাগস্তথৈকঃ স্যাদ্বৃত্তপট্টস্তু ভাগতঃ।
ভাগৈস্ত্রিভিস্তথা কণ্ঠং কণ্ঠপট্টস্ত্রিভাগতঃ। ভাগাভ্যামূর্দ্ধপট্টস্তু শেষভাগেন পট্টিকা।
প্রবিষ্টং ভাগমেকৈকং জগতী যাদদেব তু। নির্গমস্তু পুনস্তস্মাদ্যাবদ্বৈ শেষপট্টিকাঃ।
বারিনির্গমনার্থন্তু তত্র কার্য্যঃ প্রণালকঃ। পীঠিকানান্তু সর্ব্বাসামেতৎ সামান্যলক্ষণম্।
বিশেষাদ্দেবতাভেদাৎ শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ। স্থণ্ডিলা বাথ-বাপী চ যক্ষী বেদী চ মণ্ডলা ॥
পূর্ণচন্দ্রা চ বজ্রী চ পদ্মা চার্দ্ধশশিস্তথা। ত্রিকোণা দশমী তাসাং সংস্থানঞ্চ নিবোধত ॥
স্থণ্ডিলা চতুরস্রা তু বর্জ্জিতা মেখলাদিভিঃ। বাপী দ্বিমেখলা জ্ঞেয়া যক্ষী চৈব ত্রিমেখলা ॥
চতুরস্রায়তা বেদী ন তাং লিঙ্গেষু যোজয়েৎ। মণ্ডলা বর্ত্তুলা যা তু মেখলা ত্রিগুণা প্রিয়া ॥

ভাগের বিস্তৃতি তদর্দ্ধ হইবে। জলমার্গের দৈর্ঘ্য পিণ্ডিকার্দ্ধের সমান হইবে এবং উহার দীর্ঘতার বাহল্য জ্ঞাত হইয়া সূত্র কল্পনা করিতে হয়। ভাগশেষ সংখ্যা দ্বারা পূর্ব্ববৎ উচ্ছ্রায় করিবে, ঐ উচ্ছ্রায়ের নিম্নভাগকে বিভক্ত করিয়া একভাগে কণ্ঠ এবং অবশিষ্টগুলিতে এক একটী প্রতিষ্ঠা বহির্গত করিবে। সাধারণ প্রতিমাতে ইহা যষ্টিকাপিণ্ডিকা বলিয়া অভিহিত। মন্দিরের দ্বার-পরিমাণে যাবতীয় দ্রব্য নিরূপিত হইয়া থাকে। প্রতিমার প্রভা গজবালকসমন্বিতা হইবে। শ্রীহরির প্রতিমায় যেমন পিণ্ডিকার শোভা সম্পাদিত হয়, তদ্রূপ প্রভা করাই বিধেয়। মৎস্য-পুরাণে লিখিত আছে, পিণ্ডিকার লক্ষণ আদ্যোপান্ত যথাযথ কীর্ত্তন করিতেছি। পীঠের উচ্চ-তাকে ষোড়শ অংশে বিভক্ত করিয়া একভাগ ভূমিতে প্রতিষ্ঠিত করত চারিভাগে জগতী একভাগ বৃত্ত, একভাগে বৃত্তপট্ট, তিনভাগে কণ্ঠ, তিনভাগে কণ্ঠপট্ট, দুইভাগে ঊর্দ্ধপট্ট ও অবশিষ্ট ভাগে পট্টিকা করিবে। যতসংখ্য জগতী, তাবৎপর্য্যন্ত এক এক অংশ প্রবিষ্ট হইবে। পুনরায় তাহা হইতে শেষ পট্টিকা যাবৎ এক এক অংশ বিনিষ্ক্রান্ত করিতে হইবে। জলপথের জন্য ঐ স্থলে প্রণালী প্রস্তুত করিতে হয়। যাবতীয় পীঠের সাধারণতঃ লক্ষণ এই কীর্ত্তন করিলাম। হে বিপ্রশ্রেষ্ঠগণ! দেবভেদে বিশেষ বিশেষ লক্ষণ বর্ণন করি, অবধান কর। স্থণ্ডিলা, বাপী, যক্ষী, বেদী, মণ্ডলা, পূর্ণচন্দ্রা, বজ্রা, পদ্মা, অর্দ্ধশশী ও ত্রিকোণা এই দশবিধ পীঠের লক্ষণ কীর্ত্তন করি, অবধান কর। স্থণ্ডিলা মেখলাদিশূন্য ও চতুষ্কোণ হইবে। বাপী দ্বিমেখলা বিশিষ্ট, যক্ষী ত্রিমেখলান্বিতা ও বেদী চতুষ্কোণ হইবে। বেদী লিঙ্গ-সমূহে যোজিত হইবে না। ত্রিমেখলান্বিতা বর্ত্তুল পীঠই মণ্ডলা নামে অভিহিত। যদি ঐ

রক্তা দ্বিমেখলা মধ্যে পূর্ণচন্দ্রা প্রকীর্ত্তিতা। মেখলাত্রয়সংযুক্তা ষড়স্রা বজ্রিকা ভবেৎ ॥
ষোড়শাস্রা ভবেৎ পদ্মা কিঞ্চিৎ হ্রস্বা চ মূলত'। তথৈব ধনুরাকারা সার্দ্ধচন্দ্রা প্রশস্যতে ॥
ত্রিশূলসদৃশী তদ্বৎ ত্রিকোণা উর্দ্ধতো মতা। প্রাগুদকপ্রবণা তদ্বৎ প্রশস্তা লক্ষণান্বিতা ॥
পরিবেষাস্ত্রিভাগেণ নির্দ্দেশঃ তত্র কারয়েৎ। বিস্তারং তৎপ্রমাণং তু মূলে চাগ্রে তথোর্দ্ধতঃ।
জলমার্গস্তু কর্ত্তব্যস্ত্রিভাগেণ সুশোভনঃ। লিঙ্গস্যার্দ্ধত্রিভাগেণ স্থৌল্যেন সমধিষ্ঠিতঃ।
মেখলা তু ত্রিভাগেণ খাতং বৈ তৎপ্রমাণতঃ। অথবা পাদহীনং তু শোভনং কারয়েৎ সদা ॥
উত্তরস্থং প্রমাণস্তু প্রমাণাদধিকং ভবেং। স্থণ্ডিলায়ামথারোগ্যং ধনধান্যঞ্চ পুষ্কলম্।
গোপ্রদা তু ভবেদ্যক্ষী বেদী সম্পৎপ্রদা ভবেৎ। মণ্ডলায়াং ভবেৎ কীর্ত্তির্বরদা পূর্ণচন্দ্রিকা ॥
আয়ুঃপ্রদা ভবেদ্বজ্রী পদ্মা সৌভাগ্যদায়িনী। পুত্রদা ত্বর্দ্ধচন্দ্রা স্যাত্রিকোণা শত্রুনাশিনী ॥
দেবস্য যজনার্থং তু পিণ্ডিকা দশ কীর্ত্তিতাঃ। শৈলে শৈলময়ীং পিণ্ডীং পার্থিবে পার্থিবীং তথা।
দারুজে দারুজাং কুর্য্যান্মিশ্রে মিশ্রাং তথৈব চ। নান্যযোনিস্তু কার্য্যা বৈ সদা শুভফলেপ্সুভিঃ।
অর্চ্চায়ামসমং দৈর্ঘ্যং লিঙ্গায়ামসমং তথা। যস্য দেবস্য যা পত্নী তাং পীঠে পরিকল্পয়েৎ।
এবমেব সমাখ্যাতং সমাসাৎ পীঠলক্ষণম্ ॥

কিঞ্চ।—দ্বারোচ্ছ্রায়স্য যন্মানমষ্টধা তত্তু কারয়েৎ। ভাগদ্বয়েণ প্রতিমাং ত্রিভাগীকৃত্য তৎ পুনঃ।
পিণ্ডিকা ভাগতঃ কার্য্যা নাতিনীচা ন চোচ্ছ্রিতা ॥

মণ্ডলাভ্যন্তরে লোহিতবর্ণ দুইটী মেখলা থাকে, তাহা হইলেই তাহার নাম পূর্ণচন্দ্রা। ষট্‌কোণ ও ত্রিমেখলান্বিত হইলে বজ্রিকা কহে। যদি ষোড়শকোণ ও মূলভাগে কিঞ্চিৎ হ্রস্ব হয়, তবে পদ্মা বলা যায়। ধনুকাকৃতিই অর্দ্ধচন্দ্রা বলিয়া অভিহিত। উর্দ্ধভাগে ত্রিশূলতুল্যা হইলে তাহার নাম ত্রিকোণা। এই সমস্ত পূর্ব্ববৎ উত্তরাংশে নত হইলেই সুলক্ষণবিশিষ্ট ও প্রশস্ত হয়। পরিধিকে তিন অংশ করিবে এবং মূল অগ্র ও উর্দ্ধ এই তিনদিকে সেই পরিমাণে বিস্তৃত করিতে হইবে। তিনভাগ দ্বারা মনোহর জলপথ করিতে হয়। উহা লিঙ্গের অর্দ্ধাংশের ত্রিভাগ-পরিমিত স্থূল হইবে। উহার তিনভাগ দ্বারা মেখলা ও মেখলার সদৃশ খাত করিবে। কিংবা ঐ খাতকে মেখলার পাদহীন করত সুদৃশ্য করিবে। উত্তরাংশের প্রণালী যথাযথ পরিমাণ হইতে অতিরিক্ত হইবে। স্থণ্ডিলা আরোগ্য ও বহু ধনধান্যদাত্রী, যক্ষী গোপ্রদায়িনী, বেদী সম্পদ্দায়িনী ও ত্রিকোণা শত্রুক্ষয়করী। দেবপূজার্থ দশবিধ পিণ্ডিকা বর্ণিত হইল। পাষাণপ্রতিমা হইলে, পাষাণময়ী, মৃণ্ময় হইলে মৃন্ময়ী, কাষ্ঠনির্ম্মিতা হইলে কাষ্ঠময়ী এবং নানাদ্রব্যে মিশ্রিতা হইলে মিশ্রিতা পিণ্ডিকা করিতে হয়। যিনি সতত স্বীয় মঙ্গল কামনা করেন, উপরি-কথিত দ্রব্য ভিন্ন অন্য দ্রব্য দ্বারা পিণ্ডিকা প্রস্তুত করা তাঁহার অকর্ত্তব্য। পিণ্ডিকা, প্রতিমা ও লিঙ্গবৎ দীর্ঘ হইবে। যে দেবের যে ভার্য্যা, তাঁহাকে সেই দেবের পীঠে কল্পনা করিতে হয়। সংক্ষেপে এইরূপ পীঠলক্ষণ বর্ণিত হইল। আরও লিখিত আছে যে, দ্বারের উচ্ছ্রায়ের পরিমাণকে আট অংশে বিভক্ত করিতে হয়। দুই ভাগ দ্বারা প্রতিমা করিবে, উহাকে নিম্ন বা অত্যুচ্চ করিবে না। নারদপঞ্চরাত্রেও লিখিত আছে, বিম্ব (আকৃতি) পরিমাণে দেবতার পীঠ

শ্রীনারদপঞ্চরাত্রে চ ।—

বিম্বমানাদথথা পীঠং কুর্য্যাদ্দেবস্য তচ্ছৃণু। চতুরস্রঞ্চ তদ্বিদ্ধি চতুরস্রায়তং তু বা ॥
বিম্বোচ্ছ্রায়সমং পীঠং পরিতশ্চৈব বিস্তৃতম্। তদর্দ্ধেনোন্নতং কুর্য্যাদেতৎ সামান্যলক্ষণম্ ॥
চতুরস্রস্য পীঠস্য কথিতং তু মহামুনে। চতুরস্রায়তস্যাথ প্রমাণমবধারয় ॥
বিম্বাদ্ধীনন্তু বিস্তীর্ণং তৎ প্রমাণেন চোন্নতম্। সমং দেবস্য দৈর্ঘ্যং বা চতুরস্রায়তং তু তৎ ॥
কার্য্যং তুঙ্গালয়স্থানাং দেবতানাং মহামুনে। চলানাং বেশ্মসংস্থানাং বিম্বানাং পীঠমন্যথা ॥
কুর্য্যাদ্বিম্বসমং দৈর্ঘ্যং স্বেন মানেন বা পুনঃ। আপাদজানুপর্য্যন্তং বিস্তারেণোচ্ছ্রয়েণ চ ॥
ঊর্ব্বর্দ্ধেনাথ বা কুর্য্যাৎ সবিস্তারং দ্বিজোন্নতিম্। বক্ষোহন্তরে বা বিম্বস্য তস্যার্দ্ধেন চ বিস্তৃতম্।
তচ্চতুর্ভাগহীনং তু ত্রিভাগং চার্দ্ধমেব বা। অজ ত্বং বিদ্ধি তৎ পীঠং চলবিম্বস্য সর্ব্বদা ॥
ধাতুদ্রব্যস্য চাভাবাৎ স্থিরাণামেবমেব চ। কৃত্বা তু তদধঃ কুর্য্যাদুপপীঠং প্রমাণতঃ ॥
ত্রিভাগেণাথ পীঠস্য প্রমাণং মধ্যতো ভবেৎ। তন্মানেন ততো দৈর্ঘ্যং স্বমানাদগ্রতঃ পুনঃ।
ত্র্যংশমানেন বিস্তীর্ণং তস্যাপি ত্র্যংশমন্তরা।
নিখনেদগ্রতো মূলাৎ তৎ কুর্য্যান্মকরাননম্ ॥ ইত্যাদি।

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে
শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবো নাম অষ্টাদশো বিলাসঃ ॥

যেরূপ হয়, তাহা বর্ণন করি, অবধান কর। উহা চতুরস্র বা চতুরস্রায়ত করিবে। উহার পীঠসমূহ বিম্ববৎ বিস্তৃত এবং তদর্দ্ধ উন্নত হইবে। হে মহর্ষে! চতুরস্র পীঠের এই সাধারণ লক্ষণ বর্ণন করিলাম। অধুনা চতুরস্রায়তের প্রমাণ অবধান কর। উচ্ছ্রায় বিম্ব অপেক্ষা ন্যূন ও বিস্তীর্ণ হইবে এবং দৈর্ঘ্য দেবসদৃশ করিবে, এইরূপ হইলেই তাহাকে চতুরস্রায়ত কহে। হে মহর্ষে! তুঙ্গালয়স্থ (অত্যুচ্চ প্রাসাদস্থ) দেবতাদিগের পীঠ এইপ্রকার করিতে হয়। যে সমস্ত দেবপ্রতিমা চল অথচ মন্দিরাভ্যন্তরে অধিষ্ঠিত, তাঁহাদিগের পীঠ অন্যরূপ করিবে। উক্ত পীঠ প্রতিমার সদৃশ কিংবা স্বীয় প্রমাণে দীর্ঘ হইবে। হে বিপ্র! আপাদ জানু পর্য্যন্ত বিস্তৃত ও উচ্ছিত হইবে; কিংবা উরুর অর্দ্ধাংশবৎ সবিস্তার উচ্ছ্রায় করিবে; অথবা প্রতিমূর্ত্তির বক্ষোদেশের মধ্যস্থল পর্য্যন্ত উন্নত ও তদর্দ্ধ বিস্তৃত করিবে, কিংবা চতুর্থাংশ-হীন ত্রিভাগ বা অর্দ্ধাংশ বিস্তৃত করিবে। হে বিপ্র! চলমূর্ত্তি-পীঠ এইরূপ জ্ঞাতব্য। ধাতুর অভাব ঘটিলে স্থির প্রতিমার পীঠ ঐপ্রকার করিয়া তন্নিম্নে ঐ পরিমাণে উপপীঠ করিতে হয়। উপপীঠের মধ্যস্থল পীঠের তিনভাগ হইবে এবং দৈর্ঘ্যও ঐ পরিমাণে করিতে হয়। পুনর্ব্বার অগ্রভাগে স্বপ্রমাণে তৃতীয়াংশ বিস্তৃত ও তৃতীয়াংশ প্রোথিত করিবে। অগ্রভাগ হইতে মূল পর্য্যন্ত মকরানন করিতে হয়।

ইতি শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাব নামক অষ্টাদশ বিলাস সমাপ্ত।

একোনবিংশ-বিলাসঃ।

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

শ্রীচৈতন্যং প্রবিষ্টোঽস্মি শরণং সুষ্ঠু যেন হি।
আবিষ্টো যাতি দুষ্টোঽপি প্রতিষ্ঠাং সদভিষ্টুতাম্॥ ১॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা।

প্রতিষ্ঠয়ৈব ভগবদাবির্ভাবো বিশেষতঃ। প্রতিমাসু ততস্তাসাং প্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥২॥

তথা চোক্তমেকাদশস্কন্ধে শ্রীভগবতা। - প্রতিষ্ঠা জীবমন্দিরম্॥ ইতি॥ ৩॥

অথ প্রতিষ্ঠালক্ষণম্।

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে।—

পরমাত্মা হরির্দেবস্তচ্ছক্তিঃ শ্রীরিহোদিতা। শ্রীর্দেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষঃ স্মৃতঃ॥

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ। জীয়াৎ চৈতন্যদেবোঽসৌ যৎ-পাদাব্জরসং স্পৃশন্। নিত্যং চিত্রং ফলত্যেব মনোরথমহাদ্রুমঃ॥ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখন্ তৎসুসিদ্ধয়ে পরগুরুরূপং ভগবন্তং শরণং যাতি শ্রীচৈতন্যমিতি। হি যস্মাৎ যেন শ্রীচৈতন্যেন আবিষ্টঃ হৃদ্যাক্রান্তঃ সন্ দুষ্টোঽপি জনঃ সদ্ভিরভিষ্টুতাং প্রতিষ্ঠাং যাতি। অতোঽহতাযোগ্যোঽপি হৃদি তৎ-প্রেরণয়া লিখন্নহং সম্যগেতল্লিখিতুমর্হামীতি ভাবঃ॥ ১॥

যদ্যপি শ্রীমূর্ত্ত্যাবির্ভাবেনৈব সর্ব্বলোকেষু সাক্ষাদাকারাদিস্ফূর্ত্ত্যা ভগবদাবির্ভাবো বৃত্ত এব, তথাপি বিধিনা প্রতিষ্ঠয়ৈব প্রতিমাসু বিশেষতো ভগবত আবির্ভাবঃ স্যাৎ। ততস্তস্মাদ্ধেতোস্তাসাং প্রতিমানাং শাস্ত্রোক্তপ্রকারেণ প্রতিষ্ঠামাচরেদিত্যর্থঃ॥ ২॥ এতদেব শ্রীভগবদুক্ত্যা প্রমাণয়তি প্রতীতি। প্রতিষ্ঠায়া যদ্বা প্রতিষ্ঠা ভবতি চেত্তর্হি জীবয়তি জগচ্চেতয়তীতি জীবঃ পরমাত্মাহং তস্য মন্দিরমধিষ্ঠানং ভবতি। এবং প্রতিষ্ঠায়া নিত্যত্বমভিপ্রেতম্॥ ৩॥

যৎকর্ত্তৃক আবিষ্ট হইলে (যাঁহার অধিষ্ঠানে) দুষ্ট ব্যক্তিও সাধুবর্গের স্তবনীয় হয়, আমি সেই শ্রীচৈতন্যদেবের শরণ লইয়া তদীয় সুশোভন আশ্রয় গ্রহণ করি। ১।

অনন্তর শ্রীমূর্ত্তি-প্রতিষ্ঠা কথিত হইতেছে।—প্রতিষ্ঠা করিলেই প্রতিমাতে ভগবানের সম্যক্ আবির্ভাব হইয়া থাকে; সুতরাং শাস্ত্রবিহিত বিধানে প্রতিমার প্রতিষ্ঠা করা কর্ত্তব্য। ২। ভাগবতের একাদশস্কন্ধে শ্রীকৃষ্ণের উক্তি আছে যে, ভগবৎ-প্রতিমার প্রতিষ্ঠা হইলে জগচ্চৈতন্য জন্মে; আমি তাদৃশ প্রতিষ্ঠিত প্রতিমাতেই অবস্থিতি করিয়া থাকি। ৩।

অনন্তর প্রতিষ্ঠালক্ষণ।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, পরমাত্মা শ্রীহরিই দেব ও শ্রী তদীয় শক্তি বলিয়া অভিহিত। শ্রীদেবীই প্রকৃতি ও হরি (পরম) পুরুষ শব্দে পরিকীর্ত্তিত।

ন বিষ্ণুনা বিনা দেবী ন হরিঃ পদ্মজাং বিনা। অর্চ্চামূর্ত্তিঃ স্মৃতঃ কৃষ্ণঃ পিণ্ডিকা কমলালয়া।
তয়োর্য্যো বিধিনা যোগঃ সা প্রতিষ্ঠা প্রকীর্ত্তিতা॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যম্।

মাৎস্যে।— ঋষয় উচুঃ।

ক্রিয়াযোগঃ কথং সিধ্যেদ্‌গৃহস্থাদিষু সর্ব্বদা। জ্ঞানযোগসহস্রাদ্ধি কর্ম্মযোগো বিশিষ্যতে॥ ৪॥

শ্রীসূত উবাচ।

ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি দেবতার্চ্চানুকীর্ত্তনম্। ভুক্তিমুক্তিপ্রদং যস্মান্নান্যলোকেষু বিদ্যতে॥৫॥
প্রতিষ্ঠায়াঃ সুরাণাং চ দেবতার্চ্চানুকীর্ত্তনাৎ। দেবযজ্ঞোৎসবার্চ্চাপি বন্ধনেন বিমুচ্যতে॥৬॥

বিষ্ণুধর্ম্মে।— স্থাপিতাং প্রতিমাং বিষ্ণোঃ সম্যক্ সংপূজ্য মানবঃ।
যং যং প্রার্থয়তে কামং তং তং প্রাপ্নোত্যনুত্তমম্॥

যথোক্তবিধিনা দেবং প্রতিষ্ঠাপ্য জনার্দ্দনম্। অক্ষয়ং লোকমাপ্নোতি বিষ্ণোরমিততেজসঃ।

পিণ্ডিকোপরি শ্রীমূর্ত্তেঃ প্রকর্ষেণ স্থিতেঃ প্রতিষ্ঠেতি নিরুক্ত্যা তল্লক্ষণমাহ পরমাত্মেতি সার্দ্ধ-দ্বয়েন। অর্থবিশেষস্তু শ্রীবৈষ্ণবানাং হৃদয়গম্য এবেতি কিন্তুবিস্তারণমেব কেবলমপ্রোপযুক্তমেব লেখ্যম্॥ ৪॥ দেবতানাং যদ্বা দেবতায়াঃ পরমপূজ্যস্য ভগবতোঽর্চ্চা পূজা প্রতিমা বা অনু-কীর্ত্তনং চ। দ্বন্দ্বৈকাম্। তদ্রূপং ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি। তত্র হেতুঃ। যস্মাদ্দেবতার্চ্চানু-কীর্ত্তনাদন্যং কিঞ্চিদ্ভুক্তিমুক্তিপ্রদং নাস্তি॥ ৫॥ সুরাণামিতি বহুত্বং শ্রীশিবাদ্যপেক্ষয়া ভগবতঃ পরমগৌরবাপেক্ষয়া বা। প্রতিষ্ঠেত্যাদিপ্রথমান্তপাঠে সৈব দেবতার্চ্চানুকীর্ত্তনং সৈব দেব-যজ্ঞোৎসবশ্চ যেন দেবতার্চ্চানুকীর্ত্তনেন দেবযজ্ঞোৎসবেন চ কর্ম্মবন্ধাজ্জনো মুক্তো ভবতি॥ ৬॥ বৈষ্ণবানাং বিষ্ণুপরিবারাণাং শঙ্করাদীনাম্। হে সপ্তলোকস্য নায়ক নারদ। নারদেতি বা

বিষ্ণু ব্যতীত লক্ষ্মী বা লক্ষ্মী ব্যতীত বিষ্ণু অধিষ্ঠান করেন না। অর্চ্চামূর্ত্তিকে কৃষ্ণ ও পিণ্ডিকা-মূর্ত্তিকেই লক্ষ্মী জানিবে। যে বিধানে এই উভয়ের যোগ হয়, তাহারই নাম প্রতিষ্ঠা।

অনন্তর শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠার মাহাত্ম্য।—মৎস্যপুরাণে লিখিত আছে, ঋষিগণ সূত-সকাশে জিজ্ঞাসা করিয়াছিলেন, কিরূপে গৃহী প্রভৃতিতে ক্রিয়াযোগ সুসিদ্ধ হইয়া থাকে? কেননা, কর্ম্মযোগই সহস্র জ্ঞানযোগ হইতে গরীয়ান্। ৪। সূত বলিলেন, দেবপ্রতিমার অনুকীর্ত্তনরূপ কর্ম্মযোগ বর্ণন করিতেছি। দেবতার প্রতিমানুকীর্ত্তন ব্যতীত ভুক্তিমুক্তির আর কিছুই উপায় দৃষ্ট হয় না। ৫। দেবপ্রতিষ্ঠা, দেবমূর্ত্তির অনুকীর্ত্তন ও দেবযজ্ঞোৎসবার্চ্চা এই সমস্ত ক্রিয়া-দ্বারা কর্ম্মবন্ধন ছিন্ন হয়। বিষ্ণুধর্ম্মে লিখিত আছে, বিষ্ণুর স্থাপিত মূর্ত্তিকে বিধানে অর্চ্চনা করিয়া যে কোন উৎকৃষ্ট কামনা করা যায়, তাহাই সুসিদ্ধ হয়। যথাবিহিত বিধানে কেশবের প্রতিষ্ঠা করিলে ভূরিতেজা হরির অক্ষয় ধামে গমন করিতে পারে। স্কন্দপুরাণে লিখিত আছে, যতদিন জগতে হরিপ্রতিমা অধিষ্ঠিত থাকে, ততসহস্রযুগ স্থাপনকর্ত্তা হরিধামে অবস্থিতি করেন। হে সপ্তভুবননায়ক নারদ! বিষ্ণুপ্রতিমা স্থাপন করিলে মহাপ্রলয় যাবৎ স্থাপনকর্ত্তা অক্ষয় হইয়া অবস্থিতি করেন এবং (ঐ কার্য্য নিবন্ধন) তৎকর্ত্তৃক শিবাদি দেবগণের প্রতিষ্ঠা

স্কান্দে :—

যাবদ্দিনানি লোকেঽস্মিন্ স্থাপয়েৎ প্রতিমাং হরেঃ। তাবদ্যুগসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥
অক্ষয়ো ভবতে তাবদ্যাবদাভূতসংপ্লবম্। যেনার্চ্চা স্থাপিতা বিষ্ণোঃ সপ্তলোকস্য নায়ক।
প্রতিষ্ঠা শঙ্করাদীনাং দেবানাং ব্রহ্মনন্দন। কৃতা তেন ন সন্দেহঃ সত্যোক্তং তব নারদ ॥
পিতৃণামর্য্যমাদীনাং বাসবাদিদিবৌকসাম্। কৃতা তেন মহাপ্রীতিঃ স্থাপয়িত্বা জনার্দ্দনম্ ॥৭॥
যঃ স্থাপয়তি দেবর্ষে দেবং মধুনিসূদনম্। তস্য সংভাষণাদেব পাপং যাতি দশাব্দিকম্ ॥
যে নিরীক্ষন্তি নন্দন্তি প্রতিষ্ঠাং কেশবস্য হি। তে বসন্তি হরের্লোকে যুগানামেকবিংশতিম্ ॥
প্রয়াগে যৎ ফলং প্রোক্তং মাঘমাসে তু স্নানতঃ। গয়ায়াং পিণ্ডদানেন পিতৃপক্ষে চ নারদ ॥
কার্ত্তিকে পুষ্করে প্রোক্তং কুরুক্ষেত্রে রবিগ্রহে। দ্বারকায়াং চ বৈশাখে প্রভাসে চ শশিগ্রহে ॥
সিদ্ধেশ্বরে শিবরাত্রৌ ক্ষেত্রে চৈব তু হাটকে। শুক্লতীর্থে তু রেবায়াং গঙ্গাসাগরসঙ্গমে।
অশ্বমেধাদিভির্যজ্ঞৈর্ব্রতৈর্দ্বাদশিসংজ্ঞকৈঃ। কপিলাকোটিভির্দ্দত্তৈর্হেমভারশতৈরপি।
চান্দ্রায়ণৈশ্চ পারাকৈঃ কৃতৈর্যৎ ফলমাপ্নুয়াৎ। প্রতিষ্ঠাপ্য হরেরর্চ্চাং পুণ্যমাপ্নোতি নারদ।
তস্মাৎ কলিযুগে ঘোরে বিশেষেণ নরোত্তমৈঃ। স্থাপনীয়া হরেরর্চ্চা পিতৃণাং মুক্তিমিচ্ছতা।
অন্যকৃতে চ প্রাসাদে প্রতিমাং স্থাপয়েত্তু যঃ। কুলাযুতশতৈর্যুক্তো বসতে বিষ্ণুবেশ্মনি ॥
স ধন্যঃ স কুলীনশ্চ পিতৃণাং ভবতে সুতঃ। কারয়িত্বা হরের্ধিষ্ণ্যং যঃ স্থাপয়তি কেশবম্ ॥
হরস্য বিষ্ণোর্ভানোর্ব্বা প্রাসাদে চাপি নারদ। স্থাপয়িত্বা হরেরর্চ্চাং মুখ্যং পুণ্যমবাপ্নুয়াৎ ॥৮॥

পাঠঃ, ততশ্চ সপ্তলোকস্য বিশেষতঃ শঙ্করাদীনাং চ প্রতিষ্ঠা তেন কৃতেত্যন্বয়ঃ ॥ ৭। মুখ্যমিতি। প্রাসাদং স্বয়ং নির্ম্মায় তত্র হরেরর্চ্চাস্থাপনেন যৎ পুণ্যং তদিত্যর্থঃ ॥ ৮ ॥

করা হয়। হে বিধিসুত! তোমার নিকট যাহা বলিলাম, ইহা নিঃসন্দেহ সত্য বলিয়া জানিবে। যে ব্যক্তি কেশবকে স্থাপন করেন, অর্য্যমাদি পিতৃগণ ও ইন্দ্র প্রমুখ সুরবর্গও তৎকর্ত্তৃক প্রীত হইয়া থাকেন। ৭। হে দেবর্ষে! যিনি হরিস্থাপন করেন, তৎসহ সম্ভাষণমাত্র দশবর্ষজ পাতক ভস্মীভূত হয়। যাঁহারা হরির প্রতিষ্ঠা দর্শন বা তাহাতে আনন্দ প্রদর্শন করেন, একবিংশতিযুগ যাবৎ হরিধামে তাঁহাদের বাস হয়। হে দেবর্ষে! প্রয়াগে মাঘস্নানে, পিতৃপক্ষে গয়ায় পিণ্ডনির্ব্বপণে, এব কার্ত্তিকে পুষ্করে, কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণে, দ্বারকায় বৈশাখে, প্রভাসে চন্দ্রগ্রহণে, শিবচতুর্দ্দশীতে সিদ্ধেশ্বরে, হাটকক্ষেত্রে, শুক্লতীর্থে, রেবায়, ও গঙ্গাসাগরসঙ্গমে স্নান, অশ্বমেধাদি যজ্ঞ, দ্বাদশীব্রত, কোটি কোপিলাদান, শতভার কাঞ্চনদান, চান্দ্রায়ণ, পরাকব্রত, এই সমস্ত দ্বারা যে ফল অর্জ্জিত হয়, শ্রীহরির প্রতিমা প্রতিষ্ঠিত করিলেও সেই ফল প্রাপ্ত হইতে পারে। সুতরাং ভীষণ কলিকালে নরশ্রেষ্ঠগণ, বিশেষতঃ পিতৃগণের উদ্ধারকামী ব্যক্তির পক্ষে সম্যক্ বিধানে হরিপ্রতিমা স্থাপন করা অবশ্য কর্ত্তব্য। অপর ব্যক্তি দ্বারা নির্ম্মিত প্রাসাদে হরিকে স্থাপন করিলে অযুতশতকুলসমন্বিত হইয়া বিষ্ণুলোকে বাস করিতে পারে। যে ব্যক্তি হরিমন্দির নির্ম্মাণ পূর্ব্বক তাহাতে হরিমূর্ত্তি স্থাপন করেন, তিনি ধন্য, তিনিই কুলীন এবং তিনিই পিতৃগণের প্রকৃত সন্তান। হে দেবর্ষে! শিব, বিষ্ণু বা ভাস্কর-

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিষ্ঠাবিধ্যন্তে।—

যো বিষ্ণুং স্থাপয়েদ্দেবং সর্ব্বদেবনমস্কৃতম্। স্থাপিতং তেন সর্ব্বং স্যাৎ জগজ্জং স্থাবরজঙ্গমম্।

অতীতান্ দশ পূর্ব্বাংশ্চ তথৈবানাগতান্ দশ। আত্মানং সপরীবারং বিষ্ণুলোকং নয়েন্নরঃ।

কোটিজন্মগতং পাপং স্বল্পকং যদি বা গুরু। তৎ সর্ব্বং ভস্মসাৎ কুর্য্যাৎ সংস্থাপ্য মধুঘাতিনম্॥

তথৈব ভবিষ্যে।—

এবং যঃ কুরুতে রাজন্ প্রতিষ্ঠাং দেবচক্রিণঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ॥

বিমানেন বিচিত্রেণ ত্রিসপ্তকুলজৈঃ সহ। পূজাং সংপ্রাপ্য মহতীমিন্দ্রলোকাদিষু ক্রমাৎ।

সর্বাণ্যবং সুখং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে॥

নারসিংহে।—

প্রতিষ্ঠাং নরসিংহস্য যঃ করোতি যথাবিধি। নিষ্কামো নরশার্দ্দূল দেহবন্ধাৎ প্রমুচ্যতে।

সকামো নরসিংহস্য পুরং প্রাপ্য চ মোদতে মন্বন্তরাণ্যনেকানি লব্ধসৌখ্যো বিমুচ্যতে।

নরসিংহং প্রতিষ্ঠাপ্য যঃ পূজামাচরেন্নরঃ। তস্য কামাঃ প্রসিধ্যন্তি পুত্রপৌত্রাদয়ো ভুবি॥

বিধিবৎ স্থাপয়েদ্যস্তু কারয়িত্বা জনার্দ্দনম্। ন জাতু নির্গমস্তস্য বিষ্ণুলোকাৎ কথঞ্চন॥

গৌতমীয়ে।—

গোষ্ঠে বা শৈলশৃঙ্গে বা পুণ্যারণ্যে নদীতটে। প্রাসাদে স্থাপয়েৎ কৃষ্ণং তীর্থকোটিফলং লভেৎ।

কোটিকোটি-মহাস্নানাৎ কোটিতীর্থপরিভ্রমাৎ।

তৎ ফলং লভতে ভক্ত্যা সংপ্রতিষ্ঠাপ্য কেশবম্॥

সদা মন্ত্রকোটিজপাৎ যৎ ফলং পুরুষো লভেৎ। তৎ ফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমম্॥

কোটিযজ্ঞেন যৎ পুণ্যং পুণ্যারণ্যনিষেবণাৎ। তৎ ফলং লভতে মর্ত্ত্যস্তদ্বৎ সংস্থাপ্য কেশবম্॥

যাবজ্জন্ম হরের্নামগ্রহণে যৎ ফলং লভেৎ॥ তৎ ফলং সমবাপ্নোতি সংপ্রাপ্য পুরুষোত্তমম্॥

অথ প্রতিষ্ঠাকালঃ।

মাৎস্যে।—

চৈত্রে বা ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবে তথা। মাঘে বা সর্ব্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ॥

প্রাপ্য পক্ষং শুভং শুক্লমতীতে চোত্তরায়ণে। পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা।

দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী। আসু প্রতিষ্ঠা বিধিবৎ কৃতা বহুফলা ভবেৎ॥

আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরাত্রয়মেব চ। জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্ব্বভাদ্রপদা তথা।

হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যা মৃগশিরস্তথা। অনুরাধা স্বাতী তথা প্রতিষ্ঠাদিষু শস্যতে॥ ৯॥

অতীতে চোত্তরায়ণে ইতি মকরসংক্রান্তৌ ব্যতীতায়ামিত্যর্থঃ, দক্ষিণায়নে প্রতিষ্ঠানিষেধাৎ॥৯॥

দেবের মন্দিরে বিষ্ণুপ্রতিমা স্থাপন করিলে মহাপুণ্যসঞ্চার হইয়া থাকে।৮। হয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিষ্ঠাবিধির শেষে লিখিত আছে যে, যিনি সর্ব্বদেববন্দ্য হরিকে স্থাপন করেন, তৎকর্ত্তৃক স্থাবরজঙ্গমাত্মক সমস্তই স্থাপিত হয়, এবং তিনি অতীত দশ ও ভাবী দশ পুরুষ সহ সপরিবারে বিষ্ণুধামে প্রস্থান করেন। কোটিজন্মে যে কিছু পাপ সঞ্চিত হইয়াছে, তাহা ভূরি বা অল্প

বুধো বৃহস্পতিঃ শুক্রস্ত্রয় এতে শুভাবহাঃ। এভির্নিরীক্ষিতং লগ্নং নক্ষত্রঞ্চ প্রশস্যতে।
গ্রহতারাবলং লব্ধা গ্রহপূজাং বিধায় চ। নিমিত্তং শকুনং লব্ধা বর্জ্জয়িত্বাদ্ভুতাদিকম্॥
শুভে যোগে শুভে স্থানে ক্রূরবিবর্জ্জিতে। লগ্নে ঋক্ষে চ কুর্ব্বীত প্রতিষ্ঠাদিকমুক্তবৎ।
অয়নে বিষুবে তদ্বৎ ষড়শীতিমুখে তথা। এতেষু স্থাপনং কার্য্যং বিধিদৃষ্টেন কর্ম্মণা।
প্রাজাপত্যে তু শয়নং শ্বেতে তূত্থাপনং তথা। মুহূর্ত্তে স্থাপনং কুর্য্যাত্তথা ব্রাহ্ম্যে বিচক্ষণঃ॥১০॥

অদ্ভুতং ভূকম্পাদি। আদিশব্দেন গ্রহণাদি॥ ১০॥ ভানৌ উত্তরাশাং দিশং আশ্রিতে। উত্ত-

---

হইলেও হরিপ্রতিমা-স্থাপনের ফলে দগ্ধীভূত হইয়া থাকে। ভবিষ্যপুরাণেও লিখিত আছে যে, হে নৃপ! যিনি এইরূপে চক্রপাণি হরির মূর্ত্তি প্রতিষ্ঠা করেন, তিনি নিখিল পাতক হইতে উত্তীর্ণ ও সর্ব্বালঙ্কারে অলঙ্কৃত হইয়া বিচিত্র যানে অধিরোহণ পূর্ব্বক একবিংশতিকুল সহ মহাসম্মানসহকারে সবান্ধবে ইন্দ্রাদিলোকে সুখভোগ করিয়া পরে হরিধামে পূজিত হইয়া থাকেন। নরসিংহপুরাণে লিখিত আছে, হে নরসত্তম! যিনি কামনাহীন হইয়া বিধানে নরসিংহমূর্ত্তি প্রতিষ্ঠা করেন, তাঁহার দেহবন্ধ-বিমোচন হয়। সকামভাবে প্রতিষ্ঠা করিলে নরসিংহপুরে গিয়া বহুমন্বন্তর সুখভোগ করত মুক্তি প্রাপ্ত হয়। নরসিংহ-প্রতিমা প্রতিষ্ঠা করিলে ধরাধামে পুত্র পৌত্রাদি প্রাপ্তিরূপ কামনা সুসম্পন্ন হইয়া থাকে। যে ব্যক্তি হরিমূর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক বিধানে স্থাপন করেন, তাঁহাকে কদাচ হরিধাম হইতে পুনরায় ভ্রষ্ট হইতে হয় না। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে, গোষ্ঠ গিরিশিখর, পুণ্যবন, নদীতীর ও প্রাসাদ এই সমস্ত স্থলে হরিমূর্ত্তি স্থাপন করিলে কোটিতীর্থের ফল প্রাপ্ত হওয়া যায়। কোটি কোটি মহাস্নান ও কোটিকোটি তীর্থপর্য্যটন দ্বারা যে ফল প্রাপ্ত হইয়া যায়, ভক্তি সহকারে হরিমূর্ত্তি স্থাপন করিলে সেই ফল লাভ হয়। সর্ব্বদা কোটিমন্ত্র জপ দ্বারা যে ফল অর্জ্জিত হয়, পুরুষপ্রবর হরিকে স্থাপন করিলে সেই ফল লাভ করিতে পারে। কোটি যজ্ঞানুষ্ঠানে ও পুণ্যকানন-সেবনে যে ফল হয়, হরিমূর্ত্তি স্থাপন করিলে তৎফল প্রাপ্ত হইতে পারে। আজীবন হরিনাম লইলে যে ফল হয়, হরিমূর্ত্তি স্থাপন করিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়।

অনন্তর প্রতিষ্ঠাকাল নিরূপিত হইতেছে।—মৎস্যপুরাণে লিখিত আছে, চৈত্র, ফাল্গুন, জ্যৈষ্ঠ, বৈশাখ ও মাঘ এই সমস্ত মাসে দেবপ্রতিষ্ঠা করিলে শুভফল প্রাপ্ত হওয়া যায়। উত্তরায়ণ অতীত হইলে ঐ সকল মাসে শুক্লপক্ষে পঞ্চমী, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, দশমী, পূর্ণিমা ও ত্রয়োদশী এই সমস্ত তিথিতে বিধানে প্রতিষ্ঠা করিলে সেই প্রতিষ্ঠা বহুফলদায়িনী হয়। পূর্ব্বাষাঢ়া, ও উত্তরাষাঢ়া মূলা, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, পূর্ব্বভাদ্রপদ, হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, অনুরাধা ও স্বাতী এই সমস্ত নক্ষত্র প্রতিষ্ঠা-কর্ম্মে প্রশস্ত। ৯। বুধ, বৃহস্পতি ও শুক্র এই বারত্রয় প্রতিষ্ঠাকর্ম্মে প্রশস্ত এবং যে লগ্ন বা নক্ষত্র এই তিন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাও প্রশস্ত জানিবে। গ্রহবল ও তারাবল প্রাপ্ত হইয়া গ্রহপূজা সমাপনান্তে শুভসূচক নিমিত্ত দেখিয়া অদ্ভুতাদি (ভূকম্পগ্রহণাদি)

হয়শীর্ষপঞ্চরাত্রে চ।—

উত্তরাশাশ্রিতে ভানৌ শুক্লপক্ষে সুরেশ্বর। কৃষ্ণপক্ষান্তিম-ত্র্যংশাদৃতে সুরগণার্চ্চিত॥
শুক্লস্যাদ্যং পরিত্যজ্য প্রতিষ্ঠাং কারয়েদ্বুধঃ। মাঘে মাসি ফাল্গুনে বা চৈত্র-বৈশাখয়োরপি॥
জ্যৈষ্ঠে মাস্যথবাষাঢ়ে সুযোগকরণান্বিতে। প্রতিপচ্চ দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা॥
সপ্তমী দশমী চৈব দ্বাদশী চ ত্রয়োদশী। অষ্টমী পৌর্ণমাসী চ প্রতিষ্ঠায়াং সুশোভনাঃ।
গুরুঃ সোমো বুধঃ শুক্রঃ প্রতিষ্ঠায়াং শুভাবহাঃ। মেষো বৃষোঽথ মিথুনঃ কর্কটো বৃশ্চিকস্তথা॥
সিংহঃ কন্যা চ সততং বিজ্ঞেয়াঃ শান্তিকারকাঃ। উত্তরাসু তথা মূলে রৌদ্রে পুষ্যেঽথ শস্যতে॥
বৈষ্ণবে চানুরাধে চ রেবত্যাং রোহিণীষু চ। অশ্বিন্যামথ চিত্রায়াং ভরণ্যাং চ পুনর্ব্বসৌ॥
প্রতিষ্ঠাং কারয়েদ্বিদ্বান্ নক্ষত্রে মৃগশীর্ষকে। অয়নে বিষুবে চৈব ষড়শীতিমুখে তথা॥
মিত্রং পরমমিত্রঞ্চ সম্পৎক্ষেমঞ্চ সাধকম্। তারাপঞ্চকমেতচ্চ প্রতিষ্ঠায়াং প্রশস্যতে॥
গরং বিষ্টিঞ্চ কিন্তুঘ্নং শাকুনঞ্চ চতুষ্পদম্। বর্জ্জয়েৎ সুপ্রযত্নেন প্রতিষ্ঠায়াং সুরেশ্বর॥
বিষ্কুম্ভমতিগণ্ডঞ্চ শূলং পরিঘমেব চ। গণ্ডং ব্যাঘাতকং চৈব বৈধৃতং বজ্রমেব চ॥
ব্যতীপাতং হর্ষণঞ্চ যোগানেতান্ বিবর্জ্জয়েৎ। ন শস্তং গ্রহণে নিত্যং তথা বৈ দক্ষিণায়নে॥
লগ্নে তু সুস্থিরে কার্য্যং স্থিরাংশে সুরসত্তম। কর্ত্তুশ্চোপচয়োপেতে মুহূর্ত্তে শোভনে দ্বিজ॥

রায়ণে সতীত্যর্থঃ। কৃষ্ণপক্ষেঽপি যোগবাহুল্যে কারয়েৎ, কিন্তু তত্র ত্রয়োদশী-চতুর্দ্দশ্যমাবস্যা

ত্যাগ করত শুভযোগে, শুভস্থলে, ক্রূরগ্রহরহিত লগ্নে ও নক্ষত্রে পূর্ব্ববৎ প্রতিষ্ঠাদি করিবে। উত্তরায়ণ, দক্ষিণায়ন, বিষুব সংক্রান্তি ও ষড়শীতি সংক্রান্তি, এই সমস্ত কালে বিধি-বিহিত নিয়মে স্থাপন করা কর্ত্তব্য। প্রাজাপত্যে শয়ন, শ্বেতে উত্থাপন ও ব্রাহ্মমুহূর্ত্তে স্থাপন করাই সুধীব্যক্তির কর্ত্তব্য। ১০। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে দেবদেব! হে দেবগণবন্দ্য! ভাস্করদেব উত্তরদিকে থাকিলে শুক্লপক্ষে, কৃষ্ণপক্ষের ত্রয়োদশী, চতুর্দ্দশী ও অমাবস্যা তিথিতে এবং শুক্লপক্ষের প্রতিপদ্ বর্জ্জন পূর্ব্বক প্রতিষ্ঠা করাই সুধীব্যক্তির কর্ত্তব্য। মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ়মাসে, শুভযোগ ও শুভকরণে, প্রতিপৎ, দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, দশমী, দ্বাদশী, ত্রয়োদশী, অষ্টমী ও পূর্ণিমা এই সমস্ত তিথি প্রতিষ্ঠাকর্ম্মে প্রশস্ত। গুরু, সোম, বুধ ও শুক্র এই সমস্ত বার প্রতিষ্ঠাক্রিয়ায় কল্যাণকর। মেষ, বৃষ, মিথুন, কর্কট, বৃশ্চিক, সিংহ ও কন্যা এই সমস্ত লগ্ন প্রতিষ্ঠাতে শান্তিপ্রদ। উত্তরাত্রয়, মূলা, রৌদ্র অর্থাৎ আর্দ্রা, শ্রবণা, পুষ্যা, অনুরাধা, রেবতী, রোহিণী, অশ্বিনী, চিত্রা, ভরণী, পুনর্ব্বসু ও মৃগশিরা এই সমস্ত নক্ষত্রে প্রতিষ্ঠা প্রশস্ত। উত্তরায়ণ, দক্ষিণায়ন, বিষুবসংক্রান্তি এবং মিত্র, পরমমিত্র, সম্পদ্, ক্ষেম ও সাধক এই তারাপঞ্চক প্রতিষ্ঠা-কর্ম্মে প্রশস্ত। হে দেবদেব! প্রতিষ্ঠাকর্ম্মে গর, বিষ্টি, কিন্তুঘ্ন, শাকুন ও চতুষ্পদ সম্বন্ধে এই সমস্ত করণ এবং বিষ্কুম্ভ, অতিগণ্ড, শূল, পরিঘ, গণ্ড, ব্যাঘাত, বৈধৃতি, বজ্র, ব্যতীপাত ও হর্ষণ এই সমস্ত যোগ পরিত্যাগ করিবে। হে দেবশ্রেষ্ঠ! গ্রহণকালে ও দক্ষিণায়নে প্রতিষ্ঠা কর্ম্মে অপ্রশস্ত। স্থিরলগ্নে ও স্থিরাংশে প্রতিষ্ঠা করিতে হয়।

মৈত্রে বৈরাজসাবিত্রে শ্বেতে বা বাসবে শিবে। অভিজিদ্রোহিণীনাঙ্ক মুহূর্ত্তে পদ্মসম্ভবে॥
গান্ধর্ব্বে বা স্থাপয়ীত হরিং সুরগণার্চ্চিতম্। আদিত্যস্য বলং লব্ধ্বা লগ্নং শুভনিরীক্ষিতম্॥
চন্দ্রতারাবলং প্রাপ্য স্থাপয়েৎ পুরুষোত্তমম্। সুগ্রহে চ সুনক্ষত্রে কুর্য্যাত্তত্রাধিবাসনম্॥

ভবিষ্যে।—

হরৌ সুপ্তে ন কর্ত্তব্যং দেবার্চ্চাস্থাপনং বুধৈঃ। কর্ত্তব্যং তু বিবুদ্ধে তু হংসে চাপ্যুত্তরং গতে॥
সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং স্থাপয়েদুত্তরায়ণে। বর্জ্জয়েৎ সর্ব্বযত্নেন মন্ত্রবিদ্দক্ষিণায়নম্॥

দেবীপুরাণে।—

সিংহসংস্থং গুরুং শুক্রং সর্ব্বারম্ভেষু বর্জ্জয়েৎ। প্রারব্ধং ন চ সিধ্যেত মহাভয়করং ভবেৎ॥
পুত্রভ্রাতৃকলত্রাণি হন্যাচ্ছীঘ্রং ন সংশয়ঃ। কারকো ব্রজতে নাশং সন্তানং ক্ষীয়তেঽচিরাৎ॥
দেবারামতড়াগেষু প্রপোদ্যানগৃহেষু চ। সিংহস্থং মকরস্থং চ গুরুং যত্নেন বর্জ্জয়েৎ॥

অথ প্রতিষ্ঠাস্থানম্।

তত্রৈব।—

সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যবনং রম্যং নদীতটম্। প্রাসাদো নির্ম্মিতঃ শক্ত্যা মনোরমগৃহাদি চ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

অথ দিগ্বিনিয়মোপেতং দেবতাস্থাপনং শুভম্। পুরো দিশি যথা দেবাঃ স্থাপ্যাঃ শৃণু তথা মম॥
নগরগ্রামমধ্যে তু ব্রহ্মণঃ স্থানমুত্তমম্। আখণ্ডলস্য সূর্য্যস্য পূর্ব্বেণায়তনং শুভম্।
স্বদিগ্গতং কৃশানোস্তু মাতৃণাঞ্চৈব দক্ষিণে। ভূতানামালয়স্তস্মিন্ ধর্ম্মরাজালয়ঃ শুভঃ॥
চণ্ডিকায়াঃ পিতৃণাঞ্চ দৈত্যানাং নৈর্ঋতে ভবেৎ। প্রচেতসঃ সমুদ্রস্য সিন্ধূনাং পশ্চিমে ভবেৎ॥
ফণিনাং চৈব বায়ব্যাং বায়োঃ স্থানন্তু তচ্ছুভম্। যক্ষাধিপস্য স্কন্দস্য উদীচ্যাং স্থানমুচ্যতে॥
বিষ্ণোঃ স্থানং তু সর্ব্বত্র কালভেদেন ভিদ্যতে। নগরাভিমুখাঃ সর্ব্বে স্থাপিতাঃ শুভদা নৃণাম্।
অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা কৃতা যদি পরাঙ্মুখাঃ। তদা শাস্ত্রাদিভির্বিদ্বানুপায়মিমমাচরেৎ॥
তদ্বর্ণভূষণোপেতং তদ্রূপায়ুধলক্ষণম্। পুরস্যাভিমুখং ভিত্তৌ তং দেবং তত্র সংলিখেৎ॥

কিঞ্চ।—দিগ্বিশেষেণ মে স্থানং শৃণু মে সুরসত্তম। গ্রামমধ্যেঽথবারণ্যে নদীনাং সঙ্গমে তথা॥
নগরস্য সমন্তাচ্চ সর্ব্বত্রাহং প্রতিষ্ঠিতঃ। ভুক্তিমুক্তিপ্রদং পুংসাং বিশেষং শৃণু চাপরম্॥১১॥
ঐন্দ্র্যাং প্রশস্তং বিজ্ঞেয়মাগ্নেয্যাং পরিবর্জ্জিতম্। যাম্যাং প্রশান্তয়ে শস্তং নৈর্ঋত্যাং ভয়দং ভবেৎ॥
দ্রব্যাদীনাং প্রসিদ্ধ্যর্থং বারুণ্যাং রাজসিদ্ধয়ে। বায়ব্যাং বর্জ্জয়েদ্যত্নাৎ কৌবের্য্যাং পুষ্টিবর্দ্ধনম্।
ঐশান্যাং যজনং শ্রেষ্ঠং সর্ব্বসম্পৎকরং নৃণাম্॥ ১২॥

বর্জ্জয়েদিত্যাহ কৃষ্ণেতি॥১১॥ কালভেদেন ভিদ্যত ইতি যদুক্তং,তদেব দর্শয়তি ঐন্দ্র্যামিত্যাদিনা সার্দ্ধদ্বয়েন॥ ১২॥

হে বিপ্র! কর্ত্তার উন্নতি হেতু মৈত্র, বৈরাজ, সাবিত্র, শ্বেত, বাসব, শিব, অভিজিৎ ও রোহিণী মুহূর্ত্তে, ব্রাহ্মমুহূর্ত্তে কিংবা গান্ধর্ব্বমুহূর্ত্তে দেববন্দ্য হরিকে স্থাপন করা কর্ত্তব্য। [illegible] শুভলগ্ন উপস্থিত হইলে এবং চন্দ্র তারা বলবান্ হইলে পুরুষোত্তম দেবকে [illegible]

অথ প্রতিষ্ঠাধিকারী।

দেবীপুরাণে।— বর্ণাশ্রমবিভাগেন দেবাঃ স্থাপ্যা হি নান্যথা॥ ১৩॥

কিঞ্চ।— চাতুর্ব্বর্ণৈস্তথা বিষ্ণুঃ প্রতিষ্ঠাপ্যঃ সুখার্থিভিঃ॥ ১৪॥

বর্ণাশ্রমবিভাগেনৈব দেবাঃ স্থাপ্যাঃ। কেনচিদ্বর্ণেন কেনচিদাশ্রমাদিনা চ কশ্চিদ্দেবঃ স্থাপ্যঃ, ন চ সর্ব্বৈরেব সর্ব্ব ইত্যর্থঃ॥ ১৩॥ শ্রীবিষ্ণুস্তু সর্ব্বৈরেব স্থাপ্য ইত্যাহ চাতুর্ব্বর্ণৈরিতি॥ ১৪॥

হলে, শুভগ্রহের ও শুভ নক্ষত্রের উদয়ে অধিবাস কর্ত্তব্য। ভবিষ্যপুরাণে লিখিত আছে, শ্রীহরির শয়নকালে দেব প্রতিমা স্থাপন করিতে নাই। ভগবানের উত্থানে ও সূর্য্য উত্তরদিগ্‌গত হইলে (উত্তরায়ণে) স্থাপন করা কর্ত্তব্য। মন্ত্রবিদ্ ব্যক্তি সর্ব্বকাম-সমৃদ্ধ্যর্থ উত্তরায়ণে প্রতিমা স্থাপন করিবেন। দক্ষিণায়ন যত্নসহকারে ত্যাজ্য। দেবীপুরাণে লিখিত আছে, সকল কার্য্যের প্রথমেই সিংহস্থ শুক্র ত্যাগ করিতে হয়। কেননা, তৎকালে কার্য্যে প্রবৃত্ত হইলে কর্ম্ম নিষ্ফল ও মহাভয়াবহ হয় এবং পুত্র, ভ্রাতা ও ভার্য্যা বিনাশ পায়; কর্ত্তা কালগ্রাসে নিপতিত হয় ও আশু সন্ততিক্ষয় হয় সন্দেহ নাই। গুরু সিংহস্থ বা মকরস্থ থাকিলে দেবতা, আরাম, তড়াগ, প্রপা, উদ্যান ও গৃহাদি-প্রতিষ্ঠাকর্ম্মে সযত্নে তাঁহাকে পরিত্যাগ করিবে। অতঃপর প্রতিষ্ঠার স্থান কথিত হইতেছে।—উক্ত দেবীপুরাণেই লিখিত আছে যে, সিদ্ধিক্ষেত্র, সরোবর, পুণ্যোদ্যান ও মনোহর নদীকূল এই সমস্ত স্থলে স্বীয় সামর্থ্য অনুসারে প্রাসাদ বা মনোহর গৃহ প্রভৃতি প্রস্তুত করিতে হয়। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, যথাবিহিত দিকে ও যথানিয়মে দেবতা স্থাপন করিলে মঙ্গললাভ হয়; প্রথমতঃ যে দিকে দেবতা স্থাপন কর্ত্তব্য, তাহা বর্ণন করি, অবধান কর। ব্রহ্মাকে স্থাপন করিতে হইলে নগর ও গ্রামমধ্যেই তদীয় উত্তম স্থান জানিবে। ইন্দ্র ও সূর্য্যকে স্থাপনার্থে পূর্ব্বদিকে গৃহ নির্ম্মাণ করিলে তাহা মঙ্গলপ্রদ হয়। বহ্নির জন্য বহ্নিকোণে এবং মাতৃগণের জন্য, ভূত সকলের জন্য ও ধর্ম্মরাজের জন্য দক্ষিণদিকে গৃহ নির্ম্মাণ শুভকর। নৈর্ঋতকোণে চণ্ডিকা, পিতৃগণ ও দৈত্যগণের; পশ্চিমে বরুণ, সমুদ্র ও নদীসমূহের জন্য; বায়ুকোণে ফণী ও বায়ুর এবং উত্তরদিকে যক্ষাধিপ কুবের ও কার্ত্তিকের স্থাপনার্থ গৃহ নির্ম্মাণ প্রশস্ত। বিষ্ণু-স্থাপনার্থ সকলদিকেই গৃহ করিতে পারে; কিন্তু সময়ভেদে ভিন্নভিন্নপ্রকার হইয়া থাকে। দেবগণকে নগরাভিমুখে স্থাপন করিলে মানবগণের কল্যাণলাভ হইয়া থাকে। অজ্ঞানে বা প্রমাদনিবন্ধন অন্যদিঙ্মুখে স্থাপন করিলে সুধী ব্যক্তি শাস্ত্রানুসারে (বক্ষ্যমাণরূপ) উপায় বিধান করিবেন। যে দেবতার যেপ্রকার বর্ণ, যদ্রূপ বিভূষণ, যেপ্রকার অস্ত্র ও যদ্রূপ লক্ষণ, তদ্রূপ করিয়া পুরাভিমুখ করত ভিত্তিতে অঙ্কন করিতে হয়। আরও ভগবানের উক্তি আছে যে, হে দেবশ্রেষ্ঠ! দিগ্বিশেষে আমার স্থাপনের যেরূপ উপযুক্ত স্থান হইতে পারে, তাহা বর্ণন করি, অবধান কর। গ্রামমধ্যে, অরণ্যে, নদীসঙ্গমে, নগরের সমস্তদিকে ও সর্ব্বত্রই [illegible] প্রতিষ্ঠিত করিতে পারে। আমি উক্তপ্রকারে প্রতিষ্ঠিত হইলে ভুক্তি-মুক্তিপ্রদ হই। [illegible] যে বিশেষ আছে, তাহাও অবধান কর। পূর্ব্বদিকে প্রতিষ্ঠা করাই প্রশস্ত, [illegible] স্থাপন করিতে নাই। [illegible] শান্তি [illegible] দক্ষিণদিকে স্থাপন করিবে। নৈর্ঋত-

অথ স্থাপকাদিলক্ষণং মূর্ত্তিপানাং লক্ষণঞ্চ।

তত্রৈব।—

পঞ্চরাত্রার্থকুশলো মন্ত্রতন্ত্রাবধারকঃ। স্থাপনে সর্ব্বদা শস্তো ব্রহ্মচারী চ শান্তিযুক্॥ ১৫॥
অন্যথা কলহোদ্বেগং কুর্য্যান্নিত্যং মহাভয়ম্। যজমানে নৃপে রাষ্ট্রে স্থাপকে চ নিরাগমে॥

মাৎস্যে।—

অতঃ পরং প্রবক্ষ্যামি মূর্ত্তিপানাং তু লক্ষণম্। স্থাপকস্য সমাসেন লক্ষণং শৃণুত দ্বিজাঃ॥
সর্ব্বাবয়বসম্পূর্ণো বেদমন্ত্রবিশারদঃ। পুরাণবেত্তা তত্ত্বজ্ঞো দম্ভলোভবিবর্জ্জিতঃ॥
কৃষ্ণচারবরে দেশে য উৎপন্নঃ শুভাকৃতিঃ। শৌচাচারপরো নিত্যং পাষণ্ডকুলনিস্পৃহঃ॥
সমঃ শত্রৌ চ মিত্রে চ ব্রহ্মোপেন্দ্রহরপ্রিয়ঃ। উহাপোহার্থতত্ত্বজ্ঞো বাস্তুশাস্ত্রস্য পারগঃ॥
আচার্য্যস্তু ভবেন্নিত্যং সর্ব্বদোষবিবর্জ্জিতঃ॥ ১৭॥
মূর্ত্তিপাস্তদ্বিধাশ্চৈব কুলীনা ঋজবস্তথা। দ্বাত্রিংশৎ ষোড়শাথাপি অষ্টৌ বা শ্রুতিপারগাঃ।
জ্যেষ্ঠ-মধ্য-কনিষ্ঠাস্তু মূর্ত্তিপাঃ পরিকীর্ত্তিতাঃ॥

তন্ত্রম্ অনুষ্ঠানপ্রকারঃ॥ ১৫॥ স্থাপকে প্রতিষ্ঠাচার্য্যে নিরাগমে শাস্ত্রানভিজ্ঞে সতি। এতচ্চ অন্যথেত্যস্য বিবরণম্। যদ্বা যজমানাদিষু তাদৃশে স্থাপকে চ কলহাদিমহাভয়ং কুর্য্যাদিত্যর্থঃ॥ কৃষ্ণঃ কৃষ্ণসারস্তস্য চারশ্চরণং তেন বরে। ১৭॥ কুলজঃ পিতৃমাতৃকুলদ্বয়স্য প্রলয়ং মরণং

কোণে স্থাপন করিলে সেই প্রতিমা ভয়াবহ হয়। দ্রব্যসিদ্ধ্যর্থ ও রাজ্যলাভার্থ পশ্চিমে স্থাপনই প্রশস্ত। বায়ুকোণ সযত্নে পরিত্যাজ্য। উত্তরদিকে স্থাপন করিলে পুষ্টিলাভ হয়। ঈশান কোণে যজন শ্রেষ্ঠ ও উহা সর্ব্বসম্পৎপ্রদ হয়। ১২।

অনন্তর প্রতিষ্ঠার অধিকারী নিরূপণ হইতেছে।—দেবীপুরাণে লিখিত আছে, বর্ণাশ্রম-বিভাগানুসারে দেবপ্রতিমা স্থাপন করিতে হয়; তাহার অন্যথাচরণ করিতে নাই। ১৩। আরও লিখিত আছে যে, সুখকামী হইয়া ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণই বিষ্ণুপ্রতিমা স্থাপন করিতে পারে। ১৪।

অতঃপর স্থাপকাদিলক্ষণ ও মূর্ত্তিরক্ষকাদিলক্ষণ কথিত হইতেছে।—উক্ত পুরাণেই লিখিত আছে, পঞ্চরাত্রার্থবেত্তা, মন্ত্রতন্ত্রজ্ঞ, শান্তিমান্, ব্রহ্মচারী ব্যক্তিই দেবপ্রতিমা স্থাপনের উপযুক্ত পাত্র। ১৫। উহার বিপরীত হইলে যজমান, নৃপতি, রাজ্য ও শাস্ত্রানভিজ্ঞ আচার্য্য সকলের পক্ষেই কলহ, উদ্বেগ ও নিত্য মহাভয় সংঘটিত হয়। মৎস্যপুরাণে লিখিত আছে, হে বিপ্রগণ! এক্ষণে মূর্ত্তিরক্ষক ও স্থাপকগণের লক্ষণ সংক্ষেপে বর্ণন করি, অবধান কর। সর্ব্বাঙ্গ-সংপূর্ণ, বেদমন্ত্রজ্ঞ, পুরাণবিদ্, তত্ত্ববিশারদ ও দম্ভলোভরহিত হইবেন। যে স্থানে কৃষ্ণসার মৃগ বিচরণ করে তাদৃশ স্থানে যাঁহার উদ্ভব, যাঁহার আকার শুভদর্শন, যিনি সতত শৌচাচারবান্, পাষণ্ডসংসর্গাদিতে নিস্পৃহ, শত্রু মিত্রে সমদর্শী, ব্রহ্মা বিষ্ণু ও শিব যাঁহার প্রিয়, কোন স্থলে কোন মন্ত্রবর্ণের উহ (উহ্যকরণ) ও অপোহ (মন্ত্রবর্ণ ত্যাগ) করিতে হইলে তদ্বিষয়ের তত্ত্ব মীমাংসা করিতে যিনি সমর্থ, যিনি বাস্তুশাস্ত্রে বিচক্ষণ ও সর্ব্বদোষশূন্য, [illegible] ব্যক্তিই আচার্য্যপদের উপযুক্ত। মূর্ত্তিরক্ষক দ্বিবিধ,—কুলীন ও ঋজু। [illegible]

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ।—

কর্ত্তুমিচ্ছতি যঃ পুণ্যং মম মূর্ত্তিপ্রতিষ্ঠয়া। অন্বেষণীয়স্ত্বাচার্য্যস্তেন লক্ষণসংযুতঃ।
সংশুদ্ধব্রহ্মযোনিস্তু প্রলয়োৎপত্তিসংস্থিতম্। যো বেত্তি কুলজো ধীমানাচার্য্যত্বং হি সোঽর্হতি॥
সম্মতঃ সর্ব্ববর্ণানাং পঞ্চরাত্রবিশারদঃ। ক্রোধলোভবিনির্ম্মুক্তো মাৎসর্য্যদোষবর্জ্জিতঃ॥
ক্ষয়াপস্মাররহিতঃ কুষ্ঠরোগবিবর্জ্জিতঃ। অন্যূনানতিরিক্তাঙ্গো যুবা লক্ষণলক্ষিতঃ॥
অনন্যদেবতাভক্তঃ শূদ্রান্নপরিবর্জ্জিতঃ। ব্রাহ্মণানামলাভে তু ক্ষত্রিয়ো বৈশ্যশূদ্রয়োঃ॥
ক্ষত্রিয়াণামলাভে তু বৈশ্যঃ শূদ্রস্য কল্পিতঃ। কদাচিদপি শূদ্রস্তু নৈবাচার্য্যত্বমর্হতি॥ ১৮॥
গৃহং ব্রহ্মচর্য্যগং ককারাষ্টকবর্জ্জিতম্। গুরুং কুর্ব্বীত সততমুপবাসব্রতে রতম্।
ঋজুস্বভাবং মধুরস্মিতপূর্ব্বাভিভাষিণম্॥ ১৯॥

কিঞ্চ।—

সর্ব্বত্র ব্যতিরিক্তন্তু আত্মানং বেত্তি যো দ্বিজঃ। সর্ব্বলক্ষণহীনোঽপি স গুরুর্নাত্র সংশয়ঃ।
অপি পাপসমাচারঃ সর্ব্বলক্ষণবর্জ্জিতঃ। দেশিকঃ স তু বিজ্ঞেয়ঃ সংসারার্ণবতারকঃ॥ ২০॥
পঞ্চরাত্রপ্রবুদ্ধস্তু সিদ্ধান্তার্থস্য তত্ত্ববিৎ। সর্ব্বলক্ষণহীনোঽপি আচার্য্যঃ স বিশিষ্যতে।
যস্য বিষ্ণৌ পরা ভক্তির্যথা বিষ্ণৌ তথা গুরৌ। স এব স্থাপকো জ্ঞেয়ঃ সত্যমেতদ্বদামি তে॥২১

উৎপত্তিং জন্ম সংস্থিতিঞ্চ জীবনং যো বেত্তি অন্যথা কুলাচারাদিদোষপ্রসক্তেঃ॥ ১৮॥ ককারাষ্টকঞ্চ কুষ্ঠী কুনখী কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনঃ কুৎসিত ইতি স্বয়মেবাভিব্যঞ্জয়িতব্যম্॥ ১৯॥ অধুনা স্থাপকস্য লক্ষণবিশেষমাহ সর্ব্বত্রেতি চতুর্ভিঃ। ব্যতিরিক্তং দেহাদিভিন্নম্। সর্ব্বৈরুক্তৈর্লক্ষণৈর্হীনোঽপি॥ ২০॥ পঞ্চরাত্রে শাস্ত্রে প্রবুদ্ধঃ অভিজ্ঞঃ॥ ২১॥

শ্রুতিবিশারদ হইবেন। মূর্ত্তিরক্ষক ব্যক্তি ত্রিংশৎসংখ্য হইলে উত্তম, ষোড়শ মধ্যম ও অষ্টসংখ্য অধম বলিয়া পরিকীর্ত্তিত। হয়শীর্ষপঞ্চরাত্রে ভগবানের উক্তি আছে যে, যিনি মদীয় মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পুণ্য অর্জ্জনে বাসনা করেন, লক্ষণযুক্ত আচার্য্য অনুসন্ধান করা তাঁহার কর্ত্তব্য। যিনি বিপ্রকুলে উৎপন্ন, যাঁহার পিতৃ মাতৃকুল বিশুদ্ধ, যিনি প্রলয় উৎপত্তি ও স্থিতিবিষয়ে জ্ঞানবান্, সেই ধীমান্ ব্যক্তিই আচার্য্যপদের উপযুক্ত। পঞ্চরাত্রশাস্ত্রে যাঁহার অভিজ্ঞতা আছে, যিনি ক্রোধ লোভ ও মাৎসর্য্যদোষ-হীন, তিনি সর্ব্ববর্ণের মধ্যেই প্রশস্ত। ক্ষয়রোগী, অপস্মাররোগী (মৃগীরোগী) ও কুষ্ঠরোগী পরিত্যাজ্য; আচার্য্যের উপযুক্ত নহে। যে ব্যক্তি অধিকাঙ্গ বা হীনাঙ্গ নহেন, যিনি যুবা, সুলক্ষণবিশিষ্ট, হরিভক্ত ও শূদ্রান্নত্যাগী, তিনিই আচার্য্যপদের উপযুক্ত। যদি ঐরূপ লক্ষণবিশিষ্ট দ্বিজাতির অপ্রাপ্তি ঘটে, তাহা হইলে ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রের আচার্য্যপদে প্রতিষ্ঠিত হইবেন। ক্ষত্রিয়ের অভাব হইলে বৈশ্য শূদ্রের আচার্য্য হইবেন; কিন্তু শূদ্র কদাচ আচার্য্যের উপযুক্ত নহে। ১৮। যিনি গৃহী, ব্রহ্মচর্য্যবান্, উপবাসব্রতপরায়ণ, সরলস্বভাব, বাক্‌প্রয়োগের পূর্ব্বে যাঁহার বদন ঈষদ্ধাস্যে বিরাজিত ও মনোহর হয়, যিনি কুষ্ঠ প্রভৃতি অষ্টককারযুক্ত নহেন, তিনিই গুরুর উপযুক্ত। ১৯। আরও লিখিত আছে, যিনি আত্মাকে দেহাদি হইতে পৃথক্ জ্ঞান করেন, সর্ব্বলক্ষণ-বর্জ্জিত হইলেও তিনি

কিঞ্চ।—যেন তন্ত্রেণ প্রারব্ধা প্রতিষ্ঠা গুরুণা ভবেৎ। তত্তন্ত্রপারগাঃ শস্তা মূর্ত্তিপাশ্ছিন্নসংশয়াঃ।
ষড়ঙ্গবিদুষঃ সর্ব্বে মন্ত্রব্রাহ্মণপারগাঃ। এবম্বিধৈর্বৈষ্ণবৈস্তু প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ॥ ২২॥

অথ স্থাপকত্বে বর্জ্জনীয়াঃ।

তত্রৈব।—শৈবঃ সৌরো নৈষ্ঠিকশ্চ নগ্নঃ সঙ্করজোঽশুচিঃ। বৃদ্ধঃ কুৎসিতমূর্ত্তির্যো মহাপাতকচিহ্নিতঃ।
কুষ্ঠী চ কুনখী শ্বিত্রী নিষ্ঠীবী ঘর্ঘরস্বরঃ। অর্ব্বুদী গাণ্ডবী ব্যঙ্গী গর্ব্বিতো বধিরস্তথা॥
তন্ত্রবিদ্বেষকশ্চৈব পরদ্রোহরতস্তথা। কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনস্তথা।
পুনর্ভূশ্চ স্বয়ম্ভূশ্চ গোলকো নাস্তিকস্তথা। জড়োঽতিগৌরঃ খল্লীটো হীনাঙ্গঃ স্থূল এব চ॥
অতিকৃষ্ণোঽব্রণঃ পাপী কৃশো হ্রস্বোঽলসস্তথা। ব্যাপন্নোঽসংস্কৃতশ্চৈব উদ্বিগ্নো দীন এব চ॥
ব্রতোপবাসহীনশ্চ বৃষলীপতিরেব চ। পণ্যরঙ্গোপজীবী চ পণ্যস্ত্রীপারদারিকঃ॥
আচার্য্যপুত্রকাদীনাং বিদ্বেষ্টা পরসেবকঃ। ভোজকঃ সেবকশ্চৈব ব্যসনী পিশুনী গদী॥
অতিরোগী ভিষক্ চৈর সাহসী সময়চ্যুতঃ। দ্বিজাতিগুরুদেবানাং নিন্দকঃ পাপকস্তথা।
পিঙ্গাক্ষো ধূম্রবর্ণাক্ষো বিড়ালাক্ষস্তথৈব চ। মৎসরী গণ্ডমালী চ বকবৃত্তিরতস্তথা॥
উপায়দেশহীনশ্চ কৃকৃথটঃ কুৎসিতব্রতঃ। নির্দ্দয়শ্চৈব নিঃসত্ত্বো নৈপুণ্যপরিবর্জ্জিতঃ।
প্রতিষ্ঠাতন্ত্রকিঞ্চিজ্জ্ঞোঽবেদবেদাঙ্গপারগঃ॥ ২৩॥

মূর্ত্তিপানাং লক্ষণমাহ যেনেতি দ্বাভ্যাম্। ষড়ঙ্গেষু বিদুষঃ বিদ্বাংসঃ। ব্রাহ্মণং বেদভাগ বিশেষঃ॥ ২২॥

উক্তলক্ষণাচার্য্যালাভে তদন্যবরণেঽপি শৈবাদয়োঽবশ্যং বর্জ্জ্যা ইত্যাহ শৈব ইত্যাদিনা দেশিক ইত্যন্তেন। শ্বিত্রং শ্বেতকুষ্ঠং তদ্বান্। নিষ্ঠীবী নিষ্ঠীবনশীলঃ। অর্ব্বুদং মাংসগ্রন্থিরূপো রোগ-বিশেষস্তদ্বান্। গাণ্ডবশ্চ গলরোগবিশেষঃ তদ্বান্। অমৃতে ভর্ত্তরি জারজঃ কুণ্ডঃ। পুনর্ভূঃ দ্বিরূঢ়া স্ত্রী, অত্র তৎসুতো জ্ঞেয়ঃ। স্বয়ম্ভূঃ কানীনঃ। মৃতে ভর্ত্তরি জারজো গোলকঃ। খল্লীটঃ কেশরহিত-

---

গুরুপদের যোগ্য সন্দেহ নাই; তিনি পাপাচারবান্ ও সর্ব্বলক্ষণহীন হইলেও গুরু বলিয়া জ্ঞাতব্য; তিনি সংসারপাশ হইতে পরিত্রাণ করিতে সমর্থ। ২০। যিনি পঞ্চরাত্রশাস্ত্র বিদিত আছেন ও যিনি সিদ্ধান্তার্থ-বিশারদ, তিনি সর্ব্বলক্ষণহীন হইলেও আচার্য্যের উপযুক্ত। হরির প্রতি যাঁহার পরমা ভক্তি বিদ্যমান এবং গুরুর প্রতি যাঁহার বিষ্ণুতুল্য ভক্তি থাকে, আমি সত্য বলিতেছি, তিনিই প্রকৃত প্রতিষ্ঠাকারক বলিয়া গণ্য। ২১। আরও লিখিত আছে, গুরুদেব যে তন্ত্র দ্বারা প্রতিষ্ঠা করিবেন, মূর্ত্তিরক্ষকগণও সেই তন্ত্রে বিশারদ, সংশয়-বর্জ্জিত ষড়ঙ্গবেত্তা এবং মন্ত্রভাগ ও ব্রাহ্মণভাগে বিচক্ষণ হইবেন। আচার্য্য ঈদৃশ বৈষ্ণববর্গ সহ মিলিত হই-য়াই প্রতিষ্ঠা আরম্ভ করিবেন। ২২।

অনন্তর স্থাপকত্ব সম্বন্ধে পরিত্যাজ্য বিবৃত হইতেছে।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, শৈব, সৌর, নৈষ্ঠিক, নগ্ন, সঙ্করজ, অপবিত্র, বৃদ্ধ, কুৎসিতাকার, মহাপাপচিহ্নে চিহ্নিত, কুষ্ঠী, কুনখী, শ্বেতকুষ্ঠী, নিষ্ঠীবী (সর্ব্বদা যে নিষ্ঠীবন ত্যাগ করে), ঘর্ঘরস্বরবিশিষ্ট, অর্ব্বুদরোগী (মাংস-গ্রন্থিরূপ রোগী), গাণ্ডবী (গলরোগান্বিত), বিকৃতাঙ্গ, গর্ব্বী, বধির, তন্ত্রদ্বেষী,

বর্জ্জয়ীত প্রযত্নেন সর্ব্বজ্ঞমপি নাস্তিকম্ ॥ ২৪ ॥

পরবাক্যপ্রমাণজ্ঞো ব্রাহ্মণো বেদপারগঃ। রঞ্জিতঃ পণ্ডশাস্ত্রেণ নাচর্য্যেত স দেশিকঃ ॥

যত্নৈতৈর্ব্বর্জ্জিতৈর্বিষ্ণোঃ স্থাপনং ক্রিয়তে কচিৎ। অসাধকং ভুক্তিমুক্ত্যোর্নিষ্ফলং তন্ন সংশয়ঃ ॥২৫

অথ প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ।

তত্রৈব ।—

নাভিবেকং তু যঃ কুর্য্যাৎ প্রতিষ্ঠালোভমোহিতঃ। স যাতি নরকং ঘোরং সহ শিষ্যৈর্ন সংশয়ঃ ॥২৬॥

মন্তকমধ্যঃ। ব্যাপন্ন আপদ্গ্রস্তঃ। ভোজকঃ দেবান্নভোজী। সেবকঃ অন্নমাত্রার্থদেবসেবাপরঃ। গদী সদা রোগযুক্তঃ, তত্রাপ্যতিরোগী। উপায়ো নিজবৃত্তিঃ স্বদেশশ্চ তাভ্যাং হীনঃ। প্রতিষ্ঠা-তন্ত্রস্য কিঞ্চিদেব ন চ সামগ্র্যং জানাতীতি তথা। ন বেদবেদাঙ্গানাং পারগস্তেষামপি কিঞ্চিদেব জানাতীত্যর্থঃ ॥ ২৩ ॥ নাস্তিকং পাষণ্ডিনং ॥ ২৪ ॥ পরেষাং বাক্যস্য প্রমাণানি প্রামাণ্যাপাদাকানি বচনাদীনি জানাতীতি তথা। তাদৃশোঽপি বেদপারগোঽপি অধীতবেদচতুষ্টয়োঽপি পণ্ডশাস্ত্রেণ পাষণ্ডশাস্ত্রেণ রঞ্জিতো যঃ স আচার্য্যো ন ক্রিয়েত। যদ্বা পরবাক্যমেব নাত্মবাক্যমজ্ঞতয়া প্রমাণং জানাতীতি তথা সঃ। যতঃ অবেদপারগঃ বেদার্থানভিজ্ঞঃ অনধীত বেদো বা। অতঃ পণ্ডশাস্ত্রেণ রঞ্জিতঃ। অন্যৎ সমানং ॥ ২৫ ॥

প্রতিষ্ঠা স্বয়ং পৌরোহিত্যাদিবিদ্যথা ইত্যাদিরূপা লোকে খ্যাতিস্তস্যাং লোভঃ। যদ্বা প্রতিষ্ঠাকর্ম্মণি অধিকপ্রাপ্তৌ যো লোভস্তেন মোহিতঃ সন্। অভিবেকপ্রধানাং প্রতিষ্ঠাং

পরদ্রোহপরায়ণ, জারজ, কাকবৎ স্বরবিশিষ্ট, নপুংসক, কাতর, রোষপরায়ণ, পুনর্ভু (দুইবার বিবাহিতা নারীর পুত্র), স্বয়ম্ভূ (কানীন), গোলক (বিধবাসুত), নাস্তিক, জড়, অতিগৌর, খল্লীট (টাকরোগী), হীনাঙ্গ, স্থূল, অতীব কৃষ্ণবর্ণ, নির্ঘৃণ, পাতকী, কৃশ, হ্রস্বদেহ, অলস, বিপন্ন, অসংস্কৃত, উদ্বিগ্ন, দীন, ব্রতোপবাসবর্জ্জিত, বৃষলীপতি, পণ্যরঙ্গোপজীবী (ব্যবসায় দ্বারা ও নৃত্যগীতাদি দ্বারা যে জীবিকা ধারণ করে), পণ্যস্ত্রীপারদারিক, আচার্য্যপুত্র প্রভৃতির দ্বেষ্টা, পরসেবাকারী, দেবান্নভোজী, অন্নলাভার্থ দেবসেবক, ব্যসনপরায়ণ, পিশুনী (পরদোষসূচক), গদী (নিত্যরোগী), অতিরুগ্ন, চিকিৎসক, সাহসী, সময়চ্যুত (নিয়মবর্জ্জিত), বিপ্র-গুরু-দেব-নিন্দক, পাপিষ্ঠ, পিঙ্গল-নেত্র, ধূম্রবর্ণনেত্রবিশিষ্ট, মার্জ্জারক, মৎসরী, গণ্ডমালারোগী, বকবৃত্তিপরায়ণ (স্বার্থপরায়ণ), নিজবৃত্তিহীন, স্বদেশহীন, ককৃথট (ক্রূর) কুৎসিতব্রতধারী, দয়াহীন, নিঃসত্ত্ব, নৈপুণ্যহীন, প্রতিষ্ঠামন্ত্রের কিয়দংশ জ্ঞাতা, এবং যে বেদ-বেদাঙ্গদর্শী নহে, তাদৃশ নাস্তিক ব্যক্তি সর্ব্বজ্ঞ হইলেও আচার্য্যত্বে পরিত্যাজ্য। ২৩—২৪। পরোক্তবাক্যের প্রমাণজ্ঞ ও অধীতবেদ ব্রাহ্মণ যদি পাষণ্ড-শাস্ত্রে অনুরাগী হন, তাহা হইলে তিনিও আচার্য্যপদের উপযুক্ত নহেন। যে সকল বর্জ্জনীয় ব্যক্তির উল্লেখ হইল, উঁহাদের দ্বারা বিষ্ণু স্থাপিত হইলে সেই স্থাপন দ্বারা ভুক্তিমুক্তিলাভ হয় না, প্রতিষ্ঠা বিফল হয় সন্দেহ নাই। ২৫।

অতঃপর প্রতিষ্ঠাভিজ্ঞের প্রতিষ্ঠা অকরণে দোষ।—উক্ত হয়শীর্ষপঞ্চরাত্রেই লিখিত আছে,

ইদানীমচলায়াস্ত শ্রীমূর্ত্তেঃ প্রাগ্বিলিখ্যতে। প্রতিষ্ঠাবিধিরাকৃষ্য শাস্ত্রতঃ সাধুসম্মতঃ ॥ ২৭ ॥

অথ স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ।

সুস্নাতঃ শুক্লবস্ত্রঃ সন্ কৃতকৃত্যঃ শুভক্ষণে। তিথ্যৃক্ষদেবতে বিঘ্নেশ্বরং মাতৃংশ্চ পূজয়েৎ ॥

তত্র ষোড়শ মাতরঃ।

গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ ॥
ধৃতিঃ পুষ্টিশ্চ তুষ্টিশ্চ শান্তিঃ স্বকুলদেবতে ॥ ইতি ॥ ২৮ ॥

অথাচার্য্যাদিবরণম্।

বৃদ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা বিধিবদ্বৃণুয়াদ্বুধঃ। আচার্য্যং মধুপর্কাদিদানেনাথ সমর্চ্চয়েৎ ॥ ২৯ ॥
এবং ব্রহ্মচতুষ্কঞ্চ তথা হোতৃচতুষ্টয়ম্। দ্বারজাপি-চতুষ্কঞ্চ পঞ্চমং গর্ভজাপিনম্ ॥
তথা মূর্ত্তিধরং চৈকং পুরাণস্তুতিপাঠকম্। সর্ব্বান্ সংপূজ্য পুণ্যাহং স্বস্ত্যাস্তৈস্তৈস্ত বাচয়েৎ ॥ ৩০ ॥

যো ন কুর্য্যাৎ ॥ ২৬ ॥ প্রতিষ্ঠা চ শ্রীমূর্ত্তেশ্চলাচলত্বভেদেন দ্বিধা। তত্রেদানীমচলায়াঃ প্রতিষ্ঠাবিধির্ব্বিস্তরেণ লিখ্যতে প্রাগিতি। অচলা-প্রতিষ্ঠায়া মুখ্যত্বাৎ তস্যা বিধিজ্ঞানেন চলায়া অপি প্রায়ঃ প্রতিষ্ঠাবিধি-বিজ্ঞানাচ্চ। শাস্ত্রতঃ পুরাণাগমাদিভ্য আকৃষ্য তত্তদ্বচনানি ক্রমেণৈকত্র সংগৃহ্য। সাধুনাং সম্মত ইতি সাংপ্রদায়িকতত্তৎপদ্ধতিকারশিষ্টগণ-সম্মত্যৈব লিখ্যত ইত্যর্থঃ ॥ ২৭ ॥

কৃত্যানি কৃত্যানি নিত্যকর্ম্মাণি যেন সঃ। তিথিং ঋক্ষঞ্চ নক্ষত্রঞ্চ তয়োর্দেবতে। পূজনঞ্চ প্রণবাদিনমোঽন্তৈশ্চতুর্থ্যন্তৈর্নামমন্ত্রৈরক্ষতগন্ধপুষ্পাদিদ্রব্যৈশ্চ। প্রয়োগঃ ওঁ গৌর্য্যৈ নম ইত্যাদি ॥ ২৮ ॥

বৃদ্ধিশ্রাদ্ধং নান্দীশ্রাদ্ধং, তচ্চ প্রতিষ্ঠাঙ্গং। বিধিবদিতি অমুকগোত্রঃ অমুকনামাহং অমুকগোত্রমমুকনামানং ত্বাং ভগবদ্ভক্তিকামো ভগবন্মূর্ত্তিপ্রতিষ্ঠার্থমাচার্য্যত্বেন বৃণে। স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিতি। এবমাদিবিধিযুক্তং যৎ স্যাৎ। আদিশব্দাৎ যথাশক্তি বস্ত্রালঙ্কারাদি। অথ

যে ব্যক্তি যজমানসকাশে অধিক লাভের আশায় লুব্ধ হইয়া প্রতিষ্ঠা না করে, সশিষ্য তাহাকে ভীষণ নরকে নিপতিত হইতে হয় সন্দেহ নাই। ২৬। অধুনা পুরাণ, আগম প্রভৃতি শাস্ত্র হইতে সংগ্রহপূর্ব্বক পূর্ব্বোক্ত সাধুজনসম্মত অচলা-মূর্ত্তির প্রতিষ্ঠাবিধি বর্ণিত হইতেছে। ২৭।

স্থিরমূর্ত্তি-প্রতিষ্ঠারম্ভ।—প্রথমতঃ কৃতস্নান হইয়া শুক্লাম্বর পরিধান ও নিত্যকৃত্যাদি সমাপন পূর্ব্বক শুভক্ষণে তিথিনক্ষত্রাধিষ্ঠাত্রী দেবতা, বিঘ্নেশ্বর গণপতি ও মাতৃগণের অর্চ্চনা করিবে।

তন্মধ্যে ষোড়শ মাতৃগণের নাম কথিত হইতেছে।—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, ধৃতি, পুষ্টি, তুষ্টি, শান্তি, আত্মদেবতা ও কুলদেবতা, ষোড়শ-মাতৃকা যথাক্রমে এইরূপে কীর্ত্তিত হইয়াছেন। ২৮।

তৎপরে আচার্য্যাদিবরণ—সুধীব্যক্তি বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া আচার্য্যকে বরণপূর্ব্বক মধুপর্কাদি দান দ্বারা পূজা করিবেন। ২৯। এই প্রকারে ব্রহ্মা চারিজন, হোতা চারিজন, দ্বারজাপক

অথ মণ্ডপাদিনির্ম্মাণম্।

মিতং ষোড়শভির্হস্তৈঃ কিংবা দ্বাদশভিশ্চ তৈঃ। দশভির্ব্বা প্রকুর্ব্বীত মণ্ডপং সমলঙ্কৃতম্॥
সপ্তধান্যাঙ্কুরোপেতং নদীভূবালুকাচিতম্। তোরণাদিযুতং দিব্যং শঙ্খভের্য্যাদিনাদিতম্॥ ৩১॥
তথা চ ভবিষ্যে।—

প্রাসাদান্নাতিদূরে তু কুর্য্যান্মণ্ডপমগ্রতঃ। দশদ্বাদশহস্তং বা পরিক্ষিপ্তং সমন্ততঃ॥ ৩২॥
চতুর্ভিস্তোরণৈর্যুক্তং পুষ্পদামাভিশোভিতম্। প্লক্ষোড়ুম্বরমশ্বত্থবটং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ।
হস্তং প্রবেশয়েদ্ভূমৌ দৃশ্যং হস্তচতুষ্টয়ম্। সুপলিপ্তং সুসংমৃষ্টং চতুর্দ্বারেণ সংযুতম্।
স্থণ্ডিলস্যোপরি ক্ষিপ্তং সমন্তাদুপশোভিতম্। নদীতীরমৃদা যুক্তং বালুকায়াঞ্চ কারিতম্॥ ৩৩॥

বরণানন্তরং মধুপর্কাদিদানেনৈব কিংবা পাদ্যার্ঘ্যাচমনীয়াদিভিঃ সম্যগর্চ্চয়েৎ॥ ২৯॥ এবং লিখিতপ্রকারেণ ব্রহ্মাদীংশ্চ বৃণুয়াৎ। এতৈরাচার্য্যাদিভিস্তু পুণ্যাহং স্বস্ত্যাদিকঞ্চ বাচয়েৎ॥ ৩০॥

কিংবেত্যাদিবিকল্পশ্চ শক্ত্যনুসারেণ প্রাসাদপ্রদেশানুসারেণ বা। তচ্চ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্র-বচনতো ব্যক্তং ভাবি। যদ্যপি দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশষোড়শং। বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোদিতং দ্বিজেতি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তং তথাপি ভবিষ্যপুরাণাদ্যনুসারেণ শিষ্টাচারতঃ সাধুপদ্ধতিকারবর্গসম্মত্যা লিখিতং মিতং ষোড়শভিরিত্যাদি। এবমন্যত্রাপ্যগ্রে বোদ্ধব্যং। সম্যগলঙ্কৃতং পুষ্পদামবিতানপল্লবাদভির্ভূষিতং। তদ্বিশেষশ্চ ভবিষ্যপুরাণাদি-বচনতোঽগ্রে ব্যক্তো ভাবী॥ ৩১॥ স্বলিখিতার্থং প্রমাণয়ন্ ভবিষ্যপুরাণাদিবচনানি সংগৃহ্লাতি প্রাসাদাদিত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বত্র জ্ঞেয়ং। অগ্রতঃ পূর্ব্বদিশি আদৌ বা সমন্ততঃ সর্ব্বতঃ পরিক্ষিপ্তং॥ ৩২॥ চতুস্তোরণান্যবাহ প্লক্ষেতি। প্লক্ষাদিকং তদ্ভূমিমধ্যে হস্তমাত্রং প্রবেশয়েৎ। উপরি চ হস্তচতুষ্টয়ং দৃশ্যং কুর্য্যাদিত্যর্থঃ। পুনঃ প্রস্তুতং মণ্ডপমেব বিশিনষ্টি সুপলিপ্তমিতি সার্দ্ধেন। সুপলিপ্ত ইত্যাদি সপ্তম্যন্তপাঠে চ স্থণ্ডিলস্যোপরি ইত্যন্ত বিশেষণানি সপ্তম্যন্তানি। ক্ষিপ্তঃ ন্যস্তং বিনির্ম্মিতমিত্যর্থঃ। স্থণ্ডিলেষু পরিক্ষিপ্ত ইতি বা

চারি জন, গর্ভজাপক চারিজন, মূর্ত্তিধর একজন ও পুরাণাধ্যায়ী একজন, ইঁহাদিগের অর্চ্চনা করত তাঁহাদিগেরই দ্বারা পুণ্যাহ ও স্বস্তিবাচন করাইবে। ৩০।

তৎপরে মণ্ডপনির্ম্মাণ।—মণ্ডপটী ষোড়শ, দ্বাদশ, বা দশহস্ত প্রমাণ করিয়া অলঙ্কারে সুশোভিত করিবে। ঐ মণ্ডপে সপ্তধান্যাঙ্কুর স্থাপন করিবে এবং উহার তোরণাদি নদী-মৃত্তিকা ও বালুকা-ব্যাপ্ত হইবে। মণ্ডপে অত্যুত্তম শঙ্খ ভেরী প্রভৃতির শব্দ হইতে থাকিবে। ৩১। এই ভবিষ্যপুরাণে লিখিত আছে যে, প্রাসাদের নাতিদূরে মণ্ডপের পূর্ব্বদিকে বা চতুর্দ্দিকে দশ দশ বা দ্বাদশ হস্ত স্থান পরিত্যাগ করিবে অর্থাৎ চারিদিকে ঐ প্রমাণ স্থান শূন্য রাখিতে হয়। ৩২। ঐ মণ্ডপে চারিটী তোরণ থাকিবে ও কুসুমদামে সুশোভিত হইবে। উহার পূর্ব্বাদি চতুর্দ্দিকে যথাক্রমে প্লক্ষ (পাকুড়), উড়ুম্বর, অশ্বত্থ ও বট এই বৃক্ষচতুষ্টয়ের চতুর্ব্বিধ কাষ্ঠ এক এক হস্ত প্রমাণ ভূগর্ভে প্রোথিত করিবে। ঐ কাষ্ঠ ভূমির উপর চারি হস্ত বহির্গত থাকিবে। এই মণ্ডপ উৎকৃষ্টরূপে উপলিপ্ত, উত্তমরূপে সুমার্জ্জিত ও

মাৎস্যে।—

প্রাসাদস্যোত্তরে বাপি পূর্ব্বে বা মণ্ডপো ভবেৎ। হস্তান্ ষোড়শ কুর্ব্বীন দশ দ্বাদশ বা পুনঃ।
মধ্যে বেদিকয়া যুক্তঃ পরিক্ষিপ্তঃ সমন্ততঃ। সপ্ত পঞ্চ চতুর্ব্বাপি করান্ কুর্ব্বীত বেদিকাম্।
চতুর্ভিস্তোরণৈর্যুক্তো মণ্ডপঃ স্যাচ্চতুর্ম্মুখঃ॥ ৩৪॥
প্লক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ। পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরম্॥
ভূমৌ হস্ত প্রবিষ্টানি চতুর্হস্তানি চোচ্ছ্রয়ে। শোভনং ভূতলং তত্র লিপ্তঞ্চ গোময়াম্ভসা।
বস্ত্রৈর্নানাবিধৈস্তদ্বৎ পুষ্পপল্লবশোভিতম্॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ।—

প্রাসাদং বেষ্টয়িত্বা তু কুর্য্যাদ্‌গুপ্ততরং বুধঃ। কৃত্বা গুপ্তং ততঃ পশ্চাদ্যাগমণ্ডপমারভেৎ॥
গর্ভসূত্রং তু নিঃসার্য্য প্রাসাদস্যাগ্রতো গুরুঃ। কৃত্বা ভূমিং তু নিঃশল্যাং মণ্ডপং সূত্রয়েত্ততঃ।
হীনস্ত মণ্ডপঃ কার্য্যো হীনে হ্বায়তনে সদা। উত্তমে তূত্তমঃ কার্য্যো মধ্যমে মধ্যমস্তথা॥
দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশ-ষোড়শম্। বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোত্তমং দ্বিজ।
চতুর্হস্তাদিমানানাং প্রাসাদানাং যথাক্রমম্। মণ্ডপানষ্ট হস্তাদীন্ কল্পয়েদ্বেদবৃদ্ধিতঃ।
সমবৃত্তং চতুর্দ্বারং চতুস্তোরণভূষিতম্। বিচিত্রস্তম্ভবিন্যাসং রচনাচরিতং শুভম্।
ধূপনির্গমনোপেতং মণ্ডপং কারয়েদ্বুধঃ॥

পাঠঃ। ততশ্চ স্থণ্ডিলে কারিতমিত্যর্থঃ॥ ৩৩॥ চতুর্ম্মুখশ্চতুর্দ্বারঃ॥ ৩৪॥ বেদবৃদ্ধিতঃ চতুর্হস্তবৃদ্ধি-

---

দ্বারচতুষ্টয়-বিশিষ্ট হইবে। উহা স্থণ্ডিলের উপরিভাগে সর্ব্বথা উপশোভিত, নদী-মৃত্তিকাযুক্ত ও বালুকা-সমন্বিত হইবে। ৩৩। মৎস্যপুরাণে লিখিত আছে, মণ্ডপ, প্রাসাদের উত্তরে বা পূর্ব্বভাগে করা কর্ত্তব্য। উহার পরিমাণ ষোড়শ, দশ বা দ্বাদশ হস্ত হইবে। উহা বেদীসমন্বিত ও সমন্তাৎ পরিক্ষিপ্ত হইবে। বেদী সপ্ত, পঞ্চ বা চতুর্হস্তপ্রমাণ করিবে। মণ্ডপের চারিটি তোরণ ও চারিটি দ্বার হইবে। ৩৪। প্লক্ষকাষ্ঠের দ্বার পূর্ব্বদিকে, উডুম্বর কাষ্ঠের দ্বার দক্ষিণদিকে, অশ্বত্থ কাষ্ঠের দ্বার পশ্চিমদিকে, এবং বট কাষ্ঠের দ্বার উত্তরদিকে করিবে। প্রতিদ্বারের কাষ্ঠ একহস্ত প্রমাণ ভূগর্ভে প্রোথিত থাকিবে এবং উহা চারি চারি হস্ত উন্নত হইবে। ভূমিতল গোময়জলে উপলিপ্ত, সুশোভিত এবং নানাবিধ বস্ত্র ও পুষ্প-পল্লবে সুশোভিত হইবে। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, বেষ্টনাদি দ্বারা বেষ্টন পূর্ব্বক প্রাসাদকে গুপ্ত করাই বিচক্ষণের কর্ত্তব্য। ঐ প্রকারে গুপ্ত করিয়া তৎপরে যাগমণ্ডপ নির্ম্মাণে প্রবৃত্ত হইবে। আচার্য্য গর্ভসূত্র নিঃসারণ পূর্ব্বক প্রাসাদের সম্মুখক্ষেত্রকে নিঃশল্য (অস্থিরহিত) করত মণ্ডপের সূত্রপাত করিবেন। ন্যূন আয়তনে নিকৃষ্ট মণ্ডপ, (বিশাল) আয়তনে উত্তম ও মধ্যবিধ আয়তনে মধ্যম মণ্ডপ করিতে হয়। হে বিপ্র! দশহস্ত বা অষ্টহস্ত প্রমাণ হইলেই তাহা হীন, দ্বাদশ বা ষোড়শ হস্ত পরিমিত হইলে মধ্যম, এবং বিংশতি বা চতুর্ব্বিংশতি হস্ত হইলেই তাহা উত্তমমণ্ডপ বলিয়া পরিগণিত। চতুর্হস্তাদি পরিমিতি প্রাসাদসমূহের ক্রমান্বয়ে বেদবৃদ্ধি (চতুর্হস্ত বৃদ্ধি) ক্রমে অষ্টহস্তাদি মণ্ডপ করিতে হয় অর্থাৎ প্রাসাদ অষ্টহস্ত হইলে মণ্ডপ দ্বাদশহস্ত এবং

কিঞ্চ তত্রৈব।—

মণ্ডপং মণ্ডয়েদাম্রশাখাভিস্তু সমন্ততঃ। বিমলেন বিতানেন পতাকাভিশ্চ ভূষয়েৎ॥ ৩৫॥

দর্পণৈশ্চামরৈর্ঘণ্টৈঃ স্তম্ভান্ বস্ত্রৈর্বিভূষয়েৎ। কলসৈর্ঘণ্টিকাভিশ্চ সাধারৈর্গণ্ডুকৈস্তথা॥

মণ্ডপং ভূষয়িত্বৈবং জাহ্নবীবালুকাং শুভাম্। বাহ্যদেশেষু বিকিরেৎ পঞ্চগব্যেন প্রোক্ষয়েৎ॥

কিঞ্চ।—

অশ্বত্থোডুম্বরৌ চৈব ন্যগ্রোধঃ প্লক্ষ এব চ। তোরণার্থেষু কথিতাঃ পূর্ব্বাদিষু যথাক্রমম্॥

একহস্তং খনেদ্ভূমৌ চতুর্হস্তং তথোচ্ছ্রয়ে। দ্বিহস্তান্তরমন্যোন্যং তোরণং সংপ্রকল্পয়েৎ।

তির্য্যক্ ফলকমানং স্যাৎ স্তম্ভানামর্দ্ধমানতঃ। শৈলাঃ পৃথিবীমন্ত্রেণ স্থাপ্যাঃ পূজ্যাস্তু তোরণাঃ।

বৃত্তং বা চতুরস্রং বা দ্বিষট্‌কাষ্ঠাঙ্গুলং তু বা। ষট্‌চতুর্ব্বাঙ্গুলং কার্য্যং তোরণং নির্ব্রণং ভবেৎ॥৩৭॥

তোরণস্তম্ভমূলেষু কলসান্ মঙ্গলাঙ্কুরান্। প্রদদ্যাদুপরিষ্টাত্তু কুর্য্যাচ্চক্রং সুদর্শনম্।

কলসং বর্দ্ধমানং বা বস্তুভাগেন কল্পয়েৎ॥ ৩৮॥

কিঞ্চ।—

নবেন চিত্রবর্ণেন বিতানং কারয়েৎ শুভম্। অথবা শুক্লবর্ণেন মধ্যে জলজভূষিতম্॥

উত্তমাধমমধ্যাং তু প্রমাণং চাস্য কীর্ত্ত্যতে। মণ্ডপস্য প্রমাণস্তু জ্যেষ্ঠং তস্য বিতানকম্।

মধ্যমং বেদিকামাত্রং কনিষ্ঠং মণ্ডলস্য তু॥ ৩৯॥

ক্রমেণ অষ্টহস্তে প্রাসাদে দ্বাদশহস্তমণ্ডপং দ্বাদশহস্তে চ ষোড়শহস্তম্ ইত্যেবং কল্পয়েদিত্যর্থঃ॥৩৫॥ ঘণ্টৈঃ বৃহদ্ঘণ্টাভিঃ। ঘণ্টিকাভিঃ স্বল্পঘণ্টাভিঃ॥ ৩৬॥ দ্বিষট্ দ্বাদশ কাষ্ঠা দশ বা বেষ্টনে অঙ্গুলানি যস্য তৎ। ষট্ চত্বারি বা অঙ্গুলানি যস্য তৎ। বাশব্দব্যবধানেনাপি সমাসাদিকমার্ষং। বিকল্পশ্চ পূর্ব্বোক্তমণ্ডপমানাপেক্ষয়া॥ ৩৭॥ উপরিষ্টাৎ তোরণোপরি তত্তৎপ্রসঙ্গাৎ। বর্দ্ধমানং

প্রাসাদ দ্বাদশহস্ত হইলে মণ্ডপ ষোড়শহস্তপরিমিত হইবে। এই প্রকারে কল্পনা করিতে হয়। মণ্ডপ সমবৃত্ত, চতুর্দ্বারবিশিষ্ট, তোরণচতুষ্টয়ে অলঙ্কৃত, বিচিত্র স্তম্ভযুক্ত, রচনানৈপুণ্যে সুশোভিত ও ধূমনির্গমনপথবিশিষ্ট হইবে। উক্তগ্রন্থে আরও লিখিত আছে, মণ্ডপের সমন্তাৎ আম্রশাখা দ্বারা মণ্ডিত করিতে হয় এবং পরিষ্কৃত চন্দ্রাতপ ও পতাকা দ্বারা সমলঙ্কৃত করিবে। ৩৫॥ স্তম্ভগুলি দর্পণ, চামর, বৃহৎঘণ্টা, ও বস্ত্র দ্বারা অলঙ্কৃত হইবে। মণ্ডপটীকে কলস, ক্ষুদ্রঘণ্টা, ও সাধার গণ্ডুক দ্বারা সুশোভিত করিয়া তাহার বহির্ভাগে বিশুদ্ধ গঙ্গাবালুকা ও পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ করিতে হয়। আরও লিখিত আছে, পূর্ব্বেই বলা হইয়াছে যে, পূর্ব্বাদি চারিদিকে অশ্বত্থ, উডুম্বর, বট ও প্লক্ষের কাষ্ঠময় তোরণ বিরাজ করিবে এবং উহার একহস্ত ভূগর্ভে প্রোথিত থাকিবে। বিশেষতঃ চতুর্হস্ত উন্নত ও পরস্পর দুইহস্ত দূরে তোরণ কল্পনা করিতে হয় ফলকের (প্রস্তরের পরিমাণ স্তম্ভগুলির অর্দ্ধ এবং উহা বক্রভাবাপন্ন হইবে। পৃথ্বীমন্ত্রে শৈলস্থাপন ও তোরণার্চ্চনা করিবে। তোরণগুলি শুক্লাম্বরে আবৃত, কুশকিঙ্কণ-সমন্বিত কুসুমমালায় পরিবেষ্টিত হইবে। ৩৬। তোরণগুলি গোলাকার, চতুষ্কোণ, দ্বাদশাঙ্গুল বা দশাঙ্গুল ও নিশ্ছিদ্র করিতে হয়। ৩৭। তোরণের স্তম্ভমূলে মঙ্গলাঙ্কুরসমন্বিত

অথ অত্র বেদ্যাদিনির্ম্মাণম্।

তন্মণ্ডপস্য মধ্যে তু বেদীং হস্তোচ্ছ্রিতাং সমাম্। পঞ্চহস্তমিতাং দিব্যাং চতুরস্রাং প্রকল্পয়েৎ ॥৪০
ঐশান্যাং হস্তমাত্রাঞ্চ গ্রহবেদীং সমাচরেৎ। তথা কুণ্ডচতুষ্কঞ্চ বেদ্যাঃ প্রাচ্যাদি-দিক্ষু হি ॥
তচ্চ হস্তমিতং যোনিবক্ত্রাঢ্যং সত্রিমেখলম্। চতুরস্রার্দ্ধশীতাংশুবর্ত্তুলাব্জাকৃতি ক্রমাৎ ॥
দীক্ষাবিধৌ পুরালেখি কুণ্ডলক্ষণমত্র তু। চতুর্দিক্ষু ত্যজেদ্বেদীমঙ্গুলানি ত্রয়োদশ ॥
আচার্য্যকুণ্ডং কুর্য্যাচ্চ গ্রহবেদ্যাস্তু দক্ষিণে। হস্তমাত্রাবটং তচ্চ চতুরস্রং সুলক্ষণম্ ॥ ৪১ ॥
তথা চ তত্রৈব।—
ত্রিভাগেনার্দ্ধভাগেন কুর্য্যাদ্বেদীং সুশোভনাম্। হস্তমাত্রোচ্ছ্রিতা কার্য্যা মধ্যে সম্যগ্ব্যবস্থিতা ॥
কিঞ্চ।—
চতুষ্কোণং ভবেৎ কুণ্ডং পূর্ব্বস্যাং দিশি সর্ব্বদা। অর্দ্ধচন্দ্রং ভবেদ্যাম্যাং বারুণ্যাং বর্ত্তুলং ভবেৎ।
পদ্মাভমুত্তরে ভাগে কুণ্ডং স্যাৎ দ্বিজসত্তম ॥ ইতি ॥৪২ ॥

স্বল্পঘটং। বসুভাগেন তোরণস্যাষ্টমাংশেন ॥ ৩৮ ॥ বিমলেন বিতানেন ইত্যুক্তং, তদেব বিশিনষ্টি নবেনেতি সার্দ্ধাভ্যাং। বস্ত্রেণেতি শেষঃ ॥ ৩৯ ॥

সমাং পার্শ্বাদাবেকরূপাং। ৪০ ॥ ক্রমাদিতি প্রাচ্যাং চতুরস্রং, দক্ষিণস্যামর্দ্ধচন্দ্রাকারং। পশ্চিমায়াং বর্ত্তুলং, উদীচ্যাঞ্চ পদ্মাকারমিত্যর্থঃ। অত্র প্রতিষ্ঠাবিধৌ তু চতুর্দ্দিক্ষু ত্রয়োদশাঙ্গুলানি বেদীং পরিত্যজেৎ, তাবৎ প্রদেশং বেদ্যাঃ পরিতস্ত্যক্ত্বা কুণ্ডানি কুর্য্যাদিত্যর্থঃ। তথা চ মাৎস্যে। বেদীভিত্তিং পরিত্যজ্য ত্রয়োদশভিরঙ্গুলৈরিতি। ৪১ ॥ ত্রিভাগেন মণ্ডপস্য তৃতীয়াংশেন অর্দ্ধভাগেন বা পরিমিতাং ॥ ৪২ ॥

কুম্ভ এবং উপরিভাগে সুদর্শনচক্র স্থাপন কর্ত্তব্য। কুম্ভ বা ক্ষুদ্রঘট হইলে উহা তোরণের অষ্টমাংশপ্রমাণ করিতে হয়। ৩৮। আরও লিখিত আছে, বিচিত্রবর্ণ নববসনে চন্দ্রাতপ করিবে অথবা শুক্লবর্ণ বস্ত্রদ্বারা প্রস্তুত করিয়া মধ্যভাগে পদ্ম অঙ্কন পূর্ব্বক সুশোভিত করিবে। চন্দ্রাতপের উত্তম, মধ্যম ও অধমভেদে পরিমাণভেদ বলিতেছি। মণ্ডপপ্রমাণ হইলেই তাহা উত্তম, বেদী প্রমাণ হইলে মধ্যম এবং মণ্ডলপ্রমাণ হইলে তাহা অধম বলিয়া গণিত। ৩৯।

তৎপরে মণ্ডপমধ্যে বেদি প্রভৃতি নির্ম্মাণ।—মণ্ডপের মধ্যে পঞ্চহস্তপ্রমাণ উৎকৃষ্ট বেদী নির্ম্মাণ করিবে। উহা একহস্ত উচ্চ, চতুষ্পার্শ্বে সমান ও চতুরস্র হইবে। ৪০। উহার ঈশানদিগ্ভাগে একহস্তপরিমিত গ্রহবেদী ও তাহার পূর্ব্বাদি চারিদিকে চারিটী কুণ্ড করিতে হয়। উক্ত কুণ্ডের পরিমাণ একহস্ত হইবে এবং উহা যোনিমুখাকার, মেখলাত্রয়ান্বিত, চতুরস্র, অর্দ্ধচন্দ্রবৎ, বৃত্ত ও যথাক্রমে পদ্মাকার হইবে। ইতিপূর্ব্বে দীক্ষাবিধিতে কুণ্ডলক্ষণ বিবৃত হইয়াছে, কিন্তু এখানে চারিদিকে ত্রয়োদশাঙ্গুলী বেদী বর্জ্জন করিতে হয়। গ্রহবেদীর দক্ষিণদিকে আচার্য্যকুণ্ড প্রস্তুত করিতে হয়। উহা কোণচতুষ্টয়সম্পন্ন, সুলক্ষণে লক্ষিত ও হস্তমিত গর্ত্তবিশিষ্ট হইবে। ৪১। উক্ত গ্রন্থেই লিখিত আছে যে, বেদী মণ্ডপের তৃতীয়াংশ বা অর্দ্ধাংশ

অথ কুম্ভস্থাপনম্।

যজমানঃ সপত্নীকঃ পুত্রপৌত্রসমন্বিতঃ। ঋত্বিগ্‌ভিঃ সহিতঃ পশ্চাদ্দ্বারেণ প্রবিশেত্ততঃ॥ ৪৩॥
ন্যসেত্তস্য চতুর্দ্বার্ষু দ্বৌ দ্বৌ কুম্ভৌ যবোপরি। জলপূর্ণৌ স্বর্ণগর্ভৌ পল্লবাদিযুতৌ শুভৌ॥ ৪৪।
তথা চ মাৎস্যে।—
কৃত্বৈবং মণ্ডপং পূর্ব্বং চতুর্দ্বারেষু বিন্যসেৎ। অব্রণান্ কলসানষ্টৌ জলকাঞ্চনগর্ভিতান্।
চূতপল্লবসংছন্নান্ সিতবস্ত্রযুগান্বিতান্। স্রক্‌চন্দনফলোপেতান্ চন্দনোদকপূরিতান্।
ভবিষ্যে।—
অকালান্ কলসানষ্টৌ চতুর্দ্বারেষু স্থাপয়েৎ। তস্ত কাঞ্চনসংযুক্তান্ ফলপুষ্পৈরলঙ্কৃতান্॥
অহতৈর্যুগলৈর্ব্বস্ত্রৈর্গ্রীবায়াং তু নিবেশিতৈঃ। চন্দনাগুরুতোয়েন পূরয়িত্বা যথাক্রমম্॥৪৫॥
কিঞ্চ হয়শীর্ষপঞ্চরাত্রে।—
শাতকুম্ভময়ান্ কুর্য্যাৎ রাজতান্ শুক্লজানথ। জলাঢ়কপ্রপূরাংশ্চ লোহজান্ কারয়েদ্দৃঢ়ান্॥
মৃন্ময়ান্ কলসান্ বাপি পক্কবিম্বোপমান্ শুভান্। অষ্টত্রিংশাধিকশতপলপূর্ণাংস্তু মৃন্ময়ান্॥
আরক্তান্ স্ফোটরহিতান্ কালমণ্ডলবর্জ্জিতান্। আহৃত্য কলসান্ বস্ত্রপূততোয়েন পূরয়েৎ।
সহিরণ্যান্ বস্ত্রযুগ্মবদ্ধকণ্ঠান্নিবেশয়েৎ॥ ৪৬॥

ততো যজমানঃ পত্ন্যাদিসহিতঃ পশ্চিমদ্বারেণ তং মণ্ডপং প্রবিশেৎ॥ ৪৩॥ ন্যসেদ্যজমানো গুরুর্বা। তস্য মণ্ডপস্য॥ ৪৪॥ অকালান্ কৃষ্ণবর্ণেতরান্। অহতৈর্নবৈঃ॥ ৪৫॥ স্বথেতি বিকল্পে। শুক্লজান্, স্ফোটরহিতান্, নিশ্ছিদ্রান্ কালেন শ্যামেন মণ্ডলেন বিন্দুনা আবর্ত্তেন বা বর্জ্জিতান্॥ ৪৬॥

পরিমাণে প্রস্তুত করত সুশোভিত করিবে। ইহার উচ্চতা একহস্ত এবং উহা মধ্যস্থলে ব্যবস্থিত হইবে। আরও লিখিত আছে, হে বিপ্রশ্রেষ্ঠ! কুণ্ড পূর্ব্বদিকে চতুষ্কোণ, দক্ষিণে অর্দ্ধচন্দ্র, পশ্চিমে গোলাকার ও উত্তরদিকে পদ্মসদৃশ করিতে হয়। ৪২।

অনন্তর কুম্ভস্থাপন।—তৎপরে যজমান সহধর্ম্মিণী ও পুত্রপৌত্রসংযুক্ত হইয়া পুরোহিতবর্গের সহিত পশ্চিমদ্বার দিয়া মণ্ডপে প্রবিষ্ট হইবেন। ৪৩। মণ্ডপের চতুর্দ্বারে যবের উপর সলিলপূর্ণ, স্বর্ণগর্ভ, পল্লবাদি-সমন্বিত, দুই দুইটী প্রত্যুত্তম কুম্ভ স্থাপন করিতে হয় ৪৪। মৎস্য-পুরাণেও লিখিত আছে, এই প্রকারে মণ্ডপ নির্ম্মাণ পূর্ব্বক দ্বার-চতুষ্টয়ে সজল, কাঞ্চনগর্ভ, অখণ্ড কুম্ভাষ্টক স্থাপন করিবে। ঐ সমস্ত কুম্ভ আম্রপল্লবে আবৃত, শুক্লাম্বরদ্বয়ে আচ্ছাদিত, মাল্যচন্দনফলযুক্ত ও সচন্দন সলিলে পূর্ণ হইবে। ভবিষ্যপুরাণে লিখিত আছে, চারিদিকে চতুর্দ্বারে যে আটটী কুম্ভ স্থাপন করিবে, তাহার বর্ণ কৃষ্ণ না হয়, তদ্ভিন্ন অন্য যে কোন বর্ণ হইতে পারে। ঐ সমস্ত কুম্ভ স্বর্ণগর্ভ ও ফলকুসুমে সুশোভিত হইবে। উহাদের গ্রীবায় নব বসনদ্বয় দিয়া চন্দনাগুরুসংযুক্ত সলিলে ক্রমান্বয়ে পূর্ণ করিতে হয়। ৪৫। আরও হয়শীর্ষ-পঞ্চরাত্রে লিখিত আছে, চতুর্দ্বারে কাঞ্চনময়, রৌপ্যময়, তাম্রময়, লৌহময়, সুদৃঢ়, আঢ়ক-পরিমিত (চারিপ্রস্থ জল ধরে ঈদৃশ) কুম্ভচতুষ্টয়, কিংবা পক্কবিম্বসদৃশ মনোহর, লোহিতবর্ণ,

অথ স্নানমণ্ডপাদিনির্ম্মাণম্‌।

কুর্য্যাদুত্তরতস্তস্মাদধিবাসনমণ্ডপাৎ। চতুর্হস্তং চতুর্দ্বারকোণং স্নপনমণ্ডপম্‌॥
তত্রেষ্টকাভিঃ পক্কাভিঃ দ্বিত্রিহস্তাঞ্চ বেদিকাম্‌। বিদধ্যাদ্ভূতলং বাথ সকলং বালুকাময়ম্‌॥৪৭

তথা চ ভবিষ্যে।—

এবং সুশোভনং কৃত্বা মণ্ডপং তু সুতোরণম্‌। তস্যৈবোত্তরপার্শ্বে চ কর্ত্তব্যঃ স্নানমণ্ডপঃ।
সুশোভনং তু কর্ত্তব্যং স্থণ্ডিলং বালুকাময়ম্‌॥

মাৎস্যে।—

এবং সতোরণং কৃত্বা অধিবাসনমণ্ডপম্‌। তস্যাপ্যুত্তরতঃ কুর্য্যাৎ স্নানমণ্ডপমুত্তমম্‌।
তদর্দ্ধেন ত্রিভাগেণ চতুর্ভাগেণ বা পুনঃ॥ ৪৮॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

স্নানার্থং কলসার্থঞ্চ স্নানদ্রব্যার্থমেব চ। জলনির্গমনোপেতমর্দ্ধেন স্নানমণ্ডপম্‌।
ঐশান্যাং কলসার্থঞ্চ তস্মাদ্দক্ষিণগোচরে। পূর্ব্বস্যাং মণ্ডপং কুর্য্যাদ্যাগদ্রব্যার্থমায়তম্‌॥৪৯॥

চত্বারি দ্বারাণি কোণাশ্চ যস্য তং। অথবা স্নানমণ্ডপস্য ভূতলং সকলমেব বালুকাময়ং বিদধ্যাৎ। যদ্যপি ভবিষ্যমৎস্যপুরাণয়োর্ধ্বজপতকাধিরোহণানন্তরমেব স্নানমণ্ডপনির্ম্মাণমেব লিখিতং, তথাপি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তানুসারেণ নির্ম্মাণপ্রসঙ্গেঽস্মিন্‌ লিখিতং॥ ৪৭॥ তস্য অধিবাসমণ্ডপস্য অর্দ্ধেন তৃতীয়েন বা চতুর্থেন বা পরিমিতং॥ ৪৮॥ স্নানার্থমেকং, স্নানকলসার্থং চৈকমেবং মণ্ডপত্রয়ং কুর্য্যাৎ তদেব বিবিচ্যাহ জলেতি সার্দ্ধেন। স্নানদ্রব্যমেব যাগদ্রব্যং স্নানস্যৈবাত্র প্রাধান্যাৎ। ৪৯॥

স্ফোটশূন্য, কালমণ্ডলরহিত এবং অষ্টত্রিংশদধিক শতপল জল ধরিতে পারে ঈদৃশ মৃত্তিকাময় চারি কুম্ভ আনয়ন করত স্থাপন করিবে। ঐ সকল কুম্ভ কাঞ্চনগর্ভ, জলপূর্ণ ও গলদেশে বস্ত্র দ্বারা নিবদ্ধ হইবে। ৪৬।

অনন্তর স্নানমণ্ডপাদি-নির্ম্মাণপ্রকরণ কথিত হইতেছে।—অধিবাসনমণ্ডপের উত্তর দিকে স্নানমণ্ডপ করিতে হয়। উহা চতুর্হস্ত, দ্বারচতুষ্টয়ে শোভিত ও চতুষ্কোণ হইবে। ঐ স্নানমণ্ডপে পক্ক ইষ্টক দ্বারা দুই হস্ত বা তিনহস্ত পরিমিত বেদিকা প্রস্তুত করিতে হয়। কিংবা স্নানমণ্ডপের ভূমিতলের সমস্ত স্থানই সিকতাময় করিবে। ৪৭। ভবিষ্যপুরাণে লিখিত আছে, এইরূপে দিব্য তোরণযুক্ত, মনোহর মণ্ডপ করিয়া তদুত্তরে স্নানমণ্ডপ প্রস্তুত করত তত্রত্য স্থণ্ডিলকে মনোহর সিকতাময় করিবে। মৎস্যপুরাণে লিখিত আছে, এইরূপে দিব্যতোরণবিশিষ্ট অধিবাসনমণ্ডপ প্রস্তুত করত তাহার অর্দ্ধাংশ তৃতীয়াংশ বা চতুর্থাংশ পরিমাণে স্নানমণ্ডপ প্রস্তুত করা কর্ত্তব্য। ৪৮। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে যে, স্নানার্থ, কুম্ভস্থাপনার্থ ও স্নানদ্রব্য রক্ষণার্থ এক একটী মণ্ডপ প্রস্তুত করিবে এবং তদর্দ্ধাংশ প্রমাণে জলপ্রণালীযুক্ত মণ্ডপ করিতে হয়। কুম্ভস্থাপনার্থ ঈশানকোণে মণ্ডপ করিবে; সুতরাং দক্ষিণদিকের পূর্ব্বাংশে যাগদ্রব্য স্থাপনার্থ বিস্তৃত মণ্ডপ করা কর্ত্তব্য। ৪৯।

অথ ধ্বজপতাকাস্থাপনম্।

অথ বাদ্যাদিভিদিব্যৈর্বিচিত্রৈর্মঙ্গলস্বনৈঃ। কৃত্বা মহোৎসবং ন্যস্যেৎ পতাকা বিধিবদ্গুরুঃ॥

অথ তদ্বিশেষঃ।

ভবিষ্যে।—

পূর্ব্বেণেন্দ্রায়ুধাকারামাগ্নেয্যামগ্নিসন্নিভাম্। কৃষ্ণাঞ্চৈব তু যাম্যায়াং নৈর্ঋত্যাং তু তথৈব চ॥
ইন্দ্রগোপনিভাকারাং বারুণ্যাং চৈব দাপয়েৎ। শিরীষপুষ্পপ্রতিমাং বায়ব্যাং বিনিবেশয়েৎ॥
কৌবের্য্যাং পীতবর্ণাং তু ঐশান্যাং পাণ্ডুরা ভবেৎ।

মাৎস্যে।—

ধ্বজাদিরোপণং কার্য্যং মণ্ডপস্য সমন্ততঃ। ধ্বজাংশ্চ লোকপালানাং সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ।
পতাকা জলদাকারা মধ্যে স্যান্মণ্ডপস্য তু॥ ৫০॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

পঞ্চহস্তপ্রমাণং তু ধ্বজং কুর্য্যাদ্বিচক্ষণঃ। বৈপুল্যং চাস্য কুর্ব্বীত ষোড়শাঙ্গুলসম্মিতম্॥
সপ্তহস্তোচ্ছ্রিতং চাস্য দণ্ডং কুর্য্যাৎ সুরোত্তম। সপ্তহস্তাস্ততো দীর্ঘা বিস্তৃতা দ্বাদশাঙ্গুলাঃ॥
দ্বিপঞ্চহস্তদণ্ডেষু পতাকাস্ত নিবেশয়েৎ। বাহ্যদেশে মণ্ডপস্য তোরণাভ্যন্তরে তথা॥
অষ্টৌ ধ্বজাঃ স্থাপনীয়াঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ। অরুণোঽগ্নিনিভশ্চৈব কৃষ্ণঃ শুক্লোঽথ পীতকঃ।
রক্তবর্ণস্তথা শ্বেতঃ সর্ব্ববর্ণস্তথৈব চ॥ ৫১॥

মৎস্যপুরাণে ধ্বজপতাকয়োরভেদাভিপ্রায়েণ ধ্বজাভিরাহমিত্যাদ্যুক্ত্বা পশ্চাৎ পতাকা জলদাকারেত্যুক্তং। তত্তদ্বিশেষশ্চ হয়শীর্ষপঞ্চরাত্রতো ব্যক্তো ভাবী॥৫০॥ দ্বিপঞ্চ দশ। যদ্বা দ্বৌ পঞ্চ চেত্যেবং সপ্ত তাবদ্ধস্তপ্রমাণদণ্ডেষু। এবং পতাকায়া ধ্বজদণ্ডসাম্যমুক্তং স্যাৎ॥৫১॥

অতঃপর ধ্বজপতাকাস্থাপন বিবৃত হইতেছে।—তৎপরে গুরুদেব অত্যুত্তম বাদ্য ও বিচিত্র মঙ্গলশব্দ সহকারে মহোৎসব সম্পাদন পূর্ব্বক বিধানে পতাকা বিন্যাস করিবেন।

উক্ত বিষয়ের বিশেষ বিবরণ।—ভবিষ্য পুরাণে লিখিত আছে, পূর্ব্বদিকে ইন্দ্রায়ুধাকৃতি, কোণে অগ্নিতুল্য বর্ণবিশিষ্ট, দক্ষিণে ও নৈর্ঋতদিগ্‌ভাগে অসিতবর্ণ, পশ্চিমে ইন্দ্রগোপকীটবৎ শোণিতাকৃতি, বায়ুকোণে শিরীষকুসুমতুল্য, উত্তরে পীত এবং ঈশানকোণে পাণ্ডুর বর্ণ পতাকা বিন্যাস করিতে হয়। মৎস্যপুরাণে লিখিত আছে, মণ্ডপের চারিদিকেই ধ্বজা রোপণ করিতে হয়। লোকপালবর্গের উদ্দেশে সমস্তদিকেই ধ্বজা বিন্যাস কর্ত্তব্য। মণ্ডপাভ্যন্তরে মেঘাকার পতাকা স্থাপন করিবে। ৫০। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে দেবশ্রেষ্ঠ! পঞ্চহস্তপ্রমাণ ধ্বজা করাই সুধী ব্যক্তির কর্ত্তব্য এবং উহার বিপুলতা ষোড়শাঙ্গুল ও উহার দণ্ড সপ্তহস্ত উন্নত হইবে। ঐ সপ্তহস্ত দণ্ডে যে পতাকা সন্নিবেশ করিবে, তাহার দৈর্ঘ্য সপ্তহস্ত ও বিস্তৃতি দ্বাদশাঙ্গুল হইবে। মণ্ডপের বহির্ভাগে তোরণমধ্যে পূর্ব্বাদিক্রমে ধ্বজাষ্টক বিন্যাস করিবে। ঐ অষ্টসংখ্য ধ্বজা যথাক্রমে অরুণ, বহ্নি কৃষ্ণ, শ্বেত, পীত, লোহিত, শুক্ল ও বিচিত্রবর্ণ করিতে হয়। ৫১।

অথ ধ্বজাদ্যর্পণং লোকপালপূজাবিধিশ্চ।

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

কুমুদঃ কুমুদাক্ষশ্চ পুণ্ডরীকোঽথ বামনঃ। শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
ইত্যেতে বিষ্ণুলোকস্য দিক্‌পালগণনায়কাঃ ॥ ৫২ ॥
কোটিসংখ্যগুণৈর্যুক্তা পূজনীয়া যথাদিশি ॥

মাৎস্যে —

গন্ধপুষ্পাদিকং কুর্য্যাৎ স্বৈঃ স্বৈর্মন্ত্রৈরনুক্রমাৎ। বলিঞ্চ লোকপালেভ্যঃ স্বস্বমন্ত্রৈর্নিবেদয়েৎ ॥৫৩॥
ঊর্দ্ধে তু ব্রহ্মণে দেয়মধস্তাচ্ছেষবাসুকেঃ। সংহিতায়াস্তু যে মন্ত্রাস্তদ্দৈবতাঃ শ্রুতৌ স্মৃতাঃ।
তৈঃ পূজা লোকপালানাং কর্ত্তব্যা হি সমন্ততঃ ॥ ৫৩ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

ওঁ আয়াহীন্দ্র মহারাজাধিরাজ বজ্রহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পূর্ব্বদ্বারমভি-রক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ত্রাতারমিন্দ্রমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি চিত্রভানো মহারাজাধিরাজ শক্তিহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ আগ্নেয়ীং দিশং রক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ধ্বজেৎ পতাকা বিধিবদগুরুরিতি লিখিতং; তদেবাভিব্যয়তি কুমুদ ইত্যাদিনা ॥৫২॥ যথা দিশীতি পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ কুমুদাদয়োঽষ্ট পূজনীয়া ইত্যর্থঃ ॥ ৫৩ ॥ বাসুকেরনন্তস্য। শেষ-বাসুকেরিতি পাঠেঽপি অর্থস্তু স এব ॥ ৫৪ ॥

অনন্তর ধ্বজাদি সমর্পণ ও লোকপালদিগের পূজাবিধি।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, বিষ্ণুলোকস্থ দিক্‌পালবর্গ-নায়ক আটজন;—কুমুদ, কুমুদাক্ষ, পুণ্ডরীক, বামন, শঙ্কুকর্ণ, সর্ব্ব-নেত্র, সুমুখ ও সুপ্রতিষ্ঠিত। ৫২। পূর্ব্বাদি দিকে এই সমস্ত অসংখ্য-গুণবিশিষ্ট লোকপালবর্গের অর্চ্চনা করিবে। মৎস্যপুরাণে লিখিত আছে, লোকপালগণকে ক্রম অনুসারে স্ব স্ব মন্ত্রে গন্ধ পুষ্প ও বলি অর্পণ করিতে হয়।৫৩ ব্রহ্মাকে ঊর্দ্ধভাগে ও শেষবাসুকিকে অধোভাগে বলি প্রদান করিবে। যে সকল মন্ত্র সংহিতাতে উক্ত আছে, তাহাই তত্তদ্দেবতাসম্বন্ধী জানিবে। শ্রুতিতেও তাহাই নির্দ্দিষ্ট আছে। তত্তন্মন্ত্র দ্বারা সকলদিকেই অর্চ্চনা করিতে হয়। ৫৪। হয়শীর্ষ-পঞ্চরাত্রে লিখিত আছে, "ওঁ আয়াহীন্দ্র" ইত্যাদি মন্ত্রে ইন্দ্রকে আবাহন পূর্ব্বক "ওঁ ত্রাতারমিন্দ্র" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য প্রদান করিয়া গন্ধাদি যোগে তাঁহার পূজা করিবে। "ওঁ আয়াহি চিত্রভানো" ইত্যাদি মন্ত্রে আবাহন পূর্ব্বক "ওঁ অগ্নির্মূর্দ্ধা" ইত্যাদিমন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদিযোগে অগ্নির; "ওঁ আয়াহি যম" ইত্যাদিমন্ত্রে আবাহন পূর্ব্বক "ওঁ বৈবস্বতং" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান পূর্ব্বক গন্ধপুষ্পাদিযোগে যমের; "ওঁ আয়াহি নির্ঋতে" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ এব তে নির্ঋতে" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা নির্ঋতির; "ওঁ আয়াহি বরুণ" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ উরু হি রাজা" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি যোগে বরুণদেবের; "ওঁ আয়াহি পবন"

ওঁ আয়াহি যম মহারাজাধিরাজ দণ্ডহস্ত স্ববলবাহনাবৃত রক্তান্তায়তলোচন ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ দক্ষিণদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বৈবস্বতং সংযমনমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি নৈঋ্ঋত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত খড়্গহস্ত মহাবল ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ নৈঋ্ঋতীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ এষ তে নিঋ্ঋতে ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ পাশহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পশ্চিমদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ উরু হি রাজা বরুণশ্চকারেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি পবন মহারাজাধিরাজ ধ্বজহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ বায়বীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বাত আ বাতু ভেষজমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি সোম মহারাজাধিরাজ শঙ্খহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ উত্তরদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ সোমং রাজানমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহীশান মহারাজাধিরাজ শূলহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঐশানীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ঈশানায় নমস্যেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি চতুর্ম্মুখ সর্ব্বলোকাধিপতে স্রুক্‌স্রুবহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঊর্দ্ধং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্র ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ।

ওঁ আয়াহি অনন্ত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত লাঙ্গলহস্ত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ অধোদিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ নমো অস্তু সর্পেভ্য ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

অথ প্রতিষ্ঠাকর্ম্মারম্ভঃ।

দ্রব্যাণি সর্ব্বাণ্যাহৃত্য কৃত্বা কৃষ্ণার্চ্চনাদিকম্। বেদ্যামালিখ্য চক্রাদি শয্যাদি রচয়েত্ততঃ ॥৫৫॥

তথা চ তত্রৈব।—

পাষণ্ডান্ নাস্তিকান্ সর্ব্বান্ দেবব্রাহ্মণদূষকান্। দীক্ষাবহিষ্কৃতান্ সর্ব্বান্ হেতুবাদরতাংস্তথা।

দ্রব্যাণি পূজোপকরণাদীনি। বেদ্যাম্ অধিবাসনমণ্ডপান্তর্নির্ম্মিতায়াং। আদিশব্দেগৃহীত-

---

ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ বাত" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদিযোগে পবনদেবের; "ওঁ আয়াহি সোম" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ সোমং রাজানং" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদিযোগে সোমদেবের; "ওঁ আয়াহীশান" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ ঈশানায় নমস্ত ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি-যোগে ঈশানের; "ওঁ আয়াহি চতুর্ম্মুখ" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ হিরণ্যগর্ভঃ" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা ব্রহ্মার; এবং "ওঁ আয়াহি অনন্ত" ইত্যাদি মন্ত্রে আবাহনান্তে "ওঁ নমো অস্তু" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য প্রদান পূর্ব্বক গন্ধপুষ্পাদি দ্বারা অনন্তদেবের অর্চ্চনা করিবে।

অনন্তর প্রতিষ্ঠাকর্ম্মারম্ভ।—তৎপরে যাবতীয় সামগ্রী আহরণান্তে শ্রীকৃষ্ণের পূজাদি করিয়া বেদীতে চক্রাদি অঙ্কন করত শয্যাদি রচনা করিতে হয়। ৫৫। হয়শীর্ষপঞ্চরাত্রে আরও লিখিত আছে যে, পাষণ্ড, নাস্তিক, দেব-বিপ্রনিন্দক, অদীক্ষিত, হেতুবাদপরায়ণ ও যাবতীয় প্রমাণের কারণানুসন্ধিৎসু, এই সমস্ত ব্যক্তিকে নিবারণ পূর্ব্বক (দূরে পরিত্যাগ পূর্ব্বক) যাবতীয় সামগ্রী

নিবার্য্য প্রারভেৎ কর্ম বৈষ্ণবৈর্দীক্ষিতৈঃ সহ। আহৃত্য সর্বদ্রব্যাণি স্রুক্‌স্রুবং বিষ্টরাণি চ॥
যজ্ঞপাত্রাণি সর্ব্বাণি স্থাপ্য যত্নেন দেশিকঃ। শ্বেতবস্ত্রপরীধানঃ সোষ্ণীষশ্চন্দনোক্ষিতঃ॥
অঙ্গুলীয়কহস্তশ্চ সর্ব্বালঙ্কারভূষিতঃ। আত্মানং বিষ্ণুবৎ পূজ্য গন্ধপুষ্পাদিভির্গুরুঃ॥
ধ্যাত্বা দেবং বিষ্ণুরূপং মন্ত্রাত্মকমথো শুচিঃ। হরিং প্রণম্য বিজ্ঞাপ্য মূর্ত্তিপানপি পূজয়েৎ॥
সিতৈঃ পুষ্পৈর্ব্বস্ত্রযুগ্মৈরঙ্গুলীয়ৈরথাঙ্গদৈঃ। নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং ততঃ কর্ম সমাচরেৎ।

পঞ্চগব্যেন সংস্কৃত্য শোধ্য কুম্ভান্ বিচক্ষণঃ।
স্থাপয়েন্মূর্ত্তিপান্ পশ্চাৎ কুম্ভে কুম্ভে তু দেশিকঃ॥
কিঞ্চ।—ব্রীহীনাহৃত্য দেবেশং বাসুদেবেন চার্চ্চয়েৎ।
ক্ষিপেচ্চ নারসিংহেন পাতালমুষলেন তু॥

সিদ্ধার্থকান্ ক্ষিপেদ্ধ্যায়ন্ সিংহমন্ত্রেণ মন্ত্রয়েৎ। রক্ষোঘ্নান্ পঞ্চগব্যেন প্রোক্ষয়েদ্ভূমিমাদরাৎ॥
ততস্তাম্রময়ং কুম্ভং মৃন্ময়ং বা নবং দৃঢ়ম্। জলপূর্ণং স্থাপয়িত্বা সরঙ্গকরকাযুতম্॥
ঐশান্যামর্চ্চয়েত্তস্মিন্ সাঙ্গং গন্ধাদিনা হরিম্॥ ৫৬॥
অস্ত্রমন্ত্রেণ করকাং শতবারাংস্তমর্চ্চয়েৎ। তদ্ধারাচ্ছিন্নয়া সিঞ্চেন্মণ্ডপং তং প্রদক্ষিণম্॥
কুম্ভং তং পৃষ্ঠতো নীত্বা কুম্ভমন্ত্রেণ দেশিকঃ।
ব্রীহীন্ সংস্কৃত্য সর্ব্বাংস্তু কুম্ভং তত্রোপরি ন্যসেৎ॥৫৭॥
পুনঃ সংপূজয়েদ্বিষ্ণুং কলসেষু সমাহিতঃ। বস্ত্রযুগ্মেন কলসমেকেন করকাং বুধঃ॥
ছাদয়িত্বা ততো গৃহ্য করণীং মণ্ডলীং নয়েৎ। চতুরস্রং চতুর্দ্বারং চক্রাব্জং ষোড়শারকম্।
পঞ্চবর্ণেন চূর্ণেন দ্বাদশারমথাপি বা॥ ৫৮॥

মন্ত্রে ব্যক্তং ভবিষ্যতি॥ ৫৫॥ বাসুদেবেনেত্যাদয়ো মন্ত্রাঃ॥ ৫৬॥ তম্ অধিবাসার্থনির্ম্মিতং মণ্ডপং॥ ৫৭॥ চক্রাব্জসংজ্ঞং মণ্ডপং। তচ্চ ষোড়শারং বা চক্রম্ অষ্টদলপদ্মগর্ভং তদ্বহিশ্চতুরস্র

আহরণ করিয়া স্রুক্, স্রুব, কুশ ও যজ্ঞপাত্রাদি সযত্নে স্থাপন করিবে। পরে দীক্ষিত বৈষ্ণববর্গের সহিত মিলিত হইয়া কর্ম্মে প্রবৃত্ত হওয়াই আচার্য্যের কর্ত্তব্য। গুরুদেব শুভ্রবসন পরিধান এবং শিরোদেশে উষ্ণীষ ও হস্তে অঙ্গুরীয় ধারণ পূর্ব্বক চন্দনাক্ত, সর্ব্বালঙ্কারে অলঙ্কৃত ও পবিত্র হইয়া আপনাকে বিষ্ণুবৎ গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবেন। পরে মন্ত্রস্বরূপ বিষ্ণুকে চিন্তা করত হরিকে প্রণাম ও বিজ্ঞাপন করিয়া শ্বেতকুসুম, বসনদ্বয়, অঙ্গুরীয় ও অঙ্গদ দ্বারা মূর্ত্তিরক্ষকগণের অর্চ্চনা করিবেন। তদনন্তর সুদক্ষ শিল্পিবর্গের সহিত কর্ম্মে প্রবৃত্ত হইতে হয়। বিজ্ঞ আচার্য্য পঞ্চগব্য দ্বারা কুম্ভসমূহের সংস্কার ও শোধন পূর্ব্বক প্রতিকুম্ভে মূর্ত্তিপগণকে স্থাপন করিবেন। আরও লিখিত আছে, ব্রীহি আহরণ করত বাসুদেবমন্ত্রে প্রভুর পূজা, নারসিংহমন্ত্রে প্রক্ষেপ, পাতাল-মুষলমন্ত্রে সিদ্ধার্থ ক্ষেপণ, ধ্যানসহকারে নৃসিংহমন্ত্রে রক্ষোঘ্নগণকে মন্ত্রণ ও পঞ্চগব্য দ্বারা ভূমি প্রোক্ষণ করিতে হইবে। তৎপরে ঈশানদিগ্‌ভাগে তাম্রনির্ম্মিত বা সুদৃঢ় নূতন মৃন্ময় কুম্ভে সরঙ্গ-করকাযুক্ত জল পূর্ণ করিয়া স্থাপন করিবে। পরে তাহাতে গন্ধাদি দ্বারা অঙ্গদেবগণ সহ শ্রীহরির পূজা করিতে হয়। ৫৬। তৎপরে অস্ত্রমন্ত্রে শতধা করকাপূজা করত দক্ষিণাবর্ত্তভাবে

বেগ্যামেবং লিখিত্বা চ মণ্ডপে পূর্ব্বদক্ষিণে। চতুর্হস্তং চতুষ্কোণং মধ্যে পঙ্কজভূষিতম্॥
চতুর্দ্বারং তু চূর্ণেন স্বস্তিকং মণ্ডলং লিখেৎ। তস্যোর্দ্ধে ন্যস্য পর্য্যঙ্কং কুশান্ সংস্তারয়েত্ততঃ॥
যোগে যোগেতি মন্ত্রেণ গন্ধতোয়েন প্রোক্ষয়েৎ। তূলিকাং বিন্যসেত্তত্র দিব্যপট্টাংশুকান্বিতাম্॥
উপাধানদ্বয়ং কৃত্বা পার্শ্বে গেণ্ডুকমেব চ। কপোলধারণং কৃত্বা কুর্য্যাদূর্দ্ধং বিতানকম্॥
পুষ্পমালাপরিক্ষিপ্তং মুক্তাহারোপশোভিতম্। কুর্য্যাৎ পুষ্পগৃহং হৃদ্যং মলয়াগুরুধূপিতম্॥
বিদ্যাধিপাস্তু সংপূজ্যাঃ শক্ত্যা দিক্ষু বিদিক্ষু চ। বিষ্ণুর্মধুনিহা চৈব তথৈব চ ত্রিবিক্রমঃ॥
বামনশ্চাপি দিক্ষ্বেতে পূর্ব্বাদ্যাসু ব্যবস্থিতাঃ। শ্রীধরঃ শ্রীহৃষীকেশঃ পদ্মনাভস্তথৈব চ॥
দামোদরশ্চ সংপূজ্য আগ্নেয়াদিব্যবস্থিতাঃ। এবমর্চ্চ্য ততঃ পশ্চাদৈশান্যাং স্নানমণ্ডপে॥
চতুঃস্তম্ভযুতে রম্যে তন্মধ্যে বেদিকা শুভা। চতুরস্রা চতুর্দ্দিক্ষু জলনির্গমনান্বিতা।
ক্ষীরিবৃক্ষোদ্ভবং পীঠং মধ্যে তত্র নিবিশয়েৎ॥ ৫৯॥

অথ কলসাধিবাসনম্।

তত্রৈব.—

স্নানদ্রব্যাণি সর্ব্বাণি সমানীয় বিচক্ষণঃ। নিক্ষিপ্য স্নানকুম্ভেষু কুম্ভাংস্তানধিবাসয়েৎ॥
রত্নানি চ চতুর্দ্দিক্ষু সিদ্ধদ্রব্যান্বিতাঃ শুভাঃ। কলসাঃ স্থাপনীয়াস্তু অভিষেকার্থমাদরাৎ॥৬০॥

চতুর্দ্বারং লিখেদিতি জ্ঞেয়ং॥ ৫৮॥ তস্য স্নানমণ্ডপস্য মধ্যে যা বেদিকা অস্তি, তত্র তস্যাং পীঠং নিবেশয়েৎ॥ ৫৯॥

কলসাধিবাসনাদিকং মৎস্যভবিষ্যাদ্যুক্তমপি ভগবতা শ্রীহয়শীর্ষেণোক্তত্বাদুপযুক্ততয়া লিখ্যতে

অছিন্নধারা দ্বারা মণ্ডপ অভিষিক্ত করিবেন তদনন্তর আচার্য্য পৃষ্ঠদেশে ঐ কুম্ভ ধারণ পূর্ব্বক কুম্ভমন্ত্রে ব্রীহি সংস্কার করত তদুপরি কুম্ভ স্থাপন করিবেন। ৫৭। তৎপরে আচার্য্য সমাহিতচিত্তে পুনর্ব্বার ঐ সমস্ত কুম্ভে হরির অর্চ্চনা করিয়া বসনদ্বয় দ্বারা কুম্ভ ও একখানি বস্ত্র দ্বারা করকা আবৃত করত লইয়া কার্য্যস্থলে উপস্থিত হইবেন। পরে বেদীতে পঞ্চবর্ণগুণ্ডিকা দ্বারা চতুষ্কোণ, চতুর্দ্বার, যোড়শার বা দ্বাদশার চক্রাব্জমণ্ডল অঙ্কন পূর্ব্বক চূর্ণ দ্বারা পূর্ব্বদক্ষিণমণ্ডপে চতুর্হস্ত, চতুষ্কোণ ও মধ্যে পদ্মবিভূষিত, চতুর্দ্বার স্বস্তিকমণ্ডল অঙ্কন করিবেন। তদনন্তর তদূর্দ্ধে পর্য্যঙ্ক স্থাপনপূর্ব্বক কুশবিস্তার করিয়া "যোগে যোগে" ইত্যাদি মন্ত্রে তাহাতে গন্ধবারি প্রোক্ষণ করিবেন। তৎপরে তাহাতে পট্টবসনযুক্ত অত্যুত্তম তূলিকা (তোষক) বিন্যাস করিয়া পার্শ্বে উপধানদ্বয় ও গেণ্ডুক (তাকিয়া) ও গাল-বালিশ স্থাপন পূর্ব্বক উর্দ্ধে বিতান প্রস্তুত করিবে। পরে কুসুমমালাসমাকীর্ণ, মুক্তহারে বিরাজিত ও ময়লাগুরুধূপিত মনোরম কুসুমগৃহ রচনা করিয়া দিক্-বিদিকে শক্ত্যনুসারে বিদ্যাধিপগণের অর্চ্চনা করিবে। পূর্ব্বাদিক্রমে চারিদিকে বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম ও বামন এই চারিজনের অর্চ্চনা করিয়া অগ্ন্যাদি কোণচতুষ্টয়ে শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ ও দামোদরের পূজা করিতে হয়। এইরূপ পূজা করিয়া তৎপরে ঈশান কোণে স্তম্ভচতুষ্টয়শোভিত মনোরম স্নানমণ্ডপাভ্যন্তরে বেদী নির্ম্মাণ করিবে; সেই বেদীর চারিদিকে জলপ্রণালী থাকিবে। সেই বেদীর মধ্যে ক্ষীরিকাষ্ঠোদ্ভূত পীঠ স্থাপন করিতে হয়। ৫৮-৫৯।

বটোডুম্বরকাশ্বত্থ-চম্পকাশোক-শ্রীদ্রুমান্। পলাশার্জ্জুন প্লক্ষাংশ্চ কদম্ববকুলাম্রজান্॥
পল্লবাংস্তু সমানীয় পূর্ব্বকুম্ভে বিনিক্ষিপেৎ। গন্ধকং রোচনাং দূর্ব্বাং দর্ভপিঞ্জলমেব চ॥
জাতিপুষ্পং কুন্দপুষ্পং চন্দনং রক্তচন্দনম্। তমালং তগরঞ্চৈব বঞ্জুলং দক্ষিণে ন্যসেৎ॥
সুবর্ণং রজতং চৈব কূলদ্বয়মৃদং তথা। নদ্যাঃ সমুদ্রগামিন্যা বিশেষাজ্জাহ্নবীজলম্।
গোময়ঞ্চ যবান্ শালীন্ তিলাংশ্চৈব পরে ন্যসেৎ॥ ৬১॥
বিষ্ণুপর্ণীং শ্যামলতাং ভৃঙ্গরাজং শতাবরীম্। গুড়ূচীং সহদেবীঞ্চ বিন্যসেচ্চ মহৌষধীঃ॥ ৬২॥
ফলান্যুদকযুক্তানি আগ্নেয্যাং বিন্যসেদ্ঘটে। পঞ্চগব্যন্তু নৈঋর্ত্যাং কুম্ভে কৃত্বাভিমন্ত্রিতম্॥
বটাশ্বত্থপলাশানাং বিল্বস্যোডুম্বরস্য চ। কষায়োদকসংযুক্তং বায়ব্যাং কলসং ন্যসেৎ॥
কুমারীমমৃতাঞ্চৈব শতমূলীং শতাবরীম্। সহদেবীং বচাং সিংহীং বলাং ব্রাহ্মীং সুলক্ষণাম্।
ঐশান্যামপরে কুম্ভে মঙ্গলাখ্যে নিবেশয়েৎ॥ ৬৩॥
বল্মীকমৃত্তিকাং সপ্তস্থানোত্থামপরে ন্যসেৎ। জাহ্নবীবালুকাতোয়ং বিন্যসেদপরে ঘটে।

স্নানেত্যাদিনা। শাতকুম্ভময়ানিত্যাদিনা কুম্ভলক্ষণং চোক্তমেবাস্তি, সিদ্ধদ্রব্যাণি চাগ্রে স্বয়মেব বক্তব্যানি বটোডুম্বরে ন্যসেদিত্যাদিনা॥ ৬০॥ পরে পশ্চিমকুম্ভে॥ ৬১॥ বিষ্ণুপর্ণ্যাদ্যাশ্চোত্তরে ন্যসেদিতি জ্ঞেয়ং॥ ৬২॥ ফলানি বদরাদীণি আম্ররসাদীনি বা॥ ৬৩॥ একত্র একস্মিন্ ঘটে।৬৩॥

অনন্তর কলসাধিবাস।—উক্ত গ্রন্থেই লিখিত আছে,বহুদর্শী গুরু যাবতীয় স্নানসামগ্রী আহরণ পূর্ব্বক স্নানকুম্ভে উক্ত কলসসমূহের অধিবাস করিবেন। অভিষেকার্থ সিদ্ধদ্রব্য ও রত্নগর্ভ মঙ্গলকলসসকল চতুর্দ্দিকে সাদরে স্থাপন করিবেন। ৬০। পূর্ব্বদিক্‌স্থিত কুম্ভে বট, উডুম্বর, অশ্বত্থ, চম্পক, অশোক, শ্রীবৃক্ষ, পলাশ, অর্জ্জুন, প্লক্ষ, কদম্ব, বকুল ও আম্র এই সমস্ত বৃক্ষের পল্লব; দক্ষিণ দিক্‌স্থিত কুম্ভে গন্ধক, রোচনা, দূর্ব্বা, দর্ভপিঞ্জল, জাতিপুষ্প,কুন্দকুসুম,চন্দন রক্তচন্দন, তমাল, তগর ও বঞ্জুল; পশ্চিমদিক্‌স্থিত কলসে স্বর্ণ, রৌপ্য, কুলদ্বয়-মৃত্তিকা, সাগরগামিন-নদীসলিল, গঙ্গোদক, গোময়, যব, শালিধান্য ও তিল; উত্তরদিক্‌স্থিত কুম্ভে বিষ্ণুপত্রী, শ্যামালতা,ভৃঙ্গরাজ,শতাবরী, সহদেবী ও মহৌষধি; অগ্নিদিক্‌স্থিত কুম্ভে ফল ও উদক; নৈঋর্ত দিক্‌স্থিত কলসে মন্ত্রপূত পঞ্চগব্য, বায়ুদিক্‌স্থিত কলসে বট, অশ্বত্থ, পলাশ, বিল্ব ও উডুম্বরের কষায়সমন্বিত জল আর ঈশানদিক্‌স্থ মঙ্গলঘটে কুমারী, অমৃতা, শতমূলী, শতাবরী, সহদেবী, বচ, সিংহী, বলা ও সুলক্ষণা ব্রাহ্মণযষ্টিকা স্থাপন করিবে।৬১-৬২। হে সুরসত্তম! একটী কলসে সংস্থানজাত বল্মীকমৃত্তিকা, একটী কুম্ভে গঙ্গাসিকতাসমন্বিত জল, একটী কুম্ভে বরাহ-বৃষ গজেন্দ্র কর্ত্তৃক শৃঙ্গোত্তোলিত মৃত্তিকা ও নদীতীর-দ্বয়স্থ মৃত্তিকা; একটী কুম্ভে পদ্মমূলমৃত্তিকা, একটী কলসে তীর্থ ও গিরিমৃত্তিকা, একটী কলসে নাগকেশরফল, একটী কুম্ভে কুঙ্কুম, একটী কলসে চন্দন অগুরু ও কর্পূরবাসিত সলিল, একটী ঘটে বৈদূর্য্য, প্রবাল, মুক্তা, স্ফটিক ও বজ্র (হীরক); এবং একটী ঘটে নদী নদ ও তড়াগের জল স্থাপন করিবে। অপর ঘটসমূহ একাশীতি-পদমণ্ডপে রাখিবে এবং উক্ত কুম্ভ গঙ্গোদক দ্বারা পূরিত করত ধান্যোপরি স্থাপন পূর্ব্বক ঐ সমস্ত কুম্ভকেই এক একবার শ্রীসূক্তমন্ত্রে অভিমন্ত্রিত করিতে হইবে।

বরাহবৃষনাগেন্দ্রবিষাণোদ্ধৃতমৃত্তিকাম্। কুলত্থমুদ্গং নদ্যাং বিন্যসেদপরে ঘটে॥
মৃত্তিকাং পদ্মমূলস্য কুশস্যাপ্যপরে ঘটে। তীর্থপর্ব্বতমৃত্তিস্তু যুক্তমপ্যপরে ঘটে॥
নাগকেশরপুষ্পঞ্চ কাশ্মীরমপরে ঘটে। চন্দনাগুরুকর্পূরৈঃ পূরিতং চাপরং ন্যসেৎ॥
বৈদূর্য্যং বিদ্রুমং মুক্তাং স্ফাটিকং বজ্রমেব চ। এতান্যেকত্র নিক্ষিপ্য স্থাপয়েদ্দেবসত্তম॥৬৪॥
নদীনদতড়াগানাং সলিলৈরপরং ন্যসেৎ। একাশীতিপদে চান্যান্ মণ্ডপে কলসান্ন্যসেৎ॥
পূরিতান্ গন্ধতোয়েন ধান্যস্তাংস্তাংস্তু মন্ত্রয়েৎ। শ্রীসূক্তেন সমস্তেন সর্ব্বানেব সকৃৎ সকৃৎ॥

অথার্ঘ্যদ্রব্যাদিস্থাপনম্।

তত্রৈব।—

কলসানধিবাস্যৈবমর্ঘ্যাদীন্ বিনিবেশয়েৎ। যবং সিদ্ধার্থকং গন্ধং কুশাগ্রং চাক্ষতং তথা॥
তিলান্ ফলং তথা পুষ্পমর্ঘ্যার্থং পূর্ব্বতো ন্যসেৎ। পদ্মং শ্যামলতাং দূর্ব্বাং বিষ্ণুপর্ণীং তথা কুশান্॥
পাদ্যার্থং দক্ষিণে ভাগে স্থাপয়েদ্দেশিকোত্তমঃ। স্থাপয়েৎ পশ্চিমে ভাগে মধুপর্কং সুসংবৃতম্॥
কক্কোলকং লবঙ্গঞ্চ তথা জাতীফলং শুভম্। উত্তরে স্থাপয়েদ্ভাগে দ্রব্যমাচমনায় তু॥
আগ্নেয্যাং স্থাপয়েৎ পাত্রং পূর্ণং দূর্ব্বাক্ষতৈর্বুধঃ। নীরাজনার্থং দেবেশ দেবদেবস্য সর্ব্বদা।
নৈঋর্ত্যামুদকং গন্ধযুক্তং স্নানায় বিন্যসেৎ। উদ্বর্ত্তনায় বায়ব্যাং গন্ধপিষ্টং নিবেশয়েৎ॥
ন্যসেদামলকং পাত্রে মুরামাংসীযুতং শুভম্। সহদেবীং সদা ভদ্রাং কুশাগ্রাং রজনীং তথা॥
ঐশান্যাং বিন্যসেৎ পাত্রে শিরীষং স্বর্ণবর্ণিনীম্। নির্মঞ্ছনায় দেবস্য স্থাপকঃ সুসমাহিতঃ॥
অষ্টৌ দিক্ষু ন্যসেদ্বিদ্বান্ লৌহযষ্টিপ্রদীপকান্। শঙ্খং চক্রঞ্চ শ্রীবৎসং কৌস্তুভং পঙ্কজাদিকম্॥
হেমাদিপাত্রে কৃত্বাথ গোময়েনাথ বা পুনঃ। নীরাজনায় দেবস্য তথা বৈ পুষ্পজাতয়ঃ।
স্থাপনীয়া তথা চান্যে মঙ্গল্যাঃ স্নানচোদিতাঃ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্নানমণ্ডপে প্রবেশনম্।

শিল্পিশালাং ততো গত্বা গীতবাদ্যাদিনিস্বনৈঃ। আনয়েদ্ভগবন্মূর্ত্তিং সহ পিণ্ডিকয়া ততঃ॥ ৬৫॥
অথ বিংশতিকুম্ভাদ্ভিঃ স্নানমণ্ডপতো বহিঃ। স্নাপয়িত্বা পরীক্ষেত শ্রীমূর্ত্তিং তাং বিচক্ষণঃ॥
অথবা শিল্পিশালায়াং স্নাপয়িত্বা যথাবিধি। প্রবেশয়েৎ পিণ্ডিকায়াং তাং বিপ্রেঃ স্নানমণ্ডপম্॥৬৬॥

ততঃ শিল্পিশালাতঃ শ্রীমূর্ত্তিং পিণ্ডিকাসহিতামানয়েৎ॥ ৬৫॥ বিংশতিকুম্ভজলেন স্নানমণ্ডপাদ্বহিঃ স্নাপয়িত্বেতি কেষাঞ্চিৎ সতাং মতং লিখিতং। শ্রীহয়শীর্ষভগবন্মতং লিখতি অথবেতি।

অনন্তর অর্ঘ্য প্রভৃতি দ্রব্যস্থাপন:—উক্তগ্রন্থেই লিখিত আছে, কলসসমূহের অধিবাসন পূর্ব্বক অর্ঘ্যাদি বিন্যাস করিতে হয়। অর্ঘ্যার্থ পূর্ব্বদিকে যব, সিদ্ধার্থ, গন্ধ, কুশাগ্র, আতপতণ্ডুল, তিল, ফল ও পুষ্প; পাদ্যার্থ দক্ষিণদিকে পদ্ম, শ্যামলতা, দূর্ব্বা, বিষ্ণুপর্ণী ও কুশ; পশ্চিমে সুসংবৃত মধুপর্ক; এবং আচমনার্থ উত্তরদিকে কক্কোল, লবঙ্গ ও জাতীফল স্থাপন করিবে। হে সুরেশ! সুধীব্যক্তি দেবদেবের নীরাজনার্থ অগ্নিকোণে দূর্ব্বা ও অক্ষতপূর্ণ পাত্র; স্নানার্থ নৈঋর্তকোণে গন্ধোদক; উদ্বর্ত্তনার্থ বায়ুকোণে পিষ্টগন্ধ অর্থাৎ পাত্রোপরি আমলক, মুরামাংসী, বালা, গান্ডারী, কুশাগ্র, রজনী (হরিদ্রা); ও আরত্রিকার্থ ঈশানকোণে পাত্রোপরি শিরীষ ও

তথা চ ভবিষ্যে।—

আচার্য্যো মূর্ত্তিপৈশ্চৈব ঋত্বিগ্‌ভিঃ সহ সংযুতৈঃ। বিষ্ণুব্রতধরৈঃ শান্তৈঃ বিষ্ণুশাস্ত্রানুরঞ্জিতৈঃ॥
অলোলুপৈরহীনাঙ্গৈরার্য্যদেশসমুদ্ভবৈঃ। বিষ্ণুভক্তিপরৈর্ধীরৈর্বিপ্রের্ভাগবতৈঃ সহ।
দ্বাত্রিংশদ্ভিঃ ষোড়শভিঃ অষ্টাভিস্তু ক্রমেণ তু। আনয়িত্বা তু দেবেশং স্থাপয়েৎ স্নানমণ্ডপে॥৬৭॥

হয়পঞ্চশীর্ষরাত্রে। অত্র সংজ্বালয়েদ্বহ্নিং বৈষ্ণবং বিধিনা গুরুঃ।
ঐশান্যাং গুরুকুণ্ডে তু প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা॥ ৬৮॥

তত্রৈব হোময়েদ্বিষ্ণুং গায়ত্র্যা ঘৃতমাদরাৎ। অষ্টোত্তরশতং হুত্বা সংপাতবিধিনা সুধীঃ॥
সংপাতাজ্যেন কলসান্ প্রোক্ষ্য দেশিকসত্তমঃ। লিপ্তায়াং কারুশালায়ামুপতিষ্ঠেত সংযতঃ॥৬৯॥
ব্রাহ্মণৈর্বৈষ্ণবৈঃ সার্দ্ধং মূর্ত্তিপৈঃ শিল্পিভিঃ সহ। মহতা ব্রহ্মঘোষেণ সংযৈর্বলবত্তরৈঃ॥
কাহলশঙ্খশব্দৈশ্চ ভেরীমুরজনিস্বনৈঃ। বীণাবেণুস্বনৈর্হৃদ্যাদিবাযন্ত্রস্বনৈস্তথা॥

তচ্চাগ্রে তদ্বচনতো ব্যক্তং ভাবি। বিপ্রৈঃ কৃত্বা তাং ভগবন্মূর্ত্তিং পিণ্ডিকাসহিতাং স্নানমণ্ডপং প্রবেশয়েৎ॥ ৬৬॥ অষ্টাভিস্ত্বিত্যত্র তু-শব্দো বার্থে, ততশ্চ বিকল্পো মুখ্যকল্পাশক্তাবল্পসংখ্য-ব্রাহ্মণবরণানুসারেণ শ্রীমূর্ত্ত্যনুসারেণ বা জ্ঞেয়ঃ। ক্রমেণানীয় ন তু হঠাদেকদৈব বেগেনেত্যর্থঃ॥৬৭
বৈষ্ণবং মণ্ডপং মধ্যে শয্যায়াং শ্রীবিষ্ণুলক্ষ্ম্যোঃ সঙ্গমাদ্রেতোরূপোঽগ্নিরুদ্ভুত ইতি ভাবনয়া জনিতো যস্তং। এতদ্বিশেষশ্চ দীক্ষাবিধৌ পূর্ব্বং লিখিতোঽস্তি। প্রাঙ্মুখঃ উদঙ্মুখো বা,

---

সূর্য্যবর্ণিনী স্থাপন করিবেন। সুধীব্যক্তি স্বর্ণাদিপাত্রে অষ্টদিকেই যথাক্রমে লোহযষ্টি, প্রদীপ, শঙ্খ, চক্র, শ্রীবৎস, কৌস্তুভ ও পদ্মাদি স্থাপন করিবেন। কিংবা প্রভুর নীরাজনার্থ গোময়োপ-লিপ্তস্থলে পুনরায় নানাবিধ পুষ্প ও স্নানপ্রকরণোক্ত মাঙ্গলিক সামগ্রীসমূহ বিন্যাস করিবেন।

অতঃপর স্নানমণ্ডপে শ্রীমূর্ত্তিকে যেরূপে প্রবেশ করাইতে হয়, তাহা বিবৃত হইতেছে।—তৎপরে শিল্পিশালায় উপস্থিত হইয়া গীতবাদ্যাদি শব্দ সহকারে পিণ্ডিকাসহ দেবমূর্ত্তি আনয়ন করিতে হয়। ৬৪-৬৫। তদনন্তর সুধী ব্যক্তি স্নানমণ্ডপের বাহিরে বিংশতিকুম্ভ জল দ্বারা শ্রীমূর্ত্তিকে স্নান করাইয়া পরীক্ষা করিবেন কিংবা বিধানে শিল্পিশালায় স্নান করাইয়া পিণ্ডিকাসহ শ্রীমূর্ত্তিকে দ্বিজাতিগণ দ্বারা স্নানমণ্ডপে প্রবেশ করাইবেন। ৬৬। ভবিষ্যপুরাণেও লিখিত আছে, আচার্য্য মূর্ত্তির ও ঋত্বিক্‌বর্গের সহিত সমবেত হইয়া দ্বাত্রিংশৎসংখ্য, ষোড়শসংখ্য বা অষ্টসংখ্য ব্রাহ্মণ দ্বারা প্রভুকে আনয়ন করত মণ্ডপে স্থাপন করিবেন। ঐ সকল ব্রাহ্মণ হরিব্রতবান্, শান্ত, বিষ্ণুশাস্ত্রানুরাগী অলোভী, অহীনাঙ্গ, আর্য্যদেশজ, হরিভক্তিপরায়ণ, ধীর ও ভাগবত হইবেন। ৬৭। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, গুরুদেব ঐ মণ্ডপে পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া উপবেশন পূর্ব্বক ঈশানকোণে গুরুকুণ্ডে বিধানে বৈষ্ণবাগ্নি প্রজ্বালিত করিবেন। ৬৮। সুবুদ্ধিমান্ গুরুদেব তথায় বিষ্ণুর উদ্দেশে গায়ত্রীযোগে ঘৃতহোম করিবেন। সম্পাতবিধানে একশত অষ্ট হোম করত ঘৃতসম্পাত দ্বারা ঘটসমূহ সেচন পূর্ব্বক গোময়োপ-লিপ্ত শিল্পিশালায় আগত হইবেন। ৬৯। তৎপরে আচার্য্য বৈষ্ণব দ্বিজাতি, বলবান্ সহায়-

আচার্য্যঃ প্রাঙ্মুখো ভূত্বা কুর্য্যাৎ কৌতুকবন্ধনম্। বৈষ্ণবে সিপিবিষ্টেতি গৌরসিদ্ধার্থকেন তু॥
ঊর্ণাময়েন সূত্রেণ নিম্বদূর্ব্বান্বিতেন চ। দুকূলবস্ত্রৈর্ব্বদ্ধা তু দক্ষিণে বধ্নীয়াৎ করে।
দেশিকস্যাপি কর্ত্তব্যং করে কৌতুকবন্ধনম্॥ ৭০॥
ততো বিকল্প্য দেবাস্ত্রং তণ্ডুলৈঃ পঞ্চরঙ্গকৈঃ।
তন্মধ্যে প্রতিমাং স্থাপ্য স্নাপ্য চৈব যথাবিধি॥ ৭১॥
বস্ত্রযুগ্মেন সংছাদ্য পূজ্য গন্ধাদিনা তু তাম্। চামরৈস্তালবৃন্তৈশ্চ বীজয়েন্মঙ্গলান্বিতাম্॥ ৭২॥
এরকায়াং নিবেশ্যাথ প্রতিমাং সংস্তবেত্ততঃ॥ ৭৩॥

তত্র স্তবঃ।

নমস্তেঽর্চ্চে সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা। প্রভাবিতাশেষজগদ্ধাত্রি তুভ্যং নমো নমঃ॥
ত্বয়ি সংপূজয়ামীশং নারায়ণমনাময়ম্। রহিতা শিল্পিদোষৈস্ত্বমৃদ্ধিযুক্তা সদা ভব।
এবং বিজ্ঞাপ্য প্রতিমাং নয়েত্তাং স্নানমণ্ডপম্॥ ইতি॥

অথ শিল্পিপরিতোষণম্।

ততঃ সপরিবারাংশ্চ শ্রীমূর্ত্ত্যাবিবিধায়িনঃ। শিল্পিনোঽর্চ্চ্য বিবিধৈর্দ্রব্যৈর্বাক্যৈশ্চ তোষয়েৎ॥
তথা চ ভবিষ্যে।—
ততো বিষ্ণুং সমানীয় সুধৌতং সুপরীক্ষিতম্। শিল্পিনঃ পূজয়েৎ পশ্চাৎ বস্ত্রালঙ্করণাদিভিঃ।
অন্যে চ পূজনীয়াশ্চ যে চাত্র পরিচারকাঃ॥
মাৎস্যে:—আনীয় লিঙ্গমর্চ্চাং বা শিল্পিনঃ পূজয়েদ্‌বুধঃ। বস্ত্রাভরণরত্নৈশ্চ যে চ তৎপরিচারিকাঃ।
ক্ষমধ্বমিতি তান্ ব্রূয়াৎ যজমানো হ্যতঃ পরম্॥ ৭৪॥

বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ॥ ৬৮॥ কারুঃ শিল্পী। কৌতুকং মঙ্গলসূত্রং॥ ৭০॥ দেবাস্ত্রং চক্রং। বিকল্প্য বিরচয্য॥ ৭১॥ মঙ্গলানি দধিদূর্ব্বাদীনি তৈরন্বিতাং, তানি নিবেদ্যেত্যর্থঃ। তথা চ মাৎস্যে।—মঙ্গলানি নিবেদ্যানীত্যাদি। তচ্চাগ্রে মাঙ্গল্যে লেখ্যং। মঙ্গলান্বিতমিতি ক্লীবৈকবচনান্তপাঠোঽপি। ততশ্চ ক্রিয়াবিশেষণম্, অর্থশ্চ স এব॥ ৭২॥ এরকা তৃণবিশেষঃ তন্ময়াস্তরণে শ্রীমূর্ত্তিং স্থাপয়িত্বা সম্যক্ স্তবেং স্তবীত॥ ৭৩॥

স্বরূপ মূর্ত্তিরক্ষক ও শিল্পিবর্গের সহিত সমবেত হইয়া বেদশব্দ এবং কাহল, শঙ্খ, ভেরী, মুরজ, বীণা, বেণু ও অন্যান্য যন্ত্রাদির মনোরম ধ্বনিসহকারে পূর্ব্বাভিমুখে মঙ্গলসূত্র বন্ধন করিবেন। বৈষ্ণব সম্বন্ধে দক্ষিণকরে "সিপিবিষ্টা" ইত্যাদি মন্ত্রে পট্টবসনে করিয়া সিদ্ধার্থ, ঊর্ণাময় সূত্র, নিম্ব, দূর্ব্বা এই সমস্ত বন্ধন করিয়া দেশিকের (আচার্য্যের) করেও ঐরূপ কৌতুক (মঙ্গলসূত্র) বন্ধন করিতে হয়। তৎপরে পঞ্চবর্ণ তণ্ডুল চূর্ণ দ্বারা সুদর্শন বিরচন পূর্ব্বক তাহার মধ্যে স্থাপন ও তালবৃন্ত দ্বারা মঙ্গলময়ী প্রতিমাকে ব্যজন করিতে হইবে। ৭১-৭২। অনন্তর-প্রতিমাকে এরকাখ্য তৃণোপরি স্থাপন পূর্ব্বক স্তুতিবাদ করিবে। ৭৩।

স্তুতি।—হে অর্চ্চে! হে দেবেশানি! বিশ্বকর্ম্মা তোমারে নির্ম্মাণ করিয়াছেন। তুমি স্বয়ং-জাত, নিখিল জগতের ধরিত্রী ও পোষণকারিণী, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। অনাময় ঈশ্বর

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

পূজয়িত্বা তু প্রতিমাং শিল্পিনং তোষয়েত্ততঃ। গন্ধপুষ্পাদিভির্বিপ্রং তোষয়েৎ কপটাদিভিঃ।
সর্ব্বহথ কর্ম্মিণস্তত্রাস্তস্মিন্ কালে পৃথক পৃথক।
ক্ষমাপয়ীত তান্ সর্ব্বা প্রিয়প্রশ্নেন সর্ব্বথা॥ ইতি॥ ৭৫॥

অথ স্নপনম্।

কুশাদ্যাস্তরণে ন্যস্য পীঠে বা স্নাপয়েত্ততঃ। দিব্যবাদ্যাদিনা পঞ্চকষায়সলিলাদিভিঃ॥৭৬॥

তথা চ ভবিষ্যে।—

স্নপনং তু ততঃ কার্য্যং দিব্যমঙ্গলনাদিতম্। যথাস্বরূপৈবিবিধৈর্বাদিত্রনিনদৈঃ শুভৈঃ।
কাষায়ৈঃ পঞ্চগব্যৈশ্চ তীর্থবল্মীকমৃজ্জলৈঃ॥

স্তুতিমেবাহ নমস্ত ইতি দ্বাভ্যাং। প্রকর্ষেণ ভাবিতস্য স্বয়মেবোৎপাদিতস্য অশেষজগতো ধাত্রি ধারণপোষণকর্ত্রি। যদ্বা। প্রভাবিতং প্রভাবযুক্তং কৃতমশেষং যয়া সা চাসৌ জগদ্ধাত্রী চ তৎসম্বোধনম্।

বাক্যৈশ্চ পশ্চাৎ বিবিধৈঃ ক্ষমধ্বমিত্যাদিরূপৈঃ॥ ৭৪॥ পূজয়িত্বেতি শিল্পিশালায়াং পূজানন্তরমেব শিল্পিতোষণমভিপ্রেতং॥ ৭৫॥

শান্তিতোয়ঘটং গৃহ্য সংপাতাহুতিজং তথা। তেন পাদৌ তু দেবস্য শিরঃ প্রক্ষাল্য যত্নতঃ॥
স্থিতঞ্চ স্থাপয়েত্তত্র সংপাতাহুতিবারিণা। পুনঃ প্রচ্ছাদয়েচ্চৈবং ধূপং দদ্যাৎ সগুগ্গুলুম্॥
নিবেদ্য চ হবিষ্যান্নং তথা মোদকসংযুতম্। ব্রাহ্মণান্ পূজয়েৎ পূর্ব্বং শেষানন্যাংশ্চ কামতঃ॥
রাত্রৌ মহোৎসবঃ কার্য্যঃ শঙ্খভের্য্যাদিনিস্বনৈঃ। গায়নৈর্নর্ত্তনৈশ্চৈব ব্রহ্মঘোষৈস্তথৈব চ॥
পুরতো বৈষ্ণবান্ ধর্ম্মান্ শ্রাবয়েদ্বাচকস্তথা। ত্রিরাত্রমেকরাত্রং বা কুর্য্যাত্তত্রাধিবাসনম্॥

অগ্নিভূতমিতি মন্ত্রেণ দক্ষিণে কুণ্ডে অগ্নিং প্রণয়েৎ। অগ্নিময়ীতি মন্ত্রেণ। অগ্নিং অগ্নিং তু ধীমহীতি মন্ত্রেণ। প্রতিলোমং শিরআদি ক্রমেণেত্যর্থঃ। তদেবাভিব্যঞ্জয়ন্ তত্র তত্র হোমসংখ্যামাহ শতমিতি দ্বাভ্যাং॥ ১২৫॥

ইত্যাদি মন্ত্রে পূর্ব্বকুণ্ডে; "অগ্নিমগ্নিং ধীমহি" মন্ত্রে উত্তরকুণ্ডে এবং "ত্বমগ্নে ভূ" ইত্যাদি মন্ত্রে পশ্চিমকুণ্ডে অগ্নিসংস্কার করিবে। তদনন্তর প্রত্যেক কুণ্ডে মহাগ্নিতে ঘৃতাক্ত পলাশসমিধ দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিতে হইবে। ১২৪। তৎপরে বেদাদি মন্ত্রে প্রত্যেক কুণ্ডে ব্রীহি দ্বারা হোম করিতে হয়। তদনন্তর মূর্ত্তিরক্ষকেরা প্রতি কুণ্ডে ব্যাহৃতি উচ্চারণ পূর্ব্বক ঘৃতান্বিত তিল দ্বারা সহস্র হোম করিবেন। হে সুরোত্তম! তৎপরে স্বাহান্ত মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিধানে প্রত্যেক কুণ্ডে ঘৃতাক্ত অক্ষত দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিতে হয়। ঘৃতহোম কথিত হইল, এক্ষণে শান্তি-হোম শ্রবণ কর। সাধক দ্বাদশাক্ষর মন্ত্রে মধুরত্রয় দ্বারা হোম করিয়া যথাক্রমে শ্রীহরির পদদ্বয়, নাভি, হৃদয় ও শিরঃপ্রদেশে ঘৃত, দধি, দুগ্ধ ও মধু স্পর্শ করাইবেন। পরে বিলোমভাবে অর্থাৎ শিরঃপ্রদেশ হইতে পদদ্বয় পর্য্যন্ত স্পর্শ করিয়া পুনরায় তিনবার মধুরত্রয়-হোম করিবেন। অনন্তর অষ্টোত্তরশত হোম করিয়া বিষ্ণুর মস্তক স্পর্শ করিতে হয়। পুনর্ব্বার পঞ্চাশৎ হোম করত হরির হৃদয়, অষ্টাবিংশতি হোম করিয়া নাভিদেশ এবং অষ্টসংখ্য হোম করণান্তে পদ ও অঙ্গুষ্ঠ স্পর্শ করিবেন। ১২৫।

মাৎস্যে।—

ততঃ শান্তিঘটং কুর্য্যাৎ প্রতিকুণ্ডেষু সর্ব্বতঃ। শতান্তে বা সহস্রান্তে স্রুক্‌পূর্ণাহুতিরিষ্যতে॥
সমাপ্যাহুতিমূর্দ্ধস্থঃ প্রশান্তাত্মা বিনিক্ষিপেৎ। আহুতীনাং তু সংপাতং পূর্ণকুম্ভেষু বিন্যসেৎ॥
মূলমধ্যোত্তমাঙ্গেষু দেবং তেনাবসেচয়েৎ। স্থিতঞ্চ স্থাপয়েত্তেন সংপাতাহুতিবারিণা॥ ১২৬॥
প্রতিযামেষু ধূপং চ নৈবেদ্যং চন্দনোদকম্। পুনঃ পুনঃ প্রকুর্ব্বীত হোমঃ কার্য্যঃ পুনঃ পুনঃ॥
পুনঃ পুনশ্চ দাতব্যা যজমানেন দক্ষিণা। সিতবস্ত্রৈশ্চ তে সর্ব্বে পূজনীয়াঃ সমন্ততঃ॥
বিচিত্রহোমকটকৈর্হেমসূত্রাঙ্গুরীয়কৈঃ। বাসোভিঃ শয়নীয়ৈশ্চ প্রতিযামেষু শক্তিতঃ॥
ভোজনং চাপি দাতব্যং যাবৎ স্যাদধিবাসনম্। ত্রিসন্ধ্যং বলয়ো দেয়া ভূতেভ্যঃ সর্ব্বতো দিশম্॥
ব্রাহ্মণান্ ভোজয়েৎ পূর্ব্বং শেষান্ বর্ণাংস্তু কামতঃ।
রাত্রৌ মহোৎসবঃ কার্য্যো নৃত্যগীতকমঙ্গলৈঃ॥১২৭॥

সম্পাতাহুতের্যৎ পাথো জলং তেন। তৎসাধনপ্রকারশ্চাগ্রে মাৎস্যবচনতো ব্যক্তো ভাবী। সংপাতাহুতিজলং চ শান্তিঘটে দেবস্য স্থাপনান্তরং স্নানার্থং কিঞ্চিদবশিষ্টং কার্য্যমিতি তস্যান্তে স্থাপয়েত্তেন সংপাতাহুতিবারিণেতি স্থাপনানন্তরং অগ্রে লেখ্যভবিষ্যানুসারেণ জ্ঞেয়ং॥ ১২৬॥

ঋত্বিগ্‌ভ্যো দক্ষিণা দাতব্যা। তে চাচার্য্যাদয়ঃ সর্ব্বে পুনঃ পূজনীয়াঃ। ইত্যেবং প্রতিযামং

অতঃপর শান্তিঘটোদকস্নপনাদি কথিত হইতেছে।—শান্তিঘটস্থিত সম্পাতাহুতির জল দ্বারা প্রভুকে স্নান করাইয়া বসনাদি প্রদান পূর্ব্বক অধিবাস সমাপন করিতে হয়। ভবিষ্যপুরাণে লিখিত আছে, সম্পাতাহুতিজনিত জল দ্বারা সেই স্থিতিস্থানকে প্রোক্ষিত করত তথায় স্থাপন করিবে। পরে পুনর্ব্বার আচ্ছাদিত করত সগুগ্‌গুলু ধূপ ও মোদকসমন্বিত হবিষ্যান্ন দিয়া প্রথমতঃ দ্বিজাতিগণের অর্চ্চনা ও তদনন্তর অন্যান্যসকলকেও ইচ্ছানুসারে অর্চ্চনা করিবেন। অনন্তর শঙ্খ ভেরী ইত্যাদির শব্দ, সংগীত, নৃত্য ও বেদশব্দ সহকারে নিশাভাগে মহোৎসব সাধন করিবেন এবং বক্তা প্রথমতঃ সকলকে বৈষ্ণবধর্ম্ম শ্রবণ করাইবেন। এই প্রকারে ত্রিরাত্র বা একরাত্র অধিবাসন করিতে হয়। মৎস্যপুরাণে লিখিত আছে, তৎপরে প্রতি কুণ্ডের নিকট শান্তিকুম্ভ স্থাপন পূর্ব্বক শত বা সহস্রসংখ্য হোম করত স্রুক্‌পূর্ণা আহুতি দিবে। এইরূপে হোম-শেষে দণ্ডায়মান হইয়া প্রশান্তচিত্তে আহুতি প্রদান করিবে। আহুতিপাত পূর্ণকুম্ভেই নিক্ষেপ করা কর্ত্তব্য। সেই জল দ্বারা প্রভুর পদ, মধ্যভাগ ও মস্তক অভিষিক্ত করিতে হয় এবং ঐ সম্পাতোদক দ্বারা স্থিতকে স্থাপন করিবে। ১২৬। প্রতি যামেই পুনঃ পুনঃ ধূপ, নৈবেদ্য ও চন্দনোদকদান, পুনঃ পুনঃ হোম, পুনঃ পুনঃ ঋত্বিক্‌বর্গকে দক্ষিণা দান ও সর্ব্বথা শুক্লাম্বর দ্বারা তাঁহাদের অর্চ্চনা করা কর্ত্তব্য। প্রত্যেক প্রহরেই আচার্য্যদিগকে শক্ত্যনুসারে হেমকটক (স্বর্ণ-বলয়), স্বর্ণসূত্র, স্বর্ণাঙ্গুরীয়, বসন ও শয্যা প্রভৃতি দ্বারা পুনঃ পুনঃ অর্চ্চনা করিবে এবং অধি-বাসন যাবৎ ভোজনও অর্পণ করিতে হয়। ত্রিসন্ধ্যা সমস্তাৎ ভূতগণের উদ্দেশে বলি দিতে হয়। তদনন্তর প্রথমতঃ দ্বিজাতিবর্গকে আহার করাইয়া স্বেচ্ছানুসারে অপরাপর জাতিকেও আহারীয় প্রদান করিবে। পরে নৃত্য, গীত ও মঙ্গলশব্দ সহকারে যামিনীযোগে মহোৎসব

ত্রিরাত্রমেকরাত্রং বা পঞ্চরাত্রমথাপি বা। সপ্তরাত্রমথো কুর্য্যাৎ কচিৎ সদ্যোঽধিবাসনম্ ॥ ১২৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

যাগমণ্ডপমাসাদ্য দক্ষিণদ্বারগোচরে। উত্তরাভিমুখাঃ স্থাপ্যাশ্চতস্রো ধেনবোঽনঘ ॥

গঙ্গেতি প্রথমা খ্যাতা দ্বিতীয়া যমুনেতি চ। গোদাবরী তৃতীয়া চ চতুর্থী তু সরস্বতী ॥

দোহনং বিষ্ণুগায়ত্র্যা কৃত্বা পশ্চাৎ চরুং শ্রপেৎ। গায়ত্র্যা হোময়েচ্চৈব গায়ত্র্যৈব বলিং হরেৎ।

ভোজয়েদ্ব্রাহ্মণং চৈব মণ্ডপাদুত্তরে দ্বিজ। পায়সেনাজ্যযুক্তেন শর্করামিশ্রিতেন চ ॥

মাসাধিপানাং তুষ্ট্যর্থং দদ্যাৎ কনকদক্ষিণাম্। গাশ্চ তাংস্তান্ সমুদ্দিশ্য একৈকায় নিবেদয়েৎ ॥

দেবাসুরাদীনুদ্দিশ্য কুর্য্যাদ্বলিনিবেদনম্। অধিবাস্যৈব দেবেশং কুর্য্যাজ্জাগরমাদরাৎ ॥

মঙ্গলৈর্ব্রহ্মঘোষৈশ্চ জয়শব্দরবৈস্তথা। পুণ্যাহশব্দৈর্বিপুলৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ ॥

শঙ্খঘোষেণ মহতা বীণাবেণুরবেণ চ কোলাহলৈশ্চ ভের্য্যাদ্যৈঃ কুর্য্যাজ্জাগরণং হরেঃ ॥

ইত্যধিবাসনম্।

অথ অধিবাসনমাহাত্ম্যম্।

তত্রৈব।—যস্ত্বেবং বিধিনা ভক্ত্যা কুর্য্যাদ্দেবাধিবাসনম্।

স সর্ব্বতীর্থযজ্ঞানাং দানানাং তপসাং তথা ॥

ফলং শতগুণং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে। আভূতসংপ্লবং যাবদ্দেববত্তত্র মোদতে ॥ ১২৯ ॥

যথোক্তং হোমাদিদেবপূজান্তো বিধিরাবর্ত্তনীয় ইত্যর্থঃ ॥ ১২৭ ॥ কচিৎ সদ্যোঽধিবাসনমিতি চলমূর্ত্ত্যভিপ্রায়েণ দেশকালাদ্যপেক্ষয়া ॥ ১২৮ ॥

হয়শীর্ষদেবেন চ শান্তিঘটতোয়স্নপনাদিকং হোমপ্রসঙ্গত এব নির্দ্দিষ্টং। অধিবাসনশেষকৃত্যমন্যচ্চ কেচিদাহুর্যাগেত্যাদিনা। অন্যৎ স্পষ্টার্থমেব ॥ ১২৯ ॥

সম্পাদন করিতে হয়।১২৭। তিন রাত্রি, এক রাত্রি, পঞ্চ রাত্রি, সপ্ত রাত্রি কখন বা সদ্যও অধিবাসন কর্ত্তব্য। ১২৮। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে অনঘ! যাগমণ্ডপে গমন পূর্ব্বক মণ্ডপের দক্ষিণদ্বারে উত্তরাভিমুখী করিয়া চারিটী ধেনু স্থাপন করিবে। ঐ ধেনুচতুষ্টয় যথাক্রমে গঙ্গা, যমুনা, গোদাবরী ও সরস্বতী নামে অভিহিতা। বিষ্ণুগায়ত্রী পাঠ পূর্ব্বক ধেনুচতুষ্টয়কে দোহন করত সেই দুগ্ধ দ্বারা চরু পাক করিতে হইবে। তদনন্তর গায়ত্রী পাঠ পূর্ব্বক বলি আহরণ করিবে। হে বিপ্র! পরে মণ্ডপের উত্তরাংশে দ্বিজাতিগণকে ঘৃত-শর্করান্বিত পায়স সেবন করাইতে হয়। মাসাধিপতিগণের প্রীত্যর্থ তাঁহাদের উদ্দেশে এক একটী ধেনু ও স্বর্ণ দক্ষিণা দিয়া দেবগণ ও অসুরগণের উদ্দেশে বলি নিবেদন করিবে। এইপ্রকারে দেবদেবের অধিবাসন সম্পাদন পূর্ব্বক মঙ্গলশব্দ, বেদশব্দ, জয়শব্দ, পুণ্যাহশব্দ, অত্যুচ্চ গীতবাদ্যধ্বনি, মহাশঙ্খনাদ, বীণাবেণুধ্বনি ও ভেরী প্রভৃতির কোলাহল শব্দ সহকারে হরির উদ্দেশে জাগরণ করিবে।

অতঃপর অধিবাসন-মাহাত্ম্য বর্ণিত হইতেছে।—উক্ত গ্রন্থেই লিখিত আছে, এইরূপ বিধানে ভক্তিসহকারে দেবদেবের অধিবাসন করিলে নিখিল তীর্থ, যজ্ঞ, দান ও তপস্যা

অথ প্রাসাদাদের্গর্ত্তনির্ম্মাণাদিঃ।

প্রাতঃ প্রাসাদগর্ত্তং তু পুষ্পাদ্ভিঃ প্রোক্ষ্য সর্ব্বতঃ।
নিশ্চিত্য মধ্যমৈশান্যাং গর্ত্তং কৃত্বার্পয়েচ্ছিলাম্।। ১৩০ ॥

তথা চ ভবিষ্যে।—

অধিবাস্য ততো বিষ্ণুং শ্বভ্রং কুর্য্যাৎ সমাহিতঃ। প্রাসাদস্যানুরূপেণ প্রতিমায়াশ্চ ভারত ॥
প্রাসাদং প্রোক্ষ্য সর্ব্বত্র মন্ত্রপূতেন বারিণা। পাতয়েৎ পক্ষসূত্রাণি দ্বারসূত্রং তথৈব চ ॥ ১৩১॥
ততো মধ্যং সমং গৃহ্য কর্ত্তব্যং স্থিরমাদরাৎ। কুর্য্যাৎ শ্বভ্রপ্রমাণেন কৃষ্ণস্যাদ্ভুতকর্ম্মণঃ।
শ্বভ্রাধস্তাৎ ন্যসেৎ পূর্ব্বং শিলাং ব্রহ্মাত্মিকাং শুভাম্ ॥

মাৎস্যে।—

কৃত্বাধিবাসং দেবানাং শ্বভ্রং কুর্য্যাৎ সমাহিতঃ। প্রাসাদার্চ্চানুরূপেণ মানাল্লিঙ্গস্য বা পুনঃ ॥
পুষ্পোদকেন প্রাসাদং প্রোক্ষ্য মন্ত্রপূতেন তু। পাতয়েৎ পক্ষসূত্রাণি দ্বারসূত্রং তথৈব চ ॥
আশ্রয়েৎ কিঞ্চিদৈশানীং মধ্যং কৃত্বা দিশং বুধঃ। ঐশানীমাশ্রিতং দেবং পূজয়ন্তি দিবৌকসঃ ॥
আয়ুরারোগ্যফলদমথোত্তরমাশ্রিতম্। শুভং স্যাদশুভং প্রোক্তমন্যথা স্থাপনং বুধৈঃ।
অধঃ কূর্ম্মশিলা প্রোক্তা সদা ব্রহ্মশিলাধিকা ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

অধিবাস্য বিধানেন দেবদেবং হরিং প্রভুম্। পিণ্ডিকাস্থাপনার্থায় গর্ত্তাগারং বিশেদ্ গুরুঃ ॥
যাদৃশং গর্ভগেহং তু কৃতং সুরগণার্চ্চিতম্। সংবিভজ্য প্রকুর্ব্বীত সপ্তভাগং বিচক্ষণঃ ॥
পুনশ্চ সপ্তধা কৃত্বা স্থানভাগং প্রকল্পয়েৎ। ব্রহ্মভাগং ভবেন্মধ্যং দৈবং স্যাত্তদনন্তরম্ ॥
তৃতীয়ং মানুষং ভাগং পৈশাচং তু চতুর্থকম্। দ্বিভুজং ধ্যানযোগস্থং নিবিষ্টং স্থিতমেব চ।

গর্ত্তস্যাধঃ ব্রহ্মশিলাং ন্যসেৎ ॥১৩০। মন্ত্রেণ ওঁ সরস্বত্যৈ ভৈষজ্যেন ত্বেতি মন্ত্রেণ পূতং যত্নেন।

অপেক্ষাও শতগুণ ফল লাভ করা যায় এবং হরিধামে পূজিত হইতে পারে। সেই ব্যক্তি আপ্রলয় দেববৎ হরিধামে সুখে অবস্থিতি করে। ১২৯।

অনন্তর প্রাসাদাদির গর্ত্তনির্ম্মাণাদি বিবৃত হইতেছে:—প্রভাতে প্রসাদাভ্যন্তর সর্ব্বথা পুষ্পজল দ্বারা সেচন করত মধ্যস্থল নির্ণয় করিয়া তাহার ঈশানদিগ্‌ভাগে গর্ত্ত করিবে। সেই গর্ত্তে শিলা বিন্যাস করিতে হয়। ১৩০। ভবিষ্যপুরাণে লিখিত আছে, হে ভারত! হরির অধিবাসন সমাপন পূর্ব্বক সমাহিত হইয়া প্রাসাদ বা প্রতিমার অনুরূপ গর্ত্ত প্রস্তুত করিতে হয়। পরে মন্ত্রপূত উদক দ্বারা প্রাসাদের সর্ব্বস্থান প্রোক্ষণ পূর্ব্বক পার্শ্বসূত্র ও দ্বারসূত্র পাত করিতে হয়। ১৩১। তদনন্তর সাদরে সমভাগে মধ্যসূত্র স্থির করিবে। অদ্ভুত-কর্ম্মা হরির উদ্দেশে গর্ত্তপ্রমাণে উহা করিতে হয়। গর্ত্তের নিম্নভাগে পূর্ব্বদিকে শুভকরী ব্রহ্মাত্মিকা শিলা স্থাপন করিবে। মৎস্যপুরাণে লিখিত আছে, দেবতাগণের অধিবাসান্তে সাবধানে প্রাসাদ বা প্রতিমা বা লিঙ্গের অনুরূপ গর্ত্ত নির্ম্মাণ করিতে হয়। তদনন্তর মন্ত্রপূত কুসুমজলে প্রাসাদ সেচন পূর্ব্বক পার্শ্বসূত্র ও দ্বারসূত্র পাত করিবে। কিঞ্চিৎ ঈশানদিক্

চতুর্ভুজং বা ব্রাহ্মে তু ভাগে সংস্থাপয়েদ্ধরিম্। ব্রাহ্মভাগং পরিত্যজ্য কিঞ্চিদাশ্রিত্য বা দ্বিজঃ॥
সদৈব স্থাপয়েদ্দেবং দেবমানুষ্যভাগয়োঃ। দৈবমানুষভাগাভ্যাং শয়নং পরিকল্পয়েৎ।
দারবীং মৃন্ময়ীং মূর্ত্তিং দেবস্থানে নিবেশয়েৎ। মানুষং কিঞ্চিদাশ্রিত্য আসীনং স্থাপয়েদ্ধরিম্॥
নরসিংহং বরাহঞ্চ দেবভাগে নিযোজয়েৎ। বিঘ্নেশমম্বিকাং দেবীং মাতৃভূতগণং তথা॥
আদিত্যাদীন্ হরেরঙ্গানেবমাদীংস্তথা পরান্। পৈশাচে স্থাপয়েৎ স্থানে নাত্র কার্য্যা বিচারণা॥
স্বস্থানবর্জ্জিতাঃ সর্ব্বে ভয়দুঃখময়প্রদাঃ। তস্মাৎ সর্ব্বেণ যত্নেন স্বস্থানে বিনিবেশয়েৎ॥ ১৩২॥

অথ পিণ্ডিকাশোধনম্।

শ্রীমূর্ত্ত্যা সহ পিণ্ডীং চ স্থাপয়িত্বাভিপূজ্য চ। রথেন মণ্ডপং নীত্বা সংস্থাপ্য পুনরর্চ্চয়েৎ॥
মাৎস্যে। ততঃ প্রক্ষালিতাং কৃত্বা পঞ্চগব্যেন পিণ্ডিকাম্। কষায়তোয়েন পুনর্মন্ত্রযুক্তেন সর্ব্বতঃ॥
দেবভার্য্যাশ্রয়ং মন্ত্রং পিণ্ডিকাসু নিযোজয়েৎ॥
হয়শীর্ষে।— শ্রিয়ঃ সূক্তেনার্চ্চয়ীত প্রত্যাচং পিণ্ডিকামপি॥ ১৩৩॥

পক্ষসূত্রাণি পার্শ্বসূত্রাণি॥ ১৩১॥ শুভমপি স্থাপনমন্যথা উক্তপ্রকারব্যতিরেকেণাশুভং স্যাদিতি বুধৈঃ প্রোক্তং॥ ১৩২॥

পূর্ব্বং সাক্ষাদলিখিতং পিণ্ডিকাস্থাপনাদিকং পিণ্ডিকাশোধনপ্রসঙ্গেঽত্র লিখতি শ্রীমূর্ত্ত্যা সহেতি। রথেন শ্রীমূর্ত্ত্যধিরোহিতযানেন; অসম্ভবে অন্যেন বা॥ ১৩৩॥

অবলম্বন পূর্ব্বক মধ্যসূত্রপাত করাই সুধীব্যক্তির কর্ত্তব্য। দেবগণ ঈশানদিকে অধিষ্ঠিত হইলে আয়ুঃ ও আরোগ্যপ্রদ হন। সুধীগণের উক্তি আছে যে, দেবতাকে অন্যদিকে স্থাপন করিলে শুভও অশুভ হয়। কূর্ম্মশিলা অধোদিকে স্থাপিতা হইলে উহা ব্রহ্মশিলা অপেক্ষাও শ্রেষ্ঠা বলিয়া কথিত হয়। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, গুরুদেব বিধানে দেবদেব হরির অধিবাস পূর্ব্বক পিণ্ডিকাস্থাপনার্থ গর্ভাগারে প্রবিষ্ট হইবেন। দেবগণার্চ্চিত গর্ভগৃহ যেরূপ হইয়াছে, বিচক্ষণ গুরুদেব তাহাকে সপ্তধা বিভাগ করিয়া পুনরায় তাহাকে সপ্ত অংশ করত স্থানভাগ কল্পনা করিবেন। মধ্যস্থলে ব্রহ্মভাগ ও তৎপরে দৈবভাগ হইবে, তদনন্তর তৃতীয় মনুষ্যভাগ ও পৈশাচভাগ চতুর্থ জানিবে। ধ্যানমগ্ন, নিবিষ্ট, সম্যক্ বিধানে সংস্থিত, দ্বিভুজ বা চতুর্ভুজ হরিকে ব্রহ্মভাগে স্থাপন করিতে হয়। অথবা ব্রহ্মভাগ বিসর্জ্জন পূর্ব্বক উহার কিয়দংশমাত্র আশ্রয় করত দেব ও মনুষ্যভাগে প্রভুকে স্থাপন করা কর্ত্তব্য। দেব ও মনুষ্যভাগেই শয্যা কল্পনা করিতে হয়। দেবভাগে কাষ্ঠময়ী ও মৃন্ময়ী মূর্ত্তি স্থাপিত করিবে। মানুষভাগের কিয়দংশ আশ্রয় পূর্ব্বক উপবিষ্ট হরিমূর্ত্তি স্থাপন কর্ত্তব্য। দেবভাগে নৃসিংহ ও বরাহমূর্ত্তি নিবেশিত করিবে। তদনন্তর বিঘ্ননাশক, অম্বিকা, মাতৃগণ, ভূতগণ ও আদিত্য প্রভৃতি হরির অঙ্গদেবগণকে ও অন্যান্য সকলকে পৈশাচভাগে স্থাপন করিবে, ইহাতে কোনরূপ বিচারণা করিবে না। যে সমস্ত মূর্ত্তির বিষয় কথিত হইল ইহাঁরা স্বস্থানবর্জ্জিত হইলে (যথাযথ স্থানে স্থাপিত না হইলে) ভয়, দুঃখ ও রোগপ্রদ হইয়া থাকেন; সুতরাং স্বস্থলে ইহাদিগের স্থাপন করাই কর্ত্তব্য। ১৩২।

অথ প্রাসাদে শ্রীমূর্ত্তিবিজয়ঃ।

প্রাগ্বৎ শ্রীমূর্ত্তিমুত্থাপ্য যানে চারোপ্য মণ্ডপাৎ।
প্রাদক্ষিণ্যেন সানন্দং নয়েৎ প্রাসাদমণ্ডপম্ ॥ ১৩৪ ॥

তথা চ মাৎস্যে।—

তত উত্থাপ্য দেবেশং উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে। আনীয় গর্ভভবনং পীঠান্তে স্থাপয়েদ্বুধঃ ॥

ভবিষ্যে।—

ততশ্চোত্থাপয়েদ্দেবং মন্ত্রেণানেন ভূমিপ। উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ব্রহ্মঘোষৈস্তু পুষ্কলৈঃ ॥
পুণ্যাহজয়ঘোষৈশ্চ শঙ্খভের্য্যাদিনিস্বনৈঃ। রথং চালঙ্কৃতং কৃত্বা তস্মিংশ্চারোপয়েচ্ছনৈঃ ॥
রথে তিষ্ঠেতি মন্ত্রেণ রথস্থং কারয়েদ্ধরিম্। গ্রামং বা নগরং বাপি শনৈঃ কুর্য্যাৎ প্রদক্ষিণম্ ॥
পুষ্পৈর্গন্ধৈস্তথান্নাদ্যৈঃ শকটং পূরয়েচ্ছুভৈঃ। শঙ্খভেরীনিনাদৈশ্চ পতাকাভির্ধ্বজৈস্তথা ॥
চামরৈশ্চ বিতানৈশ্চ কলসৈঃ পদ্মশোভিতৈঃ। দীপদর্পণসংযুক্তৈর্গীতমঙ্গলনাদিতৈঃ।
বলিং প্রক্ষিপ্যমাণস্তু শনৈর্গচ্ছেৎ প্রদক্ষিণম্ ॥ ১৩৫ ॥

প্রাদক্ষিণ্যেন নগরস্য গ্রামাদের্বা প্রদক্ষিণক্রমেণ। সানন্দং গীতবাদ্যাদিমহোৎসবেনেত্যর্থঃ প্রাসাদে তদগ্রতো যন্মণ্ডপং তৎ ॥ ১৩৪ ॥ শকটং তদ্রথমেব ॥ ১৩৫ ॥

অতঃপর পিণ্ডিকাশোধনম্।—পিণ্ডিকাকে শ্রীমূর্ত্তির সহিত স্থাপন ও অর্চ্চনা করিয়া রথে আরোপণ পূর্ব্বক মণ্ডপে লইয়া যাইবে এবং তথায় স্থাপন করত পুনরায় পূজা করিবে। মৎস্য-পুরাণে লিখিত আছে, তৎপরে পঞ্চগব্য দ্বারা পিণ্ডিকা ধৌত করত পুনরায় সর্ব্বথা মন্ত্রপূত কষায়োদক দ্বারা প্রক্ষালন করিয়া ঐ পিণ্ডিকাতে দেবভার্য্যাশ্রয় মন্ত্র প্রয়োগ করিবে। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, প্রতি ঋক্‌কে ও পিণ্ডিকাকে শ্রীসূক্ত দ্বারা পূজা করিতে হয়। ১৩৩।

অনন্তর প্রাসাদে শ্রীমূর্ত্তির বিজয় (যাত্রা) কথিত হইতেছে।—পূর্ব্ববৎ মণ্ডপ হইতে শ্রীমূর্ত্তিকে রথে আরোপিত করত গীতবাদ্য প্রভৃতি মহোৎসব সহকারে নগর অথবা গ্রাম প্রদক্ষিণ করিয়া প্রাসাদের সম্মুখস্থ মণ্ডপে লইয়া যাইবে। ১৩৪। মৎস্যপুরাণে লিখিত আছে, সুধী ব্যক্তি "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্রে প্রভুকে উত্থাপন করত মন্দিরাভ্যন্তরে আনয়ন পূর্ব্বক পীঠান্তে সংস্থাপন করিবে। ভবিষ্যপুরাণে লিখিত আছে, হে নৃপ! তৎপরে "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্রে প্রভুকে উত্থাপিত করিতে হয়। তদনন্তর পবিত্র বেদশব্দ, পুণ্যাহ, জয়নাদ ও শঙ্খ ভেরী প্রভৃতির শব্দ সহকারে রথ সুশোভিত করিয়া তাহাতে শনৈঃ শনৈঃ আরোপণ করত "রথে তিষ্ঠ" এই মন্ত্রে হরিকে রথারূঢ় করাইবে। পরে শনৈঃ শনৈঃ গ্রাম বা নগর প্রদক্ষিণ করিতে হয়। তৎপরে কুসুম, গন্ধ ও বিশুদ্ধ অন্নাদি দ্বারা রথ পূরিত করিয়া শঙ্খ-ভেরী-শব্দ, পতাকাধ্বজারোপণ, চামর, বিতান, কমল-শোভিত কুম্ভ, দীপ, দর্পণ, গীত ও মঙ্গল শব্দ সহকারে বলি দিয়া শনৈঃ শনৈঃ প্রদক্ষিণ পূর্ব্বক গমন করিবে। ১৩৫।

অথ রত্নাদিন্যাসঃ।

অর্ঘ্যপাদ্যাদিকং দত্ত্বা তত্র বিশ্রম্য চ ক্ষণম্।
তস্যাং ব্রহ্মশিলায়াং তু ন্যসেদ্রত্নাদি মন্ত্রতঃ॥ ১৩৬॥

ভবিষ্যে।—

আনীয় মণ্ডপে পশ্চাদর্ঘ্যং পাদ্যং চ দাপয়েৎ। তস্মিন্ মুহূর্ত্তে বিশ্রম্য রত্নন্যাসং তু কারয়েৎ॥
সর্ব্ববীজানি ধাতুংশ্চ রত্নান্যোষধয়স্তথা। কাঞ্চনং পদ্মরাগঞ্চ পারদেন সমন্বিতম্॥
পদ্মঃ কূর্ম্মশ্চ পৃথিবী গরুড়শ্চানুপূর্ব্বশঃ। ব্রহ্মস্থানে তু দাতব্যা মন্ত্রপূতা যথাবিধি॥ ১৩৭॥

বীজং গাঢ়ং ন কুর্ব্বীত সমূলাংস্তান্ প্রপাতয়েৎ।
বীজে গাঢ়ে মহাদোষো ব্যাধিদোষভয়ং ভবেৎ।
বীজকানামলাভে তু স্বর্ণং সর্ব্বত্র বিন্যসেৎ॥ ১৩৮॥

মাৎস্যে।—

অর্ঘ্যপাদ্যাদিকং তত্র মধুপর্কং প্রযোজয়েৎ। ততো মুহূর্ত্তং বিশ্রম্য রত্নন্যাসং সমাচরেৎ॥১৩৯॥
বজ্রং মৌক্তিকবৈদূর্য্যং শঙ্খঃ স্ফটিকমেব চ। পুষ্পরাগেন্দ্রনীলঞ্চ নীলং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ॥১৪০॥

তত্রমণ্ডপে ক্ষণং বিশ্রম্য। তস্যাং গর্ত্তাধো ন্যস্তায়াং। মন্ত্রতঃ তত্তন্মন্ত্রৈঃ। রত্নন্যাস-বিধিক্রমশ্চ মৎস্যপুরাণাদিবচনতোঽগ্রে ব্যক্তিং যাস্যত্যেব॥ ১৩৬॥ পদ্মাদয়শ্চ স্বর্ণনির্ম্মিতাঃ অগ্রে লেখ্য-শ্রীহয়শীর্ষোক্ত্যা জ্ঞেয়াঃ॥ ১৩৭॥ বীজং গাঢ়ং দৃঢ়ং কঠিনমিত্যর্থঃ। জাতা-বেকত্বং॥ ১৩৮॥ তত্র গর্ভভবনে প্রযোজয়েৎ সমর্পয়েৎ॥ ১৩৯॥ বজ্রাদ্যষ্টকং অষ্টদিক্ষু পূর্ব্ব-দিশমারভ্য ক্রমেণ অগ্রে লেখ্যতত্তন্মন্ত্রৈর্ব্বিন্যসেৎ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। তত্র প্রয়োগঃ—ইন্দ্রস্ত্ব মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্। দম্ভোলিহস্তঃ সত্ত্বাঢ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ। ওঁ ইন্দ্রায় নমঃ ইত্যাদি। পঞ্চরাত্রানুসারেণ চাগ্রে লেখ্যতন্ত্রোক্তমন্ত্রৈরেব। তত্র বজ্রং হীরকং॥১৪০॥

অনন্তর রত্নাদি ন্যাস।—অর্ঘ্য, পাদ্য প্রভৃতি দিয়া কিয়ৎকাল মণ্ডপে বিশ্রাম পূর্ব্বক পূর্ব্বোক্ত ব্রহ্মশিলায় তত্তন্মন্ত্র দ্বারা রত্নাদি স্থাপন করিবে। ১৩৬। ভবিষ্যপুরাণে লিখিত আছে, মণ্ডপে আনয়ন পূর্ব্বক তৎপরে অর্ঘ্য ও পাদ্য দিবে এবং মুহূর্ত্ত বিশ্রামান্তে রত্ন স্থাপন করিবে। সর্ব্ব বীজ, ধাতু, রত্ন, ওষধি, স্বর্ণ, পারদ, পদ্মরাগ, স্বর্ণময় পদ্ম, কূর্ম্ম, পৃথিবী ও গরুড় যথাবিধানে এই সকল মন্ত্রপূত করিয়া ব্রাহ্মভাগে প্রদান করিবে। ১৩৭। বীজ কঠিন করিবে না, উহা সমূল প্রদান করিবে। বীজ কঠিন হইলে মহাদোষ ও ব্যাধি-ভয় উৎপন্ন হয়। বীজের অভাবে সর্ব্বত্র স্বর্ণ প্রদানই প্রশস্ত। ১৩৮। মৎস্যপুরাণে লিখিত আছে উক্ত স্থানে অর্ঘ্য, পাদ্য প্রভৃতি দিয়া মধুপর্ক প্রদান করিতে হয়। তদনন্তর এক মুহূর্ত্ত বিশ্রাম পূর্ব্বক রত্ন স্থাপন করিবে। ১৩৯। পূর্ব্বাদি অষ্ট দিকে যথাক্রমে বজ্র, মুক্তা, বৈদূর্য্য, শঙ্খ, স্ফটিক, পুষ্পরাগ, ইন্দ্রনীল ও নীল এই আটটি স্থাপন করিতে হয়। ১৪০। তদনন্তর পূর্ব্বাদিক্রমে হরিতাল, মনঃশিলা, বজ্রাভ্র, শ্যামাঞ্জন (সৌবীরাঞ্জন), সৌরাষ্ট্রদেশজ মৃত্তিকা, সীসক, স্বর্ণমাক্ষিক, গৈরিক, গোধূম, যব, তিল, মুগ, নীবার, শ্যামাক, সর্ষপ ও ধান্য এই সকল স্থাপন করিবে। তৎপরে প্রণব উচ্চারণ

তালকঞ্চ শিলাবজ্রমঞ্জনং শ্যামমেব চ। কাঙ্ক্ষীং কাশীনমাক্ষিকং গৈরিকঞ্চাদিতঃ ক্রমাৎ।
গোধূমং চ যবং তদ্বত্তিলমুদ্গাং তথৈব চ॥ ১৪১॥
নীবারমথ শ্যামাকং সর্ষপং ব্রীহিমেব চ। ন্যসেৎ ক্রমেণ পূর্ব্বাদৌ চন্দনং রক্তচন্দনম্॥
অগুরুং চাঞ্জনং চৈব উশীরঞ্চ ততঃ পরম্। বৈষ্ণবীং সহদেবীং চ লক্ষণাং চ ততঃপরম্।
স্বলোকপালনাম্না তু ন্যসেদোঙ্কারপূর্ব্বকম্॥ ১৪২॥
সর্ব্ববীজানি ধাতূংশ্চ রত্নান্যোষধয়স্তথা। ব্রহ্মস্থানে তু দাতব্যাঃ সংহতাঃ স্যুঃ পরস্পরম্॥১৪৩॥
কাঞ্চনং পদ্মরাগঞ্চ পারদং পদ্মমেব চ। কূর্ম্মং ধরাং বৃষং তদ্বৎ ন্যস্যেৎ পূর্ব্বাদিতঃ ক্রমাৎ॥
মূলকং বিদ্রুমং তাম্রং কাংস্যং চৈবারকূটকং। রজতং বিমলং পুষ্পং লোহং চানুক্রমেণ তু॥
কাঞ্চনং হরিতালঞ্চ সর্ব্বাভাবে বিনিক্ষিপেৎ। দদ্যাদ্বীজৌষধিস্থানে সহদেবীং যবানপি॥১৪৪॥
হয়শীর্ষপঞ্চরাত্রে।—
নপুংসকশিলায়াং তু রত্নন্যাসং সমাচরেৎ। বস্ত্রাভরণগন্ধাদ্যৈঃ পূর্ব্ববদ্ভূষিতো গুরুঃ।
হুত্বাষ্টশতং বিপ্র নারসিংহেন বা পুনঃ। তেনৈবামন্ত্র্য রত্নাদীন্ পিণ্ডিকাং শ্বভ্রকে ন্যসেৎ।
গুগ্গুলুং দ্রাবয়িত্বাথ গর্ত্তে তু বিনিবেশয়েৎ। রত্নাদীনাং তু ন্যস্তানাং নিশ্চলীকরণায় তু।
ততো নিবেশয়েত্তাংস্তু দিশাসু বিদিশাসু চ। প্রথমাবরণে ব্রীহীন্ রত্নান্যপি দ্বিতীয়কে।
তৃতীয়ে বিন্যসেদ্ধাতূন্ লোহং চাপি চতুর্থকে। প্রত্যাবরণগর্ত্তে তু পঞ্চমাবরণে দ্বিজ।
চন্দনাদীংশ্চ বিপ্রেন্দ্রশ্চাষ্টদিক্ষু নিবেশয়েৎ। একৈকং দিক্ষু বিন্যস্য মধ্যে চৈবাপরং ন্যসেৎ।
ঐন্দ্র্যাং চ চন্দনং ন্যস্যমাগ্নেয্যাং রক্তচন্দনম্। কৃষ্ণাগুরুং দক্ষিণস্যাং নৈর্ঋত্যামপরাগুরুম্।
উশীরং পশ্চিমে ভাগে বিষ্ণুক্রান্তামথাপরে। সহদেবীমুদীচ্যাং তু লক্ষণামীশগোচরে।

তালকং হরিতালকং। শিলা মনঃশিলা। বজ্রং বজ্রাভ্রকং। শ্যামমঞ্জনং সৌবীরাঞ্জনং। কাঙ্ক্ষীং সৌরাষ্ট্রমৃত্তিকাং। কাশীসং সীসং। মাক্ষিকং স্বুবর্ণমাক্ষিকং॥ ১৪১॥ ব্রীহির্ধান্যং। অঞ্জনং কৃষ্ণাগুরুং। বৈষ্ণবীং বিষ্ণুক্রান্তাং॥ ১৪২॥ এবং সর্ব্বাণি বীজানি সর্ব্বান্ ধাতূন্ সর্ব্বাণি রত্নানি সর্ব্বা ওষধীশ্চ ক্রমেণ ন্যসেৎ। ব্রহ্মস্থানে চ মধ্যে বীজাদয়ঃ পরস্পরং সংহতা মিলিতা দাতব্যাঃ॥ ১৪৩॥ পুনঃ কাঞ্চনং অয়স্কান্তলোহমিতি যাবৎ। বিমলং ত্রিবিধং হেমবিমলং তারবিমলং কাংস্যবিমলমিতি প্রসিদ্ধং। পুষ্পং লোহবিশেষঃ যত্র পঙ্কজাকারা বিন্দবো বর্ত্তন্তে। লোহাভাবে কাঞ্চনং ধাতুঃ। ওষধ্যভাবে সহদেবীং দদ্যাদিতি জ্ঞেয়ং। এতচ্চ সর্ব্বমগ্রে হয়শীর্ষপঞ্চরাত্রবচনতো বিবৃতং ভাবি। তত্র কচিদ্বিরোধশ্চ ফলভেদাদিকল্পনয়া পরিহরণীয়

পূর্ব্বক লোকপালগণের স্ব স্ব নাম দ্বারা চন্দন, রক্তচন্দন, অগুরু, কৃষ্ণাগুরু, বেণামূল, অপরাজিতা বলা ও শ্বেতকণ্টকারি এই সকল স্থাপন করিতে হয়। ১৪১-১৪২। ব্রাহ্মভাগে সর্ব্ববীজ, ধাতু, রত্ন ও ওষধি-সমূহ একত্র করিয়া প্রদান করিবে। ১৪৩। তৎপরে পূর্ব্বাদি দিক্‌সমূহে কাঞ্চন, পদ্মরাগ, পারদ, পদ্ম, কূর্ম্ম, ধরা ও বৃষ স্থাপন পূর্ব্বক ক্রমে ক্রমে মূলক, প্রবাল, তাম্র, কাংস্য, পিত্তল, বিমল, রৌপ্য, পুষ্প ও লৌহ স্থাপন করিবে। সমস্ত দ্রব্যের অভাব হইলে স্বর্ণ ও হরিতাল স্থাপনই কর্ত্তব্য। বীজৌষধির অভাব হইলে সহদেবী ও যব দিতে হয়। ১৪৪। হয়-

ব্রাহ্মীং সুবর্চ্চলাং মধ্যে বৃদ্ধিং ব্রাহ্মে নিবেশয়েৎ। ধান্যমৈন্দ্র্যাং নিবেশ্যাথ অগ্নেয্যাং তু কুলত্থকম্।
যবান্ দক্ষিণভাগে তু গোধূমং নৈর্ঋতে ন্যসেৎ। তিলাংস্তু পশ্চিমে দদ্যান্নীবারং বায়ুগোচরে।
মুদ্গামুত্তরতো দদ্যাৎ নিষ্পাবমীশগোচরে। মধ্যে সিদ্ধার্থকং দদ্যাদ্রত্নন্যাসং সমাচরেৎ।
বজ্রং তু পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং মৌক্তিকং তথা। বৈদূর্য্যং দক্ষিণে দদ্যাচ্ছঙ্খং নির্ঋতিগোচরে।
স্ফটিকং বারুণে দদ্যাৎ পদ্মরাগং তু বায়বে। উত্তরে চন্দ্রকান্তং তু ঐশান্যামিন্দ্রনীলকম্।
পুষ্পরাগং ন্যসেন্মধ্যে যথাবদ্দ্বিজসত্তম। হরিতালং ন্যসেৎ পূর্ব্বে আগ্নেয্যাং তু মনঃশিলাম্।
অঞ্জনং দক্ষিণে দদ্যাৎ মাক্ষিকং ব্রহ্মগোচরে। সৌরাষ্ট্রীং বারুণে দদ্যাদ্বায়ব্যাং গৈরিকং তথা।
সীসং চৈবোত্তরে দদ্যাদৈশান্যাং গন্ধকং তথা। পারদং তু ন্যসেন্মধ্যে যথাবত্ত্রিদশেশ্বর।
হিরণ্যং পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং তারমুত্তমম্। আয়সং দক্ষিণে ন্যস্য নৈর্ঋত্যাং ত্রপুষং তথা॥
পশ্চিমে বিন্যসেদ্ঘোষং নারং বায়ব্যগোচরে। সিহ্লকং চোত্তরে ন্যস্য শুল্বমীশানগোচরে॥
পদ্মং কূর্ম্মং তথানন্তং পৃথ্বীং মধ্যে নিবেশয়েৎ। সুমেরুঞ্চ সুরশ্রেষ্ঠ সর্ব্বমেতদ্ধিরণ্ময়ম্॥
এষামেকতমং মধ্যে ন্যসেৎ সর্ব্বাণ্যথাপি বা। নমো হিরণ্যমন্ত্রেণ ব্রহ্মস্থানে নিবেশয়েৎ॥

কিঞ্চ।—ওষধীনামলাভে তু বিষ্ণুক্রান্তাং বিশাম্পতে। বীজানামপ্যলাভে তু যবং সর্ব্বত্র দাপয়েৎ॥
অলাভে সর্ব্বরত্নানাং মুক্তা সর্ব্বত্র শস্যতে। অলাভে সর্ব্বধাতূনাং হরিতালং বিনিক্ষিপেৎ।
অলাভে সর্ব্বলোহানাং কাঞ্চনানি প্রদাপয়েৎ॥

ভবিষ্যে।—

ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্॥
দম্ভোলিহস্তঃ সত্ত্বাঢ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ ইতি পূর্ব্বদিশি॥
আগ্নেয়ঃ পুরুষো দীপ্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ।
ধূমকেতুরনাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ। ইতি আগ্নেয্যাং॥

ইতি লিখিতমেবিতি দিক্। অন্যৎ সুগমং॥ ১৪৪॥ স্থিতস্য তত্তদ্দ্রব্যোপরি অবস্থিতে সতীত্যর্থঃ॥

শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে দ্বিজ! নপুংসক শিলায় রত্ন প্রদান করিবে। গুরুদেব পূর্ব্ববৎ বসন, ভূষণ ও গন্ধাদিতে অলঙ্কৃত হইয়া নারসিংহমন্ত্রে শত হোম করত উক্ত মন্ত্রেই রত্নাদি ও পিণ্ডিকার আমন্ত্রণ করিবেন। পরে ঐ রত্নাদি ও পিণ্ডিকা গর্ত্তে স্থাপন করিতে হয় আর গুগ্‌গুল দ্রব করত গর্ত্তে প্রদান করিবে। তদনন্তর স্থাপিত রত্ন প্রভৃতির স্থিরীকরণার্থ ঐ সমস্তকে দিক্ বিদিকে সন্নিবেশ করিবে। হে বিপ্র! প্রথমাবরণে ব্রীহি, দ্বিতীয়ে রত্ন, তৃতীয়ে ধাতু ও চতুর্থ আবরণে লৌহ নিক্ষেপ করিতে হয়। প্রত্যেক আবরণে ও পঞ্চম আবরণে অষ্ট দিকে চন্দনাদি দিবে। (বক্ষ্যমাণমন্ত্রে) এক একটী করিয়া সমস্ত দিকে স্থাপন পূর্ব্বক মধ্যভাগে অপর একটী স্থাপন করিবে। চন্দন পূর্ব্বে, রক্তচন্দন অগ্নিকোণে, কৃষ্ণাগুরু দক্ষিণে, শুক্লাগুরু নৈর্ঋতে, বেণামূল পশ্চিমে, অপরাজিতা বায়ুকোণে, বলা উত্তরে এবং লক্ষণা (শ্বেতকণ্টকারি) ঈশান কোণে স্থাপন পূর্ব্বক মধ্যে ব্রাহ্মণযষ্টিকা ও সুবর্চ্চলা (অতসী) আর ব্রাহ্মভাগে বৃদ্ধি নামক

যমশ্চোৎপলবর্ণাভঃ পুরুষো দণ্ডধৃঙ্মহান্।
ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি দক্ষিণস্যাং॥
নৈঋর্তঃ পুরুষঃ কৃষ্ণঃ সর্ব্বরক্ষোঽধিপো মহান্।
খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি নৈঋর্ত্যাং॥
বরুণঃ ধবলো ধীমান্ পুরুষো নিম্নগাধিপঃ।
পাশহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি পশ্চিমদিশি॥
বায়ুর্ব্বৈ শ্যামবর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুচিঃ।
পুরুষো ধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি বায়ব্যাং॥
আত্রেয়ঃ পুরুষঃ সৌম্যঃ সর্ব্বৌষধিসমন্বিতঃ।
নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি উদীচ্যাং।
ঈশানঃ পুরুষঃ শুক্রঃ সর্ব্ববিদ্যাধিপস্তথা।
শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি ঐশান্যাং॥
পদ্মযোনিশ্চ তন্মূর্ত্তির্ব্বেদব্যাসঃ পিতামহঃ।
যজ্ঞাধ্যক্ষশ্চ সততং তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি ঊর্দ্ধে॥
যোঽসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরম্।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ইতি অধঃ॥
মাৎস্যে চ প্রায়ঃ সর্ব্বমেবমেব॥

কিঞ্চ।—ওঁকারপূর্ব্বিকা হ্যেতে ন্যাসে বলিনিবেদনে। মন্ত্রাঃ স্যুঃ সর্ব্বদেবানাং বুদ্ধিপুত্রফলপ্রদাঃ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ।—দিগীশানাং তু মন্ত্রেণ রত্নাদীন্ বিনিবেশয়েৎ॥ ১

এবং মৎস্যভবিষ্যপুরাণোক্ত্যনুসারিণাং সতাং মতে প্রথমং প্রাসাদে শ্রীমূর্ত্তের্বিজয়স্ততো ওষধিবিশেষ বিন্যাস করিবে। তদনন্তর পূর্ব্বভাগে ধান্য, বহ্নিকোণে কুলথ, দক্ষিণে যব, নৈঋর্তে গোধূম, পশ্চিম দিকে তিল, বায়ুকোণে নীবার, উত্তরে মুগ, ঈশান কোণে নিষ্পাব ও মধ্যে সিদ্ধার্থ প্রদান করিবে। পরে রত্নন্যাস করিতে হয় অর্থাৎ পূর্ব্বদিকে বজ্রাভ্র, বহ্নিকোণে মুক্তা, দক্ষিণে বৈদূর্য্য, নৈঋর্তে শঙ্খ, পশ্চিমে স্ফটিক, বায়ুকোণে পদ্মরাগ, উত্তরে চন্দ্রকান্ত, ঈশানকোণে ইন্দ্রনীল ও মধ্যস্থলে পদ্মরাগ স্থাপন করিবে। হে সুরেশ্বর! তৎপরে পূর্ব্বে হরিতাল, বহ্নিকোণে মনঃশিলা, দক্ষিণে অঞ্জন, নৈঋর্তে মাক্ষিক, পশ্চিমে সৌরাষ্ট্রিক, বায়ুকোণে গৈরিক, উত্তরদিকে সীসক, ঈশান কোণে গন্ধক এবং মধ্যভাগে পারদ প্রদান করিবে। তদনন্তর পূর্ব্বদিকে সুবর্ণ, বহ্নিকোণে মুক্তা, দক্ষিণে লৌহ, নৈঋর্তে সীসক, পশ্চিমে কাংস্য, বায়ুকোণে জল, উত্তরে শিহ্লক (একপ্রকার গন্ধদ্রব্য) এবং ঈশান কোণে তাম্র স্থাপন করিবে। স্বর্ণ দ্বারা পদ্ম, কূর্ম্ম, অনন্ত, বসুধা ও সুমেরুর মূর্ত্তি প্রস্তুত করিয়া মধ্যস্থলে বিন্যাস করিতে হয়। এই কয়েকটীর মধ্যে একটী বা সমস্তগুলিও মধ্যে সন্নিবেশন করা যায় এবং "নমো হিরণ্য" এই মন্ত্রে ব্রহ্মস্থানে (মধ্যে) সন্নিবেশ করিবে। আরও লিখিত আছে যে,

তদ্যথা।—

ওঁ শক্রঃ সুরপতিঃ শ্রীমান্ সহস্রনয়নোজ্জ্বলঃ। যষ্টা যঃ ক্রতুমুখ্যানাং নমস্তস্মৈ মহাত্মনে॥
ওঁ ত্রাতারমিতি মন্ত্রেণ সান্নিধ্যং তত্র কারয়েৎ॥ ইতি পূর্ব্বস্যাং॥

ওঁ অজঃ সর্ব্বগতঃ শক্তির্যস্য ছায়েব রাজতে। হব্যকব্যবহো যো বৈ নমস্তস্মৈ মহাত্মনে॥
ওঁ অগ্ন আয়াহি মন্ত্রেণ সান্নিধ্যং তস্য কারয়েৎ॥ ইতি আগ্নেয্যাং॥

ওঁ কৃষ্ণাঞ্জননিভো রৌদ্রো দণ্ডপাণিঃ প্রগুজ্জ্বলঃ। সর্ব্বপ্রেতাধিপো দেবো নমস্তস্মৈ মহাত্মনে॥
সান্নিধ্যকরণে তস্য মন্ত্রস্তসি যমঃ স্মৃতঃ॥ ইতি দক্ষিণস্যাং॥

ওঁ ঘোরদংষ্ট্রাকরালস্তু খড়্গপাণিঃ সুভৈরবঃ। রাক্ষসাধিপতির্দ্দেবো নমস্তস্মৈ মহাত্মনে॥
সান্নিধ্যার্থং তস্য মন্ত্র এষ তে নির্ঋতে স্মৃতঃ॥ ইতি নৈঋর্ত্যাং॥

রত্নাদিন্যাস ইতি লিখিতং। শ্রীহয়শীর্ষমতে চ তদ্বিপরীতমিত্যুল্লিখন্ তত্রৈব পরমপি কৃত্যবিশেষং

হে বিশাম্পতে! ওষধি-সমূহের অভাবে বিষ্ণুক্রান্তা (অপরাজিতা) এবং বীজের অভাবে যব প্রদানই সর্ব্বত্র ব্যবস্থেয়। রত্নসমূহের অভাব হইলে একমাত্র মুক্তা, সমস্ত ধাতুর অভাবে হরিতাল এবং সর্ব্বপ্রকার লৌহের (ধাতুর) অভাবে স্বর্ণ দিবে।

অতঃপর রত্নন্যাস-মন্ত্র।—ভবিষ্যপুরাণে লিখিত আছে, "যিনি মহাতেজে দীপ্তিমান্, সর্ব্বদেবের অধিপতি, মহান্, বজ্রহস্ত ও মহাবল, সেই ইন্দ্রকে সর্ব্বদা পুনঃ পুনঃ নমস্কার।" এই মন্ত্রে পূর্ব্বদিকে বিন্যাস করিবে। "যিনি দীপ্তিমান্, সর্ব্বদেবময়, অব্যয়, ধূমকেতু ও অনাধৃষ্য, সেই আগ্নের পুরুষকে সর্ব্বদা নমস্কার করি।" এই মন্ত্রে অগ্নিকোণে বিন্যাস করিবে। যাঁহার বর্ণ উৎপলসন্নিভ, যিনি দণ্ডধারী, মহান্, ধর্ম্মসাক্ষী ও বিশুদ্ধাত্মা, সেই পুরুষপ্রবর যমকে নিত্য নমস্কার।" এই মন্ত্রে দক্ষিণদিকে বিন্যাস করিবে। "যিনি কৃষ্ণবর্ণ, রাক্ষসগণের অধিপতি, মহান্, খড়্গহস্ত ও মহাবল, সেই পুরুষবর নৈঋর্তকে পুনঃ পুনঃ নমস্কার।" এই মন্ত্রে নৈঋর্তকোণে বিন্যাস করিবে। "যিনি সবল, ধীমান্, নদীপতি, পাশহস্ত ও মহাবাহু, সেই পুরুষরত্ন বরুণদেবকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম করি।" এই মন্ত্রে পশ্চিমদিকে বিন্যাস করিবে। "যিনি শ্যামবর্ণ, গন্ধবাহী, পবিত্র, ধ্বজহস্ত, সেই পুংমূর্ত্তি বায়ুদেবকে নিত্য নমস্কার।" এই মন্ত্রে বায়ুকোণে বিন্যাস করিতে হয়। "যিনি সৌম্যমূর্ত্তি, সর্ব্বৌষধিবিশিষ্ট ও নক্ষত্রাধিপতি, সেই অত্রিনেত্রজাত পুরুষোত্তম সোমদেবকে সতত প্রণাম।" এই মন্ত্রে উত্তর দিকে বিন্যাস করিবে। "যিনি শুক্র শব্দে অভিহিত, সর্ব্ববিদ্যাধিপতি, শূলপানি ও বিরূপাক্ষ, সেই পুরুষপ্রবর ঈশানকে সতত পুনঃপুনঃ প্রণাম।" এই মন্ত্রে ঈশানকোণে বিন্যাস করিতে হয়। "যিনি বেদব্যাসমূর্ত্তিধারী, যিনি পিতামহ ও যজ্ঞাধ্যক্ষ বলিয়া প্রথিত, সেই পদ্মযোনিকে নিরন্তর পুনঃপুনঃ নমস্কার।" এই মন্ত্রে ঊর্দ্ধদিকে বিন্যাস করিবে। "যিনি অনন্তরূপে এই সচরাচর ব্রহ্মাণ্ডকে মস্তকোপরি পুষ্পবৎ ধারণ করিতেছেন, তাঁহাকে সর্ব্বদা নমস্কার করি"। এই মন্ত্রে অধোদিকে বিন্যাস করিবে। মৎস্যপুরাণেও প্রায়শঃ এই সকল মন্ত্র দৃষ্ট হয়। আরও লিখিত আছে, যাবতীয় দেবতার ন্যাসকালে ও বলি-প্রদানসময়ে প্রথমে প্রণব-সংযুক্ত করিয়া

ওঁ সপ্তসাগরদেহস্তু পাশপাণির্মহাদ্যুতিঃ। যাদসাং পতিরেকো যো নমস্তস্মৈ মহাত্মনে॥
তস্যালভনমন্ত্রস্তু পদ্মনদ্যঃ সরস্বতী॥ ইতি পশ্চিমায়াম্॥
ওঁ সপ্তস্বরানুগা যস্য যোনির্গীতা মনীষিভিঃ। অশরীরেতি বিখ্যাতো নমস্তস্মৈ মহাত্মনে॥
মন্ত্রস্তস্যাপি সান্নিধ্যে বাত আবাতু ভেষজম্॥ ইতি বায়ব্যাম্॥
ওঁ ধনাধিপো হ্রস্বমূর্ত্তির্গদাহস্তো নৃবাহনঃ। উত্তরাশাধিপঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে।
সোমং রাজেতি মন্ত্রোঽয়ং তস্য সান্নিধ্যকারকঃ॥ ইতি উদীচ্যাং॥
ওঁ বিদ্যাধিপো বৃষারূঢ়ঃ শূলপাণির্মহাবলঃ। ত্রৈলোক্যবন্দিতঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে॥
ঈশাবাস্যেতি মন্ত্রেণ তৎসান্নিধ্যং প্রকল্পয়েৎ॥ ইতি ঐশান্যাং॥
ওঁ য ইমাং সকলাং পৃথ্বীং সপ্তসাগরভূষিতাম্। বিভর্ত্তি মালাপ্রতিমাং নমস্তস্মৈ মহাত্মনে।
নমোঽস্তু সর্পমন্ত্রেণ সান্নিধ্যং তস্য কল্পয়েৎ॥ ইতি অধঃ॥
ওঁ ব্রহ্মা চতুর্ম্মুখঃ স্বামী সর্ব্বলোকপিতামহঃ। কমণ্ডলুধরঃ শ্রীমান্নমস্তস্মৈ মহাত্মনে॥
ব্রহ্মা দেবেতি মন্ত্রেণ সান্নিধ্যং তস্য কল্পয়েৎ॥ ইতি উর্দ্ধে।

এই সকল মন্ত্র উচ্চারণ করিবে। এই সমস্ত মন্ত্র.বুদ্ধি (জ্ঞান) ও পুত্রফলপ্রদ। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, দিক্‌পালগণের মন্ত্র উচ্চারণ পুর্ব্বক রত্নবিন্যাস করিতে হয় অর্থাৎ প্রত্যেক দিকে সেই দিগধিপতির (বক্ষ্যমাণ) মন্ত্র পাঠ সহকারে রত্ন বিন্যাস করিবে। 'যিনি সুরপতি, শ্রীমান্, সহস্রনেত্রে সমুদ্ভাসিত ও প্রধান প্রধান যজ্ঞকারী, সেই মহাত্মা ইন্দ্রকে নমস্কার" এই মন্ত্রে পূর্ব্বদিকে বিন্যাস করিয়া "ওঁ ত্রাতারং" ইত্যাদি মন্ত্রে তথায় ইন্দ্রের সান্নিধ্য করাইতে হয়। যিনি জন্মরহিত ও সর্ব্বগত, যাঁহার (স্বাহানাম্নী) শক্তি ছায়ার ন্যায় সতত বিরাজিতা আছেন, সেই হব্যকব্যবহ মহাত্মা অগ্নিকে নমস্কার করি" এই মন্ত্রে অগ্নিকোণে বিন্যাস করিয়া "ওঁ অগ্ন আয়াহি" ইত্যাদি মন্ত্রে অগ্নির সান্নিধ্য করাইতে হয়। "যাঁহার বর্ণ কৃষ্ণাঞ্জনসন্নিভ,যিনি ভীষণমূর্ত্তি, দণ্ডহস্ত-মাল্যে বিভূষিত ও সর্ব্ব-প্রেতাধিপতি, সেই মহাত্মা যমকে নমস্কার" এই মন্ত্রে দক্ষিণ দিকে বিন্যাস করিবে। ইহাঁর সান্নিধ্যকরণে ওঁ অসি যম"ইত্যাদি মন্ত্র। "যিনি ঘোরদর্শন ধারণ হেতু করালমূর্ত্তি, খড়্গহস্ত, ভৈরবাকার ও রাক্ষসাধিপতি, সেই মহাত্মা নৈর্ঋতকে নমস্কার।" এই মন্ত্রে নৈর্ঋত-কোণে বিন্যাস করিয়া "এষ তে নির্ঋতে" ইত্যাদি মন্ত্রে সন্নিধীকরণ করিবে। "সপ্ত সাগরই যাঁহার দেহস্বরূপ, যিনি পাশহস্ত, মহাদ্যুতি ও যাদঃপতি (জলজীবগণের অধীশ্বর), সেই মহাত্মা বরুণদেবকে নমস্কার" এই মন্ত্রে পশ্চিম দিকে বিন্যাস করিয়া "পদ্মনদ্যঃ সরস্বতী" এই মন্ত্রে আলভন (সন্নিধীকরণ বা আমন্ত্রণ) করিবে। "যাঁহার উৎপত্তি সপ্তস্বরানুগ বলিয়া মনীষিগণ কর্ত্তৃক কীর্ত্তিত হয় এবং যিনি অশরীরী বলিয়া বিখ্যাত, সেই মহাত্মা পবনদেবকে নমস্কার' এই মন্ত্রে বায়ুকোণে বিন্যাস করিয়া "বাত আবাতু ভেষজং" মন্ত্রে সন্নিধীকরণ করিবে। "যিনি ধনাধিপতি, হ্রস্বমূর্ত্তি, গদাপাণি, নৃবাহন, উত্তরদিক্‌পতি ও শ্রীমান্, সেই মহাত্মাকে নমস্কার" এই মন্ত্রে উত্তরদিকে বিন্যাস করিয়া "সোমং রাজা" ইত্যাদি মন্ত্রে কুবেরের সন্নিধীকরণ করিবে। "যিনি বিদ্যাধিপতি, বৃষবাহন, শূলপাণি, মহাবল, ত্রৈলোক্যপূজিত

৫ বিষয়ে।— অথ কামবিশেষেণ দ্রব্যবিশেষন্যাসঃ।

ক্ষীরবৃক্ষত্বচং পুষ্পমষ্টমঙ্গলসংযুক্তম্। শ্রীকামস্তু ন্যসেৎ সম্যগ্ দেশবৃদ্ধিকরং শুভম্।
পারদং ঘৃতগোধূমান্ দূর্ব্বাং রোচনয়া সহ। গোশৃঙ্গমৃত্তিকাং চৈব কূর্চ্চেন সহ নিক্ষিপেৎ॥
স্থিতস্য তস্য দেবস্য শ্রিয়ো বৃদ্ধিঃ সদা ভবেৎ। কৃষরং কাঞ্চনং চৈব পদ্মেন সহ বিন্যসেৎ।
স্থিতস্য তস্য দেবস্য চাতুর্ব্বর্ণ্যহিতং ভবেৎ। চতুষ্পাদাশ্চ বর্দ্ধন্তে দৌর্ভাগ্যঞ্চ প্রণশ্যতি॥
লাক্ষা মধু ঘৃতঞ্চৈব শমী চাশ্বত্থমেব চ বেদ্যা সহ চ দাতব্যা যজ্ঞোৎসবকরাস্তথা॥
মৃত্তিকা পর্ব্বতস্যাথ হ্রদাদাদায় মৃত্তপা। যথাক্রমেণ দাতব্যা রাষ্ট্রবৃদ্ধিকরী নৃপ॥
কাঞ্চনং সর্ব্ববীজানি মেদিন্যা সহ বিন্যসেৎ। স্থিতস্য তস্য কৃষ্ণস্য প্রজা রাজা চ বর্দ্ধতে॥
ব্রহ্মস্থানে চ বিন্যস্য সর্ব্বকামার্থদং শুভম্। ন ভয়ং ন চ দুর্ভিক্ষং তত্তদ্দ্রব্যে ব্যবস্থিতে॥ইতি।

শ্রীহয়শীর্ষদেবেন রত্নন্যাসাদনন্তরম্।—

বৃত্তে শান্ত্যম্বুসেকে তু প্রাসাদে বিজয়ো মতঃ॥

যথা হয়শীর্ষে।—

রত্নন্যাসবিধিং কৃত্বা প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ। সশলাকৈর্দ্দর্ভপিঞ্জৈঃ সহদেবীসমন্বিতৈঃ।
মহাক্ষতৈস্তু সংকৃত্য পঞ্চগব্যেন শোধয়েৎ। প্রোক্ষয়েদ্গন্ধতোয়েন নদীতীর্থোদকেন চ॥
হোমার্থে স্থণ্ডিলং কুর্য্যাৎ সিকতাভিঃ সমন্ততঃ। সার্দ্ধং হস্তপ্রমাণন্তু চতুরস্রং সুশোভনম্।
অষ্টদিক্ষু যথান্যায়ং কলসানপি পূজয়েৎ। মন্ত্রেণাষ্টাক্ষরেণৈব পূর্ব্বাদিক্রমযোগতঃ।
আনীয় সংস্কৃতং বহ্নিং হুমগ্নে প্রযতেত্যচা। পলাশসমিধানাং তু ঘৃতাক্তানাং সুরেশ্বর॥

লিখতি রত্নন্যাসমিত্যাদিনা নিবেদয়েদিত্যন্তেন। সুযন্ত্রিতং সাবধানং রপেন সহ সংযোজিত-

---

ও শ্রীমান্, সেই মহাত্মাকে নমস্কার" এই মন্ত্রে ঈশানকোণে বিন্যাস করিয়া "ঈশাবাস্য" ইত্যাদি মন্ত্রে ঈশানের সন্নিধীকরণ করিবে। "যিনি সপ্তসাগরভূষিতা এই অখিল বসুন্ধরা মালার ন্যায় শিরোপরি ধারণ করিতেছেন, সেই মহাত্মাকে প্রণাম" এই মন্ত্রে অধোদিকে বিন্যাস করিয়া "নমোঽস্তু" ইত্যাদি সর্পমন্ত্রে অনন্তের সন্নিধীকরণ করিবে। "যিনি চতুর্ম্মুখ, সকলের প্রভু, সর্ব্বজনপিতামহ, কমণ্ডলুধারী ও শ্রীমান্, সেই মহাত্মা ব্রহ্মাকে নমস্কার" এই মন্ত্রে ঊর্দ্ধদিকে বিন্যাস করিয়া "ব্রহ্ম দেব" ইত্যাদি মন্ত্রে ব্রহ্মার সন্নিধীকরণ করিবে।

অনন্তর কামনাভেদে দ্রব্যবিশেষন্যাস।—ভবিষ্যপুরাণে লিখিত আছে, শ্রীকামী ব্যক্তি ক্ষীরবৃক্ষের বল্কল ও অষ্টমঙ্গলান্বিত কুসুম সম্যক্‌বিধানে স্থাপন করিবে। ঐ বল্কল ও পুষ্প দেশের উন্নতিজনক ও শুভপ্রদ। কুশমুষ্টি, পারদ, ঘৃত, গোধূম, দূর্ব্বা, রোচনা (গোরোচনা বা হরিদ্রা), গোশৃঙ্গের মৃত্তিকা এই সমস্ত বিন্যাস করিতে হয়; এই সকল বিন্যাস পূর্ব্বক তদুপরি প্রভুকে স্থাপন করিলে তিনি শ্রীমান্ হইয়া থাকেন। কৃষর, কাঞ্চন ও পদ্ম এই সকল বিন্যাস পূর্ব্বক তদুপরি দেবস্থাপন করিলে ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়েরই কল্যাণ হয়, চতুষ্পদগণ (গোধন) বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং দৌর্ভাগ্য দূর হইয়া থাকে। লাক্ষা, মধু, ঘৃত, শমী, অশ্বত্থ ও বেদি বিন্যাস করিলে উহা যজ্ঞোৎসব-সম্পাদক হয়। হে নৃপ! পর্ব্বত বা হ্রদ

শতং বাথ সহস্রং বা গায়ত্র্যা বিষ্ণুসংজ্ঞয়া। জুহুয়াচ্চ শতং দদ্যাদাজ্যমষ্টাক্ষরেণ তু॥
পূর্ণাহুতিং শান্তিতোয়ং কুর্য্যাত্তত্র বিচক্ষণঃ। কলসেষূদকং গৃহ্য তাম্রপাত্রে নিবেশয়েৎ॥
মন্ত্রয়েচ্ছতবারাংস্তু মূলমন্ত্রেণ দেশিকঃ। সেচয়েদ্দেবতামূর্দ্ধ্নি শ্রীশ্চ তেত্যনয়াঽনঘ।
ব্রহ্মযানেন চোদ্ধৃত্য উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে। স্বং বিষ্ণোরিতি মন্ত্রেণ প্রাসাদাভিমুখং নয়েৎ॥
শিবিকায়াং হরিং স্থাপ্য রথে বাথ সুযন্ত্রিতম্। ভ্রাময়ীত পুরং সর্ব্বমথবায়তনং স্বকম্॥
প্রদক্ষিণেন দেবেশং সর্ব্বশোভাসমন্বিতম্। ততো মঙ্গলঘোষৈশ্চ গীতৈর্ম্মধুরনিস্বনৈঃ॥
স্তবদ্ভির্ম্মাগধৈঃ সূতৈর্ব্বাদ্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ। গায়দ্ভির্ব্রাহ্মণৈঃ সাম শখাকারেণ সর্ব্বশঃ॥
পতাকাভির্ব্বিচিত্রাভির্ধ্বজৈর্নানাবিধৈঃ শুভৈঃ। দেবদেবং মহাদেবং হরিং সর্ব্বজগদ্গুরুম্॥
সংসারার্ণবসন্তারপোতভূতং সুরেশ্বরম্। কর্তৃণাং স্থপতীনাং চ শিল্পিনাং পুরবাসিনাম্॥
স্থাপকানাং চ ভৃত্যানাং পাবকং পুণ্যবর্দ্ধকম্। ভ্রাম্য প্রাসাদাভিমুখং কৃত্বা দেবং নিবেশয়েৎ॥

অথ তত্র মঙ্গলস্নপনম্।

এরকায়াং তু সংস্থাপ্য স্নপয়েন্মঙ্গলান্বিতম্। চতস্রোঽবিধবাস্তত্র দিব্যমন্ত্রাভিমন্ত্রিতাঃ।
সব্যাপসব্যসূত্রেণ বেষ্ট্য স্পৃষ্ট্বা কুশেন তু। আচার্য্যেণাভ্যনুজ্ঞাতা ঘটৈর্ম্মলয়ভূষিতৈঃ।
স্নপয়ন্তি হরিং ভক্ত্যা অষ্টমঙ্গলসংযুতম্। ততো গন্ধাদিনাভ্যর্চ্চ্য মূলমন্ত্রেণ দেশিকঃ।
শুক্লবস্ত্রেণ সংছাদ্য অষ্টাঙ্গার্ঘ্যং নিবেদয়েৎ॥ ১৪৫॥

মিত্যর্থঃ। অন্যৎ সুগমং॥ ১৪৫॥ নন্বেবং কৃত্যে ক্রমে চ পুরাণাগমাদিবচনতো বিরোধাপত্ত্যা কথং ব্যবহর্ত্তব্যং তত্র লিখতি এবমিতি। নিজগুরুসংপ্রদায়াচারানুসারেণ তত্র তত্র ব্যবহারঃ

হইতে মৃত্তিকা আনয়ন পূর্ব্বক যথাক্রমে বিন্যাস করিলে রাজ্যের উন্নতিসাধন হয়। কাঞ্চন, সর্ব্বপ্রকার বীজ ও মেদিনী (ভূমি) বিন্যাস পূর্ব্বক কৃষ্ণকে স্থাপন করিলে রাজা প্রজা সকলেরই বৃদ্ধি হইয়া থাকে। ব্রহ্মস্থানে সমস্ত দ্রব্য বিন্যাস করিলে সর্ব্বকাম পূর্ণ হয় ও কল্যাণ প্রাপ্তি হইয়া থাকে। ঐ স্থানে সকল দ্রব্য ব্যবস্থিত হইলে কোনরূপ ভয় বা দুর্ভিক্ষের আশঙ্কা থাকে না। শ্রীহয়গ্রীবদেব বলিয়াছেন যে, রত্নবিন্যাসের পর শান্তোদক সেচনান্তে প্রাসাদে বিজয় (যাত্রা) করা কর্ত্তব্য। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, গুরুদেব যথাবিধানে রত্নন্যাস পূর্ব্বক প্রতিষ্ঠায় প্রবৃত্ত হইবেন। শলাকা ও সহদেবীসংযুক্ত দর্ভপিঞ্জ এবং মহাক্ষত দ্বারা সংস্কার পূর্ব্বক পঞ্চগব্য দ্বারা শোধন করিবেন। গন্ধোদক, নদীজল ও তীর্থবারি দ্বারা সেচন করিয়া হোমার্থ বালুকা বিস্তৃত করত স্থণ্ডিল করিতে হইবে। ঐ স্থণ্ডিলটীকে অর্দ্ধহস্ত-পরিমিত ও মনোরম চতুষ্কোণ করা কর্ত্তব্য। উহার অষ্ট দিকে যথাবিধানে পূর্ব্বাদিক্রমে অষ্টাক্ষর মন্ত্রে কুম্ভ-সমূহের অর্চ্চনা করিবে। হে সুরেশ্বর! তৎপরে সংস্কৃত বহ্নি আনয়ন পূর্ব্বক "ঔং অগ্নে প্রয়ত" এই মন্ত্রে কিংবা বিষ্ণুগায়ত্রী দ্বারা ঘৃতমিশ্রিত পলাশকাষ্ঠে শতসংখ্য বা সহস্রসংখ্য হোম করিতে হইবে এবং অষ্টাক্ষর মন্ত্রেও শত হোম করিবে। তদনন্তর সুধী ব্যক্তি পূর্ণাহুতি দিয়া শান্তিজল করিবেন। আচার্য্য সমস্ত কুম্ভ হইতেই জল লইয়া তাম্রপাত্রে স্থাপন পূর্ব্বক মূলমন্ত্রে শতধা অভিমন্ত্রিত করত "শ্রীশ্চ তে" মন্ত্রে দেবতার শিরোদেশ অভিষিক্ত

এবং ক্রমো বহুবিধঃ কৃত্যং চ বিবিধং ভবেৎ।
প্রতিমায়াং বুধৈশ্চাত্র কার্য্যং স্বগুরুসম্মতম্॥ ১৪৬॥

অথ গর্ত্তলেপনাদি।

পায়সেনোপলিপ্যাদৌ গর্ত্তমাচ্ছাদ্য বাসসা। অগ্ন্যাদিভ্যস্তু জুহুয়াৎ সিদ্ধার্থং তস্য দক্ষিণে॥

তথা চ মাৎস্যে।—

ন্যাসং কৃত্বা তু রত্নানাং পায়সেনানুলেপিতম্। পটেনাচ্ছাদয়েচ্ছ্ভ্রং শুক্লেনোপরি ধারয়ন্॥

ভবিষ্যে চ।—

রত্নন্যাসে কৃতে পশ্চাৎ পায়সেনোপলেপয়েৎ। পটেন মহতা পশ্চাৎ শুক্লেনোপরি ছাদয়েৎ॥

কিঞ্চ।—

শ্বভ্রস্য দক্ষিণে পার্শ্বে সর্ষপান্ জুহুয়াদ্বুধঃ। অগ্নয়ে ব্রহ্মণে চৈব রুদ্রায় চৈব বিষ্ণবে।

স্কন্দায় গণরাজায় গণমাতৃভ্য এব চ॥ ১৪৭॥

কর্ত্তব্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্রৈবোহ্যং। সর্ব্বত্র বিবিধবিরোধদর্শনাৎ পুনঃপুনরেব লিখ্যতে ইত্যুন্নেয়ং॥ ১৪৬॥

কেভ্যো জুহুয়াত্তানেব নির্দ্দিশতি। অত্র প্রয়োগঃ ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ ব্রহ্মণে স্বাহেত্যাদি॥১৪৭॥

করিবেন। পরে "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" বলিয়া ব্রহ্মযানে উত্তোলন পূর্ব্বক "ত্বং বিষ্ণোঃ" ইত্যাদি মন্ত্রে প্রাসাদাভিমুখে লইয়া যাইবেন। বিবিধ শোভায় বিভূষিত দেবদেব হরিকে শিবিকায় বা রথে স্থাপন পূর্ব্বক দক্ষিণাবর্ত্তভাবে সমস্ত পুর বা নিজ মন্দির ভ্রমণ করাইবেন। তৎপরে মঙ্গলধ্বনি, মধুর সংগীতশব্দ ও স্তুতিপাঠক মাগধ-সূতাদিকৃত বিবিধ মঙ্গলময় ধ্বনি সহকারে এবং শঙ্খবৎ উচ্চরবে সামগানপরায়ণ বিপ্রগণ ও নানাবিধ বিচিত্র মঙ্গলময় ধ্বজ-পতাকাদির সহিত জগদ্গুরু, ভবসাগরের তোরণ-স্বরূপ, সুরেশ্বর; কর্ত্তা, সূত্রধার, শিল্পী, পুররক্ষী, স্থাপক ও ভৃত্যগণের পবিত্রকারক, পুণ্যবর্দ্ধন, দেবদেব হরিকে ভ্রমণ করাইয়া প্রাসাদাভিমুখ করত তন্মধ্যে প্রবেশ করাইবে।

অতঃপর তথায় মঙ্গলস্নপন।—মঙ্গলময় হরিকে এরকায় স্থাপন পূর্ব্বক স্নান করাইতে হয়। চারিটী সধবা রমণী গুরুকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া দিব্য মন্ত্রপূত সূত্র দ্বারা বেষ্টন ও কুশস্পর্শ পূর্ব্বক ভক্তি সহকারে অষ্টমঙ্গলযুক্ত হরিকে মলয়চন্দনাক্ত কলস দ্বারা স্নান করাইবে। তৎপরে গুরুদেব মূলমন্ত্র পাঠ সহকারে গন্ধাদি দ্বারা পূজা করিয়া শুক্লাম্বরে আবরণ পূর্ব্বক অষ্টার্ঘ্য প্রদান করিবেন। ১৪৫। প্রতিমা সম্বন্ধে এইরূপ নানাপ্রকার প্রণালী নানা অনুষ্ঠান দৃষ্ট হয়। ফল কথা, সম্প্রদায়ানুসারে নিজ নিজ গুরু-প্রদর্শিত প্রণালীতে প্রতিমা-সম্বন্ধীয় ক্রিয়া-নুষ্ঠানই সুধী ব্যক্তির কর্ত্তব্য। ১৪৬।

অতঃপর গর্ত্তলেপনাদি।—প্রথমতঃ পায়স দ্বারা উপলেপন করিয়া বসনাচ্ছাদন পূর্ব্বক সিদ্ধার্থ গর্ত্তের দক্ষিণে বহ্ন্যাদি দেবগণের উদ্দেশে হোম করিতে হইবে। মৎস্যপুরাণে লিখিত আছে, রত্নসমূহ স্থাপনান্তে পায়স দ্বারা গর্ত্ত অনুলিপ্ত করিয়া তদুপরি শুক্লাম্বর আচ্ছাদন দিতে

অথেন্দ্রাদি-বলিদানম্।

দদ্যাৎ শ্রীমূর্ত্তিমুত্থাপ্য শক্রাদিভ্যো বলিং বুধঃ। তত্তন্নাম্না চতুর্থ্যন্ত-নমোঽন্ত-প্রণবাদিনা॥

তথা চ তত্রৈব।—

ইন্দ্রাদীঁল্লোকপালাংশ্চ আদিত্যাংশ্চ বসূংস্তথা। বিশ্বদেবাংস্তথা সর্ব্বান্ স্বনাম্না চোপলক্ষিতান্॥
ওঁকারাদ্যান্নমোঽন্তাংশ্চ কৃত্বোত্থাপ্য বলিং হরেৎ॥ ১৪৮॥

অথ প্রাসাদান্তঃ শ্রীমূর্ত্তিপ্রবেশনম্।

দেবং গোবালরজ্জ্বাঽভিবেষ্ট্য স্বস্ত্যভিবাচয়েৎ। আচার্য্যো বিধিবত্তঞ্চ প্রাসাদান্তঃ প্রবেশয়েৎ॥

তদ্বিধি-বিশেষঃ।

তত্রৈব।—

উত্থিতং তত্র দেবেশং বালরজ্জ্বাহি দণ্ডবৎ। ততঃ সুযন্ত্রিতং কৃত্বা ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ॥
জীবদানং ততঃ কৃত্বা দেবদেবং সমুৎক্ষিপেৎ। স্থাপকঃ স্থাপয়েদ্দেবং মূর্ত্তিপৈর্ব্বলবত্তরৈঃ।
পুণ্যাহজয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ। আচার্য্যস্ত্বগ্রতো গচ্ছেদর্ঘ্যহস্তঃ সমাহিতঃ।
পৃষ্ঠতো যজমানস্তু ভক্ত্যা দেবস্তু সংস্পৃশন্। পুত্রভ্রাতৃকলত্রৈশ্চ বন্ধুভিঃ পরিবেষ্টিতঃ॥
সর্ব্বেঽন্যোঽন্যমসংলগ্না ধ্যায়মানা জনার্দ্দনম্। দ্বারদেশে সমানীয় অর্ঘ্যং তস্মৈ নিবেদয়েৎ॥
ততঃ প্রবেশয়েদ্দেবং ন দ্রুতং ন বিলম্বিতম্। তির্য্যগূর্দ্ধমধশ্চৈবমস্পৃশন্তং প্রবেশয়েৎ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ।—

পাশেন যন্ত্রিতং কৃত্বা ততো দেবেতি চালয়েৎ। অদ্বারবন্ধে প্রাসাদে দ্বারেণৈব প্রবেশয়েৎ॥

ইন্দ্রাদিভ্যশ্চ পায়সবলিং তত্তন্নামমন্ত্রেণ দদ্যাৎ। তত্র প্রয়োগঃ। ওঁ ইন্দ্রায় নম ইত্যাদি॥১৪৮॥
দণ্ডবদ্বালরজ্জ্বা সুযন্ত্রিতং কৃত্বা যত্ত ইত্যাদিজীবসূক্তেন জীবদানং কৃত্বা সর্ব্বেঽন্যোঽন্যমসংলগ্নাঃ সন্তো

হয়। ভবিষ্যপুরাণে লিখিত আছে, রত্ন স্থাপনের পর পায়স দ্বারা উপলেপন করিতে হয়। তদনন্তর শুক্লাম্বর দ্বারা তদুপরি আবরণ দিবে। আরও লিখিত আছে, বহ্নি, ব্রহ্মা, রুদ্র, বিষ্ণু, স্কন্দ, গণপতি ও মাতৃগণের উদ্দেশে গর্ত্তের দক্ষিণ দিকে সর্ষপ হোম করিবে। ১৪৭।

অনন্তর ইন্দ্রাদির উদ্দেশে বলিদান।—শ্রীমূর্ত্তি উত্থাপন পূর্ব্বক ইন্দ্রপ্রমুখ সুরগণকে চতুর্থ্যন্ত তত্তন্নামের প্রথমে প্রণব ও শেষে নমঃশব্দ যোগ করত পায়সবলি প্রদান করিবে অর্থাৎ ওঁ ইন্দ্রায় নমঃ ইত্যাদি মন্ত্রে দিবে। ১৪৮।

অতঃপর প্রাসাদমধ্যে শ্রীমূর্ত্তি-প্রবেশন। গুরুদেব গোবালরজ্জু দ্বারা প্রভুকে পরিবেষ্টন করত স্বস্তিবাচন করিয়া বিধানে প্রাসাদাভ্যন্তরে লইয়া যাইবেন।

উক্তবিষয়ে বিশেষ বিধি। দণ্ডবৎ বালরজ্জু দ্বারা প্রভুকে সুযন্ত্রিত করত দ্বিজাতিগণ দ্বারা স্বস্তিবাচন-সম্পাদনান্তে প্রাণদান করিয়া প্রভুকে উত্থাপিত করিতে হয়। তৎপরে স্থাপনকর্ত্তা বলশালী মূর্ত্তিপগণ দ্বারা প্রভুকে স্থাপন করাইবেন। তদনন্তর গুরুদেব পুণ্যাহ, জয়ধ্বনি ও বিশুদ্ধ বেদপাঠ সহকারে অর্ঘ্যহস্ত ও সমাহিত হইয়া অগ্রে অগ্রে গমন করিবেন। যজমান

দ্বারবন্ধে কৃতে দেবমাকাশেন প্রবেশয়েৎ। দ্বারবন্ধে কৃতে চাপি অস্পৃশন্তং প্রবেশয়েৎ।
দেবস্ত্বেতি মন্ত্রেণ তির্য্যগূর্দ্ধমধস্তথা॥ ১৪৯।

অথ পিণ্ডিকান্যাসাদি।

পাদ্যং দত্ত্বা পিণ্ডিকাঞ্চ বিন্যস্য বিধিনা চ তাম্। প্রক্ষাল্যাভ্যর্চ্চ্য তদ্গর্ত্তং পায়সেনোপলেপয়েৎ॥

ভবিষ্যে।—

বিষ্ণুপীঠং ন্যসেৎ পশ্চাদর্ঘ্যং দত্ত্বা সমাহিতঃ। কপিলাক্ষীরসংস্নিগ্ধং পরমান্নং তু সংস্কৃতম্।
কপিলাজ্যেন সংমিশ্রং তৈঃ শ্বভ্রমুপলেপয়েৎ॥

হয়শীর্ষে।—

রত্নন্যাসমিমং কৃত্বা নপুংসকশিলাতলে। ন্যসেৎ পাদশিলাং তত্র স্ত্রীলিঙ্গৈরুপলক্ষিতাম্॥
তত্র সংপূজয়েদ্বিদ্বান্ পিণ্ডিকাং শক্তিরূপিণীম্। সহ রঙ্গেন বস্ত্রেণাচ্ছাদ্য গন্ধাদিনার্চ্চয়েৎ।
পুষ্পৈর্মূলৈঃ ফলৈর্দ্ধদৈঃ সিতয়া চার্দ্রকেণ চ।
অভ্যর্চ্চ্য বিন্যসেদ্বিদ্বান্ লক্ষ্মীবীজং সমাহিতঃ॥ ১৫০॥

কৃত্বৈব পিণ্ডিকাকর্ম্ম তদূর্দ্ধং প্রতিমাং ন্যসেৎ। প্রাসাদানাং তু সর্ব্বেষাং প্রতিমাবীজ উচ্যতে।
প্রতিমানাং তু সর্ব্বাসাং পাদপীঠঃ শিলাময়ঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পীঠোর্দ্ধং প্রতিমাং ন্যসেৎ॥

গচ্ছেয়ুরিতি শেষঃ। দ্বারদেশে চ সর্ব্বগন্ধজলৈর্দ্বারি সংতিষ্ঠতে নমঃ ইতি দেবং স্থাপয়েৎ। ততোঽর্ঘ্যং নিবেদয়েদিতি কেষাঞ্চিন্মতং॥ ১৪৯।

বিধিনেতি প্রতিপদসীতি মন্ত্রেণ পিণ্ডিকাং বিন্যস্য পঞ্চগব্যেন কষায়োদকেন চ প্রক্ষাল্য লক্ষ্মীমন্ত্রেণাভ্যর্চ্চ্যেতি। পূর্ব্বমধিবাসে প্রক্ষালনাদিকমস্তাপি লিখিতম্, ইদানীঞ্চ প্রাসাদাস্তঃ

ভক্তিমান্ হইয়া পৃষ্ঠদেশে প্রভুকে স্পর্শ করত পুত্র, মাতা, ভার্য্যা ও বন্ধুজনে পরিবেষ্টিত হইয়া সর্ব্বজন সহ অস্পষ্টভাবে ধ্যান করিতে করিতে হরিকে দ্বারদেশে আনয়ন ও অর্ঘ্য প্রদান করিবেন। তৎপরে প্রভুকে এরূপ ভাবে প্রবেশ করাইতে হইবে যে, দ্রুতগতি বা অতি ধীরগতি লক্ষিত না হয় এবং ঊর্দ্ধদিকে, অধোদিকে বা তির্য্যক্ দিকে প্রভুর গাত্রে কিছু স্পর্শ না করে। হয়শীর্ষ পঞ্চরাত্রে লিখিত আছে, তৎপরে রজ্জু দ্বারা যন্ত্রিত করিয়া "দেবস্ত্ব" ইত্যাদি মন্ত্র পাঠ করত "দেব" এই মন্ত্রে চালন করিয়া দ্বারবন্ধহীন (মুক্তদ্বার) প্রাসাদে দ্বারযোগেই প্রবেশ করাইতে হয়। দ্বার বন্ধ থাকিলে তির্য্যক্, ঊর্দ্ধ বা অধোদিকে কিছু স্পর্শ না হয় এরূপ ভাবে "দেবস্ত্বা" ইত্যাদি মন্ত্র পাঠ করত শূন্যমার্গ দিয়া প্রবেশ করাইবে। ১৪৯।

অনন্তর পিণ্ডিকাস্থাপনাদি। পাদ্য দানান্তে বিধানে পিণ্ডিকা স্থাপন পূর্ব্বক তাহা প্রক্ষালন ও পূজা করত পায়স দ্বারা গর্ত্ত উপলেপন করিবে। ভবিষ্যপুরাণে লিখিত আছে, অবহিতভাবে অর্ঘ্য দিয়া পরে বিষ্ণুপীঠ স্থাপন করিতে হয়। তদনন্তর কপিলা-দুগ্ধ দ্বারা স্নিগ্ধ ও কপিলাঘৃতমিশ্রিত সুসংস্কৃত পায়স দ্বারা গর্ত্তে উপলেপন দিবে। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, সুধী ব্যক্তি নপুংসকশিলায় রত্নন্যাসান্তে তথায় স্ত্রীলিঙ্গ-চিহ্নিত পাদশিলা স্থাপন করিবেন। তথায় শক্তিরূপিণী পিণ্ডিকার অর্চ্চনা ও রঙ্গবসনে আবরণ করিতে হয়। পরে গন্ধ, মনোহর

অথ শ্রীমূর্ত্তিস্থাপনম্।

গন্ধপুষ্পাদিনাভ্যর্চ্চ্য বিবিধৈর্ম্মঙ্গলস্বনৈঃ। গীতাদিভিশ্চ তাং মূর্ত্তিং স্থাপয়েৎ পিণ্ডিকোপরি॥

মাৎস্যে।—

তত উত্থাপ্য দেবেশমিষ্টাংশে তু সুভাজনে। ধ্রুবা দ্যৌরিতি মন্ত্রেণ গর্ত্তোপরি নিবেশয়েৎ॥

ভবিষ্যে চ।—

স্থাপয়েত্তমসংলগ্নমক্রুতকাবিলম্বিতম্। পুণ্যাহজয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ।
শঙ্খভেরীনিনাদৈশ্চ গীতবাদিত্রনিস্বনৈঃ॥ ১৫১॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

পিণ্ডিকোর্দ্ধং ততো দেবং মন্ত্রিতো ধারয়েৎ ক্ষণম্।
ততঃ শঙ্খঘটীতোয়ৈর্দ্দৈবজ্ঞান্ লগ্নমাদিশেৎ॥ ১৫২॥

জ্ঞাত্বা সম্যক্ স্থিরং লগ্নমলগ্নং বা নিবেশয়েৎ। পিণ্ডিকায়াং সুরশ্রেষ্ঠ মন্ত্রেণানেন দেশিকঃ।
ওঁ ত্রৈলোক্যবিক্রান্তায় ত্রিবিক্রমায় নমো নমঃ॥ ইতি।
সংস্থাপ্য পিণ্ডিকায়াস্তু স্থিরং কুর্য্যাদ্বিচক্ষণঃ। ধ্রুবা দ্যৌরিতি মন্ত্রেণ বিশ্বতশ্চক্ষুরিত্যপি॥ ইতি।

ইতি ভেদঃ॥ ১৫০॥ পীঠস্যোর্দ্ধমুপরি ইষ্টে স্থাপনযোগ্যে অংশে প্রদেশভাগে। তত্র চ সুভাজনে সংপাত্রে পিণ্ডিকোপরীত্যর্থঃ॥ ১৫১॥ আদিশেৎ পৃচ্ছেদিত্যর্থঃ॥ ১৫২॥

আদিশব্দাৎ মধুসর্পিষা। তথা পুরা শান্তিঘটস্তত্রাবশিষ্টসংপাতাহুতিজলেন চ। অবস্থিতঃ

মূল, ফল, শর্করা ও আর্দ্রক প্রভৃতি দ্বারা পূজা করিয়া অবহিতভাবে লক্ষ্মীবীজ (শ্রীঁ) ন্যাস করিবে। ১৫০। এইরূপে পিণ্ডিকাক্রিয়া সমাধা পূর্ব্বক তদুপরি প্রতিমা স্থাপন করিবে। এই ক্রিয়াই প্রতিমা-বীজ বলিয়া কথিত। যাবতীয় প্রতিমার পাদপীঠই শিলা দ্বারা প্রস্তুত করিতে হয় এবং সর্ব্বথা যত্ন সহকারে পীঠোপরি প্রতিমা স্থাপন করিবে।

অনন্তর মূর্ত্তিস্থাপন। পুষ্প, চন্দন প্রভৃতি দ্বারা পূজা করিয়া নানারূপ মঙ্গল ও গীতাদি-বাদ্য সহকারে পিণ্ডিকোপরি শ্রীমূর্ত্তি সংস্থাপন করিতে হয়। মৎস্যপুরাণে লিখিত আছে, তৎপরে দেবদেবকে উঠাইয়া স্থাপনোচিত স্থলে "ধ্রুবা দ্যৌ" ইত্যাদি মন্ত্রে গর্ত্তোপরি পিণ্ডি-কাতে স্থাপন করিবে। ভবিষ্যপুরাণে লিখিত আছে, পুণ্যাহ, জয়ধ্বনি, বহুল বেদশব্দ, শঙ্খ-ভেরীধ্বনি ও গীতবাদ্যনাদ সহকারে তাঁহাকে অক্রুতভাবে ও অবিলম্বিত ভাবে স্থাপন করিতে হয়। ১৫১। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, তৎপরে মন্ত্রী পিণ্ডিকোপরি কিয়ৎক্ষণ প্রভুকে ধারণ পূর্ব্বক তদনন্তর শঙ্খ ও ঘটীযন্ত্রস্থ জল দ্বারা দৈবজ্ঞদিগকে লগ্ন জিজ্ঞাসা করিবেন।১৫২। হে দেবসত্তম! শুভ লগ্ন বা অশুভ লগ্ন তাহা সম্যক্‌রূপে স্থির জানিয়া, শুভ লগ্নে প্রভুকে "ওঁ ত্রৈলোক্যবিক্রান্তায়" ইত্যাদি মন্ত্রে পিণ্ডিকোপরি স্থাপন করিবেন। সুধী ব্যক্তি প্রভুকে পিণ্ডিকোপরি স্থাপনপূর্ব্বক "ধ্রুবা দ্যৌ" এবং "বিশ্বতশ্চক্ষুঃ" এই মন্ত্রদ্বয় দ্বারা তাঁহার স্থিরী-করণ সম্পাদন করিবেন।

শ্রীমূর্ত্তি স্থাপনান্তে যে যে ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয়, অতঃপর তাহাই কথিত হইতেছে।—

অথ শ্রীমূর্ত্তিস্থাপনানন্তর-কৃত্যানি।

ততঃ স্বর্ণাদিনা দেবং সংস্থাপ্যার্ঘ্যং প্রদায় চ। ধূপাদি দত্ত্বাবহিতো মহামন্ত্রং জপেদ্গুরুঃ॥

ভবিষ্যে।—

স্থিতমাত্রং সুবর্ণেন স্নাপয়েদথ সর্পিষা। তস্মাত্তে স্থাপয়েত্তেন সংপাতাহুতিবারিণা।
অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাবিধি। সঘৃতং গুগ্গুলুং দদ্যান্নিঃশব্দং কারয়েত্ততঃ॥
ঐশানে তু দিশাভাগে স্থিতস্তূষ্ণীং সুসংযতঃ। উচ্চারয়েন্মহামন্ত্রং দ্বাদশাক্ষরমদ্রুতম্॥
তেন বৈ জপ্যমানেন বিধেরচ্ছিদ্রতা ভবেৎ॥ ১৫৩॥
মন্ত্রহীনো বিধির্যশ্চ অঙ্গহীনশ্চ যো ভবেৎ। হীনো বৈ দক্ষিণাভিশ্চ ন প্রশস্তঃ কদাচন॥
এষ গুহ্যবিধিঃ প্রোক্তঃ সংহিতোক্তো ময়া তব॥ ১৫৪॥

অথ মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনম্।

ওঁ যজ্জাগ্রত ইত্যাদ্যোর্মন্ত্রৈঃ ষড়্‌ভিঃ ক্রমাৎ স্পৃশেৎ। দেবস্য দক্ষিণং পার্শ্বং বামং পৃষ্ঠং শিরঃ পদৌ॥

ভবিষ্যে।—

অধুনা বৈদিকং বক্ষ্যে বিধিং সামান্যযোগতঃ। এতাভির্ঋগ্‌ভিঃ ষড়্‌ভিশ্চ বিষ্ণুং সর্ব্বত্র সংস্পৃশেৎ।
দক্ষিণং পশ্চিমং চৈব উত্তরং পূর্ব্বমেব চ। মূর্দ্ধ্নি মূলে চ যত্নেন সংস্পৃশেৎ প্রযতো বুধঃ॥

নিঃশব্দতাদ্যাপাদনেন সাবধানঃ সন্ মহামন্ত্রং দ্বাদশাক্ষরং জপেৎ। তেন পূর্ব্বং শান্তি-ঘটন্যস্তেন। অর্পয়িত্বেতি পাঠে আদৌ মন্ত্রেণার্ঘ্যং বিসৃজ্য পশ্চাত্তেন অর্ঘ্যং কৃত্বা। যদ্বা অর্পয়িত্বা অর্চ্চয়িত্বেত্যেবার্থঃ॥ ১৫৩॥ বিধেঃ কর্ম্মণঃ। ছিদ্রতামেব দর্শয়তি মন্ত্রহীন ইতি॥ ১৫৪॥

তৎপরে গুরুদেব সুবর্ণাদি দ্বারা প্রভুকে স্থাপন করত অর্ঘ্য ও ধূপাদি দিয়া মহামন্ত্র জপে প্রবৃত্ত হইবেন। ভবিষ্যপুরাণে লিখিত আছে, প্রভুকে সুবর্ণ দ্বারা স্থাপন পূর্ব্বক ঘৃত দ্বারা স্নান করাইতে হয়। তদনন্তর সম্পাতাহুতিবারি দ্বারা স্নান করাইয়া অর্ঘ্য প্রদান করিবে। পরে প্রণাম ও বিধানে পূজা করিয়া ঘৃতসমন্বিত গুগ্‌গুলু অর্পণ করিতে হয়; তদনন্তর তথায় যাহাতে কোন-রূপ শব্দ (কোলাহল) উত্থিত না হয়, তাহা করিবে। পরে ঈশানকোণে মৌনভাবে অবস্থিত হইয়া অদ্রুতভাবে দ্বাদশাক্ষর মহামন্ত্র জপ আরম্ভ করিবে। এইরূপে মন্ত্র জপ করিলে বিধি দোষরহিত হইয়া থাকে। মন্ত্রবর্জ্জিত, অঙ্গবর্জ্জিত ও দক্ষিণাবর্জ্জিত বিধি কদাচ প্রশস্ত নহে। সংহিতা-কথিত গুহ্য বিধি আমি ত্বৎসকাশে কীর্ত্তন করিলাম। ১৫৪।

অনন্তর মন্ত্রসমূহ দ্বারা শ্রীঅঙ্গ স্পর্শন।—"ওঁ যজ্জাগ্রতঃ" ইত্যাদি মন্ত্রষট্‌ক উচ্চারণ পূর্ব্বক যথাক্রমে প্রভুর দক্ষিণ পার্শ্ব, বামপার্শ্ব, পৃষ্ঠ, মস্তক ও চরণযুগল এই ছয়টী অঙ্গ স্পর্শ করিতে হয়। ভবিষ্যপুরাণে লিখিত আছে, অধুনা সামান্যতঃ বৈদিক বিধি কীর্ত্তন করিতেছি। এই ছয়টি মন্ত্র পাঠ পূর্ব্বক হরির সর্ব্ব অঙ্গ স্পর্শ করিতে হয়। সুধী ব্যক্তি সযত্নে দক্ষিণ, পশ্চিম, উত্তর, পূর্ব্ব, শিরঃপ্রদেশ ও মূল (পদাদি অধোদিক্) সর্ব্বস্থানই স্পর্শ করিবেন।

উক্ত ছয়টী মন্ত্র। "যজ্জাগ্রতো" ইত্যাদি ছয়টি মন্ত্র দ্বারাই প্রভুকে স্পর্শ করিবে। মৎস্য-পুরাণে লিখিত আছে, দেবধ্যানপরায়ণ হইয়া একচিত্তে এই সকল মন্ত্র পাঠ করিতে হয়। সমস্ত

অথ মন্ত্রাঃ ।

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবম্ ॥ ইতি ॥ ওঁ যেন কর্ম্মণ্যপসো মনীষিণো যজ্ঞে ॥ ইতি ॥
ওঁ যৎ প্রজ্ঞানমুতচেতো ধৃতিশ্চ । ইতি ওঁ যেনেদম্ভূতং ভুবনং ভবিষ্যৎ ॥ ইতি ।
ওঁ যস্মিন্নৃচঃ সামযজূংষি যস্মিন্ ॥ ইতি । ওঁ সুষারথিরশ্বানিব যন্মনুষ্যান্ ॥ ইতি ।

মাৎস্যে ।—

দেবধ্যানৈকচেতাস্তু মন্ত্রানেতানুদীরয়েৎ ॥

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি ইতি । ততো বিরাড়জায়ত ইতি । সহস্রশীর্ষা পুরুষ ইতি ॥
অভিত্বা শূর নোনুম ইতি । ওঁ পুরুষ এবেদং সর্ব্বম্ ইতি । ওঁ যেনেদং ভূতং ভুবনম্ ইতি । ওঁ ন ত্বা বা অন্য ইতি ।

সর্ব্বাস্বেতান্ প্রতিষ্ঠাসু জপ্ত্বা মন্ত্রান্ পুনঃ পুনঃ । চতুস্তুত্বঃ স্পৃশেদদ্ভির্ম্মূলে মধ্যে শিরস্যপি ॥১৫৫॥

অথ জপবিধিবিশেষঃ ।

দেবমূর্দ্ধ্নি করং ন্যস্য দেবং ধ্যায়ন্ জপেদ্গুরুঃ । সূক্তান্যথাত্মতত্ত্বঞ্চ ভাবয়িত্বা পঠেন্মনূন্ ।

তত্রৈব ।—

ততঃ স্থিরীকৃতস্যাস্য হস্তং দত্ত্বা তু মস্তকে । ধ্যাত্বা পরমসদ্ভাবং দেবদেবন্তু নিষ্কলম্ ॥
দেবব্রতং তথা সাম রুদ্রসূক্তং তথা পঠেৎ । আত্মানমীশ্বরং ধ্যাত্বা নানাভরণভূষিতম্ ॥
যস্তু দেবস্য যদ্রূপং তদ্ধ্যানে সংস্মরেৎ সদা ॥ ১৫৬ ॥

অথ মন্ত্রাঃ ।

তত্রৈব ।—

অতসীপুষ্পসঙ্কাশং শঙ্খচক্রগাধরম্ । সংস্থাপয়ামি দেবেশং দেবো ভূত্বা জানার্দ্দনম্ ॥ ১৫৭ ॥

অগ্রে লেখ্যৈঃ ষড়্‌ভির্ম্মন্ত্রৈঃ ক্রমেণ দেবস্য দক্ষিণপার্শ্বাদিস্থানষট্কং স্পৃশেৎ ॥ ১৫৫ ॥

সূক্তানি দেবব্রতাদীনি জপেৎ । আত্মতত্ত্বং ভগবদ্দাসোঽস্মীত্যেবং ধ্যাত্বা । আত্মানং সর্ব্বান্তর্যামিণং ॥ ১৫৬ ॥

দেবঃ দেবস্যাধীনো দাস ইত্যর্থঃ ॥ ১৫৭ ॥ বেদমন্ত্রজপে হেতুমাহ বেদেতি । অতো বৈদিক-

---

দেবতার প্রতিষ্ঠাকর্ম্মেই এই সমস্ত (মূলের লিখিত ওঁ যজ্জাগ্রত ইত্যাদি) মন্ত্র মুহুর্ম্মুহুঃ জপ করত জলদ্বারা চারিবার করিয়া মূল, মধ্য ও মস্তক স্পর্শ করিতে হয় । ১৫৫ ।

অতঃপর জপবিধি বিশেষ ।—শ্রীগুরু দেব-মস্তকে হস্ত স্থাপন পূর্ব্বক প্রভুকে ধ্যান করিয়া সূক্ত জপে প্রবৃত্ত হইবেন এবং আত্মতত্ত্ব চিন্তন পূর্ব্বক মন্ত্রসমূহ পাঠ করিবেন । উক্ত পুরাণেই লিখিত আছে, তৎপরে স্থিরীকৃত প্রভুর শিরোপরি করস্পর্শ করিয়া সদ্ভাবপূর্ণ, নিষ্কল দেবদেবকে চিন্তা করত দেবব্রত, সাম ও রুদ্রসূক্ত পাঠ করিতে হয় । পরে নানা অলঙ্কারে অলঙ্কৃত, সর্ব্বান্তর্যামী ঈশ্বরকে চিন্তা করিয়া যে দেবের যেপ্রকার রূপ, মনে মনে তাহাই চিন্তা করিবে । ১৫৬ ।

উক্ত মন্ত্র ।—উক্ত পুরাণেই লিখিত আছে, "আমি প্রভুর অধীন দাস হইয়া অতসী-

কিঞ্চ।—

বেদমন্ত্রাংস্তথা মন্ত্রান্ রুদ্রস্য স্থাপনে জপেৎ। বিষ্ণোস্তু বৈষ্ণবাংস্তদ্বদ্ব্রাহ্মাংশ্চ ব্রহ্মণো বুধঃ।
সৌরাঃ সূর্য্যস্য জপ্তব্যাস্তথান্যেষু তদাশ্রয়াঃ। বেদমন্ত্রপ্রতিষ্ঠা তু যস্মাদানন্দদায়িনী॥ ১৫৮॥

কিঞ্চ।—

স্থাপয়েদ্যস্তু দেবেশং প্রধানং তং প্রকল্পয়েৎ। তস্য পার্শ্বে স্থিতানন্যান্ স্মরেত্তৎপরিবারবৎ॥ ১৫৯॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

পঞ্চগব্যেন তং স্নাপ্য ক্ষাল্য গন্ধোদকেন তু। পূজয়েৎ সকলীকৃত্য সাঙ্গং সাবরণং হরিম্॥
ধ্যায়েত্তং পরমাত্মানং নিষ্কলং নির্ম্মলং বিভুম্। গগনং তস্য মূর্ত্তিস্তু পৃথিবী তস্য পিণ্ডিকা।
কল্পয়েদ্বিগ্রহং তস্য তৈজসৈঃ পরমাণুভিঃ। তেজোময়ং ততো ধ্যায়েচ্ছঙ্খচক্রগদাধরম্॥
মন্ত্রমূর্ত্তিং ততঃ কুর্য্যাৎ মূলমন্ত্রেণ বৈ হরিম্। স্থিতে সতি স্থিতিন্যাসমাসীনে সৃষ্টিসংজ্ঞিতম্।
শয়িতে সংহৃতিন্যাসং যানস্থে সর্ব্বমেব চ। এবং ন্যাসবিধিং কৃত্বা ধ্যায়েদ্বিষ্ণুং সুরেশ্বরম্।
হৃৎপদ্মমধ্যস্থং সর্ব্বকর্ম্মৈকসাক্ষিণম্। ক্ষেত্রজ্ঞং চিৎস্বভাবস্তমণীয়াংসমণোরপি।
অদোষপরমর্য্যাদীন্ প্রতিমায়াং নিবেশয়েৎ। সজীবকরণং কৃত্বা প্রণবেন নিরোধয়েৎ।
সান্নিধ্যকরণার্থায় হৃদয়ং স্পৃশ্য দেশিকঃ। পৌরুষং তু জপেৎ সূক্তং ধ্যায়েদ্দেবং সুরেশ্বরম্।
জপেত্তথাপরং মন্ত্রমিমং গুহ্যং সনাতনম্। ওঁ নমস্তভ্যং সুরেশায় সন্তোষবিভবাত্মনে॥
ইতে হয়। তৎপরে গুরুদেব তাম্রপাত্রে প্রভুকে স্থাপন করিয়া মূলমন্ত্র দ্বারা শতধা অভিমন্ত্রিত শান্ত্যুদক দ্বারা মূলমন্ত্র পাঠ সহকারে প্রভুর শিরোদেশ অভিষিক্ত করিবেন। ২৬৫। তদনন্তর "বিশ্বতশ্চক্ষু" মন্ত্রে প্রভুকে উপস্থান পূর্ব্বক ধ্যান করত প্রভুর অধোদেশে অষ্টরত্নসমন্বিত ব্রহ্মশিলা স্থাপন করিবে। ২৬৬। তৎপরে কুশোপরি সমাসীন হইয়া কুশ ধারণ পূর্ব্বক কর-পুটে সপ্রণব "ব্রহ্মণে নমঃ" এই মন্ত্র জপ করিবে। পরে গুরুদেব গন্ধাক্ষতাদি ও সর্ব্বৌষধি-যুক্ত জলপূর্ণ নূতন কুম্ভের পূজা করিয়া তাহা যজমানের সম্মুখে স্থাপন করিবেন। অনন্তর কলসের মুখে হস্ত প্রদান করত অষ্টাবিংশতিবার মন্ত্রাভিমন্ত্রিত করিয়া তাহাতে তীর্থসমূহের আবাহন করিবে এবং গুরুদেব ঋত্বিগ্‌গণের সহিত মিলিত হইয়া তদ্দ্বারা "ইমা আপঃ শিবতমা" ইত্যাদি মন্ত্রে প্রভুর সম্মুখে যজমানকে অভিষেক করিবেন। তদনন্তর সুমুহূর্ত্তে ন্যাস সমাপনান্তে মূলমন্ত্র জপ পূর্ব্বক মনে মনে বারংবার "ভগবন্ প্রতিষ্ঠিত হও" এই মন্ত্র পাঠ করিবে।২৬৭। গীতবাদ্য সহকারে কুসুমাঞ্জলি লইয়া প্রতিমাতে প্রভুর প্রতিষ্ঠা করত দেবমূর্ত্তি স্পর্শ পূর্ব্বক পুরুষসূক্ত সহ "ধ্রুবা দ্যৌঃ" মন্ত্র জপ করিবে। পরে যজমান সহধর্ম্মিণী সহ একত্র হইয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

পুষ্পাঞ্জলি-প্রদান-মন্ত্র।—হে দেবদেবেশ! আগত হউন, আমার সৌভাগ্যবশেই স্থানে আপনার শুভাগমন হইয়াছে। আমাকে প্রাকৃতবৎ না দেখিয়া স্বীয়

শান্তিকুম্ভাম্ভসা দেবং গুরুঃ পঞ্চামৃতৈরপি। অভিষিচ্য স্নাপয়েত্তং রত্নপুষ্পকুশাম্বুনা।
সচ্চিদানন্দমিত্যাদিমন্ত্রেণ কুসুমাঞ্জলৌ। পরিভাব্যাগতং দেবং ন্যসেৎ প্রতিকৃতৌ ততঃ ॥২৬৯॥
নিরুধ্য প্রণবেনাথ প্রাদুর্ভূতং বিচিন্ত্য তম্। স্পৃষ্ট্বাঙ্ঘ্রিনাভিমস্তেষু ইহৈবৈধীতি ত্রির্জপেৎ।
স্বস্বমন্ত্রৈঃ পরীবারদেবতাঃ পূর্ব্ববদ্বুধঃ। প্রতিষ্ঠাপয়েদর্চ্চাসু শ্রীমূর্ত্তৌ বা বিচিন্তয়েৎ ॥ ২৭০ ॥
সকলীকৃত্য দেবং চ মূলমন্ত্রেণ পূজয়েৎ। উপচারৈঃ ষোড়শভিঃ পরিবারান্বিতং ততঃ ॥
অষ্টোত্তরশতং মূলমন্ত্রমাবর্ত্ত্য শক্তিতঃ। প্রণম্য দণ্ডবদ্দেবং ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ ॥ ২৭১ ॥

অথাচার্য্যাদিসম্মাননম্।

যজমানস্ততো দদ্যাদাচার্য্যায় তু দক্ষিণাম্। গবাং শতং তদর্দ্ধং বা গামেকাং বাত্যশক্তিতঃ ॥
দদ্যাত্তদর্দ্ধমৃত্বিগ্‌ভ্যো জাপিভ্যশ্চ তদর্দ্ধকম্। অন্যেভ্যশ্চ যথাশক্তি বিবিধং দানমাচরেৎ ॥ ২৭২।

ধ্যায়ুধবন্তং নিজবাহনাত্মাপেতং নিজহৃৎকমলমধ্যেঽবস্থিতং সর্ব্বলোকসাক্ষিণমণীয়াসং পরমেষ্ঠ্যাসি পরমাং মাং শ্রিয়ং গময়েতি মন্ত্রেণ কুসুমযুক্তাঞ্জলাবাগতং পরিভাব্য প্রতিকৃতৌ শ্রীমূর্ত্তৌ বিন্যসেৎ ॥ ২৬৯ ॥ অর্চ্চাসু তত্তৎপ্রতিমাসু প্রতিষ্ঠাপয়েৎ, তদভাবে চ শ্রীমূর্ত্তৌ মুখ্যভগবৎপ্রতিমায়ামেব তাঃ সর্ব্বা. বিচিন্তয়েৎ ॥ ২৭০ ॥ শক্তিতঃ যথাশক্তি দেবং দণ্ডবৎ প্রণম্য যজমানার্থং স্বস্তি বাচয়েৎ ॥ ২৭১ ॥

দক্ষিণামেব লিখতি গবামিতি। অত্যশক্তিত ইতি পঞ্চাশত্যশক্তৌ পঞ্চবিংশতিং, তত্র চাশক্তৌ দ্বাদশ, তত্রাপ্যশক্তৌ তিস্রঃ, তত্যন্তাশক্তৌ চ একামেবেত্যর্থঃ ॥ ২৭২ ॥ তাং

সন্তানবৎ জ্ঞানে প্রতিপালন করুন্। এই মন্ত্রে পুষ্পাঞ্জলি দিবে। ২৬৮। তদনন্তর গুরুদেব শান্তিকুম্ভোদক ও পঞ্চামৃত দ্বারা প্রভুর অভিষেক সম্পাদন পূর্ব্বক রত্নোদক, পুষ্পোদক ও কুশাম্বু দ্বারা স্নান করাইবেন। পরে "সচ্চিদানন্দং" ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক পুষ্পাঞ্জলিতে প্রভুকে স্বাগত চিন্তা করত প্রতিমাতে ন্যাস করিবে। ২৬৯। তৎপরে প্রভুকে আবির্ভূত ভাবনা করিয়া ওঙ্কারযোগে নিরোধ পূর্ব্বক পদ, নাভি ও শিরঃপ্রদেশ স্পর্শ করিয়া "ইহৈবৈধি" এই মন্ত্র বারত্রয় জপ করিবে। বিচক্ষণ গুরুদেব পূর্ব্ববৎ দেবপরিবারবর্গকে প্রতিমাতে কিংবা ভগবন্মূর্ত্তিতে ভাবনা করিয়া নিজ নিজ মন্ত্রে প্রতিষ্ঠা করিবেন। ২৭০। তদনন্তর সকলীকরণ পূর্ব্বক ষোড়শোপচার দ্বারা মূলমন্ত্রে সপরিবার দেবতার অর্চ্চনা করিতে হয়। পরে যথাশক্তি অষ্টোত্তরশত মন্ত্র জপ ও দণ্ডবৎ নমস্কার করিয়া বিপ্র দ্বারা স্বস্তিবাচন করাইবে। ২৭১।

অতঃপর আচার্য্যাদির সম্মাননা।—তৎপরে যজমান সক্ষম হইলে আচার্য্যকে একশত বা পঞ্চাশৎসংখ্য ধেনু দক্ষিণা দিবে। অক্ষম হইলে একটীমাত্র দিতে হয়। ঋত্বিক্‌বর্গকে আচার্য্যের অর্দ্ধ ও জাপকগণকে ঋত্বিক্‌দিগের অর্দ্ধ দক্ষিণা দিবে এবং অপরাপর ব্যক্তিকে শক্ত্যনুসারে নানারূপ দান করিতে হয়। ২৭২। তৎপরে গুরুদেব ফুল্লচিত্ত হইয়া নিখিল কামনাসিদ্ধ্যর্থে শুভক্ষণে যজমানের ক্রোড়ে শ্রীমূর্ত্তিকে প্রদান করিবেন। ২৭৩। পরে

ততো গুরুর্হৃষ্টমনাঃ সর্ব্বকামিতলব্ধয়ে। স্বকর্ণে যজমানাঙ্কে শ্রীমূর্ত্তিং তাং সমর্পয়েৎ ॥ ২৭৩॥
ততঃ সর্ব্বং পতাকাদি মণ্ডপস্থং সমর্প্য চ আচার্য্যায় নমস্কৃত্য শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ ॥

অথ প্রতিষ্ঠাফলম্।

উক্তঞ্চ বৌধায়নেন।

এবং কুর্ব্বন্ প্রতিষ্ঠাঞ্চ যজ্ঞানাং ফলমাপ্নুয়াৎ। দীর্ঘায়ুর্লক্ষ্মীকো বসেৎ স্বর্গে চিরং সুখী ॥
মর্ত্ত্যলোকে চ জায়েত সর্ব্বকামসমৃদ্ধিমান্। ততোঽক্ষয়সুখে লোকে বৈকুণ্ঠে রমতে সদা।
অথৈকাধ্বরমার্গেণ চলার্চাস্থাপনে বিধিঃ। সংক্ষিপ্তে লিখ্যতে বৌধায়নাদ্যুক্তানুসারতঃ ॥

অথৈকাধ্বরপ্রতিষ্ঠাবিধিঃ।

কুণ্ডমণ্ডপবেদীনাং নাত্রাপেক্ষাস্তি তাদৃশী। যজমানঃ পুণ্যকালে পুণ্যদেশে কৃতক্রিয়ঃ।
স্বস্তিবাচনপূর্ব্বন্তু নান্দীশ্রাদ্ধং সমাচরেৎ। আচার্য্যমেকং বৃণুয়াৎ নর্ত্বিগাদীংশ্চ কাংশ্চন।
বিদধ্যাৎ সর্ব্বমাচার্য্যো ইত্যেকাধ্বরিকো বিধিঃ ॥ ২৭৪ ॥
আচার্য্যো যজমানানুজ্ঞয়া সংকল্পমাচরেৎ। স্থণ্ডিলেঽগ্নিং প্রতিষ্ঠাপ্য ব্রীহিণা শ্রপয়েচ্চরুম্ ॥
আজ্যভাগান্তমাচার্য্যো মূর্ত্তিং বারাষ্টকং মুদা। স্নাপয়েৎ পূর্ব্ববৎ পঞ্চগব্যৈঃ পঞ্চামৃতৈরপি ॥
অষ্টভিশ্চাভিষিঞ্চেত্তামাপো হি ষ্ঠেতি মন্ত্রতঃ। কুম্ভৈঃ সদূর্ব্বাসিদ্ধার্থপঞ্চপল্লবতোয়কৈঃ ॥২৭৫॥

প্রতিষ্ঠিতাং চলাং শ্রীমূর্ত্তিং যজমানস্য অঙ্কে ক্রোড়ে সমর্পয়েদিতি প্রায়শ্চলশ্রীমূর্ত্তের্গৃহস্থাপনেন অল্পপরিমাণাদ্যপেক্ষয়া কিংবা যজমানস্য ভাববিশেষজননাভিপ্রায়েণেতি দিক্ ॥ ২৭৩॥
তাদৃশী পূর্ব্ববদত্রাপেক্ষা নাস্তি,তাঃ কৃতা অকৃতা বেত্যাগ্রহো নাস্তীত্যর্থঃ। কৃতাঃ ক্রিয়া নিত্য-কর্ম্মাণি যেন। আচার্য্যমেবৈকং বৃণুয়াৎ, ন ত্বন্যান্ কাংশ্চন বৃণুয়াৎ ॥২৭৪॥ দূর্ব্বাদিসহিতৈরষ্টভিঃ কুম্ভৈস্তাং শ্রীমূর্ত্তিমভিষিঞ্চেৎ স্নাপয়েৎ। ২৭৫। নামমন্ত্রেণাভ্যর্চ্চ্য সর্ব্বতোভদ্রমণ্ডলমধ্যবর্ত্তিনি

যজমান আচার্য্যকে মণ্ডপস্থিত পতাকাদি নিখিল বস্তু প্রদানান্তে প্রণাম করিয়া শক্ত্যনুসারে ব্রাহ্মণভোজন করাইবেন।

অতঃপর প্রতিষ্ঠাফল বর্ণিত হইতেছে।—বৌধায়নের উক্তি আছে, এইরূপে প্রতিষ্ঠা করিলে যাবতীয় যজ্ঞফল, দীর্ঘায়ুঃ ও শ্রী লাভ করা যায় এবং চিরদিন আনন্দে স্বরধামে বাস করিতে পারে। পরে অবনীতলে জন্মগ্রহণ পূর্ব্বক সর্ব্বকামসম্পন্ন ও সর্ব্বসমৃদ্ধিমান্ হইয়া অবশেষে অক্ষয় আনন্দপ্রদ বৈকুণ্ঠধামে নিরন্তর বিহার করেন। অতঃপর বৌধায়ন যেরূপ করিয়া গিয়াছেন, তদনুসারে একাধ্বরমার্গে চলপ্রতিষ্ঠাবিধি বিবৃত হইতেছে।

অনন্তর একাধ্বর-প্রতিষ্ঠাবিধি।—এই প্রতিষ্ঠায় কুণ্ড, মণ্ডপ বা বেদীর আবশ্যক করে না। যজমান পবিত্র সময়ে পবিত্র স্থানে নিত্যকর্ম্ম সমাধান্তে স্বস্তিবাচন পূর্ব্বক বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। পরে অপরাপর ঋত্বিক্‌দিগকে বরণ না করিয়া কেবলমাত্র আচার্য্যকে বরণ করিবে এবং তৎ প্রতি নিখিল কার্য্যের ভার সমর্পণ করিতে হয়। ইহাই একাধ্বর প্রতিষ্ঠাবিধি জানিবে। ২৭৪। যজমানের আদেশে আচার্য্য সঙ্কল্পান্তে স্থণ্ডিলে বহ্নিস্থাপন পূর্ব্বক ব্রীহি দ্বারা সেই স্থণ্ডিলে চরু প্রস্তুত করিবেন। তৎপরে আচার্য্য সানন্দে পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা আজ্যভাগান্তে আট

অভ্যর্চ্চ্য বস্ত্রগন্ধাদ্যৈরর্চ্চাং তাং নামমন্ত্রতঃ। সর্ব্বতোভদ্রমধ্যস্থ ভদ্রপীঠে নিবেশয়েৎ ॥ ২৭৬ ॥
তৎপ্রাগাদ্যষ্টদিক্ষ্বষ্টৌ সগন্ধাক্ষতপল্লবান্। কুম্ভান্ জলভৃতান্ন্যস্যেদ্দীপান্ প্রজ্বালয়েত্তথা ॥ ২৭৭॥
নেত্রে চ প্রাগ্বদুন্মীল্য মধুনাক্ত প্রদায় চ। চিত্রান্ন লিমাত্মেষ্টদেবমাহাত্ম্যকং স্মরেৎ ॥ ২৭৮ ॥
স্তুত্বা পুরুষসূক্তেন পরিপূজ্যাঙ্গদেবতাঃ। প্রত্যেকং জুহুয়াৎ সাষ্টশতন্তু সমিদাদিভিঃ ॥ ২৭৯ ॥
একৈকদ্রব্যহোমান্তে স্পৃশেদ্দেবং চ পূর্ব্ববৎ। ক্ষিপেদাহুতিসংঘাতং স্থণ্ডেহগ্ন্যুত্তরতো ঘটে ॥২৮০॥
ততঃ পূর্ণাহুতিং হুত্বা হোমশেষং সমাপয়েৎ। ততঃ কৃতাঙ্গন্যাসঃ সন্ দেবং হৃদি বিচিন্তয়েৎ।
মূলমুচ্চরায়ন্মন্ত্রং দেবং হৃৎস্থঞ্চ সুক্ষণে। কুসুমেন প্রতিষ্ঠাপ্য শ্রীমূর্ত্তৌ স্থাপয়েদথ।

ধ্রুবসূক্তৈঃ প্রতিষ্ঠাপ্য সুপ্রতিষ্ঠো ভবেতি তম্।
প্রণবেন নিরুধ্যেষ্টং সংপ্রার্থ্য স্তুতিমাচরেৎ ॥ ২৮১ ॥

অথাগ্র্যোদককুম্ভস্যাভিমন্ত্রণপুরঃসরম্। মূলেনাচমনীয়ান্তানাসনাদীন্ সমর্পয়েৎ ॥ ২৮২ ॥
সংস্নাপ্যাথ কৃতন্যাসং দেবং পঞ্চামৃতৈঃ সুখম্। সংপাতকলসোদেন বিশুদ্ধাগোদকেন চ।
শঙ্খার্পিতেন সংস্থাপ্য তন্মন্ত্রৈর্বারসপ্তকম্। বস্ত্রালঙ্কারগন্ধাদীনুপচারান্ প্রকল্পয়েৎ।

ভদ্রপীঠে স্থাপয়েৎ ॥ ২৭৬ ॥ তথৈবাষ্টৌ দীপান্ প্রজ্বালয়েৎ ॥ ২৭৭ ॥ চিত্রান্নবলিং প্রদায় চ ॥২৭৮॥ সমিদাদিভিঃ সমিদাজ্যচরুতিলৈঃ ॥২৭৯॥ অগ্নেরুত্তরতো স্থণ্ডে পুরাস্থাপিতে। আহুতিসংঘাতং পূর্ব্বধদেব নিক্ষিপেৎ ॥২৮০॥ ইষ্টং নিজবাঞ্ছিতং সম্যক্ প্রার্থ্য পুরুষসূক্তাদিনা স্তবীত ॥২৮১॥ আসনম্ আদিশব্দেন আবাহনপাদ্যার্ঘ্যমধুপর্কাচমনীয়ানি ॥ ২৮২ ॥ তন্মন্ত্রৈরিতি ইমা আপঃ শিবতমা ইতি

বার মূর্ত্তিকে স্নান করাইবেন। তদনন্তর দূর্ব্বা, সিদ্ধার্থ ও পঞ্চপল্লব-সমন্বিত কুম্ভাম্ভঃসলিল দ্বারা "আপো হি ষ্ঠা" মন্ত্রে প্রতিমাকে অভিষিক্ত করিবেন।২৭৫। তৎপরে বসন ও গন্ধাদি দ্বারা নাম-মন্ত্রে পূজা করিয়া সর্ব্বতোভদ্রমণ্ডলের মধ্যস্থিত ভদ্রপীঠে প্রতিমূর্ত্তি স্থাপন করিতে হয়। ২৭৬। তদনন্তর গন্ধাক্ষত-পল্লবসমন্বিত জলপূর্ণ কুম্ভাষ্টককে পূর্ব্বাদি আট দিকে স্থাপন পূর্ব্বক আটটী প্রদীপ জ্বালিয়া দিবে। ২৭৭। পরে চক্ষুর্দ্বয় উন্মীলন করত মধুসমন্বিত বিচিত্র অন্ন দ্বারা বলি দিয়া স্বীয় ইষ্টদেবমাহাত্ম্য স্মরণ করিবে। ২৭৮। তদনন্তর পুরুষসূক্ত পাঠ দ্বারা স্তুতি ও আবরণদেবতাগণের অর্চ্চনা পূর্ব্বক প্রত্যেকের উদ্দেশে সমিধ্ দ্বারা আহুতি প্রদান করিবে। ২৭৯। ঘৃত, চরু ও তিল এই তিন দ্রব্যের প্রত্যেকটী দ্বারা হোম করিয়া পূর্ব্ববৎ দেবতাকে স্পর্শ করিতে হয়, এবং অগ্নির উত্তরদিকে স্থাপিত কুম্ভে আহুতিশেষ প্রক্ষেপ করিবে। ২৮০। তৎপরে পূর্ণাহুতি প্রদান পূর্ব্বক হোম শেষ করিবে। তদনন্তর অঙ্গন্যাস করিয়া হৃদয়মন্দিরে দেবতাকে চিন্তা করা কর্ত্তব্য। তৎপরে শুভক্ষণে মূলমন্ত্র পাঠ সহকারে পুষ্প দ্বারা হৃৎ-প্রদেশস্থ দেবকে পুষ্পে প্রতিষ্ঠা করিয়া শ্রীমূর্ত্তিতে স্থাপন করিবে। পরে ধ্রুবসূক্ত দ্বারা প্রতিষ্ঠা পূর্ব্বক "সুপ্রতিষ্ঠো ভব" বাক্যে ওঙ্কার দ্বারা নিরোধ করিবে এবং যথাবিধানে স্বীয় অভিলষিত প্রার্থনা করিয়া পুরুষ-সূক্তাদি দ্বারা স্তুতিবাদ করিবে।২৮১। তৎপরে প্রথম কুম্ভোদক অভিমন্ত্রণ পুরঃসর আসনাদি আচমনীয় পর্য্যন্ত সমস্ত মূলমন্ত্রে নিবেদন করিতে হয়। ২৮২। তদনন্তর সহর্ষে ন্যাস সমাধানান্তে পঞ্চামৃতযোগে প্রভুকে স্নান করাইয়া "ইমা আপঃ শিবতমাঃ" মন্ত্রে শঙ্খজল, কুম্ভো-

নৈবেদ্যানি বিচিত্রাণি পুরুষাহারসম্মিতম্। সম্পূর্ণ শর্করোপেতং পায়সং বা নিবেদয়েৎ ॥২৮৩॥

মহানীরাজনং কৃত্বা প্রক্ষিপ্য কুসুমাঞ্জলিম্।

আচার্য্যো যজমানাঢ্যঃ শক্ত্যা বন্দেত দণ্ডবৎ ॥ ২৮৪ ॥

দত্ত্বা পুষ্পাঞ্জলিং কৃত্বা ন্যাসং প্রার্থ্যাপ্যনেকশঃ।

পুনঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা স্বস্মিন্ন্যাসং সমাচরেৎ ॥ ২৮৫ ॥

দেবপার্শ্বস্থকলসৈরদ্ভিঃ সেচনমন্ত্রতঃ। কুর্ব্বীত যজমানস্য বিপ্রোপেতোঽভিষেচনম্ ॥ ২৮৬ ॥

আচার্য্যায় ততো দদ্যাদ্‌যজমানস্তু দক্ষিণাম্। বস্ত্রালঙ্কারগোভূমিস্বর্ণাদ্যাং নিজশক্তিতঃ ॥

যদি বা যজমানঃ স্যাদাচার্য্যঃ স্বয়মেব সঃ। তদা চাচার্য্যবরণং দক্ষিণাদানমস্তি ন ॥ ২৮৭ ॥

যজমানঃ সমং বিপ্রৈঃ পুণ্যাহং বাচয়েৎ স্বয়ম্।

অভিষেকঞ্চ কুর্ব্বীত তাংস্তু সংপূজ্য ভোজয়েৎ ॥ ইতি ॥ ২৮৮ ॥

অথৈতৎপ্রতিষ্ঠাফলম্।

প্রতিষ্ঠানেত্রে।—

ইত্যনেন বিধানেন প্রতিষ্ঠাং বিদধাতি যঃ। তস্য পুণ্যফলাপ্যাপ্তিঃ সুখং চাত্যন্তিকং ক্রমাৎ ২৮৯

সংপাতজলনোদকেন তন্মূলমন্ত্রেণ চ শুদ্ধোদকেন বারসপ্তকং সম্পাদ্য ॥ ২৮৩ ॥ প্রক্ষিপ্য দেবস্য পাদয়োর্বিকীর্য্য ॥ ২৮৪ ॥ অনেকশঃ বহুধা। শরণাগতোঽয়মস্য যজমানস্য কুলে সর্ব্বদা সানুগ্রহদৃষ্টির্ভবেত্যাদিকং প্রার্থ্য। অপিশব্দঃ সমুচ্চয়ে। ন্যাস স্বস্মিন্ কুর্য্যাদিত্যনেন পূর্ব্বন্তু দেবে ন্যাসং কৃত্বেতি জ্ঞেয়ং ॥ ২৮৫। বিপ্রোপেতঃ ব্রাহ্মণৈঃ সহিতঃ। ২৮৬। পরমপি সংক্ষিপ্তমেব চ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখতি যদি বেতি দ্বাভ্যাং ॥ ২৮৭ ॥ আচার্য্যবরণতদ্দক্ষিণাদানব্যতিরেকেণ পরঞ্চ কৃত্যং পূর্ব্ববদেব সর্ব্বং কুর্য্যাদিতি সমাসেন লিখতি যজমান ইতি ॥ ২৮৮।

দক ও পবিত্র অভোদক দ্বারা সপ্তধা স্নান করাইয়া বসন, ভূষণ, গন্ধাদি উপচার, বিচিত্র নৈবেদ্য কিংবা একব্যক্তির আহারযোগ্য ঘৃতশর্করাযুক্ত পায়স প্রদান করিবে। ২৮৩। তৎপরে আচার্য্য মহানীরাজন সমাপনান্তে দেবতার চরণকমলে কুসুমাঞ্জলি প্রদান পূর্ব্বক যজমানের সহিত একত্র হইয়া শক্ত্যনুসারে নমস্কার করিবে। ২৮৪। এই প্রকারে কুসুমাঞ্জলি অর্পণ, ন্যাস এবং "এই আশ্রিত যজমানের প্রতি অনুকূল দৃষ্টি প্রদর্শন করুন" ইত্যাদি বহুবিধরূপ প্রার্থনা করিয়া পুনরায় কুসুমাঞ্জলি দিবে। পরে দেবতাতে ন্যাস পূর্ব্বক আপনাতেও ন্যাস করিতে হয়।২৮৫। তদনন্তর আচার্য্য দ্বিজাতিগণের সহিত মিলিত হইয়া সেচনমন্ত্র উচ্চারণ পূর্ব্বক দেবপার্শ্বস্থিত কুম্ভোদক দ্বারা যজমানকে অভিষিক্ত করিবেন। ২৮৬। তৎপরে যজমান নিজ সাধ্যানুসারে আচার্য্যকে বসন, ভূষণ, ধেনু, ভূমি ও সুবর্ণাদি দক্ষিণা প্রদান করিবেন। যজমান স্বয়ং আচার্য্য হইলে আচার্য্যবরণ ও দক্ষিণাদান করিতে হয় না। ২৮৭ যজমান নিজে বিপ্রগণ সহ মিলিত হইয়া পুণ্যাহবাচন ও অভিষেক সমাপন পূর্ব্বক সেই সমস্ত দ্বিজাতিবর্গের অর্চ্চনা করিয়া ভোজন করাইবেন। ২৮৮।

অনন্তর এই প্রতিষ্ঠার ফল কথিত হইতেছে।—প্রতিষ্ঠানেত্রাখ্য গ্রন্থে লিখিত আছে, যিনি

অথ বৈগুণ্যে পুনঃ সংস্কারঃ।

কদাচিচ্চ কথঞ্চিচ্চেৎ কিঞ্চিদ্ বৈগুণ্যমাপতেৎ। সংস্কারাদি পুনঃ কুর্য্যাৎ সচ্ছাস্ত্রোক্তানুসারতঃ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে।—

চালিতোৎপাটিতা হর্চ্চা কেনচিৎ পাপকর্ম্মণা। চণ্ডালমদ্যসংস্পর্শদূষিতা বহ্নিনা চ যা।

স্বয়ং বা পতিতা জীর্ণা নদীবেগাদিপাতিতা। অপুণ্যজনসংস্পৃষ্টাঽবিপ্রক্ষতজদূষিতা ॥ ২৯০ ॥

অচলাং দূষিতামেবং স্থাপয়েদ্বিধিনোদ্ধৃতাম্। পূর্ব্বপীঠং পরিত্যজ্য যদন্যদপি তদ্গতম্ ॥

ততো যথোক্তবিধিনা প্রাসাদে সংনিবেশয়েৎ ॥ ২৯১ ॥

অতিজীর্ণাং তথা ব্যঙ্গাং দারবীং শৈলজাং তথা।

পরিত্যজ্য ন্যসেদন্যাং পূর্ব্বোক্তবিধিনা গুরুঃ ॥ ২৯২ ॥

সংহারবিধিনা তত্র তত্বান্ সংহৃত্য দেশিকঃ। সহস্রং নারসিংহেন হুত্বা তামুদ্ধরেদ্বুধঃ ॥ ২৯৩ ॥

ক্রমাদিতি ক্রমেণ যথেচ্ছং স্বর্গাদিভোগানন্তরম্ আত্যন্তিকং সুখং শ্রীবৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণং ভব-ত্যর্থঃ ॥ ২৮৯ ॥

বহ্নিনা চ দূষিতা দগ্ধেত্যর্থঃ। এবং দূষিতেত্যাস্ত সমাসগতস্তাবর্থ আর্ষত্বাদদোষঃ। সংপৃষ্টেতি পাঠো বা। জীর্ণা সতী স্বয়ং পতিতা। যদ্বা জীর্ণা চেতি পৃথক্ দূষণং চিরকালেন জাতক্ষতাদিভি-র্বৈগুণ্যাদি প্রাপ্তেত্যর্থঃ ॥ ২৯০ ॥ এবং নবধা দূষিতাম্ অচলাং স্থিরপ্রতিমাং বিধিনা উদ্ধৃতাং সতীং স্থাপয়েৎ। কথং? পূর্ব্বং পাঠং পিণ্ডিকাম্, অন্যদপি যৎ পীঠং গতং প্রাপ্তং তদপি পরিত্যজ্য অন্যস্থানে স্থাপয়েদিত্যর্থঃ ॥ ২৯১ ॥ তত্র চাত্যন্তজীর্ণাদিকাং বিহায় তৎ-পরিবর্ত্তেনান্যাং স্থাপয়েদিত্যাহ অতিজীর্ণামিতি ॥ ২৯২ ॥ উদ্ধৃতামিত্যুক্তং তৎপ্রকারমেবাহ

এই বিধানে প্রতিষ্ঠা করেন, তাঁহার যথাক্রম ইচ্ছায় স্বর্গভোগের পর পরমসুখপূর্ণ বৈকুণ্ঠপদ লাভ হয়। ২৮৯।

অনন্তর প্রতিষ্ঠায় কোনরূপ দোষ হইলে পুনর্ব্বার যেরূপে সংস্কার করিতে হয় তাহা বিবৃত হইতেছে:—কোনরূপে কোন সময়ে প্রতিমার কিছু বৈগুণ্য জন্মিলে শাস্ত্রকথিত বিধানে পুন-রায় সেই প্রতিমার সংস্কার করা কর্ত্তব্য। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে দ্বিজ! প্রতিমূর্ত্তি কোন পাতকী কর্ত্তৃক চালিত বা উৎপাটিত, চণ্ডাল বা সুরা স্পর্শে দূষিত, বহ্নিদগ্ধ, জীর্ণতা নিবন্ধন স্বয়ং পতিত, সরিৎ-স্রোতাদিতে পতিত, অপবিত্র ব্যক্তি কর্ত্তৃক স্পৃষ্ট, অব্রাহ্মণ বা রক্তাদি দ্বারা দূষিত, হইলে ত্যাজ্য। অচলা মূর্ত্তি এইরূপ নয়প্রকার দোষে দূষিত হইলে পূর্ব্বপীঠ পরিত্যাগ পূর্ব্বক প্রতিমা তুলিয়া অন্যত্র স্থাপন করিতে হয়। তৎপরে যথা-কথিত বিধানে মূর্ত্তিকে প্রাসাদাভ্যন্তরে প্রবেশ করাইতে হয়। ২৯০—২৯১। কাষ্ঠময়ী বা পাষাণী প্রতিমা অতি জীর্ণ বা বিকলাঙ্গ হইলে গুরুদেব তাহা পূর্ব্বকথিত বিধানে তাহার পরিবর্ত্তে অপর প্রতিমা স্থাপন করিবেন। ২৯২। বিচক্ষণ গুরু সংহারবিধানে প্রতিমাতে তত্ত্বসমূহ বিন্যাসান্তে নৃসিংহমন্ত্রে সহস্র হোম করিয়া প্রতিমা উত্তোলন করিবেন। ২৯৩। বৃষনিয়োজন

বৃষভং যোজয়িত্বা তু মন্ত্রেণোৎপাট্য দেশিকঃ। দারবীং দাহয়েদ্বহ্নৌ শৈলজাং প্রক্ষিপেজ্জলে।
ধাতুজাং রত্নজাং বাপি প্রক্ষিপেন্মকরালয়ে। অগাধে চাম্বুতোয়ে বা ক্ষিপেন্নদ্যাং মহাবনে ॥২৯৪॥
যানমারোপ্য জীর্ণার্চাং ছাদ্য বস্ত্রাদিনা গুরুঃ। শঙ্খদুন্দুভিনির্ঘোষৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ।
নীত্বাগাধজলং রম্যং ভাগীরথ্যাং মহার্ণবে। বিষক্সেনাত্মবীজেন প্রক্ষিপেত্তাং তদা গুরুঃ॥২৯৫॥
রত্নানি ক্ষিপ্তান্যদায় স্বয়ং দদ্যাত্তু দক্ষিণাম্। ধেনবো দশ বা পঞ্চ স্বর্ণবস্ত্রাদ্যলঙ্কৃতাঃ॥ ২৯৬॥
জীর্ণোদ্ধারে প্রদাতব্যা গুরবে বিষ্ণুতুষ্টয়ে। ভোজনীয়া বিষ্ণুভক্তা দেয়মন্নমবারিতম্॥ ২৯৭॥
ত্রিরাত্রমুৎসবং কার্য্যং পঞ্চ বা সপ্ত বা তথা। বলিশ্চ বিধিনা দেয়ো যথোক্তেন সুরোত্তম॥
ততো নিবেশয়েদন্যাং প্রতিমাং লক্ষণান্বিতাম্। তৎক্ষণাদেব রাজেন্দ্র তস্য দোষপ্রশান্তয়ে॥২৯৮
সম্পত্তির্ব্বা বিপত্তির্বা নোপেক্ষ্যং তত্র কারয়েৎ। অপাস্য পিণ্ডিকাং পূর্ব্বমন্যাং তত্র নিবেশয়েৎ।
যদ্দ্রব্যা যৎপ্রমাণা বা যা মূর্ত্তিশ্চোদ্ধৃতা হরেঃ। তদ্দ্রব্যা তৎপ্রমাণা চ সা মূর্ত্তিস্তত্র কীর্ত্ত্যতে॥
যৎপ্রমাণং যদাকারং যন্ময়ং বিম্বমুদ্ধরেৎ। তৎপ্রমাণং তদাকারং তন্ময়ং তত্র বিন্যসেৎ॥

প্রতিমায়াং ন্যস্তানি তত্ত্বানি॥ ২৯৩॥ নদ্যাদ্যভাবতো মহাবনে বা ক্ষিপেৎ॥ ২৯৪॥ তৎপ্রকারমেব বিশিষ্যাহ যানমিতি দ্বাভ্যাং॥ ২৯৫॥ ক্ষিপ্তানি পিণ্ডিকাধঃ পূর্ব্বং ন্যস্তানি। ব্রাহ্মণেভ্যো দক্ষিণাং দদ্যাং॥২৯৬॥ অবারিতং যথা স্যাং যোগ্যাযোগ্যাদ্যবিচারেণ সর্ব্বেভ্য এব দেয়মিত্যর্থঃ। ২৯৭॥ তস্য দৈবাজ্জাতস্য পূর্ব্বোক্তস্য দোষস্য প্রশান্তয়ে। যদ্বেতি বা ॥২৯৮॥ দার্ঢ্যার্থ-

---

পূর্ব্বক মন্ত্রপাঠ সহকারে প্রতিমাকে উৎপাটন করিবে। পরে কাষ্ঠময়ী হইলে বহ্নিতে এবং পাষাণী প্রতিমা হইলে সলিলগর্ভে নিক্ষেপ করিবে। ধাতুময়ী বা রত্নময়ী প্রতিমা সাগরে, কিংবা অপর কোন অগাধসলিল জলাশয়ে অথবা নদীতে কিংবা মহাবনে নিক্ষেপ করিবে।২৯৪। প্রতিমা-নিক্ষেপকালে গুরুদেব সেই জীর্ণপ্রতিমাকে বসনাচ্ছাদিত করিয়া যানে আরোপণ পূর্ব্বক শঙ্খ, দুন্দুভি ও গীতবাদ্যাদির ধ্বনি সহকারে লইয়া গঙ্গাগর্ভে বা সাগরে অগাধ সলিলে নিক্ষেপ করিবেন এবং তৎকালে বিষক্সেনাত্ম বীজমন্ত্র উচ্চারণ করিবেন। ২৯৫। তৎপরে পিণ্ডিকার নিম্নে পূর্ব্বস্থাপিত রত্নসমূহ লইয়া দ্বিজাতিকে দক্ষিণা প্রদান করিবেন। এই প্রকারে জীর্ণোদ্ধার হইলে গুরুদেবকে স্বর্ণ বস্ত্রাদিসহ দশটী বা পাঁচটী ধেনু দান করিতে হয় এবং হরিপ্রীত্যর্থ বিষ্ণুভক্তগণকে ভোজন করাইয়া অন্যান্য সকলকেও অযাচিত অন্ন দান করিবে।২৯৬-২৯৭। হে দেবশ্রেষ্ঠ! এই প্রকারে তিন দিন, পঞ্চাহ বা সপ্তাহ উৎসব সম্পাদন করিবে এবং যথাকথিত বিধানে পূজোপকরণ প্রদান করিবে। হে সুরসত্তম! তদনন্তর অকস্মাৎ সমুৎপন্ন পূর্ব্বকথিত দোষের শান্তিবিধানার্থ আশু সুলক্ষণান্বিতা অপর প্রতিমা স্থাপন করিতে হয়। ১৯৮। সম্পদ্ বা বিপদ্ কোন দিকে লক্ষ্য না করিয়া পূর্ব্বপিণ্ডিকা পরিত্যাগ পূর্ব্বক অন্য পিণ্ডিকা প্রবেশ করাইতে হয়। শ্রীহরির উদ্ধৃত পূর্ব্বপ্রতিমূর্ত্তি যে দ্রব্যে নির্ম্মিত হইয়াছিল এবং তাহার পরিমাণ যেরূপ ছিল,তদনুসারে সেই দ্রব্য ও সেই পরিমাণে প্রতিমা করিয়া তথায় স্থাপন করিতে হয়। যেরূপ পরিমাণ, আকৃতি ও স্বরূপবিশিষ্ট প্রতিমা উদ্ধৃত করা যায়, সেইরূপ প্রমাণ, আকৃতি ও স্বরূপবিশিষ্ট করিয়া তথায় পুনরায় প্রতিমা স্থাপিত করিবে। পূর্ব্বপিণ্ডিকা

বিহায় পিণ্ডিকাং পূর্ব্বাং তদ্দিনে চাপরাং ন্যসেৎ। দ্বিতীয়ে বা তৃতীয়ে দিবসে স্থাপয়েদ্ধরিম্।
অত ঊর্দ্ধং ভবেদ্দোষো বিধিনাপি নিবেশিতে॥ ২৯॥

অনেনৈব বিধানেন লেপ্যাদীংশ্চ বিসর্জ্জয়েৎ। অন্যাং প্রকল্পয়েত্তদ্বৎ তৎপ্রমাণাং তদাকৃতিম্॥

কিঞ্চ।—

ভ্রষ্টায়াং তু হৃতায়াং তু নষ্টায়াং তু প্রমাদতঃ। সকূটং নারসিংহং বা লক্ষং গুহ্যং জপেদ্বুধঃ॥৩০
পতিতায়াং তথা ভূমৌ যত্র কুত্রাপি বা তথা। কুর্য্যাদযুতজপ্যন্তু গুরুঞ্চাপি প্রপূজয়েৎ॥
হস্তমাত্রচ্যুতায়াং তু জপেৎ সার্দ্ধাযুতদ্বয়ম্। দ্বিহস্তমাত্রপাতস্তু প্রমাদাদ্যদি জায়তে।
তদা লক্ষং জপেন্মন্ত্রং বৈষ্ণবানপি পূজয়েৎ। পুরুষপ্রমাণপাতেন ব্যঙ্গা তু প্রতিমা যদা।
পূর্ব্ববৎ সর্ব্বকর্ম্মাণি কুর্য্যান্নাস্ত্যত্র সংশয়ঃ। যাবন্মন্ত্রস্তু জপ্যস্তু কৃতং তস্য চতুর্থকম্।
আজ্যাক্তৈশ্চ তিলৈর্হোমঃ কার্য্যো ন্যূনাদিপূরণে॥

ব্রহ্মপুরাণে —

খণ্ডিতে স্ফুটিতে দগ্ধে ভ্রষ্টে মানবিবর্জ্জিতে। যাগহীনে পশুস্পৃষ্টে পতিতে দুষ্টভূমিষু।
অন্যমন্ত্রার্চ্চিতে চৈব পতিতস্পর্শদূষিতে। দশস্বেতেষু নো চক্রুঃ সন্নিধানং দিবৌকসঃ।
ইতি সর্ব্বগতো বিষ্ণুঃ পরিভাষাং চকার হ॥ ৩০ ॥

মুক্তপোষন্যায়েনাহ যৎপ্রমাণং বিম্বং শ্রীমূর্ত্তিঃ॥ ২৯॥ কূটং বীজং॥৩০॥ খণ্ডিতে জাতক্ষতে। স্ফুটিতে ভগ্নাঙ্গে দগ্ধে বর্ণান্তরাপাদকদাহদূষিতে। ভ্রষ্টে নিজস্থানাচ্চলিতে পতিতে বা। মানেন উক্তপরিমাণেন বিবর্জ্জিতে। যাগহীনে অপ্রতিষ্ঠিতে পূজারহিতে বা। পশুস্পৃষ্টে অস্পৃশ্যস্পর্শদূষিতে দুষ্টভূমিষু অশুচিস্থানেষু কথঞ্চিৎ পতিতে। অন্যদেবমন্ত্রেণ র্চ্চিতে এতেষু অধিষ্ঠানেষু। এতচ্চ সত্যমেবাহ ইতীতি॥ ৩০॥ তত্র কথং ব্যবহর্ত্তব্যমিত্যপেক্ষায়াং শৈবাগমোক্তং নিপতিত

নিক্ষেপ পূর্ব্বক সেই দিনেই অন্য পিণ্ডিকা স্থাপন করিতে হয়। হরিপ্রতিমা উদ্ধৃত করিয়া নিক্ষেপের পর দ্বিতীয় দিবসে বা তৃতীয় দিবসে স্থাপন করিবে; তাহার ঊর্দ্ধ হইলে বিধানে স্থাপন করিলেও দোষের উৎপত্তি হয় ২৯। লেপ্যাদি প্রতিমূর্ত্তিও এই বিধানে বিসর্জ্জন দিবে এবং তৎস্থানে পূর্ব্ববৎ প্রমাণ ও আকৃতিবিশিষ্ট করিয়া দ্বিতীয় প্রতিমা স্থাপন করিবে। আরও লিখিত আছে, প্রমাদনিবন্ধন প্রতিমা হৃত বা নষ্ট হইলে সুধী ব্যক্তি সবীজ নারসিংহ মন্ত্র বা গুহ্য মন্ত্র একলক্ষ জপ করিবেন।৩০। ভূতলে বা যে কোন স্থলেই হউক,যদি প্রতিমা নিপতিত হয়, তাহা হইলে দশশত জপ করা ও গুরুপূজা করা কর্ত্তব্য। এক হস্ত ঊর্দ্ধ হইতে প্রতিমা পতিত হইলে সার্দ্ধবিংশতি সহস্র-জপ করিবে এবং প্রমাদ নিবন্ধন যদি দুই হস্ত উচ্চ হইতে নিপতিত হয় তাহা হইলে লক্ষ জপ ও বৈষ্ণবপূজা করা কর্ত্তব্য। পুরুষপরিমিত উচ্চ হইতে পতিত হইয়া বিকলাঙ্গ হইলে পূর্ব্ববৎ সমস্ত ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয়। যতসংখ্য মন্ত্র জপ করিবে, তাহার চতুর্থাংশ পরিমাণে ঘৃতাক্ত তিলহোম করা কর্ত্তব্য। এইরূপ করিলে ন্যূনতা পরিপূর্ণ হয়। ব্রহ্মপুরাণে লিখিত আছে, সর্ব্বগত ভগবান্ বিষ্ণু বলিয়া গিয়াছেন যে, খণ্ডিত, স্ফুটিত, দগ্ধ, ভ্রষ্ট, পরিমাণহীন, যাগবর্জ্জিত (পূজাবর্জ্জিত বা অপ্রতিষ্ঠিত), অস্পৃশ্যসংস্পর্শে দূষিত, অপবিত্র

তত্র চ শৈবাগমে।—

খণ্ডিতা স্ফুটিতা ভগ্না যস্মাদর্চ্চা ভয়াবহা। তস্মাৎ সমুদ্ধরেত্তাঞ্চ পূর্ব্বোক্তবিধিনা বুধঃ॥ ৩০২॥
দেবতাপ্রতিমাপূজার্থং চৈব্রৈবং চোদিতঃ। বিজ্ঞাপ্য দেবতাং মন্ত্রী পূর্ব্ববৎ মন্ত্রমুচ্চরন্॥
স্বস্থানাদুদ্ধরেদর্চ্চাং কিন্তু তাং বৃষভাদিনা। চালয়েচ্ছিল্পিভিঃ সার্দ্ধং সহায়ৈর্ব্বলবত্তরৈঃ॥
চালিতোৎপাটিতা বার্চ্চা কেনচিৎ পাপকারিণা। স্বস্থানপতিতা ভদ্রে নিব্রণা লক্ষণান্বিতা।
মন্ত্রতন্ত্রপ্রদেশজ্ঞঃ প্রতিষ্ঠা-তন্ত্রনির্ম্মলঃ। স্থাপয়েত্তাং প্রযত্নেন পূর্ব্ববৎ বিধিনা গুরুঃ॥
অর্চ্চা সমুদ্ধৃতা যত্র নিব্রণা লক্ষণান্বিতা। তত্র তাং স্থাপয়েন্মন্ত্রী পূর্ব্ববৎ ব্রহ্মণঃ শিলাম্॥
সংশোধ্য মন্ত্রসংস্কারৈঃ কৃত্বা চৈবাধিবাসনম্। পূর্ব্বোক্তেন বিধানেন স্থাপয়েচ্ছাস্ত্রবিত্তমঃ॥৩০৩॥
খণ্ডিতাং স্ফুটিতাং জীর্ণামবলীঢ়াঞ্চ বহ্নিনা। প্রতিমাং বর্জ্জয়েদ্দক্ষস্তাস্তগ্নাং শৈললক্ষণৈর্যুতাম্॥৩০৪॥
বিধিবৎ পাটিতামর্চ্চাং দারুজাং শৈলজাদিকাম্।
নিক্ষিপেদ্দারুজামগ্নৌ শৈলজামপ্সু নিক্ষিপেৎ॥ ৩০৫॥
যদ্রূপা যৎপ্রমাণা চ যস্মিন্নর্চ্চা সমুদ্ধৃতা। তদ্রূপাং তৎপ্রমাণাং চ তস্মিন্নর্চ্চাং নিবেশয়েৎ॥
প্রতিমা যস্য দেবস্য যথাদেবং সংপ্রকীর্ত্তিতা। তস্য দেবস্য তৈর্ম্মন্ত্রৈরর্চ্চাং সংস্থাপয়েদ্বুধঃ॥ ৩০৬॥

খণ্ডিতেত্যাদি। ৩০২। ভ্রষ্টা দুষ্টস্থানে পতিতা চ নিব্রণা চেত্তর্হি পুনঃ সংস্কার্য্যেত্যাহ চালিতেতি। লক্ষণান্বিতেত্যনেন মানহীনা ত্যাজ্যেত্যর্থঃ॥ ৩০৩॥ তথা খণ্ডিতাদিকাপি হেয়ৈবেত্যাহ খণ্ডিতামিতি॥ ৩০৪॥ বর্জনপ্রকারমেবাহ বিধিবদিতি। পাটিতাম্ উৎপাটিতাং সতীং। তদ্বিধিঃ শ্রীহয়শীর্ষদেবোক্তো লিখিত এব॥ ৩০৪॥ স্থাপনপ্রকারং চাহ যদ্রূপেতি। ৩০৬॥ সংপ্রোক্তং

ক্ষেত্রে নিপতিত, অন্যদেবমন্ত্রে অর্চ্চিত ও পতিতজনস্পর্শে দূষিত, এই দশবিধ প্রতিমূর্ত্তিতে দেবতার সান্নিধ্য থাকে না। ৩০১। শিবাগমেও লিখিত আছে, খণ্ডিত, স্ফুটিত ও ভগ্ন প্রতিমা ভয়ের কারণ, সুতরাং পূর্ব্বকথিত বিধানে তাদৃশী প্রতিমা উদ্ধৃত করিয়া পরিত্যাগ করা পণ্ডিত ব্যক্তির কর্ত্তব্য। ৩০২। মন্ত্রী ব্যক্তি প্রতিমার্চ্চনাবিষয়ক স্বতন্ত্র-কথিত বিধানে দেবতাসকাশে বিজ্ঞাপন পূর্ব্বক মন্ত্র পাঠ সহকারে স্বস্থান হইতে প্রতিমাকে উত্তোলন করিবেন। বৃষ ও মহাবল শিল্পিগণের সাহায্যে সেই প্রতিমা চালিত করিতে হয়। হে কল্যাণি! কোন পাপী কর্ত্তৃক প্রতিমূর্ত্তি চালিত বা উৎপাটিত হইয়া স্বস্থানচ্যুত হইলেও যদি অখণ্ডিত বা যথাযথ লক্ষণবিশিষ্ট থাকেন, তাহা হইলে মন্ত্রতন্ত্রবিশারদ, স্থানবেত্তা, প্রতিষ্ঠাতন্ত্রে ধীমান্ গুরুদেব পূর্ব্বকথিত বিধানে সযত্নে তাঁহাকে স্থাপন করিবেন। প্রতিমূর্ত্তি উদ্ধৃত হইয়া অখণ্ডিত ও যথাযথ লক্ষণ-সম্পন্ন থাকিলে সেই ব্রহ্মশিলাকে পূর্ব্ববৎ পূর্ব্বস্থানে স্থাপন করাই মন্ত্রজ্ঞের কর্ত্তব্য। সম্যক্ মন্ত্রবিশারদ ব্যক্তি মন্ত্রসংস্কার দ্বারা শিলার শোধন ও অধিবাসন পূর্ব্বক পূর্ব্বলিখিত বিধানে স্থাপন করিবেন। ৩০৩। প্রতিমা খণ্ডিত, স্ফুটিত, জীর্ণ ও অগ্নিদগ্ধ হইলে এবং সুলক্ষণযুক্তা প্রতিমা ভগ্ন হইলে তাহা যত্নে পরিত্যাগ করিবে। ৩০৪। কাষ্ঠময়ী প্রতিমা উৎপাটিত হইলে বহ্নিতে এবং পাষাণী প্রতিমা উৎপাটিত হইলে সলিলগর্ভে নিক্ষেপ করিবে। ৩০৫। যে স্থান হইতে যদ্রূপা ও যৎপরিমিতা প্রতিমা উদ্ধৃত হইবে, সেই স্থানে তদ্রূপা ও তৎপরিমিতা প্রতিমাই (পুনর্ব্বার)

একাহপূজাবিহতৌ কুর্য্যাদ্দ্বিগুণমর্চ্চনম্। ত্রিরাত্রে তু মহাপূজাং সংপ্রোক্ষণমতঃ পরম্। ৩০৭॥
মাসাদূর্দ্ধমনেকাহং পূজা যদি বিহন্যতে।
প্রতিষ্ঠৈবেষ্যতে কৈশ্চিৎ কৈশ্চিৎ সংপ্রোক্ষণক্রমঃ॥ ৩০৮॥

কিঞ্চ।—সংপ্রোক্ষণন্তু দেবস্য দেবমুদ্বাস্য পূর্ব্ববৎ। অষ্টপঞ্চক্রমেণৈব স্নাপয়িত্বা মৃদম্ভসা।
গব্যাং রসৈশ্চ সংস্নাপ্য দর্ভতোয়ৈর্বিশোধ্য চ।
প্রোক্ষয়েৎ প্রোক্ষণীতোয়ৈর্ম্মূলেনাষ্টোত্তরং শতম্। ৩০৯।

জপুষ্পং সকুশং পাণিং ন্যস্য দেবস্য মস্তকে। পঞ্চবারং জপেন্মূলমষ্টোত্তরশতোত্তরম্।
ততো মূলেন মূর্দ্ধাদিপীঠান্তং সংস্পৃশেদপি। পূজাঞ্চ মহতীং কুর্য্যাৎ দেবমাবাহ্য পূর্ব্ববৎ॥

দেবীপুরাণে।—
দেবার্চ্চা নৈব সঞ্চাল্যা মৃন্ময্যপি ভয়াবহা। হৈমাদির্দোষদা বৎস পূর্ব্বামুদ্ধৃত্য স্থাপিতা॥ ৩১০॥

মহাস্নানং॥৩০৭॥ যাগহীনায়াং কৃত্যমাহ মাসাদিতি। এবং পশুস্পৃষ্টাগ্নময়র্চ্চিতাত্যজাদিস্পর্শ-দূষিতাসু মহাস্নানমেব জ্ঞেয়ঃ। ৩০৮। সংপ্রোক্ষণপ্রকারমেবাহ সংপ্রোক্ষণমিতি চতুর্ভিঃ। অষ্টপঞ্চক্রমেণেতি আদৌ বল্মীকাদ্যষ্টস্থানমৃত্তিকাজলেন ততস্তীর্থাদিপঞ্চস্থানমৃত্তিকা-জলেন পঞ্চকষায়াদিজলেন বা ইত্যর্থঃ॥ ৩০৯। পঞ্চ অবরা যত্র। অষ্টোত্তরশতমুত্তরাণি যত্র। পঞ্চ-বারতোঽষ্টোত্তরশতবারপর্য্যন্তজপে যথাশক্তি মূলমন্ত্রং জপেদিত্যর্থঃ। মূর্দ্ধাদি দেবস্য শ্রীমস্তক-মারভ্য। পূর্ব্ববদিতি প্রথমং প্রতিষ্ঠায়াং যথা কৃতাস্তি তথৈব কুর্য্যাদিত্যর্থঃ। পূর্ব্বাং পূর্ব্বস্থাপিতাং মৃন্ময়ীম্ উদ্ধৃত্য তৎপরিবর্ত্তেন হৈমাদিঃ হেমাদিনির্ম্মিতা তৎস্থানে স্থাপিতাপি দোষদা অশুভ-করী। ৩১০॥ দোষমেবাহ মহেতি॥ ৩১১॥

স্থাপন করিতে হয়। যে দেবতার যেরূপ প্রতিমূর্ত্তি শাস্ত্রে সম্যক্ বর্ণিত আছে, সুধী ব্যক্তি সেই দেবতার সেই মন্ত্রে সেইরূপ প্রতিমা সন্নিবেশ করিবেন। ৩০৬। একদিন প্রতিমা অপূজিত হইলে দ্বিগুণ অর্চ্চনা কর্ত্তব্য, তিন দিন অপূজিত থাকিলে মহাপূজা করিবে এবং ততোধিক দিন পূজারহিত হইলে মহাস্নান করাইতে হয়। ৩০৭। কোন কোন বিজ্ঞ এইরূপ নির্দ্দেশ করিয়াছেন যে, একমাসের অতিরিক্ত বহুদিন প্রতিমা অপূজিত থাকিলে পুনঃ প্রতিষ্ঠা করিবে এবং কেহ মহাস্নানেরও বিধি কীর্ত্তন করেন। ৩০৮। আরও লিখিত আছে, পূর্ব্বোক্তবিধানে দেবতার উদ্বাসন পূর্ব্বক সংপ্রোক্ষণ (মহাস্নান) করাইবে। অষ্টপঞ্চক্রমে অর্থাৎ প্রথমতঃ বল্মীকাদি অষ্টস্থানস্থ মৃত্তিকাযুক্ত জল দ্বারা, পরে তীর্থাদি পঞ্চস্থানস্থ মৃত্তিকাযুক্ত জল দ্বারা অথবা পঞ্চকষায়াদি-জল দ্বারা স্নান করাইয়া তৎপরে দুগ্ধ দ্বারা স্নান করাইবে। তদনন্তর কুশোদক দ্বারা শোধন পূর্ব্বক মূলমন্ত্র পাঠ সহকারে প্রোক্ষণীপাত্রস্থ জল দ্বারা অষ্টোত্তরশতবার প্রোক্ষণ করিতে হয়। ৩০৯। পুষ্প ও কুশ হস্তে দেবতার শিরঃ-প্রদেশে স্পর্শ পূর্ব্বক অষ্টোত্তরশত করিয়া পাঁচবার মূলমন্ত্র জপ করিতে হইবে। তদনন্তর মূল-মন্ত্র পাঠ সহকারে মস্তকাদি পীঠ পর্য্যন্ত স্পর্শ করিবে এবং পূর্ব্ববৎ দেবকে আবাহন পূর্ব্বক মহাপূজা সমাপন করিতে হইবে। দেবীপুরাণে লিখিত আছে, হে বৎস! দেবমূর্ত্তি চালনা

মহাদুর্ভিক্ষজননী মরকারিষ্টদা ভবেৎ। কর্ত্তুর্গোত্রস্য ভয়দা রিপুবংশবিবর্দ্ধিনী॥৩১১॥

তত্রৈব।— অথ পুনঃসংস্কারমাহাত্ম্যম্।

শীর্ণো দেবোঽথ প্রাসাদো যৈঃ পুনঃ সংস্কৃতো দ্বিজ।
অশোচ্যাস্তে মহাত্মানো ধুতপাপা মহাধিয়ঃ॥৩১২॥

হয়শীর্ষে।—

যো জীর্ণং বিধিনা দেবং সংস্কুর্য্যান্মানবো ভুবি। ফলং দশগুণং তস্য মূলান্নাত্রাত্র সংশয়ঃ।
মূলাদ্দশগুণং পুণ্যং কূপাদেঃ পরিকীর্ত্তিতম্। প্রতিমাদৌ শতগুণং জীর্ণসংস্করণাদ্ভবেৎ॥৩১৩
ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাতিষ্ঠিকো নামৈকোনবিংশো বিলাসঃ॥

দেবঃ তৎপ্রতিমেত্যর্থঃ। অথ-শব্দো বিকল্পে, প্রাসাদো বা। মহাত্মানো নিরভিমানাঃ মহাধিয়শ্চ পরমবিবেকিনঃ স্বকীর্ত্ত্যনপেক্ষণেন পরকীর্ত্তিসংরক্ষণেন চ পুণ্যবিশেষসিদ্ধেঃ॥৩১২॥
মূলাৎ প্রথমস্থাপকাৎ॥৩১৩॥

ইত্যূনবিংশবিলাসঃ॥

করিতে নাই। পূর্ব্বস্থাপিতা প্রতিমা মৃন্ময়ী হইলেও তাহা উত্তোলন পূর্ব্বক তৎপরিবর্ত্তে তথায় স্বর্ণাদি-নির্ম্মিতা মূর্ত্তি স্থাপন করিবে না, কেন না, তদ্রূপ করিলে সেই মৃন্ময়ী প্রতিমা মহা-দুর্ভিক্ষজনয়িত্রী, মরকাদি-অরিষ্টপ্রদা, স্থাপকবংশের ভয়দাত্রী ও অরিকুলবিবর্দ্ধিনী হইয়া থাকেন। ৩১১।

অতঃপর পুনঃসংস্কার মাহাত্ম্য বিবৃত হইতেছে।—উক্ত পুরাণেই লিখিত আছে, হে বিপ্র! যাঁহারা জীর্ণ প্রতিমার বা জীর্ণ প্রাসাদের পুনঃসংস্কার সম্পাদন করেন, সেই সকল ব্যক্তি অশোচ্য, মহাত্মা, নিষ্কলুষ ও মহাবুদ্ধিমান্ হইয়া থাকেন। ৩১২। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, ভূমণ্ডলে যিনি বিধানে জীর্ণ প্রতিমার সংস্কার করেন, তিনি নিঃসন্দেহ প্রথমস্থাপনকর্ত্তা অপেক্ষা দশগুণ ফল প্রাপ্ত হইয়া থাকেন। কূপাদির জীর্ণ সংস্কার করিলে প্রথম স্থাপক হইতে দশগুণ পুণ্য হয় এবং প্রতিমাদির জীর্ণ সংস্কার করিলে শতগুণ ফল হইয়া থাকে। ৩১৩।

ইতি প্রাতিষ্ঠিক নামক একোনবিংশ বিলাস সমাপ্ত॥

বিংশ-বিলাসঃ।

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

যথ্কেন স্মৃতে যস্মিন্ দুষ্করং সুকরং ভবেৎ। বিস্মৃতে বিপরীতং স্যাৎ শ্রীচৈতন্যং নমামি তম্ ।১।
শ্রীমূর্ত্তেঃ স্থাপনায়ৈকং বেশ্মাবশ্যমপেক্ষ্যতে। অতো মন্দিরনির্ম্মাণবিধিরত্র বিলিখ্যতে ॥ ২ ॥

অথ শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণম্।

ভবেদ্বহুবিধং তচ্চ বেশ্ম তত্র স্বশক্তিতঃ। শাস্ত্রানুসারতঃ কুর্য্যাদেকং বাসোচিতং প্রভোঃ ॥৩॥

বামনপুরাণে।—

অথ মন্দিরনির্ম্মাণমাহাত্ম্যম্।

যঃ কারয়েন্মন্দিরং মাধবস্য, পুণ্যান্ লোকান্ স জয়েচ্ছাশ্বতান্ বৈ।
দত্বারামান্ পুষ্পফলাভিপন্নান্, ভোগান্ ভুঙ্ক্তে কামতঃ স্বর্গসংস্থঃ ॥৪॥

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ। সিধ্যেৎ প্রাসাদিকো ভক্তিবিলাসো যৎপ্রসাদতঃ। স মে প্রসন্নবদনঃ শ্রীচৈতন্যঃ প্রসীদতু। শ্রীভগবতো মন্দিরনির্ম্মাণবিধিং লিখিষ্যন্ তল্লিখনে চাত্মনাঽশক্যোঽপি তস্য স্মরণপ্রভাবেণ শক্তিং সংভাবয়ন্ তং প্রণমতি কথঞ্চনেতি। যেন কেনাপি প্রকারেণ স্মৃতোঽপি দুষ্করং কর্ম্মশক্যমপি। বিপরীতং সুকরমপি দুষ্করং স্যাৎ। এবমন্বয়ব্যতিরেকাভ্যাং স্মরণপ্রভাবো দর্শিতঃ ॥১॥ নমু বৈষ্ণবানামাবশ্যককর্ম্মলিখনমেব প্রাক্ প্রতিজ্ঞাতং তৎ কিং প্রাসাদলিখনেন? তত্র লিখতি শ্রীমূর্ত্তেরিতি। পূজার্থমবশ্যং শ্রীভগবন্মূর্ত্তিরপেক্ষ্যতে, তদর্থং চাবশ্যং গৃহমেকং তদ্যোগ্যমপেক্ষ্যতে, অতস্তন্নির্ম্মাণপ্রকারলিখনমপ্যুপযুক্তমেবেতি ভাবঃ ॥ ২ ॥

প্রাসাদমণ্ডপাদিভেদেন বহুবিধং, তচ্চ ন শাস্ত্রোক্তব্যতিক্রমেণ কার্য্যমিতি লিখতি শাস্ত্রেতি। যতঃ প্রভোর্জগদীশ্বরস্য বাসোচিতং ॥ ৩ ॥

শাশ্বতান্ লোকানিতি বহুত্বং শ্রীবৈকুণ্ঠলোকস্য গৌরবাভিপ্রায়েণ তত্রত্য বহুলপ্রদেশবিশেষাপেক্ষয়া বা জ্ঞেয়ম্, অন্যেষাং সর্ব্বেষামশাশ্বতত্বাৎ ॥ ৪ ॥ ন চ স এবৈকঃ, কিন্তু নিজ-

---

যাঁহাকে যে কোনরূপে স্মরণ করিলে দুঃসাধ্য কার্য্যও সুসাধ্য হইয়া উঠে এবং যাঁহাকে বিস্মৃত হইলে সুকর কর্ম্মও দুষ্কর হয়, সেই চৈতন্যদেবকে প্রণাম করি। ১। শ্রীমূর্ত্তিস্থাপনার্থ একটী মন্দির আবশ্যক, সুতরাং অধুনা এস্থলে মন্দিরনির্ম্মাণবিধি বিবৃত হইতেছে। ২।

অতঃপর শ্রীভগবন্মন্দির নির্ম্মাণ।—দেবালয় (প্রাসাদমণ্ডপাদি-ভেদে) বহুবিধ; তন্মধ্যে স্বীয় শক্ত্যনুসারে শাস্ত্রবিধানে প্রভুর বাসযোগ্য একবিধ মন্দির প্রস্তুত করিবে। ৩।

মন্দির-নির্ম্মাণমাহাত্ম্য।—বামনপুরাণে লিখিত আছে, শ্রীহরির মন্দির প্রস্তুত করাইলে বৈকুণ্ঠ এবং তত্রত্য পবিত্র ও নিত্য লোক সকল জয় করিতে পারে। যে ব্যক্তি ফলপুষ্পশোভিত উপবন অর্পণ করেন, তিনি স্বর্গস্থিত হইয়া প্রচুর ভোগ উপভোগ করিয়া থাকেন। ৪। যে-

পিতামহস্য পুরতঃ কুলাণ্যষ্টৌ চ যানি তু। তারয়েদাত্মনা সার্দ্ধং বিষ্ণোর্মন্দিরকারকঃ॥৫॥

কিঞ্চ পিতৃগাথায়াম্ :—

অপি নঃ স্বকুলে কশ্চিদ্বিষ্ণুভক্তো ভবিষ্যতি। হরিমন্দিরকর্ত্তা যো ভবিষ্যতি শুচিব্রতঃ॥৬॥

অগ্নিপুরাণে।—

যে ধ্যায়ন্তি সদা বুদ্ধ্যা করিষ্যামো হরের্গৃহম্। তেষাং বিলীয়তে পাপং পূর্ব্বজন্মশতোদ্ভবম্॥৭॥

কিঞ্চ —সমতীতং ভবিষ্যঞ্চ কুলনামযুতং নরঃ। বিষ্ণুলোকং নয়ত্যাশু কারয়িত্বা হরের্গৃহম্॥

কিঞ্চ।—লক্ষেণাথ সহস্রেণ শতেনার্দ্ধেন বা হরেঃ। তুল্যং ফলং সমাখ্যাতমিহেশ্বরদরিদ্রয়োঃ॥৮॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে —

কৃত্বা বাসগৃহং তস্য দেবস্য পরমেষ্ঠিনঃ। রাজসূয়াশ্বমেধানাং ফলেন সহ যুজ্যতে॥

সুরবেশ্মনি যাবন্তো দ্বিজেন্দ্রাঃ পরমাণবঃ। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে॥৯॥

পূর্ব্বজৈরপ্যন্বিত ইত্যাহ পিতেতি। তারয়েৎ দুষ্কর্ম্মভিঃ সংসারাব্ধৌ নরকেষু বা পতিতানপি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপণেনাশেষদুঃখপারং নয়েদিত্যর্থঃ॥৫॥ অতএব পিতৃভির্গীয়তে অপীতি॥৬॥ করিষ্যামঃ ইতি বুদ্ধ্যা ধ্যায়ন্তি দৃঢ়েচ্ছাং কুর্ব্বন্তি। যদ্বা। বুদ্ধ্যা ভাবনয়া করিষ্যাম ইতি সদা চিন্তয়ন্ত্যেব, ন তু তাদৃশমপি কদাপি কর্ত্তুং শক্নুবন্তি তেষামপি॥৭॥ লক্ষেণেতি সমর্থো বহুবিত্তব্যয়েন হরের্গৃহং করোতু দরিদ্রো বা অল্পব্যয়েন করোতু দ্বয়োরপি হরেঃ সকাশাৎ ফলং সমানমেব কথিতমভিজ্ঞৈঃ শ্রদ্ধাদিসাম্যাৎ পরমফলবৈকুণ্ঠৈকপ্রাপণাদ্বা ইতি দিক্॥৮॥ হে দ্বিজেন্দ্রাঃ॥৯॥ রত্নৈঃ চিত্রে খচিতে॥১০॥ কৃষ্ণস্য প্রাসাদস্তম্ভ পাদে মূলে প্রদেশে বা

ব্যক্তি বিষ্ণুমন্দির নির্ম্মাণ করেন, তিনি আপনাকে এবং পিতামহের উপরিতন অষ্টকুলকে পরিত্রাণ করিয়া থাকেন।৫। পিতৃগণও এইরূপ গাথা কীর্ত্তন করিয়া থাকেন যে, আমাদিগের বংশে তাদৃশ কোন হরিভক্ত কি জন্মগ্রহণ করিবে যে, সে পবিত্রব্রতধারী হইয়া হরিমন্দির নির্ম্মাণ করিবে।৬। অগ্নিপুরাণে লিখিত আছে, যাঁহারা মনে মনে নিরন্তর "হরিমন্দির প্রস্তুত করাইব" নিরন্তর এইরূপ চিন্তা করেন, তাঁহারা পূর্ব্বশত-জন্মোত্থ পাতক হইতে উত্তীর্ণ হন।৭। আরও লিখিত আছে, যে ব্যক্তি হরিমন্দির নির্ম্মাণ করায়, তাহা দ্বারা অতীত ও ভাবি অযুত কুল বিষ্ণুধাম প্রাপ্ত হইয়া থাকে। আরও লিখিত আছে, লক্ষ, সহস্র, শত বা তদর্দ্ধ ব্যয় করিয়া যে কোন রূপে হরিমন্দির প্রস্তুত করিলে, তুল্যফল প্রাপ্ত হওয়া যায়। ইহাতে ধনী বা দরিদ্রভেদ নাই। বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে লিখিত আছে, পরমেষ্ঠী হরির বাসগৃহ নির্ম্মাণ করিলে রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের তুল্যফল হইয়া থাকে। হে দ্বিজসত্তমগণ! দেবমন্দিরে যতসংখ্য পরমাণু বিদ্যমান থাকে, তত সহস্রবর্ষ (নির্ম্মাণকর্ত্তার) সুরপুরে বাস হয়।৯। হে বিপ্রগণ! মৃন্ময় মন্দির নির্ম্মাণ করিলে যে ফল হয়, তাহা কীর্ত্তন করিলাম। কাষ্ঠমন্দির করিলে উহা অপেক্ষা শতগুণ; শৈলময় করিলে কাষ্ঠমন্দির অপেক্ষা দশগুণ; লৌহমন্দির করিলে শৈলময় হইতে দশগুণ; তাম্রময় করিলে লৌহমন্দির অপেক্ষা শতগুণ; রৌপ্যে তাম্র অপেক্ষা সহস্রগুণ, স্বর্ণে রৌপ্য অপেক্ষা শতসহস্রগুণ এবং রত্ন দ্বারা মনোহর

প্রাসাদে মৃন্ময়ে পুণ্যং ময়ৈতৎ কথিতং দ্বিজাঃ। তস্মাদ্দারুময়ে পুণ্যং কৃতে শতগুণং ভবেৎ।
ততো দশগুণং পুণ্যং তথা শৈলময়ে ভবেৎ।
ততো দশগুণং লৌহে তাম্রে শতগুণং ততঃ। সহস্রগুণিতং রৌপ্যে তস্মাৎ ফলমুপাশ্নুতে।
ততঃ শতসহস্রং বৈ সৌবর্ণে দ্বিজসত্তমাঃ। অনন্তফলমাপ্নোতি রত্নচিত্রে মনোহরে ॥ ১০ ॥

স্কান্দে।—

আরম্ভে কৃষ্ণধিষ্ণ্যস্য সপ্তজন্মানি যৎ কৃতম্। পাপং বিলয়মাপ্নোতি নরকাদুদ্ধরেৎ পিতৄন্ ॥
প্রাসাদপাদে কৃষ্ণস্য যাবত্তিষ্ঠন্তি রেণুকাঃ। তাবদ্বর্ষসহস্রাণি বসতে বিষ্ণুসদ্মনি ॥ ১১ ॥
প্রাসাদে কৃষ্ণদেবস্য চিত্রকর্ম্ম করোতি যঃ। বসতে বিষ্ণুলোকে তু যাবত্তিষ্ঠন্তি সাগরাঃ ॥

নারসিংহে।—

যঃ কুর্য্যাচ্ছোভনং বেশ্ম নরসিংহস্য ভক্তিমান্। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥১২ ॥

হয়শীর্ষে।—

দেবাগারং করোমীতি মনসা যস্তু চিন্তয়েৎ। তস্য কায়গতং পাপং তদহ্না বিপ্র নশ্যতি।
কৃতে তু কিং পুনস্তস্য প্রাসাদে বিধিনৈব তু ॥ ১৩ ॥
অষ্টেষ্টকাসমাযুক্তং যঃ কুর্য্যাদ্বৈষ্ণবং গৃহম্। ন তস্য ফলসম্পত্তির্বক্তুং শক্যেত কেনচিৎ।
অনেনৈবানুমেয়ং তু ফলং প্রাসাদবিস্তরাৎ ॥ মরণঞ্চ ব্রজেন্মর্ত্ত্যো যঃ কৃত্বা প্রথমেষ্টকাম্।
স সমাপ্তস্য যজ্ঞস্য ফলমাপ্নোত্যসংশয়ম্ ॥ ১৪ ॥

যাবৎ যাবত্যো রেণুকাস্তিষ্ঠন্তি ॥ ১১ ॥ ভক্তিমত্ত্বেনৈব শোভনবেশ্মকরণাদ্ভক্তিমানিত্যুক্তং, ন চাধিকারিবিশেষণত্বেনেতি দিক্ ॥ ১২ ॥ মনসা চিন্তয়েৎ কেবলমিচ্ছামাত্রং করোতীত্যর্থঃ ॥১৩॥ প্রথমেষ্টকা-ন্যাসার্থপ্রতিষ্ঠিতনন্দাদ্যষ্টেষ্টকামধ্যে প্রথমামাদ্যাং কৃত্বা বিন্যস্যাপি। যদ্বা প্রাসাদার্থং নির্ম্মীয়মাণাসংখ্যেষ্টকামধ্যে প্রাগেকমাত্রেষ্টকাং নির্ম্মায়। সমাপ্তস্য সম্পূর্ণদক্ষিণাদিকস্য ॥ ১৪ ॥

মন্দির নির্ম্মাণ করিলে অনন্ত ফল হইয়া থাকে। ১০। স্কন্দপুরাণে লিখিত আছে, কৃষ্ণমন্দির নির্ম্মাণে প্রবৃত্ত হইবামাত্র সপ্তজন্মকৃত পাপ বিনাশ প্রাপ্ত হয় এবং তদীয় পিতৃগণ নরক হইতে পরিত্রাণ পাইয়া থাকে। কৃষ্ণমন্দিরের মূল ভাগে যত সংখ্য রেণু বিদ্যমান থাকে, তত সহস্র বর্ষ হরিধামে বাস হয়। ১১। যিনি কৃষ্ণমন্দিরে চিত্রক্রিয়া করেন, যাবৎ ভূমণ্ডলে সাগর বিদ্যমান থাকে, তাবৎ হরিধামে তাঁহার স্থিতি হয়। নৃসিংহপুরাণে লিখিত আছে, যিনি ভক্তিযুক্ত হইয়া মনোহররূপে নরসিংহদেবের আলয় প্রস্তুত করেন, তিনি নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া হরিধাম লাভ করেন। ১২। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, হে দ্বিজ! বিধানে প্রাসাদ নির্ম্মাণের কথা দূরে থাকুক, "দেবমন্দির নির্ম্মাণ করিব" মনে মনেও এইরূপ অভিলাষ করিলে সেই দিনেই শরীরস্থ পাপ ধ্বংস হয়। ১৩। যিনি (আরম্ভকালীন প্রধান) অষ্টসংখ্য ইষ্টকাযুক্ত বিষ্ণুমন্দির নির্ম্মাণ করেন, কোন্ ব্যক্তি তদীয় পুণ্যফল বর্ণন করিতে সমর্থ হয়? সুতরাং বিস্তীর্ণ প্রাসাদ নির্ম্মাণ করিলে যে কি ফল হয়, ইহা দ্বারাই অনুমান করিবে। যিনি মন্দির নির্ম্মাণের প্রারম্ভে একখানি মাত্র ইষ্টক প্রস্তুত করিয়াই কালকবলে নিপতিত

বিষ্ণুরহস্যে।—

বাল্যে সংক্রীড়মানা যে পাংশুভির্ভবনং হরেঃ। বাসুদেবস্য কুর্ব্বন্তি তেঽপি তল্লোকগামিনঃ॥১৫॥

আদিপুরাণে।—

লেপনাচ্ছাদনং চৈব যঃ করোতি পুনর্নবম্। দেবস্যায়তনং কৃত্বা ন ভবেৎ কীটজং ভয়ম্॥১৬॥

অথ মন্দিরনির্ম্মাণকালঃ।

মাৎস্যে।—

চৈত্রে ব্যাধিমবাপ্নোতি যো গৃহং কারয়েন্নরঃ। বৈশাখে ধনরত্নানি জ্যৈষ্ঠে মৃত্যুং তথৈব চ।
আষাঢ়ে ভৃত্যরত্নানি পশুবর্গমবাপ্নুয়াৎ। শ্রাবণে মিত্রলাভং তু হানিং ভাদ্রপদে তথা।
পত্নীনাশং চাশ্বযুজে কার্ত্তিকে ধনধান্যকম্। মার্গশীর্ষে তথা ভক্তং পৌষে তস্করজং ভয়ম্।
লাভং তু বহুশো বিদ্যাদীনাং মাঘে বিনির্দ্দিশেৎ। কাঞ্চনং ফাল্গুনে পুত্রানিতি কালবলং স্মৃতম্।
অশ্বিনী রোহিণী মূলমুত্তরাত্রয়মৈন্দবম্। স্বাতী হস্তোঽনুরাধা চ গৃহারম্ভে প্রশস্যতে॥ ১৭॥
আদিত্যভৌমবর্জ্জঞ্চ সর্ব্বে বারাঃ শুভাবহাঃ। বজ্রব্যাঘাতশূলানি ব্যতিপাতাতিগণ্ডকে।
বিষ্কুম্ভগণ্ডপরিঘান্ বর্জ্জ্য যোগেষু কারয়েৎ॥ ১৮॥

বাসুদেবস্য শ্রীবসুদেবনন্দনস্য হরেঃ॥ ১৫॥ লেপনং সুধাদিলেপং আচ্ছাদনঞ্চ চূর্ণাদিভির্নিশ্ছিদ্রতাপাদনং কুত্র ইত্যপেক্ষায়ামাহ দেবস্যায়তনং প্রতি কৃত্বেতি।যদ্বা। এতদ্দৃষ্টান্তেনোহ্যং। কীটাঃ সর্পাদয়ঃ ক্ষুদ্রলোকো বা তজ্জং॥ ১৬॥

ঐন্দবং মৃগশীর্ষম্॥ ১৭॥ বর্জ্জ্য বর্জ্জয়িত্বা॥ ১৮॥ শ্বেতাদিসংজ্ঞকানাং নবমুহূর্ত্তানামেক-

---

হন, তিনি নিঃসন্দেহ সদক্ষিণ সম্পূর্ণ যজ্ঞের ফল লাভ করেন। ১৪। যে সমস্ত বালক বাল্যাবস্থায় ক্রীড়া করিতে করিতে ধূলি দ্বারা হরিমন্দির প্রস্তুত করে, তাহারাও হরিধাম প্রাপ্ত হয়। ১৫। আদিপুরাণে লিখিত আছে, যে সকল ব্যক্তি চূর্ণাদি দ্বারা দেবায়তন লেপন বা ছিদ্রসমূহের অবরোধ করে, তাহাকে কীটজনিত (ভুজঙ্গাদি বা ক্ষুদ্রজনজনিত) ভয়ে আক্রান্ত হইতে হয় না। ১৬।

অনন্তর মন্দির নির্ম্মাণের সময় নির্ণয় হইতেছে।—মৎস্যপুরাণে লিখিত আছে, চৈত্রমাসে হরিমন্দির প্রস্তুত করাইলে ব্যাধিগ্রস্ত হইতে হয়। ঐ প্রকারে বৈশাখে ধনরত্নলাভ, জ্যৈষ্ঠে মরণ, আষাঢ়ে ভৃত্য রত্ন ও পশু লাভ, শ্রাবণে মিত্রসঙ্গম, ভাদ্রে অনিষ্ট, আশ্বিনে ভার্য্যানাশ, কার্ত্তিকে ধনধান্য-প্রাপ্তি, মার্গশীর্ষে অন্নলাভ, পৌষে চৌর্য্যভীতি, মাঘে বিদ্যাদি বহুলাভ এবং ফাল্গুনে নির্ম্মাণ করিলে স্বর্ণ ও পুত্রলাভ হয়; দেবপ্রাসাদনির্ম্মাণের কালবল এইরূপেই নির্ণীত হইয়াছে। গৃহারম্ভে অশ্বিনী, রোহিণী, মূলা, (উত্তরাত্রয় উত্তরাষাঢ়া, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ,) মৃগশিরা, স্বাতী, হস্তা ও অনুরাধা এই সমস্ত নক্ষত্র প্রশস্ত। ১৭। মন্দির-নির্ম্মাণে রবি ও কুজ ব্যতীত সমস্ত বার এবং বজ্র, ব্যাঘাত, শূল, ব্যতীপাত, অতিগণ্ড, বিষ্কুম্ভ, গণ্ড ও পরিঘ ব্যতীত অন্য সমস্ত যোগ শুভকর। ১৮। শ্বেত, মৈত্র, মাহেন্দ্র, গান্ধর্ব্ব, অভিজিৎ, রৌহিণ, বৈরাজ ও সাবিত্র এই সকল মুহূর্ত্তে গৃহ নির্ম্মাণ আরম্ভ করিবে। ১৯। চন্দ্রবল, সূর্য্যবল ও শুভগ্রহ কর্তৃক দৃষ্ট

শ্বেতে মৈত্রে চ মাহেন্দ্রে গান্ধর্ব্বাভিজিদ্রৌহিণে।
তথা বৈরাজসাবিত্রে মুহূর্ত্তে গৃহমারভেৎ॥ ১৯॥

চন্দ্রাদিত্যবলং লব্ধা লগ্নং শুভনিরীক্ষিতম্। স্তম্ভোচ্ছ্রয়াদি কর্ত্তব্যমন্যত্র পরিবর্জ্জয়েৎ॥ ২০॥

হয়শীর্ষে।—

বাস্তুকর্ম্ম ন চারভ্যং বর্ষাকালে বিজানতা। কৃষ্ণপক্ষে ত্রিভাগান্তে শুক্লস্যাদৌ দ্বিতীয়কে।
চতুর্থী নবমী বর্জ্যা তিথিশ্চাপি চতুর্দ্দশী॥ ২১॥

ভৌমস্য তু দিনং বর্জ্যং করণং বিষ্টিসংজ্ঞিতম্। ক্ষিত্যন্তরীক্ষদিব্যোত্থৈরুৎপাতৈর্ভয়পীড়িতম্।
উপসৃষ্টং গ্রহৈর্ভঞ্চ ব্যতীপাতহতং তথা। চন্দ্রতারানুকূলে চ কার্য্যং কর্ম্ম বিজানতা॥ ২২॥

ধ্রুবাণি চাত্র শস্তানি নৈর্ঋতং শক্রদৈবতম্। পুষ্যং পৌষ্ণঞ্চ সাবিত্র্যং বায়ব্যং বৈষ্ণবং তথা।
স্থিরাংশে চ স্থিরে লগ্নে কর্ত্তুশ্চোপচয়াত্মকে॥ ২৩॥

তমে॥ ১৯॥ অন্যত্র উক্তেতরকালে পরিবর্জ্জয়েৎ ন প্রারভেদিত্যর্থঃ॥ ২০॥ ত্রয়াণাং ভাগানামন্তে সতি একাদশ্যাদিষু নারভ্যম্। তথা শুক্লপক্ষস্য আদিভাগে দ্বিতীয়ভাগে চ ন চারভ্যম্। তত্রাপি কৃষ্ণপক্ষস্য প্রথমে ভাগে চতুর্থী, তথা দ্বিতীয়ে নবমী, শুক্লস্য চান্তে চতুর্দ্দশী রিক্তাত্বেন বর্জ্জনীয়া॥ ২১॥ ক্ষিত্যুত্থ উৎপাতঃ ভূকম্পাদিঃ। অন্তরীক্ষোত্থ উল্কাপাতাদিঃ। দিব্যশ্চ সূর্য্যগ্রহণাদিঃ। তৈর্ভয়রূপৈঃ পীড়িতং বাধিতং দিনং বর্জ্জ্যম্। যদ্বা। তৈরুৎপাতৈর্লক্ষিতম্। অন্যৈর্ভয়ৈশ্চ বন্ধুবিয়োগাদিভিঃ পীড়িতং দিনং বর্জ্জ্যম্। উপসৃষ্টং পীড়িতম্। গ্রহৈঃ শনৈশ্চরাদিভিঃ॥ ২২॥ ধ্রুবাণি স্থিরাণি। নৈর্ঋতং মূলম্। শক্রদৈবতং জ্যেষ্ঠা। পৌষ্ণং রেবতী। সাবিত্র্যং হস্তঃ। বায়ব্যং স্বাতী। বৈষ্ণবং শ্রবণম্॥ ২৩॥ কেন্দ্রং লগ্নং ততশ্চতুর্থং সপ্তমং দশমং চেত্যেবং স্থানচতুষ্কং তস্মিন্। ত্রিকোণে নবপঞ্চমে। উপচয়স্থানং

লগ্ন-প্রাপ্তি ঘটিলেই তৎকালে শুম্ভের উচ্চতাদি নিরূপণ করিবে; উক্ত সময় ভিন্ন অন্য সময়ে মন্দির নির্ম্মাণে প্রবৃত্ত হইবে না। ২০। হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, বিধিবিদ্ ব্যক্তি বর্ষা কালে বাস্তুকর্ম্মে প্রবৃত্ত হইবে না। কৃষ্ণপক্ষের ত্রিভাগান্তে (একাদশ্যাদি তিথিতে,) শুক্লপক্ষের আদ্য ও দ্বিতীয় ভাগে এবং চতুর্থী, নবমী, ও চতুর্দ্দশী, এই সমস্ত সর্ব্বথা পরিত্যাজ্য। ২১। কুজবার, বিষ্টিকরণ, ক্ষিতিজনিত উৎপাত (ভূকম্পনাদি), গগনোত্থ উৎপাত (উল্কাপতনাদি) এবং সূর্য্যগ্রহাদিভয়, এই সমস্ত দ্বারা যে দিন আক্রান্ত হয়, কিংবা যে দিন বন্ধু-বান্ধবাদির বিয়োগ হয়, যে দিনে নক্ষত্র শনৈশ্চরাদি গ্রহগণ কর্ত্তৃক আক্রান্ত, যে দিন ব্যতীপাত দ্বারা নিপীড়িত, সেই সমস্ত দিন পরিবর্জ্জনীয়। চন্দ্রতারা অনুকূল দেখিয়া কর্ম্মে প্রবৃত্ত হইতে হয়। ২২। বাস্তুকর্ম্মে স্থির লগ্ন প্রশস্ত। নৈঋত (মূলা), শক্রদৈবত (জ্যেষ্ঠা), পুষ্যা, পৌষ্ণ (রেবতী), সাবিত্রা (হস্তা), বায়ব্য (স্বাতী) ও বৈষ্ণব (শ্রবণা) নক্ষত্র; কর্ত্তার উপচয়স্থান, স্থিরাংশ ও স্থিরলগ্ন এই সকল প্রশস্ত। ২৩। যাহার কেন্দ্রে অর্থাৎ লগ্ন, চতুর্থ, সপ্তম বা দশম স্থানে সৌম্যগ্রহ; ত্রিকোণে অর্থাৎ নবম বা পঞ্চমে বৃহস্পতি এবং উপচয়স্থানে(তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থানে)পাপগ্রহ বিদ্যমান থাকে,

কেন্দ্রে সৌম্যগ্রহো যস্য ত্রিকোণে তু সুরোত্তমঃ।
পাপাশ্চোপচয়স্থানে তদা কার্য্যঃ সমারভেৎ॥ ইতি। ২৪।
প্রাসাদরচনাস্থানং প্রতিষ্ঠাস্থাননির্ণয়াৎ।
ব্যক্তমেবাভবৎ কশ্চিৎ বিশেষোঽন্যোঽত্র লিখ্যতে॥ ২৫।

অথ প্রাসাদস্থানম্।

হয়শীর্ষে।—

পূর্ব্বং দেবকুলং পীড্য প্রাসাদং স্বল্পকং তথা। সমং বাপ্যধিকং বাপি ন কর্ত্তব্যং বিজানতা।
উভয়োর্দ্বিগুণাং সীমাং ত্যক্ত্বা চোচ্ছ্রায়সম্মিতাম্।
প্রাসাদং কারয়েদন্যং নোভয়ং পীড়য়েদ্বুধঃ॥ ২৬।

অথ স্থানশোধনানি।

দেবীপুরাণে।—

দেবো বিষ্ণুস্তথা রুদ্রো ব্রহ্মাদ্যাঃ সুরসত্তমাঃ। প্রতিষ্ঠাপ্যাঃ শুভে স্থানে অন্যথা তে ভয়াবহাঃ।
গর্ত্তাদিলক্ষণা ধাত্রী গন্ধাস্বাদেন যা ভবেৎ। বর্ণেন চ সুরশ্রেষ্ঠ সা মহী সর্ব্বকামদা। ২৭।

মাৎস্যে।—

পূর্ব্বং ভূমিং পরীক্ষেত পশ্চাদ্বাস্তুং প্রকল্পয়েৎ। শ্বেতা রক্তা তথা পীতা কৃষ্ণা চৈবানুপূর্ব্বশঃ।
বিপ্রাদেঃ শস্যতে ভূমিরতঃ কার্য্যং পরীক্ষণম্॥

তৃতীয়ং ষষ্ঠং দশমমেকাদশঞ্চ তস্মিন্। ২৪। শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাস্থানং, সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যমিত্যাদি-বচনেন তথা নগরগ্রামমধ্যে স্থিত্যাদিহয়শীর্ষপঞ্চরাত্রবচনৈশ্চ যো নির্ণয়ঃ পূর্ব্বং লিখিতোঽস্তি তস্মাদেব প্রাসাদরচনায়াঃ স্থানমপি ব্যক্তমেবাভবৎ নির্ণীতমভূদেবেত্যর্থঃ। প্রাসাদান্তরে শ্রীমূর্ত্তিস্থাপনাৎ অত্র প্রাসাদরচনাস্থাননির্ণয়ে কশ্চিদন্যোঽপি বিশেষো লিখ্যতে। ২৫।

পূর্ব্বং প্রাচীনং দেবকুলং প্রাসাদমেব। পীড্য পীড়য়িত্বা তৎসীমামাক্রম্যেত্যর্থঃ। ২৬॥

সুগন্ধাদিলক্ষিতা চ যা ভবেৎ। ২৭॥ বিপ্রক্ষত্রিয়বৈশ্যশূদ্রাণাং ক্রমেণ শ্বেতাদিভূমিঃ প্রশস্তা

সেই ব্যক্তি তৎকালে কর্ম্মে প্রবৃত্ত হইবে। ৩৪। প্রতিষ্ঠাস্থল নিরূপণার্থে প্রাসাদনির্ম্মাণস্থলের বিষয় পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, অধুনা অন্যান্য যাহা বিশেষ আছে, তাহা বিবৃত হইতেছে। ২৫।

অনন্তর প্রাসাদস্থান।—হয়শীর্ষপঞ্চরাত্রে লিখিত আছে, প্রাচীন প্রাসাদের সীমা আক্রমণ পূর্ব্বক সমপরিমাণে, স্বল্পপরিমাণে বা অধিক পরিমাণে প্রাসাদ নির্ম্মাণ করিতে নাই। প্রাসাদের পার্শ্বদ্বয়ের দ্বিগুণ সীমা ও উচ্চপরিমাণ বর্জ্জন পূর্ব্বক অন্য প্রাসাদ প্রস্তুত করিতে হয়। উভয় সীমা আক্রমণ করা বিজ্ঞ ব্যক্তির অনুচিত। ২৬।

অনন্তর স্থানশুদ্ধি।—দেবীপুরাণে লিখিত আছে, বিষ্ণু, রুদ্র ও ব্রহ্মাদি দেবশ্রেষ্ঠদিগকে শুভস্থানে স্থাপন করা কর্ত্তব্য; নচেৎ তাঁহারা ভয় উৎপাদন করেন। হে সুরসত্তম! যে ভূমি গর্ত্তাদি-লক্ষণবিশিষ্ট ও সুগন্ধাদিলক্ষণ-পূর্ণ এবং যাহার বর্ণ মনোহর, তাদৃশী ভূমিই সর্ব্বকামদাত্রী জানিবে। ২৭। মৎস্য পুরাণে লিখিত আছে, প্রথমতঃ ভূমি পরীক্ষা পূর্ব্বক পরে বাস্তু কল্পনা

বিপ্রাণাং মধুরাস্বাদা কষায়া ক্ষত্রিয়স্য চ। কষায়কটুতা তদ্বৈশ্যশূদ্রেষু শস্যতে ॥ ২৮ ॥
অরত্নিমাত্রে বৈ গর্ত্তে স্বনুলিপ্তে চ সর্ব্বতঃ। ঘৃতমামশরাবস্থং কৃত্বা বর্ত্তিচতুষ্টয়ম্।
আলয়েদ্ভূপরীক্ষার্থং পূর্ণং তৎ সর্ব্বদিঙ্মুখম্ ॥ ২৯ ॥
দীপ্তাং পূর্ব্বাদি গৃহ্নীয়াদ্বর্ণানামনুপূর্ব্বশঃ। বাস্তুঃ সামূহিকো নাম দীপ্যতে সর্ব্বতস্তু যঃ ॥৩০॥
শুভদঃ সর্ব্ববস্তূনাং প্রাসাদেষু গৃহেষু চ। অরত্নিমাত্রকং গর্ত্তং পরীক্ষ্যং খাতপূরণে।
অধিকে শ্রিয়মাপ্নোতি ন্যূনে হানিং সমে সমম্ ॥ ৩১ ॥
[illegible]থবা দেশে সর্ব্ববীজানি রোপয়েৎ। ত্রিপঞ্চসপ্তরাত্রেণ যত্র রোহন্তি তান্যপি।
জ্যেষ্ঠোত্তমকনিষ্ঠা ভূর্ব্বর্জনীয়েতরা সদা ॥ ৩২ ॥

হয়শীর্ষে।—

সুরভীণাং রতির্যত্র সবৎসানাং বৃষৈঃ সহ। সুন্দরীণাং রতির্যত্র পুরুষৈঃ সহ সত্তম।

ভবতি ॥ ২৮ ॥ আমশরাবস্থং ঘৃতং কৃত্বা তত্র চ বর্ত্তিচতুষ্টয়ং কৃত্বা তচ্চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বদিঙ্মুখং চতুর্দিগভিমুখং পূর্ণং কৃত্বা ভূপরীক্ষার্থং প্রজ্বালয়েৎ। পূর্ণমিতি ঘৃতবিশেষণং বা। তত্র চ প্রাদক্ষিণ্যেন সম্যগ্ দীপ্তিবিশেষেণ দীপ্তাং বর্ত্তিং লক্ষ্যীকৃত্য পূর্ব্বাদিদিশামারভ্য ক্রমেণ বিপ্রাদীনাং শুভং জানীয়াদিত্যর্থঃ। তত্র যদি বর্ত্তিদ্বয়মধিকং দীপ্যতে তদা দ্বয়োরেব শুভং; তত্র চ পূর্ব্ব-দক্ষিণয়োশ্চেত্তর্হি বিপ্রক্ষত্রিয়য়োঃ; পূর্ব্বোত্তরয়োশ্চেত্তর্হি বিপ্রশূদ্রয়োরিত্যেবমূহ্যম্ ॥২৯॥ যত্র চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বমেবাধিকং দীপ্যতে তত্র সর্ব্বেষামেব শুভমিত্যাহ বাস্তুরিতি ॥ ৩০ ॥ কথং পরীক্ষ্যং তদাহ খাতস্য তদ্গর্ত্তস্য তন্মৃত্তিকাদিনা পূরণে সতি যদি তন্মৃত্তিকাদিকমধিকমুদ্বৃত্তং স্যাত্তর্হি শুভং স্যাদিত্যর্থঃ। তথা চোক্তং হয়শীর্ষদেবেন—সংপূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং শুভামিতি। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ৩১ ॥ ত্রিরাত্রেণ যস্যাং বীজানি রোহন্তি সা

করিতে হয়। বিপ্রাদি চতুর্ব্বর্ণের পক্ষে যথাক্রমে শ্বেত, লোহিত, পীত ও কৃষ্ণবর্ণ ভূমি প্রশস্ত; সুতরাং পরীক্ষা দ্বারা নিরূপণ করিবে। মধুরাস্বাদ-বিশিষ্ট ভূমি ব্রাহ্মণের, কষায় ভূমি ক্ষত্রিয় ও বৈশ্যের এবং কটু আস্বাদপূর্ণ ভূমি শূদ্রের পক্ষে প্রশস্ত। ২৮। অরত্নি-পরিমিত, সম্যক্ গোময়োপলিপ্ত গর্ত্তে ঘৃতপূর্ণ অপক্বশরাব রাখিয়া পূর্ব্বাদি চারিদিকে চারিটী বর্ত্তিকা জ্বালিয়া দিবে। ২৯। যদি ঐ বর্ত্তিকা পূর্ব্বাদি দিক্‌ক্রমে এক একটী জ্বলিয়া উঠে, তাহা হইলে বিপ্রাদি চতুর্ব্বর্ণের শুভ নিরূপণ করিবে। একদা বর্ত্তিচতুষ্টয় প্রজ্বলিত হইয়া উঠিলে তাহাকে সামূহিক বাস্তু কহে। ৩০। প্রাসাদ বা গৃহনির্ম্মাণকালে উক্ত সামূহিক বাস্তু ব্রাহ্মণাদি বর্ণের শুভপ্রদ বলিয়া জানিবে। অরত্নিপরিমিত গর্ত্ত করিবার সময় যে মৃত্তিকা উদ্ধৃত হয়, যদি গর্ত্ত পূরণকালে সেই মৃত্তিকায় গর্ত্ত পূর্ণ হইয়া আরও অধিক মৃত্তিকা উদ্বৃত্ত হয়, তবে শুভকর; ন্যূন হইলে অশুভপ্রদ এবং সমান হইলে সমফল বুঝিবে। ৩১। তৎপরে হলকৃষ্ট ভূমিতে সকলপ্রকার বীজ রোপণ করিবে। যে ক্ষেত্রে ত্রিরাত্রমধ্যে বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হইবে, সেই ক্ষেত্র শ্রেষ্ঠ; যে ক্ষেত্রে পঞ্চরাত্রমধ্যে অঙ্কুর জন্মিবে, তাহা মধ্যম, এবং যে ক্ষেত্রে সপ্তাহ-পরে বীজ

রাজ্ঞাং পূর্ব্বং গৃহং যস্যামগ্নীনাং যজ্বনাং তথা। কাশ্মীরচন্দনামোদা কর্প্‌রাগুরুগন্ধিনী।
কমলোৎপলগন্ধা চ জাতিচম্পকগন্ধিনী। পাটলামল্লিকাগন্ধা নাগকেশরগন্ধিনী।
দধিক্ষীরাজ্যগন্ধা চ মদিরাসবগন্ধিনী। সুগন্ধিব্রীহিগন্ধা চ শুভদ্রব্যস্বনা চ যা।
সর্ব্বেষাং বর্ণিনাং ভূমিঃ সর্ব্বসাধারণী মতা। দুর্গন্ধা দুঃস্বনা যা চ নানাবর্ণা চ দুর্ভগা।
বৃত্তার্দ্ধচন্দ্রসদৃশী বিস্তারাদ্দ্বিগুণায়তা। বিবর্ণা বর্ণহীনা চ বক্রা সূচিমুখী তথা।
দ্বিবর্ণা সূর্পসদৃশী গোমুখী চ ত্রিকোণিকা। ষড়স্রা শূলসদৃশী দন্তিপৃষ্ঠোপমা চ যা।
সরীসৃপসমা যা চ দিঙ্মূঢ়া শকটাকৃতিঃ। এবম্প্রকারা যা ভূমির্বর্জ্জ্যা যত্নেন দেশিকৈঃ॥ ৩৩॥
কিঞ্চ।—
প্রাসাদস্ত বিশেষেণ প্রোক্তা ভূমিশ্চতুর্ব্বিধা। সুপদ্মা ভদ্রিকা পূর্ণা ধূম্রা বেগিন্যথাপি সা॥
তিলকৈর্নারিকেলৈশ্চ বহিঃক.শৈশ্চ শোভিতা। পদ্মেন্দীবরসংযুক্তা সা সুপদ্মেতি বিশ্রুতা॥
নদীসমুদ্রায়তনতীর্থপর্য্যন্তশোভি.া পুষ্পবৃক্ষসমাকীর্ণা ক্ষীরবৃক্ষোপশোভিতা।
বনোদ্যানলতাগুল্মফুল্লগুম্বসমাবৃতা। যজ্ঞীয়-বৃক্ষসুক্ষেত্রযুক্তা ভদ্রেতি কীর্ত্তিতা।
বকুলাশোকবহুলা তথা প্লক্ষাম্রলোহিতৈঃ। মাধবীবেষ্টিতা যা চ মুদ্গনিষ্পাবকোদ্রবৈঃ।
শূকধান্যৈশ্চ পুন্নাগৈর্গিরিপার্শ্বগতা চ যা। তোয়ঞ্চ স্বল্পকং যস্যাং সা পূর্ণা পরিকীর্ত্তিতা॥ ৩৪॥

জ্যেষ্ঠা, পঞ্চ রাত্রেণ যস্যাং সা মধ্যা, সপ্তরাত্রেণ চ যস্যাং সা কনিষ্ঠা ভূর্জ্ঞেয়া ইত্যর্থঃ। তত্র চ অন্তিকাং কনিষ্ঠাং চ বর্জ্জয়েৎ। পাঠান্তরেঽপি স এবার্থঃ॥ ৩২॥ বিবর্ণা দুর্বর্ণা॥৩৩॥ প্লক্ষাদিভি-

হইতে অঙ্কুরোৎপত্তি হইবে, তাহা কনিষ্ঠ জানিবে। শ্রেষ্ঠ, মধ্যম ও কনিষ্ঠ ব্যতীত অন্য ক্ষেত্র পরিত্যাজ্য। ৩২। হয়শীর্ষে লিখিত আছে, হে সত্তম! যে স্থলে সবৎসা ধেনুগণের সহিত বৃষভেরা কেলি করে, যে স্থানে রূপবতী রমণীদিগের সহিত পুরুষেরা বিহার করে, যে ভূমির পূর্ব্বদিকে নৃপতি, বহ্নি ও যাজকগণের বাস, যে ভূমির গন্ধ কাশ্মীর, চন্দন, কর্পূর, অগুরু, পদ্ম, উৎপল, জাতি, চম্পক, মল্লিকা, নাগকেশর, দধি, দুগ্ধ, ঘৃত, মদ বা মধুর সদৃশ, যে ভূমি সুগন্ধশস্যবৎ গন্ধপূর্ণ, যে ভূমিতে শুভদ্রব্যের শব্দ শ্রুত হয় এবং যে ভূমিতে ব্রহ্মচারিগণ অবস্থান করেন, তাহাকেই সর্ব্বসাধারণী ভূমি কহে। দুর্গন্ধপূর্ণ, দুঃশব্দসঙ্কুল ও নানাবর্ণ ভূমি দুর্ভগা বলিয়া প্রথিত। যে ভূমি বৃত্তাকার, অর্দ্ধচন্দ্রাকৃতি, বিহিত পরিমাণ হইতে দ্বিগুণ বিস্তৃত, বিকৃতবর্ণ, বর্ণশূন্য, বক্র, সূচিমুখ, দ্বিবর্ণ, সূর্পবৎ, গোমুখাকার, ত্রিকোণ, ষট্‌কোণ, শূলাকৃতি, করিপৃষ্ঠসদৃশ, সর্পবৃশ্চিকাদি-সরীসৃপতুল্য, দিঙ্মূঢ় ও শকটাকার, আচার্য্য সযত্নে তাহা পরিত্যাগ করিবেন। ৩। আরও লিখিত আছে, প্রাসাদ নির্ম্মাণার্থ ভূমি চতুর্ব্বিধ;—সুপদ্মা, ভদ্রিকা, পূর্ণা ও ধূম্রা বা বেগিনী। যে ভূমি সমন্তাৎ তিলক, নারিকেল, কুশ ও কাশ বৃক্ষে পরিশোভিত এবং যাহা পদ্ম ও ইন্দীবর-সমন্বিত, তাহাকে সুপদ্মা কহে। যাহা নদী ও সাগরায়তন-তীর্থ পর্য্যন্ত বিরাজিত, কুসুমতরুতে সমাকীর্ণ, ক্ষীরবৃক্ষে শোভিত, বন, উদ্যান, লতা, গুল্ম ও ফুলস্তবে সমাকীর্ণ এবং যাহা যজ্ঞীয় তরু ও সুক্ষেত্রযুক্ত, সেই ভূমির নাম ভদ্রা। যাহা বকুল, অশোক, প্লক্ষ, আম্র ও লোহিত (তরুবিশেষ) বৃক্ষে বিরাজিত,

বিল্বার্ক-স্নুহি-পীলূনাং বনৈর্যা পরিতো বৃতা। সশর্করা চ কঠিনা যুক্তা কণ্টকিভিদ্রুমৈঃ।
গৃধ্রগোমায়ুকাকানাং শ্যেনানাং ব্যাকুলা কুলৈঃ। ধূম্রেতি কীর্ত্তিতা সা তু তাং যত্নাৎ পরিবর্জ্জয়েৎ॥
ততো ভূমিং পরীক্ষেত পূর্ব্বোদকপ্রবণাং শুভাম্। অসঙ্কটাং তথাচ্ছন্নামল্পতোয়াং পরিপ্লুতাম্॥
সংপূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং লভেৎ। কুসুম্ভসদৃশং বর্ণং যস্যাং ন ম্লানিমৃচ্ছতি।
ন নির্ব্বাতি তথা দীপস্তোয়ং শীঘ্রং ন জীর্য্যতে॥৩৫॥
শ্বেতারুণা পীতকৃষ্ণা বিপ্রাদীনাং প্রশস্যতে। আজ্যাসৃগ্‌গন্ধা মদ্যানাং তুল্যগন্ধা তু যা ভবেৎ।
[illegible] কষায়া চ অম্লা চ কটুকা চ যা। কুশৈঃ শরৈস্তথা কাশৈর্দূর্ব্বাভির্যা চ সংবৃতা।
তস্যাং পুণ্যেঽথ নক্ষত্রে কুর্য্যাদ্ভূমিপরিগ্রহম্॥ ৩৬॥

অথ ভূমিপরিগ্রহঃ।

তত্রৈব।—

প্রাকারসীমাপর্য্যন্তং ততো ভূতবলিং হরেৎ। মাষং হরিদ্রাচূর্ণঞ্চ সলাজা দধিশক্তবঃ।
এভির্ভূতবলিং দত্ত্বা সূত্রমষ্টাক্ষরেণ তু। পাতয়িত্বা ততঃ শঙ্কূনষ্টদিক্ষু নিবেশয়েৎ॥
রাক্ষসাশ্চাপি ভূতাশ্চ যেঽস্মিংস্তিষ্ঠন্তি ভূতলে। তে সর্ব্বে ব্যপগচ্ছন্তু স্থানং কুর্য্যামহং হরেঃ॥
ইত্যমুজ্ঞাপ্য ভূতাদীন্ তাং ভূমিং পরিশোধয়েৎ॥

র্ব্বিশিষ্টা। এবমগ্রেঽপি জ্ঞেয়ং॥ ৩৪॥ স্নুহিঃ শিজুঃ॥৩৬॥ আজ্যাদিভিস্তুল্যো গন্ধো যস্যাঃ সা। তত্র আজ্যং ঘৃতং। অসৃক্ রক্তং। গন্ধঃ অগুর্ব্বাদিসাধিতসুগন্ধিরসবিশেষঃ॥ ৩৬॥

মাধবী দ্বারা পরিবেষ্টিত, মুদ্গ, নিষ্পাব, কোদ্রব, শূকধান্য ও পুন্নাগসমাকীর্ণ, গিরিপার্শ্বস্থ এবং যাহাতে স্বল্পপ্রমাণ জল থাকে, তাদৃশী ভূমিকে পূর্ণা। ৩৪। যাহা বিল্ব, অর্ক, স্নুহি ও পীলু বৃক্ষের বন দ্বারা সর্ব্বথা ব্যাপ্ত, শর্করাসমন্বিত, কঠিন, কণ্টকবৃক্ষে সমাকীর্ণ এবং গৃধ্র, গোমায়ু, বায়স ও শ্যেন পক্ষী দ্বারা বেষ্টিত,তাহাকে ধূম্রা বলা যায়; ঈদৃশী ভূমি সযত্নে পরিত্যাগ করিবে। এইরূপে বিধানে ভূমি গ্রহণ করিয়া তাহার পরীক্ষা করিবে। যাহার পূর্ব্ব ও উত্তর দিক নত, শুভ (সুদৃশ্য), অসঙ্কট (অদুর্গম) ও তৃণাদিতে আবৃত, অল্পজলে পূর্ণ, যে স্থলের গর্ত্ত পরিপূর্ণ করিতে উত্তোলিত মৃত্তিকা সমস্ত আবশ্যক হয় না, যাহা কুসুম্ভবর্ণ, অম্লান, যাহাতে দীপ নির্ব্বাপিত হয় না, যাহার জল আশু শুষ্ক না হয়, তাদৃশী ভূমিই প্রশস্ত। ৩৫
